বেদান্ত-দর্শন

ত্রীস্থরেন্দ্রনাথ ভট্টাচার্য্য

সন ১৩৩৮

মাদারীপুর, **জ্ঞানসাধন মঠ** হইতে শীবিশেশর বন্যোপাধ্যাম ফর্ত্ব প্রকাশিত

> প্রবাসী প্রেস ১২০২ আপার দার্কুলর রোড, কলিমাজ শ্রীসঞ্চনীকান্ত দাস কর্তৃক মৃদ্রিড।

জনাতত বততকৈ নারায়ণার বেধসে। অর্পনমন্ত গ্রহত গালৈ: গলার্চনং বধা।

নিবেদন

"কলৌ বেদান্তিন: দর্বে ফাল্কনে বালকা ইব"—ফাল্কন মাদে ट्रानित नमद वानरकता रयमन वर्ष ना वृक्षिया विविध व्यक्षीन शांन करत, त्मरेक्नभ किनकारन मकरनरे रवनारखत्र कथा विनिधा बारकन। कथांने अरकवारत मिथा। नत्ह। हेमानीः व्यत्नतंत्र मृत्यहे বেদান্তের নাম শুনা যায়। বিশেষতঃ স্বামী বিবেকানন্দের সোৎসাহ প্রচারের ফলে শিক্ষিতসমাজে বেদান্তের নাম স্বপরিচিত হইয়া উঠিয়াছে। কিন্তু হু:থের বিষয়, অনেক ক্ষেত্রেই বেদান্ত ধর্মপ্রবণতা বা চিস্তাশীলতার নামান্তর বলিয়া বিবেচিত হয়। অবশ্য অনেকে প্রকৃত শ্রদ্ধার সহিতই বেদান্তের উল্লেখ করেন। কিন্তু অধিকাংশ लारकहे दिनास रा कि भनार्थ, जाहा जात्मन ना। जात्मक अ मध्य বিশেষ জানিবার প্রয়োজনীয়তাই বোধ করেন না। তবে এমনও অনেকে আছেন, যাঁহারা সত্য সত্যই এ বিষয়ের তত্ত্ব জানিতে উৎস্ক। হুর্ভাগ্যক্রমে এই শ্রেণীর তত্ত্বজ্ঞিজাস্থগণ, হয় সংস্কৃত ভাষার সহিত একেবারেই অপরিচিত, না হয় তাঁহাদের সংস্কৃতজ্ঞান খুবই সামান্য; **অথচ বেদান্ত সম্বন্ধে যত মৌলিকগ্রন্থ, সমন্তই সংস্কৃত ভাষায়।** সংস্কৃতে বিশেষ ব্যুৎপন্ন ব্যক্তি ব্যতীত কেহই ঐ সমন্ত গ্ৰন্থ হইতে তত্ত্ব সংগ্ৰহ করিতে পারেন না। বন্ধভাষায় বেদান্ত সম্বন্ধে যে ক্যুখানি গ্রন্থ বাহির হইয়াছে. তাহারও অধিকাংশই অসংস্কৃত্যক্তর অবোধ্য, এবং বাঁহারা সামান্ত সংস্কৃত জানেন, তাঁহাদেরও হুর্ব্বোধা। ইংরেজীতে প্রকাশিত পুত্তক সম্বন্ধেও প্রায় এই একই কথা। বর্ত্তমান শিক্ষাপদ্ধতি আমাদের

बाजीय व्यवनान इटेरज क्रभमः व्यामानिशस्य विश्वीन कतिया তলিতেছে। ফলে ভারতীয় দর্শন সম্বন্ধে কোন কথাই আমরা সহজে বুঝিতে পারি না। এমন খনেক শিক্ষিত ব্যক্তিও দেখিয়াছি, বাঁহারা পাশ্চাত্য দর্শনে অগাধ পাণ্ডিত্য অর্জন করিয়াছেন, কিছ ভারতীয় দর্শন সম্বন্ধে একরপ অজ বলিদেও অত্যক্তি হয় না। কাহারও পাশ্চাভ্যের মোহ ও বৃদ্ধির দখীর্ণতা তাহাদের অঞ্চাতদারে এডটা বুদ্ধি পাইয়াছে যে, ভারতীয় দর্শনকে তাঁহারা নির্কোধের প্রলাপমাত্ত মনে করিয়াই অভিমানে ফীত থাকেন। শিক্ষার প্রারম্ভ হইডেই আমরা পাশ্চাভাভাবে ভাবিত হইতে শিধি, ফলে ভারতীয় ভাবের देविनिष्ठा क्रमधक्य कता चार्यात्मत्र अकाखहे छःत्राग्त हहेशा छेटैं। বিলেশত: দর্শন সংছে কিছু বলিতে হইলেই কভকংগলি পারিভাবিক শব্দের ব্যবহার অনিবার্ঘ্য হট্যা পড়ে। ইহাতে বিষয়টা আরও অটিল হইয়া দাঁড়ায়। অবশ্য সংস্কৃত ভাষাভিত্ত ব্যক্তিগণ সহজেই এই বাধা অতিক্রম করেন। কিন্তু খালারা সংস্কৃত জানেন না, বা স্বন্ধ क्षाप्तन, डाहारमञ्ज अरक आग्निकायिक अरमञ्जूहरु। ও मार्निक ভাগার কটিনতা অতিক্রম কথিয়া তত্ত্ব স্বদয়ক্ষম করা অসম্ভব হইয়া পড়ে। অংচ বর্তমানে এই শ্রেণীর অনেকে বেদান্ত সহয়ে বিশেষ জানিতে সত।ই আগ্রহায়িত বলিয়া বোধ হয়।

কিছ বন্ধভাষার এমন কোন পুত্তক আছে বলিয়া স্থানি না, যাহার সাহায্যে জিজাত্মর কৌতৃহল সহজে চরিতার্থ হইতে পারে। বাহারা সংস্কৃত জানেন না, কিংবা সামার জানেন, তাঁহারা যাহাতে বেদান্ত সম্বন্ধে মোটামুটি একটা ধারণা লাভ করিতে পারেন সেই উদ্দেশ্রেই এই গ্রন্থ লিখিত হটল। বাহারা সংস্কৃতের সহিত স্থপরিচিত তাঁহারা এই পুত্তক পাঠে বিশ্বুষাত্র আনন্দ পাইবেন বলিয়া আমি আশা করি

না। সংস্কৃত ভাষার এমনই একটা অলৌকিক মাধুষ্য ও শক্তি বিদ্যমান বে, একমাত্র এই ভাষার সাহাব্যেই ভারতীয় দর্শনের তত্তগুলি অভি আত্র কথায় এবং হানয়গ্রাহী করিয়া যথায়থ প্রকাশ করা ঘাইতে পারে। স্থতরাং বাঁহারা একবার সংস্কৃতের রসবোধ করিয়াছেন, তাঁহারা অন্ত ভাষার সাহায্যে সংস্কৃতেরই নিজ্ঞস্ব সম্পত্তি বেদাস্তাদি দর্শন পাঠ করিয়া কোনই স্থথ পাইবেন না। একেত বিষয়টাই ছুর্ধিগম্য, ভাহাতে আবার যে শ্রেণীর পাঠক এই পুত্তক পাঠ করিবেন বলিয়া আশা করি, তাঁহারা দার্শনিক ভাষার সহিত পুৰ আন্ত্ৰই পরিচিত। বিশেষতঃ অন্যান্য বিষয়ে যতই বিজ্ঞ হউন. সাধনভন্ধনবিহীন হইলে কেহ যে বেদান্তের মাধুষা সমাক উপলদি করিতে পারেন, আমার এমন বিশাস নাই। তবে থাহার। বেদান্ত সম্বন্ধে মোটামৃটি একটা ধারণা করিতে আগ্রহান্বিত, অপচ সংস্থাতের সহিত বিশেষ পরিচয়ের অভাবে স্ফলকাম হইতেছেন না, তাঁহারা এই পুত্তক পাঠ করিয়া কথফিং জ্ঞান লাভ করিতে পারিবেন বলিয়া আশা করি। এই উদ্দেশ্যে ভাষার সরলতা, পারিভাষিক শব্দের বর্জ্জন এবং জটিল দার্শনিক বিচারের পরিহার করিতে যথাসাধ্য চেষ্টা করিয়াছি; স্থলবিশেষে ছটি একটী অভন্ধ পদ ব্যবহার করিতেও কৃষ্টিত হই নাই। এই পুন্তক প্রকাশের একমাত্র উদ্দেশ্য যাহাতে गाधावन उपिकाञ्च वाचानी भाठक माञ्जावाव माराए। हिन्द সর্বভার দর্শন থেদান্ত সহতে একটা সাধারণ জ্ঞান লাভ করিতে পারেন। বিশেষ অন্ধ্রসন্ধিৎস্থ পাঠক ইহা দ্বারা উপকৃত হইবেন বলিয়া আশা করি না।

এই পৃত্তকে ভগবান শহরাচার্ব্যের মডামুসারে ত্রহ্মস্ত্রের একটা সরুষ ব্যাখ্যা দিতে প্রশ্নাস করিয়াছি। পাঠকগণ শ্বরণ রাথিবেন, ইহা শাহর ভাবে।র অফুবাদ নয়, ভাবার্থ মাতা। আমার অমপ্রমাদ হওয়া খুবই সম্ভব। বিজ্ঞাপাঠক অম সংশোধন করিয়া দিলে কুতার্থ হইব।

আমার দৃঢ় বিশাস, বেদান্তের তথ সম্যক্ হাদয়দ্দম করিতে হইলে বাদপ্রতিবাদ, তর্কবিতর্ক করিয়া হয় না। যিনি নিজ জীবনে ঐ তথ্য কার্য্যে পরিণত করিয়াছেন একমাত্র তাদৃশ সদ্প্রকর মুখে উহা প্রবাদ করিলেই এই তথ্য পরিক্ট হয়। এই বিশাসে গুরুশিব্য সংবাদছলে ব্যাখ্যা প্রদান করিয়াছি।

যাহারা স্ত্রগুলির অক্ষরার্থ জানিবার জন্ম বিশেষ আগ্রহান্বিত নন, তাঁহারা স্ত্র এবং তৎসঙ্গে [] ঈদৃশ বন্ধনীর অভ্যন্তরন্থ সংস্কৃত শৃদ্ধ কয়টা বাদ দিয়া পাঠ করিবেন।

সাধারণ পাঠকগণের প্রতি নিবেদন এই যে, এই পুত্তকে আলোচিত কোন বিষয় প্রথমতঃ থ্ব পরিষার ভাবে না ব্ঝিলেও যেন তাঁহার। হতাশ না হন, একটু ধৈর্ঘ্য সহকারে প্রস্থ পরিসমাপ্ত করিলে সকল বিষয়ই পরিষার হইবে, আমার এরপ বিশাস। একই বিষয় কোন স্থলে সামান্যভাবে, কোনস্থলে বিশেষভাবে আলোচিত ইইয়াছে। বিশেষস্টী এরপ স্থলে সহায় হইতে পারে।

যাহার। পাশ্চাত্য দর্শনের গুণমুঝ, তাঁহাদের প্রতি নিবেদন, ভাঁহারা যদি বৃদ্ধিবৃত্তির উৎকর্ষকেই দর্শন আলোচনার চরম ফল মনে না করেন এবং প্রকৃত শাস্তির অমুসদ্ধিৎস্থ হন, তবে প্রদার সহিত বেদান্ত দর্শনিক বেদ্ধলে হতাশ হইয়া হাল ছাড়িয়া দিয়াছেন, বেদান্ত সেই দ্বলে উচ্চৈঃম্বরে আশার বাণী ঘোষণা করেন। পাশ্চাত্য দর্শনের বেধানে শেষ, বেদান্তের সেইখানে আরম্ভ—এক্লপ বলিলেও বোধ হয় অত্যুক্তি হয়না। বেদান্ত আলোচনা কালে সর্বনা শ্বন রাখা কর্তব্য যে,

ইহা বান্তব জীবনের পথপ্রদর্শক, কল্পনার থেয়াল নহে। যুক্তি যেম্বলে পরাহত, বেদান্ত সেইম্বলে আশার প্রদীপ।

অবশেষে বক্তব্য, আমার সহকর্মী স্থযোগ্য অধ্যাপক এইকু বিমানবিহারী মজুমদার, এম্-এ মহাশয় এই পুত্তকের পাণ্ড্রিপি আদ্যোপান্ত পাঠ করিয়া এবং সংশোধনাদি কার্য্যে প্রভৃত সাহায়্য করিয়া আমাকে চিরক্লতজ্ঞতা-পাশে বন্ধ করিয়াছেন।

১৮৫৩ শকান্দ, ১৯৩১ খৃষ্টান্দ; }
বি. এন্. কলেজ, বাকীপুর।

শ্রীস্থরেব্রনাথ ভট্টাচার্য্য

অবতরণিকা

। হিন্দের বিখাস—বেদ অপৌক্ষেয়, অর্থাৎ কোন পুরুষকর্ত্তক রচিত नय, हेहा चनामिकान इहेए छनिया चानिएछह। चनामिकारनद অক্য-জ্ঞান-রত্ব-রাজিই তেশ্ব বলিয়া প্রসিদ্ধ। ইহার অপর নাম শ্রতি। অনাদিকাল হইতে যে সমন্ত ভবোপদেশ শ্রত হইয়া আসিতেছে, তাহারই নাম স্রভিভি। ব্যাস এই সমগু উপদেশ সংগ্রহ করিয়া তাহার একটা বিভাগ করেন, এবং এই সমস্ত বিভাগের নাম হয় ঋক্, হাজুপ্ত, সাম এবং **অহার্ত্ত**। এই উপদেশগুলি আবার তুইভাগে বিভক্ত-এক কর্মপ্রধান, অপর खान প্रधान । कप्रभान উপদেশগুলি खुव, ऋष्ठि, यात्र, यस हेन्छा पित्र বিষয় শিক্ষা দেয়; এবং তাহাদের সমষ্টিকে বলা হয় সাথ কিতা ও লাক্ষাল। পকান্তরে জ্ঞানপ্রধান উপদেশগুলি আত্মা, এছ, সৃষ্টি, ইতাাদি দার্শনিক তথ্যমূহ মুখ্যভাবে প্রতিপাদন করে, এবং ऐंशारभद्र भाष **अभिन्याल् । उ**भिनिष्य वह, अवर हेशामिश्राक আগার বেদ্যান্ত শবেও অভিহিত করা হয়। বস্তুত: বেদাস্ত বলিতে প্রধানভাবে এই উপনিষ্থ-সমূহকেই বুঝায়। 'বেদাস্থ' অর্থ 'বেদের অস্ত', অধাৎ বেদের শেষভাগ। বেদের প্রথমে কর্মকাণ্ড প্রে জ্যানকাও-এই জন্ম জ্ঞানকাতের নাম বেদ-অস্ত। অথবা যে জান লাভ করিলে থাগ যঞ প্রভৃতি বৈদিণ কর্মামুষ্ঠানের प्तर पर्वार प्रत्यान इटेश थाय, छाहाइट नाम (दमास्त्र। प्रवेता त्वरमत अखरत्रत **उत्त** शहा, लाहाइ त्वमान्त-- এই **अर**्ध डेशनिवर-সম্চ্ৰে হাহ্সপ্ত বলা হয়। সংহিতা, ব্রাহ্মণ, উপনিষং ইহাদের সাধারণ নাম বেদ বা শ্রুতি। স্থতরাং দেখা গেল, বেদাস্ত বলিতে প্রথমত: উপনিষংকেই বুঝায়।

পূর্বেই বলা হইয়াছে, উপনিষং বছ। এই সমন্ত উপনিষদে যে উপদেশ আছে, তাহা নানাস্থানে বিক্ষিপ্ত, এবং অনেক স্থলে উপদেশগুলির মধ্যে পরস্পর আপাত্য-বিরোধ আছে বলিয়াও মনে হয়। আচাষ্য বালরায়ণ ব্যাস এই সমস্ত উপদেশের একটা সামঞ্জপ্ত বিধান করিয়া ত্রেদ্লান্ত্র-মীর্মাণ্ড্রনা বা ক্রেক্সন্সূত্র প্রশান করেন। আচাষ্য জৈমিনিও এইরূপে কম্মর্থাগুরে একটা মীমাংসা প্রণয়ন করেন এবং তাহার নাম হয় "কম্ম্যামাংসা" বা শুর্বিমীমাংসা"। ব্রহ্মপ্তরের অপর নাম "উত্তরমীমাংসা", "শারীরকমীমাংসা" করিয়া কোন অর্থবোধ করা বিশেষজ্ঞ পণ্ডিতেরও একরপ অসাধ্য। স

ক্ষণের বিষয় প্রদাপ্ত প্রণয়নের কাল হইতেই উহার ক্ষেক্টা সাম্প্রদায়িক ব্যাখ্যা প্রচলিত হইয়া আসিতেছিল। পরবন্তীকালে শঙ্কর, রামাস্থ্র, ভাস্কর, নিম্বার্ক, মধ্ব, বল্লভ, বলদেব, হর্দভ, শ্রীক্র প্রভৃতি আচাধ্যগণ নিজ নিজ সম্প্রদায় অনুসারে প্রদাপ্তরের বছবিধ ভাষ্য বা ব্যাখ্যা প্রণয়ন ক্রেন; এবং তাহাতে এক বেদাস্থ সম্বাচ্চে বহুবিধ মতবাদের স্বাচ্চ ইইয়াছে।

বৈদান্তিক আচাধ্যগণ বলেন, বেদান্ত শাস্ত্রের তিনটা বিভাগ বা প্রস্থান—উপনিষৎ শুভিপ্রস্থান, শ্রীমন্ত্রগবদ্গীতা শ্বতিপ্রস্থান, এবং ব্রহ্মসূত্র ক্যায়প্রস্থান। বস্তুতঃ উপনিষৎ, গাঁতা ও ব্রহ্মসূত্রই বেদান্ত

 ^{&#}x27;উত্তর' অর্থাৎ বেদের 'জ্ঞান কাও'; 'শারীরক' অর্থাৎ শরীরোপহিত আয়!।

শার নামে স্থপরিচিত এবং প্রত্যেক সাম্প্রদায়িক আচার্যাই এই প্রস্থানত্তয়ের ব্যাখ্যা করিয়া স্বীয় মত প্রতিষ্ঠাপিত করিতে যত্বপর হইয়াছেন। তবে বেদাস্তদ্ধ্র্মনি বলিতে প্রধানভাবে ব্রহ্মস্ত্রই বুবায়।

এক্সলে ব্রহ্মসতের কিঞ্চিৎ বিবরণ অপ্রাস্ত্রিক হইবে না। ব্রহ্মসূত্র চারি অধারে বিভক্ত । প্রত্যেক অধ্যারে চারিটি পাল। প্রত্যেক পাদে क्छक्श्वनि क्रिया अभिकृत्न अर्थाए এक এकी विषय्यत विठात छ মীমাংসা। প্রত্যেক অধিকরণে আবার কয়েকটা করিয়া সূত্র। শহরমতে সমগ্রস্ত্রের সংখ্যা ৫৫৫। অবশ্র কোন কোন ভাষ্যকার তুই তিনটী সুত্র একত্র করিয়া কিখা একটা সুত্রের বিভাগ করিয়া সুত্রের সংখ্যা ক্ম বেশী নির্দেশ করিয়াছেন। আচার্যাগণ প্রথম অধ্যায়কে সমন্বয়, দ্বিতীয় অধ্যায়কে অবিরোধ, ভৃতীয় অধ্যায়কে সাধন, এবং চতুর্থ অধ্যায়কে ফল নামে অভিহিত করিয়াছেন ৷ প্রথম অধ্যায়ের প্রথম পাদে বে সমন্ত ঐতিবাক্য স্পষ্টভাবে ব্রন্ধনির্দেশ করেন, তাহাদের আলোচনা করা হইয়াছে। দিতীয় ও তৃতীয় পাদে এম বোধক অম্পষ্ট বাকা সকল এবং উপাস্য ও জ্ঞেষ ত্রহ্মবিষয়ক বাক্য-সমূহের বিচার করা হইয়াছে। চতুর্বপাদে দলিশ্ববাক্যসমূহের বিচার আছে। এইরূপে দ্বিতীয় অধ্যায়ে ব্রহ্মকারণতা সম্বন্ধে সাংখ্যাদি স্থতির ও যুক্তির বিরোধ পরিহার, गाःशामिमा द्वा षा किक्जा श्रीमर्ना, प्रकाशक, कीव व निम्मारीत সম্বন্ধে শ্রুতিবাক্যের বিচার করা হইয়াছে। তৃতীয় অধ্যায়ে জীবের **भवान गमन अनानी,** कीर उत्काद महत्त, विविध छेनामना अनानी अवः সাধনের বহিরক ও অন্তরক বিচারিত হইয়াছে। চতুর্থ অধ্যায়ে সাধন প্রণাদী, দেহত্যাগ প্রণাদী, দেবধান পথ ও মুক্তিম্বরূপ মীমাংসিত হইয়াছে। অবশ্র এই কয়টি বিষয় ছাড়া আরও বছবিষয় বন্ধস্তত্তে আলোচিত হইয়াছে, তবে এই কয়টি প্রধান। বিশেষ স্ফারীপত্তে জ্বন্টবা।
এই বিভাগ শক্ষমতাস্থায়ী। অক্তান্ত আচার্য্যগণ স্বীয় মতাস্থারে
ক্রহ্মস্ত্ত্তের অন্তর্নপ বিভাগ স্বীকার করেন। মোটের উপর তহু জিজ্ঞান্তর
যাবতীয় প্রশ্নেরই মীমাংসা এই ব্রহ্মস্ত্ত্তে আছে। স্থতরাং একমাত্ত্র ক্রহ্মস্ত্র আলোচনা করিলেই তত্বার্থী ক্রতার্থ হইতে পারেন সন্দেহ নাই।
এবং এই জন্মই ব্রহ্মস্ত্র বা বেদাস্তদর্শন সর্ব্বশ্রেষ্ঠ দর্শনরূপে বিবেচিত
হইয়া আসিতেতে।

পূর্বেই বলিয়ছি, ত্রন্ধত্তের বছবিধ সাম্প্রদায়িক ব্যাখ্যা বর্ত্তমান এবং সেই সাম্প্রদায়িক ব্যাখ্যাকারগণ আবার নিজ নিজ সম্প্রদায়ান্তসারে প্রধান প্রধান উপনিষং ও গীতারও ব্যাখ্যা করিয়া স্বীয় মত প্রতিষ্ঠাপিত করিয়াছেন। বেদান্ত দর্শন সম্বন্ধে এই সমস্ত বিভিন্ন মতবাদ প্রধানতঃ তৃই ভাগে ভাগ করা মাইতে পারে—এক অবৈতবাদ, অপর বৈতবাদ বা ভেদবাদ। সমস্ত দর্শনেরই প্রধান আলোচ্য বিষয় জীব, জগৎ ও ঈশরের স্বরূপ; অর্থাৎ আমি কি, এই জগৎ কি এবং জগৎ ও আমার অন্তর্বালে অন্ত কিছু আছে কি-না, থাকিলে তাহার স্বরূপ কি। এই তিনটি প্রশ্নের সমাধানই প্রত্যেক দর্শনের মুখ্য কার্য্য। অবৈতবাদের তাৎপর্য্য এই বে, জীব, জগৎ ও ঈশর বস্তপত্যা একই; বৈতবাদের মর্ম্ম এই বে, ইহারা পৃথক্। সাম্প্রদায়িক আচার্য্যগণের মতবাদের বিজ্ত বিবরণ দিতে হইলে এক একটা স্থবিজ্ত গ্রন্থ হইয়া পড়ে।* এছলে প্রধান করেকটি মতবাদের সামান্ত আভাস প্রকৃত্ত গ্রন্থ হইয়া পড়ে।* শহরের মতবাদেই বর্ত্তমান গ্রন্থ প্রদর্শিত হইয়াছে। তৎসম্বন্ধে বিজ্ত

^{*} অবুসন্ধিংস্থ ও কৌতুহনী পাঠক স্বামী প্রজ্ঞানানন্দ সরম্বভীর "বেদান্তদর্শনের ইতিহাস" পাঠ করিতে পারেন।

বিবরণ গ্রন্থপাঠে অবগত হওয়া যাইবে। তবে প্রথমে অক্সান্ত মতবাদ সহজে কিঞ্চিৎ আলোচনা করিয়া শহর মতের মোটাগুটি একটা আভাস দিব।

এই সমন্ত মতবাদ বুঝিতে হইলে 'ভেদ' কাহাকে বলে, তাহা আনা আবছক। একটি উদাহৰণ বাবা এই বিষয়টি বুঝাইতে চেটা কৰিব। একটা বট বৃদ্ধ হইতে একটা মহুষ্য, একটা গ্ৰুদ্ধ, একখানি গৃহ, একটা नहीं, अकी भाषांक, अकी नक्ष्य, रेजामि जिम्रा अरे (य वर्ष दक्ष হুইতে মন্তব্যাদির ডেদ বা পার্থকা, ইহার নাম বিজ্ঞাতীকা ভেদ্স। আবার একটি বটবুক হইতে একটি আমু বুক, একটি অশোকবুক ইত্যাদি বুক্ষের যে ভেদ, ইহার নাম সম্ক্রোভীয় ভেদ্ । দার একটি মাত্র বট বক্ষেরই মূল, কাণ্ড, শাখা, পল্লব ইত্যাদির মধ্যে পরস্পর হে ভেদ, ইহার নাম প্রগত ভেদ্দ। অবৈতবাদের মূল কথা হইল— बीय, बना अ देसदाद मार्या छेक छिन खकात (कामन कामनीहे नाहे। ছৈতবাদ এই সমন্ত ভেদ স্বীকার করেন। তবে কোন কোন আচার্যা কোন-না-কোন রকমের ডেদ খীকার করিয়াও আপনাদের মতকে অবৈত আখ্যা প্রদান করেন। বেমন আচার্য্য রামাত্রক বিজ্ঞাতীয় ও সম্বাতীয় ভেদ স্বীকার না করিলেও স্বগত ভেদ স্বীকার करतन, এवः वरनन-जनस कीव ७ कन् भूकरमाख्याद भदीत. পুরুষোত্তম দেই শরীরের আত্মা। ইহার মতবাদের নাম বিশিপ্তা-বৈত্ৰতাদে। এই মতে ব্ৰন্ধ এক এবং প্ৰদিতীয় হইলেও লীব ও ৰগৎ তাঁহার স্বপত ভেদ। অর্থাৎ জীব ও জ্বপৎ বিশিষ্ট ব্রহ্ম এক এবং নিধিল কল্যাণগুণের আধার। জগৎ ব্রন্ধ হইতে উৎপন্ন এবং ব্রদ্ধ শক্তিরই একটা পরিণাম, অতএব সত্য। জীব অগ্নি-ফ্লিসের স্তায় বন্ধ হইতে উছ্ত, বন্ধের ক্লাদপি ক্ল অংশ মাত্র;

কাছেই এন্ন সর্বাজ্ঞ, সর্বাশ জিমান, জীব অল্পান্তি ও অল্পন্ত, এবং । ও বন্ধ ভিন্ন, এক নহে। জীব চিরকালই বন্ধ হইতে ভিন্ন পারি ভবে মৃক্তি দশাম বন্ধের সন্নিধি লাভ করিয়া তাঁহার সেবকরণে অউপভোগ করিতে থাকিবে। জীব কথনও ব্রন্ধ ইইতে পারিবে। ভগবন্ত জিলাহাই মৃক্তি লাভ হয়।

মধ্বাচার্য্যের মতবাদ স্থাভা প্রাক্তি বাদের নামেপ্রিচি
ইহার অপর নাম পূর্ণপ্রাক্তিদেশেন। এই মতে তদ্ব দ্ব অবিল কল্যান গুণের আলয় ভগবান্ বিষ্ণু স্বতন্ত্র (স্বাধীন) তথ্য, ও জ্বগং অ-স্বতন্ত্র, অর্থাৎ বিষ্ণুর অধীন, তথা জীব ভগবানের ন ভাহার কর্ত্বর ভগবানের সেবা দ্বারা সাক্রপ্য, সাযুক্ত্য বা সালোক্য ব লাভ করা। জীব ও জ্বগং চিরকালই ভগবান্ হইতে পূপক্, ক্ উহাদের ভগবানের সহিত এক হইবার স্ক্তাবনা নাই। বস্তুত: রাম্ ও মধ্বের মত প্রায় একই রূপ, তবে মধ্ব সম্পূর্ণ বৈভবাদী, রাম্ব

বন্ধভাচার্য ত্রুক্তিক্রত্বাদ্দী। ইনি বনেন, ব্রহ্ম নির্মিশের; এবং তিনি ক্সতের নিমিও ও উপাদান বা পোলোকেশর শ্রীকৃষ্ণই ব্রহ্ম। কীব ও ব্রহ্ম উভয়েই শুদ্ধ। গোরে বৃন্ধাবনে শ্রীকৃষ্ণের কুপার গোপীভাব প্রাপ্ত হইরা ভগবানকে পডি। সেব। করিয়া হব বোধ করাই মোক্ষ। ইহার মতে জ্ঞানমা ভক্তি মার্গ অকিঞ্জিৎকর, প্রীতিমার্গই শ্রেষ্ঠ।

ভাস্থরাচার্য ভেন্সভৈন্সভান্স। ইহার মতে জীব গ বন্ধ হইতে ভিন্নও বটে, অভিন্নও বটে—কার্যারপে ভিন্ন, কার্ম অভিন্ন। ব্রহ্ম সঞ্জন, নিরাকার, অদ্বিভীয়। তাঁহার ছুইটা শ ভোগাশক্তি জ্বগংরূপে পরিণত, এবং ভোক্তশক্তি জীবরূপে প্রি জীব 'জামিই ব্রহ্ম' এই ভাবে ধ্যান করিতে করিতে মৃত্যুর পরে ব্রহে লীন হইয়া যায়।

নিখাকাচার্য্য ক্রৈভাকৈ ভবাদী। ইহার মতে বন্ধ সপ্তণও বটেন, নিপ্তণিও বটেন। বন্ধ হইতেই জীব ও জগতের পরিণতি। বন্ধ জগতের অভীতরূপেও বিদ্যমান, স্বতরাং জীব ও জগৎ হইতে ভিন্ন; আবার জীব ও জগৎ ব্রন্ধেই অবস্থিত বলিয়া ব্রন্ধের সহিত অভিন্ন। অংশ ও অংশী পরম্পের ভিন্নও বটে, অভিন্নও বটে—ইহাই নিখার্ক মতের ভিত্তি।

স্থাচার্য্য বলদেব বিদ্যাভূষণ অভিস্তাতভালাতভাল বাদনী । ইহার মতে ব্রহ্ম দগুণ, সবিশেষ ও নির্বিকার। জীব ভগবানের সেবক। মৃক্যাবস্থাতেও জীব ও ব্রহ্ম ভিন্নই থাকেন। ব্রহ্ম নির্বিকার হইলেও তাঁহার স্মৃতিস্তা শক্তি প্রভাবে জগৎ তাঁহারই পরিণাম এবং সতা।

একমাত্র বন্ধস্ত্র অবলয়ন করিয়া এই প্রকার বছবিধ মতবাদ প্রচলিত হইয়ছে। এরপ হওয়া খ্বই স্বাভাবিক। কারণ, প্রেই বলা হইয়ছে, বন্ধস্ত্র অতি সংক্ষিপ্ত। বে কোন পণ্ডিত ব্যক্তি স্থানারাসে আপন মতাহায়ায়ী উহার একটা ব্যাখ্যা প্রস্তুত করিতে পারেন, এবং শ্রুতি, স্বৃত্তি, প্রাণেতিহাসের বচন উদ্ধার করিয়া সমতের পোষকতা করাও বিজ্ঞ লোকের পক্ষে বিশেষ কট্টকর নয়। বস্তুতঃ হইয়াছেও তাহাই, এবং সেইজ্কুই একমাত্র ব্যক্তির্যায়ই এড় মতভেদ। আমার মনে হয়, এই সমন্ত মতভেদের মূলে সাম্প্রদারিক মত স্থাপনের প্রচেটা বিদ্যানান। সম্প্রদায় প্রবর্ত্তক এক একজন আচার্য্য ব্যাহ্যকৃল এক একটা মতবাদের স্থাই করিয়া ভদহসারে উপনিবৎ, গীতা ও ব্রহ্মস্ত্রের ব্যাখ্যা করিয়া স্বীয় মত স্প্রতিষ্ঠিত করিতে যত্বনান হইয়াছেন। তাঁহাদের শিষ্যপ্রশিষ্যবর্গ আবার সেই নেই মতের অভ্রান্ততা সপ্রমাণ করিতে চেষ্টা করিয়াছেন। এইরূপেই বিভিন্ন মতবাদের উদ্ভব হইয়াছে। তারপর সত্য এক হইলেও তাহার প্রকাশভঙ্গি এক একজনের হাতে এক একরূপ হইনেই।

বলিতে গেলে ব্ৰহ্ম সঞ্জ কি নিৰ্গুণ, স্বিশেষ কি নিৰ্বিশেষ, সাকার কি নিরাকার, সক্রিয় কি নিক্রিয়—এই একটী মাত্র প্রশ্নের মীমাংসা উপলক্ষ্য করিয়াই বিভিন্ন মতবাদের সৃষ্টি। ফলত: এই প্রশ্নটীর মীমাংসার উপরই জীব ও জগতের স্বরূপ নির্ণয় একান্ডভাবে নির্ভর করে। আর, ব্রহ্মস্থতের মুলভিত্তি উপনিষদে দপ্তণ, নির্গুণ উভ্যবোধক বাকাই আছে। সাম্প্রদায়িক আচার্য্যগণ কেহ বা ত্রন্ধের নিপ্তণিরপের স্তাতা প্রমাণ করিতে যতুশীল হইয়াছেন, কেহ বা সপ্তণ রপের; কেহ কেহ আবার উভয়রপুই সভ্য বলিয়া প্রচার ক্রিয়াছেন, কেই বা আবার এই পরস্পর বিরুদ্ধ রূপদ্বয়ের একটা সামঞ্জন্ম বিধানের চেষ্টা করিয়াছেন। অবশু শন্ধর সম্প্রদার ব্যতীত অন্ন কেহই নিও নিডই একমাত্র পরমার্থ সতা, এরপ নিভীক সিদ্ধান্ত প্রচার করেন নাই। কোন সম্প্রদায় সপ্তণত্তই সভারপে স্বীকার করিয়া নির্গণ-বোধক শ্রুতি-বাক্যের এক্নপ ব্যাখ্যা করিয়াছেন ঘাহাতে সেই বাক্যগুলির তাৎপর্যাও সগুণপরই হয়। কোন সম্প্রদায় আবার সিদ্ধান্ত করিয়াছেন যে, ত্রন্ধের শক্তি যথন অসাধারণ, অনস্ত, অপার, অচিন্তা এবং শ্রুতিও যথন উভয়রপের উল্লেখ করিয়াছেন, তখন (আমাদের বৃদ্ধিতে সগুণে নিগুণি একটা বিরোধ অহুভূত হইলেও) ব্রন্ধে ওরূপ উভয়রপতা হওয়া অসম্ভব न्य ।

ধাঁহারা ব্রন্ধের সগুণরপতা স্বীকার করেন, তাঁহাদের মতে জীব ও জগৎ ব্রন্ধ হইতে উৎপন্ধ, ব্রন্ধেরই পরিণাম, অর্থাৎ ব্রন্ধই স্থশক্তি-প্রভাবে

ত্রকাংশে মার ভ জলংকাল বিবাজ ক'বা ১ জন । তাকটা ঘটের তাংপত্তি ৰ্যাপাৰে ব্যুকাৰ খেমন নিমান কালগ এবং সৃত্তিকা খেমন উপাদান কারণ, এচ ভগতের উংগাঁও গাগোর ডেমন একমায়ে ওলাং নিমিত্ত ও উপাদান কারণ উভ্তে প্রত্বাং এফ গরিবাম বালয়া জীব ও জগং সভা। জাবের কট্রা সংখ্যে ইং দের মত এই যে, সেবা দারা ত্রদ্ क्या जां कि किर्देश इस्मेर वर्गपराथ यानम खेलाजान क्या- देशके ক্রাবের মুক্তি। এফ. জাব ও ছগ্ম এই তেনের স্ভাতা স্বীকার করেন बिल्या हैशामिन्दक उपनिवासी का दिएत्वामी दिनास्टिक बला यात्र। অভিত্রাদী বলিতে হালে প্রকৃতপঞ্চে এইমতে শহর স্প্রদায়কেই বল: যায়। এন্তলে আর একটা বিষয়ে প্রণিধান করা প্রয়োজন। শহর সম্প্রদায় প্রধানভাবে শ্রুতির উপর নিউর্শ্ল, এবং অঞাল সম্প্রদায় কমবেলী পৌরাণিক বচনে সম্ধিক আন্থাসন্পর। এই হিসাবে শান্ধর বেলান্ডকে বৈদিক, এবং অক্তান্ত সম্প্রদায় প্রবৃত্তিত ্রদান্ত দর্শনকে পৌরাণিক আবা নেওয়া ঘাইতে পারে। আবার, উপান্ধং বিশেষভাবে সংসার-विवक्त खानाथीव चारनाहा এदः প्रवानामि मर्खमाधावरनव धरमाभरम्हा । এই হিসাবে শান্ধর মত বিশেষ জ্ঞানাথীর নিকট স্মান্ত, এবং অন্তান্ত মত ধার্মিক সাধারণের প্রিয়।

যাহা হউক, একণে শাহর মত সংক্ষেপে নিক্ষেশ করিতেচি। ইতঃপূর্বে বলা হইরাচে যে, শাহর দশন একাস্কভাবে শুভির উপর
নিউরশীল। শহর এদভির উক্তিকে অভ্রান্ত সত্যাধ্যপে খীকার করেন।
তাঁহার ভাষে সর্বশান্তবিশারদ, অসাধারণ পণ্ডিত, তীক্ষ মেধাবী,
অধিতীয় সাধক ও স্ক্রাতিস্ক বিচারপটু দার্শনিক্ত কেন যে শ্রুভির
উপর এতটা নিভর করিয়াচেন, তাহা অক্সধাবন্যাপা: তাঁহার মতে
ভীবনের মূল সভাটা বিচার বৃদ্ধির অভীত। সেই মূলসভার সহত্বে বৃদ্ধি

াকছু জানিতে ১৯, তবে ইন্দ্রিজ জানের উপর নেতর করিলে প্রতারিত ১ইতে ১ইবে। একমাত্র শুতিই দেই সতের কথকিং আভাস প্রদান কবেন। থিনি সেই সতো যথাওঁতঃ প্রতিটিত ইইতে ইচ্ছ্ক, তিনি শুতির সাহাযো নিজ জীবনে উহা উপল্ভি করিয়া চরিতার্থ ১ইতে পারেন।

শ্বর-মতে সেই সভাটী শ্রুভিতে এল বলিয়া প্রস্থিত সেই এল নিভাৰ, নিৰ্কেশেষ, নিকিকার, নিজিয়, নিভা-ভল-বুজ-মুক্ত ৷ ভাহাতে কি বিজাতীয়, কি সভাতীয়, কি হুগত, কোন কারের ভেদই নাই। তাহা কেবল, হৈত্তমাত, প্রজান্তন, অংত্তৈকরন, 'একংমবাছিতীয়ুন্'। ভাহাঁ ছাড়া ধিতীয় কোন কিছুর অভিত কোনকালে ছিল না. নাই এবং বাকিবেও না। ইহাই পাল্লমার্থ-সভ্য। তবে অনাদি অভ্যান প্রভাবে এই নির্কিশেষ হৈত্রত্বন ব্রুগে রাম ভ্যাম মৃত্ প্ত পশা কীট, বৃক্ষ লত। ওলা ইত্যাকার অশেষবিধ বিশেষ বা খণ্ডতা প্ৰতিভাত হয় মাতা। ঠিক ওজ্ব সপেৱই মত জাব ও জগৎ ব্ৰদ্ধে কল্লিড: বান্তবিক উহাদের কোন সভাই নাই। যতক্ষণ **অজ্ঞান, ততকণ জীব ও জগংই এক্মাত্র স্তা, এবং ইদৃশ স্তাকে** বলা হয় ব্যবহাব্লিক সভ্য। যখন জ্ঞান ডিরোহিড হয়, তথন একমাত্র নির্বিশেষ ব্রন্ধই সত্তা, অক্সমৰ মিধ্যা-এই সভাই পারমার্থিক সভ্য: স্বভরাং অজ্ঞান দৃষ্টিতে এফ সবিশেষ, সন্তণ, স্ক্রিয়, সাকার; জান্দৃষ্টিতে ব্রহ্ম নির্কিশেষ, নিগুণি, নিজিয়, নিরাকার। শ্রুতি ব্রম্বের সবিশেষ ও নির্কিশেষ উভয়রূপ নির্দেশ ক্রিলেও প্রমার্থদৃষ্টিতে নির্বিশেষ রূপ্ট সতা, আর বাবহার বা षकानमुष्ठिष्ठ স্বিশেষ্ট স্তা। ফলে প্রমাথ দৃষ্টিতে অজ্ঞানও নাই, **कीवल नाहे, क्रग**रल नाहे, श्रष्ठि नाहे, वह नाहे, साक नाहे, गाञ्च নাই, গুরু নাই, শিশু নাই, সাধা নাই, সাধন নাই, একমাত্র জাছ আছেন। আর ব্যবহারিক দৃষ্টিতে এই সমস্তই আছে, বরং বন্ধই নাই। মনে রাখিতে হইবে, অজ্ঞানও বাবহারদৃষ্টিজেই স্ত্যু, পরমার্থদৃষ্টিতে উহারও কোন অভিত্য নাই; স্বভরাং পরমার্থতঃ একমেবাদ্বিতীয়ং ব্রহ্ম বাতীত আর কিছুই নাই।

ব্যবহারিক জগৎকে শঙ্কর আহ্রা নামে অভিহিত করেন। এক বস্তুকে অন্ত বস্তুরূপে মনে করার নামই মায়া। অজ্ঞান প্রভাবেই এরপ ভ্রম হয়। একগাছি দড়িকে সুময়ে একটা সাপ विनया ज्या रहा। विष्ठात कतिया हेराद मुख्य श्रवान कादन बुब्ब् विषयक অজ্ঞান ব্যতীত আর কিছুই বলা যায় না! অবশ্য সামাত অন্ধকার, চক্ষর দোষ ইত্যাদি অনেক সহকারী কারণ থাকিতে পারে, কিছ প্রধান কারণ যে অজ্ঞান তাহা বৈদান্তিক আচার্য্যপণ সৃন্ধাতিসৃন্ধ विচারমুক্তি বলে প্রমাণিত করিয়াছেন, বাহুলা-ভয়ে সে সমস্ত এ म्हाल উह्निथिक रहेन नाः এই यে একবস্তকে चक्र वज्रद्राण मन कदा क्रल ज्य, रेश প্রতিনিয়তই আমাদের হইতেছে। এমন কি, স্থামাদের প্রত্যেক কার্যাই ঈনুশ ভ্রম প্রস্থত-ধীরভাবে বিচার कतिल मकलारे रेश वृक्षिण भारत। त्नर, रेक्सि, अन्धःकत्रन ইত্যাদিকে আত্মা বা আমিরূপে মানিয়া দইয়াই যত কিছু ব্যবহার. বান্তবিক আত্মা কিন্তু দেহাদি নয়। আত্মবিষয়ক অজ্ঞানপ্রভাবেই ওরুপ ভ্রম হইতেছে। অজ্ঞানের শক্তি অতীব বিচিত্র। ইহার খরপ অহুসন্ধান করিলে দেখা যায়, ইহা সং (ভূত, ভবিষাৎ ও वर्खमान এই जिकानशाशी) नय; कात्रन, खान शहेरन खात्र हेश থাকে না। আবার একেবারে অসংও (আকাশ কুমুমের স্তায় অলীক) নয়, কারণ তাহ। হইলে ইহার প্রভাব কখনও অফুভুড

- (১) রজ্ যথন সর্পরণে প্রতিভাত হয়, তথনও রজ্ রজ্ই খাকে, সত্য সতাই সর্প হইয়া য়য় না; বস্তটা অবিকৃত থাকিয়াও অক্তরস্ত্রপ প্রতিভাত হয়;
- (২) স্থতরাং রজ্জ্ই সত্যা, সর্প মিথাা; তবে মিথাা বলিয়া একেবারে আকাশকুস্থমের মত অলীক (non-existent) লয়;
- (৩) দর্প মিথ্য। হইলেও দর্প ধারণায় ভীতি, গাত্রকম্প, পলায়ন প্রভৃতি সত্যব্যবহার সম্পন্ন হইতে পারে;
- (৪) যতক্ষণ দর্পজ্ঞান থাকে, ততক্ষণ উহাকে মিথ্যা বলিয়া বোধ হয় না, রজ্জ্জান হইলেই মিথ্যা বোধ হয়, ইত্যাদি।

পূর্ব্বেই বলা হইয়াছে মায়ার শক্তি অতীব বিচিত্র অনির্বাচনীয়।
এই অঘটন-ঘটনপটীয়সী মায়ার প্রভাবে নির্বিশেষ ব্রহ্মই সবিশেষরূপে
প্রতিভাত হন। এই হিসাবেই ব্রহ্ম জগতের উৎপত্তি, স্থিতি ও লয়ের
কারণ। রজ্জ্বিষয়ক অজ্ঞানপ্রভাবে যেমন রজ্জ্ হইতেই সর্পের
উৎপত্তি, রজ্জ্বে অবলম্বন করিয়াই যেমন সর্পের অবস্থিতি, এবং
জ্ঞানোদয়ে আবার যেমন সেই রজ্জ্তেই সর্পের বিলয়, সেইরূপ মায়া
প্রভাবে ব্রহ্ম হইতে জগতের উৎপত্তি অর্থাৎ ব্রহ্মরূপ আধারকে আশ্রয়

কারটোট জগ্যপ্রতাতি, ভাগাদেই ভিডি ধ্বং ভাগাদেই লয়। জগ্য-স্থায়িক এই প্রক্রিয়ার নাম বিভাকতি।

অক্সাল সাম্প্রতিষ্ঠিক বৈসাধিক মাচ্যাল্যন্ত্র ব্রহ্ণকেই অপ্রের নিমিন্ত ও উপাদান করেও পরেলন বটে, কিছ তাহারা পরিণ্ড হইয়াছেন ছেব উলিয়ান দ্বির্থিত একটা এই জগদাকারে পরিণ্ড হইয়াছেন ছেব যেমন দ্বির্থিত গরিণত হয়, মাক্তসা এইতে যেমন জালের স্বাষ্টি হয়, সেইরূপ)। স্করেণ ব্রহ্ণ স্থান সভা, এই জগংও তেমনই সভা। বিবেচনা করিয়া দেখিলে ক্রন্থ গ্রিণ সভাই পরিণামনীল হন, তবে বহু দেখি আপ্রিয়া পড়ে। তাহা হইলে ব্রন্থাই বিষয়াই, ধ্বংস্থীল, পক্ষণাতী, নির্দ্ধ ইত্যাদি বহু দেখে তৃত্ব বিজ্ঞা বলাও অনিবার্থ ইইয়া পড়ে। জীবের বন্ধমোক্রের কোন অব্ ই হয় না। ম্ল্প্রান্থ এই সমন্ত বিষয়ের বিশ্বত আন্নেনা করা ইইয়াছে বলিয়া এন্থলে আর প্নক্রেপ করিলাম না। ওবে মোটাম্টি তৃহ একটা বিষয় সামান্তভাবে অবভারণা করিছেছি:—

- (১) ব্ৰন্ধ যদি সভ্য সভাই স্বাষ্ট করেন, ভবে নিশ্চরই তাঁহার একটা অভাব বোধ আছে, ফলে তিনি অপূর্ণ।
- (২) শ্বীব ও শ্বগং ধনি সভা হয়, তবে ছীবের বন্ধনও সভা এবং সভা বলিয়া কোন কালেও ভাহার অভাব হইতে পারে না. ফলে মৃক্তি বলিয়া কোন কথাই থাকিতে পারে না।
- (৩) ব্রন্ধের সাযুদ্ধা, সালোক্য ইত্যাদি প্রাপ্তি অবস্থার উন্নতি হইতে পারে, কিন্তু তাহাকে মৃক্তি বলা যায় না। শৃথল বর্ণনিমিত ইইলেও তথারা বন্ধনের বাধা কি গ
 - (৪) বন্ধই একমাত্র পূর্ব (perfect), তাঁহা হইডে এভটুকু পার্থকা

থাকিলেও অপূর্ণতাই হয় — এই সম্ও বিষয় জ্ঞানাথী ধীরভাবে বিচার ক্রিবেন।

যাহা হউক, শহর নতে জাব বন্ধ ছাড়া আর কিছু নহে, সে অজ্ঞান প্রভাবে আপনাকে ভাব বনিছা মনে কারতেছে মাতা। অজ্ঞান অপগত হইলে সে ব্ঝিতে পারিবে যে, সে চিরকাল ব্রন্ধই আছে— ইহারই নাম মুক্তি। এক কথায় শহর মত এই:—

> ব্ৰহ্ম সত্যা, জগৎ মিধ্যা ; জীব ব্ৰহ্মই, আর কিছুই নহে।

श्रद्ध इटेट्ट शाद्ध, माम्लुनायिक चाहायात्रान मकरनटे महाश्रक्य. দক্ষলেই সত্য উপলব্ধি করিখা পাকিবেন। কিন্তু তাঁহারাই যদি পরস্পরের বিহুদ্ধ মত প্রচার করেন, তবে সাধারণের পক্ষে কোন মত অবলম্বনীয়, ভাহা নিৰ্ণয় করা অসম্ভব হইয়া পড়ে. ফলে কোন মতের প্রতিই লোকের শ্রদ্ধা থাকিতে পারে না। বিশেষতঃ আচার্যাগণ সর্বপ্রথম্যে পর মত খণ্ডন করিয়া নিজ মত স্থাপনের প্রেয়াস পাইমাছেন, এমন কি. পর মত ভ্রাম্ব, স্পষ্টাক্ষরে একখা বলিতেও কৃত্তিত হন নাই। আচার্যাদের এত্রণ পরস্পর বিরুদ্ধ মত প্রচার করাতে বলিতে হয় যে, হয় ভাঁহারা **(क**रहे मुखा खेननिक करत्रन नाहे, ना हव खब्रन विक्**य मुख क्षांत्र**त একটা গুঢ় উদ্দেশ্য আছে। আচাৰ্য্যপণ কেহই সভ্য উপদক্ষি করেন नारे, हेरा वना ५हेला भाव: नहरू, ब्रामास्क, निवार्क, मध्द, हिल्छ প্রভৃতি মহাপুরুষের জীবন আলোচনা করিলে নি:সন্দেহ প্রমাণিত হয় বে, তাহারা প্রকৃত সত্যের উপলব্ধি করিয়া পরম শাস্তি লাভ করিয়া-ছিলেন। তাহা হইলে ওক্লণ বিৰুদ্ধ মত প্ৰচাৱের উদ্দেশ্য কি? আমাদের সুলবৃদ্ধিতে বেরুণ বৃষিয়াছি, তাহাই এস্থলে লিপিবদ্ধ कविनाम । विकामार्थक हेक्कासूब्रम मौमारमा कविद्या ।

বিরুদ্ধ গতগুলিকে মেটামুটি তুই ভাগে ভাগ করা যাইতে পারে। এক মতে জীব পূর্বায়ন, অপর মতে জীব জাঁহার অংশ ও সেবক। একটাকে বলা যাইডে পারে জ্ঞান মার্গ, অপর্টীকে কর্ম বা ভক্তি মার্গ। সকলেট শ্বীকার করিবেন যে, মহাপ্রস্থাগণ ধর্পনই যে মত প্রচার করিয়াছেন, তাহা একমাত্র লোক শিকার জন্ত ; তাঁহাদের ব্যক্তিগত জীবনে তাঁহারা কে কি উপলব্ধি করিয়াছেন, তাহা অপরের জানিবার সম্ভাবনা নাই। স্বমতাকুষায়ী আচার ব্যবহার সম্পাদন করিয়া লোক-শিক্ষার আদর্শ স্থাপন করিলেও তাদৃশ আচার ব্যবহারই যে তাঁহাদের জীবনের শ্রেষ্ঠতম সতা, তদপেক্ষা অধিক কিছুই যে তাঁহারা উপলব্ধি করেন নাই--এমন কথা বলা যায় না। প্রকৃত আচার্য্য ধিনি, তিনি দেশ, কাল ও পাত্রাফুদারে "আপনি আচরি ধর্ম পরকে শিথায়"*। কিন্তু সাধনার শেষ সিদ্ধি যাহা, তাহা দেশ, কাল, পাত্তের অপেকা त्रारथ ना ; नर्स ऋरण, नर्स कारण, ও नर्स नाधरकत्र निकर्षेटे छाहा একরপ। সে বিষয়ে আচার্যানের কোন মতবৈধ হইতেই পারে না। স্পার এই বিষয়টা বাস্তবিকই সমস্ত মতবাদের স্বতীত, স্বতএব প্রকাশেরও অংযাগ্য, একমাত্র বোদ্ধারই অসম্পত্তি। তাই আমাদের মনে হয়, আচাষ্যদের মধ্যে প্রক্লভপক্ষে ফোন বিরোধ নাই, থাকিতে भारत ना ; 'ठरव राम, काल ও পাতার-সারে যুগপ্রবর্ত্তক আচার্যাদের বাধা হইয়া বিভিন্ন মডের প্রচার কবিতে হইয়াছে: এমন কি. শীয় মডের উপাদেয়তা প্রনর্শন করিবান জন্ত অন্তর্মতের অসারতা व्योजिशामन कतिए । यजनान इहेरच हहेगाराह । अवहे जना नामनरक

শীকৃষ্ণের গীতাধর্ম ও চৈতন্যদেশের প্রেমধর্ম তুলনা কলন।

বুঝাইতে হইলে পাঁচরকমে বুঝান আবশুক হয়, কারণ প্রত্যেক ব্যক্তির রুচি, শক্তি, পারিপার্যিক অবস্থা ভিন্ন ভিন্ন ।

এই যে অহৈত ও হৈতের বিরোধ, ইহাই অন্ত আকারে জ্ঞান ও কর্মের বিরোধরূপে বৈদিক কাল হইতে বর্ত্তমান সময় পর্যান্ত হিন্দ-সমাজে চলিয়া আসিতেছে। আমাদের মনে হয়, এই বিরোধ থুবই স্বাভাবিক। এই বিরোধ আছে বলিয়াই ধর্মের ও জীবনের জীবনীশক্তি অক্ষুণ্ণ রহিতেছে ৷ এই বিরোধ না থাকিলে সমাজের मृठ्य व्यक्त खाती। कन कथा, वित्तार्थर कीवत्मत পतिहत्र। याश হউক, বৈদিক যুগ হইতে বর্ত্তমান কাল পর্যান্ত ভারতের ধর্মপরিণতির প্রতি দৃষ্টিপাত করিলে প্রতীয়মান হয় যে, একযুগে কর্মের প্রতি লোকের অধিক শ্রদ্ধা হইয়াছে, ঠিক তাহারই পরবর্তী যুগে যেন কর্মের শহিত বিরোধ করিবার উদ্দেশ্যেই জ্ঞানের উপর লোকে সম্ধিক আন্তা স্থাপন করিয়াছে। মনে হয়, যেন কর্ম ও জ্ঞানের একটা তরজ-প্রবাহ চলিয়া আদিয়াছে। কখনও কথা মন্তক উত্তোলন করিয়াছে, কখনও জ্ঞান। বৈদিক মুগের যাগ মজ্ঞাদি কর্মবাহুল্য নিজ্জিত করিয়া প্রপনিষদজ্ঞান প্রবলভাবে মন্তক উত্তোলন করিল। জ্ঞানের প্রাধান্ত **জাবার ঐহিক্সর্বস্ব চার্কাকাদির ইন্দ্রিয়তৃপ্তিকর ক্মপ্রবাহে এবং** কতক পারলৌকিক স্বর্গাদি কামুকের যাগযজ্ঞের আড়খরে থর্কা হইয়া গেল। এই আড়ম্বরের বিরুদ্ধে পুনরায় বৌদ্ধদের কর্মস্বল্পতা ও জ্ঞানসাধনা প্রবল হইয়া উঠিল, বৌদ্ধদের কর্মবিছেষের প্রতিক্রিয়া **ষরপ জাগিয়া উঠিল আ**বার বৈদিক ও তান্ত্রিক কর্মাড়ম্বর। সঙ্গে স**ন্ধে** একদল লোক কর্ম ও জ্ঞান উভয়ই সাধনার্হ বলিয়া ঘোষণা করিলেন, **অবশু ইহারাও কর্মের উপরই অধিক জোর দিলেন** শঙ্করাচার্য্য **ন্দাৰার কর্মকে নিমন্থান প্রা**দান করিয়া জ্ঞানের মাহাত্মা সর্ব্বভেষ্ঠ বলিয়া

ঘোষণা করিলেন। ভাঁহার প্রচারিত অধৈতভব বাশক্রমে বিরুভভাষ ধারণ করিল। এই অবৈতভবটী যথার্থ সাধকের অবেষণীয় না হইয়। সাধকনাত্যের গর্কের বিষয় হটলো বড়ই ভয়াবহ হইয়া পড়ে। তথাক্ষিত সাধক মণে 'আমিই ব্ৰহ্ম' প্ৰচার করিয়া স্ক্ৰিধ অনাচারেরই প্রভায় দিয়া থাকে। হইয়াছিলও ভাহাই। তাই রামাহত প্রভৃতি रेवक्याहाया कारवत अहे अकलागकत स्मीविक अरेशकवारम्ब विकास ভোরতর সংগ্রাম ভোষণা করিলেন: এবং বলিতে বাধ্য হইলেন বে. জীব পুণ ব্রহ্ম ত নয়ই, বহং জাঁহার দাসাহদাস। ঠিক এই ভাবটা প্রচার না করিলে তথাকথিত অধৈত্যানীর মিধ্যা অভিমান ও ঔষভা আর কিরূপে চুর্ব ইইবে ? এই সমন্ত বৈষ্ণবাচার্ধ্যের শিক্ষার প্রস্তাবে কিছুকাল সমাজে খুব ভজ্জি ও ভক্তিসাধন পুজার্চনাদি কর্মের ত্রোভ বহিল। কালক্রমে এই ভাবটী ভিরোহিত হইল: লোকে এইক স্বধানেখনে তৎপর হইল এবং বিষয়গুলী ভঙ্ক জ্ঞানালোচনায় জীবন অভিযাহিত করিতে লাগিলেন। এই 🕫 জানপ্রাধান্তের 🖯 উলিত এইলেন ভক্তচ্ডামণি চৈততা। কালক্রমে চৈতকের শিকা বিক্রান্ত হস্তানা উঠিল 🕟 বৈদেশিক প্রাক্তাবে দেশের লোক একরূপ ধর্ম ভাস্তার রগ্ল । ঐতিক্তাই একমাত্র **ওফুসর্গায় বলিয়া র্ঝিতে** অবস্থা করিল : ব্যালের এই ছদ্দিনে একদিকে আয়সমাল বৈদিক ক্ষের, এপর দিফে আন্ধ সমান্ত উপনিবদ জানের পভাকা হতে প্রহীয়া বিপ্রথামীকে স্থপুরে আনিডে চেটা করিল। ব্রাক্ত সমাজ ব্যাপ্তগতে কর্মাবে একর্মা বর্জন করিয়া এক্যাতা জানেরই প্রাধান कौर्खन क्रिट्ड नाजित्मन । भरत्र आवात भन्नम्हरम ग्रामकृष क्ष्यं । জ্ঞানের অপূর্ব্ব সমন্বয় নিজ জীবনে প্রতিগন্ন করিয়া ভারতের প্রথম্মের প্রতিষ্ঠা করিলেন। এই নাসকে থিয়োসোফিইদের সম্বর-প্রচেষ্টাও বিশেষ উল্লেখযোগা। বর্ত্তমানে হিন্দুদ্দের রামক্রফ যুগ চলিতেছে বলিলে বোধ হয় অত্যুক্তি হয় না। এই যুগের প্রদান শিক্ষণায় হইতেছে এই যে—কর্মাই বল, ভিন্দিই বল, জ্ঞানই বল, সকলই সভ্যোপল্ডির সহায়, কোনটাই অবহেলার যোগান্য। আর ইহাই বেদান্তের সার সিদ্ধান্ত।

মামুবের স্বভাবই এই যে, সে কিছুেটে স্বল্পে স্থায় পাকিতে পারে না। ভাহার স্থভাবগত পূর্ণতা যে কোন প্রকারে আত্মপ্রকাশ ক্ষিতে বাগ্র। ভাই শুনিষ্ট্রিত না এইলে সে ধ্বংসের চরম সাম্য **উপনীত হইতে থাকে, সংশিক্ষা পাইলে আত্মপ্রতি**চ হয় ৷ যে কোন ৰূপে বে কোন মহাপুৰুষ আবিভাত হন, তাহার একমাত্র উদ্দেশ্য পাকে **জীবের প্রকৃত কল্যাথের পথ** নিদেশ কর:। কিন্তু তুনিবার কালের অভাবে ও বহিম্পীন প্রবৃত্তির প্ররোচনায় মামুষ অগ্লদিনেই তাহার শিকা বিকৃত করিয়া কেলে। বিকৃতকৃচি জীবকে প্রকৃতিত্ব কবিতেই মহাপুরুষের আবির্ভাব হয়। স্বতরাং দেখা যাইতেছে যে, আভায্য-গণের মতবিবোধের কারণ দেশ, কাল ও পাছামুখ্যা শিক্ষার পাচার । श्रामारमञ्ज विश्वान, সদ্পঞ্জর সহায়ভায় নিজ নিজ প্রতি প্র পারিপার্থিক অবন্ধ। অমুসারে, আন্তরিকভার সহিও ধিনি যে একান মতই অমুদরণ কলন না কেন, তিনি নিশ্চমই পুর্বক্ষা এইতে পারেন। এই সম্বন্ধ বিভিন্ন মত সভোপস্থির বিভিন্ন উলায় মতে : মনে বাধা व्यायन त्व, डेशाव वह धाकित्व निष्ठाई मिकित पूनः अहा, उहा, ়**নেটা, এইরূপ পাঁচ মতের সম**শ্বয় করিতে গিয়া অনেকেই আপনাকে **'হারাইয়া ফেলেন ও ইডো**ল্রইতভোন্ট হইয়া যান। কোন মতের ৰাউপাৰের প্রতি **ৰাল্ড।** প্রবর্শন করা স্থাচন্য, কিন্তু নিছমতের 'প্রতি একাম্ব নিষ্ঠা না থাকিলেও সিদ্ধি অনুরপ্রাহত হয়। নিজ মতে নিষ্ঠার অর্থ এই নয় থে, পরমতকে নিন্দা করিতে হইবে। যিনি পর্মতের দোষোদ্যাটনেই ব্যক্ত, তিনি সভ্য হইতে অনেক দ্রে সরিয়া পড়িয়াছেন, ইহা ধ্বুব সভ্য।

খনেকের বিশাস শহরাচার্যের প্রচারের প্রভাবে বৌদ্ধর্ম ভারত হইতে বিলুপ্তপ্রায় হইয়াছে। কিন্তু আমাদের মনে হয়, বিলুপ্ত হওয়া দূরে থাকুক, বৌদ্ধর্মের বাহা সার সভ্য ভাহা অদ্যাবিধি পূর্ব ও প্রবলভাবে হিন্দু সমাজে রুচ্গ্রাছ হইয়া বিরাজ করিতেছে। তবে শহরাচার্যের হাতে পড়িয়া আপন নাম ও রূপ এমন আশ্চর্যাভাবে হারাইয়া ফেলিয়াছে য়ে, এখন আরু উহাকে সহজে চিনিবার উপায় নাই। এই জ্য়ৢই শহরকে প্রছর বৌদ্ধ বলা হয়। হিন্দুধর্মের এমন একটা অনন্তলাধারণ সার্বভৌমিকভা আছে, যাহার সর্বগ্রাসী উদরকুহরে য়ে কোন সভ্য অভি সহজে আপন নামরূপ হারাইয়া উহারই অছেদ্য অদরূপে পরিণত হইয়া বায়। এই অভুত শক্তির আবর্তনে অনার্য্য আয় হইয়া গিয়াছে, বর্তমান যুগে ব্রাহ্ম, প্রাই তাদিও হিন্দু হইতে চলিয়াছে। শহরাচার্যের লিখিত গ্রমে উচ্চার বিষেষ ও সংগ্রাম কর্মজোম্থী ও প্রসাভর।

সাধারণ সূচী

প্রথম অধ্যায় = সমন্বয়

প্রথম পাদ

স্পষ্ট ব্রহ্মবোধক শ্রুতিবাক্য সমূহের বিচার

वि षग्न	ॐरल	পৃষ্ঠা
উপক্রম		> >∘
ব্ৰহ্মজিজ্ঞাস।	>	;8१७
ব্ৰহ্ম লক্ষণ	ર	२७२२
ত্রন্ধ শান্তের কারণ ও শান্তগ্য্য		৩০
উপনিষদের তাৎপ্র্যা ব্রহ্ম-প্রতিপাদনে	8	00-18
সাংখ্যকল্পিত প্রধানের জগৎকারণতা অ	শ্ৰাত ৫—১১	€8 ·· 4€
'আনন্দময়' বাকোর (ভৈঃ) ভ্রন্ধপ্রতিপা	দকতা১২—১৯	₹% ৮8
'অস্ত: পুরুষের' (ছা:) ব্রদার্থতা	₹•₹>	₽8—₽₽
'আকাশ' (ছাঃ) ত্ৰন্ধ	२२	o € -da
'প্ৰাণ' (ছা:) বন্ধ	२७	. હ
'স্যোভিঃ' (ছাঃ) ব্ৰন্ধ	₹8₹9	86 8
'প্রাণ' (কৌঃ) ব্রন্ধ	२৮ ७३	≥88€

>1.70

দ্বিতায় পাদ

অম্পষ্ট উপাত্ত অগ্রেষিক ক্ষতিবাক। সমূহের বিচার

বিষয়	প্ত	পৃষ্ঠা
'মনোময় পুৰুষ' (ছাঃ) এক	> ₽-	ララー・)。 ト
'অন্তা' (কঃ) ব্রাদ	»—»	777-
'चका कार्यप्र भूकमध्य' (कः)	•	
জীবাগা ও পরমাস্থা	2225	>>>>
'চকুও পুরুষ' (ছাঃ) ব্রন্ধ	,3034	330339
'प्रस्थामी' (दृः) अभ	>b4°	> >9><•
'অক্ষর' বা 'ভূতযোনি' (ুন্:) একা	ە در د	১২১ ४ २ ०
'বৈখানর' (চাঃ) ব্রহ্ম	२४७२	>>e>>>

ু তৃতীয় পাদ

অস্পষ্ট জেয় ব্রহ্মনোধক শ্রুতির বিচার

'ছালোকাদির আদার' (মৃ:) - এদ	? 9	্ত২১৩৭
'ভূমা' (ভা:) তথা	۶۶	2:1928+
'অকর' : র:) : রশ্ব	:>>	78 78 5
'ধেঃ পুরুষ' (প্রঃ) এক	১৩	285288
'দহর' (ছাঃ) এঞ	\$8 ₹\$	388349
'স্কাৰভাস্ক' (ব:) ভ্ৰদ	२२२७	269266
'অসুষ্ঠ প্রমাণ পুরুষ'্কঃ) ব্রহ্ম	₹8—₹€	242242
দেৰতার এগাবছায় অধিকার	२७७७	>e>>90
শুতের বিভাধিকার	⊘8' ⊘ b·	>90>96
'প্ৰাণ' (কঃ) আৰু	© >	59b59B

विव ष	જુ હો	पृष्टे।
'লোভি:' (ভা:) এফ	8 •	አባሯ
'স্বাকাশ' (ছাঃ) ব্ৰন্ধ	9 :	> 45 >60
স্ক্রনক-যাক্কবন্ধ্য-সংবাদের প্রতিপায়	8२ 8¢	740-747

চতুর্থ পাদ

সন্দিম শ্রুতিবাকাসমূহের বিচার

'चराक्र' (कः)	۶ ۹	365298
'অন্ধা' (খে:)	b->∘	758755
'পঞ্জন' (বৃঃ)	>>>0	\$•\$ €€€
শাদিকারণ সম্বন্ধে শ্রুতির ঐক্মত্য	>8 — >€	₹•₹—-₹•€
ুঁজগৎকন্তা' (কো:)) A 7P	२०७──२० ৮
' ৰা দ্মা' (বৃ:)	5 5—5 3	२०४—२३७
ৰুগতের উপাদান কারণ	२७२१	२১७२১१
. জন্মত ধণ্ডন	ib	২১৭

দ্বিতীয় অধ্যায় = অবিরোগ

প্রথম পাদ

ব্ৰহ্ম ভাৰণজ্যৰ প্ৰতিকল যক্ষি খণ্ডৰ

विस स्वाप्तिकात्र ध्वा ० रूप	1 112. 104	
সাংখ্যমত	>>	२ ১৮—- २ २ ०
বৈপিমত	9	२ २•
চেত্ৰৰ ও গুৰু এম ত্ৰিণৱীত		
্ৰিক্ত কাৰৰ হটতে পাবেন কিনা	8>	>>·—>৩

विष ष	সূত্ৰ	পৃষ্ঠা
অগৎকারণ নির্দ্ধারণে যুক্তির অপর্যাপ্ততা	>>	२७० – २७२
অন্যমত নিরাকরণ	*	२७७
ভোক্তা ও ভোগ্যের বিভাগ	و/ډ	२७७—२०९
,কার্য্য ও কারণ	>8	ર ૭ 8— ર ∉ 8
ন্রই। স্বয়ং নিজের অহিত করেন কিনা	२ ५— २ ७	२६६—२६৮
অভিতীয় এল জগৎকারণ		
হইতে পারেন কি না	₹6 -₹¢	२०५—२७२
নিরবয়ব এক্ষেব জগৎকারণ্ডা	२७— २৮	२७२—२ ७ ৮
বিৰুদ্ধমতের নোধ	२३	२७৮ ०
ব্রুকের সূর্বশ্রিক্যুত্	٥.	२७৮
ইন্দ্রিয়হীন ব্রহ্ম জগৎকারণ	·	
হইতে পারেন কি না	٥,	२७৯
,স্ষ্টির প্রয়োজন	৩২—৩৩	२ - २ 9 २
বিষমসৃষ্টি ও ঈখরের পক্ষপাতিত	৩ 8	२ १२
स्ष्टिवाद्यत अनामिष	৩৫৩৬	२ १८ — २ १৮
ব্ৰহাই জগৎকারণ দিদ্ধান্ত	99	२ १৮

ন্বিভীয় পাদ

দাংখ্যাদি মতের অংখ্যেকিকতা প্রদর্শন

সাংখ্যমত	>>	२१३—२३8
বৈশেষিক মড	55-59	. ₹28७•€
স্কাণ্ডিঅবাদী বৌধন্ত	>> ₹ ¶	Ø•€0}b

विषय	স্ত্ৰ	शृ ष्ठी
বিজ্ঞানবাদী বৌদ্ধমত	२४७२	७३৮—७२२
কৈন্মত	৩৩—৩৬	७२२—७२७
কেবল-নিমিত্ত কারণ মত	৩৭— ৪৫	७२७— ७७३

ভৃতীয় পাদ

মহাভূতোৎপত্তি বিষয়ক ও জীববিষয়ক শ্রুতির

আপাতঃ বিরোধ পরিহার

আকাশের উৎপত্তি	>9	აა გ—აგა
वास्त्रं "	b	989
ব্রন্মের "	۶	७ 88 — ७8€
তেঁৰের "	٥٠	∘8∢ — ∘8 ৬
च्हरगद "	>>	৩৪৬
মৃত্তিকার "	> २	৩৪৬৩৪৭
আকাশাদিরপে এন্ধের অবস্থান	20	৩৪৭
প্রসম্বের ক্রম্	28—2¢	680 80
জীবের উৎপত্তি বিনাশ	>₽ >₽	<i>७</i> ९०−८8 <i>७</i>
স্বীবের পরিমাণ নির্ণয়	>305	৩৫৩—৩৬৫
জীবের কর্তৃত্ব	ر8—82	৩৬৫—৩৭২
দিখ রের নিয়স্তৃত্ব ও সংসারের বৈষ্ম্য	82	৩৭২—৩৭৪
ঈশ্বর ও জীবের সম্বন্ধ	80-84	৩৭৫—৩৭৭
ঈ্বরের সংসারভোগ	85-89	७१९—७१৮
শ্বৈভমতে বিধিনিষেধের ব্যবস্থা	86	६१५७৮১
 क्ष्मिकन वा च्यक्: (यद वावचा 	e368	৫৮১—৫৮৬

চতুৰ পাদ

স্পানহীর বিষয়ক ঐতিবাকোর আপাতঃবিরোধ পরিহার

विवय '	স্থ	প্রদ
ইব্রিষের উৎপত্তি	>8	Ub 9
ইব্রিয়ের সংখ্যা 😉 পরিমাণ	4-1	ددىدى
মুখ্যপ্রাণের উৎপত্তি, স্বরূপ ও কাধ্য	b70	هد ه-دده
ইন্সিয়ের অধিষ্ঠাত্রী দেবতা ও		
উহাদের সহিত জীবের সমস্ব	>8>	450-450
ইজিয় ও মুখ্যপ্রাণের সমন্ধ	>1>>	49P
चित्र कर्म	२०—२२	···

তৃতীয় অধ্যায়=সাধন

প্রথম পাদ

মৃত্যুর পথের অবস্থা, পর্লোক-

গমন ৬ পুনর্জন ১---২৭ ६०৪---৪২৪

ঘিতীয় পাদ[']

জীব ও ব্রন্ধের স্বরূপ-নির্ণয়

শ্ব ১—৬ ৪২৫**৯-৪২৯** স্বৃত্তি ৭—০ ৪২৯--**৪৯** মৃদ্ধা ১**০ ৪**৩৩

विषय .	স্ত্ৰ	পৃষ্ঠা
ৰদ্বের স্বিশেষ ও নিৰ্মিশেষ		
উভয়ত্রপতা অসম্ভব	>> 0•	808 — 8€₹
ব্ৰন্ধাপেকা শ্ৰেষ্ঠ কিছু আছে, কি না	৩১—৩৭	8 € ≥ 8 € €
क्यक्न मिछा देन है	ر 8 `` عن	866-866
তৃতীয় গ	र्भान	
विधित्र नाथन द्यंशानी >१२, ११-।	85.—4	•>, «>>—«>>
त्रहास्त्रवाम ः	60-68	e • 6 (> •
চতুর্থ গ	भाम	
আত্মজানের ফল এবং জ্ঞান ও কর্মের স	₹ .>>	@ ? • & • •
সন্মান শাল্লবিহিত কি-ন।	५ १२ ०	€°°€°8
छेन्त्री विठात	२ >—२२	₹ ७९— € ७€
উপনিষদের আখ্যায়িকার তাৎপর্য্য	₹≎—₹8	evee09
আভামকৰ্মের কর্ম্বব্যতা	२ ० — २ १	€७ १— €8•
ভৃষ্যাভষ্য বিচার	२४०;	€8•- €83
আভ্ৰমকৰ্মের কৰ্ম্ব্যতা	૭૨ <u>—</u> ૭૪	€8₹ €88
অনাশ্রমীর বন্ধজানে অধিকার	<i>৩৬</i> — <i>৩</i> ৯	€88€85
সন্মাস ভ্যাপ ব্দশাস্ত্রীয	8 •	@89- @ 8b
ব্ৰহ্মৰ্য্য ভবের প্রায়ণ্ডিভ	8380	68p660
ক্লাক-উপাদনা কে করিবে	888%	4e•—te>
बोनविधि	89-8>	@ e > e e 8
ষ্ডির কাল	e>-e2	€€8€€७

চতুর্থ অধ্যায় - ফুল

প্রথম পাদ নিওণ বন্ধনাকাংকার ও স্তণ্তদোপাসনার প্রকার ও ফল

विवय	স্ত্ৰ	পৃষ্ঠা
व्यवगामित्र चात्र्षि	>— >	ee1-e45
উপাক্ত উপাসকের সমম	· ·	e6>e69
উপাসনায় আসন, श्वान, कानानित विচात	1>>	249-290
মৃত্যুকাল প্ৰাস্ত উপাসনার কর্ত্তবাতা	>>	e10-e12
পাপপুণ্যের ক্ষয়	:7073	e 92— e 60
দ্বিতীয় পাদ		
(मर्जाम थ्रमानी	> ≤>	€₽₽
ভূতীয় পাদ		
দেৰ্যান পথের বিবৃতি	>-6	b•2-6•9
नखन बन्नवित्तत्र व्याना बर्द्यत्र चन्ननिर्वत्र	9>8	७०१-७२०
দেব্যান পথের অধিকারী	>6->6	७२ ०—७ २२
চতুর্থ পাদ		
নিও ণ বন্ধবিদের কৈবল্য	3-9 C C	
স্থাণ ব্রদ্ধবিদের ব্রন্ধলোক	المنطق المنطق	७०२—७ 8२

অজ্ঞানতিমিরাদ্ধশু জ্ঞানাঞ্জনশলাকরা। চক্ষুক্ষীলিতং যেন তল্মৈ শ্রীপ্রভল্কতেব নমঃ॥

বেদান্ত-দৰ্শন

উপক্ৰম

শিষ্য। গুরুদেব ! এ সংসারে যে যেকার্যাই করুক না কেন, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, প্রত্যেকের উদ্দক্ষেই 'স্থুখ' লাভ করা। কিন্তু ব্যবহার-ক্ষেত্রে কার্যাতঃ দেখা যায় যে, সে স্থুখলাভ বড় একটা কাহারও ভাগ্যে ঘটিয়া উঠে না। ইহার কারণ কি শু

গুরু। বৎস ! এফটু ধীরভাবে চিন্তা করিয়া দেখ, যে স্থথ স্থথ করিয়া সংসারের জীব ছুটাছুটি করিয়া ফিরিতেছে, দে স্থথ কোথায়। দেখ, সাধারণতঃ বাহিরের কোন বস্তু আমার ইন্দ্রিয়ের বিষয়ীভূত হইলে, সেই বস্তু সমদ্ধে আমার একটা অস্কুভব হয়। সেই অস্কুভি বা জ্ঞানটা আমার অস্কুল বলিয়া বোধ হইলে, 'আমি স্থ্থ পাইলাম' এইরূপ ধারণা হয়। সাধারণতঃ বাহিরের কোন 'ইষ্ট' বস্তু লাভ করিলেই স্থ্থলাভ হইল বলিয়া মনে হয়। কিন্তু আবার দেখ,' শত শত ভোগ্য যদি আমার আশে পাশে রাশীকৃত হইয়াও থাকে, তথাপি আমার মনটী যদি সেদিকে না যায়, তবে দেই সব ভোগা স্থায়ে আমার কোন জ্ঞানই হয় না, হার আমি জবও পাই না। আমার অভি স্থিকটে উৎকৃষ্ট প্র-লয়সংগোগে গান হইতেছে; কিন্তু আমি অপর কোন বিবায়ে গাভীর
চিতামা আকিলে সে গানে আমার বেনেট স্বাহ্য না। তবেই পেব,
তব আমারা অস্ভৃতিসাপেক। বছতা কবা হাব বাহিরের কোন
জিনিয়ের গুণ নয়, মনেই কবা বাহুব। অবচ আমরা মনে করি, এই
জিনিষ্টা লাভ হইলে আমার পুর ক্ব হইবে, ওই জিনিষ্টা না হইকে
আমি চাবে অভিভৃত হইব।

শিষ্য। আপনি বলিলেন, স্থ ছুঃখ ননেরই ধর্ম। তাহা ইইলে বাহিরের কোন জিনিষ না ইইলেও ত আমি স্থ লাভ করিতে পারি ? গুরু। হা বংস। স্থ ছঃখ যখন মনেই আছে, তখন এই মনকে আয়ত্ত করিতে পারিলে স্থের জান্ত আর বাহিরের দিকে ছুটিতে হয় না। নিজেন অস্তরেই পূর্ব স্থের আসাদন পাওয়া যায়। এ বিষয় ক্রে প্রিদার্রদে বুঝিতে গারিবে।

শিস। ওঞ্দেব। মনই ইইল জ্ব-ছাবের আধার। তাহা ইইলে পুল হাল সকলই মনের। তবে 'আমি জ্বী' 'আমি ছাবী'—এইরপ জ্ঞান হয় কেন শুমনই কি 'আমি' শু

গুরু। বংস ! অতি উত্তম প্রশ্ন করিয়াছ। মনই যদি 'আমি' বা 'আআাই'ও স্থব দুঃৰ অবশ্বই থাকিবে। আর 'আমি' ! বা 'আআা' যদি মন ছাড়া আর কিছু হয়, তবে আমারস্থা দুঃৰাও কিছুই থাকিতে পারে না। অথচ আমরা সকলেই আপনাদিগকে সময়ে স্থী, সময়ে ছুঃৰী বলিয়া মনে করি। অভতব দেশ, 'আমি' বা 'আআা' যে কি পদার্থ, গোড় সমাক জনো না আকাতেই স্থা দুঃৰ দাহার, স্থাব উৎদ্ধা

হওয়া, কিংবা হুংধে অভিভৃত হওয়া আমার উচিত কি-না ইত্যাদি বিষয় একেবারেই অজ্ঞাত রহিয়া যাইতেছে।

শিষ্য। প্রভা! আপনি যে বলিলেন, 'আমি' বা 'আআ' সম্বন্ধে জান না থাকাই যত অনর্থের মূল—এ' কথা আমি ব্রিতে পারিলাম না। কেন, সকলেই ত 'আমি আমি' করে। আত্মজ্ঞান ত সকলেরই আছে। আমি আছি, কি নাই, এরূপ সন্দেহ ত কাহারও হয় না। আত্মাসম্বন্ধে আমাদের জ্ঞান ত স্বাভাবিক, স্বতঃসিদ্ধ। তবে আমাদের আযুক্তান নাই, একথা বলেন কিরূপে?

শুক্র। বংদ! সকলেই আমি আমি বলে সত্য, কিন্তু স্থিরচিত্তে একবার ভাবিয়া দেখ দেখিবে, এই 'আমি' বা 'আআ।' সদ্বন্ধে তোমার কি ঘোরতর সন্দেহ উপস্থিত হইবে। যথন বল, 'আমি অন্ধ,' 'আমি থোড়া,' 'আমি যাইতেছি,' তথন দেহকেই আআ বলিয়া মানিয়া লও। আবার যখন বল, 'ত্যাহ্যাব্র হাতে বড় আঘাত লাগিয়াছে,' 'ত্যাহ্যাব্র মনটা আজ ভাল নাই,' তখন দেহ ছাড়া অন্ত কিছুকে আআ। বলিয়া স্বীকার কর। তবেই দেখ, যদিও সকলেই আমি আমি বলে, তথাপি কোন্টা যে সত্যিকারের 'আমি' তাহা কিন্তু কেহই ধরিতে বা ব্রিতে পারে না। আআ সম্বন্ধে যথার্থ জ্ঞান না থাকাই কি ইহার কারণ ন্ম ?

শিষ্য। কিন্তু আমি যদি বলি যে, যখন দেহকে আত্মা বলিয়া মনে হয়, তথন দেহই 'আমি,' আবার যখন দেহ ছাড়া অন্ত কিছুকে আত্মা বলিয়া মনে হয়, তথন সেই অন্ত কিছুই 'আমি'—অর্থাৎ বিভিন্ন সময়ে ও বিভিন্ন অবস্থায় 'আমি' বা 'আত্মাও' বিভিন্ন, তাহা হইলে দোব কি?

গুরু। বংস ! দেখ, তুমি যত প্রকার অবস্থায়ই পতিত হও না কেন, একট্ট প্রণিধান করিলেই বুঝিতে পারিবে যে, অবস্থার পরিবর্ত্তনে তুমি যাহাকে 'আনি' বা 'আত্মা' বল, তাহার কোন পরিবর্ত্তন হয় না। শুধু আমি এরপ ছিলাম, এরণ আছি, এরপ হইব—এই প্রকার বিভিন্ন অবস্থার দক্তে তোমার 'আমি'টিকে জড়িত করিয়াই আত্মাকে পরিবর্ত্তনশীল বলিয়া মনে কর। নতুবা যেরপ অবস্থাতেই থাকনা কেন, দমন্ত অবস্থার অন্তর্গালে আত্মা অপরিবর্ত্তনীয় অথগুরূপে আছেন, ইহা একরপ স্বতঃদিদ্ধ চিরন্তন সত্য। আমরা দেই চিরন্থির অথগু বস্তকে বিভিন্ন অবস্থার দক্ষে একেবারে বিজ্ঞাত করিয়া ফেলি বলিয়াই, দেই দেই অবস্থার দক্ষে অভিন্ন মনে করি বলিয়াই, আত্মা পরিবর্ত্তনশীল, স্থবী, হংবী ইত্যাদিরপে প্রতীয়মান হয়। এক বস্তকে অন্তবন্তর্রপে মনে করাই ইহার কারণ, এইরপ মনে করাটকই বেদান্তশাত্রে ভ্যাপ্রাস্থান। এই বে চৈত্ত্যরূপী আত্মাকে দেহাদি জড়রূপে মনে করা, ইহাই অধ্যাস।

শিষ্য। গুরুদেব ! আপনি বলিলেন আত্মা চৈতগ্রস্কপ, আর আত্মা ব্যতীত অন্থ দকলই জড়। তাহা হইলে আত্মা অন্থ সমস্ত বস্ত হইতে একেবারে বিকল্প সভাবের কিছু। কিন্ত ছইটা পরস্পর একান্ত বিরুদ্ধ বস্তুর একটা কি অন্থটা বলিয়া মনে হওয়া সম্ভব ? অন্ধকারকে আন্ধকার বলিয়া কি কেহ মনে করিতে পারে ? একান্ত বিরুদ্ধ সভাবের ছইটা বস্তুর একটাকে যখন অপরটা বলিয়া মনে করার কোন সন্ভাবনা নাই, তখন আপনার কথিত 'অধ্যাস' বলিয়া যে কিছু আছে, একথা স্বীকার করি কিরুপে ?

গুরু। বৎস ! তুমি ঠিকই বলিয়াছ, গৃইটা পরস্পর-বিরুদ্ধ স্বভাবের বস্তুর একটা অপরটা বলিয়া মনে করা সম্ভব বা সম্বতই নয়। তুমি যদি যুক্তি কিংবা বিচার প্রয়োগ কর তবে দেখিবে, 'অধ্যাস' বলিয়া কিছুই নাই বা থাকিতে পারে না। কিন্তু কি আশ্চয়া ! যুক্তি বলে 'অধ্যাস' প্রতিপন্ধ না হইলেও অধ্যাস যে একেবারেই নাই, একগাও বলিতে পার না। ব্যবহারক্ষেত্রে এই অধ্যাস অহরহই কাষ্য করিতেছে। এ যেন জীবের একান্ত স্বাভাবিক। ইহাকে অস্বীকার করিবার উপায় নাই। দেখ, আত্মা অবিকৃত চৈতন্তস্বরূপ, আর দেহ প্রভৃতির ধর্ম জরা, মরণ, রোগ, শোক ইত্যাদি। এই চইটী বিক্লম্বভাব বস্তুর পরস্পরে অধ্যাস হওয়া উচিত নয়; কিন্তু 'আমি জন্মিলাম' 'আমি ক্লন্ন হইলাম,' 'আমি মরিলাম'—ইত্যাদি সংসারে যত কিছু ব্যবহার আমরা করি, সকলই এ অধ্যাস-মূলক। ঐ 'অধ্যাস' না ইইলে কোন ব্যবহারই হইতে পারে না। অথচ বস্তুতঃ অধ্যাদের কিন্তু অন্তিত্বই হওয়া উচিত নয়।

শিয়া। এ অধ্যাস কেন হয় ?

গুরু। আত্মা দেহ প্রভৃতি হইতে ভিন্ন —এই জ্ঞান না থাকাই ইহার কারণ। দেহাদিই আত্মা—এইরূপ একটা মিথ্যা জ্ঞানই এই অধ্যাদের কারণ।

শিশু। অধ্যাস কি, পরিষাররূপে বুঝিলাম না।

শুক্র। বংস! অবহিত্তিতে শ্রবণ কর। মনে কর, তুমি আদ্ধ একখণ্ড রৌপ্য দেখিলে। এই রৌপ্য সম্বন্ধে একটা জ্ঞান তোমার মৃতিতে রহিয়া গেল। কিছুদিন পরে নদীর চড়ায় উত্তপ্ত বাল্কার উপর তুমি যেন দেখিলে একখণ্ড রৌপ্য পড়িয়া আছে। বস্তুতঃ উহা কিন্তু একখানা ঝিমুক, স্থ্যকিরণে ঝক্ ঝক্ করিতেছে মাত্র। এই যে তুমি ঝিমুকখানাকে একখণ্ড রৌপ্য বলিয়া মনে করিলে, ইহাই হইল 'অধ্যাস' বা ভ্রম। এই যে ঝিমুকে রূপার জ্ঞান হইল, এটা কিন্তু মিধ্যাজ্ঞান, কারণ, বস্তুতঃ রূপা ওখানে নাই। কাজেই একটা বস্তুতে

পূর্ব্বদৃষ্ট অপর কোন বসক্ষপে মনে কবাই 'অধ্যাস'; এবং এই অধ্যাস অভিজ্ঞানেরই মত।

এই অধ্যাস কি, কেনই বা হয়, তাহা নির্ণয় করিছে গিয়া বিভিন্ন দার্শনিক বিভিন্ন মত প্রধাশ করিয়াছেন। কেহ বলেন, একটা বস্তুতে অন্ত একটা বস্তুত্ত কোন গুণ বা ধর্মের যে প্রতীতি তাহাই অধ্যাস; যেমন আকাশকে নীল মনে করা। কেহ বলেন, যে ছুইটা পদার্থের পরক্ষর অধ্যাস হয়, তাহাদের মধ্যে যে একটা পার্থবন আছে, তাহা গদি না ধানা থাকে, তবেই এরপ অধ্যাস বা মিথাজ্ঞান হয়। আবার কেহ বলেন, গাহাতে অধ্যাস হয় তাহাতে তাহার বিপরীত কোন ধর্ম বা গুণের বোর হ্ওয়াই অধ্যাস। কিন্তু যিনি যে তাবেই ব্যাখ্যা কর্মন না কেন, "এক শাসাত্তে আন্ত প্রদানতে ব্যাখ্যা ক্যন না কেন, "এক শাসাত্তে আন্ত পানতে ব্যাখ্যা ক্যন না কেন, "এক শাসাত্তে ব্যাখ্যা ক্যন না কেন, "এক শাসাত্তে ব্যাখ্যা ব্যাম্য তাহাতে ব্যাখ্যা ক্যন না কেন, "এক শাসাত্তে ব্যাখ্যা ক্যন না কেন, "এক শাসাত্তে ব্যাখ্যা ব্যাম্য বাহাতে ব্যাখ্যা ক্যন না প্রক্ষেক্য ক্যেন্সাম্য শাস্ত্র ব্যাম্য বাহাতে একমত। এবং এইরপ ভ্রম আমাদের অহর্হেই ইইতেচে। •

[্] এই গুলে অধ্যাস স্থানে নিম্নিবিভিড বিহন্ন কয়টা অপুধাবনবোগা :---

⁽১) একগায়ি দড়িকে যখন সাপ থলিয়া এম হয়, তপন কিন্তু 'এই দড়িগাছটী সাপের মত', এরপ জ্ঞান হয় না; 'এই একটা সাপ'-—এইরপ জ্ঞানই হয়। পরে বখন এম চথিয়া যায়, তখনই বলা যায়, 'এই দড়িটী সাপের মত দেখাইতেছিল'। মোট কখা তেকণ আন্তি থাকে, ততকণ 'ক্সাহ', 'মত' ইড়াদি দক্ষ প্রয়োগ করা চলে না। এ বিষয় পরে বিশ্বভাবে আ্লোটিত ছইবে।

⁽২) যাহাতে অধ্যাস হর অর্থাৎ অধ্যাসের আধারটাই (বেমন দড়ি) সভ্য, আর বাহা অধ্যন্ত হব (বেমন দড়ি) ভাষা মিখা। কিন্তু মিখা বলিরা একেবারে আকাশ-কুস্থনের মাত অলীক নর। ভাষা হইনে ভাষার কোন প্রভীতিই হইডে পারিভ না। বাধাবিক পাকে জিনিবটা নাই, অখ্য বেন বখার্থই আছে—এরণ বোব হওরা খুবই আল্ডা। কাজেই এই অধ্যাসের স্কৃতিক জালটা বে কি, ভাষা কিন্তুবিক করিয়া বলা বাহা না, উহা অনুনৰ্কচনীরা। বাহা নাই ভাষার অনুস্তৃতি হওরা

শিব্য। গুরুদেব ! আপনি যেরপ অধ্যাস বা ভ্রমের কথা বলিলেন, সে সম্বন্ধে আমার কিছু বক্তব্য আছে। দেখুন, যাহা 'বিষয়' অর্থাৎ ইন্দ্রিয়গোচর পদার্থ, তাহাতেই অন্য একটা বিষয়ের অধ্যাস হইতে দেখা যায়। আমি আজ একটা বিষয় প্রত্যক্ষ করিলাম, কিছুদিন পরে আর একটা বিষয় দেখিয়া পূর্ব্বদৃষ্ট বিষয়টা বলিয়া ভ্রম হইল। কিছ যে জিনিষটা কোন দিন দেখি নাই, কিছা যাহা প্রত্যক্ষ করিবার কোন উপায় নাই, সেরপ কোন বিষয়ের ত ভ্রম হইতে পারে না। আর, আপনি বলেন, আত্মা কোন 'বিষয়' নয়, অর্থাৎ কোন ইন্দ্রিয় ঘারা তাহার উপলব্ধি হয় না। তাহা হইলে জিজ্ঞাস্য এই যে, সেই অ-বিষয় আত্মাতে বিষয়ের (দেহ প্রভৃতির) এবং বিষয়-ধর্ম্মের (জরা, মরণ প্রভৃতির) অধ্যাস কিরপে হইতে পারে ?

শুক। শুন, আত্মা যে একেবারেই 'বিষয়'নয়, অর্থাৎ আত্মা-সম্বন্ধে আমাদের কোন প্রকারের সামান্ত একটু উপলব্ধিও নাই— একথা ত বলা হইতেছে না। দেখ, সকলেই 'আমি' 'আমি' এরপ বোধ করে ত? তবেই আত্মা 'আমি আমি'—এই যে একটী সাধারণ বোধ, তাহার 'বিষয়'। 'আত্মা আছে, অর্থাৎ 'আমি আছি'—এরপ জ্ঞান ত সকলেরই আছে। স্থতরাং আত্মা যে একেবারেই অজ্ঞাত বস্তু, তাহা ত বলা যায় না। আর এমন ত কোন নিয়ম নাই যে, চক্ষুর সন্মুধে বর্তুমান একটা বিষয়েতেই অপর একটা প্রত্যক্ষীকৃত বিষয়ের

উচিত নর, অথচ হয়। কেন যে অমুভূতি হয়, তাহা যদি কেহ নির্বেদ্ধসহকারে কিল্লাসা কৃরে, তবে সরলভাবে তাহাকে বলিতে হয়, "কেন হয় ঠিক বলিতে পারি না, হওয়া বে উচিত নয় তাহাও বুঝি, কিন্তু অস্বীকার করিবারও উপায় নাই।" তবে এই য়াত্র বলা বায় য়ে, অজ্ঞান প্রভাবেই অধ্যাস হয়। বস্তুটির যথার্থ বলস বা বা থাকিলেই তাহাকে অক্সবস্তুর্জপে মনে করা সন্তব্ অক্সথা নহে! বাহা হউক, এই বিবয়টী ক্রমে আরও পরিক্ষুট হইবে।

অধ্যাস হইবে, অন্ত কোথাও হইতে পারিবে না। দেখ, আকাশ, কি না শৃষ্ঠ। তাহা কেই প্রত্যক্ষ করিতে পারে না। কিছু তথাপি 'আকাশ নীল, 'আকাশটা নামিয়া আসিয়াছে'—ইত্যাকার এম ত প্রায় সকলেরই হয়। স্তরাং আত্মাকে যদি একেবারে অবিষয় বলিয়াও মনে কর, তথাপি তৎসম্বন্ধে এম হইবার কোন বাধা নাই।

এই ধে অধ্যাস ইহাকেই তত্ত্ত্ত পণ্ডিতেরা 'অবিদ্যা' নামে অভিহিত করেন। এক বস্তুকে অন্থ বস্তুজনে মনে করাই তাহা হইলে 'অবিদ্যা'; আর যথায়থ বিচার করিয়া ঐ বস্তুটী যথার্থ কি, উহার প্রকৃত স্ব-রূপ কি, তাহা জানাই বিদ্যা। এছলে আর একটী বিষয় জানিয়া রাথ:—দেখ, চাদকে তুই বলিয়া মনে হইলেও বস্তুত: চাদ আর কিন্তু তুই হইয়া যায় না; একগাছি দড়িকে সাপ বলিয়া মনে করিলেই কিন্তু দড়িগাছটি সাপ হইয়া যায় না—দড়ি দব সময়ে দড়িই থাকে, যখন তাহাকে সাপ বলিয়া মনে হয়, তথনও তাহা বস্তুত: দড়িই, তাহার পূর্ব্বেও দড়ি, পরেও দড়ি। কাজেই যে পদার্থটীর অধ্যাস হয়, তাহার দোষ বা গুণ বিন্দুমান্ত্রও যাহাতে অধ্যাস হয়, তাহাতে স্পর্শে না।

আরও দেখ, আমরা সংসারে যত কিছু কাজ করি, কি সাংসারিক ধনোপার্জনাদি, কি পারলোকিক ব্রতাদি সমস্তের মূলেই কিন্তু এই অধ্যাস বা অবিদ্যা। এমন কি প্রত্যক্ষ, অহমান প্রভৃতি প্রমাণ, বিবিধ শাস্ত্র—সমস্তই এই অধ্যাস-মূলক।

শিব্য। গুরুদেব ! অত্যন্ত বিশ্বরকর কথা বলিলেন। আমি একটা যথার্থ সর্পকে সর্প বলিয়া মনে করিলাম, ইহাও অবিদ্যার প্রভাব ? ধ্যান, ধারণা, পূজা, অর্চনা এই সমন্ত করিতে যেসব শাল্কের উপদেশ তাহাও অবিদ্যার ফল ? এ বে বড় সন্দেহজনক কথা।

গুৰু। বংস। অন্থির হইও না। ধীরভাবে প্রবণ কর, সব বুঝিতে

পারিবে। দেখ, যখন আমরা কোন কাজ করি, তখন শরীরটাকেই কি 'আমি' বলিয়া মনে করি না? মনে কর, 'আমি লিখিতেছি—' এই কথা যথন বলি, তথন শরীরটাই কিন্তু কাজ করিতেছে, অথচ ্<mark>রবলি 'আমি করিতেছি'। আবার শরীরকে</mark> যদি আমি বা আমার বলিয়া মনে না হয়, তবে কোন কাজ করাই সম্ভব হয় না। ষ্থন গভীর নিক্রায় নিমগ্ন থাক, তথন শরীরাদিতে আমি বা আমার বলিয়া কোন জ্ঞান থাকে না, ফলে তথন কোন কাজও হয় না। চক্ষু, কর্ণ প্রভৃতি ইন্দ্রিয়ে যদি আমি বা আমার বোধ না থাকে, তবে সেই সব ই ব্রিয়ন্থারা কোন জ্ঞানলাভও করা যায় না। একটা স্থন্দর ছবি তোঁমার সম্বাধ রহিয়াছে : যতক্ষণ না তোমার চক্ষতে আমি বা আমার জ্ঞান হইবে, ততক্ষণ ছবিখানি চক্ষর অতি সন্নিকটে থাকিলেও তুমি ভাহা দেখিয়াও দেখিবে না। দেখ, এতক্ষণ নিবিষ্টচিত্তে আমার কথা শুনিতেছ, তোমার চক্ষুও আমার প্রতি নিবদ্ধ রহিয়াছে। কিন্তু আমার রূপ সম্বন্ধে তোমার কোন জ্ঞান এতক্ষণ হইয়াছে কি? তুমি তোমার কর্ণেন্দ্রিয়েই আক্মাভিনিবেশ করিয়াছিলে, তাই ভুধু আমার কথাই শুনিয়াছ, চক্ষ প্রসারিত থাকা সত্তেও আমার রূপের ্কোন জ্ঞান তোমার হয় নাই; কাজেই দেখ, হন্তপদাদি কর্মেন্দ্রিয়ে জ্মামি বা আমার জ্ঞান না হইলে কোন কাজ হয় না; এবং চকুকর্ণাদি জানেন্দ্রিয়ে আমি বা আমার জ্ঞান না হইলে কোন বস্তুর জ্ঞানও হয় না। ঁ**ইন্দ্রিয়গ**ণ আপনারা স্বাধীনভাবে কোন কার্যাই করিতে পারে না. উহাদের একটা আশ্রয় চাই। ঐ আশ্রয়টীই আমি; সেই আমিকে **অবলম্বন করিয়াই ইন্দ্রিয়ের** যাবতীয় কার্য্য সম্পাদিত হয়। ইন্দ্রিয় না হৈ**লৈ আবার কোন বি**ধয়ের জ্ঞানও হয় না। স্থতরাং দেখিতেছ, দেহ ও ইক্রিয়াদির উপর আমি বা আমার বলিয়া একটা বোধ বা

অভিমান না থাকিলে কোন বিষয় জানাও যায় না, কিখা কোন কার্য্য করাও খায় না। অতএব শাল্পের কোন আদেশ পালন করা, কিখা। সাংগারিক কোন কাব্য করা, সকলের মৃলেই ঐ দেহ, ইন্সিয় প্রভৃতিকে আমি ব। আমার বলিয়া মনে করা সাপেক্ষ। তাহা ইইলে, শাল্পীয় বা অশালীয় সকল কার্য্যই কি অধ্যাস-মূলক নয় ?

আরও দেগ, ব্যবহারকেত্রে সামায়া পশুতেও বেমন আচরণ করে বিবেক শালী মালুবেও সেইরকমই আচরণ করে। মনে কর, একটা শব্দ হইল। এখন একটা গ্ৰু দাড়াইয়া ঘাদ পাইডেছিল। ঐ শব্দটা যেই তাহার কাণে গেল, অমনি দে কাণ উচু করিল। তারপর যদি ৰ্ঝিতে পারে যে, কেহ আদর করিয়া ভাকিতেছে, তবে আনন্দে তাহার নিকট ছুটিয়া যায়, আর খদি বুঝিতে পারে যে, ভীতিস্চক শব্দ इटेंटिक्ट, उद्ध प्रोड़िया भनायन कदा। क्ट नाठि प्रथाहरन (मोड़ाहेश्रा भनागन करत्र, जारात (कट् এक मृष्टि घान नहेश्रा अधनत इडेरन जाहात निरक्डे धाविख हम। विरवक्वान मश्राप किंक **এ**डे ভাবেই আচরণ করে। পশুদের বে বিবেক নাই, ইহা ত সকলেই বলে। মন্ত্রাও যথন তাথাদেরই মত আচরণ করে, তথন সেই সেই আচরণকালে মহুব্যও অবিদ্যাবা অক্সান দারাই চালিত হয়। 'সেই त्तरे **चा**ठव्रवकात्न'—এই কথা এই জন্ত বৰিলাম বে, পর মৃহুর্ছে মান্থবের বিচার আসিতে গারে, কিন্তু ষতকণ সে কার্য্য করিতে থাকে. তওকণ সেই কাৰ্য্যের পদ্ধতিতে, আর পশুর কার্য্যের পদ্ধতিতে কোন প্রভেদ থাকে না।

শিষা। আচ্ছা, প্রভাকাদি সাংসারিক কার্ব্যে মাছরে ও পশুতে একই ভাবে কাষ্য করে, এ কথা না হয় স্বীকার করিলাম। কিন্তু শাল্পীয় কাংয় ত এরপ হয় না। কেন না, শাল্পের বাকা যে ব্রিতে পারে, এমন লোকই শাস্ত্রীয় কোন আদেশ মত কার্য্য করিতে পারে।
নার শাস্ত্রোক্ত কার্য্য করিলে তাহার ফল প্রায় পরলোকেই হয়। স্কৃতরাং
নান্ত্রা পরলোকেও থাকিবে—এরপ জ্ঞান যাহার আছে, সে-ই শাস্ত্রের
নাদেশ মত কার্য্য করিবে। এই যে শাস্ত্র ব্ঝিবার ক্ষমতা ও পরলোক
সম্বন্ধে জ্ঞান, এ তুইটা ত পশুদিগের নাই। স্কৃতরাং শাস্ত্রীয় ব্যবহারেও
মাসুর পশুর সমান, একথা ত বলা যায় না।

শাস্ত্রীয় কোন যজাদি করিতে চায়, সে যদি সাধারণ মাহ্নবের মত জ্ঞানী হয়, এবং 'পরলোকে সে থাকিবে' শুধু এইটুকু জানে, তবেই সে সেই মজাদি করিতে পারে। সে থাকিবে, কিন্তু কিরূপে থাকিবে, তাহার আছার যথার্থ স্থর্নপ কি—এই সব তত্ত্ব জানিবার তাহার কোনই প্রয়েজন নাই।

আরও দেখ, পাপক্ষয় কিম্বা পূণ্য উপার্জ্জনের জন্মই লোকে প্রায়শ্চিত, মাগ মজ্জ, ব্রত পূজা ইত্যাদি করিয়া থাকে, অর্থাৎ স্থখলাভ বা দৃঃখ পরিহারই শাস্ত্রীয় কার্য্যেরও উদ্দেশ্য। যাগ মজ্ঞাদি আবার এক এক বর্ণের এক এক রকম। যে ব্যক্তি নিজেকে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, কিম্বা এরপ কোন বর্ণ-বিশেষের লোক বলিয়া মনে না করিবে, সে কিন্তু কোনরূপ যাগ মজ্ঞাদি করিবার অধিকারীই হয় না। কাজেই দেখিতেছ, বে মজ্ঞাদি করে, সে আপনাকে স্থখী, তৃঃখী, ব্রাহ্মণাদি জাতীয়, সংসারী সাম্ব্য বলিয়া নিশ্চয়ই মনে করে। কিন্তু যথার্থতঃ আত্মাত এ সকল কিছুই নয়। বেদান্ত-শান্ত্র আত্মাকে ক্ষ্পাতৃফারহিত, ব্রাহ্মণ ক্ষত্রিয় প্রত্তি জাতিভেদশৃত্য, এক কথায় সংসারের যাবতীয় বিষয় হইতেই পৃথক্ বস্তু বলিয়া নির্দ্ধারিত করিয়াছেন। অতএব যত দিন আত্মাকে ঐ ভাবে জানা না যায়, ততদিন কি সাংসারিক, কি শাস্ত্রীয়

যে কোন কাষ্ট বল না কেন, সবই অধ্যাস-মূলক। সমস্ত শাস্ত্রই অধ্যাস বা অবিভাকে মানিয়া লইছাই প্রবৃত্ত হইয়াছে। দেখ, বান্ধণ যক্ত করিবে—এ একটা শাস্ত্রবাক্য। এখন যে ব্যক্তি আপনাকে বান্ধণ, গৃহস্ক, যক্ত করিবার যোগ্য বয়স ও শক্তিসামর্থ্যবান বলিয়া মনে করিবে, সে-ই কেবল ঐ শাস্ত্রবাক্যটা পালন করিতে পারিবে। স্ক্তরাং শাস্ত্রও অধ্যাসের উপরই প্রতিষ্ঠিত।

যে বস্তু বান্তবিক যাহা নয়, ভাহাকে ভাহা বলিয়া মনে করাই 'ক্রাপ্র্যাস্ন'—একথা পূর্ব্বেই বলিয়াছি। যেমন আমরা সচরাচর দেখিতে পাই, এক জনের একটা ছেলে বেশ খেলা করিতেছে, দেখিয়া তাহার থুব আনন্দ হইল। এম্বানে পুত্রেরু যে আনন্দ, সেই আনন্দ পিতা আপনাতে অধ্যাস করিয়া নিজেকে আনন্দিত বলিয়া মনে করিলেন। আবার ছেলেটা জ্বরে ছট ফট করিতেছে দেখিয়া পিতার একটা দারুণ অম্বন্তিবোধ হইল, যেন সে নিজেও ছট ফট করিতেছে। এম্বলেও পুত্রের কট্ট আপনাতে আরোপ করিয়া পিতা আপনাকে হুংখিত বলিয়া মনে করিলেন। এই তুই স্থলেই বাহিরের ধর্ম আত্মাতে অধ্যাস করা रहेंग्राट्छ। এইরূপ यथन বলি, 'আমি রূশ, আমি কাল, আমি দাঁড়াইয়া আছি, কিংবা চলিতেছি,' তখন বান্তবিক দেহের ধর্ম বা ক্রিয়াগুলিই আত্মাতে অধ্যাদ করিয়া ওরপ বলি। যুখন বলি, 'আমি অন্ধ বা বধির,' তখন ইন্দ্রিয়ের ধর্ম আত্মাতে অধ্যাস করি। যখন বলি, 'আমার এরপ করিতে ইচ্ছা হইতেছে, আমি এরপ সমল্ল করিয়াছি,' তথন অন্তঃকরণের ধর্ম আত্মাতে আরোপ করি। এইরপ কথনও দেহ প্রভৃতিকে আত্মা বলিয়া মনে করি, কখনও বা আত্মা দেহাদি ব্যতীত অন্ত কিছু— এরপও একটা সামান্ত বোধ হয়।

হতরাং দেখা গেল, যত কিছু কার্য্য করি, যাহা কিছু চিস্তা করি,

নাবই এইরপ একটা কিছু অধ্যাস করিয়াই করি। আমি কিছু করি, বা কিছু ভোগ করি—এইরপ মনে করার মুলে এ অধ্যাস, এ মিথা। জান, এ ল্লম। এ যেন জীবের একান্ত স্বাভাবিক। জন্মাবধি এরপ অধ্যাসের ক্রীড়াপুত্তলি হইয়া চলা যেন জীবের স্বভাব। এই অধ্যাস বে কডদিন আরম্ভ হইয়াছে, আর কডদিনেই বা ইহার শেষ হইবে, তাহা বলা অসম্ভব। তবে আমাদের প্রত্যেক কর্ম্ম, প্রত্যেক চিন্তাই যে এই অধ্যাসদ্বারা নিয়ন্তিত, তাহা প্রত্যেকেরই অন্ভবগম্য। এই অধ্যাসদ্বারা নিয়ন্তিত, তাহা প্রত্যেকেরই অন্ভবগম্য। এই অধ্যাসের অন্তিত্বের দ্বিতীয় প্রমাণ অনাবশ্যক।

আর, এই অধ্যাস আছে বলিয়াই, প্রতিনিয়ত একটা প্রকাণ্ড
দ্রমের দাস হইয়া চলি বলিয়াই, যত হুঃখ, যত অনর্থ। দেহাদিতে যদি
আত্মবৃদ্ধি না থাকে, তবে ত হুঃখ পাইবার কোন সম্ভাবনাই থাকে না।
তবেই দেখ, যথার্থ আত্মা যে কি, তাহা না জানাই যত হুঃখের মূল।
আত্মার প্রকৃত স্বরূপ কি, এবং কিরূপেই বা তাহাকে জানা যায়, ইহা
প্রতিপাদন করাই সমস্ত বেদান্ত-শান্তের উদ্দেশ্য।

বংস। এস এক্ষণে মহর্ষি বাদরায়ণ ব্যাস প্রণীত 'ভ্রোক্সস্ট্রেব্র'' ব্যাখ্যায় প্রবৃত্ত হই, তাহা হইলে একে একে তোমার সকল সন্দেহের নিরাস হইবে।

বেদান্ত-দশ্ন

প্রথম অধ্যায়

প্রথম পাদ

৪৯। অথ অতঃ ব্রহ্মজিজ্ঞা ॥ ১॥

অনস্তর [অথ], এই কারণে [অতঃ] 'ব্রন্ধ কি' তাহা জানিবার জন্ত প্রত্যেকেরই ইচ্চা [রেন্ধজিজাসা] হওয়া উচিত।

শিষ্য। 'অগ' শব্দের অর্থ বলিলেন 'অনন্তর', কিন্তু কিসের অনন্তর ব্রিলাম না। তানন কি আছে, যাহা না ইইলে রক্ষাজিঞাসা ১২ কেই পারিনে না ? তামন কোন্ সাধনের বিষয় আপনি বলিতেছেন যে, যাহা পুনের অবছা লাভ করিতে হইবে, তাবং ভাহার পরেই রক্ষাজিঞাসা সন্তব ইইবে ? তবে আমার মনে হয়, রাজ্ব, কলিয় ৬ বৈছা এই ভিন জাভিষ প্রভাবেরই উপনয়ন হইকে স্ক্রিথান ও সক্ষপ্রথম কর্ত্তর্য বেদ অধ্যয়ন করা। তারপর গৃহস্বাশ্রমের উপযোগী গাগ্যঞাদি কি ভাবে করিতে হইবে, ভাহা জানিবার অন্ত ভাহাকে প্রেমীমাংসা' শান্তও আলোচনা করিতে হইবে। তাবং দেই সমন্ত বিশেষরূপে জানিয়া পরে একা কি, তাহা জানিবার জন্ম বিচার করিতে ইটবে। অর্থা প্রেমীমাংসা ভালরূপে জানিয়া পরে ব্রহ্ম শান্ত বেদাণ্ডের আলোচনা কর্ত্তর্য। স্থ্যের 'অর্থ শহ্দ কি এই অর্থই প্রকৃত্ত ইইনাছে ?

৪ঞা না, বংস, তাহা নয়। কেন না, যিনি যাগফলাদির বিচার কাক্রিয়াছেন, তিনি যদি ভূপু বেদাস্ত (উপনিষ্ণাস্ত্র) অধ্যয়ন করেন, ভবেই ভাঁহার বন্ধ কি, ভাহা জানিবার সন্থাবনা হইতে পারে। দেখ, বাস্যজ্ঞাদির বিচারকালে দেখা যায় যে, প্রভ্যেক অন্টানেই একটা নিদিট ক্রম আছে, অথাথ এই কাজটির পর এই কাজটি করিতে হইবে (যেমন, প্রথমে পশুর হৃদ্পিও লইয়া হোম করিতে হইবে, ভারপর জিহ্বা লইয়া, ইভ্যাদি)—এইরপ একটা স্থনিদিট নিয়ম আছে। ঐ নিয়মের এতটুকু ব্যতিক্রম হইলে দে যজ্ঞের আর কোনই কর হইবে না। কিছু ব্রহ্ম-বিচারে সেরপ কোন নিয়মের প্রয়োজনীয়ভাই দেখা যায় না। যেমন নারায়ণ পূজা করিতে হইলে প্রথমে গণেশ পূজা করিয়া লইভেই হয়, ব্রহ্ম জানিতে হইলেও সেইরপ প্রথমে মজ্ঞাদি জানিতেই হইবে, এমন কোন নিয়ম নাই।

তারপর, বন্ধ-জিজ্ঞাসা ও বজ্ঞাদি-জিজ্ঞাসা—এই ছুই বিচারের বিষয়ও পৃথক, ফলও পৃথক। যজ্ঞাদির ফল ঐশ্বয়লাভ, অথাৎ স্থগাদি-স্থ প্রাপ্তি। বিশেষতঃ যজ্ঞাদি কিরপে করিতে হয়, তাহা জানিলেই তাহার ফল পাওয়া যায় না, ঐ ফল্ল যথানিয়মে অস্টান করিলেই তাহার ফল পাওয়া যায় না, ঐ ফল্ল যথানিয়মে অস্টান করিলেই তাহার ফল পাওয়া, যায়, নতুবা নয়। কিন্তু বন্ধকে জানিলে তাহার ফল পরমাজি, যথার্থ কল্যাণ। আর, বন্ধকে কেবল জানিলেই ফল পাওয়া যায়, তাহার জ্ঞ্ঞ আর কোনরূপ অস্টানের প্রয়োজন হয় না। একটা ক্রেপ ভাবে করিতে হইবে, তাহা জানিয়া লইলাম; তথনও কিন্তু আমার কোন ফল লাভ হইল না, কেবল অস্টান করিলেই ফল পাইব। ঐ বজ্ঞের ফল তাহা হইলে আমার অস্টানের উপর একান্ত নির্ভর করিতেছে। ফল এখন নাই, আমি অস্টান করিলে পরে উৎপন্ন করিতেছে। ফল এখন নাই, আমি অস্টানের জার নৃতন করিয়া করিয়া লইতে হইবে না, কেবল তাহাকে জানিলেই ফললাভ ইইবে। আমার কোনরূপ অস্টানের ফলস্বরূপ বন্ধ উৎপন্ন হইবে না।

আমার চক্ষ্রিক্রিরের সহিত একটা বিষয়ের সংযোগ হইলে সেই বিষয়টা সথদ্ধে বেমন আমার জ্ঞান হয়, সেইরূপ ব্রহ্ম-সথদ্ধে আমার যে সকল সংশয় আছে, তাহা দ্র হইলে আপনা হইতে ব্রহ্মজ্ঞান ক্রিত হইবে, তাহার জন্ম আর কোনরূপ অফুর্মান করিতে হইবে না। স্তরাং ব্রহ্মকে জানিতে হইলে অগ্রে যে যাগযজ্ঞাদি (অর্থাৎ পূর্বমীমাংসা) জানিতেই হইবে, এমন কোন নিয়ম নাই।

শিষা। তাহা হইলে কিসের অনস্তর ব্রন্ধ-জিজ্ঞাসা হইতে পারে ? গুরু। বৎস, শোন। একটু ভাবিয়া দেখিলেই বুঝিতে পারিবে, সংসারে যত কিছু পদার্থ লইয়া আমরা নাড়াচাড়া করি, তাহা সবই অনিত্য, কিছুই চিরকাল, এমন কি অনেক দিনও, স্থায়ী হয় না, আজ আছে ত কাল নাই। কতকগুলি পদার্থ দেখা যায় একটু দীর্ঘকাল शायी द्य, 'रांमन १० कि १०० वरनत। किन्ह, जनस कारनत जुननाय পাচশত বংসর কত কুন্ত। আর একট প্রণিধান কর, দেখিবে এই যে বাহ্য পদার্থের স্থায়িত, ইহাও ভ্রম। প্রত্যেক পদার্থই প্রতি মুহুর্তে পরিবর্ত্তিত হইতেছে। তোমার শরীর, তোমার মন, বুক্ষ, লতা, যাহা किছ वावशावरवाना भनार्थ नमखरे এर मुरूर्ख वाश चाह्न, भवमूरूर्ख আর তাহা থাকে না, একটু-না-একটু পরিবর্ত্তন তাহার হয়ই। এই যে অবিভান্ত পরিবর্ত্তন, ইহাই সংসার। এই পরিবর্তনের অন্তরালে এমন কি কোন স্থিয় নিত্য পদার্থ নাই, যাহাকে অবলঘন করিয়া এই পরিবর্ত্তন-প্রবাহ চলিতেছে? একটু ধ্যানাবিষ্ট হও, অস্ততঃ কণেকের জন্মও তোনার অন্তরে একটি চিরস্থায়ী বস্তুর আভাস পাইবে। সহসা সেই বস্তটিকে ধরিতে পারিবে না, কিন্তু কি যেন কিছু চিরস্থির পদার্থ আছে, এরপ একটা অফুভুতি তোমার হইবে। বেদাস্তাদি শাস্ত্র অধায়ন কর, তাহা হইতে জানিতে পারিবে, এমন একটি নিতা

বস্তু আছে, আছে। কিন্তু চঞ্চল মন তোমার, কলুধিত মন তোমার, ধরি ধরি করিয়াও সেই নিত্য বস্তুটিকে ধরিতে পারিতেছে না। বংস! যথন বুঝিতে পারিবে যে, সংসারের যাবতীয় পদার্থই অনিত্য. আর ইহার অন্তরালে একটি নিত্য বস্তু আছে, তথন কি আর তোমার এই অনিত্য বস্তুর জন্য কোন আকাজ্যা থাকিবে ? বিষয়ের অনিত্যতা ধ্যান করিতে করিতে স্বতঃই তোমার মনে বৈরাগ্য **উপস্থিত হইবে। ইহলোকের ভোগ্য বস্তু ত** উপেক্ষা করিবেই. পরলোকের স্বর্গাদি স্থথ ভোগও যথন চিরস্থায়ী নয়, তথন তাহার জ্বন্তও তোমার আকাজ্জা থাকিবে না। তথন আর তোমার পঞ্চ **ইন্দ্রিয় বিষয়ের রদ আ**খাদনের জ্বন্ত ছুটাছুটি করিবে না। তথন **আর তাহারা বাহিরের দিকে ছুটিবে না—বাহিরে যে নিত্য স্থথের চিহ্ন-**মাত্র নাই। তাই তাহার। ছুটিয়া যাইবে তোমার অন্তরের দিকে— **সেখানে যদি নিত্য স্থাে**র সন্ধান পাওয়া যায়। মনের আর তথন চাঞ্চল্য থাকিবে না, ইন্দ্রিয়গণ আর তথন মনের সন্মুথে সহস্র ভোগ্য **জিনিষের ছ**বি প্রসারিত করিয়া ধরিবে না। তথন তোমার মনও **দুমিয়া ষাইবে,** বিষয়ভোগের বাসনা আর তোমার মনে জাগিবে না। **ৰীত গ্রীম, স্থথ হঃধ** যাহাই কেন আম্বক না, কিছুতেই তুমি তথন আর 🚾 কেপ করিবে না। সব যে অনিত্য। তোমার মন তথন সমস্ত বাহ বিষয় অবহেলা করিয়া কেবল মাত্র সেই নিত্য, চিরস্থির বন্ধ লাভের জন্ম উদগ্রীব হইবে, সদাই তাহারই চিস্তায়, তাহারই ধ্যানে मा हरेता। ज्थन तमियत, ज्थन तुबित्त, खक्रवाका ७ त्वमास्रवाका কত সত্য; ঐ তুই বাকাই ত তোমাকে চিরস্থবের অধিকারী হইবার পথ নির্দেশ করিয়া দিয়াছে। কি অসীম শ্রদ্ধা হইবে তথন তোমার সেই গুরু ও বেদান্তবাক্যে। আর, তুমি তথন বুঝিতে

পারিবে, হায়। এই অনিতা বিষয়ের লাল্যায় কতই হাতনা গাইতেছি। এই যে ভোগাকাজ্যা, এ'ত আমাকে চতুদিক হইতে কঠিন শুখালে বাধিয়া রাথিয়াছে, আমি যে এই অনিভার মাঝে একেবারে ভবিয়া গিলাছি, ইং৷ ইইতে কি আমার উল্লার ইইবে নাণু এই শুথল কি আমার বুলিয় যাইবে না। আমি কি ইহার কবল হইতে মুক্ত ইইয়া আপ্লাতে আপুনি মঞ্জিয় থাকিতে পারিব না ! বংস ! এই যে মুক্তির আকাজন, ইহাই ভোমাকে নিভাবন্ধ লাভের পথে টানিয়া लहेश: शहरव । एथन असे मुस्कित है। छ। ভোমার यगवे हैं हरेत, उथन প্রভাই ভোনার এক পদার্থ জানিবার ইচ্ছা হইবে। ভাহা না ইইলে সহস্র থাগ যজ্ঞ কর, মৃথে মৃক্তি মৃক্তি কর, কিছুতেই ব্রহ্মজ্ঞান লাভের সভিক্রের ইচ্ছা ভোমার হইবে না। আর সভা সভাই যদি ব্রহ্ম কি ভাগু জানিবার ভোমার আকুল আকাজ্ঞা জাগিয়া না উঠে, সংসার-বন্ধনের অস্থনীয়তা ঘদি ত্মি স্তালতাই স্থতীব্রভাবে অমুভ্র না করু, ভবে রগবিসার, বেদাও আলোচনা **ভ**ধই বিভূপনা। **কেবল** পাত্তি এই ভাষাতে অজন করিতে পারিবে, স্বথ বা শান্তি লাভ ভোমার ভাগ্যে অংগে ইইবে না। তাদুশ আলোচনা নিতাপ্তই নিক্ষ্য। বংস, বেনান্তের পরিত ত অনেক দেনিয়াছ। কিন্তু জিজ্ঞাসা করিয়া দেখিও, ক্ষমন আন্তত্তত উপলক্ষি করিয়া প্রকৃত শান্তিলাভ করিতে পারিয়াছেন? কেবল এফট। মানসিক বৃত্তির কওয়ন নিবৃত্তি, কিঞ্চিং যুশ, ফিঞিং মান —এই যদি বেদান্ত আলোচনার উদ্দেশ্য হয়, তবে সে আলোচনায় কি ফল ্য যে বিচারে পরম স্থাধর অধিকারী হইতে না পারিলে, তাহার আলোচনা কি বার্থ নম্ম ফলের নিভাতার দিক হইতে দেখিলে তাদৃশ শুৰু বিচার এবং নিতাস্ত মুণ্য বৃত্তিও এফই শ্রেণীর অস্ভত বলিয়া গণাহয়। অবশ্র এইরূপ আলোচনার একটা ফল

এই হয় যে, ঐরপ আলোচনা করিতে করিতে আত্মা সম্বন্ধে একটা পরোক জ্ঞান উৎপন্ন হয়, এবং ২য়ত সোভাগ্যজনে কাড়ার ও অভরে প্রতাক উপলব্ধির আকাজ্ঞা জাগিলাউঠে। শাসালোচনার উল্লেখ্য শান্তালোচনাই নয়, তব উপল্ঞিই উহায় উদ্দেশ্য। কেই উদ্দেশ্য যে পরিমাণে সিদ্ধ হইবে, শাস্তালোচনাও সেই পরিমাণেই সংখ্যা।

যাহা হউৰ, তবেই দেশ, নিভা ও অনিভা বস্তুন বিবেক, ইচলোকিক ও পারলোকিক ভোগ্য বস্তুর প্রতি বৈরাপ্য, শম, দম,উপরতি, তিতিক্ষা, **শ্রেকা, সমাপ্রাম ও মুমুক্ষুত্র।** 😘 এই কয়টি সাধন বাহার **মাছে, দে-ই বস্ততঃ ত্রদ্ধ জিজ্ঞাসার প্রকৃত** অধিকারী ; যজ্ঞানি জামুক ু**বা না জাত্মক, তাহাতে কিছু**ই আদে যায় না।

বংস। বর্তমান যুগে এই অধিকারী নিণ্ম ব্যাপারটা একাফই খনবৈশ্বক বিবেচিত হয়। বাবহারিক জগতে একটি সামাল ভতা নিয়োগ করিতে হইলেও লোকে তাহার শক্তি সামগ্য ঘাচাই করিয়া সায়। কিন্তু ধর্ম-জগতে যোগ্যাযোগ্য বিচারের কোন বংলাই নাই।

⁽b) শ্ম—লৌকিক ব্যাপার সম্বন্ধে চিন্তা না কলা।

[্]র **খন—চকু প্রভৃতি ইন্দ্রিগণ যাহাতে** বাহিরের বিগরে ধাবিত হইতে না পারে. जीवां कहा ।

[্] **উপরতি—আআ কি তাহাই জানিতে** ত্ইবে-—এইলপ য**কল** কবিয়া অফাণ্ডে বমু ভ্যাপ করা।

তিতিকা--শতে গ্রীম, হুধ চঃধ ইত্যাদি হুন্দু সূত্র করা।

[্] **শ্ৰহা—ঋণ ও শান্ত বাকো** বিখাস করা।

^{ন প্</sub>**ন্যাধান—আলস্যাদি পরিত্যাগ ক**রিয়া একমাত্র আগ্রুমুখ্যেই ভারম; করা ।}

ৰুমুম্ব—মক্তিলাভের যথার্থ আগ্রহ !

এ ক্ষেত্রে নিরক্ষর কৃষক হইতে আরম্ভ করিয়া স্থাশিক্ষিত বৈজ্ঞানিক দার্শনিক পর্যন্ত প্রত্যেকেই দমান অধিকারী! সকলেই গুরু। ঈদৃশ আত্মপ্রবঞ্চনার ফলও প্রত্যাক্ষই দেখা যাইতেছে। কি দামান্তা সদ্দি, কি রাজয়ন্ত্রা, সর্বরোগেই জায়ফল ব্যবস্থা করিয়া যে ফল পাওয়া যায়, কাহার কতটা অভাব, কে কতটুকু গ্রহণ করিবার যোগ্য ইত্যাদি নির্ণয় না করিয়া বেদাস্তাদি আলোচনার ব্যবস্থাও সেইরপই ফলপ্রদ। অক্যান্ত সকল বিষয়েই অধিকারী নির্ণয়ের একান্ত কর্ত্তব্যতা স্বীকৃত হইলেও, একমাত্র আধ্যাত্মিক ব্যাপারে উহার নিশ্রয়েজনীয়তা অক্মতব করা অজ্ঞতারই পরিচায়ক। যাহা হউক, ভারতীয় মনীষিগণ ইহার একান্ত প্রয়োজনীয়তা বিশেষভাবেই উপলব্ধি করিয়াছিলেন, এবং সেই জন্মই আচার্যাগণ অধিকারী নির্ণয় করিতে এতটা প্রয়ত্ব করিয়াছেন।

শিষ্য। 'অথ' শব্দের অর্থ ব্রিলাম। এক্ষণে 'অতঃ' শব্দের তাৎপর্যা রূপা করিয়া বলুন।

গুৰু। 'অতঃ' শব্দের অর্থ 'এই-হেতু', 'এইজন্য'। অর্থাৎ এই কারণে ব্রহ্মকে স্থানিতে যত্নবান্ হইবে।

শিষ্য। কোনু কারণে ?

গুৰু। পূৰ্বেই দেখিয়াছ, ইহলোকে যত কিছু ভোগৈৰ্য্য, সমস্তই অনিত্য। আর শ্রুতিতেই উক্ত হইয়াছে যে, স্বর্গাদি লোকও চিরস্থায়ী নয়, এবং কেবল ব্রহ্মকে জানিতে পারিলেই চিরশান্তি লাভ করা হায়। এই কারণেই পূর্ব্বোক্ত লাধনসম্পন্ন ব্যক্তি ব্রহ্মকে জানিতে যতুবান্ হইবে—ইংটই হইল প্রথম স্ত্রের অর্থ।

শিষ্য। গুৰুদেব! 'ব্ৰদ্ধকে জানিতে হইবে'—এ সম্বন্ধে আমার একটা প্ৰশ্ন আছে। দেখুন, যে বিষয় সম্বন্ধে কোন কালে আমাদের কোন জ্ঞান হয় নাই, সেই বিষয়টী কিরূপ, তাহা আছে, কি নাই, **ইত্যাদি প্রশ্ন ত কথনও আমাদে**র মনে উদয়ই হয় না। স্থতরাং তাহা জানিবার ইচ্ছাও আমাদের হয় না। পক্ষান্তরে যদি বিষয়টা জানাই **থাকে তবে আবার তাহাকে** জানিবই বা কি ? ব্রহ্ম সম্বন্ধেও ত ঐ সমস্তা উপস্থিত হয় ?

अक। (मथ, अक मद्यस (य आमारित कानक्रभ धार्ताह नाहे, ভাহা ত নয়। তুমি বেদাস্তাদি শাস্ত্র অধ্যয়ন কর, তাহাতে দেখিবে বন্ধকে নিত্য, শুদ্ধ, বৃদ্ধ, মুক্ত, সর্ববিজ্ঞ, সর্বাশক্তিসম্পন্ন বলিয়। নির্দেশ কর। হইয়াছে। তারপর, ত্রন্ধ শব্দের ব্যুৎপত্তি হইতেও ত্রন্ধ সম্বন্ধে একটা ধারণা হয়। বুহু ধাতুর সহিত মন্ প্রত্যয় যোগ করিয়া ত্রদ্ধ শব্দ হইয়াছে। বৃহ্ ধাতুর অর্থ বৃদ্ধি, আর মন্ প্রত্যয়ের অর্থ নিরতিশয়। তাহা হইলে ব্রহ্ম শব্দের অর্থ হইল "বাহা হইতে বড় বা উৎক্ট আর কিছুই নাই।" এইরূপ শাস্ত্র, শন্দের অর্থ ও লৌকিক **উক্তি হইতে ব্রদ্ধ সম্বন্ধে মো**টামুটি একটা ধারণা হয়। আরও দেখ, ব্রহ্ম সম্বন্ধে যে আমাদের কোনই ধারণা নাই. একথা বলা যায় না। **ব্রহ্ম ভ "আত্ম" ছাড়া আর কিছুই নন। স্**তরাং আত্মা বা আমি সম্বন্ধে যথন সকলেরই একটা জ্ঞান আছে, "আমি নাই" এরপ জ্ঞান যথন কাহারও হয় না, তখন আত্মা বা বন্ধা যে আমাদের **একেবারেই অজ্ঞাত, তাহ। বলি কি প্রকারে** ? তবে বলিতে পার, যদি ব্রহ্ম বা আত্মা আমাদের জ্ঞাতই থাকে, তবে আবার তাঁহাকে জানিব কি? হাা, আত্মা সম্বন্ধে মোটামুটি একটা ধারণা সকলেরই আছে বটে, কিন্তু সে সদক্ষে বিশেষ জ্ঞান ত নাই। লোকে ব্রহ্ম আছে, আমি আছি-এই দাত জানে: উহার **ঠিক ঠিক স্বরূপটী যে কি, তাহাত জানে না। আত্মা**বা ব্রহ্ম যে कि, छारा यनि नकरनत जाना थाकिरव, তবে আর আলা সম্বয়ে नाना

লোকের নানা মত ইইবে কেন ? দেখ, সাধারণ লোকে ও চার্কাকগণ মনে করে যে, হৈতক্ত-বিশিষ্ট দেইই আগ্রা। পঞ্চত্তের সংমিপ্রতে এই দেই উংপ্রতের, সঞ্চের দঙ্গে তাহাতে হৈতক্তের সঞ্চারত হয়। আবার কেই বলেন, জিল্লালাল বা চেতন ইক্রিয়গণই আ্রা। কেই বলেন, মনই আগ্রা। কেই বলেন, আগ্রা বলিয়া কোন পদার্থ নাই, শৃক্তই আগ্রা। কেই বলেন, দেই আগ্রা। কেই বলেন, দেই আগ্রা। কেই বলেন, দেই আগ্রা। কেই বলেন, দেই আগ্রা। কেই বলেন, সংসারী আগ্রা কোন কাজ করেন না, ভণ্ন ভোগ করেন। কেই বলেন, সংসারী আগ্রা ছাড়া সর্কাজ সঞ্জানিয়, আহা হৈতক্ত মাত্র। কইকপ আ্রা সম্বদ্ধে বল লোকের বছমত দেখিতে প্রত্যা যার। সকলেই নিজ নিজ বৃদ্ধিবিবেচনা অন্থ্যাহের মৃতি তক প্রয়োগ করিয়া নিজ নিজ মত স্বাপনের হেই। করিয়াছেন। স্কলেই ইলের যে কোন একটা মত বলি নিজ স্বাত্র বাজার করিয়ালার ক্রিয়ালার ক্র

্রেট । ভাহা ইইলে উপায় ?

জন। বংস । আত্মতার কেবল শুড় তর্ক ধারা কথনও লাভ করা যায় না। আত্মা সমস্ত ইন্দ্রিয় ও মনের অতীত বস্তু, একথা জামে স্পষ্ট বাঝতে পারিবে। সেই ইন্দ্রিয়াতীত ও মনের অতীত বস্তুকে ইন্দ্রিয় বা নন ধারা কিরপে ধরিতে পারিবে। তর্ক একটা মানসিক বৃত্তি বই ত নয়। স্বতরাং তর্কের ধারা আত্মা ধে কি, তাহা জানিবার উপায় নাই। আত্মা সহজ্ঞে চরম সিদ্ধান্ত উপনিষং বা বেদান্তে রহিয়াছে। তবে উপনিষং বহু। আপাততঃ মনে হয়, বিভিন্ন উপনিষদে, এমন কি একই উপনিষদেই, খেন আত্মা বা ব্রদ্ধ সহজ্ঞে বিক্রম মতের

উল্লেখ রহিয়াছে। কাজেই বিভিন্ন উপনিষ্থ বাকোর প্র্যালোচনা **করিয়া ভাহাদের ঘথার্থ তা**ৎপ্রা কি, ভাহা নিশ্য করা প্রয়োজন। এই তাৎপ্রা নির্ম করিতে ইইলে কডকটা বিচারেরও প্রয়োজন আছে। কিন্তু সেই বিচার বা তর্ক যদি আপনার থেয়ালগত হয়, তবে কিন্তু প্রকৃত তথ্য জানা যাইবে না: কারণ, বিভিন্ন লোকের খেয়াল বিভিন্ন রকমের, এবং প্রকৃত তথ্য তর্কের অতীত। তবে উপনিষৎ **ৰা শ্ৰুতি বাক্যের অহুকৃল** তক বা যুক্তি প্ৰয়োগ করিয়া আপাত-বিশ্বদ্ধ বেদান্ত-বাকোর তাৎপথা নিগ্র করিতে এইবে। "প্রক্ষান্তরে" বা "বেদান্তদর্শনে" এইজপ অন্তক্তন মুভির সাহায়ে বেদান্তবাকোর তাংপথ্য নিণীত হইয়াছে।

শিষ্য। এক্ষকে জানিতে হইবে—একথা ব্লিয়াছেন। সেই ব্ৰন্ধ কিরূপ, তাঁহার লক্ষণ কি, তাহা আমাকে বলুন।

জ্বস্থাদি অস্ত্র শতঃ ॥।।। প্রক ।

যাহা হইছে, যে ক্লাব্রাকা হইছে | মতঃ | ইহার অর্থাৎ এই .পরিদৃশ্যমান জগতের [অঞা] জন্ম প্রভৃতি, অধাৎ জন্ম, স্থিতি ও লয় [अन्तापि] हय, তाहाहे बन्ध।

অনস্ত রকমের, অনস্ত নামের অন্ত পদার্থে পরিপুর্গ এই জগং: কত করা, কত ভোক্তা, এই জগতে বিয়াস করিতেছে: এগানকার সমন্ত কাধ্যই কেমন একটা অলঙ্ঘা নিয়মে প্রিচালিত হইতেছে: কেমন ফুশুখনে সাজান এই জগং—যাং। ভাবিতে গেলে একেবারে বিশাৰে অভিভূত হইয়া ঘাইতে হয়—ঈদৃশ জগং যে সৰ্বজ, সৰ্ব-**শক্তিমান পরম ক্রান্ত্রপা হইতে উ**হত, ধাহাকে অবলধন করিয়া এই **জগতের অবস্থান,** এবং কালে এই জগং যাহাতে বিলীন হইছা যায়. **দেই শারমকারপেই এখ**। এই স্বর্গন্ত স্কাশ্ভি এম বাতীত, ছড

প্রকৃতি, পরমাণ্, শূন্য অথবা সংসারী কোন জীব হইতে এই জগতের স্ষ্টি-স্থিতি-লয় হওয়া কোন ক্রমেই সম্ভবপর হইতে পারে না। কেন হইতে পারে না, তাহা পরে বিশদভাবে বুঝাইব।

শিষ্য। কিন্তু আমি যদি বলি যে, এই জগং আপনা হইতেই হয়, আবার আপনা আপনি লয় পায় ?

শুরু। না, তাহা হইতে পারে না। দেখ, এ জগতে যে কোন কার্য্ট সংঘটিত হউক না কেন, একটু অন্তস্কান করিলে দেখিতে পাইবে, প্রত্যেক কার্য্যেরই একটা নিমুমিত কারণ আছে। কোন কারণ নাই, অথচ একটা কিছু হইল, এমন দেখা যায় না। অবশু হইতে পারে, কারণটা আমরা ধরিতে পারি না; কিন্তু কারণ অবশুই আছে। যদি বিনা কারণেই সব হইত, তবে আমের আটি পুতিলে কাটাল গাছও হইতে পারিত; খাইলে এক সময় ক্থা বন্ধও হইতে পারিত, এক সময় বাড়িয়াও যাইতে পারিত। এই বিষয়ে পরে আরও বিশদভাবে ব্রিতে পারিবে। জগওটা অক্তা নিয়মে চলিতেছে, ইহা দেখিয়া কেহ কেহ অন্থমান করেন যে, ঈশ্র বিদিয়া একজন জগংক্তা আছেন। যেমন ক্তর্কার না হইলে ঘট হয় না, সেইরপ একজন জগংক্তা না হইলে জগং হইতে পারে না। এইরপ একটা অন্থমান-বলে তাহারা ঈশ্রের অন্তিও প্রমাণ করিতে চেটা করেন।

শিষ্য। "নামাগ্রত যতঃ" এই হজেও সেই অন্নমানেরই ইলিড করা হইয়াছে, এ কথা বলিলে দোষ কি ?

গুরু। দোব আছে। পূর্ব্বেই বলিয়াছি, ব্রহ্মস্থ্রে কেবল যুক্তি বা অমুমানের দারা কোন সিকান্ত স্থির করা হয় নাই। এই সমস্ত স্ত্রের প্রধান উদ্দেশ্যই হইতেছে বেদান্ত বা উপনিষৎ বাক্যের তাৎপর্য্য নির্ণিয় করা। মালাকর যেমন নানারকম ফুল দিয়া একটা মনোরম মালা প্রস্তুত করে, ভগবান্ স্ত্রকারও সেইরপ বেদান্ত-বাক্য যথাযথভাবে সজ্জিত করিয়া ব্রহ্মস্ত্র-রূপ এই মালা গাঁথিয়াছেন। (জগতের
স্ষ্টি-স্থিতি-লয় ব্রহ্ম ইইতেই হয়—এ কথা শুতিতে [বেদে] আছে
(তৈ: ৩.১)। আর ব্রহ্মই জগতের কারণ, এই সিদ্ধান্তের একমাত্র
প্রমাণ শ্রুতি। 'জন্মাল্লস্থ যতঃ'—এই স্ত্রে এই কথারই ইন্দিত আছে।
ক্রিনরূপ অন্থ্যান প্রদর্শন করা এ স্ত্রের উদ্দেশ্য নয়। তবে শ্রুতির
সালে বিরোধ না হয়, এমন যুক্তি যদি প্রয়োগ করা যায়, তবে দে যুক্তিও
গ্রহণযোগ্য, কেন-না, সেরপ যুক্তির ছারা বেদান্ত-বাক্যের তাৎপর্য্য
ব্রিবার সহায়তা হয়। শ্রুতিতেও যুক্তিপ্রয়োগ একটা সহায়রূপে
উল্লিখিত ইইয়াছে।

আরও দেখ, যাগযজ্ঞ কিরণে করিতে হয়, তাহার কল কি, ইত্যাদি বিষয় জানিতে হইলে, একমাত্র শুতির উপরেই নির্ভর করিতে হয়। অমৃক যজ্ঞ করিলে অমৃক ফল হয়—এ কথা শুতিতে আছে; কিন্তু সেরপ ফল যে সত্যই হয়, তাহা একমাত্র বেদবাক্যে বিখাস ছাড়া অন্য প্রমাণে জানা যায় না। আর, কোন একটা কাজ করা না করা আমার ইচ্ছাধীন। আমি ইচ্ছা করিলে করিতেও পারি, না করিতেও পারি, কিয়া যেভাবে করিবার বিধান আছে, তাহার বিপরীতভাবেও করিতে পারি। কোন একটা কর্ত্তব্য কর্ম যতক্ষণ না করা হয়, ততক্ষণ উহার কোন অভিত্তই হয় না। 'এরপ করিলে এরপ হয়' ইত্যাদি শুতিবাক্যের প্রামাণ্য শুধু ঐ বাক্য বিশাস করা বা না করার উপর নির্ভর করে। কিন্তু যে বস্তু চিরদিনই আছে, তাহা কিন্তু মোটেই আমার ইচ্ছাধীন নয়। তাহা ত আছেই, তাহা আর উৎপন্ন করিতে হয় না। আমার সে সেয়ন্ধে কোন জ্ঞান হউক, বা না হউক, দেটী কিন্তু থাকিবেই। আবার, 'এই বস্তুটী ঠিক

এইরপই'— এই যে বস্তুটার যথার্থ জ্ঞান ভাহাও আমার ইচ্ছার উপর
নিউর করে না। অগ্নি উফা, আমি ইচ্ছা করিলে ভাহা শীতল বোধ
হইবে না। স্থান্তরাং বস্তুর যে যথার্থ জ্ঞান, ভাহা সেই বস্তুটার স্বভাবের
উপরেই নিভর করে। একটা গাছকে গাছ বলিয়া যে জ্ঞান, ভাহাই
যথার্থ জ্ঞান, উহাকে একটা যাস্থানা অনা কিছু মনে করা ভ্রম ছাড়া
আর কিছুই নয়। কাজেই দেখ, যথার্থ জ্ঞান আমাদের অধীন নুয়,
উহা বস্তুরই অধীন। যথার্থ জ্ঞানের বিষয়টা যদি কোন স্থায়ী পদার্থ
হয়, অথাৎ ভবিবাতে সে বিষয়টা হইবে, এমন যদি না হয়, ভবে সেই
জ্ঞান বস্তুটার অধীন, আমাদের ইচ্ছান্তসারে ভাহার পরিবর্তন হইবে
নং। একটা র্থকে ইচ্ছান্তসারে মন্তুয়া বা অনা কিছু মনে করিলে
ভাগে এমই হইবে। স্ভুরাং রক্ষ যথন চিরভার্মী, অনাদিকাল হইতে
বর্তুমান বস্তু, ভখন ভাহার যথার্থ জ্ঞান ব্রক্ষস্করপেরই অধীন, আমাদের
ইচ্ছাধীন নয় (রঃ স্ং ১-১-৪ অইবা)।

আবার দেখ, যে জিনিষটা নাই, যাহা একেবারে ন্তনভাবে ভবিষ্যতে উৎপন্ন হইবে, সেই জিনিষটা সৃষ্ট্ৰে কেই যদি বলে যে, অমুক জিনিষটি হইবে, তবে সেই জিনিষটার অভিত্যসম্ভ্ৰে ও লোকটার বাকাই একমান্ত প্রথম। কারণ, বন্ধটা যধন নাই, তথন তাহাকে প্রত্যাক করিবার উপায় নাই, অমুমান করিবাও স্বত্যভাবে উহার অভিত্য প্রথম। যায় না। ভিত্র যে বন্ধটা আছে, তাহার সম্ভ্রে যিই কেই কিছু বলে, তবে ইচ্ছা করিলে তাহা আমরা, প্রত্যক্ষ করা সম্ভব হইলে, প্রত্যক্ষ করিতে পারি, অমুমান সম্ভব হইলে, অমুমানও করিতে পারি। স্বত্যাং এরপ বন্ধ সম্ভ্রে বিশ্বত লোকের বাজ্যানও ব্যানি প্রযাণ, প্রত্যক্ষাকিও যথাসম্ভব প্রমাণ। ব্রহ্ম স্ক্রেও তাহাই।

শিষ্য। ব্রহ্ম যদি চিরকাল বর্ত্তমান বস্তুই হন, তবে আপনার প্রদর্শিত মৃত্তি অম্পার্থ প্রত্যক্ষ, অহুমান প্রভৃতি প্রমাণ প্রয়োগেও ত তাঁহাকে আনা যাইতে পারে। বেদান্তের আলোচনা করিবার প্রয়োজন কি? আপনি যে ব্রহ্মজ্ঞান লাভ করিতে ইইলে একমাত্র বেদান্তই অবলম্বন করিতে ইইবে, এরূপ নির্বাদ্ধ কেন করিতেছেন, তাহা ঠিক ব্ঝিতে পারিতেছি না। মাহুষ স্পষ্টর শ্রেষ্ঠ জীব। তাহার প্রকৃত স্বাধীন চিন্তাশক্তি রহিয়াছে। কেন, সে কি স্বাধীনভাবে চিন্তা করিয়া ব্রহ্ম বা আত্মার প্রকৃত স্বরূপ অবগত ইইতে পারে না ? অসহায় শিশু বেমন মায়ের উপর একান্ত নির্ভর্মীল, কেন যে আপনি মাহুষকেও সেইরূপ বেদান্তের উপর একান্ত নির্ভর্মীল হইতে বলিতেছেন, বৃশ্বিতে পারিতেছি না।

গুরু । বৎস । মাহ্ব সৃষ্টির শ্রেষ্ঠ জীব বটে, তাহার অসাধারণ চিছাশক্তিও আছে—একথা মৃক্ত কঠে স্বীকার করি । কিন্তু একটু নিবিষ্ট চিত্তে ভাবিয়া দেখ দেখি, মাহ্ব্যকে যত বড়ই মনে কর না কেন, ভাহার শক্তি কত ক্ষুদ্র, তাহার চিন্তার সীমা কত ছোট, অনায়াসেই ব্রিতে পারিবে । ভাবরাজ্যে চিন্তা করিতে করিতে মাহ্ব কতটুকু অগ্রসর হইতে পারে ? কিছুদ্র অগ্রসর হইলে, সমন্ত চিন্তার ধারা বিচ্ছিন্ন হইয়া যায়, সমন্ত বিচার-শক্তি প্রতিহত হইয়া ফিরিয়া আসে । আমাদের পাঁচটি ইন্দ্রিয় আছে ; তাহাতে জগতের যত পদার্থের জ্ঞান না ব্রুষ্ট ইন্দ্রিয় থাকিলে কে জানে আরও কত পদার্থের জ্ঞান না ব্রুষ্ট ইন্দ্রিয় থাকিলে কৈ জানে আরও কত পদার্থের জ্ঞান না ব্রুষ্ট, তাই কিন্তু। আমাদের ইন্দ্রিয়ের গ্রাহ্ণ পদার্থের ক্ষাব্রির কাই কিন্তু নাই, তাহা কিন্তুপে বলি ? জ্ব্যাব্রের ক্ষাব্রির কাম বিলয়া কিছু নাই, তাই কিন্তুপে বিল ? জ্ব্যাব্রের জ্যাব্রির কোন কাই ইন্দ্রিয়ের বিশ্বের হুতে বঞ্চিত, কি-না ? অতএব বৎস, ইন্দ্রিয়ের

জতীত বস্তু সহদ্ধে যদি কোন জ্ঞান লাভ করিতে হয়, তবে ইব্রিয়ের উপর নির্ভর করিলে ত চলিবে না। সেই জ্ঞান লাভ করিতে হইলে, ইব্রিয়ের অতীত বিষয়ের বাণী যে ঘোষণা করে, এবং তাহা লাভের যে পছা সে নির্দেশ করে, তাহার বাণীকে বিশ্বাস করিয়া সেই পথে চল। ছাছা কুদ্রশক্তি মাহুসের ত আর গতাস্তর নাই।

শিয়। গুৰু:দব। সেই বাণীকে বিশাস করিয়া তদমসারে কাজ করিলেই যে আমার সত্য লাভ হইবে তাহার প্রমাণ কি ?

গুরু। বংস। সতা লাভ হইবে কি-না, তাহা ভাবিবার ত তোমার তেমন প্রয়োজন দেখিতেছি না। তোমার উদ্দেশ্য শান্তি-লাভ করা। সেই পথে চলিয়া দেখ, শান্তি পাও কি-না, তোমার প্রকৃত শান্তি পাইলেই হইল। একটা অজ্ঞ লোককে যদি একজন বৈজ্ঞানিক রলেন যে, এক একটা নক্ষত্র পৃথিবী অপেক্ষাও অনেক বড়, তবে কি সে তাহা বিখাস করে? কিন্ধ সে যদি যথা নির্দিষ্ট নিয়মে খয়ং পরীক্ষা করে, তবেই তাহার প্রত্যয় হয়। ঐ বিষয়টা যে তাহার সাধারণ জ্ঞানের বাহিরে। সেইরূপ ইক্রিয়ের অতীত বিষয়ের সত্যতা বা অসত্যতা তুমি খ্রুয়ং উপলব্ধি করা ছাড়া কিছুতেই সহস্র যুক্তি

আরও দেখ, ইন্দ্রিয়াণ স্বভাবতঃ বাহিরের বিষয়ই গ্রহণ করে, অস্তরে কি, তাহা দেখিতে পারে না। স্বতরাং সকলের অস্তরতম যে ব্রহ্ম, তাহার সহদ্ধে ইন্দ্রিয়াণণের প্রত্যক্ষ জ্ঞান কিরুপে হইবে ?

বতদিন আমি এবং আমাতিরিক্ত হিতীর কিছুর বোধ থাকে ততদিনই
সত্যাসত্য সম্বন্ধে সন্দেহের অবকাশ। বধন সমস্তই আন্ধরণে বোধ হয়, আমি ছাড়া
বিতীর কোন কিছুরই অন্তিক প্রতিজাত হয় না, তথন সন্দেহ করিবারও কিছু থাকে না।
স্ববৈততহে সন্দেহের অবকাশ নাই, স্বতরাং তাহাই চরম সত্য।

আবার, অগ্নি ও ধুম উভয়ই ইন্দ্রিয় দারা দেখা যায়; স্কুতরাং যথন তথু ধুম দেখা যায়, তখন অগ্নি ইইতেই ঐ ধুম উঠিতেছে—এরপ অমুমানও করা যায়। কিন্তু অগ্নি যদি ইন্দ্রিয়গ্রাহ্ম পদার্থ না হইত, তবে কি ভারু ধুন দেখিয়া অগ্নিকে উহার কারণ বলা যাইত ? 'কারণ' ও তাহা হইতে উৎপন্ন 'কার্যা'—এই তুইটীই যদি ইন্দ্রিয়ের দারা গ্রহণের যোগ্য হয়, তবেই কার্যাটা দেখিয়া কারণের অফুমান করা যায়। 'কার্যা' হইলে অবশ্য তাহার একটা কারণ থাকিবে। কিন্তু ঐ কারণটী যে কিরূপ, তাহা যদি কোন কালে জানা না হইয়া থাকে, তবে ঐ কার্য্য দেখিয়া কারণের অমুমান কিরূপে হইতে পারে ? **ষ্মতএব ব্রদ্ধ যথন ইন্দ্রিয়গ্রা**ছ পদার্থ নয়, তথন জগৎরূপ এই কার্য্য দেথিয়া তাঁহার অফুমানও হইতে পারে না। সেইজগুই বলিতেছিলাম বে, বেদাস্তবাক্য বিচার করাই ব্রহ্মস্থত্তের উদ্দেশ্য, স্বতন্ত্রভাবে কোনরূপ অফুমানের ইঙ্গিত করা উহার অভিপ্রায় নয়; এবং ব্রহ্মজ্ঞান লাভ कत्रिष्ठ इटेरन প্রধানভাবে বেদান্তের উপরই নির্ভর করিতে হইবে: অবশ্য ব্রহ্ম চিরন্থির বস্তু বলিয়া অমুকূল অমুমানাদিও যথাসম্ভব সহায়রূপে গ্রহণ করিতে হইবে।

শিষ্য। গুরুদেব, যাহা হইতে এই বিচিত্র জগৎ উদ্ভূত হয়, যাহাতে অবস্থিতি করে এবং কালে যাহাতে লয়প্রাপ্ত হয়, সেই আদি কারণ যে সর্বাশক্তিযুক্ত, তাহাতে কোনই সন্দেহ নাই। কিন্তু আপনি বলিয়াছেন, সেই আদিকারণ ব্রহ্ম সর্ব্বক্তপ্র বটে (ব্রঃ সুঃ ১.১.২)। কিন্তু তিনি যে সর্ব্বক্ত, তাহা কির্মণে বুবি ?

धका (कन?

শাস্ত্র-যোলিয়াৎ ॥৩॥

ব্রিক্ষট প্রধানি সমুদাম শান্তের কারণ, স্থতরাং তিনি যে সর্বাস্থ্য ভাং। তাবলাই বাছলা। বাবভীয় বিষয়ই শালে নিবদ্ধ আছে, ঈদৃশ স্পজ্ঞান্দ্র শাল্ল ঘাহা ইইডে সমুখ্য, তিনি যে স্ক্জি, ইচাতে আর भटकर कि १ भाभ-श्रेचाम द्यमन विना आयादम नम्लब इस, द्वलानि শারেও দেইজপ এক হইতে অনায়াদে আবিভৃতি হইয়াছে—ইহা ঐতির বাক্য (বৃহ: ২.৪.১০)। অভএব ত্রন্ধ সর্ববজ্ঞাও বটে।

এই প্রতী অভভাবেও ব্যাখ্যা করা যায়। যথা- এন্ধ যে জগতের কারণ, তাহা ওয়ু শাস্ত্র (বেদান্তাদি শাস্ত্র) হইতেই জানা হায়; অর্থাৎ ত্রন্ধের যথার্থ স্বরূপ জানিবার শাস্ত্রই একমাত্র উপায়।)পূর্ব্বেই এ বিষ্যের আলোচনা করা হইয়াছে।

শিযা। আপনি বলেন, ত্রেকর যথার্থ স্বরূপ জানিতে হইলে শান্ত্রই অবলঘন করিতে হইবে; এবং সেই শাস্ত্র প্রধানভাবে বেদান্ত বা উপনিষং—ইহাও ব্ঝিলাম। কিন্ধু উপনিষৎ বছ, এবং উহাতে এত বিভিন্ন প্রণালীর আলোচনা দেখিতে পাই যে, **উহাতে** স্পান্ত, স্পান্তিমান অক্ষাভাগতের স্ক্রী-স্থিতি-লব্বের একমাত্র কারণ, এই সিদ্ধানে উপনীত হওয়া ছাসাধ্য বলিয়া মনে হয়।

ওজ। না, বংস। এজই যে জগতের স্বষ্ট-স্থিতি-লয়ের একনাত্র কারণ, অত্য কিছু নহে,

তৎ তু সমন্বরাৎ ॥৪॥

ভাষা [ভং] কিন্তু ভূমিমন্ত উপনিষ্টের সময়ত দেখিল াসমন্ত্রং ভিরাকৃত হয়। উপনিষ্ধ বাকাসমূহের পূর্ব্বাপর **ন্মালোচন: করিলে এই সিদ্ধান্তই প্রাপ্ত** হওয়া যায় যে, প্রগাই জগতের কারণ। কোন কোন উপনিষং বাক্যের অক্ষরার্থ একটু এদিক ওদিক ৰলিয়া আপাততঃ মনে হইলেও, তাহাদের তাংপ্যা যে ঐ সিদ্ধাতই প্রতিপাদন করে, সে বিষয়ে সন্দেহ নাই। জ্বমশঃ এ বিষয়ের বিস্তৃত খালোচনা করিব। স্থতরাং সমুদায় বেদান্ত-শান্তই ব্ধন অন্ধকেই অগতের কারণ বলিয়া নির্দেশ করেন, তথন সে বিষয়ে আর সন্দেহের ছান কোথায় ? ছই চারিটা বেদান্ত ব্যক্য বলিতেছি। "হে সৌম্য শেতকেতু, স্প্তির পূর্বের এই জগং কেবল সং-সরূপে বিজ্ঞান ছিল" (ছা: ७-२-১)। "তথন কেবল আত্মাই ছিল" (এ: ২-১-১-১)। "দেই ব্রন্ধই জগং" (মৃ: ২-১-১১)। "ব্রন্ধ পুর্বেও ছিলেন, পরেও থাকিবেন, এখনও আছেন, তিনি অন্তরে বাহিরে मर्बाख" (दुः २-४-४२)।

শিষ্য। গুরুদেব! বেদাস্ত-শাস্ত্র বলে যে, ত্রন্ধ পূর্বেও ছিলেন, **এখনও আছেন, পরেও থাকিবেন**; অর্থাৎ তিনি সর্ব্বকালেই বর্ত্তমান। আবার, তিনি অন্তরে বাহিরে সর্বত্তই আছেন। কিন্তু এরূপ চিরসিদ্ধ কোন এক বস্তুর নির্দেশ করা ত শাস্ত্রের উদ্দেশ্য নয়। শাস্ত্রের উদ্দেশ্য হুইল, মহুষ্যকে কোন কর্মে প্রবুত্ত করান,কিলা কোন কম হুইতে নিবুত্ত **করান। যেমন, 'দরিত্রকে দান** করিবে'; অথবা, 'স্থরাপান করিও না',—এই প্রকার মহয়তে কোন সংক্রম করিতে, কিয়া কোন পাপ **कर्भ १३ए७ निवृष्ठ १३ए७ উ**পদেশ দেয় বলিয়াই লোকে শাস্ত্র মানে। শান্ত যদি ৩ধু বলে, 'ওহে, মাহুষের ছুইটা হাত আছে,' তবে সেরুপ বর্ণনায় লোকের কি উপকার হয় ? অবখ্য কেই যদি কোন অজ্ঞাত ও **অপ্রাপ্ত বন্ধর সরুপ নির্দেশ** করিয়া, কি উপায়ে তাহা প্রাপ্ত হওয়া যায়, **ডাহা বলিয়া দেয়, তবে** লোকে তদকুসারে কাথ্য করিয়া উহা পাইতে শারে। কিন্তু আপনি বলেন, ত্রন্ধ কিরুপ, শুধু তাহা দ্বানিলেই ইল, তাহাকে পাইবার জন্ম কোনরপ কর্মান্ত্রানেরই প্রয়োজন নাই এবং বেদান্তশাস্ত্র ক্রন্ধকে পাইবার জন্ম কোনরপ অনুষ্ঠানেরও বিধান দেয় না, কেবল ব্রন্ধের স্বরূপ বর্ণনা করিয়াই ক্ষান্ত হয়। যদি তাহাই হয়, তবে ঈদৃশ শাস্ত্র ত নির্থক বলিয়াই মনে হয়। শাস্ত্র শব্দের অর্থই হইল, যাহা শাসন করে, অর্থাৎ কোন কর্মে প্রহৃত্ত করায়, বা কোন কর্ম্ম হইতে নির্ভ্ত করায়। কিন্তু বেদান্তশাস্ত্র ফরায়, তা কোন কর্ম্ম হইতে নির্ভ্ত করায়। কিন্তু বেদান্তশাস্ত্র হবল, তবে দে শাস্ত্রত নির্থক।

কিন্তু শাস্ত্রের এক অংশ (কর্মকাণ্ড) সত্য, আর অপরাংশ (জ্ঞানকাণ্ড) মিথ্যা, ইহাও সম্ভব নয় ৷ স্কুতরাং মনে হয়—

"আত্মাকে দর্শন করিবে" (বৃঃ ২৪.৫),। "আত্মা নিম্পাপ, ঙাহাকে অথেষণ কর, তাঁহাকে জান, তাঁহার উপাসনা কর" (ছাঃ
৮.৭.১)—ইত্যাদি শুতিবাক্যে কর্মেরই বিধান প্রদন্ত হইয়াছে,
অর্থাৎ আত্মাকে জানিতে উপদেশ করা হইয়াছে। বেদান্তের এই
অংশ কর্ম প্রতিপাদক বিদিয়া সার্থক। তবে আত্মা কিরুপ, যে তাঁহাকে
জানিব—এই প্রশ্ন স্বতঃই উঠে। তত্ত্ত্তরে বেদান্ত শাস্ত্রে বলা হইয়াছে
যে, আত্মা জগতের স্ঠি-ছিতি-লয়ের কারণ, ইত্যাদি ইত্যাদি। স্বতরাং
শাস্ত্রের যে অংশে আত্মার স্বরূপ বর্ণিত হইয়াছে, তাহা কর্মবিধিরই
সহায়ক বিদিয়া সার্থক, স্বতন্তভাবে উহার কোন সার্থকতাই নাই।
স্বর্গলাভ করিতে হইলে যেমন অগ্নিহোজাদি যাগের বিধান আছে,
শেইরূপ মোক্ষফল লাভ করিতে হইলে আত্মা বা ব্রন্ধের জ্ঞান বা
উপাসনার বিধান আছে। ব্রন্ধের স্বরূপ বর্ণনামূলক বেদান্তশাস্ত্র এইভাবে
গ্রহণ করিলেই সার্থক বলিয়া স্বীকার করা যায়। অগ্রথা শাস্ত্র কিছুই করিতে উপদেশ করিল না, কেবল একটা বস্তুর বর্ণনা করিয়া গেল, ভাহাতে সেই শাস্ত্র নিক্ষল হইয়া পড়ে।

গুরু। দেথ বংদ। শ্রুতি বলিতেছেন, ''শ্রীরাভিমানী * আতার প্রিয় (মুখ) ও অপ্রিয়ের হস্ত হইতে অব্যাহতি নাই" (চা: ৮.১২.১)। যতকাল শরীরের উপর আমিত্র বৃদ্ধি থাকিবে, তত কাল কথনও অথ, কথনও বা ছঃথ ভোগ অবশুদ্ধাবী ৷ শ্রীরাদিতে আত্মভিমান লইয়া কায়িক, বাচিক, বা মানসিক, যে কোন কর্ম্মই কর-না কেন, তাহার ফল, হয় কিঞিৎ স্থথ, না হয় চঃথ। নিজ নিজ কর্ম দারাই স্থুথ তুংখ উৎপন্ন হয়। আর, শরীরাভিমান না থাকিলে কোন কর্ম করাও সম্ভব হয় না। পক্ষান্তরে শ্রুতি বলেন, "প্রিয় অপ্রিয়, স্বথ তুঃথ, অ-শরীর আত্মাকে স্পর্শ করে না" (ছাঃ ৮.১২.১)। **যাঁহার শরীরের উ**পর আত্মাভিমান নাই, তাঁহার কোন কর্মণ্ড নাই: **স্বতরাং কর্মের** ফল স্বথ দ্বংথও তাঁহার হইতে পারে না। শ্রুতি বলেন, "ধীর ব্যক্তি, শরীরে অশরীর, অবিরাম পরিবর্তনের মধ্যে নিতা স্থির, মহান ও সর্বব্যাপী আত্মাকে উপলব্ধি করিয়া সমস্ত তুঃথ হইতে নিষ্কৃতি লাভ করেন" (কঃ ১.২.২১)। "আত্মার প্রাণ নাই, মন নাই, তিনি নির্মাল, সমস্ত পুণা পাপের অতীত" (মু: ২.১.২)। "এই পুৰুষ বা আত্মা কিছুতেই লিপ্ত হন না" (বু: ৪.৩.১৫)। এই সমন্ত #তি বাক্য হইতে প্রতিপন্ন হয় যে, অশরীরত্ব কগনও কোন কার্যাদার। উৎপন্ন হয় না। ইহা স্বাভাবিক, স্বতঃসিদ্ধ। ইহা জন্মে না, সর্বকালেই আছে। ইহাই আত্মার সত্যিকারের স্বরূপ। তবে অজ্ঞান-প্রভাবে শরীরে আত্মাভিমান হওয়ায় সাময়িকভাবে প্রচ্ছন্ন থাকে মাত্র।

শ্বর্থ প্রার্থ বলিতে স্থল, ত্বর ও কারণ— এই ত্রিবিধ শরীরকেই
বুঝাইতেছে।

(প্রসক্তনে বলিয়া রাখি যে, এই অপরীরত্বেরই অপর নাম মোক্ষ বা মৃক্তি। পরীরকে 'আমি' মনে করাই বন্ধন এবং ভাহা না করাই মৃক্তি। মোক্ষলাভ, আত্মলাভ বা রক্ষলাভ একই কথা)। স্থতরাং মোক্ষ কোন কর্মন্বার উৎপাদন করা যায় না। বিশেষ, মোক্ষ বদি কোন কর্মন্বার উৎপাদন হয়, তবে ভাহা অনিভ্য হইয়া পড়ে। কারণ, কম্মন্বার উৎপাদিত কোন পদার্থকেই চিরস্থায়ী হইতে দেখা যায় না, কোন শাস্ত্রও একখা বলে না। কিন্তু মোক্ষবাদিমাত্রেই মোক্ষকে নিভ্য বলিয়া স্বীকার করেন। আর, মোক্ষ যদি অনিভ্য, নশ্বরই হয়, ভবে ভাহা লাভ করিয়াই বা ফল কি ?

আরও দেখ, শুতি বলেন, "ব্রদ্ধক্ত পুরুষ ব্রদ্ধই হন" (মু: ৩.২. ৯), "সেই পরাংপর পরম আত্মাকে দর্শন করিলে, অর্থাং আত্মজান হইলে সমন্ত কর্ম বিনষ্ট হইয়া যাম" (মু: ২.২.৮)—ইত্যাদি শুতি হইতে বুঝা গায় যে, ব্রদ্ধকে জানা ও ব্রদ্ধ হওয়া একই কথা। স্করেরাং ব্রদ্ধ শেন চিরকালই বর্তমান আছেন, তথন একথা বলা যাম না যে, ব্রদ্ধকে জানা যজ্ঞাদির ভায় এক রকমের কিয়া, এবং তাহা হারা ব্রদ্ধক শল উৎপন্ন হয়। ফল কথা এই যে, আত্মজ্ঞান বা ব্রদ্ধজ্ঞানের হারা মোক্ষ নামক কোন পদার্থ জ্বরে না। মোক্ষ চিরকালই আছে; কেবল সংসারী অবস্থায় উহা জ্ঞানে আরুত থাকে। আত্মজ্ঞান সেই আবরণ দ্র করিবামাত্র মোক্ষ আপনা হইতেই প্রকাশ পায়। যথন একগাছি রক্ষ্তে (দড়ি) সর্পভ্রামি চলিয়া গিয়া রক্ষ্মান হয়, তৃখন কি সেই রক্ষ্কানে ই স্থলে একটা নৃতন রক্ষ্ তৈয়ারী হয় ? রক্ষ্ ত সব সময়েইছিল। রক্ষ্ ক্রানে সর্পভ্রান সর্পভ্রান বর্ম মাত্র। সেইয়প চিরকাল একই ভাবে বর্তমান আত্মা বা গ্রন্ধকে সংসার-দশাম কর্মা, ভোজা, স্থা, হঃখী ইভ্যাদি বলিয়া মনে হয়। সেই ভ্রাম্ভি চলিয়া গেলে

আতার যথার্থ স্বরূপ প্রকাশিত হয়, তাহারই নাম মোক। ভাঙি মোচনের নামই মোক। স্থতরাং কোন ক্রিয়ার ফলে মোক্ষ নামক একটা নৃতন পদার্থ জন্মে না। "তুমি সেই ব্রহ্মই" (ছা: ৬.৮.१), "আমি ব্রশ্ন" (বু: ১.৪.১০) — ইত্যাদি শ্রুতি বাক্য হইতে ব্ঝিতে পারা যায় যে, জীব ও ব্রন্ধে কোনরূপ পার্থক্য নাই। (উভয়ই পরমার্থত: এক) এবং এই যে একর, এই যে অভেদ, ইহা স্বাভাবিক, নিত্য ও চিরবর্ত্তমান। কোনরূপ কল্পনা বা ভাবনা দারা ঐরূপ স্বাভাবিক একও বলিয়া একটা কিছু জন্মান যায় না। তাহা হইলে ইহাই প্রতিপন্ন হইল যে, কোনরূপ কর্মদারা ব্রহ্মরূপ একটা ফল জন্মান যায় না। স্বতরাং কোনরূপ কর্মের সহিত ত্রন্মের কোন সংস্রব নাই।

শিয়া। কেন. "ব্রদ্ধকে জানিবে"—এই বাক্যে ব্রদ্ধ জানারপ ক্রিয়ার কর্ম (বিষয়) বলিয়াই বোধ হয় ?

খুরু। না, তাহা হয় না। শ্রুতি বলেন, "তিনি বেদনক্রিয়ার অর্থাৎ জ্ঞানক্রিয়ার অতীত" (কেন: ১.৩)। "বাঁহা দ্বারা সকল জানা ষাম, তাঁহাকে আবার কি দিয়া জানিবে" (বঃ ২.৪.১৩) ?--ইত্যাদি বছ শ্রুতিতেই ব্রহ্মকে জ্ঞানক্রিয়ার অবিষয় রূপে নির্দ্ধারিত করা হইয়াছে। সেইরূপ ত্রহ্ম উপাসনারূপ মানসিক ক্রিয়ারও অবিষয়, বৈহেতু শ্রুতি বলেন,—''তাহাই ব্রহ্ম, তুমি তাঁহাকেই জান ; যাহাকে উপাসনা করা হয়, সে ত্রন্ধ নয়'' (কেনঃ ১.৪)।

িশিয়। ত্রন্ধ যদি কোন কিছুরই বিষয়ই নাহন, তবে 'ত্রন্ধকে ন্ত্রীত্রবারা জানা ধায়'—এই কথা বলি কিরুপে ? তিনি যে শাস্ত্রেরও **জবিষয় হইয়া পডেন** ?

🕉 अङ । হাঁ।, ত্রন্ধ বস্তুতঃ শান্তেরও অবিষয় বটে। তবে শান্তের দ্রীর্থকতা এই যে, শাস্ত্র কেবল অবিদ্যাকল্পিত নানাত্ব জ্ঞানের নির্ভি

करत । नाम बरन, 'नाना वनिया किहरे नारे, धक्यरे नडा'। ना চইলে ব্রহ্মকে প্রকাশ করিতে শাস্ত্রও অকম। শাস্ত্র বন্ধ সহছে একটা আভান দের মাত্র। তিনি বস্তুত: একমাত্র অনুভবগম্য। ব্রন্দের चमूक चमूक खन चारह, जीव डाहारक जानित्व देखानित्रां वर्गना করা শারের অভিপ্রায় নয়। ত্রন্ধ একটা পদার্থ, অপর কেহ তাঁহাকে बार्क- এই तेन (क्या ७ कांशांत्र एडन नाखरे चत्रः निरम् करतन। #তি বলেন, "যিনি ত্রন্থকে মানসিক ক্রিয়ার অগোচর বলিয়া জানেন, তিনিই তাঁহাকে স্থানিয়াছেন: স্পার যিনি মনে করেন যে, তাঁহাকে मन निश्च धत्रा याथ, जिनि अन्न नष्टक कि हुई त्वात्यन नाई। ऋजताः প্রকৃত खानी जातन (य, जन्न खातन विषय नन, ज्ञानीह वरन (य. তাঁহাকে खाना गार्र (तक: २.०)। ''शिन मृष्टित खडेा, खेवरभेत्र त्थांजा, জ্ঞানের জ্ঞাতা, তাঁহাকে জানা যায় না" (বু: ৩.৪.২)--এইরূপ বচ্ছতি হইতে জানা যায় যে, কোনরূপ ক্রিয়া দারা ত্রন্ধকে ধরা যায় না। তবে তত্তজান উপস্থিত হইলে অবিদ্যাঞ্জনিত সংশয় বা ভ্রম বিদ্রিত হয়; তথন আত্মা নিজ্য মুক্তরূপে স্বতঃই প্রকাশ পান। এইরপ হয় বলিয়াই মোক নিত্য, অন্ত কোনরূপে মোক্ষের নিত্যতা স্বীকার করা যায় না। এ তথ্যটা ক্রমশঃ পরিকৃট হইবে।

তারপর দেখ, কার্যা বা ক্রিয়ার ফল চার ব্রক্ষের হইতে পারে। (১) একটা কাৰ্য্য হইলে তাহার ফলে হয় কোন নৃতন জিনিব উৎপন্ন হয়; যেমন, কুম্বকার একটা ঘটপ্রস্তুত করিল। (২) অথবা, কোন একটা विकात कत्म ; रायन, इस विक्रा हरेया निध हम्। (७) अथवा, रकान किছু পাওয়া यात्र ; रायन, शांग्या दुकान नगत পाওয়। (৪) व्यथता, क्लानक्रण मश्कात करम, व्यर्थाए क्लान अक्षा क्लिनिरसन किंहू छेएकर्व माधिक इय, किया क्लान भाष पृत्र इय ; यमन, এकथाना आयना

্রাবিয়া পরিষ্কার করা। এই চার রকম ছাড়া ক্রিয়ার ফল আর কিছু ্রিইতে পারে না। একণে মোক যদি কোন ক্রিয়ার ফল হয়, তবে **অই চার রক্ষের এক রক্ষ** হইবে। মোক্ষ যদি ঘটের মত একটা উৎপন্ন পদার্থ হয়, কিম্বা দধির ত্যায় বিক্বত পদার্থ হয়, তবে অবশুই ভাহা অনিত্য হইবে। কারণ, কোনও উৎপন্ন বা বিকৃত পদার্থ ই **চিরস্থায়ী হইতে দেখা যায় না।** মোক্ষ নগরের মত প্রাপ্য পদার্থও হইতে পারে না। কেন-না, আমা ছাড়া যাহা ভিন্ন, তাহাই আমি আমার ক্রিয়াদারা পাইতে পারি। কিন্তু মোক্ষ বা ত্রন্ধ যথন আত্মারই স্বরূপ, মোক্ষ বা ব্রহ্ম যথন আত্মা ছাড়া আর কিছুই নহে, তথন আর কে काहारक शाहरत ? यमि श्रीकात ७ कति रय, बन्न आणा इहेरि १९४क, তথাপি তাঁহাকে কোন ক্রিয়া দারা পাওয়া যায়-একথাও সঙ্গত হয় না, কারণ, বন্ধ যখন সর্বব্যাপী, তখন ত তিনি চিরদিন প্রাপ্ত হইয়াই আছেন (ব্র: ফু: ৪.৩.১৪ দ্রপ্টব্য)। আবার মোক্ষের কোনরূপ সংস্কারও হইতে পারে না। কারণ, সংস্থার, হয় কোন গুণ উৎপন্ন করে, না हम त्कान त्माय मृत करता। किन्छ त्माक वा अन्न इटेट महान वा শ্রেষ্ঠ যথন আর কিছুই নাই, তথন তাহাতে আর কোন গুণের **সমাবেশ হইতে পারে ?** এবং ব্রন্ধ যথন সদা শুদ্ধ, সর্ব্বপ্রকার দোষ-মুক্ত, তথন তাহার কোন্ দোষ দূর হইবে ?

শিষ্য। আচ্ছা, কাচ স্বভাবতঃ ভাস্বর, চক্চকে, ঝক্ঝকে। কিন্তু
মন্ত্রলা পড়িয়া সেই স্বাভাবিক ভাস্বরত্ব ঢাকা থাকে, ঘর্ষণ ক্রিয়া দারা
মন্ত্রলা দ্র করিলে কাচের আপন ধর্ম ভাস্বরত্ব আপনা হইতে প্রকাশ
পায়। সেইরূপ যদি বলি যে, মোক্ষ আত্মার স্বাভাবিক ধর্ম বা
ম্বণ, সেই ধর্ম আর্ত আছে, কোন ক্রিয়া দারা আত্মাকে স্বসংস্কৃত
করিলে সেই মোক্ষ ধর্ম প্রকটিত হয়; তবে দোষ কি ?

গুল । দোৰ আছে । দেখ, কিয়ার স্বভাৰই এই বে, থাহাকে অবলহন করিয়া, যে আগ্রায়ে থাকিয়া দে হইবে, সেই আগ্রায়ের কিছুনা-কিছু পরিবর্ত্তন বা বিক্বতি নে ঘটাইবেই । যে স্থলে কিয়াটী ইইডেচে, তাহার একটা যে কোন রকমের পরিবর্ত্তন করার নামই জিয়া । একণে যে কিয়া ঘারা আত্মার সংস্কার হইবে, সেই কিয়া আ্মার অর্থাং আত্মাকে অবলহন করিয়া, হইতে পারে না । কেন না, তাহা হইলে সেই কিয়া ঘারা নিশ্চয়ই আত্মার একটা-না-একটা বিকার জারিবেই ; ফলে আত্মা অনিত্য হইয়া পড়িবে, এবং "আত্মা অবিকায়" ইত্যাদি শুতির সঙ্গেও বিরোধ হইবে । (প্রসঙ্গতঃ জানিয়া রাখিতে পার যে, অন্ততঃ তুইটা পরমাণ্র চলাচল না হইলে কেন কিয়া হইতে পারে না ; অর্থাৎ যে স্থলে কিয়া হয়, সে হুলটাতে একাদিক অন্যর থাকা দরকার ; নিরবয়ব পদার্থে কোনরপ কিয়া সন্তবই হইতে পারে না । আত্মা নিরবয়ব বলিয়া তাহাতেও কোন কিয়া হইতে পারে না) ।

শিয়। আচ্ছা, আত্মা নির্বয়ব ও অবিকাবী বলিয়া তাহাতে না যে কোন ক্রিয়া না হইল, কিন্ধ অন্ত কিছুতে ক্রিয়া হইলে সেই ক্রিয়ার ফলে আত্মার সংধার হইতে বাধা কি ?

গুঞা এত বেশ কথা বলিলে। উদোর পিণ্ডি বুধার ঘাড়ে। কিয়া হইল এক জায়গায়, আর তার ফল হইল অফ জায়গায়? ভাত গাইলে তুমি, আর শুধা নাশ হইল আমার ?

শিয়া। কেন, এজপত ত হইতে দেখা যায়। দেখুন, গঞ্চালান করিলে আত্মা পবিত্র হয়। কিন্তু লান-ক্রিয়া ত হয় দেহে; দেই দেহের ক্রিয়া যারা দেখা পবিত্র হয় কিন্তুপে ?

গুরু। বংস! গদালানে কি শুদ্ধ আঁথা পবিত্র হয় ? যাহার দেহে

আত্মাভিমান আছে, সেই অজ্ঞানী জাবই গলালানে পবিত্র হয়। মনে কর, তোমার একটা ফোড়া হইয়াছে। তুমি ভাব, 'e: কোডাটায় আমি কি যন্ত্রণাই পাইতেছি'। তারপর ডাক্তার আসিয়া কোড়াটা কাটিয়া ঔষধ দিয়া ওটাকে আরাম করিয়া দিল। তথন ভাব, 'আ: বাঁচিলাম'। এখন দেখ, ফোড়াটা তোমার দেহেই ছিল, অল্লোপচার সেই দেহেতেই হইয়াছিল; তুমি দেহে আত্মাভিমান সম্পন্ন ছিলে বলিয়াই 'মরিলাম' বা 'বাঁচিলাম' এইরূপ উক্তি করিয়াছ। অন্তের শরীরে যদি ঐরপ একটা ফোড়া হইত, তবে কিন্তু তুমি ষন্ত্রণা পাইতে না। কারণ, তাহার শরীরে তোমার আত্মাভিমান নাই। স্বতরাং যাহার দেহে আত্মাভিমান আছে, সে-ই গদামানে পবিত্র হয়; নতুবা বিশুদ্ধ পরমাত্মার আবার পবিত্র হওয়া-না-হওয়া কি? যত কিছু কর্ম দেহাভিমানী জীবই করে, আর তাহার ফলও সেই ভোগ করে। 🛎তি বলেন, ''জীবাত্মা ও পরমাত্মা—এই তুই-এর মধ্যে জীবাত্মাই কর্মফল ভোগ করে, পরমাত্মা কেবল প্রকাশমান থাকেন, কিছুই ভোগ করেন না" (মু: ৩১.১.)। "দেহ, ইন্দ্রিয় ও মন এই তিনটীতে যে অভিমানী সেই ভোক্তা" (কঃ ১.৩.৪)। "সেই দেব সর্বভৃতে এক, অদিতীয়, স্বপ্রকাশ; কেবল অবিভার আবরণে ষারত থাকেন বলিয়া অপ্রকাশ বলিয়া বোধ হয়। তিনি সর্বব্যাপী, সর্বভৃতের অন্তরাত্মা, ক্রিয়াসমূহের দ্রষ্টা মাত্র, সর্বভৃতের আশ্রয়ন্থল, এক, নিগুর্ণ'' (খে: ৬.১১)। "তাঁহার কোনরপ শরীর নাই, তিনি আকড, স্থির, ভদ্ধ'' (ঈ: ৮)। এই সমস্ত শ্রুতি হইতে ব্রন্ধ নিত্য ত্ত্ব ও ওণাতীত, একথাও জানা যায়। আর ব্রন্নভাব ও মোক **একই কথা। স্থতরাং এক জ্ঞান ছাড়া অন্ত কোনরূপ ক্রিয়া দারা** মোক হয়, একথা একেবারেই অযৌক্তিক।

শিষ্য। কেন. জ্ঞানও ত একরপ মানসিক ক্রিয়া?

গুৰু। হাা, জ্ঞান মানসিক হইলেও ক্রিয়ার সহিত তাহার একটা মন্ত পার্থক্য রহিয়াছে। দেখ, ক্রিয়াতে বন্ধর যথার্থ স্বরূপের কোন অপেকা নাই, এবং তাহা লোকের ইচ্ছাধীন। ইচ্ছা করিলে করা यात्र, ना कदां वाग्र, अथवा रायत्र कत्रिए वना इहेन, छाहात বিপরীত ভাবেও করা যায়। যেমন, "ধে দেবতার উদ্দেশ্রে দ্বত আছতি দিবে, সেই দেবতার ধ্যান করিবে"। এই যে এ স্থলে ধ্যান করা, এটা মানসিক ব্যাপার। কিন্তু মাতুষ ইচ্ছা করিলে সে ধ্যান করিতেও পারে, না করিতেও পারে, কিমা যেরপভাবে ধ্যান করার বিধি আছে, তাহার ব্যতিক্রমও করিতে পারে। যদি না করে, বা ব্যতিক্রম করে, তবে সে ভুধু বিধিটী মানিল্না এই মাত্র, অন্ত কোন হানি হয় না। কিন্তু জ্ঞান ত কাহারও আদেশের বা কোন বিধির অপেকা করে না। প্রত্যক্ষ, অত্বমান প্রভৃতি প্রমাণের ফলেই জ্ঞান হয়। সেই প্রত্যক্ষাদি প্রমাণ আবার বস্তুর স্বরূপ অবলম্বন করিয়া প্রযুক্ত হয়। কাজেই তাহা ইচ্ছামত করা, না করা, বা তাহার ব্যতিক্রম করা যায় না। चित्र कान वज्जत अधीन, कान चार्तिन अधीन नरह, কিছা পুরুষেরও অধীন নহে। দেখ, "হে গোতম! পুরুষ অগ্নি এবং স্ত্রীও অগ্নি" (ছা: ৫.৭; ৮.১)—এই একটা 🛎 তিবাক্য। এন্থনে পুরুষকে ও স্ত্রীকে অগ্নিক্রপে ভাবনা করিবার বিধান আছে। এক্ষণে ঐরপ ভাবনা করা ঐ বিধানের বলেই হইয়। থাকে, এবং সম্পূর্ণভাবে কর্তার ইচ্ছাধীন। কিন্তু यथार्थ অधिएक ८६ अधिकान, छाहा এककारन तनिया नितनहे हय ना; কিয়া আমি যদি ইচ্ছা করি যে, না, আমি সত্য অগ্নিকে অগ্নি

বলিয়া বুঝিব না, অথবা জল বলিয়া বুঝিব, তাহা হইলে আমার পাগলামিই হইবে। আমি ইচ্ছা করি, বানা করি, কেহ বলুক, বা না বলুক, অগ্নি প্রত্যক্ষ হইলে অগ্নির জ্ঞান আমার হইবেই। স্থতরাং জ্ঞান মানদিক হইলেও তাহাকে ঠিক ক্রিয়া বলা যায় না। স্থতরাং যথার্থ ব্রহ্মজ্ঞানও কোন বিধি বা আদেশের দারা হইতে পারে না: এবং ব্রহ্ম যথন বিষাদির স্থায় ত্যজ্ঞা, বা চন্দ্রনাদির স্থায় গ্রাহ--এর কিছুই নয়, তথন ব্ৰদ্মজ্ঞান 'কর', 'করা উচিত' ইত্যাদি আদেশ-বাক্যও তৎসহদ্ধে প্রযুক্ত হইতে পারে না। তবে যে "আত্মাকে দেখিবে, তাঁহাকে জানিবে"—এই প্রকার আদেশ-বাক্যের মত শ্রুতি আছে, তাহা মন্ত্র্যাকে তাহার সংস্কারবন্ধ প্রবৃত্তি হইতে বিমুখ করিয়। ব্রন্ধাভিমুখী করিবার জন্মই। দাধারণতঃ দেখা যায়, 'আমার ভাল হউক', 'আমার যেন কোন অনিষ্ট না হয়' এই চিন্তাতেই মাতৃষ সর্বাদা বাহিরের দিকে ছুটিয়া চলিয়াছে। কিন্তু প্রাণান্ত চেষ্টাতেও ভাহার আকাজ্ঞার নিবৃত্তি হয় না, পরম শান্তি তাহার ভাগ্যে ঘটিয়া উঠে না। **শাস্ত্র সেই ভোগাভিলাযী পুরুষকে ভোগের পথ হই**তে নিবুত্ত করিয়। স্বথম্বরূপ ব্রম্বের দিকে আরুষ্ট করিবার জন্মই প্রথমে বলেন, ''ব্রদ্ধকে জান, পরম শাস্তি লাভ করিবে।" তারপর যথন সে বন্ধতত্ত্ব জিজ্ঞাস্থ হয়, তথন শ্রুতি তাহাকে লাভ অলাভের, ইষ্টানিষ্টের অতীত আত্মতত্ত্ব উপদেশ করেন। তথন শ্রুতি বলেন, "এই যাহ। কিছু দেখিতেছ সবই আত্মা" (বঃ ২. ৪. ৬), "যথন সমন্তই আত্মা হইয়া যায়, কে কাহাকে দেখে, কে কাহাকে জানে" (বু: ৪. ৫.১৫) ү ''যিনি সকলের জ্ঞাতা, তাঁহাকে আবার কিরপে জানিবে" (বু: ৪. ৫.১৫) ১ "এই **ভাত্মাই** ব্ৰহ্ম" (বুঃ ২. ৫. ১৯)।

স্ত্রাং লোককে কোন কার্য্যে প্রবৃত্ত করা, কিখা কোন কার্য্য

ংইতে নিরম্ভ করা দাধারণতঃ শাদ্রের উদ্দেশ্য হইলেও ত্রন্ধবিষয়ক শাদ্র বস্তুতঃ ত্রেসকে জান'—এরপ কোন আদেশ বা বিধান করেন না। প্রতরাং যে শাদ্র ত্রন্ধের স্বরূপের ইঞ্জিত করিয়াই ক্ষান্ত হয়, তাহা হজ্ঞাদিকর্ম-বিধায়ক শাস্ত্র হইতে স্বতন্ত জাতীয়, এবং চিরসিদ্ধ বস্তুর নির্দেশ করিলেও জনর্থক নয়। ত্রন্ধ চিরসিদ্ধ হইলেও আমাদের অজ্ঞানতার ফলে আমাদের নিকট তাহার অন্তিইই একরপ বিল্প্তা। বেলান্তশাদ্ধ তাহার স্বরূপের ইঙ্গিত করে বলিয়া জীবের পর্ম কল্যাণ-কর।

শিষা। ওকদেব ! ব্রহ্মের অন্তিইই আমাদের নিকট বিল্পু, এ'
কথা চিক ব্রিতে পারিলাম না। আপনিই বলিয়াছেন যে, ব্রহ্ম ও
মারো একটা আর আরা ত 'আমি আমি' এইরূপ অন্তবের ছারা
সকলেই প্রতাক করে। স্ক্রাং ব্রহ্ম যথন সকলের প্রতাকই ইইতেছে,
তথন উপনিষ্ধ প্রভৃতি শাস্ত লোকের আর কি বিশেষ উপকার করে ?

ওক। বংদা লোকে যে 'আমি আমি' বলে, সেই 'আমি' বোধ দনেরই একটা বৃত্তিমাত্র, উহা মুখ্য আত্মা নহে। মুখ্য আত্মা ঐ অবং বোধেরও এটা বা সাক্ষা। লোকে যে 'আমি আমি' করে, সেই আমি ছাব ছাড়া আর কেই নয়। আত্মটেডক্ত 'আমি আমি' করে, সেই আমি ছাব ছাড়া আর কেই নয়। আত্মটেডক্ত 'আমি আমি' এইরূপ যে একটা মানসিক ভাব, সেই ভাবের উপর প্রতিফলিত হয় এবং ভাহাই সাধারণ লোকের নিকট 'আমি' বা 'আত্মা' রূপে প্রভাক হয়। কিন্ধু মুখ্য আত্মা সমন্ত মানসিক ভাবের অতীত। এই রহজ কাহাবও প্রভাক হয় না। উহা কেবল বেলান্ডশান্তেই উদ্যান্তিত ইইয়ছে। সেই যে অংগ্রুছিরও সাক্ষা, স্বর্জতে বিয়াক্ত্রনার এক, নির্ক্তিকার, চিরন্থির প্রমপুরুষ, তাহাকে কোনরূপ যুক্তিভারাও প্রতিপন্ন করা যায় না। কিথা যাগ্যজ্ঞাদির ক্যায় কোন

80

অমুষ্ঠান করিলে ওরূপ একটা বস্তু জন্মিবে, এমনও নয়। কর্মদারা হয় কিছু পরিহার করা যায়, না হয় কিছু লাভ করা যায়। কিন্তু সেই পুরুষ পুরুষ ও আত্মা একই পদার্থ। ত্রন্ধই সকলের আত্মা, উহাই সকলের স্ব-রূপ বা স্ব-ভাব। স্ব-ভাব কি কেহ পরিহার করিতে পারে? আর ঘাহা স্বভাব, তাহা ত চিরকাল লব্ধ হইয়াই আছে; ভাহাকে আবার লাভ করিবে কি? স্থতরাং ব্রন্ধ বিষয়ে কোন কর্মেরই স্থান নাই। শুভি বলেন, "দেই উপনিষৎ বেদ্য পুরুষকে ক্রানিতে ইচ্ছা করি"। প্রকৃত আত্মতত্ত উপনিষৎ হইতেই জানা যায়। এবং এই অজ্ঞাত আত্মতত্ব প্রকাশ করে বলিয়াই বেদান্তশান্ত সবিশেষ সার্থক।

শিশ্য। আত্মা বিষ প্রভৃতির ক্যায় পরিহারের যোগ্যও নয়, কিম্বা অর্থাদির হ্যায় আহরণের যোগ্যও নয়, কারণ, স্বভাবের আর পরিহার বা উপার্জন কি ? স্থতরাং বলিতে হয়, উপনিষদে যে আত্মতত্ত্বের **উপদেশ আছে তাহা কেবল আত্মার স্বরূপ-বর্ণন-মাত্র। সেরূপ স্বরূপ** বর্ণন করিয়া শাস্ত্র লোকের এমন কি বিশেষ উপকাব করিতেছে ব্ৰিতেছি না। অবশ্ন, 'মাত্ম হাসিতে পারে, অন্ত কোন প্রাণী পারে না'--এ' একটা স্বরূপ কথা, ইহা জানিলে একটা কথা শিক্ষা হয় বটে। কিন্তু উহা যদি জানিতেও না হয়, তবে ত ঐ কথা নির্থক। সেইরূপ উপনিষংও বলেন, 'আত্মা এরপ এরপ', কিন্তু তাঁহাকে জান, এরপ কোন আদেশ দেন না। তাহা হইলে এইরূপ বস্তুমাত্রের উপদেশও নিবর্থক।

ें 🕊 । 🖚, বস্তুমাত্রের উপদেশ যে সর্বত্তই নির্থক, তাহা বল **বিদ্নপে ? এক জনের এক**গাছি দডিতে সাপ বলিয়া ভ্রম হওয়ায় তাহার পাত্রকম্প আরম্ভ হইল। তথন যদি কেহ বলে, 'ওহে দেখ, এটা সাপ নয়, একগাছি দড়ি', তথন ভাহার কম্প নিবারণ হইতে দেখা যায়। স্বতরাং শুধু বস্তুর স্বরূপ নির্দেশ করিলেই যে তাহা অনর্থক হইবে, তাহা ত নয়। সেইরূপ আত্মার স্বরূপ বর্ণনও নির্থক নয়।

শিশ্ব। 'এটা সাপ নয়, একটা দড়ি'—এইরূপ স্বরূপ কথার একটা প্রয়োজনীয়তা আছে, —খীকার করিলাম। কিন্তু ব্রহ্ম বা আত্মার স্বরূপ বহুবার শুনিয়া বা পাঠ করিয়াও ত লোকের কোন উপকার হয় বলিয়া মনে হয় না। তাহারা ত পূর্বের মতই বিষয়ের মধ্যে ডুবিয়া থাকে এবং অজ্ঞানীর মত ব্যবহার করে। ইহাত প্রতিনিয়তই আমরা দেখিতেছি।

গুরু। না বংস! দেখ, 'এটা সাপ নয়, একটা দড়ি'—ইহা যাহাকে বলা হয়, সে থদি সে কথায় সন্দিহান হয়, তবে তাহার সন্দেহের নিরাস না হওয়া পথ্যস্ত, সে কিন্তু কাঁপিতেই থাকে। সেইরপ যাহার 'আমি ব্রদ্ধই' এইরপ স্থির নিঃসন্দিগ্ধ জ্ঞান হইয়াছে, তাহার আর সংসারে মজিয়া থাকা সম্ভব হয় না। যাহার স্থির অসন্দিগ্ধ জ্ঞান হয় নাই, সেই কেবল পূর্কের মত ব্যবহার করে। যতদিন শরীরাদিতে আমি বলিয়া জ্ঞান থাকে (দড়িতে সাপের জ্ঞানের মত), ততদিন সংসারের স্থুখ হুংখ সে অগ্রভব করে। কিন্তু যখন 'আমি ব্রদ্ধ' এইরপ দৃঢ় ধারণা হয়. তথন আর দেহাদিকে আমি বা আমার বলিয়া মনে হয় না, তথন আরার তাহার সংসার কি ? একজনের অনেক টাকা আছে, টাকা যন তাহার গায়ের রক্ত। সেই টাকা যদি চোরে লইয়া যায়, তবে বাহার মনংকটের অবধি থাকে না। কিন্তু সেই ব্যক্তির যদি প্রকৃত ররাগ্য উপস্থিত হয় এবং সে যদি সংসার ত্যাগ করিয়া সয়্লাসী হয়, বে সেই টাকা থাকুক আর যাউক, তাহাতে তাহার কিছুই আসে যায়

না। ছোট বেলায় পুতৃল লইয়া খেলা করিতে, একটি পুতৃল ভাঙ্গিয়া গেলে কাঁদিয়া অন্তির হইতে; কিন্তু সেই পুতুলের জন্ম কি এথন কোন ছঃথ হয় ? হয় না : কেন না, তথন পুতুলটিকে অতি আপনার বলিয়া মনে করিতে, এখন আর পুতুলে কোন মমতা নাই, সেইজন্ম। সেইরূপ সংসারকে যতদিন আপনার বলিয়া ভ্রম থাকে, ততদিন তাহার স্থুখ তঃখও ভোগ করিতে হয়। কিন্তু যথন নিশ্চয় ধারণা হয় যে, সংসারের সহিত আমার কোন সমন্ধ নাই, আমি অশরীরী ত্রন্ধ, তথন সংসারীর ন্যায় ব্যবহার করা ত সম্ভবই নয়। দেহাদিতে আত্মাভিমান থাকিলে ত কোনরূপ ব্যবহার সম্ভব হইবে ? সেইজগ্য শ্রুতিও বলেন. "শরীরাভিমান শৃত্য ব্যক্তিকে প্রিয় ব। অপ্রিয় স্পর্শ করে না" (ছা: ৮. ১২.১)। শরীরাদিতে আত্মাভিমান নষ্ট হইলেই "আমি ব্রদ্ন" এই জ্ঞান হয়। আর "আমি ব্রহ্ম" এইরূপ স্থায়ী উপল্রি সাধনসাপেক। শাস্ত্র পাঠে বা লোকমুথে শুনিয়া আত্মাসম্বন্ধে একটা পরোক্ষ জ্ঞান হইতে পারে বটে, কিন্তু তাদৃশ জ্ঞানে শরীরাদিতে আত্মাভিমান নষ্ট হয় না, ফলে সহত্র শাস্ত্রই পাঠ কর, আর মুখে "আমি ব্রহ্ম" "আমি ব্রহ্ম" বলিয়া যতই চীৎকার কর, সংসারাসক্তি পূর্ব্ববৎই থাকিয়া যায়।

শিষ্য। কিন্তু অশরীরত্ব বা শরীরাভিমানশ্রতা যতদিন জীবিত থাকা যায়, ততদিন হইবে কিরপে? মৃত্যুর পরেই শরীরহীন হওয়। যায়। স্বতরাং বাঁচিয়া থাকিতে আর আত্মজান লাভের আশা নাই।

গুরু। কেন থাকিবে না ? দড়িকে সাপ বলিয়া এম হইল। এথন দড়িগাছটি নই হইলেই সাপের এম চলিয়া যাইবে এবং দড়িকে দড়িবলিয়া জ্ঞান হইবে, এবং দড়ি থাকিতে সত্য জ্ঞান হইবে না, এমন ত কোন কথা নাই। সত্য জ্ঞান দড়ি থাকিতেও হইতে পারে, দড়ি নই হইলেও হইতে পারে, বরং দড়ি থাকিতে হওয়াই সহজ। পক্ষান্তরে

দ্বতি নট্ট চ্টালেও সর্পজ্ঞান থাকিতে পারে। স্থতরাং দড়িকে দড়ি বলিদা ব্রিতে দড়ির থাকা না থাকায় বিশেষ কিছু আদে যায় না। বস্তুতঃ নিখ্যাজ্ঞানেই সূর্পভ্রান্তি জন্মে। ঐ মিথ্যাজ্ঞানের নাশ হইলেই দড়িতে দড়িবুদ্ধি জন্মে। সেইরূপ শরীরাদিতে যে আালুবৃদ্ধি, তাহাও মিথা।, এবং তাহারই নাম সশরীর : তাহা ছাড়া আত্মার শরীর বলিয়া সত্যিকারের একটা কিছ নাই। এই মিগাজ্ঞান নই হইলেই আত্মজ্ঞান হয়, শরীর থাকক বা যাউক। আর এই যে শরীরশুন্ততা, ইহার অর্থ শরীরের উপর মিধ্যা আত্মাভিমান না থাকা; এইটীই আত্মার স্বরূপ, এই প্রকার শরীর-শুলুতা কোনরপ কম্বারা লাভ করা যায় না, তাহা পুর্বেই বলিয়াছি। মতবাং ইং। নিতাকালই বর্ত্তমান ; মরিলেই শরীরশ্রতা হইবে ইহা অণৌজিক। মরিলে তুল শরীরের প্রতি মমতা অপগত হইলেও ২ইতে পারে, কিন্তু অসঙ্গদভাব আত্মার যথার্থ উপলব্ধি না হওয়া প্যান্ত সুষ্ম ও কারণ শরীরে অভিমান অব্যাহতই থাকিয়া যায়। আর মন, ত্তি ইত্যাদির সমষ্টি সৃষ্ম শরীরই যত **অনর্থের মূল। স্বভ্রাং মূল** শরীর নাশের সঙ্গে শরীরাভিমানশৃত্যতার কোনই সম্পর্ক নাই। বস্ততঃ আআৰ সংৰ শ্বীরের স্তিকারের কোন্ট সম্পর্ক নাই।

শিষ্য। কেন, আত্মার রুত পাপপুণোর ফলেই ত এই শরীর হইয়াছে। স্বতরাং শরীর ত আত্মার স্বোগার্চ্চিত বন্ধ, ভাহার সহিত আত্মার কোনরূপ সম্পর্ক নাই কিরুপ ?

গুরু। বংস! দুমি ভুলিয়া যাইতেছ। অসম্বন্ধভাব আত্মাতে যে কোনরূপ কথা হইতেই পারে না, ইহাত বহুপ্রকারেই বুঝাইয়াছি। স্বতরাং ভাষার কথোর ফলে শরীর হয়, একথা যুক্তিসম্বত নহে। আরও দেশ, ভোমার মতে অংখ্যুক্ত কথোর ফলে শরীর হয়। কিন্তু শরীর না হইলে কোন কর্মণ্ড সম্ভব হয় না। স্তবাং ফল এই দাড়ায় যে, কর্ম না হইলে শরীর হয় না, আবার শরীর না হইলে কর্ম হয় না। ইহাকে স্থায়শাল্পে 'অস্থোন্তাশ্রম' দোষ বলে। এরপ স্থলে বান্তবিক কোন্টা হয়, তাহা স্থির করা যায় না, ফলে সত্যনির্দারণ অসম্ভব হইয়া পড়ে। এইজ্ল আত্মকত কর্মের ফলে শরীর হয়, এরপ সিদ্ধান্ত অম্লক।

শিষ্য। কেন, বীজ না হইলে গাছ হয় না, আবার গাছ না হইলে বীজ হয় না—এও একপ্রকার অন্যোক্তাশ্রয়। কিন্তু তা' বলিয়া বীজ হইতে গাছ হয় না, কিম্বা গাছে বীজ হয় না—এমন ত কোন সিদ্ধান্ত করা যায় না। স্থতরাং অক্যোক্তাশ্রয়কে দোষ বলি কিরপে ?

গুরু । তুমি যে বীজ ও গাছের দৃষ্টান্ত দিলে, সে সম্বন্ধে একটু প্রণিধান করিলে দেখিতে পাইবে যে, বীজ হইতে গাছ হয়, আবার গাছ হইতে বীজ হয়—এটা আমরা বরাবরই দেখিয়া আদিতেছি। মতরাং এছলে অন্যান্যাশ্রম হইলেও তাহা অধীকার করিবার উপায় নাই—এ যেন অনাদি কাল হইতে চলিয়া আদিতেছে। কাজেই দেখিতেছ, বীজ ও গাছের দৃষ্টান্তে অন্যোত্যাশ্রম হইলেও ঐ ব্যাপারটা আমাদের প্রত্যক্ষ বলিয়া উহা প্রামাণিক। নতুবা অত্য কোন প্রমাণের ছারা প্রমাণিত না হইলে অক্যোত্যাশ্রম একপ্রকার দোষই। কারণ, তাহা ছারা কোন একটা সঠিক দিন্ধান্তে উপনীত হওয়া যায় না। আত্মকত কর্মের ফলে শরীর হয়, এ বিষয়ে প্রত্যক্ষ, অম্মান, এমন কি শাস্ত্রীয় প্রমাণও কিছুই নাই। মৃতরাং এন্থলে অন্যোন্যাশ্রম একটা দোষই। শাস্ত্র আত্মাকে নিজ্ঞিয়রূপেই নির্দেশ করে এবং আত্মার পক্ষে যে কোনরূপ কর্ম করা সম্ভব নয়, তাহা ত প্রেই বিভৃতভাবে আলোচনা করিয়াছি। (ব্র: সং ২.৩.৩৩—৪৭ দুট্বা)।

শিষ্য। আচ্ছা, না হয় স্বীকার করিলাম যে, আত্মা নিজে কিছু করে না; তথাপি তাহাকে কর্ত্তা বলা যায়। রাজা নিজ হাতে কিছু করেন না, তাঁহার কর্মচারীরাই সব করে। তথাপি লোকে বলে, 'অমুক রাজা এই কৃপটী খনন করিয়া দিয়াছেন'। বস্তুতঃ কিন্তু রাজা নিজহত্তে কোদাল ধরিয়া কৃপ খনন করেন নাই, তাঁহার লোকেরাই করিয়াছে। সেইরূপ আত্মাকে খর্ত্তা বলিতে দোষ কি প

গুরু। না, তাহাও বলিতে পার না। রাজা অর্থাদি দারা লোক নিযুক্ত করিয়া তাহাদের দারা কাজ করাইয়া লন, অতএব তাহাদের সঙ্গে রাজার প্রভ্-ভ্তারূপ একটা বান্তব সমন্ধ আছে বলিয়াই ভ্তোর কর্ত্ব রাজাতে আরোপ করায় বিশেষ কোন দোষ হয় না। কিন্তু শরীরাদির সহিত আত্মার যে সমন্ধ, তাহা ভ্রান্তিমূলক, এবং আত্মার সহিত শরীরাদির প্রভ্ভত্যাদিরূপ সত্যিকারের কোন সমন্ধ না থাকায় শরীরাদির ক্রত কার্য্যে আত্মার কর্ত্বত কল্পনা করা যায় না।

শিষ্য। আচ্ছা, একটা লোকের কার্য্যকলাপ দেখিয়া আমরা ব্ঝিলাম লোকটা নিতান্ত মূর্য। তথন বলি, 'এ লোকটা একটা গাধা'। একণে গাধার কতকগুলি গুণ ঐ লোকটার সত্য সত্যই আছে, সেইজগুই বলি, লোকটা গাধা। এন্থলে এই যে একটা হন্তপদবিশিষ্ট মহায়াকৃতি জীবকে গাধা বলা, এ' কিন্তু একেবারে মিথাা নয়; তবে মুখ্যতঃ মাহ্যটা গাধা না হইলেও গৌণভাবে তাহাকে গাধা বলায় কোন দোষ হইতে পারে না। সেইরূপ যথন দেখিতে পাই যে, শারীরিক হুখ হুংখে আত্মাও হুখী হুঃ, তথন 'আত্মা শরীরই' ইদৃশ জ্ঞানও একেবারে মিথাা নয়, তবে গৌণ এইমাত্র। অর্থাৎ দেহাদিতে আত্মবৃদ্ধি মিখা নয়, গৌণ।

গুরু। না, উহা মিথাই। দেখ, যথন একটা মহুষ্যের প্রতি

গাধা শব্দ প্রয়োগ কর, এবং তাহাকে গাধা বলিয়া জ্ঞান কর, তথন ঐ লোকটা যে একটা মহুষ্য সে জ্ঞানও তোমার থাকে, সঙ্গে সঙ্গে উহার গাধার মত ক্রিয়াকলাপ দেথিয়া উহাকে গাধা এইরূপ গৌণ আখা দাও। কিন্তু মনে কর, লোকটা অন্ধকারে এক ধোপার বাড়ীর কাছে বসিয়া আছে। তথন তুমি ঐ লোকটাকে একটা গাধা বলিয়া মনে করিলে: হয়ত বা ধোপাকে ডাকিয়া বলিলে, 'ওরে তোর গাধাটা এখানে বাহিরে দাঁড়াইয়া আছে কেন' তথন ি তোমার জ্ঞানকে গৌণ বলিব, না মিথ্যা বলিব ? স্থতরাং দেখিতেছ, যে স্থলে গৌণ প্রয়োগ হয়, সেম্বলে চুইটা বস্তই জান। থাকে ; আর বেশ্বলে একটা বস্তুর কোনরূপ জ্ঞানই হয় না: অথচ তাহাকে অন্ত বস্তুরপে জ্ঞান হয়, সেম্বলে সেই জ্ঞান মিথ্যা বই আর কি হইতে পারে ? সেইরূপ দেহাদিকে যখন 'আমি' বলিয়া মনে হয়. তখন আমি একটী পথক সতা, আর দেহাদি পথক সত্তা- এমন জ্ঞান হয় না। স্বতরাং তাহা গৌণ হইতে পারে না। যখন দেহাদি ও আত্মা অভিন্ন, এক বলিয়াই মনে হয়, তথন তাহা নিশ্চরই মিথ্যা বা ভ্রান্তি জ্ঞান। স্কুতরাং আত্মা যথন দেহাদি হইতে পরমার্থতঃ সম্পূর্ণ স্বতন্ত্র, তথন দেহাদিতে আত্ম-বৃদ্ধি গৌণ নয়, মিথ্যা। এবং মিথ্যা বলিয়া শরীর থাকিতেও স্থাত্মার অশরীর হইতে কোন বাধা নাই। শরীর থাকা সত্ত্বেও যে আত্ম অশরীর, তাহা শ্রুতিই বলেন, "সাপের খোলশ যেমন উইএর চিবিতে পড়িয়া থাকে (সেই থোলশের উপর সাপের আর কোন আত্মাভিমান थारक ना), कीवमुक कानी शूक्रधत गतीत्व (महेन्नश (तम गतीत्त তাহার আমি বা আমার বলিয়া অভিমান হয় না), তারপর তিনি অশরীর, অমৃত, অপ্রাণ, ব্রহ্ম এবং কেবল তেজঃম্বরূপ হন'' বিঃ :.৪.৭]: **''তথন তিনি চক্ষু** থাকিতেও চক্ষুহীন, কর্ণ থাকিতেও কর্ণহীন, বাগিন্দ্রিয়

থাকিতেও বাক্ শ্যা, মন থাকিতেও অ-মনা, প্রাণ থাকিতেও প্রাণহীন হন''। এই প্রকার শ্রুতি বাকা হইতে গ্রুমা যায় যে, শরীরাদিতে আত্মবৃদ্ধি ভ্রমমাত্র। আবার শরীরাদিতে আত্মবৃদ্ধি না হইলে যখন কোন কর্ম হইতে পারে না. তখন বাহার তথ্যজ্ঞান জ্ঞামাছে, তিনি শরীরাদিতে আত্মবৃদ্ধি না থাকায়, কোন কর্ম করিতেই পারেন না। স্বতরাং তৃমি যে বলিয়াছ যে, বেদাস্তাদি শ্রুবণ ও অধ্যয়ন করিয়াও অনেকে প্রের মত সংসারে মজিয়া থাকে, তাহার রহপ্র এই যে, তাহারা ঐ ভাবে একটা পরোক্ষ জ্ঞানমাত্র লাভ করেন; যথাও আত্মতবা উপলব্ধি করিলে তাহার পক্ষে ক্যান কম্ম করা ত সম্ভবই নয়। স্বতরাং যিনি বেদাস্তাদি বিচার ক্যিয়াও পূর্ববং সংসারে আসক্ষ থাকেন, তাহার প্রকৃত জ্ঞান হয় নাই, ইহাই বৃঝিতে হইবে। (অবশ্য জ্ঞাবন্মুক্ত জ্ঞানীর কথা স্বতন্ম—সে

শিষ্য। বেদান্তে আছে, "আত্মাকে শুনিবে, মনন করিবে এবং ভারার ধানে করিবে"। স্থত লং শ্রবণের পরেও মধন মনন ও দাননের ব্যবস্থা দেখিতে পাই, তথন বেদান্ত যে শুধু ব্রন্ধের ব্যৱস্থা দেখিতে পাই, তথন বেদান্ত যে শুধু ব্রন্ধের ব্যৱস্থা নিজেশ করিছাই কান্ত হয়—একথা বলা যায় না: উপরস্থ ব্রন্ধ কির্পা প্রথমে তাহা শ্রবণ করিছা, পরে মনন ও ধানের বারা তাঁহাকে লাভ করিবে, বেদান্ত এইরূপ বিধিই প্রদান করিতেছে বলিয়া মনে হয়।

গুরু। না, বংস! দেখ, অগ্নিহোত্রাদি যাগ কিরপে করিতে হয় । হাছানিয়া, তার পরে তাহার অস্টান করিতে হয়। হাজরাং অগ্নিহোত্রাদি যাগের সাফল্য অফ্টান সাপেক্ষ; যাগটী করা হইলেই তাহার সাথকতা। কিন্তু প্রজ কিরপ, তাহা প্রবণ করিয়া আর কোনদুপ্রক্রদান করা যায় না। প্রবণের হারা ভাহার আনই হয়:

भनन ७ धारनव छेरमज्ञ एनडे ध्वन-नव छारनवरे मुख প্রতিষ্ঠামাত্র, এবং উহাও জ্ঞান ছাড়া আর কিছু নহে। জ্ঞান যে ক্রিয়া নয়, তাহ। ত পূর্বেই বলিয়াছি। স্বতরাং বন্ধজ্ঞান যজ্ঞাদির গ্রায় কোন শাল্লীয় বিধানের বিষয় নহে। আর. সমন্ত বেদান্ত বাক্য পূর্ব্বাপর আলোচনা করিলে ইহাই প্রতিপন্ন হয় যে, সর্বাজ্ঞ সর্বশক্তি ক্লগৎকারণ ব্রহ্ম প্রতিপাদন করাই বেদান্ত-শান্তের উদ্দেশ্য।

শিষ্য। গুরুদের, আপনার উপদেশে ব্রিলাম যে, সমস্ত উপনিষ্দের ভাৎপর্য্য রক্ষা প্রতিপাদন করা। সেই ত্রক্ষের সঙ্গে কোনরূপ ক্রিয়ার সম্পর্ক নাই, তাহাও বুঝিলাম। আর ক্রক্ষ সর্ব্পক্ত, সর্বশক্তি ও জ্বপতের কারণ, একণাও বুঝিলাম।

কিন্তু সাংখ্য, বৈশেষিক প্রভৃতি অক্যান্ত দর্শনে দেখিতে পাই যে, সেই সমন্ত দার্শনিকেরা 'প্রধান', 'পরমাণু' প্রভৃতিকে জগতের কারণ विनया अञ्चयान करतन। छाहारमत विरवहनाय याहारक अन्नाहेरछ हय না. যাহা চিরকালই আছে, তাহা প্রত্যক্ষই জানা যায়, অথবা অনুমান ষারা জানা যায়, শাল্পের তাহা বলিবার কোন প্রয়োজন নাই। স্থুতরাং তাহারা অহমান বলে 'প্রধান', প্রমাণু' বা অভ কিছুকে জগতের কারণ বলিয়া নিরূপণ করেন: এবং উপনিষ্চে যে সুম্ভ शृष्टि विषयक वाका चाहि, छाहा श्रधानानित्रहे (वाधक- এই क्रथ वा। था। করেন। শ্রুতিতেও কার্য্য দেখিয়া কারণের অফুমান করিবার বিধি আছে। "হে সৌমা, তেজ্বরূপ কাষ্য দেখিয়া সংরূপ কারণের অফ-সন্ধান কর" - ইত্যাদি।

বিশেষতঃ, সাংখ্যবাদীরা বলেন যে, জড় ভিন্ন কেবল চেতনকে काशाव छे जामान इटेंए ए प्या धाय ना। 'छे जानान' कावन (Material Cause) জড়ই হয়; চেতন হয় তাহার 'নিমিত্ত' কারণ (Efficient Cause): যেমন, জড় মুত্তিকা ঘটের উপাদান কারণ, এবং চেতন কল্পকার ঘটের নিমিত্ত কারণ। আনার কেবল জড়ে কিছু উৎপন্ন হয় না। তাহার সহিত চেতনের সম্বন্ধ না থাকিলে জড় স্বতন্ত্রভাবে কিছুই উৎপদ্ম করিতে পারে না। একটা মাটির ডেলা আপনা হইতে কখনও একটা ঘটে পরিণত হইতে পারে না। চেতন ও জড়, এই ছুই পদার্থ লইয়াই জগং। এই বিষের কতক চেতন, আর কতক জ্বড। স্থতরাং ইহার আদি কারণও 'চেতনসংযুক্ত জড়'। তন্মধ্যে জ্ঞভাংশ উপাদান, এবং চেতনাংশ নিমিত্ত। জগতে যত কিছু জড় পদার্থ, সমস্তই তাহার মূল কারণ 'প্রকৃতি' বা 'প্রধানের'ই পরিণাম বা বিক্ততি। এবং জগতের চেতনাংশমাত্রই পুরুষ বা আত্মা। এই 'প্রকৃতি' ও 'পুরুষের' স্বরূপ ও সম্বন্ধ জাগতিক পদার্থের বিশ্লেষণ ও পর্য্যবেক্ষণ করিয়া অনুমান করা যায়। সাংখ্য দার্শনিকেরা অনুমান বলে স্থির করিয়াছেন যে, জগতের মূল কারণ 'সন্থা, রজঃ ও তমঃ' এই ভিন গুণ বিশিষ্ট 'অচ্চেভন প্রধান'। এই ত্রিগুণাত্মক প্রধানকে সর্বজ্ঞ এবং সর্বশক্তিমান্ও বলা যায়। সর্বশক্তিমত কি-না, সমস্ত উৎপাদন ক্রিবার ক্মতা। এক জায়গায় খুব ভাল গান হইতেছে, শ্রোতারা সব গান শুনিয়া একেবারে মোহিত হইয়া গিয়াছে। তথন লোকে বলে, "ও: গায়কের কি অভত ক্ষমতা!" এখন গানের অভত শক্তি দেখিয়াই গায়কের অন্তত শক্তিমত্তের বোধ হয়। এইরূপ কার্যোর শক্তি দেখিয়াই কারণের শক্তিমত্তের অমুমান করা হয়। স্থতরাং क्रगांटज नर्क्यभार्थ (य मृत कात्रण 'প্রধান' হইতে উৎপন্ন হইয়াছে, তাহার যে সর্বশক্তিমত্ব আছে, ইহাও অন্নমান করা যায়। প্রধানের সর্বজ্ঞত্বও আছে। জ্ঞান জিনিষ্টী সত্তত্ত্বেরই একটা অবস্থা বিশেষ।

গীতা বলেন, "সত্ত্বণ হইতেই জ্ঞান জন্মে" (গী: ১৪. ১৭)। যত রকমের জ্ঞানই হউক না কেন, তাহার উপাদান কারণ সত্তগ্ণ। ত্রিগুণ বিশিষ্ট প্রধানের সেই সত্বগুণ সৃষ্টির পূর্ববাবস্থাতেও পূর্ণমাত্রায়ই থাকে। স্থতরাং প্রধানকে সর্বজ্ঞও বলা যায়। 'স্প্রির পূর্ব্ব অবস্থাতে সত্বগুণরূপ কারণের কোন কার্য্য (জ্ঞান) থাকে না, ফলে তথন প্রধানের জ্ঞান না থাকায় তাহাকে সর্বজ্ঞ বলা যায় না'-এরপ বলাও অসম্বত। কেন-না, একজন লোক গাইতে পারে, সে যখন গান না করে, তখন তাহার গান করিবার শক্তি নাই, এমন কেহ বলে না। ফলকথা, সব জানিবার শক্তি যাহার আছে, তাহাকেই দর্বজ্ঞ বলা যায়, সে শক্তির ক্রিয়া সব সময়ে হউক, বা না হউক। ত্রন্ধের যে সর্বজ্ঞতা কল্পনা করা হয়, তাহাও এই ভাবেই। কারণ, জ্ঞান সব সময়েই হইতেছে, একথা বলিলে, জ্ঞানে ব্রন্ধের কোন কর্ত্তর নাই, একথা বলিতে হয়। স্বতরাং জ্ঞান কথনও হয়, কথনও হয় না; অর্থাৎ জ্ঞান ব্রন্ধের ইচ্ছাধীন, একথা বলিলে ত্রন্ধের যথন জ্ঞান হয় না, তথন তাঁহার সর্বজ্ঞরও থাকে না। কাজেই স্বীকার করিতে হয় যে, সব জানিবার শক্তি যাহার আছে, সে-ই সক্ত । সত্তণের মূল উৎস প্রধান, সমুদায় জানিবার শক্তি সেই সত্তগুণ হইতেই উদ্ভূত হয়, স্থৃতবাং প্রধানকে সর্বজ্ঞ বলিতে বাধা কি ?

বরং বৈদান্ত দর্শনে প্রতিপাদিত ব্রন্ধেরই সক্ষত্তিত্ব হইতে পারে না। সত্ত্তণের অত্যন্ত উৎকর্য হইলে যোগীরা সর্ব্বক্ত হন-একথা সকলেই জানে। কিন্তু তাদৃশ উৎকর্ষ হইলে ইন্দ্রিয়াদি সম্পন্ন ব্যক্তিরই সব্বজ্ঞত্ব হয়। যাঁহার ইন্দ্রিয় নাই, শরীর নাই, কেবলমাত্র জ্ঞানস্বরূপ চেতন বন্ধ, তাহার আবার সক্ষেত্রই বা কি, অজত্বই বা কি? তাদুশ বন্ধ সব জানে, বা কিছু কিছু জানে – এমন কোন প্রশ্নই ত উঠিতে পারে

না। বিশেষ সৃষ্টির পৃর্বে ব্রন্ধ শুধু এক, অবিতীয় বন্ধই থাকে, তাহার কোনরপ শরীর, ইপ্রিয় ইত্যাদি কিছুই থাকে না। কিছু জ্ঞান ইইতে হইলে শরীর, ইপ্রিয় প্রভৃতি থাকা একার আবশ্রক। স্থতরাং ব্রন্ধের পক্ষে কোন জ্ঞানই হইতে পারে না; ফলে তাহাকে সর্ব্ধজ্ঞও বলা যায় না। পক্ষান্তরে প্রধানের তিনটা গুণ আছে, সে আপনা হইতে এই বিশাকারে পরিণত হয়, স্থতরাং জ্ঞান অন্মিবার উপকরণ (সন্বগুণ) তাহাতে পূর্ণরূপে আছে বলিয়া তাহাকে সর্ব্ধজ্ঞ বলা যায়। কিছু অসহায় অথও ব্রন্ধের কোন উপকরণই নাই, সে আবার জগতের কারণ হইবে কিরপে? অতএব, ক্রিপ্রান্ধ, আন্তেভ্ন প্রশান্তি

ই'হাই ইইল মোটামৃটি সাংখা দার্শনিকদের মত। ইহাদের যুক্তিটাও ত বেশ হৃদমগ্রাহী বলিয়া বোধ হয়। গুরুদেব! একণে রূপা করিয়া যেটী যথার্থ কারণ তাহাই বলুন।

পারণ। না, বংস! সাংখ্য কল্লিভ অচেভন প্রধান জগতের ম্ল কারণ হইতে পারে না—-

ঈকতেঃ ন অশব্দম্॥ ৫॥

যেহেতু, সেই প্রধান শব্দে অর্থাৎ শ্রুতিতে নাই [অশব্দম্], শ্রুতির কুত্রাপি অচেতনকে স্কটির কারণরপে নিদিট করা হয় নাই, বরং স্কৃষ্টি প্রসঙ্গে শুতির সর্ব্বত্তই 'ইক্ষণ,' আলোচনা বা ভাবনার উল্লেখ দেখিতে পাই, অর্থাৎ স্কটির কারণ থিনি, তিনি, 'ইক্ষণ' অর্থাৎ ভাবনা পূর্ব্বক্ষ স্কৃষ্টি করেন, শ্রুতি সর্ব্বত্তই কথা বলেন। 'ইক্ষণ' চেতনেরই সম্ভব, অচেতনের নহে। স্কুত্রাং এই ইক্ষণ ক্রিয়ার উল্লেখ থাকায় [ইক্ছতে:]

প্রমাণিত হয় যে, অচেতন প্রধান সৃষ্টি ব্যাপারে শ্রুতির অনভিপ্রেত, অভএব তাহা জগংকারণ নয়।

সাংখ্য-দর্শনে জড় প্রকৃতিকেই জগতের কারণ বলা হয়, এবং সাংখ্যবাদীর। বলেন যে, শুভিও তাহাদের সিদ্ধান্তের অমুকূল। কিন্ত #তি অচেতনকে জগংকারণ বলেন না। শতি বলেন. "হে সৌমা। এই জগং পূর্ব্বে এক অধিতীয় 'সত্ '-ই ছিল'' (ছা: ৬.২.১)। "সেই এক অভিতীয় সেত্র ক্রিক্সেণ্ অর্থাৎ ভাবনা করিলেন, 'আমি বছ হইয়। জুন্নিব'; তারপর তিনি আকাশ, বায়, তেজ প্রভৃতি স্ষ্টি করিলেন'' (ছা: ৬.২.৩)। এইরূপ স্ষ্টিবিষয়ক অক্সান্য শ্রুতি-বাক্যেও দেখিতে পাই যে, স্ষ্টির পূর্বে এই বিবিধ নামরূপে প্রবিভক্ত জগৎ একমাত্র হ্রান্ত বর্ত্তমান থাকে। তারপর সেই হ্রান্ত করিয়া জগৎরূপে আপনাকে ব্যক্ত করেন। একণে এই যে 'ঈক্ষণ' বা ভাবনা-পুর্বাক সৃষ্টি করা, ইহা কোন জড় পদার্থের সম্ভব হয় না। স্থতরাং প্রতিবাকা বারা অচেতন প্রধানকে জগতের কারণরপে প্রতিপন্ন করা যায় না।

আর, অচেতনের আবার সর্বজ্ঞত্ব কি ?

শিষা। কেন, প্রথমেই ত বলিয়াছি যে, জ্ঞান স্বভ্রণেরই কার্য্য, এবং দেই সম্বর্ণ জড় প্রকৃতিতে পূর্ণরূপে আছে বলিয়া তাহাকে সর্বজ্ঞ বলা যায়। এবং কষ্টির পূর্বের সন্থ, রজ্ঞ: ও তম: এই তিন গুণ ঠিক সমানভাবে থাকিলেও সত্তওণ আছে বলিয়া, প্রকৃতিতে জ্ঞানকিয়া না হইলেও জ্ঞানের শক্তি আছেই, ফুতরাং তাহাকে স্ক্জ বলিতে বাধা কি ?

গুৰু। আছে।, সৃষ্টির পূর্বের স্থ:, রজ: ও তম: এই তিন গুণ প্রকৃতিতে সম পরিমাণেই থাকে, কোনটীই কোনটী হইতে অধিক নছে।

এখন দত্ত আছে বলিয়া যদি প্রাকৃতিকে সর্বাজ্ঞ বল, তবে তম: আছে বলিয়া তাহাকে জজ্ঞ কেন বলিবে নাণ জ্ঞান ত ত্যোগুণেরই কাৰ্য।

আরও দেথ, জ্ঞান সত্ত্তপের কার্য্য হইলেও সেই জ্ঞানের যদি একজন সাক্ষী বা দ্রষ্টা (অর্থাৎ চেতন জ্ঞাতা) না থাকে, তবে তাহাকে জ্ঞান বলা যায় না। সত্তথের ক্রিয়াতে যুপ্তন চৈতন্যের প্রতিবিদ্ব পড়ে, তখনই তাহাকে জ্ঞান বল। হয়, নতুবা তাহা ত একটা ক্রিয়ামাত্র। প্রধান যথন জড়, তথন তাহার ত্রষ্ট্র বা সাক্ষিত্র হইতে পারে না। স্থতরাং প্রধানকে সর্বজ্ঞ বলা যায় না।

শিষ্য। অত্যুঞ্চ চা পান করিবার সময় যদি কাহারও ঠোঁট পুড়িয়া যায়, তখন সে বলে যে, চায়ে ঠোঁট পুড়িয়া গেল। বান্তবিক কিন্ত চামের সহিত সংশ্লিষ্ট যে অগ্নির উত্তাপ,তাহাতেই ঠোঁট পুড়িয়া গিয়াছে। সেইরূপ চেতন পুরুষের সহিত সংশ্লিষ্ট প্রধানকেও সর্ববজ্ঞ বলা যায়।

গুরু। হাা, তাহা বলা যায় বটে। কিন্তু তদপেক্ষা যাহার জন্য প্রধানের সর্বজ্ঞ হ ও ঈক্ষিতৃত্ব, সেই সর্বসাক্ষী পুরুষ বা ব্রহ্মকেই কি সর্বজ্ঞ ও জগৎকারণ থলা অধিক সঙ্গত নয় ?

শিষা। কিন্তু ত্রন্ধকে সর্ববজ্ঞ বলিলে যে দোষ হয়!

গুরু। কি দোষ?

শিষ্য। আপনি বলেন ত্রন্ধের জ্ঞান নিত্য, অর্থাৎ তাহা চিরকাল একইভাবে হইতেছে, কোন সময়ে তাহার বিচ্ছেদ হয় না। কিন্তু জ্ঞান যদি সর্বাদাই হইতে থাকে, তবে সে জ্ঞানবিষয়ে ত্রন্ধের কোন স্বাধীনতা নাই বলিতে হয়।

গুৰু। কেন, জ্ঞান নিভা হইলে সেই জ্ঞান ক্রিয়া বিষয়ে ব্রন্ধের স্বাত্যা নষ্ট হইবে, এমন কি কথা আছে ? জ্ঞান নিতা হইলেও ব্ৰহ্ম

ইচ্ছামত জানিতেছেন, এরূপ বলা চলে। দেখ, স্থ্য সর্বাদ। আলোক বিতরণ করিলেও লোকে বলে, 'স্থ্য আলোক দান করিতেছে।' বন্দের জানা সম্বন্ধেও ঐরূপই লোকব্যবহার হইতে বাধা নাই। থাঁহার জ্ঞানের কদাপি বিচ্ছেদ হয় না, তিনি যে সর্বাজ, ইহা বলাই বাহল্য।

শিষ্য। স্থ্য সর্বাদা আলোক দিলেও যথন কোন বস্তু বিশেষের সহিত সংযুক্ত হয়, তথনই বলা হয় যে, স্থ্য সেই বস্তুটিকে প্রকাশ করিতেছেন। কিন্তু স্প্রির পূর্বে যথন ব্রহ্ম ব্যতীত কিছুই থাকে না, তথন জ্ঞানেরও কোন বিষয় না থাকায়, 'ব্রহ্ম জ্ঞানেন'—এরপ বলা যায় না।

গুরু। কেন, কোন বস্তু বিশেষকে লক্ষ্য না করিয়াও ত লোকে বলে, 'স্থ্য প্রকাশ পাইতেছে'। সেইরূপ জ্ঞানের বিষয় না থাকিলেও, 'ব্রহ্ম জ্ঞানেন'—এরূপ বলা যায়। বস্তুতঃ তথনও জ্ঞানের বিষয় থাকে। স্প্রের পূর্ব্বেও ঈশবের জ্ঞানের বিষয় হইতে পারে, এমন বস্তু আছে। তবে সে বস্তুটা ঠিক্ যে কি, তাহা ভাষায় ব্যক্ত করা যায় না। বহ্ম ঈক্ষণ পূর্বেক যে জগং স্পৃষ্টি করিতে উদ্যুত হন, সেই জগতেরই একটা অবস্থা-বিশেষ তথন ব্রহ্মের জ্ঞানের বিষয়। কিন্তু সেই অবস্থাটী তথনও অব্যাকৃত, অর্থাৎ পরিদৃশ্যমান্ জল, স্থল, আকাশ, পর্বত প্রভৃতিরূপে অপরিণত, তথনও তাহার কোন নাম বা আকৃতি হয় নাই। সেই জগ্বীজ, বা মায়া, বা অবিভাই তথন ব্রদ্মের জ্ঞানের বিষয়।

শিশু। আচ্ছা, স্টির পূর্বে ব্রেক্সর ত কোন শরীর বা ইন্দ্রিয় থাকেনা, তবে তাঁহার 'ঈক্ষণ' বা চিন্তা করা সম্ভব হয় কিরুপে ?

গুরু। দেখ, ব্রন্ধের যে জ্ঞান তাহা নিত্য, অনাদিকাল হইতেই তাহা আছে; সে জ্ঞানের উৎপত্তি নাই। যে খণ্ডজ্ঞানের কোন এক ক্ষণে উৎপত্তি হয়, তাহারই ইপ্রিয়াদি উপকরণের আবশ্রক হয়।
সংসারী জীব অজ্ঞানাক্ষয়; তাহার কোন জ্ঞান হইতে হইলে সেই
অজ্ঞানের আবরণ নাশ করিবার জ্ঞা ইপ্রিয়াদির প্রয়োজন হয়।
কিন্তু জ্ঞানময় এক্ষের চিরন্তন জ্ঞানের কোনই আবরণ নাই, তাহা
নিত্য ও স্থপ্রকাশ। স্থতরাং তাঁহার আবার ইপ্রিয়াদির প্রয়োজন কি ?
ক্রান্তি বলেন, "তাঁহার শরীর নাই, ইপ্রিয় নাই, তাঁহার সদৃশও কিছু
নাই, তাহা অপেক্যা মহৎও কিছু নাই, তাঁহার স্পৃশও কিছু
নাই, তাহা অপেক্যা মহৎও কিছু নাই, তাঁহার স্পৃশও কিছু
নাই, তাহা অপেক্যা মহৎও কিছু নাই, তাঁহার স্পৃশ করি,
পাভাবিক জ্ঞান" (শেং ৬.৮)। আবার, "তাঁহার হস্তপদ নাই, অথচ
ডিনি সর্কাগ্রাহী ও ফ্রন্ডগামী; তাঁহার চক্ষ্ নাই, অথচ দেবেন: কর্ণ
নাহ, তবু শোনেন। তিনি যাবভীয় জ্ঞাতব্য জ্ঞানেন, তাঁহাকে
সানিবার কেই নাই। তাঁহাকে মহান্ ও শ্রেষ্ঠ পুরুষ বসা হয়"
(শেং ৩.১৯)।

শিশ্য: আচ্চা, শ্রুতিই যখন বলেন যে, "ব্রজ ভিন্ন প্রতী বা বিজ্ঞান্তা আর বেখই নাই" (বৃঃ ৩.৭.২৩), তথন কিরপে বলেন ে. জান ইইতে ইইলে সংসারী জীবের শরীরাদি থাকা প্রয়োজন, বিকের সেরগ কিছুর প্রয়োজন নাই ? তাহা হইলে যে ব্রন্ধ ছাড়া জীব বলিয়া আরও একটা জ্ঞাতা খীকার করিতে হয়।

গুরু। বংস ! পরমার্থতি: বন্ধ ব্যতীত বিতীয় । নাই, সংসারী জীব বলিয়াও কেই নাই। তথাপি দেহাদি উপাদি র • দংখোগে সংসারী জীব বলিয়া একজন পৃথক্ জ্ঞাতা ব্যক্তহার কেত্রে গ্রীজার করিতে হয়। দেখ, আকাশ (space, ফাঁক) সর্ব্বেই আছে। উহা এক, আকাশ একটা ছাড়া ছুইটা নাই। বরের মধ্যেও যে আকাশ,

[ে] একখণ্ড বচ্ছ কটিকের উপর একটা রক্ত জ্ববার প্রতিবিশ্ব পড়িলে **কটিকখণ্ডকেও** রক্ত ার্প দেখার ; এখনে রক্তজ্ঞবা 'উপাধি'।

বাহিরেও দেই আকাশ; কিন্তু গৃহরূপ উপাধির সংযোগে ঘরের মধ্যের আকাশকে (অবকাশকে, শৃত্যন্থলকে, ফাককে) বলি গৃহাকাশ, ৰাহিরের আকাশকে বলি বহিরাকাশ। এইরূপ উপাধিভেদে একই বস্তুর নামেরও পার্থকা হয় এবং তৎসম্বন্ধে এক একটা পথক ধারণাও হয়। বস্তুতঃ উপাধি ত্যাগ করিলে সেই এক অদ্বিতীয় বস্তুই থাকে। একই মানুষ বিবিধ উপাধির সংযোগে দট্ট হইলে কথনও হয় পিতা, কখনও পুত্র, কখনও শিক্ষক, কখনও ছাত্র ইত্যাদি। এইরূপ একই অদিতীয় জ্ঞাতা দেহাদি উপাধির সংযোগে সংসারী জীব আখ্যা প্রাপ্ত হয়। গুহের আকাশকে বহিরাকাশ হইতে পুথক মনে করা যেমন ভ্রম, জীবকেও বস্ততঃ ত্রন্ধ হইতে পৃথক মনে করাও সেইরূপ ভ্রম। দেহাদিতে আত্মবৃদ্ধি যে ভ্রান্তিমূলক, তাহা একটু প্রণিধান করিলেই পাষ্ট প্রতীয়মান হয়। স্থতরাং সংসারী জীবের জ্ঞান হইতে হইলে नतीमातित প্রয়োজন, ব্রন্ধের সেরপ কিছুর প্রয়োজন নাই-এই কথা বলিলেই যে ব্রহ্মব্যতীত দিতীয় একজন জ্ঞাতা যথার্থই স্বীকার করা হইল, এমন নয়। পরমার্থতঃ ব্রন্ধছাড়া আর কিছুই নাই স্তা। তথাপি দেহাদি উপাধির সংশ্ব হইলে ত্রন্ধছাড়া আরও কিছুর অন্তিত্ব স্বীকার করিতে হয়; যদিও সেই কিছুর অত্তিত্ব মিথ্যাজ্ঞানেই হয়। এই বিষয়টা ক্রমশঃ স্পষ্ট বুঝিতে পারিবে।

ষাহা হউক ৫ম স্ত্রের তাৎপর্য্য হইল এই যে, কোনরূপ শুভি প্রামাণ্যে প্রধানকে জগতের কারণ বলা যায় না। কোনরূপ যুক্তি তর্ক ধারাও যে প্রধানের জগৎকারণত। সিদ্ধ হয় না, তাহা পরে বিস্তৃতভাবে দেখাইব।

শিষ্য। শ্রুতিতে জ্বর্গৎকারণ ঈক্ষণপূর্ব্বক স্কৃষ্টি করেন, একথা আছে ; এবং ঈক্ষণ করা কোন অচেতনের সম্ভব হয় না, ইহাও সত্য। কিন্তু অচেতন পদার্থে চেতনোচিত ব্যবহার বস্তুতঃ না হইলেও লোকে অচেতনে চেতনের কার্য্য আরোপ করে। অচেতন নদীর পাড় পড়-পড় দেখিয়া আমরা বলি 'নদীর পাড়টী পড়িল আর কি'। এস্থলে যেমন অচেতন নদীর কূলে চেতনের কার্য্য আরোপিত হয়, সেইরূপ স্টু গুরুখ আচেতন প্রধানে মুখ্যতঃ ঈক্ষণ সম্ভব না হইলেও, গৌণভাবে ('প্রধান ঈক্ষণ করিল' ইত্যাদি প্রয়োগ) হইতে পারে। যেমন, কোন চেতন ব্যক্তি "আনাহার সম্পন্ন করিয়া বৈকালে গাড়ীতে বেড়াইতে ঘাইব," মনে মনে এইরূপ সক্ষন করিয়া বৈকালে গাড়ীতে বেড়াইতে ঘাইব," মনে মনে এইরূপ সক্ষন করিয়া সেই সক্ষন্তিত ক্রম অন্থসারে কার্য্য করে, প্রধানও সেইরূপ মহৎ, অহন্ধার, তন্মাত্র ইত্যাদি স্থনিদিষ্ট ক্রমান্থসারে পরিণত হয়। একটা স্থনিদিষ্ট ক্রমান্থসারে কার্য্য হওয়া চেতনেই দেখা যায়। স্থতরাং তাদৃশ নিয়ম পরিপাটি দেখিয়া আচেতন প্রধানেও চেতনোচিত ঈক্ষণ উপচারিত হইতে পারে।

আরও দেখুন, শ্রুতিতে ঐ ঈক্ষণ শব্দ প্রায়ই গৌণভাবেই প্রযুক্ত হইয়াছে। "সেই তেজ ঈক্ষণ করিলেন," "সেই জল ঈক্ষণ করিলেন" (ছা: ৬.২.৬-৪)—এইরূপ অচেতন তেজ, জল প্রভৃতিতে ঈক্ষণ শব্দের প্রয়োগ করা হইয়াছে। বহুন্থলেই যথন ঈক্ষণ ক্রিয়া গৌণভাবে প্রযুক্ত হইতে দেখা যায়, তথন জগৎকারণের ঈক্ষণও

গোণঃ চেৎ ?

গৌণ [গৌণঃ], এরপ যদি [চেৎ] বলি ?

গুৰু। তুমি বলিতে চাও যে, শ্রুতিতে 'সং'শবে অচেতন প্রধান-কেই বুঝাইতেছে এবং তাহর সম্বন্ধে উক্ত ঈক্ষণ ক্রিয়া গৌণ; কিন্তু তাহা

—ন, আত্মশব্দাৎ ॥৬॥

হইতে পারে না [ন], বেহেতু 'আত্ম'শন্দ সেই ইক্ষণকারীর বিশেষণ-ক্লপে প্রযুক্ত হইয়াছে [আত্মশন্দাৎ]।

ঈক্ষণশব্দ শ্রুতিতে গৌণভাবে ব্যবহৃত হইয়াছে – একথ বলা যায় না। যে স্থলে সংশব্দবাচ্য ঈক্ষিত্কৈ জগতের কারণ বলা হইয়াছে, সেই শ্রুতি একট বিশেষ লক্ষা করিয়া দেখিলে দেখিবে, প্রথমে আছে "হে সৌনা! পুর্বে এই জগং সংরূপেই ছিল" (ছা: ৬.২.১)। "তারপরদেই সাত্র উক্ষণ বা সম্বল্প করিয়া ক্রমে তেজ, জল, অন্ন, প্রভৃতি পৃষ্টি করিলেন" (ছা: ৬.২.৩)। তারপর শ্রুতিতে সেই স্প্রেক ও তং-স্ট তেজ, জল ও অন্নকে 'দেবতা' আগ্যা প্রদান করা হইয়াছে। তারপর শ্রুতিতে আছে. "সেই স্বে-দেবতা এইরূপে সম্বন্ধ করিলেন, 'আমি জ্রীবাত্মারূপে তেজ, জল ও অর এই তিন দেবতার অভ্যন্তরে প্রবেশ করিয়া নাম ও রূপ অভিবাক্ত করিব" (ছা: ৬.৩.২)। এক্ষণে অচেতন প্রধানকে যদি গৌণভাবেও ঈক্ষিতা বলা হয়, তবে তাহাকে দেবতাপদেও অভিহিত করিতে হইবে। কিন্তু সেই দেবতা কিরুপে জীবকে নিজের আত্মাক্রসে অভিহিত করিবে ? জীব হইল চেতন, শরীরের মালিক, প্রাণবান । সেই জীবকে অচেতন প্রধানের ভ্যাভ্যা কিরপে বলা যায় ? আত্মা কি ?-না, স্ব-রপ। স্ব-রপই আত্মা শব্দের অর্থ। স্বতরাং অচেতন প্রধানের স্বরূপ চেতন জীব – এ কথা একেবারেই অসঙ্কত। অতএব শ্রুতিতে, 'এক অদিতীয় সংবস্ক স্বয়ং জীবাত্মারূপে সমন্ত পদার্থের মধ্যে অফুপ্রবিষ্ট থাকিয়া নাম ও রূপ

অভিবাক্ত করিবার সম্ম করিলেন,' এইরূপ বাক্য পাকায় প্রধানকে গৌণভাবেও ইন্ফিতা বলা যায় না।

শিখা। কিন্তু হৈতভাময় অপকেও মুখা আছা। বলিলে তিনিই বা কিরপে শরীরদারী জীবকে নিজের আত্মা (স্বরূপ) বলিয়া অভিহিত करवन १

প্রক। বংস। জীব পরমার্থতঃ ব্রহ্ম হইতে ছেভিন্ন। সেই জ্বন্ত এম জীবকে আত্মা বলিলে কোন দোৰ হয় না। 🛎 তি বলেন, "এই ে পদ্মতিক্র সধন্ধ, সমগ্র বিশ্বই তন্ময়, সে-ই কেবল সত্য (ভাহ। ভাডা আর যত কিছু বিকার স্বই মিথাা, স্বভরাং সর্ব্ব পদার্থের ১রূপ বা আত্মা তিনিই); হে **খেতকেতো! তুমিই দেই আত্মা**" (৬:: ৬.:৪.৩)। এই শ্রুতিতে দেখান হইয়াছে যে, ব্রহ্ম ব্যতীত সন্ত মিলা। জীবের জীব্র মিলা, জীবের ব্রহ্মত্বই সত্য। স্বতরাং ত্রদ্ধ জীবকে আত্মা বলিলে প্রকৃত কথাই বলা হয়।

গল, তেগ প্রভৃতি জড় পদার্থ। স্বতরাং তাহাদের সম্বদ্ধে উক্ত উক্তিত্ত গৌণ না বলিয়া উপায় নাই: কিন্তু যে মতে ইকণ কাৰ্য্য মুপা অর্থেই সম্বত হয়, সে স্থলে গৌণ অর্থের কল্পনা করিবার কোন প্রয়োজন নাই। অভএব শ্রুতির বর্ণিত ঈক্ষণকারী ব্রহ্মই, প্রধান নয়।

শিখ। আচ্ছা, অচেতন প্রধানেও ত আত্মশব্দের প্রয়োগ হইতে পারে। রাজার প্রতিনিধি রাজার সমন্ত কাষ্য করেন বলিয়। রাজ। তাঁহাকে বলিতে পারেন যে, সেই প্রতিনিধি তাহারই বরুপ, তাহারই আ্আা। সেইরূপ আ্আা বা পুরুষের সমন্ত কাষ্য করে বলিয়া প্রধানকেও পুরুষের আত্মা বলা যায়। সাংখ্য-বাদীরা বলেন, 'পুরুত্যের ভোগ ও মোক্ষ সম্পাদেন করাই প্রধানের কার্য্য'। স্বতরাং শ্বতিতে আত্মান আছে

বলিয়াই যে ঈকণ কাষ্য গৌণ হইতে পারিবে না, এমন কি কথা আছে ?

প্রশ। না, জড়মভাব প্রকৃতিতে আঅ্শব্দের প্রয়োগ হইতেই পারে না। কারণ-

তৎ-নিষ্ঠস্থ মোক্ষ-উপদেশাৎ ॥৭॥

্ ঐতিতে যাহাকে আত্মা বলিয়া নির্দেশ করা হইয়াছে, তাহাতে যে ব্যক্তির একান্ত নিষ্ঠা হয়, অর্থাৎ যাহার আত্মজ্ঞান হয়, তাহার [তল্লিষ্ঠ য়া মাক্ষের উপদেশ আছে [মোক্ষোপদেশাৎ]।

আত্মজ্ঞ পুরুষের মোক্ষলাভ হয়, এই কথাই শ্রুতি বলেন। অচেতন প্রকৃতি সেই আত্মা হইতে পারে না। শ্রুতি প্রথমে পরমস্থার, অতি হুক্তেয়ি সং-বস্তুকে আত্মা নামে অভিহিত করিয়া পরে, "হে খেত-কেতো! সেই আত্মাই তুমি" (ছা ৬.১৪.০), এইরূপ উপদেশ করিয়াছেন। খেতকেতু মোক্ষাভিলাষী, আত্মনিষ্ঠা হইলেই, অথাৎ আত্মাতে একেবারে মগ্র হইয়া গেলেই (গুরুক্রপায় সম্দায় ভেদবৃদ্ধির অবসান হইলে খেতকেতুর যথন আপনাকে আত্মা বলিয়া দৃঢ় ধারণা হইবে তথন) তাহার মোকলাভ হইবে। এখন অচেতন প্রধানকে যদি সং ও আত্মা বলা হয়, তবে মোক্ষাভিলাষী চেতন খেতকেতুর **অচেতন হইয়া যাওয়াই তাহার মোক্ষ—এই কথাই শ্রুতির তাংপ**র্য্য, ইহাও স্বীকার করিতে হয়। চেতনকে অচেতন বলা যদি শ্রুতির উদ্দেশ্ত হয়, তবে সে শ্রুতি লোকের মিথ্যাজ্ঞান জন্মায় বলিয়া অনর্থের হেতুই হয়, এবং এরপ শ্রুতি লোকে প্রামাণ্য বলিয়াও মানিতে वांधा नव । पद्धानी पथे साका जिनावी और भारत विदानमण्डा বেতকেতুকে যদি সেই শাস্ত্র বলে যে, তোমার আত্মা বা তুমি

অচেতন, তবে দে নিশ্চরই দে কথা বিশাস করিবে, বস্তুতঃ যাহ।
আত্মা নয়, তাহাকেই আত্মা বলিয়া মনে করিবে, দৃঢ়ভাবে
তাহাকেই আঁকড়াইয়া থাকিবে। কাজেই প্রকৃত আত্মা যে
কি, তাহা জানিবার আর তাহার স্পৃহাও হইবে না; ফলে
তাহার মোক্ষলাভও হইবে না। সে যে তিমিরে, সেই তিমিরেই
রহিয়া যাইবে। এরূপ হইলে শান্তকে ঘোর প্রভারক বলিতে হয়।
অতএব শাস্ত্র যে শেতকেতৃকে 'সেই আত্মাই তৃমি,' এইরূপ উপদেশ
দিয়াছেন, তাহা প্রকৃত আত্মাকে উদ্দেশ করিয়াই দিয়াছেন,—এ কথা
অবশ্বই শীকার করিতে হইবে। স্বতরাং ঐ বাক্যের প্রতিপাদা বস্তু
অচেতন প্রধান হইতে পারে না।

রাজা আপন প্রতিনিধিকে যদি, 'আমার আত্মা এই প্রতিনিধি', এইরূপ বলেন, তবে তাহাতে দোষ হয় না। কারণ, সেন্থলে রাজা ও তাহার প্রতিনিধি, এই তুই জনের পার্থক্য প্রত্যক্ষই জানা যায়। স্থতরাং সে স্থলে প্রতিনিধিতে আত্মশন্তের প্রয়োগ গৌণ বই ম্থ্য হইতে পারে না। কিন্তু যেন্থলে জীবাত্মার সহিত পরমাত্মার স্বাভাবিক অভিন্নতা প্রতিপাদন করাই উদ্দেশ্য, সেন্থলে গৌণ অর্থ স্বীকার করিবার কোনই প্রয়োজন নাই। আর ব্যবহার ক্ষেত্রে একস্থলে গৌণ প্রয়োগ দেখিয়া সর্বজ্ঞই সেই গৌণ অর্থ স্বীকার করিলে সমৃদায় শব্দের অর্থেই সন্দেহ উপস্থিত হয়। স্থতরাং রাজা ও প্রতিনিধির দৃষ্টান্তে আত্মশন্তের গৌণ অর্থ কল্পনা করা সঙ্গত নয়।

শিশু। আচ্ছা, চেতন ও অচেতন, এই উভয়েতেই ত আত্মশব্দের প্রায়োগ দেখা যার। যেমন ভূতাত্মা, ইন্দ্রিয়াত্মা ইত্যাদি। স্থতরাং অচেতন প্রধানকেই বা কেন আত্মশব্দের দারা অভিহিত করা যাইবে না?

গুরু। না, একই স্থলে একটী শব্দের ছুইটি বিপরীত অর্থ কল্লনা করা যুক্তি সঙ্গত নয়। তবে ভূতাঝা, ইন্দ্রিয়াঝা ইত্যাদি যে বলা হয়, তাহার কারণ এই যে, ভত (পৃথিব্যাদি) ও ইন্দ্রিয় প্রভৃতিরও চেতন অধিষ্ঠাত। আছে। যে চেতনকে আশ্রয় করিয়া ভতাদির অন্তিত্ব সম্ভব হয়, সেই চেতনকে লক্ষ্য করিয়াই আত্মশব্দের প্রয়োগ করা হইয়াছে।

আর. আয়ুশবের চেতন ও অচেতন চুট অংটি হয়, একথা বলিলেও কোন একটি নিদিষ্ট স্থলে সেই ছুই অথের কোনটি সমত, তাহা দেখা আবশ্যক। তইটি অথের মধ্যে দঙ্গত অর্থাট নির্দারণ করিবার তুইটি উপায় আছে। হয়, দেই প্রকরণের তাৎপ্রা অথাৎ যে বিষয় সম্বন্ধে কথা হইতেছে, তাহার ভাব দেখিয়া সম্পত অর্থটা নির্ণয় করা যায়; না হয়, সেই বাকো যদি এমন কোন অস্ত্রিক্ত শব্দ থাকে, যাহা সেই সন্দিশ্ধ শক্তের বিশেষণ-রূপে ব্যবহৃত, তবে সেই অসন্দিশ্ধ শন্দের সাহায্যেও স্ভিত্ত শন্দের অর্থ নিণ্যু করা যায়। কিন্তু থে স্থলে আমাদের সন্দেহ উপস্থিত হইয়াছে, সেই দতের প্রকরণে এমন কোন তাৎপ্র্যা বা নিঃসন্দির্ম বিশেষণ শব্দ পাওয়া যায় না, বাহাধারা আত্মশব্দের অচেতন অর্থই নির্ণয় করা যায়। পকান্তরে, বাকামধ্যে খেতকেতু শন্ত আছে, এবং তাহাকে লক্ষ্য করিয়াই আত্মশব্দের প্রয়োগ হইয়াছে। সেই **চেতন খেতকেতৃর আত্মা** বা স্বরূপ অচেতন কিছু হইতে পারে না। স্তুত্তরাং বর্ত্তনান ক্ষেত্রে চেতন বিষয়েই আত্মশব্দের প্রয়োগ হইয়াছে. ইহা স্থির !

অতএব, শ্রুতিতে জগৎ কারণ সংকে আত্মধ্যে অভিহিত করায়, এবং আত্মশনের কোনরূপ অচেতন অর্থ খীকার করিতে না পারায়. মেই আয়ো হটতে অভিন্ন সং কথনও আচেতন প্রধান হটতে গাবেনা।

यात्रन

হেরত্ব-অবচনাৎ চ। ৮।

শৃতিতে সংগ্রাথের হেয়ও স্থাৎ আছাও বলা হয় নাই [কেয়ও।বচনাৰ চ], গ্রাং 'স্থাপ্রাথ হেয়, তৃত্ত, তাহা পরিতালে করিয়া তেরপ্রেণ উংক্র জনা কোন কিছুর জ্ঞানে মোক হয়—এরপ কোন উল্লেশ শৃতিতে নাই, এই জনাত এই 'স্থাপ্রাথকৈ প্রান্থ বলা যায় না।

প্রধানকে আয়া বলা যায় না, তাহা প্রেই ব্রিয়াছ। শ্রুতিতে আবার 'দং' পদার্থকৈ লক্ষ্য করিয়াই বলা হইয়াছে, "দে-ই সভা, দে-ই আয়া, বেতকেতে, তাহাই তুমি" (ছা: ৬.১৪.৩)। বেতকেতুকে ম্থার্থ আয়ত্ব উপদেশ দেওয়াই শ্রুতির উদ্দেশ। কিন্তু প্রধানকে যদি সং বলা হয়, তবে শ্রেতকেতুকে ম্থার্থ আয়ত্ব উপদেশ দেওয়া হয় না, থেহেতু প্রধান আয়া নয়।

শিয়া। আচ্ছা, প্রধান মুখ্য আত্মা না হইলেও প্রস্তাবিত শ্রন্থিতে ভাগকেই আত্মা বলা হইয়াছে, একগাও ত বলিতে পারি। যেমন নবনিবাহিতা পত্নীকে স্বামী অক্ষতী নামক তারা দেখাইবেন – এইরূপ একটা নিয়ম আছে। কিন্তু অক্ষতী অতি ছলপ্র্যা, সহজে দেখা যায় না। নব্যধ সেই তারাটি চেনে না। তথন স্বামী সেই শেক্ষতীর নিকটবত্ত একটা উজ্জ্বল তারা দেখাইয়া বলে, 'ঐ দেখ অক্ষতী ভাবা। ঐ উজ্জ্বল তারাটা প্রকৃত অক্ষতী না হইলেও বধ্র দৃষ্টি আনত কাবেৰ কাবেৰ প্রাভিত্ত প্রকৃত বিশ্ব কাবে যথাও অক্ষতীই

তাহাকে দেখান হয়। সেইরূপ যথার্থ আত্মত হ অতি ছজেয়। খেতকেতৃ
সহজে তাহা বৃদ্ধিতে পারিবে না। স্কতরাং প্রকৃত আত্মার উপদেশ করিবার উদ্দেশ্যেই প্রথমে প্রধানকে সাৎ জ্ঞাল্লা বলিয়া খেতকেতৃকে উপদেশ দেওয়া হইল। তারপর তাহাকে যথার্থ আত্মার উপদেশ দেওয়া যাইতে পারে। অতএব এই অক্ষরতী প্রদর্শন পদ্ধতিতে প্রধানকেও সাৎ জ্যাল্লা বলায় দোষ হয় না।

গুলা না বংশ! ঐ দৃষ্টান্তটা এম্বলে খাটে না। অক্দতী প্রদান স্থলে যে উজ্জল তারাটাকে প্রখনে অক্দতী বলা হয়। কিন্তু প্রতিতে ত পরেও এমন কথা বলা হয় নাই যে, প্রথমাপদিষ্ট আয়া যথার্থ আয়া নয়, উহা বাতীত অপর মুখ্য ও যথার্থ আয়া আছে। যে প্রতি সম্বদ্ধে আমারা আলোচনা করিতেছি, তাহার আগা গোড়াই সংস্কর্প একই আমার কথা বলা হইয়াছে। সং আয়া যথার্থ আয়া নয়, তাহা তৃছে, হেয়, তাহা হইতেও উংকৃষ্ট ও প্রকৃত আয়া আছে—এমন কোন কথাই আমাদের আলোচিত প্রতিতে নাই। স্বতরাং প্রতিতে মুখ্য আয়ারই উপদেশ দেওয়া হইয়াছে। সেইজ্ব অফ্লতী প্রদর্শনের ক্যায় বর্ত্তমান প্রতিতি বাকের সং বলিতে প্রধানকে লক্ষ্য করা হইয়াছে, একথা বলিতে পার না।

আরও দেখ, আমাদের আলোচ্য শ্রুতিতে যে আত্মার কথা বলা হইয়াছে, তাহাই যে মুখ্য আত্মা এবং তাহা যে হেয় নয়, তাহার আরও একটা কারণ আছে। খেতকেতু ওকণ্টে অধ্যান শেষ করিলা আপনাকে খুব বিধান মনে করিলা মধ্য তাহার ডিতা ভাষাকে জিজান। করিলেন, "বংগ! তুমি কি গুলর নিকট এমন কোন বিধ্য শিক্ষা করিলেড,

বে কেবলমাত সেই বিষয়টি জানিলেই অক্তাম্ম যত কিছু প্ৰাৰ্থ আছে, সুবই জানা হইয়া যায়" (ছা: ৬.১) ? খেতকেতু বলিল, "পিত:, দে কিরপে হইতে পারে ? ওধু একটি বিষয় জানিলে কি করিয়া অপর সব বিষয় জানা হইয়া যাইতে পারে?" পিতা ৰলিলেন, "সৌমা! একটা মাটির ডেলা জানিলে মৃত্তিকা নির্মিত সমস্ত জিনিষেরই (ঘট, শরা, কলসী ইত্যাদির) জ্ঞান হইয়া যায়। ঘট, শরা প্রভৃতি বস্ততঃ মাটি ছাড়া আর কিছু নয়; এক মাটিরই বিভিন্ন অবস্থায় বিভিন্ন নাম দেওয়া হইলে ঘট, শরা ইত্যাদি বিকার হয়, স্বতরাং উহারা মিথাা, মাটিই সতা"। শ্রুতিতে বহু দৃষ্টান্ত ধারা দেখান হইয়াছে যে, কাব্লপাই সত্য, আর কার্হ্য মিথ্যা, এবং কারণের জ্ঞান হইলেই সমন্ত কার্য্যেরও জ্ঞান इटेशा याग्र । এবিষয়ে পরে বিশদভাবে আলোচনা করা যাইবে, এ: ন্থ: ২.১.১৪ ইত্যাদি কৃত্র স্রষ্টব্য)। পরে সেই কারণ কি, এই প্রশ্নের উত্তরে জগৎকারণ সাৎ আত্মার উপদেশ দেওয়া হইয়াছে। সেই জগৎকারণকে জানিলে সমস্তই জানা হইয়া যায়। স্বতরাং আমাদের আলোচ্য শ্রুতিতে যে জগৎকারণ সং আতার উল্লেখ আছে, ভাহাই সমন্ত কারণের কারণ, ভাহার আর কোন কারণ নাই, অর্থাৎ তাহা অপেক্ষা উৎকৃষ্ট, সত্য আর কিছুই নাই. একথা অবশ্য স্বীকার্যা; না হইলে সেই সং যদি হেয় হয়, তবে তাহারও একটা কারণ থাকিবে, ফলে তাহাকে জানিলে সব জানা হইবে না।

আরও দেখ, সাংখ্য মতেও প্রধান ভোগ্য পদার্থের কারণ, ভোক্তা বা পুরুষদিগের কারণ নয়। স্থভরাং প্রধানকে জানিলে সমস্ত ভোগ্য বস্তুর জ্ঞান হইলেও ভোক্তবর্গের জ্ঞান হয় না। এবং ভাহা হইলে, একটা পদার্থ জানিলে সব জানা হইয়া যায়, এই যে খেতকে চুর পিতার প্রথম উক্তি, তাহা বার্থ হইয়া পড়ে। এক বিজ্ঞানে সর্ব্বিজ্ঞান কিরুপে হয়, ইহা দেখানই শ্রুতির উদ্দেশ্য। কিন্তু শ্রুতুক সংকে যদি প্রধান বল, তবে সে উদ্দেশ্য সিদ্ধ হয় না। স্বতরাং প্রধানকে জগংকারণ সং বলঃ যায় না।

আরও দেথ, স্বপ্রহীন গভীর নিজার সময় জীবের

স্ব-অপ্যয়াৎ ॥ ১॥

(प्यशास = लग्न)

আপন স্বরূপে লয় হয় বলিয়। [স্বাপায়াৎ], প্রধানকে জগৎকারণ সংবলা যায় না।

শ্রুতির যে স্থলে জগৎকারণ সতের বিষয় আলোচিত ইইরাছে,
সেই স্থলে সেই সংকে লক্ষ্য করিয়া বলা ইইরাছে থে, জাব যথন
স্থাহীন গভীর নিজায় নিজিত থাকে, তথন সে সতের অভান্তরে
লীন হইয়া যায়; সতের সঙ্গে এক ইইয়া যায়; এবং সেই সতের সঙ্গে
এক ইইয়া যাওয়া শ্রুতির মতে ত্যাপান্য ক্রন্ত্রেশ বিলীন হওয়া ।
অর্থাৎ শ্রুতি বলেন যে, ক্র্যুপ্তিকালে অর্থাৎ স্থাপ্তীন গভীর নিজার
সময় জাব আপনার স্বরূপ প্রাপ্ত হয়, অর্থাৎ জীব সত্যিকারের যাহা,
তাহাই হয় । মন যথন ইন্দ্রিয়ের সাহায়ে রূপ রসাদি বিষয় উপলন্ধি
করে, তথন সেই মনোরূপ উপাধিতে আত্মবোধ ইইলে জীবের
ক্রোপ্রতানক্রা হয় । আবার যথন ইন্দ্রিয়গুলি নিজিয় থাকে, কিন্দ্র
জাগ্রৎ অবস্থার অন্তর্ভুতিগুলি বাসনাকারে মনের মধ্যে কার্য্য করিতে
থাকে, তথন সেই মনোপ্তিত জীবকে ক্রম্থান্নন্ত্রী বলা যায়।

আবার যখন ইদ্রিয় বা মন কাহারও কোন ক্রিয়া থাকে না, জীব যখন গভীর নিল্রায় নিল্রিত থাকে, তখন সে খেন যথার্থ যাহা, তাহাই হইয়া যায়; কারণ, তগন উপাধিগুলি নিক্রিয় থাকে (বস্ততঃ তখনও অজ্ঞানরূপ একটা হল্ম মনের ক্রিয়া থাকে বলিয়া স্বষ্প্তিকেই মুক্তি বলা যায় না : এ বিষয়ে পরে আরও আলোচনা করা যাইবে,(বঃ সু: ৩.২.১-৯ দুইবা)। পর্কোক্ত শ্রুতির তাংপ্রয় হইতে বঝা ঘাইতেছে যে, ল্পাপিকালে জীব জগংকারণ সং-বস্তুতে সীন হইয়া যায়, এবং দেই সংবস্থ ভাষার অ-রপ। কিন্তু আচেতন প্রধানকে সং বলিলে চেত্র জীব অচেত্র হইয়া যায়, অথবা চেত্র জীবের স্বরূপ অচেত্র, এইরপ বিরোধ উপস্থিত হয়। অন্ত শ্রুতি বাক্য হইতেও জানা যায় ে, স্বাধ্যকালে চেতনেই লগ হয়। স্বতরাং জগংকারণ সংবস্ত অংচতন প্রধান নয়।

আরও দেখ, যদি উপনিবংসমূহের কোনটার কোন ছলেও অচেতনকে জগতের কারণ রূপে নির্দিষ্ট দেখিতাম, তবে না হয় বর্ত্তমান আলোচা শ্রুতির 'ঈক্ষতি' প্রস্তৃতি শব্দের একটা গৌণ স্বর্থ কল্পনা করিয়া প্রধানকেই জগতের কারণ বলিতাম। কিন্তু উপনিষদের কোনও স্থলে অচেডনকে জগতের কারণ বলা হয় নাই। স্বতরাং

গতি-সামান্যাৎ ॥ ১০ ॥

(গতি -- অবগতি, সামান্ত -- এক রকম)

অগৎকারণ সম্বন্ধে শ্রুতি ইইতে যাহা কিছু অবগত হই, তাহা সর্বাছই একই রকমের, এইজ্বল জগৎ কারণ প্রধান নয়।

অর্থাং মগৎকারণ সম্বন্ধে সমস্ত শ্রুতিই একই কথা বলেন।

কোথাও চেতন, কোথাও অচেতন, ছগতের কারণ সংক্ষে এরপ বৈষমা কোন শ্রুতিভেই দেখিতে পাই না। পুকাররে স্কাত্রই আত্মাকে দ্বগতের কারণ বলা হটয়াচে এবং আত্মা যে চেতন চাড়া আর কিছু নয়, একথা পূৰ্ব্বেই বলিয়াছি। অতএব সমন্ত বেলান্ত বাক্যই ষধন চেতনকেই জগতের কারণ বলেন, তথন সে বিষয়ে কোনরূপ সন্দেহই হইতে পালেনা। সমন্ত জাতির একমত হওয়া একটা অকাটা প্রমাণ। যেমন, চফুরিন্দ্রিয় ছারা ভাগু রূপেরই জ্ঞান হয়, একপাটি স্থির নিশ্চয় হয় কখন, না--্যথন দেখি যে, প্রত্যেকেই চক ধারা বস্তুর রূপই দেখে,তথন। তাহা না হইয়াযদি দেখিতাম থে, क्ट ठक बाता (मरथ, क्ट गद्ध नग्न, क्ट श्वाम ग्रह्ग करत, उरव किन्न চক্ষ্রিক্রিংই রূপ জ্ঞানের কারণ, একথা জ্ঞার করিয়া বলিতে পারিতাম না। সেইরপ শুতির সর্বত্তিই ঘখন দেখিতে পাই যে. আত্মাকেই জ্বগৎ কারণ রূপে নির্দারণ করা হইয়াছে, তথন সে কথা জোর করিয়াই বলিতে পারি। আর.

ফ্রেত্রাৎ চ॥ ১১॥

८१८२७ এমন अভिও আছে, ८२३१त इश्वादन १६ ८५७म, সে বিষয়ে কোনরূপ সন্দেহই উপস্থিত হয় না। যেমন, খেতাখতর উপনিষদে বলা হইয়াছে যে, "সক্তজ্ঞ ঈশ্বরই জগতের কারণ" (শে: 1 (6.0

স্তরাং স্ক্জ বৃদ্ধ জগতের কারণ, প্রধান বা অন্ত কিছু নহে।

["জন্মাদ্যস্থা যতঃ" (১-১-২) এই দ্বিতীয় সূত্র হইতে আরম্ভ করিয়া "শ্রুতথাচ্চ" এই পর্যান্ত দশটি কৃত্ত দারা দেখান হইয়াছে যে, সর্বজ্ঞ সর্কশক্তিমান্ ঈশ্বর এই বিশ্বচরাচরের জ্বন্ধ, স্থিতি ও লয়ের এক মাত্র কারণ; এবং স্বাষ্ট বিষয়ক যে সমস্ত উপনিষৎ বাক্য আছে, ভাহার সর্ববিত্ত চেতনকেই জগতের কারণ বলা হইয়াছে।

শ্রুতিতে আবার ত্রন্ধকে ছুইভাবে দেখান হইয়াছে। এক—সগুণ, অপর—নিপ্তর্ণ। একভাবে তিনি নামরূপাত্মক অনিত্য পদার্থরূপ উপাধি বিশিষ্ট, একভাবে আবার সর্বপ্রকার উপাধিবর্জ্জিত। বেমন,

"যখন বৈতের মত হয় অর্থাং যতক্ষণ এটা, ওটা, দেটা ইত্যাকার বহু বস্তুর জ্ঞান থাকে, ততক্ষণই একে অন্তকে দেখে। কিন্তু যথন সমস্তই আত্মস্বরূপে পর্যাবদিত হয়, অর্থাং যথন সবই একমাত্র আত্মস্বরূপে পর্যাবদিত হয়, অর্থাং যথন সবই একমাত্র আত্ম বিলিয়া জ্ঞান হয়, তথন কে কাহাকে দেখে, কি দিয়াই বা দেখে, অর্থাং তথন এক আত্মা ছাড়া আর কিছুই থাকেনা, তুই বলিয়া কিছুই থাকে না; স্কতরাং কর্ত্তা, কর্ম ইত্যাদি ভেদ আর থাকিতে পারে নাই (বু: ৪.৫ ১৫)।

"যখন দেখিবার, শুনিবার, জানিবার, আর দিতীয় কিছু থাকে না, আর্থাৎ যে স্বরূপে এক ছাড়া তুই থাকে না, তাহাই ভূমা। তাহার চেয়ে বড়, শুরুই আরু কিছুই নাই। আবার যখন বা যে স্বরূপে অক্সদর্শন হয়, নানা জ্ঞান হয়, আত্মা ব্যতীত আরও বছ পদার্থের প্রতীতি হয়, তথন তাহা অল্প, তুচ্ছ, ক্স্তু। ভূমাই অমৃত, তাহার আর নাশ নাই, সে-ই নিত্য চিরস্থায়ী। আর যাহা অল্প, তাহা নশ্বর, ক্ষণিক'' (ছা: १.১৪.১)। (এই ভূমারই অপর নাম নিশুণ ব্রহ্ম, এবং অল্পই সগুণ)।

"দেই ধীর ঈশর সমস্ত রূপ স্পষ্ট করিলেন, তারপর তাহাদের এক একটা নাম দিলেন" (তৈ: ৩.১২.৭)। "যিনি নিরবয়ব, নিজিয়, নির্দোষ, নির্মাল, মোক্ষের সেতু" (খেঃ ৬.১৯)।

এইরূপ বছস্থলে ব্রেক্ষর ঘুইটা রূপের উল্লেখ আছে। একই ব্রহ্মকে ঘুই দিক হইতে ঘুইভাবে দেখান হইয়াছে। অবিজ্ঞার ভিতর দিয়া দেখিলে দেখা যায়, ব্রহ্ম নানা, বছ ও সগুণ। তথনই তাঁহার পূজা, উপাসনা, ধাান ধারণাদি সম্ভব হয়। আবার যথন বিজ্ঞা বা জ্ঞানের আবিভাব হয়, তথন দেখা যায়, ব্রহ্ম এক, এক বই ঘুই আর তথন থাকে না। কাজেই উপাস্থ উপাসক ভেদ আর তথন থাকে না। তথন কেই বা কাহার উপাসনা করিবে । তথন ব্রহ্ম নিগুণ, তাঁহার আর উপাসনা হয় না।

আবার শ্রুতিতে উপাসনাবোধক যে সমন্ত শ্রুতি বাক্য আছে, তাহারও অনেক বৈচিত্র্য দেখা যায়। ভিন্ন ভিন্ন স্থলে ভিন্ন ভিন্ন প্রকারের উপাসনা এবং উপাসনার রক্ম অনুসারে তাহার ফলও বিভিন্ন রকমের। একরক্ম উপাসনায় অণিমাদি ঐর্থ্য লাভ হয়, এক রক্মে ক্রম্মুক্তি, এক রক্মে যাগ্যজ্ঞের ফ্লাধিক্য। যদিও একই সগুণ ঈশ্বর উপাশু, তথাপি উপাসনা পদ্ধতির পার্থক্যে এবং উপাসকের শক্তি সামর্থ্য ভেদে যে যেরপ উপাসনা করে, সে সেইরূপই ফল প্রাপ্ত হয়। শ্রুতি বলেন, "তাহাকে যে যেরূপে উপাসনা করে, তিনি তাহার নিক্ট সেইরূপই হন"। "ইহলোকে যে যেরূপে ভাবনায় আপনাকে ভাবিত করে, মৃত্যুর পরেও সে সেই ভাবাবিত্ত হয়" (ছা: ৩.১৪.১)। শ্রীমন্ত্রগবদ্গীতাতেও আছে, "হে অর্জ্ক্ন, জীব মৃত্যুর অব্যবহিত পূর্কো যেরূপ ভাবনায় ভাবিত হয়, মৃত্যুর পরে সে সেইরূপই হয়" (গীঃ ৮.৬)।

আরও দেখ, একই স্থ্য যেমন সর্ব্বত্রই কিরণ বিতরণ করেন, কিন্তু

হক্ত দৰ্পণে তাহার যেরপ প্রতিবিশ্ব প্রকাশ পার, কাংস্য পাত্রে ডক্রেপ পায় না। সেইরূপ একই পরমাত্মা যদিও ভার্বর ভ্রতম সর্বত্ত সম্ভাবে বিরাজ করিতেছেন, তথাপি চিত্তের উংকর অপকর্ম অনুসারে জাঁহার প্রকাশেরও তার্ডমা হয়, এবং উপাধির ডেদে তাঁহার ঐশ্বর্যাশক্ষিত্রও কম বেশী প্রাকটা অম্বভূত হয়। বৃক্ষাদি হইতে পশু প্রভৃতির, প্রাদি হইতে মান্তবের উত্রোভর শক্তিবিকাশের আধিকা সকলেরই প্রতাক। এক মহুবোর মধোও ঐশবিক শক্তির তারতমা বিশেষভাবেই দেখা থায়। শ্ৰুতিও বলেন, "যিনি আপনাকে ষতটা অপ্ৰকাশরূপে অমুভব করেন, তিনি তভটাই ফল পান" (ঐ: আ: ২. ৩. ২. ১)। গীতাতেও আছে. "दर षर्क्कन। यादारक खनी, औमान ও मकिनानी तनशिरत, তাঁহাকে আমার 'তেজের' অংশসন্তুত বলিয়া জানিও" (গী: ১ • . ৪১)। এইরপ যে যে স্থলে ঈশ্ব-শক্তির আবেশ বা আধিকা আছে. তাহাতেই ঈশরবৃদ্ধি স্থাপন করিয়া উপাসনা করিবার ব্যবস্থা আছে। বেমন সুর্যোর উপাসনা। সুর্যো যে অসাধারণ প্রকাশ-শক্তি রহিয়াছে: তাহা ঐশ্বিক শক্তির এক অন্তত বিকাশ। স্বভরাং স্থনিশ্বল সূর্য্য-মণ্ডলে হির্মায় পুরুষবিশেষের ধ্যান করিবার ব্যবস্থা আছে।

পূর্ব্বেই বলিয়াছি যে, শ্রুতিতে ব্রহ্ম সম্বন্ধে দুই রক্ষের বাক্য আছে।
তর্মধ্যে কোন স্থলে ব্রহ্মকে একটা-না-একটা উপাধির সাহায়ে ব্রান
হইয়াছে, কোন কোন স্থলে বা ব্রহ্মকে সর্ববিধ উপাধিবর্জ্জিতরূপে
দেখান হইয়াছে। ব্রহ্মজ্ঞান সদ্যোম্জির কারণ। কিছু সেই ব্রহ্মজানও
শ্রুতিতে উপাধিবিশেষ অবলয়ন করিয়া উপদিষ্ট হইয়াছে। যেহেতু
কোন বিষধের উপদেশ করিতে হইলে একটা-না-একটা উপাধি শীকার
করিতেই হয়; কাজেই যে স্থলে ক্রপ উপাধির সহায়ে আয়তত্ত্ব উপদিষ্ট
হইয়াছে, সেই স্ব স্থলে সন্দেহ হয় য়ে, উপদিষ্ট আয়া পরব্রহ্ম কি অপর

ব্রহ্ম, সগুণ কি নিওপ। সেই সন্দেহ নিরাসার্থ শ্রুতিবাক্যের পূর্কাপর পর্য্যালোচনা করিয়া শ্রুতির যথাথ অভিপ্রায় কি, তাহার গৃঢ় তাৎপর্য্য কি, তাহা নির্ণয় করা আবক্তক। শ্রুতির এই যথার্থ অভিপ্রায় বা তাৎপর্য্য নির্ণয় করিবার জ্বস্থাই পরবর্ত্তী স্ক্রসমূহের অবতারণা। এবং একই ব্রহ্ম উপাধি সহবোগে উপাশ্তা, এবং উপাধি রহিত ভাবে ক্ষেয়—বেলান্তের ইহাও প্রতিপাদ্য — এই কথা নির্ণয় করাও পরবর্ত্তী স্ত্রের উদ্দেশ্য। আর, পূর্ব্বে যে "গতিসামান্তাৎ" স্ত্রের ঘারা 'চেতন ব্রহ্মই জগতের কারণ, অন্ধ্য কিছু নহে'—এই সিদ্ধান্ত করা হইয়াছে, প্রস্বক্রমে তাহারও বিষ্তৃত আলোচনা পরবর্ত্তী স্ত্রের বিষয়।

शिया । देखित्रीयक উপনিষদে দেখিতে পাই যে, अञ्चभय कारमत्र*

ভরবারির খাপ বেমন ভরবারিকে আবৃত করিয়া রাখে সেইরূপ পর পর পাঁচটা কোৰ আন্ধাকে আবৃত করিয়া রাপিয়াছে। এই পঞ্চ কোবের আবরণ উন্মত্ত করিরা আয়ার অনুস্থান করিতে হয়। পঞ্কোর যথা:--(১) অনুমর কোর--এই ছুল (gross) দেহকেই অন্নমন্ন কোব বলা হয়। মাতা পিতার ভুক্ত অন্ন (ধাদা, food) শোণিত ও গুক্ররূপে পরিণত হইরা এই ছল শরীরের উৎপত্তি করে, এবং অল্লের দারাই ইছার পৃষ্টি সাধিত হয়। স্বভরাং অল্লের বিকার বা পরিণাম বলিয়া এই সূল দেহের নাম অৱষয় কোব। (২) প্রাণময় কোব—জিহ্না, হস্ত, পদ, গুফ ও লিক্স---এই পাঁচটি কর্ম্মেলির: এবং প্রাণ, অপান, সমান, উদান ও ব্যান এই পাঁচটা প্রাণ। পঞ কর্দ্ধেন্দ্রির ও পঞ্চ প্রাণ মিলিত হইয়া প্রাণমর কোব নামে অভিহিত হয়। (৩) মনোময় কোৰ---চন্দু, কৰ্ণ, নাসিকা, জিহনাও ত্বক্ (চন্দ্ৰ) এই পঞ্চ জ্ঞানেক্ৰিয়ও মন মিলিড হইরা মনোবর কোব নামে অভিহিত হর। (৪) বিজ্ঞানমর কোব—ক্যানে<u>লির</u> ও বৃদ্ধি মিলিত হইরা বিজ্ঞানময় কোব নামে অভিহিত হর। [বিজ্ঞানময়, मत्नोमद्र ও ध्यानमद्र, এই তিন কোবের ১৭টি अवद्रव वा अःम (कर्ष्मश्रिक पुन्तामर]। (e) ज्याननमह काव---शिव, हर्व, ज्यासाम हेजामि जल्ल:कहर्णह ভাবসমূহকৈ আশ্বার আনন্দ্রমর কোব বলা হয় এবং ইছার অপর নাম কারণ শরীর। আত্মা এই পঞ্চবিধ কোৰ বা ত্ৰিবিধ শরীর দারা আবৃত রহিরাছে।

অভান্তরে প্রাণময় কোষ, প্রাণময় কোবের অভান্তরে মনোময় কোষ, মনোময় কোষের অভ্যস্তরে বিজ্ঞানময় কোষ-এইরপ ক্রমান্বরে একটির পর একটা করিয়া চারটা কোষের কথা বলা হইয়াছে। তারপর বলা হইয়াছে যে, পূর্ব্বোক্ত বিজ্ঞানময় কোষের অন্তরে আন স্ক্রমন্থ আত্মা। বিজ্ঞানময় আনন্দময় ছারা পরিপূর্ণ। ঐ বিজ্ঞানময়কে যেমন একটি পুরুষরপে কল্পনা করা হইয়াছে, এই আনন্দময় আত্মাকেও তদ্রূপ একটী পুরুষরূপে কল্পনা করা যাইতে পারে। "প্রিয় * সেই আনন্দ-यद পुरूरवत मछक, रमान छाँहात निकल भार्च, श्राटमान वाम भार्च, ज्ञानन षाषा, ভ্রক্ষ পুঠ্চ প্রতিষ্টা" (তৈ: ২.৫)। একণে দিল্লাস্য এই বে, এই আনন্দময় আত্মার প্রসঙ্গে ত্রদ্ধকে যে পুচ্ছ (লাঙ্গুল) বলিয়া বলা হইল, তবে কি ব্রহ্ম আনন্দময়ের অবয়ব বা অঙ্গবিশেষ, না ব্রহ্ম च-প্रधान, व्यर्शर बन्न कि के चरन প्रधानजाद निर्मिष्ठ इहेबारहन, ना আনন্দময়ের অঞ্জপে ?

ওক। আনন্দময়ঃ অভ্যাসাৎ॥ ১২॥

चानन्यम बाधात अमरक (ग उक्तरक भूक्ड्यूप वना इरेम्राह, দে বন্ধ [আনন্দময়:] হুপ্রধানই, কাহারও অবয়ব নয়; যেহেতু, পুন: পুন: ওদ্ধ দ্বপ্রধান ব্রহ্মের কথাই বলা হইয়াছে [অভ্যাদাৎ]।

বেংহতু, তৈত্তিরীয়ক উপনিষদের প্রস্তানিত বিষয়ের উপসংহারে এবং অক্তান্ত শ্রুতিভেও শুদ্ধ, স্বগ্রধান নিরবয়ব ত্রন্মের কথাই পুনঃ পুনঃ वना श्रियाद्य, त्रें दश्कू जानन्त्रमा वाटका त्य बद्धात উद्धिथ, जाशांख স্ব-প্রধান, কাহারও অবয়ব নহে।

^{*} প্রির, মোদ, প্রামাদ ইত্যাদি আনন্দেরই বিভিন্ন অবস্থা (modes)।

শিষা। বিকারশব্দাৎ ন, ইতি চেৎ ? —

বিকার বোধক শব্দ অর্থাৎ অবয়ব বোধক 'পুছে' শব্দ আছে বলিয়া [বিকারশবাৎ] ব্রহ্মকে স্বপ্রধান বলা যায় না [ন], এই কথা যদি [ইতি চেৎ] বলি ? অর্থাৎ প্রস্তাবিত স্থলে ব্রহ্মকে পুছে বলা হইয়াছে, অতএব তাঁহাকে স্বপ্রধান বলা যায় না, এই কথা যদি বলি ?

গুৰু। ন, প্ৰাচুৰ্য্যাৎ॥ ১৩॥

না, তাহা বলিতে পার না [ন]; যেহেতু, প্রাচ্র্য্যক্রমে
ক বিকারবাধক শব্দের প্রয়োগ হইতে পারে প্রাচ্র্যাৎ]। অর্থাৎ
শ্রুতিতে অন্নময় প্রভৃতি আত্মার প্রত্যেকেরই মস্তক হইতে
পুক্ত পর্যন্ত এক একটা অবয়ব কল্পনা করা হইয়াছে। মন্তকাদির
কল্পনা প্রচ্র পরিমাণেই করা হইয়াছে। দেই প্রাচ্থাের রেশ
পরবর্তী আনন্দময় বাক্যেও অরুস্ত হইয়াছে; কারণ তাহা হইলে
সাধারণ জিজ্ঞাস্থর বৃঝিবার স্থবিধা হয়। পূর্ব্ধ পূর্বে বাক্যে প্রত্যেকটা
আত্মারই মন্তকাদি কল্পনা দেখিয়া আনন্দময় বাক্যে আনন্দময় আত্মার
মস্তকাদি কি—এরূপ প্রশ্ন স্বতঃই উদয় হয়। সেই কৌতৃহল নিবারণ
উদ্দেশ্যেই শ্রুতিতে বন্ধকে পুচ্ছ নামে অভিহিত করা হইয়ছে, না
হইলে ব্রন্ধ যে আনন্দময় আত্মার সত্য সত্যই একটা অস্বিশেব,
একথা শ্রুতির অভিপ্রেত নয়। শ্রুতির ঘথার্থ তাৎপর্য্য এই যে,
পুচ্ছ যেমন পন্ধী প্রভৃতির আধার, তাহাদের শরীরের সামঞ্জশ্রের
নিদান-স্বরূপ, সেইরূপ বন্ধও আনন্দময় আত্মার আ্যার আধার, একমাত্র
অবলম্বন। আনন্দময় আত্মা ব্রন্থেই প্রতিষ্ঠিত। ইহাই শ্রুতির

তাংপ্র। অ্নেন্মর আস্থাই ধ্রধান, বন্ধ তাহার অক. এক্থা জাতির অভিপ্রেড না। কারণ, সর্বান্তর বা সর্প্রপ্রেট আত্মার প্রতি-পাদন করাই ঐ শতির উদ্দেশ্য। আনন্দময় আতাই যদি সর্বান্তর আত্মা হইভ, তবে উপসংহারে তাহার কথাই বলা হইভ: কিন্তু উপসংহারে দেখিতে পাই যে, কেবল শুদ্ধ, স্বপ্রধান ত্রন্ধের কথাই পুন: পুন: বলা হইয়াছে। স্থতরাং বিকার বোধক শবোর ধারা বিশেষিত্ হইলেও শ্রুতির তাৎপর্য্য পর্যালোচনায় বুঝিতে পারি যে, আনন্দময় বাক্যে এক্ষকে স-প্রদানরূপে নিন্দিষ্ট করা হইয়াছে। বিকার বাচক শন্দটি পিচ্ছ । কেবল প্রায়িকক্রমে উক্ত হইয়াছে।

তৎ-হেকু-ব্যপদেশাৎ চ॥ ১৪॥

সেই আনন্দময়েরও হেতু অর্থাৎ কারণ [উদ্বেডু] উপদিষ্ট হইয়াছে বলিয়। [বাপদেশাং], অর্থাং ঐ তৈজিরীয়ক উপনিষদের প্রতাবিত প্রদানের শেষের দিকে দেখিতে পাই যে, ত্রন্ধকেই সমগ্র বিকারবর্গের কারণ বলা হইয়াছে, আনন্দমন্ত আত্মারও তিনিই কারণ। স্বভরাং এপ্রকে যথন আনন্দময়ের কারণ বলিয়া নির্দিষ্ট করা হইয়াছে. ত্রন তিনি আনন্দময়ের অবয়ৰ হুইতে পারেন না, প্রত্যুত তিনি अश्रमात् ।

নান্ত্রবর্ণিকম্ এব চ গীয়তে ॥১৫॥

আছেও [১], মন্তের 'মক্ষরছার। নিদিষ্ট যে এক, সেই এফাই িম্ভেবনিকমেব আমানের আলে।চিত স্থলেও উক্ত হইয়াছে গীয়তো। অথাং, "সভাং জ্ঞানমনস্তং এখা" (তৈঃ ২-১) ইভ্যাদি মন্ত্রে প্রথমে ল্লন্সন্মের উল্লেখ দেখিতে পাই াভারপ্র দেই ল্রন্স হইতেই চরাচর বিখের সৃষ্টি হয়, এবং তিনি সৃষ্ট প্রার্থে অমুপ্রবিষ্ট হইয়া অম্বর্থামীরূপে বিরাজ করিতেছেন-একথাও পাই। পরে গেই সর্বান্তর ব্রহ্মকে বিশেষভাবে বোধগমা করিবার জন্ম শ্রুতি অন্নয় হইতে আরম্ভ করিয়। আনন্দময় পর্যান্ত একটা হইতে অপরটা অন্তরতর—এইরূপ ভাবে উপদেশ আরম্ভ করিয়াছেন। সেই প্রথমোক্ত ব্রহ্মই এই আনন্দময় বাক্যেও অভিহিত ইইয়াছেন। অতএব আনন্দময় বাক্যের ব্রগ্ধ স্ব-প্রধানই।

শিষ্য। আচ্ছা, অন্নম্ম, প্রাণমন্ন ইত্যাদি স্থলে যে আত্মার কথা বলা হইয়াছে, তাহা যে পরমাত্মা নয়, জীবাত্মা, এ বিষয়ে ত কোন मत्मरहे नाहे। त्महेक्रभ ज्यानमगर वात्काछ जीवाजात नित्धन করিয়াই ঐ প্রভাব শেষ কর। হইয়াছে — এরূপ বলি না কেন ?

^{গুরু}। ন ইতরঃ, অমুপপত্তেঃ ॥১৬॥

ব্রন্ধ ভিন্ন অক্স কেহ অর্থাৎ জীব [ইতর:] আনন্দময় বাক্যের প্রতিপাদ্য সর্বাস্তর আত্ম। হইতে পারে না [ন], যেহেতু তাহা অসঙ্গত [অমুপপত্তে:]। অর্থাৎ —

আনন্দময় বাক্যে জীবাত্মাই প্রতিপাদ্য, একথা বলা যায় না ; কারণ, ঐ বাক্যে যাহাকে প্রধানভাবে প্রতিপাদন করা হইয়াছে, অর্থাৎ যে আত্মাকে প্রতিপাদন করিবার জন্ম আনন্দময় বাক্যের অবতারণা করা হইয়াছে, দেই আত্মাকেই 'দৰ্বব্ৰটা' বলা হইয়াছে। জীবাত্মার পক্ষে সমন্ত স্ঠে করা সম্ভব নয়। স্বতরাং ব্রহ্ম ভিন্ন অপর কেহ আনন্দময় বাক্যে প্ৰতিপাদিত হয় নাই।

ভেদব্যপদেশাৎ চ' ॥১৭॥

আর [চ], আনন্দময় বাক্যে যাহাকে প্রতিপাদন করা শ্রুতির মুখ্য

উদেগ, তাহা হইতে चानसमय जीवाचात्र एक प्रथान हरेग्राह, এইজ্ব্রন্ত [ভেদবাপদেশাৎ] বলিতে হয় যে, জীব ঐ বাক্যে প্রতিপাদিত হয় নাই।

আনন্দময় বাক্যের প্রধান প্রতিপাদ্য ব্রহ্ম, জীবাত্মা নহে। কারণ, ঐ বাক্যের শেষাংশে প্রধান প্রতিপাদ্য আত্মা ইইতে আনন্দময় জীবাত্মা ভিন্ন, এরপ দেখান ইইয়াছে। যথা, "দে (অর্থাৎ আনন্দমর বাক্যে যাহার কথা বলা হইয়াছে সে) রসম্বরণ। জীবাত্মা সেই রস ﴿ স্পানন্দ) লাভ করিয়া স্থানন্দময় হয়'' ্ তৈঃ ২. ৭)। এশ্বলে দেখিতে পাই, আনন্দময় ও রসম্বরূপ আত্মা পৃথক্। এক লকা, অপর লভ্য। অতএব এই ভেদ নির্দিষ্ট হওয়ায় ইহাই প্রতিপন্ন হইতেছে বে, ইতর (অর্থাৎ জীব) আনন্দময় বাক্যের প্রধান প্রতিপাদ্য নয়। পরস্ত অক্তান্ত শ্রুতিতে যথন এখাকেই রুসম্বরূপ বলা হইয়াছে, এবং এই আলোচ্য শ্রুতির শেষাংশেও রসম্বন্ধণ বলিতে যথন "সেই পূর্ব্বোক্ত" —এই শব্দের ঘারা পূর্ব্বোক্ত আনন্দময় বাক্যের প্রতিপাদ্য বস্তুকেই লক্য করা হইয়াছে, তথন অবশুই বলিতে হইবে যে, আনন্দময় বাক্যে বন্ধকেই প্রধানভাবে নির্দেশ করা হইয়াছে,—আনন্দময়-জীবাত্মার অঙ্গ বিশেষরূপে নহে।

শিয়া। গুরুদের। আপনার এই স্তত্তের ব্যাখ্যায় স্থামার একটা গুরুতর সন্দেহ হইতেছে। শ্রুতির উপদেশে বুঝা যায় যে, জীবাত্মা ও বন্ধ একই। "তথ্যসি" (তুমিই সেই), "অহং বন্ধান্মি" (আমি বন্ধ) ইত্যাদি বহু শ্রুতি অতি স্পষ্ট ও অসন্দিশ্বভাবে জীবাআন ও পরমাআর অভেদ নির্দারণ করেন। কিন্তু আপনি বলিলেন, পরমা্ত্রা রসম্বন্ধপ, আর জীবাত্মা দেই রদ গ্রহণ করিয়া আনন্দ লাভ করে, অর্থাৎ জীবাত্মা লাভ করে, পরমাত্মা লভ্য হয়, এবং উভয়ের এই ভেদ শ্রুতি-সম্মত

বলিয়া আনন্দময় বাক্যে জীবের প্রধানভাবে নির্দেশ হয় নাই, ১৭ স্তে আপনি ইহাই দেখাইয়াছেন। স্রুতির এরপ বিরোধের সামঞ্জন্ত কি?

গুরু। বৎস। তুমি যাহা বলিয়াছ, তাহা ঠিকই। বস্তুতঃ, জীবাত্মা ও পরমাত্মায় কোনই ভেন নাই। কিন্তু অবিদ্যাক্তর বলিয়া জীব ব্রিতে পারে না যে, সে স্বয়ংই পরমাত্মা; বরং সে দেহাদিকেই আমি বা আত্মা বলিয়। মনে করে। কেহই আত্মার ষথার্থ স্বরূপের অফুসন্ধান করে না, তাহাকে জানিবার, বঝিবার, উপলব্ধি করিবার চেষ্টা করে না। সাধারণ মাম্ববের নিকট সেইজন্ম জীবাত্মা ও পরমাত্মা ভিন্নই। জীবের এই ভ্রাম্ভ আত্মধারণা দেখিয়া শ্রুতি তাহাকে উপদেশ করিতেছেন, **"আত্মার অন্বেষণ কর", "তিনি পূর্ণানন্দ, তুমি দেই** আনন্দের কণামাত্র লাভ করিয়াই আপনাকে ক্বতার্থ মনে করিও না, পরিপূর্ণানন্দ তোমারই শ্বরূপ, কেন ভ্রান্তির বশে তাহা হইতে আপনাকে বঞ্চিত মনে করিতেছ ?" এরপ উপদেশে আপাততঃ মনে হয় যে, শ্রুতি প্রমাত্মা ছাড়া জীবাত্মা বলিয়া বিভীয় কাহারও অন্তির স্বীকার করেন; কেন না. कीवाजा जात्वरणकाती, शत्रभाजा जात्वष्टेवा। हा, अंबि तिहा जिमानी. কর্ত্তা ও কর্মফলের ভোক্তা জীবের অন্তিত্ব স্বীকার করেন বর্টে, তবে তাদশ জীবের অন্তিম্ব অজ্ঞানেই; অজ্ঞান তিরোহিত হইলে একমাত্র পরমাত্মাই থাকেন, জীব বলিয়া কিছুই থাকে না। স্থতরাং শ্রুতির চরম সিদ্ধান্ত এই যে, জ্ঞান দশায় জীবাত্মাও যে, পরমাত্মাও সে, কোনই পার্থকা নাই। ইহাই পরমার্থ সতা। আর অজ্ঞান দশায় জীবাত্মা, পরমাত্ম। হইতে ভিন্ন। অজ্ঞানী যাহাকে আত্মা মনে করে, সে যথার্থ আত্মা নহ, পরমাত্মাই যথার্থ আত্মা। স্বতরাং অজ্ঞান-কল্পিত আত্মাও পরমাত্মা ভিন্ন। একজন যাতুকর একগাছি স্তা আকাশে ছুঁড়িয়া মারিল। হুতাগাছটি আকাশে ঝুলিতে লাগিল।

তারপর সে একধানা তলোয়ার লইয়া দেই স্তা ধরিয়া আকাশে উঠিয়া গেল। কিছুক্ল পরে দেখা গেল, একখানা কাট। হাত, একটা কাটা মাধা আকাশ হইতে মাটিতে পড়িতে লাগিল ইত্যাদি। এখন এই সব ব্যাপার বস্ততঃ কিন্তু হয়ই না। অধ্য দর্শক্রণ মনে করে. সতা সতাই ওরপ ঘটনা ঘটিতেছে। স্তরাং আকাশে করিত যাতুকর ্ইতে নাটিতে দাড়ান যাত্রকর যে ভিন্ন, একবাও বেমন ঠিক, আবার খাকাশের যাতকরের যথন বস্ততঃ কোন অভিত্ই নাই, কেবল চোখের দাদা মাত্র, তথন সেই কল্লিড যাছকর ও সভ্যিকারের যাতকর এক, অভিন্ন, একথাও ঠিক। সেইরূপ জীবাছা ও পরমান্ধার ভেদ পরমার্থতঃ না থাকিলেও অজ্ঞানদৃষ্টিতে অবশ্বই আছে। এইভাব দইয়াই পূৰ্ব্বোক্ত ছুইটা প্রের অবভারণা। ্যাহা হউক, এই বিষয় ক্রমশ: আরও বিশদ ভাবে वृक्षाहेव। তবে বেলাস্কের আলোচনা কালে এই কথাটা সর্বাদা স্মরণ রাগিও যে, যতকাল অজ্ঞান থাকে, অগতের যাবভীয় পদার্থ, যাবতীয় ব্যবহার, স্কলই স্ভারণে অফুড্ত হয়। ইহাকে বেদাস্তদর্শনে ব্যবহারিক সভ্যভা বদা হয়, আর, মঞ্জান অপগমে বধন তথ্যজ্ঞান প্রকাশিত হয়, তথন জাগতিক সমন্ত পদার্থ, সমন্ত ব্যবহারই. মিথ্যা বলিয়া প্রতিভাত হয়, একমাত্র আত্মা বা ব্রহ্মই তথন সত্য: ইহাকে বলা হয় পাব্লমান্দিক সভ্যক্তা। বিচারের এই ঘুইটা বিভাগ যেন সর্বদা শ্বরণ থাকে।

শিষ্য। আচ্ছা, জীবাঝা চরাচর ব্রন্ধান্ত স্বষ্ট করিতে পারে না বলিয়া তাহাকে না হয় আনন্দময় প্রকরণের (section) প্রধান প্রতিপাদ্য না বলিলান, কিন্তু সাংখ্যোক 'প্রধান'কে ত ঐ প্রকরণের মুখ্য প্রতিপাদ্য বলিতে পারি, কারণ 'প্রধান' সমন্ত পদাধে'র আদি কারণ, তাহা হইতেই সমন্ত স্বষ্ট হয়।

৬ । কামাৎ চ ন অমুমানাপেকা॥১৮॥

যেহেতু প্রভাবিত শ্রুতিতে খাহাকে জগৎশ্রই। বলা ইইয়াছে, তিনি কামনা বা সংল করিয়া সৃষ্টি করেন—এইরূপ কথাও আছে, সেইজন্ত কামাং], অহুমানের বারা অর্থাং কেবল যুক্তি ধারা কলিত যে প্রধান তাহার 'অপেক্ষা' অর্থাং সেই প্রধানকে এছলে স্বীকার করিবার সম্ভাবনা [অহুমানাপেকা] নাই [ন]।

আনন্দময় প্রকরণে "তিনি কামনা করিলেন, 'আমি বহু হইয়া জ্মিব'' (তৈ: ২.৬)—এইরপ উল্লেপ আছে। এফুলে 'তিনি' বলিতে প্রকরণে প্রতিপাদ্য মুখ্য বস্তকেই লক্ষ্য করা হইয়াছে। দেই মুখ্যভাবে প্রতিপাদ্য বস্তু যদি সাংখ্যকল্পিত প্রধান হয়,তবে তাহার পক্ষেকামনা বা সঙ্কল করা সম্ভব হয় কিরপে ?—প্রধান যে আচেতন। স্কুরাং এই প্রকরণ্যে প্রধানও প্রতিপাদ্য নয়। ['কিক্ষতেন শিক্ষম্'' (বাং হঃ ১.১.৫) এই ক্লেই প্রধানের জ্গৎকারণতা নিরাক্ষত হইয়াছে। তথাপি সমন্ত শ্রুতির একইরপ তাৎপর্যা, ইহা বিস্তৃত ভাবে দেখাইবার জ্লু প্রসক্ষমে এক্লেও ভাহার পুন্কল্লেথ করা হইল।

আরও দেখ, শ্রুতি

অন্মিন্ অস্য চ তৎ-যোগং শাস্তি ॥১৯॥

আনন্দময় প্রকরণে প্রতিপাদ্য বস্ততে [অস্মিন্] আয়ক্ত প্রবৃদ্ধ জীবের [অদ্য] প্রকরণে প্রতিপাদ্য বস্তবরূপে মিলন অর্থাং তাহাই হইয়া যাওয়ার কথা [তদ্যোগং] উপদেশ করিয়াছেন [শান্তি]।

আনন্দময় বাক্য প্রসংক ঐতি বলেন যে, জীব হথন হথার্থ জ্ঞান লাভ করে, তথন সে আনন্দময় বাক্যের প্রতিপান্য বস্তুর সহিত অভিন্ন হইন্না যায়। স্বতরাং ঐ বাক্যের প্রতিপাদ্য বস্তু জীবও হইতে পারে না. প্রধানও হইতে পারে না। কারণ, জীব জীবের সঙ্গে এক হইয়া যায়-এরপ নির্থক কথা বলার কোনই আবশুক নাই; এবং চেতন জীব অচেতন প্রধান হইয়া যায়—এরপ কথাও সন্ধত হয় না। অতএব আনন্দময় বাক্যের প্রধান প্রতিপাদ্য বস্তু মুখ্য আত্মাবা ব্ৰহ্ম এবং ব্ৰহ্মই ওন্থলে ছ-প্ৰধান। . *

শিষা। ছান্দোগ্য উপনিষদে কথিত হইয়াছে, "সূৰ্যামণ্ডলে এক হির্ণায় পুরুষ দেখা যায়, জাঁহার শাশ্র হির্ণায়, কেশ হির্ণায়, অধিক কি তাঁহার নথাগ্র পর্যাম্ভ সমন্তই হির্ণায়। তিনি সমন্ত পাপের অতীত। যে ইহাকে জানে, সে দর্বন পাপ মুক্ত হন্ধ" ছি। ১.৬.৬-৮ ।। এম্বলে সূর্য্য দেবতাকে অবলম্বন করিয়া অধিদৈব প উপাসনার ব্যবস্থা দেখিতে পাই। তারপর আবার চক্ষুর অভ্যন্তরে এক পুরুষের ঐরপ বর্ণনা করিয়া তাঁহার অধ্যাত্ম উপাসনার বিধি দেখিতে পাই। এই যে সূর্য্য ও চক্ষুর অভ্যন্তরে এক পুরুষের উল্লেখ পাই, তিনি কে?

^{*} দ্রবা:-এই আনলময় অধিকরণে স্তাগুলি বেরূপভাবে নিবদ্ধ আছে, তাহাতে মনে হয় বে, আনন্দমর্যই জগৎ কারণ পরম ব্রহ্ম-ইহা প্রতিপাদন করাই যেন প্রকারের উদ্দেশ্য। কেহ কেই পুত্রগুলিকে সেই ভাবেই ব্যাখ্যা করিয়াছেন। ভগবান শঙ্করও প্রথমে দেই ভাবে প্রজ্ঞালির ব্যাখ্যা করিরাছেন। কিন্তু করেকটা বিশেষ কারণে সেই ব্যাখ্যা তাঁহার মনঃপুত না হওয়ার, একটু কষ্ট কয়না করিয়াও অক্তরূপ ব্যাখ্যা করিয়াছেন। আমিরা শকরের নিজম্ভই উপরে লিপিবদ্ধ করিলাম। বিশেষ অনুসন্ধিৎস্থ পাঠক মূল দেখিবেন।

[🕂] ইন্স, বন্ধণ, হর্ষা ইত্যাদি দেবতা সম্বনীয় যাখা কিছু 🛮 তাহাকে বলা হয় অধিদৈব। मुखिका, अन, अङ्डि १क्छुछ नवकीत योश किछू डाशांक वना इत जाशिखोिखक। भत्रोत मक्कीय मन, आन हे आदिक वना इत आधारिक वा अधार्य । मर्कवाां भी अनीम পরমেখবের উপাসনা অতীব ঘ্রংদাধ্য বলিয়া শান্তে এই প্রকার এক একটা বস্তু অবলম্বনে উপাসনা করিবার ব্যবস্থা আছে।

গুৰু। অন্তঃ তৎ-ধৰ্ম্ম-উপদৈশাৎ ॥২০॥

সূর্যামণ্ডল ও চক্ষ্গোলকের অভ্যস্তরে বর্ণিত পুরুষ [অস্তঃ] পরমেশ্বর; যেহেতু, তাঁহারই [তং] লক্ষণ বা গুণ [-ধর্ম-] ঐ শ্রুতিতে উপদিষ্ট আছে [উপদেশাং]।

উক্ত অন্ত:পুরুষ পরমেশ্বরই, যেহেতু ঐশ্বলে সেই পুরুষের যে সমন্ত ধর্ম বা গুণের উল্লেখ আছে, তাহা পরমেশ্বর ব্যতীত অন্ত কাহারও হইতে পারে না। সমন্ত পাপের অতীত হওয়া, সর্কেসর্কা হইয়া প্রভুজ করা প্রভৃতি পরমেশ্বর ভিন্ন অন্ত কাহারও সম্ভব হয় না।

শিশ্ব। পরমেশ্বর অশব্দ, অস্পর্শ, অরপ, অব্যয়—ইহাই ত শ্রুতি বলেন। তাঁহার কোন রূপ বা আকার নাই, ইহাই শ্রুতির শিক্ষা। কিন্তু স্থ্যমণ্ডলম্ব ও চকুন্থ পুরুষের স্থবর্ণময় শাশ্রু ইত্যাদি বর্ণনা দ্বারা তাঁহার রূপের নির্দেশ করা হইয়াছে। অতএব ঐ রূপবান্ পুরুষকে পরমেশ্বর বলা যায় কিরুপে প

গুরু। ই্যা, বস্ততঃ পরমেশ্বের কোন রূপ নাই, একথা সত্য।
কিন্তু ইচ্ছাময় তিনি, সাধকারূপ্রহের জন্ম স্বেচ্ছায় তিনি নায়াময়রূপ ধারণ
করিতে পারেন। শ্বতিতে আছে, ভগবান্ বলিতেছেন, "হে নারদ!
স্বরূপতঃ আমার কোনই রূপ নাই, স্বতরাং আমাকে দেখাও তোমার
সম্ভব নয়, তথাপি যে সর্বগুণবিশিষ্টভাবে আমাকে দেখিতেছে, ইহার
কারণ, তোমার প্রতি রূপা করিয়া আমি এই এক মারিক রূপ ধারণ
করিয়াছি।"

বস্ততঃ যথন পরমেশ্বরের প্রকৃত স্বরূপ বর্ণনা করা হয়, তথন শাস্ত্র বলেন, 'তাঁহাতে কোনপ্রকার রূপ, গুণ প্রভৃতি বিশেষ নাই, তিনি অশব্দ, অস্পর্শ, অরূপ' ইত্যাদি। সেই নির্বিশেষ প্রমেশ্বের কোনরূপ উপাসনা হইতে পারে না। তাঁহার কোন ধ্যানও সম্ভব হয় না, তিনি তথু
অহতব করিবার বন্ধ; বন্ধতঃ বর্ণনারই অধ্যাগ্য, সেই জক্তই শান্ত সর্বজ্ঞ
নিবেধম্থেই তাঁহার সম্বন্ধ একটা আভাস দিতে প্রয়াস পাইয়াছে।
তিনি ইহা নন, উহা নন—এইরপে সর্বজ্ঞাবের নিবেধ করিয়া শান্ত
সর্বাতীত পরম সন্তার একটা আভাস দিয়াই প্রতিহত হয়। স্বতরাং
তাঁহার আর উপাসনা সম্ভব হয় না। উপাসনা হইতে হইলে তাঁহার
কোন না কোন গুণ অবস্তই স্বীকার করিতে হইলে—সে উপাসনা
মানসিক ধ্যান ধারণাই হউক, কিম্বা প্রতিমাদি অবলম্বনেই হউক।
সেই জন্তই শান্ত্র যে স্থলে পরমেশ্বরেক উপাস্তরূপে উপদেশ করিয়াছেন,
সে স্থলে তাঁহাকে সর্ব্বক্ষা, সর্ব্বগদ্ধ, সর্ব্বরস ইত্যাদি বাহ্ন পদার্থের
গুণ-সমূহ-বিশিষ্ট বলিয়াই উপদেশ করিয়াছেন। 'হিরণাক্মশ্রণ প্রত্তি
কপ বর্ণনাও উপাসনার জন্ত। তাহাতে পরমেশ্বরের পরমেশ্বর্থের
হানি হয় না।

শিষ্য। প্রমেশ্বর আপন মহিমাতে আপনি প্রতিষ্ঠিত। তাঁহাকে গারণ করিয়া থাকিতে পারে, এমন কোন আধার নাই; তিনি স্বতন্ত্র, দাধীন, সর্ববাাপী, চিরন্থির। কিন্তু স্থ্যমণ্ডলের অভ্যন্তরে ও চক্তে যে পুরুষবিশেষের উপদেশ আছে, ভাহার ত আধার বর্ণনা দেখিতে পাই। যেমন, এক সময়ে তিনি স্থ্যমণ্ডলে আছেন, আবার অন্ত সময়ে চক্তে আছেন। অতএব তিনি পরমেশ্বর হন কিরপে?

গুরু। বংস! সর্বব্যাপী পরমেশ্বরের এই আধারবর্ণনা, অর্থাৎ তিনি একটা সীমাবদ্ধ স্থানে আছেন—এরূপ বর্ণনা, ইহাও উপাসনার স্থবিধার জন্তই। তিনি যথন সর্ব্বেরই আছেন, তথন স্থ্যমন্তলাদিতে—এমন কি প্রতি ধ্লিকণায় পর্যান্ত, অবশ্রই আছেন। তবে স্থানবিশেষে পরমেশ্বরশক্তির বিশেষ বিকাশ থাকায়, সেই সেই স্থানে তাঁহার

ধ্যানোপাসনার স্থবিধা হয়। এই জক্তই আধার কল্পনা। এইরূপ, তাঁহার অসীম ঐশব্য ধারণায় আদে না বলিয়া উপাসনার জক্তই সেই ঐশব্যকে সীমাবদ্ধভাবেও বর্ণনা করা হইয়াছে।

আরও দেগ, একটা পুরুষ আদিত্যমণ্ডলের অভান্তরে আছে— এইরূপ কথায় সেই পুরুষকে স্থা-শরীরাভিমানী দ কোন জীব বিশেষ বলিয়াই বুঝিতে হইবে, এমন কোন নিয়ম নাই। কারণ, অভা এক শ্রুতিতে স্থামণ্ডলে অবন্ধিত পুরুষের বর্ণনা প্রসঙ্গে দেখিতে পাই যে তিনি—

ভেদব্যপদেশাৎ চ অন্যঃ।। ২১।।

স্ধামওলাভিমানী জীববিশেষ হইতে ভিন্ন [অন্তঃ], থেহেতু, ঐ স্থামওলাভিমানী জীব হইতে তাঁহাকে পৃথক্ করিয়া দেখান হইয়াছে [ভেদবাপদেশাং]।

অন্ত শ্রুতিতে আছে, ''যিনি স্থ্যমণ্ডলের অভ্যন্তরে অবস্থান করিয়া স্থ্যকে নিয়ন্ত্রিত করিতেছেন, স্থ্য থাহার শরীর, অথচ স্থ্যাভিমানী জীব থাহাকে জানে না, তিনি ডোমার আত্মা, তিনি অন্তর্থামী, তিনি অবিনাশী'' [যু: ৩.৭.৯]। এই শ্রুতিতে স্পষ্টই বলা হইয়াছে যে, পরমেশ্বরই স্থ্যমণ্ডলের অভ্যন্তরে অবস্থান করেন, কিন্তু তিনি স্থ্যমণ্ডলাভিমানী জীব হইতে ভিন্ন।

অভএব, এই শ্রতি এবং আমাদের আলোচা-শ্রতি যথন

প্রতিমা পুরার ইহাই রহন্ত।

[†] বে শরীরের প্রতি যাহার অহং সম্বন্ধ স্থাপিত হয়, সে সেই শরীরাভিমানী জীব। বেমন, আমার শরীরাভিমানী জীব আমি, ভোমার শরীরাভিমানী জীব তুমি; সেইরূপ স্বা্যস্তানে অহংজ্ঞান যুক্ত জীববিশেষ স্বা্যাভিমানী জীব।

এक हे श्रेकात, ज्यंन रूपां मण्याय ७ हक् व भूक्ष (य भ्रास्य तहे, त्म বিষয়ে আর সন্দেহ কি ?

শিষ্য। ছান্দোগ্য উপনিষদে শালাবত্য নামক এক ত্রাহ্মণ ও হৈবলি নামক এক রাজার মধ্যে এইরূপ প্রশোভর আছে। শালাবত্য জিজাসা করিলেন "এই জগতের আশ্রম কি ?" উত্তরে জৈবলি বলিলেন, "আকাশই এই থিব চরাচরের আশ্রয়। আকাশ হইতেই সমন্ত পদার্থ উৎপন্ন হয়, আকাশেই অবস্থিতি করে, আবার আকাশেই লয়প্রাপ্ত হয়। আকাশ এই সমন্ত হইতে শ্রেষ্ঠ, উহাই স্কলের পরম আশ্রয়, মূলাধার" [ছাঃ ১.৯.১] ে এম্থলে এই আকাশ বলিতে কি বুঝাইতেছে, তাহা ঠিক বুঝিতে পারিতেছি না। কারণ, আকাশ বলিতে ত এই বাহা ভূতাকাশই বুঝায়, এবং এই অর্থেই জনস্থাত্তে —এমন কি বেদেও, আকাশ শব্দের ব্যবহার হয়। আবার, কোন কোন শ্রুতিতে পূর্বাপর পর্যালোচনা করিলে আকাশ শব্দের ব্রদ্ধ-অর্থও নির্দারিত হয়। স্থতরাং জৈবলি কি অর্থে আকাশ শব্দের ব্যবহার করিয়াছেন, ভাহা নির্ণয় করিতে পারিতেছি না। তবে আমার মনে হয়, এম্বলে বাহ্ এই ভূতাকাশ অর্থই ঠিক। কারণ, আকাণ শব্দের এই অর্থই অধিক প্রাসিদ্ধ। 'আকাশ' এই শব্দটী ভনিবানাত্র ভূতাকাশেরই বোধ হয়, স্বতরাং ভূতাকাশই উহার মুখ্য অর্থ। তবে ব্রন্ধে যে আকাশ শব্দের প্রয়োগ দেখা যায়, তাহা গৌণ वनियारे मानिया नरेट इरेटा। य ऋतन मृथा अर्थ গ্রহণ করিলে कान नाथा अत्य ना, तम ऋत्न त्रीन अर्थ चीकात कता त्नारमत्रहे। সেরপ করিলে কোন শব্দেরই একটা নিশ্চিত অর্থ বুঝা অসম্ভব হয়।

গুৰু। কিন্তু এম্বলে যদি আকাশ বলিতে বাহ্ন ভূতাকাশই

বোঝ, তবে "আকাশ হইতেই এই সমস্ত পদার্থের উৎপত্তি হয়"——
এই উক্তি সন্ধৃত হয় কি প্রকারে ?

শিষ্য। কেন, ভূতাকাশ প্রথমস্ট পদার্থ। তাহা হইতে বায়, বায় হইতে জন্ম-এইরপ ক্রমান্বরে বাবতীয় পদার্থের স্প্রির কথা শ্রুতি স্বয়ংই বলিয়াছেন। স্ক্তরাং জ্ঞান্ত সকল পদার্থের কারণ জাকাশ, তাহা হইতে সমন্ত উৎপন্ন হয়, এবং সেই জ্ঞান্ত স্ক্রমণ জ্ঞান্ত সমত ভূত হইতে জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ এবং তাহাদের ম্লাধার—এরপ বলায় দোষ কি । জ্ঞান্ত জ্থানার মনে হয়, এয়লে আকাশ বলিতে ভূতাকাশই ব্রাইতেছে।

গুরু। না,

আকাশঃ তৎ-লিঙ্গাৎ ॥২২॥

আকাশ শব্দে ব্রহ্মকেই ব্ঝিতে হইবে [আকাশঃ]; যেহেতু, আলোচ্য স্থলে দেই ব্রহ্মের [তৎ] লিঙ্গ, চিহ্ন অর্থাৎ ব্রহ্মবাধক কথা আছে [লিঙ্গাৎ]। জৈবলি কথিত আকাশ ব্রহ্মই। যেহেতু, দেই আকাশ সম্বন্ধে যে সমস্ত কথা বলা হইয়াছে, তাহা ব্রহ্মের সম্বন্ধেই ঠিক ঠিক থাটে। ভূতবর্গের উৎপত্তি ব্রহ্ম হইতেই হয়—ইহা সমস্ত উপনিষ্দেরই সিদ্ধান্ত। আকাশ হইতেই যথন সমস্ত ভূতের উৎপত্তির কথা এন্থলে বলা হইয়াছে, তথন এই আকাশ ব্রহ্ম ছাড়া আর কি হইতে পারে? ভূতাকাশ বায়ু প্রভৃতির কারণ হইলেও এন্থলে সে অর্থ গ্রহণ করা যায় না। কারণ, এন্থলে দেখিতে পাই, আকাশ হইতেই সমস্ত ভূতের উৎপত্তি, অন্ত কিছু হইতে নয়—এইর্গ্প বিশেষ করিয়া এক্মাত্র আকাশকেই সর্ব্বকারণের কারণ বলা হইয়াছে। বায়ু প্রভৃতি ভূতাকাশ হইতে উৎপত্ন হইলেও এ ভূতাকাশই উহাদের

এক মাত্র কারণ নয়, মূলত: ঐ ভতাকাশ যাহা হইতে উৎপন্ন তাহাই উগদেরও আদি কারণ। স্বতরাং জৈবলি কথিত আকাশ বন্ধই।

আরও দেথ, ঐ স্থলে নির্বিশেষে সমন্ত উত্তেরই উৎপত্তি ঐ আকাশ হটতে হয়--এইরূপ বর্ণনা আছে। স্বতরাং ভুতাকাশও, ঐ সম্প্ ২০০র অন্তর্গত একটা ভত বলিয়া, জৈবলি কথিত **আকাশ হইতে** উংপল্ল-ইহাই প্রনাণিত হয়। সর্বজ্যেষ্ঠ ও সর্বামূলাধার মুখ্যভাবে ব্ৰন্ত । এইরণ এ আফাশ প্রসঙ্গে আরও এমন সব কথা আছে, যাহা এলোর পক্ষেই সভ্য হয়। আৰ**্শ শনে প্রথমে ভূতাকাশের বোধ** ২টলেও প্রস্থাপর প্যালোচনা করিয়া সেই অর্থ **গ্রহণ করা যায় না**। অভত্রত দৈবলি কথিত আকাশ এমই।

डंडेक्स.

ভালোগা উপনিষদের একফলে প্রশ্ন করা হইয়াছে---'সামগানের া অংশে ধ্যানের জ্ব্সা যে দেবতার উল্লেখ <mark>আছে, সেই দেবতাট</mark>া া ে ' উত্তরে বলা ইইয়াছে, "জাহা প্রাপা, কেন-না, এই সমস্ত ড্ড গ্রাণ হইডেই জনে, আবার প্রাণেই ল্পেপ্র হয়" (ছা: ১.১১.৪-৫) টভালি। এন্তলেও—

অতঃ এব প্রাণঃ॥২৩॥

পুঞ্চোক কারণেই [অভএব] প্রাণ বলিতে ব্রন্ধকেই ব্রিতে ২টাব জিলা। ঐ প্রাণের আলোচনা প্রসঙ্গে এমন সব কথা আছে, যাহা এক সুধুকেই থাটো : স্বতরাং প্রাণ জ স্থলে এক অথেই বাবস্থত ३ हेशा छ ।

শিষা। ছালোগা উপনিষদে একটি মন্ত্ৰ আছে, "যে কেনাডিঙ্ক ভালেকের প্রপ্রানে প্রদীপ্ত ইইছেছে, উত্তমাধ্য সম্প্ত ভূবন ব্যাপিয়া

বিশ্বময় বে জ্যোতি:, মহুরোর অন্তরেও সেই জ্যোতি:" (ছা: ৩.১৩.৭)। এ স্থলে জ্যোতিঃ শব্দবারা কোন বস্তুর নির্দেশ করা হইয়াছে ?

খন। জ্যোতিঃ, চরণ-অভিধানাৎ ॥ ২৪ ॥

ভোডি:শৰ্ ব্ৰন্ধেরই বোধক [জ্যোতি:]; যেহেতু, এই বিশ্ব ব্রহ্মাণ্ডকে ঐ জ্যোতির এক পাদ বা অংশ রূপে [চরণ] বলা হইয়াছে [অভিধানাৎ]।

যে মন্ত্রে জ্যোতিঃশব্দের ব্যবহার করা হইয়াছে, তাহার ঠিক পর্ববর্ত্তী মন্ত্রে এই বিশ্বব্রদাণ্ডকে ঐ জ্যোতিরই চতুম্পাদের একপাদরূপে বর্ণনা করা হইয়াছে। স্থতরাং জ্যোতিঃ শব্দ দারা সূর্য্য প্রভৃতি কোন জ্যোতিষ্ঠকে বুঝান অসম্ভব। ব্রহ্ম ব্যতীত আর কাহারও অংশ-বিশেষকে এই বিশ্ব ব্রহ্মাণ্ডরূপে কল্পনা করা যায় না। অতএব জ্যোতি: শব্বের অর্থ এম্বলে ব্রহ্ম।

শিষ্য। তাহা হইলে আপনি বলিতে চান যে, পূর্ববত্তী মন্ত্রে ত্রন্ধের কথা বলা হইয়াছে, এবং পরবর্ত্তী মন্ত্রেও সেই ত্রন্ধ সম্বন্ধেই কথা হইতেছে, কেবল জ্যোতি: শব্দের পার্থক্য। কিন্তু পুরুবিন্তী মন্ত্রে ত ব্রন্ধের কথা বলা হয় নাই, পরন্ত

ছলঃ-অভিধানাৎ ন ইতি চেৎ १—

গায়ত্রী নামক ছন্দেরই [ছন্ক:—] উল্লেখ থাকায় [অভিধানাং] জ্যোতি: শব্দ ব্রন্ধের বোধক নয় নি —এই কথা হিতি] যদি [(हर] विन १---

^{ভিফ ।}— ন, তথা চেতঃ-অর্পণ-নিগদাৎ ; তথা হি দর্শনম্ ॥২**৫**॥ না, সে কথা বলিতে পার না [ন]: ষেহেত, সেই গায়ত্রী নামক ছন্দ

ষারা, অর্থাৎ গায়ত্রী ছন্দ অবলম্বন করিয়া [তথা] চিছের সমাধান [চেতোর্পণ] বিহিত হইয়াছে [নিগদাৎ]; এবং যেহেতৃ [হি] এইরূপ বিকার অর্থাৎ ব্রন্ধাতিরিক্ত পদার্থ অবলখন করিয়া চিত্ত সমাধানের ব্যবস্থা [তথা] অক্যান্ত শুতিতেও দেখা যায় [দর্শনাৎ]।

গায়ত্রী এক প্রকার ছল। পূর্বে মন্ত্রে ঐ গায়ত্রী শব্দ আছে বলিয়া যে দে ছলে ব্রহ্ম কথিত হয় নাই, কেবল ছলোবিশেবের কথাই বলা হইয়াছে—একথা সক্ত নয়। একটু প্রণিধান করিলে বৃঝিতে পারিবে, ঐ মন্ত্রে ব্রহ্মকেই গায়ত্রীরূপে বর্ণনা করা হইয়াছে। ওরূপ বর্ণনা করার উদ্দেশ্য গায়ত্রীরূপে ব্রহ্মের ধানের ব্যবস্থা। অক্যান্ত শ্রুতিতেও এরূপ শ্রেতীক্র অবলম্বনে প্রম ব্রহ্মের ধ্যানের ব্যবস্থা দেখিতে পাই। শালগ্রাম প্রভৃতি মৃত্তিপূজার রহস্তও এই।

ভূত-আদি-পাদ-ব্যপদেশ-উপপত্তঃ চ এবম্ ॥২৬॥

আর [চ] পূর্ব মন্ত্রে ব্রহ্মই গায়ত্রীরূপে বর্ণিত হইয়াছেন, একথা স্থীকার করিতে হইবে [এবম্]; যেহেতু, তাহা হইলেই ভূত প্রভৃতিকে গায়ত্রীর পাদরূপে বলা সঞ্কত হয় [ভূতাদিপাদব্যপদেশোপপভঃ]।

পূর্বনত্তে যে গায়ত্রীর উল্লেখ আছে, তাধার সম্বন্ধে বলা হইয়াছে যে, ভূড, পৃথিবী, শরীয় ও হনয়—এই চারিটি তাহার পাদ। বন্ধ অর্থ ছাড়া গায়ত্রীর অক্ত অর্থ স্বীকার করিলে ঐ কথা সক্ত হয় না। অতএব পূবর্ণ মত্তে বন্ধই বর্ণিত হইয়াছেন; পরমন্ত্রে সেই বন্ধই ছ্যুলোক প্রভৃতির উপরে ইত্যাদি বর্ণনা করা হইয়াছে।

শিষ্য। কিন্তু পূর্ব্ব মন্ত্রে 'গুলোকে' এইরূপ সপ্তমী বিভক্তি আছে। আর পর বাক্যে 'গুলোক হইতে' এইরূপ পঞ্চমী বিভক্তি আছে। এক স্থলে গুলোককে আধার, অপর স্থলে ভাহাকে সীমা বলা হইয়াছে। অর্থাৎ পূর্ব্বাক্যে যে বস্তুর বর্ণনা করা হইয়াছে, ভাহা ছ্যুলোকে অবস্থিত, আর পরবাক্যে যে জ্যোতির নির্দেশ করা হইয়াছে, ভাহা ছ্যুলোক হইতে উর্দ্ধে অবস্থিত। স্থৃতরাং

উপদেশ-ভেদাৎ ন ইতি চেৎ ?—

ত্বই বাক্যে ত্ইটা বিভক্তি ধারা ত্ই রকমের কথা বলা হইরাছে বলিয়া [উপদেশ ভেদাৎ] উভয় বাক্যের প্রতিপাদ্য একই ত্রন্ধ — এইরূপ সিদ্ধান্ত করা যায় না [ন], যদি [চেৎ] এরূপ [ইতি] বলি ?—

গুরু। ন, উভয়িস্মিন্ অবিরোধাৎ ॥২৭॥

না, সেরপ বলিতে পার না [ন]; যেহেতু, তুইবাক্যে তুই রকমের বিভক্তি থাকিলেও [উভয়ম্মিন্] উভয় বাকো একই বস্তুর নির্দেশ করা হইয়াছে—একথা স্বীকার করিতে কোন বাধা নাই [স্ববিরোধাৎ]।

প্রবাক্যে যে বন্ধর বর্ণনা করা হইয়াছে, তাহা ঘ্রালোকে অবস্থিত, আর পরবাক্যে যে জ্যোতির বর্ণনা আছে, তাহা ঘ্রালোকের পরপারে অবস্থিত। ইহাতে আপাততঃ মনে হইতে পারে যে, ঘুইটা বাক্যে ঘুইটা পৃথক্ বস্তুর আলোচনা করা হইয়াছে। কিন্তু বস্তুতঃ তাহা নয়। কারণ বিভক্তির পার্থ কা থাকিলেও পরবর্তী বাক্যের জ্যোতিকে প্রবিধ্যাক্ত বস্তু বলিয়া ব্ঝিতে কোন বাধা হয় না। বিভক্তির একটা ধরাবাধা অর্থ নাই। সাধারণ লোকেও সেইজ্যু অনেক সময় যেমন তেমন করিয়া বিভক্তি প্রয়োগ করে। গাছের উর্দ্ধে একটা পাথী। আর ব্রহ্ম

সক্রাপী বলিয়া তিনি ত্মলোকেও আছেন, তাহার উদ্ধেও আছেন।
অতএব উভয় নত্ত্রে ত্মলোকের সধক্ষে একই বন্ধর প্রতিপাদন করা
হইয়াছে, এরপ সিদ্ধান্ত করায় কোন আপত্তি হইতে পারে না; এবং
সেই বস্ত বন্ধ। স্তরাং আলোচা শ্রুতিতে জ্যোতিঃশব্দে বন্ধকেই
ব্রিতে হইবে।

শিষ্য। কৌষীতকি উপনিষদে একটা আথায়িকা দেখিতে পাই।
একসময়ে দিবোদাসের পুত্র প্রতর্দন স্বীয় পুরুষকার বলে ইন্দ্রালয়ে
উপস্থিত হন। ইন্দ্র তাঁহার উপর সম্ভাই হইয়া একটি বর দিতে চাহিলে
প্রতদ্দন বলিলেন, "মাহুষের যাহা পারুম ক্রুক্স্যাঞা, আমনি তাহাই
আমাকে বলুন।" ইন্দ্র বলিলেন, "আমিই প্রাণা, আমিই প্রক্রাত্মা
আমাকে আয় ও অমৃতজ্ঞানে উপাসনা কর" (কৌ: ৩.১)। একট্
পারে আবার বলিলেন, "প্রাণই প্রক্রাত্মা, প্রাণই এই শরীর ধারণ
কার্য়া আছে" (কৌ: ৩.২)। আবার, "বাকা ক্রানিতে ইচ্ছা করিও
না, নক্তাক্ষেই জান"। অবশেষে বলিলেন, "এই বে প্রাণ, ইনিই
প্রজ্ঞাত্মা, ইনি আনন্দ, অন্তর, অমর" (কৌ: ৩.৮)।

এখনে, আনন্দ, অজর, অমর, ইত্যাদি শব্দ পাকায় উক্ত প্রাণকে বন্ধ বিশ্বাই মনে হয়। আবার, ইন্দ্র যথন নিব্দেকেই উপাসনা করিতে বলিতেছেন, তথন প্রাণ অর্থ দেবতাবিশেষ বলিয়াই স্বীকার করিতে হয়। আবার, এই প্রাণ সম্বন্ধেই বলা হইয়াছে যে, সে শরীর ধারণ করিয়া থাকে; অভএব বলিতে হয়, ঐ প্রাণ প্রাণশক্তি মাত্র। প্রকাহরে 'বক্তাকে ভান'—এই কথায় জীবকেই বৃঝাইতেছে। স্থতরাং প্রাণ শক্তের প্রকৃত অর্থ এখনে কি, ফুপাপ্র্ক্ত আমাকে বলুন।

ওক। প্রাণঃ তথা অমুগমাৎ ॥২৮॥

প্রাণ শব্দে ব্রন্ধকেই বৃঝিতে হইবে [প্রাণ:]; বেচ্ছেড়, প্রাণ শব্দের ঐ অর্থই [তথা] প্রতীয়মান হয় [অমুগমাং]।

ইন্দ্র ও প্রতর্দন সংবাদে যে প্রাণের বিষয় বিবৃত ইইয়ছে, সেই প্রাণ বন্ধই, কেননা ঐ আধ্যায়িকার পূর্বাপর পর্যালাচনা করিলে প্রাণ শব্দের ব্রহ্ম ব্যতীত অন্ত অর্থ স্বীকার করা যায় না। প্রথমতঃ দেখ, প্রতর্দন জানিতে চাহিলেন জীবের পরম কল্যাণ। উত্তরে ইন্দ্র প্রাণকেই জীবের পরমপূক্ষার্থ রূপে বর্ণনা করিলেন। জীবের পরম পূক্ষার্থ ব্রহ্ম ছাড়া আর কি হইতে পারে ? তারপর, যে প্রাণের জ্ঞানে সর্ব্বপাপ কয়, তিনিই প্রজ্ঞাত্মা (জীবাত্মা), তিনি আনন্দ, অন্তর, অমর ইত্যাদি উক্তি প্রাণের ব্রহ্ম অর্থ স্বীকার করিলেই স্বস্পত হয়।

শিষা। কিছ

ন বক্ত্যুঃ আত্মোপদেশাৎ ইতি চেৎ ?—

প্রতর্গনের প্রশ্নের উত্তর দাতা ইন্দ্রের [বজু:] আপন আত্মাকেই ঐ আধ্যায়িকায় প্রাণব্ধণে উপদেশ করা হইয়াছে ["আমিই প্রাণ"], অতএব [আত্মোপদেশাৎ] প্রাণ বলিতে ব্রন্ধকে ব্যায় না [ন], একথা [ইতি] যদি [cচং] বলি ? অর্থাৎ ঐ আখ্যায়িকায় শরীরধারী ইন্দ্র নামক এক দেবতা "আমাকেই জান, আমি প্রাণ, প্রজ্ঞাত্মা" ইত্যাদিরূপে আপন আত্মাকেই প্রাণরূপে নির্দ্ধেশ করিয়াছেন। স্বতরাং প্রাণ ব্রন্ধ হইবে কিরুপে ?

গুরু। বক্তা ইন্দ্র আপনাকেই প্রাণ বলিয়া নির্দেশ করিলেও গুম্বলে প্রাণ বন্ধ ব্যভীত মার কিছুই নয়,

অধ্যাত্ম-সম্বন্ধ-ভূমা হি অস্মিন্ ॥২৯॥

যেহেতু [হি] ঐ আগ্যায়িকা যে অধ্যায়ে আছে, দেশুলে [অন্মিন্] আত্মার প্রদক্ষই [অধ্যাত্মদক্ষ] ভূমা অর্থাৎ প্রচুর [ভূমা]।

যদিও ঐ আখ্যায়িকায় ইন্দ্র নামক একটা দেবতা আপনাকেই প্রাণ বলিতেছেন, তথাপি ঐ অধ্যায়ে প্রায় সর্বজ্ঞই প্রাণকে এরপভাবে বর্ণনা করা হইয়াছে যে, সেই প্রাণ ব্রহ্ম ব্যতীত আর কিছুই হইতে পারে না।

শাস্ত্রদৃষ্ট্যা তু উপদেশঃ, বামদেববৎ ॥৩०॥

তবে [তু] ইন্দ্রের স্বীয় আত্মারূপে যে প্রাণের নির্দেশ, তাহা [উপদেশ:], বামদেব ঋষির ফায় [বামদেববৎ], উপনিষৎ শাস্ত্রের শিক্ষা অনুসারেই [শাস্ত্রদৃষ্ট্যা] করা হইয়াছে।

"আমি ব্রহ্ম"—এইরপ জীবাত্মা ও প্রমাত্মার অভেদ দৃষ্টি উপনিষদের চরম শিক্ষা। ইন্দ্র আত্মতত্ব সমাক্ উপলব্ধি করিয়া 'আমিই ব্রহ্ম'—এই দিব্য জ্ঞান লাভ করিয়া, আপনাকে প্রাণব্রন্ধের সহিত অভিন্ন ভাবে উপদেশ করিয়াছেন। বামদেব নামক ঋষি আত্মতত্ব অবগত হইয়া বলিয়াছিলেন, "আমি মহু, আমি সূর্যা" ইত্যাদি। এস্বেরও ইন্দ্র আপনাকে ব্রহ্ম হইতে অভিন্ন জানিয়া প্রাণব্রন্ধের সহিত আপনার একজের কথা বলিয়াছেন। অতএব প্রাণব্রন্ধের সহিত আপনার একজের কথা বলিয়াছেন। অতএব

শিষ্য। কিন্তু এ প্রাণকে ত বক্তা বলিয়াও নির্দেশ করা হইয়াছে। আর বক্তা বলিতে যথন শরীরেক্সিয়ের অধ্যক্ষ জীবকেই বুঝায়, তথ্য প্রাণ শন্দে জীবদেই লক্ষ্য করা হইয়াছে, একথা বলি না কেন ? পক্ষাস্তরে আবার, 'ঐ প্রাণ শরীর ধারণ করিয়া আছে' এই কথায়, শরীর ধারণ মুখ্য প্রাণ শক্তিরই কার্য্য বলিয়া আলোচ্য প্রাণকে মুখ্য প্রাণই বলিতে হয়। অতএব

জীব-মুখ্যপ্রাণ-লিঙ্গাৎ ন ইতি চেৎ ? —

জীববোধক ও মৃধ্য প্রাণ বোধক কথা থাকায় [জীবম্থ্যপ্রাণলিঙ্গাৎ] প্রাণ শব্দে ব্রদ্ধকে ব্রায় না [ন], একথা যদি [ইতি চেৎ] বলি ?

প্রস্তাবিত শ্রুতিতে প্রাণের এমন সব ধর্মের কথা আছে, যাহাতে সেই প্রাণকে জীব বলিয়াই বোধ হয়। আবার এমন সব ধর্মেরও উল্লেখ আছে, যাহাতে তাহাকে মুখ্য প্রাণশক্তি বলিয়াই বোধ হয়। স্কৃতরাং আলোচ্য প্রাণকে ব্রহ্ম বলা সক্ষত নয়, একথা যদি বলি ?——

ভক্ষ। ন, উপাসা-ত্রৈবিধ্যাৎ ; আশ্রিতত্বাৎ ইহ তদ্যোগাৎ॥৩১॥

না, তাহা বলিতে পার না [ন], কারণ তাহা হইলে এম্বলে তিন বস্তুর উপাসনার বিধি দেওয়া হইয়াছে, এরপ বলিতে হয় [উপাসাকৈবিধ্যাৎ], অভএব অন্ত শ্রতিতে ব্রন্ধবোধক ধর্মের উল্লেখ দেখিয়া
বেমন প্রাণশব্দের ব্রন্ধ অর্থ শ্রীকার করা হইয়াছে [১০১ ২০ প্রষ্টবা]
সেইরূপ [আপ্রিভ্যাৎ] এই স্থলেও [ইহ] সেই ব্রন্ধবোধক শব্দের
ধোগ থাকায় [তদ্যোগাৎ] প্রাণ বলিতে ব্রন্ধই বুঝিতে হইবে।

ইন্দ্র-প্রতর্দন প্রত্তাবে জীব, মৃথ্য প্রাণ ও ব্রহ্ম—এই তিনটি বিভিন্ন বস্তুর বিষয়ই বলা হইয়াছে, এ কথা যদি বল, তবে অবশুই স্বীকার করিতে হইবে যে, এস্থলে জীবের উপাসনা, মৃথ্য প্রাণের উপাসনা ও ব্রহ্মের উপাসনা—এই তিন জনের উপাসনার ব্যবস্থা আছে; কিন্তু ঐ প্রস্তাবের পূর্কাপর প্র্যালোচনা করিলে দেখা যায়, শুধু একটি মাত্র বস্তরই উপাসনার বিধি দেওয়া ঐ শ্রুতির উদ্দেশ্য। অতএব অত্যন্ত যথন ত্রদ্ধ নিশ্চায়ত শব্দের সামর্থ্যে প্রাণশদে ত্রদ্ধকেই ধীকার করা ইইয়াছে (১. ১. ২০ প্রষ্টব্য), তথন এফ্লেও ত্রদ্ধনিশ্চায়ক 'হিত্তন' (সর্বাণেক্ষা ক্ল্যাণকর) ইত্যাদি শব্দ থাকায় প্রাণ বলিতে ত্রদ্ধকেই বুঝিতে হইবে।

শরীর ধারণাদির ম্থা প্রাণের ক্রিয়াও ব্রক্ষেরই অধীন। ব্রন্ধ
আছেন বলিয়াই প্রাণের কার্য্য সম্ভব হয়—একথা শ্রুতিই বলেন।
স্তরাং ব্রদ্ধকে গৌণভাবে ম্থ্যপ্রাণ বলিশেও দোষ হয় না।

আর, বক্তাও যথার্থতঃ ব্রন্ধই। তাঁহার প্রেরণাতেই বাগিন্ধিয়ের কাল্য হয়। বস্তুতঃ জীবও ব্রন্ধ হইতে একেরারে স্বডন্ধ, পৃথক কিছু নয়। "তথমসি", "অহং ব্রন্ধান্মি" ইত্যাদি বহু শুন্তি জীবও ব্রন্ধর করা ঘোষণা করেন। তবে স্বস্তুকরণাদি উপাধির যোগেই ব্রন্ধকে করা, ভোক্তা প্রভৃতি আখ্যাপ্রদান করা হয় এবং সেই উপাধি পরিত্যাগ করিলে জীবই ব্রন্ধ, ব্রন্ধই জীবের স্ব-রূপ। এই তত্ম বলিবার উদ্দেশ্যেই শুন্তি বলিতেছেন, "থাক্য জানিবার ইচ্ছা করিও না, বজাকেই জান।" ব্যাল্য কেন্দ্র স্থান হইতে উদ্ভূত হয়, তাহাই স্বয়সন্ধান কর, দেখিবে উপাধিলা ব্রন্ধের দহিত অবিদ্যাপ্রভাবে এক একটা উপাধি জুড়িয়া দিবকি ভাষাকে বক্তা, শ্রোভা ইত্যাদি বলিয়া মনে হইবে। এইরূপ গ্রাণ্যান্ধনে বস্তুত বাক্টের মূল কি, তাহা জানিতে পারিবে। শ্রুতি জীবকে বন্ধাভিন্থী করিবার জন্ম এইরূপ উপদেশ করিয়াছেন। অতএব নির্দ্ধিত হইল যে, গ্রাণ অকই।

প্রথম অধ্যায়

দ্বিতীয় পাদ

ূ প্রথম পাদে প্রতিপাদিত হইয়াছে যে, এক মাত্র ব্রন্ধই সমন্ত ৬।গতের উৎপত্তি, স্থিতি ও লয়ের কারণ। যেহেতু তিনি বিশ্বব্র্বাণ্ডের কারণ, সেই হেতু তিনি যে সর্ব্ব্রাণী, সর্ব্বশক্তি, সর্ব্বমন, নিত্য ও সর্ব্বস্তু—ইহা স্বতঃই প্রতিপন্ন হয়। ইহা প্রতিপাদনের জন্ম আর অন্ম যুক্তির আবশ্রক করে না। যিনি সমন্ত জগতের উৎপত্তি, স্থিতি ও লয়ের কারণ, তাঁহার এই সমন্ত ধর্ম স্বাভাবিক। তাহা না হইলে তিনি কারণই হইতে পারেন না। তারপর, কতক শতিতে এমন সব শব্দ আছে, যাহার অর্থ ব্রন্ধ কি-না, সে বিষয়ে সন্দেহ উপস্থিত হয়। সেই সব শব্দের তাৎপর্যাও যে ব্রন্ধপর, তাহাও যুক্তি সহকারে প্রথম পাদে দেখান হইয়াছে। কিন্তু এমন আরও অনেক শ্রুতিবাক্য আছে, যে স্থলে ব্রন্ধ-নিশ্চায়ক কোন স্পষ্ট শব্দ নাই। দ্বিতীয় ও তৃতীয় পাদে দেই সমন্ত অস্পষ্ট বাক্যসমূহের বিচার হইতেছে।

শিশু। ছান্দোগ্য উপনিষদে আছে, "এ সমন্তই ব্রহ্ম; কারণ, সবই
তাঁহা হইতে উৎপন্ন হয়, তাঁহাতেই দ্বিতিলাভ করিয়া কার্য্য সম্পাদন
করে, এবং তাঁহাতেই লীন হয়। অতএব, শান্ত মনে উপাসনা করিবে।
দ্বীব কর্ম্ময়, ভাবময়। যে যেরপ ভাবনায় আপনাকে ভাবিত করে,
মৃত্যুর পরেও সে সেই ভাব প্রাপ্ত হয়। অতএব, হ্রুন্দ্ শিস্তের
মস্মান্তর্ম, প্রাপা-ম্প্রীর্ন, ক্রেন্ট্যাভিপ্তস্কর্ক্রস্কেশ্র ধ্যান

কবিবে" (ছা: ৩. ১৪.১,২)। এই ঞ্তিতে মনোময়, প্রাণশরীর ইত্যাদি কথায় কি জীবের উপাসনার বিধান করা হইয়াছে, না বন্ধের ?

গুৰু। এই শ্ৰুতিতে বৰ্ণিত মতেনামহা প্ৰক্ৰেম বন্ধ। তাঁহারই উপাসনার বিধি এন্থলে দেওয়া হইয়াছে।

সর্বত্র প্রসিদ্ধ-উপদেশাৎ ॥ ১ ॥

সমত শ্রুতিতে [সর্বত্র] জগৎকারণরূপে প্রসিদ্ধ যে ত্রন্ধ বিপ্রসিদ্ধ], তই শ্রুতিতেও তাঁহারই উপদেশ করা হইয়াছে, এইজন্ম [উপদেশাৎ] বলিতে হইবে, মনোময় প্রভৃতি ধর্ম দারা ব্রন্ধকেই নির্দেশ করা श्रियाक ।

আমাদের আলোচ্য শ্রুতির প্রারম্ভেই "সমন্তই ব্রহ্ম"—এই বাক্য দার। অক্সান্ত শ্রুতিতে যে জগৎ কারণ ব্রন্ধ প্রতিপাদিত হইয়াছে, সেই ব্রম্পেরই বর্ণনা করা হইয়াছে: মুডরাং জাহার বিষয়ই আলোচিত হইতেছে-এরপ বলাই যুদ্ধিযুক্ত। সহসা একই প্রসঙ্গে নতন কিছুর অবতারণা হইয়াছে---একথা নিতান্ত অপ্রন্ধেয়। অতএব মনোময় প্রভৃতি শব্দ দারা এমোরই ধর্ম নির্দেশ করা ইইয়াছে।

বির্ভিজ-খন-উপপ্রের চন্ত্র । ২।।

আয়ত [চ] ট্রিপাদনার জন্ত স্থীকার্যা জনত্যক্ত গুণ [বিবক্ষিত-গুণ] अक्ष मध्यक्ष উপপদ इस विका [উপদতে:] मरनामयवानि धर्म वाजा ত্রপোর্ট নির্দেশ করা চইয়াছে।

নিজ্ঞণ ব্ৰংখৰ উপাধনা হইতে পান্তে না—এ কথা পূৰ্ব্বেই বলিয়াছি। এই ফাডতে ত্রন্ধ-উপাধনার বিধি আছে। স্থতরাং সেই উপাসনার ধকা কভকগুলি গুণের আব্খাক। যে সমস্ত গুণ অবলখন করিয়া ধ্যান করিতে হুইবে, শ্রুতি 'মনোময়', 'প্রাণ শরীর', 'জ্যোতি:স্বরূপ' ইত্যাদি শব্দ দ্বারা সেই সমস্ত গুণের নির্দেশ করিয়াছেন। অতএব উক্ত গুণগুলির নির্দেশ যাহাতে সার্থক হয়, সেইজন্যও অবশ্য স্বীকার করিতে হুইবে যে, মনোময় প্রভৃতি গুণ-বিশিষ্ট পুরুষ ব্রন্ধই। 'সত্যসকল্প', 'নিম্পাপ', 'সব্বল্রেষ্ঠ' ইত্যাদি গুণ ব্রন্ধেই সঙ্গত হয়। 'মনোময়', 'প্রাণশরীর'—এই ছুইটী কথা জীব সম্বন্ধীয় হুইলেও ব্রন্ধ যথন সর্ব্বাত্মক, সর্ব্বন্ম, তথন জীবের ধর্মও তাঁহারই ধর্ম। শ্রুতি ব্রন্ধ সম্বন্ধেই বলেন, "তুমি স্ত্রী, তুমি পুরুষ, তুমি কুমার, তুমি কুমারী, তুমি বুদ্ধ, তুমি শিশু" (খেঃ ৪.৩) ইত্যাদি। অতএব প্রস্তাবিত শ্রুতিতে মনোময়ন্থাদি ধর্ম দ্বারা ব্রন্ধেরই নির্দেশ করা হুইয়াছে, এবং তিনিই উপাস্য।

অনুপপত্তেঃ তু ন শারীরঃ।। ৩।।

পক্ষান্তরে [তু] শরীরে আবদ্ধ যে জীব সে [শারীরঃ] মনোময় প্রভৃতি ধর্ম দারা লক্ষিত উপাস্য পুরুষ নয় [ন]; যেহেতু, শ্রুত্যক্ত গুণ-সমূহ তাহার পক্ষে থাটে না [অহুপপত্তেঃ]।

'সত্যসহল্প', 'আকাশাত্মা', 'অবাক্য', 'সর্বশ্রেষ্ঠ' ইত্যাদি গুণ শরীরাবদ্ধ জীবের পক্ষে সম্ভবই হয় না। অতএব জীব যে আলোচ্য শ্রুতিতে উপাশ্রদ্ধপে বর্ণিত হয় নাই, ইহা নিশ্চিত।

.. ঐ শ্রতিতে বর্ণিত মনোময় প্রভৃতি গুণ বিশিষ্ট পুরুষ যে জীব নয়, তাহার অন্য কারণও আছে—

কর্ম-কর্ত্ -ব্যপদেশাৎ চ।। ৪।।

ঐ পুরুষকে 'কর্মা', আর জীবকে 'কর্তা' রূপে উপদেশ করা হইয়াছে, এইজন্য ৪ [কর্মকর্ত্ ব্যদেশাচ্চ] ঐ পুরুষকে জীব বলা যায় না।

জ জাতিতে নল। ধুইয়াছে, জীব মৃত্যুর পর ঐ পুক্ষরে সহিত এক ্ট্যা ক্রা সভ্রাং জীব এক হইছা যাওয়ার কর্মা। আর বানে প্রভাবে যে প্রয়োর সভিত এক হইয়া যা**ইবে, সে** ভা**হার কণ্,** গভা । प्राप्तति द्वीत উप्राप्तक, जे भूक्ष छेशामा, प्रार्थाय सीव डेशामनः जिल्हान ক্ষা কোঠ প্ৰথম সেই জিফা খার। লভা বস্তু (ফর্মা)। স্বার্জনা ত্রত স্পর্গতদ নিজেল যাক্ষা ঐ প্রথকে স্থীব বলা যায় না।

আৰে,

শক-বিশেষাং ॥ ৫ ॥

অন্যক্তিতেও এই ভাবের কথা প্রসঞ্চে জীববোধক শন্ত ও মনোময় প্রভৃতি গুণ বিশিষ্ট পুরুষ-বোধক শব্দের বিশেষ, অর্থাৎ ভেদের উলেগ থাকায় িশুক্রিশেষাথা এফলে জীব উপাতা ন্যু, ইহা নিশ্চয় হয় : এখানে তেরপ মনোময় প্রভৃতি ওণ বিশিষ্ট পুক্ষের কণা আছে, অন্যাশবিবেও সেইন্নপ্র আছে। কিন্তু সেম্বনে পথক পথক শদ ধার कीय ५ के भुक्तभरक स्पर्ध आरुष्टे পुर्यक कविया एम्थान ध्रेयारह । एक्ट्रि এখনেও মনোম্য পুরুষ জীব নয়— ইহা স্থির করা যায়।

শ্বতেঃ চা। ৬ ।।

প্রতিতেও জীব ও অস্থানী প্রমান্তার তের দেখান হট্যাছে। ্যেমন, জিম্বপ্রদূর্যভাতে 🕶 "ডে অর্জন, ট্রার স্ক-ক্রাণীয় অন্তরে বিলাজ করেন। তাহার মায়ায় সর্বাঞ্চীর মধ্যেয় মত পরিচালিত হয়" (গাং ১৯.৬) ইতাচিত্ৰ অভএৰ জীব উপাতান্ত, এমই উপাতাত িল্ড : গুঞ্চের ! পুর্ববর্তী চারিটী স্বত্তের ব্যাণ্ডা গুনিয়া আমার

[্]তিভাও প্রতিশাসের অক্সভাত খলিয়া দুগুনিক্রণে বলেন।

একটা সন্দেহ উপস্থিত হইয়াছে। ত ত্ত্ত ক্মটার ব্যাথ্যা প্রসংগ আপুনি পুন: পুন: বলিয়াছেন যে, জীব ব্রহ্ম নয়, তাঁহা হইতে ভিন্ন। কিন্তু আপনি ত অক্যাক্সলে 'জীব ব্রহ্ম ছাড়া আর কিছুই নয়'—এই কথাই বলিয়াছেন। আবার, "ব্রন্ধ ছাড়া আর দ্রষ্টা খ্রোতা কেহই নাই'' (ব: ৩.৭.২০) - ইত্যাদি মল্লে প্রমাত্মা বাতীত অন্ত আত্মার অতি এই খীকার করা হর নাই। গীতাতেও, "জীবও আমি" (গী: ১৬.২), এইরূপ জীব ও প্রমাত্মার অভিন্নতাই প্রতিপাদন করা হইবাজে। হুতরাং আপনার এই বিরুদ্ধ কথার তাৎপথ্য বুঝিতে প্রচিলাম না।

ওয়। বংসাংশোন। প্রমায়া ভিন্ন যে অতা আত্মানাই—ইহাই পরমার্থ সতা। তথাপি সেই পরমান্ত্রাই দেহ, ইন্দ্রিয় প্রভৃতি উপাধি-সংযোগে অজ্ঞানীর নিকট জীবাজারূপে একটা পুথক পদার্থ বলিয়া বোধ হয়। আর পূর্বেই বলিয়াছি যে, বেলস্তাদি শাস্ত্রও অজ্ঞানীর জ্ঞাই। তাহাকে প্রকৃত সতা ব্যাইবার জ্ঞাই শাস্ত্রের উদ্ধব। স্বতরাং যাহাতে সে ব্ঝিডে পারে, সেই পথ অবলম্বন করাই শাস্ত্রের আবশুক। অজ্ঞানী জীব উপাধিশয় অন্বয় ব্রমের ধারণাই করিতে পারে ন।। তাহাকে উপাধি ও হৈতের ভিতর দিয়াই নিরুপাধি ও অধৈতে নইয়া যাইতে হইবে। জান, খোন কথা বলিতে হইলেই দ্বৈত ছাড়া গল্ভৱ নাই। অদৈত প্রমাঝা স্থয়ে বস্তুতঃ কোন কথা বলাই চলে ন!। (এ বিষয় ক্রমে ব্রিতে পারিবে)। কাৰেই, জীব ও প্রমান্তার ভেদ ক্ষিত ও মিখ্যা ইইলেও, শাস্ত্র षाभाषकः छात्रा मानिया नहेरक वापा, ना इहेरल दकान कथा वनाहे চলে না। হতরাং হতদিন না জীব ও এক্ষের অভেদজ্ঞান হয়, ততদিন क्षिण (जन्य गानिएक्टे स्टेरव : अरज्ञ छान स्टेरल भारत्वत्र कान

প্রয়োজনীয়তা বা সার্থকতঃ থাকে না। অতএব ঐ চারিটা স্থতে জীব ও ব্রন্ধের ভেদ দেখান হইলেও, তাহা দোষের নয়।

শিষ্য। আচ্ছা, আর একটা কথা। ঐ শ্রুতিতেই আছে, ঐ মনোম্যুবাদি গুণবিশিষ্ট পুরুষ হৃদয়ের অভ্যন্তরে আছেন, এবং ধাল বা যব হইতেও কুন্ত। কিন্তু এক সর্কব্যাপী, মহান্, বিরাট পুরুষ। তাঁহাকে কিরূপে অত ছোট এবং অত্টুকু স্থানে আবদ্ধ বলা যায় ? অতএব

অৰ্ডক-ওকস্ত্ৰাৎ, তৎ-ব্যপদেশাৎ চ ন ইতি চেৎ ! —

ঐ পুরুষের হাদয়পদারপ অতি ক্দু নিবাস স্থলের কথা বলা হইয়াছে,
এই জন্ম [অর্তক করাং] [অর্তক = ক্দু, ছোট; ওকঃ = বাসস্থান]
এবং ধান্মাদি হইতে অনু, ক্দু রূপে তাঁহাকে নির্দেশ করা হইয়াছে,
এইজন্ম [তদ্বাপদেশাং]—মনে:ময়য়াদিগুণ বিশিষ্ট পুরুষ ব্রহ্ম হইতে
পারে না [ন]—ইহা য়দি [ইতি চেং] বলি ?

গুৰু। ন, নিচাযাত্বাৎ এবম্; ব্যোমবৎচ।।।।।

না, তাহ। বলিতে পার না [ন], কান্দ্র পরমান্তাকে দেথিবার জন্ত, অথাৎ হদ্পদ্মে উপল্লি করিবার জন্ত [নিচায্যকাৎ] ওরপ [এবম্] বলা হইয়াছে; আর [চ] ইয়া আকাশের মত [ব্যোমবৎ]।

বন্ধ দর্বন্যাপী, মহান্, বিরাট—ইহা সভ্য। বেহেতু তিনি দর্বব্রই আছেন, সেইওভ স্বদ্পদ্মেও অবশুই আছেন। স্থতরাং বন্ধ স্থান্দ্র আছেন বলিলে কি দোৰ হইতে পারে ? বিরাট দর্কব্যাপী বন্ধের ধারণা করা যায় না বলিয়াই স্থাপনে তাঁহাকে স্থাকণে ধ্যান করিবার ব্যবস্থা

ক্র শ্রুতিতে করা হইয়াছে। যেমন শালগ্রামে সহস্রশীর্ষ, সহস্রপাদ বিষ্ণুর পূজা। আকাশ যেমন সর্বাদ্র বিজ্ঞমান ও অতিবৃহৎ হইলেও স্চীর ছিল্রে আকাশ আছে—একথা বলায় কোন দোষ হয় না, সেই-দ্ধাপ সর্বাদ্র বিরাট ব্রন্ধের ক্রু হদ্পদ্মে অবস্থানের কথা বলায়ও কোন দোষ হইতে পারে না। তবে ক্রমণ বলার উদ্দেশ্য উপাসনার স্ববিধা—এইমাত্র।

শিষ্য। আকাশের ভাষ ব্রহ্ম সন্ধ ব্রই আছেন, এবং তিনি চৈতত্ত-রূপে সমস্ত প্রাণীর অন্তরে বিরাজ করিতেছেন। অতএব তিনি ও জীব একই, অর্থাৎ ব্রহ্ম জীবের সহিত এক হইয়া গিয়াছেন। আর, শ্রুতিও পরমাত্মা ভিন্ন অন্ত জীবাত্মার অন্তিত্ব স্বীকার করেন না। কাজেই বলিতে হয় যে, জীবের যেমন স্থুথ হুংখ ভোগ করিতে হয়, ব্রহ্মেরও সেইরূপ ভোগ করিতে হয়। অতএব আকাশের মত ব্রহ্মকে সন্ধ্ব্যাপী বলিলে, ব্রহ্মেরও জীবের ভাষ

সম্ভোগ-প্রাপ্তিঃ ইতি চেৎ ?—

স্বৰ্থ ভোগ হয় [সম্ভোগপ্রাপ্তিঃ], একথা [ইতি] যদি [চেং] বলি ?

গুরু। ন, বৈশেষ্যাৎ ॥৮॥

না, তাহা বলিতে পার না [ন], যেহেতু জীব ও ব্রন্ধের বৈশেষ্য, পরস্পর পার্থক্য আছে [বৈশেষ্যাৎ]। জীব কর্তা, ভোক্তা; সে পাপ পুণ্য অর্জন করে এবং স্থথ হুংথ ভোগ করে। আর, ব্রন্ধ তাহার বিপরীত—নিম্পাপ, নিজ্জিয়, নির্কিকার। তাঁহার আবার স্থেই বা কি, হুংথই বা কি ? ব্রন্ধের ঈদৃশ বিশেষত্ব আছে বলিয়া জীবের হৃদয়ে অবস্থান করিলেও তাঁহার স্থথহুংথভোগ হয় না। একটা পদার্থের

স্তিত অন্ন একটা প্রাথেরি থুব নিকট সহন্ধ পাকিলেও, একটার দেশবতল সমন্তই অপ্রটাতেও প্রকাশ পাইবেই, এমন কোন ধরা বীধা
নিয়ম নাই। জলস্ক অগ্নির সহিত আফাশের (space) থুব ঘনিষ্ঠ
১৯৬ আক্রের অর্থিড ইইডাই অগ্নিজেরে। কিন্তু তা' বলিয়

থার একে, এড এব অফ্নিশেও জলেন- একথা তাবলা চলে না। বাত্তবর্ব লোগতে এইবে প্রভেগ্নতা তাবলা তাবিক নিজ নিজ গ্রন
(property) কি। প্রকৃতিগত তাব না দেপিয়া, তাবু নিকট সহন্ধ
লোগতাই একটার কালে অপ্রটাতে আরোপ করা যায় না। হাত্তরাং এল
ভাবিস্থা চৈত্ত্ররূপে আছেন বলিয়াই যে, তাহাকেও জীবের হার্থ
ভ্রের ভাগা ইইতে ইইবে, এমন কোন নিয়ম নাই। আর, এক ছাড়া
ভীবাছা বলিয়া পুথক কোন কিছু মাই, একথা শিবিলে কোথা ইইতে গ্

শিষা। কেন, শুডিই ত বলেন, "তত্ত্মিসি," তুমিই সেই; "অহং এদামি", আমিই এন্ন; "সর্বাং ধবিদং এন্দ্র," এই সমন্ত তাবংই এন্দ্র; "নেহ নানান্তি কিঞ্চন," হুই বলিয়া কিছু নাই; "নাক্যোতোহন্তি দুটা"; এন্দ্র ছাড়া বিতীয় দুটা নাই, ইত্যাদি।

গুৰু। তাহা হইলে শ্ৰুতির বাক্যে নির্তর করিয়াই বলিতে চাও যে, এন ছাড়া মার কোন আত্মা নাই ? কেমন ? আচ্ছা, জীবেয় যে হুং হুঃগ হয়, ইং: ভানিলে কিরপে ?

শিষ্য। কেন, ইহা ও প্রত্যক্ষই দেখিতে গাই।

एक । तक्ता, क्षांचि क्षीरवत **स्थप्**श्य श्य, अकथा दरनम मा ?

শিলা। তাই। বলিবেন কিরাপে দু এক ছাড়া ধ্বন জীবের অভিনয় স্বীকার করেন না, তধন আবার তাহার তথ ত্থকের কথা কি বলিবেন দু

ওক। বেশ। কিন্তু ভোমার কথায় একটা গল্প মনে পড়িল।

এক জনের একটা মুরণী ছিল। সে একদিন মুরণীটার মাধার দিকটা কাটিয়া রাল্লা করিয়া খাইল। মনে করিল, পিছনের দিকট। থাক্, ভিম হইবে। তোমারও দেখিতেছি ভাহার মত আবস্থা।

শিয্য। সে কিরূপ গ

গুরু। কিরুপ কি । তুমি বলিলে, শুতিই বলেন, ব্রহ্ম ছাড়া আর কেহ নাই; কাজেই জীবের স্থপ হঃগ আছে, কি নাই. তাহ। বলিবারও শুতির কোন প্রয়োজন নাই। তাহাই যদি হইল, তবে জীবের স্থপ ত্বংপে ত্রন্ধেরও স্থপ ত্বংপ হয়—এটা কিরপ কথা হইল ? ফল কথা, যদি শ্রুতির উপরই নিভর কর, তবে বলিতে হইবে, জীব নাই, স্থথ ত্রংথও নাই। কাজেই জীবের স্থথ ত্রথে ব্রন্ধের স্থথ ত্রংথ হয়, কি না, এ প্রশ্নই উঠিতে পারে না। বন্ধার আবার পুত্রশোক কি? আর যদি জীবের হাথ দুঃথ প্রত্যক্ষই দেখিতেছ—এ কথা বল, তবে প্রতাক ইহাও জানিতেছ যে, জীব এক নয়। অর্থাৎ পূর্ণ জ্ঞানের অবস্বায় স্থপ ত্রঃথ কিছুই নাই, স্থতরাং ব্রন্ম জীবের স্থপ ত্রংথের ভাগী হন, কি না—একথা তখন উঠিতেই পারে না। আর, অজ্ঞানের অবস্থায়, অর্থাৎ সংসার দশায়, জীব ব্রহ্ম হইতে পুথক, স্বতন্ত্র এক আত্মা—ইহা অজ্ঞানী মাত্রেরই প্রত্যক্ষ। সে অবস্থায়ও যে ব্রন্ধের হুপ হুংপ ভোগ হইতে পারে না, তাহা প্রথমেই দেখাইয়াছি। অজ্ঞ লোকে আকাশকে নীন বলে বলিয়া ত আর আকাশ সত্য সত্যই নীল হুইয়া যায় না।

বংস। এই কথাটি বিশেষ ভাবে শ্বরণ রাখিও। কারণ, আজ্ব-কাল অনেকেই এই মুরগীওয়ালার ভাবে ভাবিত হইয়া অদ্বৈতবাদের প্রতি কটাক করেন। অনেককেই বলিতে ওনি, 'আমি বুঝি বা না বুঝি ভোমার শাস্ত্র যথন বলেন, ত্রন্ধ সর্ব্বত্রই আছেন, তথন তাহারও স্থথ দুঃও কেন হইবে না ? কিন্তু জিজ্ঞাস। করি, ত্রন্ধ যে সর্ব্বত্তই আছেন- একথা তুমি প্রাণে প্রাণে অন্নত্তব করিয়া বল, না শাস্ত্রে বলে বলিয়া মানিয়া লও ? যদি অন্নতব করিয়া বল, তবে অবশ্যই ইহাও অন্নতব করিবে যে, ব্রহ্ম ছাড়া আর কিছুই নাই , কারণ আর কিছু যদি স্বতন্ত্র পদার্থ থাকে, তবে দে হলে ব্রহ্ম নাই—একথাও বলিতে হইবে, ফলে ব্রহ্ম সর্ব্বত্র আছেন, একথাও বলিতে পারিবে না। আর যদি নিজে অন্থতব না কর যে, ব্রহ্ম সর্ব্বত্রই আছেন, তবে তোমার নিকট জীবই আছে (ব্রহ্ম বলিয়া কিছু নাই), স্বথ তুঃখও আছে। ব্রহ্ম যথন তোমার অন্থতবে আদে না, তথন তাঁহার সম্বন্ধে নিজের স্বাধীন পাণ্ডিত্য দেগাইতে যাইও না। আয় যদি শাস্ত্র মানিয়া লইয়াই ব্রহ্ম সর্ব্বব্যাপী—একথা বল, তবে শাস্ত্রে যে বলে ব্রহ্মের স্বথ তুঃখ নাই—একথাও মানিয়া লও। মোট কথা জ্ঞান দশায়ই অবৈত, অজ্ঞান দশায় বৈত । কাজেই একটার মাথা অপর্টার লেজ জুড়িয়া একটা কিছ্তকিমাকার গড়িয়া তুলিও না। কতক শাস্ত্র, কতক প্রত্যক্ষ অন্থতব—এই উভয়ের মিশ্রণে যে দিন্ধান্ত করিবে তাহা অন্ততই হইবে।

শিষ্য। কঠ উপনিষদে আছে, "ব্রাগণ, ক্ষত্রিয় বাঁহার ওদন অর্থাৎ অল্ল, ভক্ষ্য সামগ্রী, মৃত্যু বাঁহার উপকরণ (ডাল, তরকারী সদৃশ), তিনি কোথায়, কি ভাবে 'আছেন—কে জ্বানে" ? (কঃ ১.২.২৪)। এই শ্রুণিতে ভ্রুত্ত্বা অর্থাৎ ভোজনকারী বলিয়া এক জনের উল্লেখ দেখিতে পাই। আর, এই কঠ উপনিষদে অগ্নি, জ্বীব ও ব্রহ্ম—এই তিনটী পদার্থেরই আলোচনা করা হইয়াছে। স্বত্রাং অত্যা বলিতে ইহাদের কাহাকে লক্ষ্য করা হইয়াছে, ব্রিতে পারিতেছি না।

502

গুরু। অতা, চরাচর-গ্রহণাৎ ॥৯॥

উক্ত অতা [অতা] ব্রহ্ম ; থেহেতু, ঐ স্থলে চরাচর, স্থাবর জন্ধম ঐ অতার অন্ধন্ধে প্রতীত হয় [চরাচর-গ্রহণাৎ]।

স্থাবরজঙ্গমাত্মক বিশ্ব ব্রহ্মাণ্ডের অতা পরমাত্মা ব্যতীত আর কে হইতে পারে ? অতা শব্দের এম্বলে বাত্তবিক সাধারণ ভোজনকারী অর্থ নয়। ব্রান্ধাণাদিকে কেহ থাইয়া ফেলে, ইহা অতি হাস্তকর কথা। অতা শব্দে এশ্বলে, যে আত্মসাৎ করে, তাহাকেই ব্যায়। পরমাত্মাই সমস্ত চরাচর জগৎকে আপনাতে সংস্কৃত করেন, গুটাইয়া লন, লীন করেন বলিয়া বলা যায় যে, তিনি সব ভক্ষণ করেন, উদরসাং করেন। অতএব অতা এম্বলে ব্রশ্নই।

শিষ্য। শ্রুতিতে ত চরাচর শব্দ নাই, কেবল ব্রাহ্মণ ও ক্ষত্রিয়, এই তুইটা কথা আছে। তবে সমন্ত জগৎ তাঁহার ভক্ষ্য-একথা পাইলেন কোথায় ?

গুরু। ঐ যে মৃত্যুকে উপকরণ বলা হইয়াছে, ইহাতেই কি বুঝা যায় না যে, যাবৎ নশ্বর পদার্থই তাঁহার ভক্ষ্য ? তবে যে শ্রুতিতে ভুধু ব্রাহ্মণ ও ক্ষত্রিয়েরই উল্লেখ করা হইয়াছে, তাহার কারণ— 'অক্যান্ত ইতর জীবের কথা আর কি বলিব, এমন যে ব্রাহ্মণ ও ক্ষত্রিয় স্ষ্টির শ্রেষ্ঠ জীব, তাহারাও যাঁহার ভক্ষ্য'--এই ভাবটা বুঝান।

শিষ্য। কিন্তু ব্রহ্মকে অতা, কি-না, ভোক্তা বলি কিরপে? উভিই ত বলেন, "ব্রদ্ধ কিছুই ভোগ করেন না, কেবল সাক্ষীরূপে সব দেখেন।"

গুরু। ই্যা, ভাহা ঠিক বটে। তবে ওন্থলে অদন অর্থ যে থাওয়া বা ভোগ করা নয়, তাহাত পূর্বেই বলিয়াছি। অদন অর্থ সংহরণ,

নয় করা ছাড়া আর কি ইইতে পারে শুআর ব্রন্ধই যে, সমন্ত জগতের গুষ্টি, স্থিতি ও নয়ের একমাত্র কারণ, ইয়া ত সমস্ত শ্রুতিবই প্রতিমত।

अक्रवणीए **४ ॥ ५० ॥**

আরম্ভ [5] যে ছলে অস্তার কথা আছে, ভাষা অধ্য অস্কেই, আওএব [প্রকরণাথ] প্রদেই আন্তা। যদিও কঠোপনিধদে আন্তি, দ্বীব ও এল সহচ্চো আলোচনা করা বইয়াছে, তথাপি আমাদের আলোচা হলটি রাক্ষ্বিষয়েই। 'অকের জন্ম নাই, মৃত্যু নাই'' (কং ১.২.১৪) এইকপেই আন্তোহ্য প্রভাবের অবাভারণা করা হইয়াছে। 'অভএব, রক্ষই আন্তা।

িশার। কঠোপনিধানের এক স্থলে আছে, "ব্রহ্মজ্ঞ ব্যক্তিরা ও বিশিষ্ট কর্মার। বলেন, পূর্ব্ব প্রন্মে ক্লুক্ত কর্মের ফলে লব্ধ এই শরীরে প্রমায়ার উপলব্ধি স্থান হল্ম আছে। তাহাতে একটি গুহা, ভিত্র আছে, দেই ছিন্তে ক্লুইক্তিলন কর্মফল ভোকা প্রবিষ্ট আছেন। তাহার। অংলোক ও অন্ধকারের ক্রায় প্রশার বিক্রম্ম থভাবাপ্রশ (ক: ১. ০. ১)। উ ওচন ক্রুপ্

^{ছক}। গুলং প্রবিকৌ, আ**আনৌ** হি তৌ—

ক্রনের ছিছে [ওর্মে ় প্রবিষ্ট যে ছইজন [প্রবিষ্টো], ভারারা জীবারা ও প্রমায়া ; গেহেতু [হি], ভারারা ছইজনেই [ভৌ] আত্মা—
ক্রপ্রন জীবারা আর ক্রজন প্রমায়া [আত্মানে]।

এক সংগে একই অবস্থাপত্ন হুই বা ওতোধিক পদাথের যদি উল্লেখ থাকে, তবে প্রায় সক্ষত্রই তাহারা সমান পভাবের ও একজাডীর পদার্থই ইইয়া থাকে; যেমন: 'এই গাভীর ছিতীয়টি অধ্যেষণ কর'—এই কথা ধলিলে অভ একটা গাভীরই অন্নেখণ করা হয়, কোন অখ বা মহুষ্যের অন্বেষণ করা হয় না। উক্ত শ্রুতিতে কর্মফল ভোগ দেখিয়া একজন যে জীবাত্মা, তাহা নিশ্চয় হয়। তংসকে উক্ত অপরটি কে. ইহা অফুসন্ধানকালে সেটাও জীবাত্মার সজাতীয় কেই হইবেন, ইহা স্থির কর। হায়। আরু জীবাতারে সজাতীয় প্রমাতা— উভয়েই আত্মা, সচেতন চৈতন্ত্রস্বরণ। অতএব শ্রুতিতে গুহায় প্রবিষ্ট যে ঘুই জনের উল্লেখ আছে, তাহার একজন জীবালা ও অপর ছন প্রমাতা।

শিষ্য। কিন্তু দৰ্কব্যাপী প্রমাত্মা ক্ষুদ্র হন্য গুহায় প্রবিষ্ট আছেন —এ কিরূপ কথা হইল ?

গুরু। প্রেই ত বলিয়াছি, উপদ্ধির স্থবিধার জন্ম ওরূপ ইন্ স্থানের কল্পনায় কোন দোষ হয় না। আর শ্রুতি মৃতির বছস্থলেই—

. তদ্দর্শনাৎ ॥ ১১ ॥

তাহা, অর্থাৎ হদমগুহাম এন্দের অবস্থান [তং] উল্লিখিত দেখা যায়, এই জন্ম দিশনাং বৈজ শ্রুতিতে এগাই স্বন্যগুহায় অবস্থিত আছেন, ইহা স্বীকার করিতে কোন বাধা নাই।

শিষা। কিন্তু প্রমাত্মাও কম্মফল ভোগ করেন, ইহা কিরপে সম্ভব হয় ?

গুল। মনে কর, এক জায়গায় হুই দল লোক গান করিতেছে। একদলে একটি থোল বান্ধিতেছে, আর একদল এক জ্বোড়া ভূগি-তবল। বাজাইয়া গান করিতেছে। তথন লোকে বলিতে পারে, তবলা-ওয়ালাদের অপেকা থোলওয়ালারা ভাল গায়। এখানে দেখ, খোল যদিও মাত্র একজনের হাতে আছে, তথাপি সেই দলের সকলকেই

খোলওয়ালা বলা হইল। এরপ কথা সচরাচরই বলা হয়। বস্তুতঃ জীবআই কেবল কর্মানল ভোগ করে সতঃ, তথাপি উপচারক্রমে পরমাআও ভোগ করেন—শ্রুতি এইরপ বলিয়াছেন মাত্র। বাস্তবিক পরমাআ কিছুই ভোগ করেন না।

অথবা, ঐ কর্মফল ভোগ এই ভাবেও গ্রহণ করিতে পার—জীব ভোগ করে, পরমাত্মা ভোগ করান। যে রামা করায় তাহাকেও পাচক বলায় বেমন দোষ হয় না, সেইরপ পরমাত্মা ভোগ করাইলেও তাঁহাকে ভোক্তা বলা যায়। এ তথু ভাষার একটু শিথিলতামাত্র।

শিষ্য। আপনি বলিয়াছেন যে, কর্মফল-ভোগ দেখিয়া প্রথমে জীবত্মা ঐ তুইজনের একজন, ইহা দ্বির হইলে, অপর জন তাহার সজাতীয় ও সমান স্বভাববিশিষ্ট পরমাত্মাই হইবে, ইহা দ্বির করা যায়। কিন্তু ঐ শ্রুতিতেই ত ঐ উভয়কে আলোক ও অন্ধকারের স্থায় বিরুদ্ধ-স্বভাবের বলা হইয়াছে।

গুরু। ই্যা, তাহা হইয়াছে সত্য। কারণ, জীবাত্মা ও পরমাত্মা বিরুদ্ধ স্বভাবেরও বটে। যতক্ষণ তাহারা চুইজন, তভক্ষণ জীবাত্মা সংসারী স্থা চুংগাঁ, আর পরমাত্মা তাহার বিপরীত। অবিদ্যা অবস্থাতেই জীবাত্মা ও পরমাত্মা ভিন্ন, চুই; এবং সেই অবস্থায় তাহারা পরক্ষার বিরুদ্ধ গুলাবেরও বটে। সেই জগুই শ্রুতি আলোক ও অন্ধকারের উপমা দিয়াছেন। কিন্ত জ্ঞানদশায় উভয়ের স্বরূপ একই। তখন আর চুইজন পাংক না! যে জীবাত্মা, সেই পরমাত্মা। এই রহক্ষটা ব্রাইবার জনাই শ্রুতি একখার বলিতেছেন যে, জীবাত্মা ও পরমাত্মা একই স্বভাবেশিষ্ট, আবার সঙ্গে সঙ্গেই বলিতেছেন যে, ভারাত্মা পরক্ষরা পরক্ষর বিরুদ্ধ।

আর উক্ত শ্রুতিগাক্য যে প্রকরণে আছে, ভাহাতে

বিশেষণাৎ ॥ ১২ ॥

জীবাত্মা ও পরমাত্মা বোধক বিশেষণ আছে, এইজন্যও [বিশেষণাচ্চ] স্বীকার করিতে হইবে যে, ঐ হুই জন জীবাত্মা ও পরমাত্মা।

ঐ শ্রুতির শেষে জীবাত্মাকে রথীরূপে এবং প্রমাত্মাকে গন্তব্যরূপে কর্মনা করা হইয়াছে। পূর্ব্বেও 'জীবাত্মা ধ্যানযোগে হৃদয়-গুহায় অবস্থিত প্রমাত্মার উপলব্ধি করিয়া হৃথ ছৃংথের অতীত হয়'—এইরূপ বিশেষ বিশেষ কথা আছে। প্রকরণটিও প্রমাত্মা সম্বন্ধেই। আর ''ব্রক্ষম্ভ ব্যক্তিরা বলেন"—এই যে বিশেষ করিয়া ব্রক্ষম্ভদের উল্লেখ, ইহাও প্রমাত্মাপক্ষেই সার্থক। অতএব পূর্ব্বাপর পর্যালোচনা করিলে যখন দেখা যায় যে, বিশেষভাবে জীবাত্মা ও প্রমাত্মার প্রসঙ্গই ঐ প্রকরণে আছে, তখন আমাদের সন্দিশ্ধস্থলেও জীবাত্মা ও প্রমাত্মাই গুহাপ্রবিষ্ট বলিয়া বর্ণিত ইইয়াছে, ইহাই স্বীকার করিতে হইবে।

শিশু। ছান্দোগ্য উপনিষদে (ছাঃ ৪) একটি আথ্যায়িকা আছে। ভগবান্ জাবালের উপকোদল নামে এক শিষ্য ছিল। এক দময় শুক্ত শিষ্যের উপর অগ্নি পরিচর্য্যার ভার অর্পণ করিয়া তীর্থপর্য্যটনে গমন করেন। উপকোদল বার শংসর যাবং একনিষ্ঠ হইয়া অগ্নিপরিচর্য্যা করিলে অগ্নিদেব আবিভূতি হইয়া তাহাকে "প্রাণ ব্রহ্ম, ক্থাকাশ ব্রহ্ম"—এই বলিয়া ব্রহ্মোপদেশ করেন। এবং বলেন. "এই ব্রহ্মজ্ঞান লাভের উপায় ভোমার গুরু বলিবেন"। অনস্তর জাবাল ফিরিয়া আদিলে উপকোদলকে এইভাবে শিক্ষা দিলেন, "ভক্তুতেত বে পুক্তুত্ব দেখা যাইতেছে, ইনি আ্যা। ইনি অমৃত, অভয়, ব্রহ্ম। চক্ষ্পোলকে ঘৃত অথবা জল নিক্ষেপ করিলে, তাহা চোথের পাতায়

গভাইষা পডে'' (ছা: ৪;১৫.১)—ইডাাদি। এই যে চাহ্বৰ অভান্ধৰে এক পর্বার কথা বলা হইয়াছে, ইনি কি প্রতিবিশ্ব ভোয়া, যাহা সম্মুপস্থ ব্যক্তির চোথের ভিতরে তাকাইলে দেখা যায়), না জীব, না **फक्षार्राक्षरपत अञ्चाहक स्थानि, ना उन्न १**

^{ছ%।} অন্তরঃ উপপত্তে: ॥১৩॥

ঐ ম্বলে যে সমস্ত বিশেষণ পদ আছে, তাহা অহ্মপক্ষেই উপপন্ন. সম্বত হয়, এইজন্ম [উপপত্তে:] চকুর অভ্যন্তরে অবস্থিত উক্ত পুরুষ (অস্তর:] अभा।

ঐ শ্রুতিতে যে সমন্ত বিশেষণ পদ আছে, তাহা ঐ পুরুষকে এক বলিলেই সৃত্ত হয়। (১) 'আত্মা' শব্দের মুধ্য অর্থ ব্রহ্ম। (২) 'অমৃত'. 'অভ্য'-—এই ঘুইটি শব্দ ও ব্রমজ্ঞাপক। (০) তারপর, চক্রােলবে মতাদি নিকেপ কবিনে তাহা পাডায় (ভোয়াতে) সরিয়া যায়—একধা^র कार्यमा एडे (य. प्रकृष शुक्राम दकार मानिस स्थान करत ना। उन्नहे নিম্মল, নিম্মলয়, নিম্পাগ্র এইস্কপ ম্যাবত ম্মনেক শ্রম ওপ্তলে স্পাচে, বাহা এল সংকেই প্রযুক্ত হইতে পারে। অভতার ঐ চক্ত পুঞ্চম এখা।

শিবা। কিন্তু স্কার্য এক্ষেত্র কুল্ল চন্দ্রগোলকে অবস্থান সক্ষত হয় বি প্রকারে গ

७२। भूरवरे ए विवेशाहि, উपामनात्रे श्विधात क्रम अक्रम क्रूप चारतत्र निर्माण स्मास्यत्र ३६ मा ।

স্থানাদিব্যপদেশাৎ চ।।১৪॥

বিশিষ্ট বাসন্থান প্রভৃতির নির্দেশ আছে থানিয়াও [স্থানাদি-বাপদেশান্ত } ঐ পুরুষের ব্রন্ধত্ব নিশ্য হয়। কেন্দ্র যে চকুগোলকুই ব্রন্ধের একমাত্র অবস্থানক্ষেত্র বলিয়। নির্দিষ্ট ইইয়াছে, এমন ত নয়।
"যিনি পৃথিবীতে অবস্থান করিয়া—" ইত্যাদি বাক্যে আরও অনেক
স্থানেরই নির্দেশ করা হইয়াছে। কেবল যে অস্থচিত স্থাননির্দেশ
ইইয়াছে, তাহা নয়; অশব্দ, অরূপ ত্রন্ধের নাম এবং রূপের নির্দেশও
বহুস্থলে দেখিতে পাই। ইহার উদ্দেশ্য এই মাত্র যে, নিগুণ ব্রন্ধের
ধাানাদি হইতে পারে না, কাজেই তাঁহাকে নাম, রূপ, স্থানাদি দ্বারা
সন্তর্গ কল্পনা করিয়া উপাসনার বিধান করা।

স্থ্থবিশিষ্ট-অভিধানাৎ এব চ ॥১৫॥

আর [এব চ] প্রকরণের প্রারম্ভে প্রাণ রন্ধ, স্থথ রন্ধ, আকাশ রন্ধ, ইত্যাদি বাক্যে যে স্থার্থনী [স্থাবিশিষ্ট] রন্ধ উক্ত হইয়াছেন, এখানেও তাঁহারই উল্লেখ হইয়াছে বলিয়া [অভিধানাৎ], চক্ষু পুরুষকে বন্ধই বলিতে হইবে। প্রথমে অগ্নিদেবতা উপকোসলকে "ব্রন্ধ স্থা" ইত্যাদি রূপে রন্ধের উপদেশ করেন, এবং তিনিই গুরুর নিকট হইতে ব্রন্ধ কিরপে পাইতে হইবে, তাহা জানিয়া লইতে বলেন। আমাদের আলোচ্য শ্রুতিতে সেই প্রসক্ষেই বিচার হইতেছে। স্থতরাং প্রথমোক্ত বন্ধই বে এক্ষেপ্রে আলোচ্য, সে বিষয়ে আর সন্দেহ কি প উপকোসল গুরুর নিকট জানিতে চাহিল, বন্ধ কি; আর গুরু চক্ষু পুরুষের উপদেশ করিলেন। স্থতরাং সেই চক্ষু পুরুষ বন্ধ ছাড়া অন্য কেহ হইতে পারে না।

শ্রুত-উপনিষ্থ ক-গতি-অভিধানাথ চ ॥১৬॥

আর [চ], উপনিষ্ণর্হ্সাভিক্ষ ব্যক্তির [ক্রতোপনিষ্ণক-] ধে গতি, অর্থাৎ দেব্যান পথে গমন, চমুস্থ পুরুষকে যিনি জানেন, উাহারও সেই দেবগান পথেই গতি [গতি-] হয়, এইরূপ বলা হইয়াছে, এইজন্ম [অভিধানাং] চকুন্থ পুরুষকেও ব্রহ্মই বলিতে হইবে।

অক্যান্ত শ্রুতিতে ও শ্বৃতিতে ওদ্ধুত্ব সূত্যুর পরে দেব্যান (ব: মৃ: ৪. ৩. ১-৬ দ্রপ্তরা) পথে গমন করেন—এরপ উক্তি আছে। এম্বলেও বলা হইয়াছে যে, চকুম্ব পুরুষকে যিনি জানেন, তিনি দেবযান পথে গমন করেন এবং অন্তান্ত শুতি হইতে জানা যায় যে, ব্রহ্মজ্ঞ বাতীত আর কেই দেব্যান পথে যাইকে পারে না। স্বতরাং ঐ চকুন্থ পুরুষ প্রশাই।

শিষা। কিন্তু "চোথের মধ্যে দেখা যায়"—শ্রুতির এই কথায় ত মনে হয়, উক্ত পুরুষ সন্মুখন্থ ব্যক্তিবিশেষের প্রতিবিদ্ধ, ছায়া। কিম্বা জীব যথন চকু দারা কিছু দেখে, তথন বলা যায় যে, সে চকুতে অবস্থান করিতেছে। স্থতরাং ঐ পুরুষকে জীবও বলা যাইতে পারে। অথবা চকুর অমুগ্রাহক, সাহাঘ্যকারী সূর্য্য কিম্বা অগ্রি প্রভৃতিকেও ঐ পুরুষ বলিতে পারি; কারণ, স্থ্যাদির আলোকের সাহায্য ব্যতীত শুধু চকু ধারা ত আর কিছু দেখা যায় না।

অনবস্থিতঃ, অসম্ভবাৎ চ, ন ইতরঃ॥১৭॥

ব্রন্ধ ব্যতীত অপর কেহ—প্রতিবিদ্ধ, কিমা জীবাত্মা, কিমা স্গাদি [ইতর:] ঐ পুরুষ হইতে পারে না [ন]; যেহেতু উহাদের কেহই সর্বাদা চফুতে অবস্থান করে না অনবস্থিতে:], এবং [চ] অমৃত্রাদি গুণও উহাদের সম্ভব হয় না [অসম্ভবাৎ]।

যথন কেই চক্ষুর সমুধে অবস্থান করে, চেধনই তাহার ছায়া চক্ষুতে প্রতিফলিত দেখা যায়, সরিয়া গেলে আর সে প্রতিবিদ্ধ থাকে না। আর নিজের চক্তে অবস্থিত পুরুষের উপাসনাই ঐস্থানে বিহিত হইয়াছে। উপাদনার দময় চক্র সন্মুখে একজনকে স্থাপন করিয়া উপাদনা করিতে হইবে, এ বড় অন্তুত কল্পনা। বস্তুতঃ যাহার চক্ষুতে প্রতিবিদ্ধ পড়ে, দে তাহা দেখিতেই পায় না। জীবাআও দব দময়ে চক্ষুতে থাকে—একথা বলা চলে না। স্থ্যাদিরও দেই অবস্থা। অমৃত্যাদি গুণ ইহাদের কাহারও থাকা সম্ভব নয়। স্থ্যাদি দেবতার অমরত্ত আপেক্ষিক মাত্র। বহুকাল থাকে বলিয়াই দেবতাদিগকে অমর বলা হয়। তাহাদেরও জন্মমৃত্যু আছে—ইহা শ্রুতি স্ক্রেই প্রসিদ্ধ। অত্রব ঐ পুরুষ ব্রহ্মই।

শিগ্য। বৃহদারণ্যক উপনিষদের একস্থলে, "যিনি ইহলোক, পরলোক ও সমস্ত ভূতের অন্তরে অবস্থান করিয়া তাহাদিগকে নিয়ন্ত্রিত করেন" (বৃ ৪. ৭. ১)—এইরপে আরম্ভ করিয়া পরে "যিনি পৃথিবীতে থাকিয়াও পৃথিবী হইতে ভিন্ন, পৃথিবী যাহাকে জানে না, পৃথিবী যাহার শরীর, যিনি অন্তরে থাকিয়া পৃথিবীকে নিয়মিত করিতেছেন, তিনি তোমার আত্মা, তিনি অন্তর্যামী, অমৃত" (বৃঃ ৪.৭.১,২) ইত্যাদি —এইরপ বর্ণনা আছে। এইরপ যিনি সকল দেবতায়, সকল লোকে, সকল বেদে, সকল যজ্ঞে, সকল ভূতে, সকল আত্মায় থাকিয়া তাহাদিগকে নিয়মিত করেন ইত্যাদি বাক্যে অধিদৈব, অধিলোক,

অধিবেদ, অধিয়ক্ত, অধিভূত, অধ্যাস্মক্রমে এক অকর্ষামী নিয়ন্তার উল্লেখ দেখিতে পাই। দেই ভন্ত≳হামী • কে?

গ্রু। অন্তর্যামী অধিদৈবাদিয় তৎ-ধক্ম-ব্যপদেশাৎ ॥১৮॥

সমস্থ দেবতার, সমস্থ লোকে ইত্যাদি দেবাদি সগদ্ধে [অধিদৈবাদিয়] উক্ত যে অওবামী [অন্তর্থামী], তিনি এখা, যেহেতু, সেই এক্ষের ধর্মই অন্তর্থামী পুরুষের ধর্ম বলিয়া উক্ত হইয়াছে [তদ্ধবিধাদাশ]।

ব্রহ্মের যে সমন্ত বিশেষ ধর্ম বা লক্ষ্য-মথা, সর্বান্ধর্যামিত্ব, অমরত্ব, আত্মাত্র ইত্যাদি—সেই সমস্তই ঐ অন্তর্থামী পুরুষেরও ধর্ম বলিয়া আলোচা শুতিতে উক্ত ইইয়াছে। অতএব ঐ অন্তর্থামী —ব্রহ্ম।

শিষ্য। এক্ষের ত শরীরও নাই, ইন্দ্রিয়ও নাই, তবে তিনি সমস্ত নিমন্ত্রণ বা পরিচালন করেন কিরুপে ?

ওক। দেখ, চৈতভারশী রক্ষ আছেন বলিয়াই জড়পদার্থে ক্রিয়া প্রকাশ পায়। সেই ক্রিয়ার নামই নিয়মন বা পরিচালন। স্ক্তরাং নিয়মন ব্যাপারে রক্ষের শরীর বা ইন্তিয়ের কি প্রয়োজন আছে ?

শিধা। আচ্চা, শাংগাশ্বতিকল্পিত প্রধানকে যধন সাংখান্
মাতাবলম্বীরা সর্কাবস্তর কারণ বলেন, তখন তাহাকেও ত নিম্বস্তা বলা
নায়; কারণের সত্তায়ই কার্ম্বোর সত্তা। বিশেষতঃ অন্তর্ধামীকে অ-ত্রত্তা
(শিনি কিছু দেখেন না), অ-ত্রোতা (মিনি কিছু শোনেন না)
ইত্যাদিরপে অর্থাৎ ইক্রিয়হীনরপেও বর্ণনা করা হইখাছে। অচেতন
প্রধানও ইক্রিয়বজ্ঞিত। স্তরাং অন্তর্ধামীকে প্রধান বলিলে দোষ কি ?

⁽১) বাজলায় 'মন্ত্র্বামী' শব্দের জচলিত অর্থ 'বিনি মনের কথা জানেন', কিন্তু ওশ্বলে উচার অর্থ--'বিনি অনুবে থাকিবা চালিত। করেন'।

গুৰু। ন চ স্মাৰ্ত্তম্, অ-তৎ-ধৰ্ম্ম-অভিলাপাৎ ॥১৯॥

সাংখ্যস্থতিকল্পিত প্রধানও [স্মার্ত্রম্চ] অন্তর্যামী হইতে পারে না [ন]; থেহেতু, এস্থলে প্রধান-বিরুদ্ধ ধর্মের উল্লেখ আছে [অতদ্বদ্যাভিলাপাৎ]।

প্রধান অস্কুর্যামী হইতে পারে না। অন্তর্নী, অশ্রোতা ইত্যাদি
ধর্ম প্রধানে সম্ভব হইলেও, তাহাতে সম্ভব হয় না এমন ধর্ম্মেরও এম্বলে
উল্লেখ আছে; যেমন আত্মা, দ্রন্তী, শ্রোতা ইত্যাদি। অন্তর্যামীকে
যেমন অ-দ্রন্তী ইত্যাদি বলা হইয়াছে, তেমন তাঁহাকে আত্মা, দ্রন্তী
ইত্যাদিও বলা হইয়াছে। প্রধানকে যথন সাংখ্যকার অচেতন বলেন,
তথন সে দ্রন্তী, শ্রোতা, আত্মা হইবে কির্নেপ ?

শিষ্য। তাহা হইলে দ্বীবকেই কেন অন্তর্যামী বলি না? সেও ত আত্মা, দ্রষ্টা, শ্রোতা, বিজ্ঞাতা ইত্যাদি।

গুরু। শারীরঃ চ র্ন, উভয়ে অপি হি ভেদেন এনম্ অধীয়তে ॥২০॥

জীবও [শারীর*চ] অন্তর্গামী হইতে পারে না [ন]; কারণ, বৃহদারণ্যক উপনিষদের কাথ ও মাধ্যন্দিন নামক উভয় শাখাই ডিভৱেংশিহি] জীবকে [এনম্] অন্তর্গামী হইতে পৃথক্রপে [ডেদেন] বর্ণনা করিয়াছেন [অধীয়তে]।

ৰীবও অন্তৰ্গামী ইইতে পারে না। কারণ, কাথ শাখায় আছে, "বিনি বিজ্ঞাতন থাকিয়া" ইত্যাদি (বৃ: ৩.৭.২২)। আর, মাধ্যন্দিন শাখায় আছে, "বিনি ভ্যাভ্ছাহ্ম থাকিয়া" ইত্যাদি। ঐ উভয় স্থলেই স্পষ্ট বৃঝা বায় যে, 'বিনি' বলিতে অন্তৰ্গামী, এবং 'বিজ্ঞান'

ও 'আত্মা' বলিতে জীবাত্মার কথাই বলা হইয়াছে। স্বতরাং জীবাত্মা, দ্রষ্টা, শ্রোতা, বিজ্ঞাতা হইলেও পূর্ববর্ণিত অন্তর্গামী নয়—ইহা নিক্ষয়।

শিষ্য। আচ্ছা, শ্রুতি বলিতেছেন, 'ব্রহ্ম অন্তর্থামীরূপে জীবাস্থায় থাকিয়া তাহাকে নিয়ন্ত্রিত করেন'। কিন্তু একই শরীরে অন্তর্থামী ব্রহ্ম ও তাঁহার পরিচালিত জীব—এই ছুই জন দ্রষ্টা কিরুপে থাকিতে পারে? শ্রুতিই ত ব্রন্ধ ব্যতীত অপর দ্রষ্টার অন্তিওই স্বীকার করেন না। অথচ এন্থলে অন্তর্থামী ব্রহ্ম হইতে ভিন্ন এক জীবের উল্লেখ করা হইয়াছে, এই কথাই ত আপনি বলিলেন।

গুরু। দেখ, এইটি জীব, এইটি অন্তর্গামী—এই যে ভেদ, এই যে পার্থকা, ইহা বান্তব নয়। অজ্ঞানকল্লিত উপাধিই এই ভেদের কারণ। একই আকাশকে যেমন ঘটাদি উপাধি সংযোগে ঘটাকাশ, মহাকাশ, ইত্যাদি রূপে ব্যবহার করা হয়, সেইরূপ একই পরমাত্মা উপাধি সম্পর্কে জীবাত্মা—ত্রষ্টা, শ্রোতা, ইত্যাদি; আর উপাধিশৃত্য অবস্থায় বিশুদ্ধ ব্রহ্মরূপে উক্ত হন। তথন তিনি বাস্তবিক অন্তর্টা, অশ্রোতা ইত্যাদি। স্থতরাং ভেদ বাস্তব নয়, কেবল উপাধিকল্লিতঃ এবং এই কল্লিত মিথাা ভেদ আশ্রয় করিয়াই যাবতীয় লোকিক ও শাল্রীয় ব্যবহার নিম্পন্ন হইতেছে—ইহা পূর্কেই বলিয়াছি। না হইলে, জ্ঞান লাভ হইলে কোন ভেদই থাকে না, ফলে কোন ব্যবহারও সম্ভব হয় না, শাল্রেরও কোন প্রয়োজন থাকে না।

আলোচ্য প্রতিতে একই অন্তর্যামী পুরুষকে অস্তরা, অপ্রোতা, আবার দ্রষ্টা, প্রোতা ইত্যাদি বলা হইয়াছে। এইরূপ বিরুদ্ধ উক্তির একমাত্র সামঞ্জ্য এই যে, ব্রন্ধ উপাধি সম্পর্কে দ্রষ্টা, প্রোতা—সঞ্জণ; আর উপাধিরহিতভাবে অ-দ্রষ্টা, অ-শ্রোতা—নিগুণ।

শিষ্য। মুগুকোপনিষদের একস্থলে (মৃ: ১. ১.৩-৯) শৌনক আদি-রসকে জিজ্ঞাসা করিলেন, "ভগবন, এমন একটি বস্তু কি আছে, যাহা জানিলে সবই জানা হইয়া যায় ?" আঙ্গিরস উত্তর করিলেন, "হুইটি বিদ্যা জানিতে হইবে। একট পরাবিদ্যা অপরটি অপরাবিদ্যা। ব্রদ্ধক্রেরা এইরূপ বলেন। তন্মধ্যে ঋথেলাদি যাবতীয় কর্মবিষয়ক শাস্ত্র অপরাবিদ্যা (নিকট বিদ্যা), আর পরাবিদ্যা (শ্রেষ্ঠবিদ্যা) তাহাই, যাহাদ্বারা দেই ভাক্ষরকে (যাহার করণ অর্থাৎ বিনাশ বা হাস নাই) জান। যায়, যিনি অদুখ (জ্ঞানেন্দ্রিয়ের অগোচর), অগ্রাফ (कर्षाक्रिरात अविषय), यांशात त्कान आणि श्रूक्य नारे, यांशात बान्नगिन काि काि काि काि काही, याहात हक नाहे, कर्न नाहे, इस नाहे, পদ নাই, যিনি নিত্য,প্রভু,সর্বব্যাপী, অতি ফুল্ব, অব্যয়,ভুভত্রোনি —সমন্ত পদার্থের উৎপত্তির কারণ; ধীর ব্যক্তিরাই তাঁহাকে জানেন" ইত্যাদি (মৃ: ১.১.৫—৬)। এম্বলে ঐ অদুশুর প্রভৃতি গুণবিশিষ্ট ভূত-থোনি কে ১

^{*}গুরু। অদৃশ্যস্থাদিগুণকঃ, ধর্মোক্তেঃ ॥২১॥

অদুখ্য, অগ্রাহ্ব ইত্যাদি গুণবিশিষ্ট ভূতবোনি [অদুখ্যাদি-গুণক:] বন্ধ; যেহেতু, বন্ধের ধর্মই এন্থলে ঐ ভূতযোনি সম্বন্ধে **উक रहेबाइ [धर्माएक:]।**

ঐ ভূতবোনিকে লক্ষ্য করিয়াই বলা হইয়াছে যে, তিনি সর্বজ্ঞ। স্বভরাং তিনি বন্ধই। বন্ধ ব্যতীত আর কে সর্বজ্ঞ হইতে পারে?

শিষ্য। কিন্তু উক্ত অদৃশ্যবাদি গুণগুলি ত সাংখ্যকল্পিত প্রধানেরও হইতে পারে ?

গুরু। কিন্তু অচেতন প্রধানকে সর্বজ্ঞ বলা যায় কি প্রকারে প

শিষা : না, তাহা বলা যায় না সত্য। কিন্তু এছলে ভূতযোনি ६ अक्तत गाम राहाद উत्तिथ कता हरेशाह, (महे अकताक भवाळ वना হয় নাই। ''অক্ষরাং প্রতঃ প্রং''(প্রমাতা আক্রেরও অতীত, মঃ ২. ১. ২.)-এই বাক্যে অঞ্জের অভীত বস্তুকেই সর্বজ্ঞ বলা চইয়াছে। আবার এতিতে, "থেমন মাকড়দার পরীর হইতে স্বত্ত নির্গত হয়, মাটি হুইতে ঘাদ হুলে, শরীরে কেশ লোম গ্রায়, দেইরপ ভাষ্ক্রর হুইতে এই বিশ্ব উংপন্ন হয়" (মৃ: ১. ১. ৭)—ইত্যাদি দ্বান্তে অচেতনকেই উৎপত্তির কারণরূপে দেখান হইয়াছে। পক্ষাস্তরে যদি যোনিশব্দের 'कातन' ष्वर्थ शुरुन कता थाय, उत्तर कीवत्कल इन्ट्रांनि वना याय, कातन জীবের পাপপুণারপ কর্মই ভতোৎপত্তির 'কারণ'। অতএব অদশুভাদি গুণ-বিশিষ্ট ভত্যোনি, ২য় প্রধান, না হয় জীব।

ওল। বিশেষণ-ভেদব্যপদেশাভ্যাং চ ন ইতরো ॥২২॥

প্রধান বা জাবও (ইতরৌ চ) ভতযোনি ইইতে পারে না ্ন) , মেংহঃ, ই শতিতে ভূতমোনির এমন সব বিশেষণ রহিয়াছে,যোহা ছীবের প্রক্ষে সম্ভব ২য় না, এবং প্রধান ইইতে ভৃতযোনিকে পৃথক করিয়াও দেখান হট্যাছে । বিশেষণ্ডেলবাপদেশাভ্যাম ।।

ভতযোনি সম্বন্ধে বলা হইয়াছে, "তিনি দিবা অমূর্ত্ত-পুরুষ, বাহিরে ভিতরে সর্বাত্র বিদ্যমান, ব্যারহিত, প্রাণরহিত, মনরহিত, তম্ব' ইত্যাদি (মৃ: २. ১. ২)। শরীরাদিতে আত্মাভিমান বিশিষ্ট জীবের কথনও এই স্ব লক্ষণ হইতে পারে না।

यात "जमतार १८ए: १८:"- ५३ वादमा (व जमताजीक পরপুরতের কথা বলা হইছাছে, তিনি এবং আমাদের আলোচা अधिरा रनिष्ठ ७७:शामि ८क्टे। कारन, के खकरान भराविमान

विषय जाताहिक इरेग्राष्ट्र এवः त्मरे विमात्र त्ज्य ज्ञापानि, তাহাকেই "অক্ষরাং পরত: পর:" বলা হইয়াছে। তবে বলিতে পার যে, ভৃতযোনিকেও ত 'অক্ষর' বলা হইয়াছে, স্বতরাং সেই ভতযোনি আবার অক্ষরের অতীত হইবে কিন্ধপে ? হাা, তাহা বলা হইয়াছে সতা। কিন্তু ভূতযোনি সম্বন্ধে যে অক্ষর শব্দের প্রয়োগ করা হইয়াছে, তাহার অর্থ 'ক্ষরণরহিত' অর্থাৎ অবিনানী, এইমাত্র। আরু, সেই ভতযোনিকেই যথন অক্ষরাতীত রূপে নির্দেশ করা হইয়াছে, তথন সেই অক্ষর বলিতে 'সমস্ত ভূতেব্র আদি সক্ষাবস্থা, নাম ও রূপের বীজশক্তি, পরমেশ্বরের অধীন মায়া বা অব্যাকৃতকেই নম্ম করা হইয়াছে। শ্রুতির পূর্ব্বাপর দামঞ্জন্মের প্রতি লক্ষ্য করিলে নি:সন্দেহ প্রতিপন্ন হয় যে, প্রথমোক্ত পরাবিদ্যার জ্ঞাতব্য অদুশুত্বাদিগুণ-বিশিষ্ট ভতযোনি থিনি, অক্ষরাতীত পুরুষও তিনিই। স্থতরাং ভূত-যোনিকে সর্বজ্ঞ বলা হয় নাই-একথা বলিতে পার না।

জীব যে আলোচ্য শ্রুতির বর্ণিত ভূতযোনি হইতে পারে না, তাহা পূর্ব্বেই বলিয়াছি। আর সমস্ত ভূতের আদি পরম স্বাবস্থা, নাম ও রপের বীজশক্তিকে যদি 'প্রধান' নামে আখ্যাত করিতে চাও, তবে সেই প্রধান হইতে আলোচ্য ভূতযোনি যে পৃথক, স্বতন্ত্র, তাহা "অক্ষরাং পরত: পর:," এই বাক্যে স্পষ্টভাবেই দেখান হইয়াছে। স্থতরাং প্রধানও ভূতবোনি নয় ।

মনে রাখিও, নামরূপের বীজশক্তিকে 'প্রধান' বলিলেই যে সে সাংখ্যকল্পিত প্রধান, তাহা নয়। সাংখ্যের প্রধান হইতে এই আদি বীজ শক্তি একান্তই ভিন্ন। শ্রুতিতে 'অক্ষর' বলিতে যে বীজ্ঞাক্তির উল্লেখ করা ইইয়াছে, তাহা প্রমেশ্বরের একান্তই অধীন, সাংখ্যকল্পিত প্রধানের ক্যায় স্বতন্ত্র স্বাধীন কোন বস্তু বা সন্ত্যানয়। প্রধান যে শতিবিক্ক, ভাহা পূর্বেই (ঈকতেনা শক্ষ ইত্যাদি স্ত্রে) দেখান ट्हेगारह। युक्तिवाता ७ ८व अधान विनया कि हू श्रीकात कता यात्र ना, তাহা পরে দেখান হইবে।

আর যে অচেতন দৃষ্টাস্তের কথা বলিয়াছ, তত্ত্তরে বলি, যাহার সহিত উপমা করা হয়, এবং যাহাকে উপমিত করা হয়, তাহা-এই ছুইটি দর্বাংশে সমান হইবে, এমন কি নিয়ম আছে ? প্রত্যুত উভয়েই যদি একরপ হয়, তবে ত তাহাদের উপমাই হইতে পারে না। দৃষ্টাস্তোক্ত মৃদ্ধিকা প্রভৃতি অচেতন, অতএব ভূতবোনিও অচেতন-এ বড় অঙুত যুক্তি। তাহা হইলে মৃত্তিকাদি যথন স্থুল দৃত্যবস্তু, ভূতধোনিও স্থুল দৃশ্যবস্ত্ত-একথাও তুমি বলিতে বাধ্য, কিন্তু তাহা ত বল না। অতএব অদৃশ্যবাদি গুণবিশিষ্ট इष्टर्शान প्रदायक्-क्षधान्य नग्न, कीव्य नग्न।

রূপ-উপন্যাসাৎ চ॥ ২৩॥

ষারও[চ] ঐ ভূতযোনিরই বিশ্বময় রূপের বর্ণনা আছে, এইজক্ত [রূপোপক্যাসাৎ] উহাকে পরমেশ্বরই বলিতে হইবে।

"অক্ষরাৎ পরতঃ পরঃ"—ইহার পরে "ইহা হইতে প্রাণ উৎপন্ন হয়' ইত্যাদি বাক্যে সর্বভূতের সৃষ্টি বলিয়া শ্রুতি সেই ভূতযোনির বিৰময় রূপের বর্ণনা করিয়াছেন, যথা:—"অগ্নি তাঁহার মন্তক, চন্দ্র एया তাঁহার চকু, দিকুসকল তাঁহার কর্ণ, বেদ তাঁহার বাক্য, বায়ু তাহার প্রাণ, বিশ্ব তাঁহার হৃদয়, পৃথিবী তাঁহার পদ,—ইনি সর্ব্বভূতের অস্তরাত্মা" (মৃ.২.১.৪)। ঈদৃশ রূপ সর্ব্বকারণ-কারণ প্রমেশ্বরেরই সম্ভব

হয়, অৱশক্তি জীব বা অনাত্মা প্রধানের সম্ভব হয় না। অতএব ভতযোনি পরমেশ্বরই।

শিষ্য। প্রথমে ভূতযোনিকে অদৃশ্য, চক্ষ্কণাদি রহিত রূপে বর্ণন। করিয়া পরে তাহারই আবার উপরি উক্ত রূপ বর্ণনা সঙ্গত হয় কিরপে ?

গুরু। এই যে অগ্নি প্রভৃতিকে তাঁহার অঙ্গরূপে বলা হইয়াছে, ইহার অভিপ্রায়, বাস্তবিকই পরমেশ্বরের ওরূপ একটা রূপ আছে, ইহা নহে; পরম্ভ ভিন্নি সর্দ্রমন্ত্র এই অভিপ্রায় প্রকাশ করিবার জন্তই ওরপ রপ কল্পনা করা হইয়াছে। নিগুণই সগুণরূপে প্রতিভাত হন, অ-রপই স-রপ হইয়া প্রতীয়মান হন।

শিষ্য। ছান্দোগ্য উপনিষদে (ছা: ৫.১১.১—৬) একটি আখ্যায়িকা আছে। একসময় প্রাচীনশাল প্রভৃতি পাঁচ জন বেদজ্ঞ গৃহস্থ 'আত্ম। কি.' 'ব্রন্ধ কি'—এ সম্বন্ধে বিচার করিতেছিলেন। কোন নিশ্চিত মীমাংসা করিতে না পারিয়া তাঁহারা উদ্দালকের নিকট গমন করিলেন। তিনিও কোন সমাধান করিতে না পারায় ছয় জনে মিলিত হইয়া কৈকেয় রাজার নিকট গিয়া বলিলেন, "আপনি 'বৈশ্রানর আত্মা 'অবগত আছেন, তাহা আমাদিকে বলুন।" রাজা তাঁহাদিগকে জিজ্ঞাসা করিলেন, "আপনারা কে কাহাকে বৈশ্বানর আত্মা জ্ঞানে উপাসনা করেন ?" (অর্থাৎ বৈশ্বানর আত্মা সম্বন্ধে আপনাদের কাহার কি ধারণা?) কেহ বলিলেন তালোককে. কেহ স্থাকে, কেহ বায়ুকে, কেহ আকাশকে, কেহ জলকে, কেহ পৃথিবীকে। কৈকেয় বলিলেন, "ইহাদের কেহই প্রকৃত বৈশানর নয়, তাঁহার অঙ্গ প্রত্যঙ্গ মাত। অবশ্য এইরূপ আংশিক উপাসনারও

একটা ফল আছে সভ্য, ভ্ৰথাপি অংশকেই পূৰ্ণ ভাবিয়া আরাধনা কবিলে আপনাদের বিশেষ অনিষ্টও হইত। আপনারা আসিয়া ভালই করিয়াছেন।" এইব্লপে রাজা এক এক অন্বের উপাদনার নিন্দা করিয়া পুণার বৈধানর উপাসনার উপাদেশ করেন, এবং বলেন, "যিনি এই প্রানেশ প্রমাণ্ড সর্বজ্ঞ আত্মা বৈখানায়ের উপাদনা করেন, তিনি সকললোকে, সর্বাভৃত্তে, সর্বাদেহে সর্বাভোগ व्याश हम। हालाक এই विचानत्त्र मछक, ख्या जाहात हकू, वायू ভাহার প্রাণ-----''(ছা: ৫.১৮.২)।

এই আখাা विकास 'टेरबानत' ও 'আত্মা'--এই তুইটি শব আছে। इंशात माना देवबानत अवि कठेबाधि, পार्थित नामात्र पाधि, ख অগ্রিদেবতা এই তিন অথেই প্রযুক্ত হইতে দেখা যায়। বৈশানর শন্ধ এই ভিনের সাধারণ নাম (common name)। স্মাবার, স্বাস্থা-শব্দও জীব এবং অঞ্চের সাধারণ নাম। স্বতরাং কৈঁকেয়ের উক্ত বৈশানর আত্ম। কে, বুঝিতে পারিতেছি না।

^{छक्र ।} देवश्वानद्रः, माधात्र्य-शक्त-वित्वाष्ट्र ॥२८॥

रेववानव (रेववानवः) भवस्यवदः, त्यस्ट्र, रेववानव ७ আহা এই ছুইটি শব্দ সাধারণ হুইলেও তাহাদের বিশেষত্ব আছে [সাধারণ-শন্দ-বিশেষাং]; হাহাতে বৈখানর আত্মা বলিতে বন্ধ অথই নির্ভারিত হয়।

খনিও 'বৈখানত্ন' শুন্টি শ্রুঠরান্তি, ভৌতিক অগ্নি ও অগ্নিদেবতার সাধারণ নাম, এবং 'আয়া' শব্দ জীব ও ব্রহ্মের সাধারণ নাম, তথাপি जे अधिरा दहे पृष्टी अरमत अमन विश्विष चारक, राहाराज

[·] आरम्ब= आव अक हता. अमरवर श्विमान ।

বৈখানরের প্রমেশ্বর অর্থ গ্রহণ করাই সঙ্গত। হালোক প্রভৃতিকে ष्यवयवद्गर्भ कन्नना, दिचानद्वत्र खात्न मर्सकल श्राधि, मर्सभान নাশ, প্রস্তাবের আরম্ভে 'আত্মা কি., 'ব্রন্ধ কি', এইরূপ বিচার – এই সব কারণে বৈশ্বানর প্রমেশ্বর বলিয়াই নিশ্চিত হয়।

সুৰ্য্যমাণম অনুমানং স্থাৎ ইতি॥ ২৫॥

আর শ্বতিতে যে পরমেখরের ত্রিলোকমূর্ত্তির বর্ণনা আছে িম্বামাণম], তাহাতে শ্রুতিতেও প্রমেশ্বরেরই ত্রিলোকমৃতি বণিত হইয়াছে, এরপ অহুমান [অহুমানম] হয় [দ্যাৎ], এই জ্ঞাও [ইভি] পরমেশরই বৈশানর।

সমগ্র স্থতি শাস্ত্রই শ্রুতির উপর প্রতিষ্ঠিত। শ্রুতিই তাহাদের মূল। এবং দেই জন্মই স্মৃতির প্রামাণ্য। শ্রুতিবিরুদ্ধ স্মৃতি অপ্রক্ষেয়। উ্রাতির কোন স্থলে সন্দেহ উপস্থিত হইলে তদমুরূপ শ্বতির সাহায্যে সেই নন্দেহের মীমাংসা হইতে পারে। কারণ শ্রতিতে যাহা অম্পষ্ট বা সংক্ষেপে সামান্ত ভাবে উল্লিথিত, স্মৃতিতে তাহাই স্পষ্ট ও বিশ্বতভাবে বিবৃত হইয়াছে। স্থতরাং শ্বতিতে যথন স্পষ্টই দেখিতে পাই যে, পরমেশরেরই জিলোকমৃত্তির বিভূত वर्गना आह्न, ज्थन हेरा रहेए नरद्वर अर्थमान कन्ना यात्र त्य, जे শ্বতির মূল ুযে শ্রুতি, তাহাতেও পরমেশ্বরকেই ত্রিলোকমৃতি বলা হইয়াছে। আমাদের খালোচ্য বৈখানরের যেরপ ত্মালোক প্রভৃতি মন্তকাদিরপে বর্ণিত আছে, শ্বতিতেও সেইরপ প্রমেশ্রেরই ছালোকাদি মন্তকাদিরপে বণিত হইয়াছে। এই স্থতির সাহায়েও বুঝা যায় যে, বৈশানর পরমেশরই।

निष्ण । · शालाकामिटक व्यवश्वत्रत्य क्वना हेळामि विस्थि

কারণে বৈশানর শন বিভিন্ন অর্থে প্রযুক্ত হইলেও তাহার পরমেশর অর্থই গ্রহণ করিতে বলিতেছেন। কিন্তু ওরূপ বিশেষ কারণত জঠরাগ্রির পক্ষেও দেখান যাইতে পারে। যেমন, (১) বৈশানর শনটিই জঠরাগ্নি অর্থে প্রসিদ্ধ, (২) ঐ বৈশানরকেই অন্নাদির আছতির আধার বলা হইয়াছে: (৩) সেই বৈশানর জীবের অভ্যন্তরে আছে ইত্যাদি। এই সব বিশেষ উক্তি থাকায় বৈশানরের জঠরাগ্নি অর্থও গ্রহণ করা যাইতে পারে। অতএব,

শব্দাদিভ্যঃ অন্তঃ-প্রতিষ্ঠানাৎ চ ন ইতি চেৎ ?

যেহেতু বৈখানর শব্দ জঠরাগ্নি অর্থে প্রসিদ্ধ এবং ঐ বৈখানরকে আহুতির আধারও বলা হইয়াছে [শব্দাদিভা:] এবং [চ] যেহেতৃ সেই বৈখানরের অন্তরে অবস্থানের কথাও বলা ইইয়াছে আন্ত:-প্রতিষ্ঠানাৎ], সেই জন্ম বৈশানর প্রমেশ্বর নয় নি]--একথা যদি বলি [ইতি চেৎ] १—

গুৰু। ন, তথা দৃষ্টি-উপদেশাৎ,---

না, তাহা বলিতে পার না [ন]; যেহেতু, সেই জঠরাগ্নি-রূপেও, [তথা] প্রমেখনেরই ধ্যানের উপদেশ ওম্বলে করা হইয়াছে।

বিশেষ কারণ উভয় পক্ষেই আছে, স্বীকার করি। কিন্তু সেজন্ত বৈশানর পরমেশর নয়, জঠরাগ্নি—একথাও স্বীকার করিতে পারি না। কারণ, ওরপ একপক স্বীকার করিবার কোন বিশেষ হেতু নাই। करन, श्रीकात कतिए श्रहेरव रव, भत्रास्वत्रक्रे क्रिताधिकाभध ধ্যান করিবার ব্যবস্থা দিবার উদ্দেশ্যেই তাঁহাকে ওরূপ ভাবে বর্ণনা

করা হইয়াছে। যেমন অক্সশ্রুতিতে মনকে ব্রহ্মরূপে ধ্যান করিবার ব্যবস্থা দেওয়া হইয়াছে, তক্ৰপ।

আর, কেবল জঠরাগ্নিই বৈশানরের অর্থ, একথা বলিলে

---অসম্ভবাৎ,---

বৈশানরের তিলোকমূর্তি সম্ভব হয় না, ফলে, শ্রুতির সেই অংশ ব্যর্থ হইয়া পড়ে। ত্যালোকাদি কথনও জঠরাগ্নির অঙ্গ-প্রতাঙ্গ হইতে পারে না।

আর, জঠরাগ্নি পুরুষের অভ্যন্তরে আছে বটে, কিন্তু জঠরাগ্নিকে ত আর পুরুষ বলাযায় না। কিন্তু

পুরুষম্ অপি চ এনম্ অধীয়তে॥ ২৬॥

यज्ञात्र्वाप এই বৈশানরকে [এনম] পুরুষরপেও [পুরুষমপি] নির্দেশ করা হইয়াছে [অধীয়তে]।

সর্ব্বত বিভাষান প্রমেশ্বর জঠবেও আছেন, পুরুষরূপেও তিনি বিরাজ করিতেছেন। স্থতরাং বৈশানরের প্রমেশ্বর অর্থ গ্রহণ করিলেই শ্রুতির পূর্ব্বাপর সামঞ্জক্ত থাকে এবং প্রত্যেক কথারই সার্থকতা রক্ষা পায়।

আর.

অতএব ন দেবতা, ভূতং চ॥ ২৭॥

পূর্ব্বোক্ত কারণেই [অতএব] অগ্নিদেবতা [দেবতা] কিমা চি] ভৌতিক সাধারণ অগ্নিও [ভূতম্] বৈশানর শব্দের অর্থ হইতে পারে ना[न]।

বিশেষত:, কি জঠরাগ্নি, কি অগ্নিদেবতা, কি পার্থিব অগ্নি, 'আত্মশন্ধ' কাহারও প্রতি প্রযুক্ত হইতে পারে না। জীবেবও জিলোকমূর্ত্তি প্রভৃতি বর্ণনা সম্ভব হয় না। অভ্যান বৈশ্বানর-আশ্বাধি পরমাত্মাই।

২৬ হতের ব্যাথ্যায় বলিয়াছি বে, **আলোচ্য ঐতিতে ধ্যানেক** জন্ম প্রমেশ্বকে জঠরাগ্রিরপেও বর্ণনা করা হই**রাছে। কিন্তু**

সাক্ষাৎ অপি অবিরোধং কৈমিনিঃ॥ ২৮॥

আচাধ্য জৈমিনি [কৈমিনিঃ] বলেন যে, ঐ প্রকার জঠরারিক্ষপ
একটা অবলখন কল্পনা না করিয়াও, সাক্ষাংভাবেই [সাক্ষাদপি].
ওশ্বলে পরমাত্মারই উপাসনার ব্যবস্থা আছে, একথা বলিলেও কোনবিরোধ হয় না [অবিরোধম্]। প্র্কাপর আলোচনা করিলে ছির
হয় যে, বৈখানর প্রক্ষই, যদিও উহার সাধারণ অর্থ জ্বঠরারি।
বৈখানর কি-না সমগ্র বিখের নেতা, নায়ক, অর্থাৎ যিনি সর্ক্ষময়।
বৈখানর শক্ষের এই অক্ষরার্থ ঘারাও তাহার প্রক্ষত্ব নিশ্বিত হয়।

শিষা। কিন্ত বৈখানরকে পরমেশ্বর বলিলে 'তিনি প্রাদেশ পরিমাণ হৃদয়ের অভ্যন্তরে আছেন'—একথা সঙ্গত হয় কিরুপে ?

গুৰু। অভিব্যক্তেঃ ইতি আশ্মরথ্যঃ॥ ২৯॥

যদিও প্রমেশরের কোন নির্দিষ্ট পরিমাণ (size) নাই, তিনি অসীম, ডথাপি উপাসকের প্রতি রূপা করিয়া তিনি হাদয়াদি সীমাবদ্ধ স্থানে বিশেষভাবে অভিব্যক্ত হন, প্রকট হন,—এইজফ্র: [অভিব্যক্ত:] বলা হইয়াছে যে, 'তিনি হাদয়াভাস্করে আছেন'—ইহা [ইতি] আচার্যা আশ্বরথা [আশ্বরথা:] বলেন।

অসুস্মতেঃ বাদরিঃ ॥ ৩০ ॥

আচার্য্য বাদরি [বাদরি:] বলেন, প্রাদেশ পরিমাণ হৃদ্পল্পে অবস্থিত মনের বারা অফুশ্বত হন বলিয়া (অর্থাৎ তাদৃশ মন বারা উাহাকে ধ্যান করা হয় বলিয়া) [অফুশ্বতে:] পরমেশরকে প্রাদেশ প্রমাণ বলা হইরাছে।

একরকমের উপাসনা আছে, যাহাকে স্পাতি বলে। যেমন, একটি শালগ্রামশিলা অবলম্বন করিয়া বিষ্ণুর ধ্যান করিতে করিতে যখন উপাসকের সেই শিলাকে আর শিলা বলিয়া জ্ঞান হয় না, পরস্ক তাহাতে বিষ্ণুবৃদ্ধিই দৃঢ় হয়, তখন সেই বৃদ্ধিকে বিষ্ণু-সম্পত্তি বলে। সেইরপ প্রাদেশপ্রমাণ হলয়কে অবলম্বন করিয়া প্রমেশরের ধ্যান করিতে করিতে উপাসকের 'প্রমেশর-সম্পত্তি' হয়।

সম্পত্তেঃ ইতি জৈমিনিঃ, তথা হি দর্শয়তি॥ ৩১॥

উক প্রকার পরমেশ্বর-সম্পত্তি লাভের জন্ম [সম্পত্তে:] পরমেশ্বরকে প্রাদেশপরিমাণ বলা হইয়াছে—ইহা [ইতি] আচার্য্য কৈমিনি [কৈমিনি:] বলেন; যেহেতু [হি] ঐরপ পরমেশ্বর-সম্পত্তি লাভের জন্ম তাঁহার প্রাদেশ পরিমাণ [তথা] অন্য শ্রুতিও নির্দেশ করিয়াছেন [দর্শয়তি]।

আমনস্তি চ এনম্ অস্মিন্॥ ৩২॥

আর [চ] অক্তশ্রুতিও এইরূপ প্রাদেশ পরিমিত স্থানে [অস্মিন্]
প্রমেশ্বরকে [এনম্] উপদেশ করেন [আমনস্কি]। জাবাল-শাধার
পরমেশ্বরর প্রাদেশ পরিমাণ স্থানে অবস্থানের উল্লেখ আছে।
ফ্তরাং 'বৈশানর প্রাদেশ পরিমিত স্থানে অবস্থান করেন', এইরূপ
উক্তি আছে বলিয়াই বে বৈশানর পরমেশ্বর হইতে পারিবে না, এমন
কোন কথা নাই। অতএব বৈশানর পরমেশ্বরই।

প্রথম অধ্যায়

তৃতীয় পাদ

শিষ্য। মৃগুক উপনিষৎ বলেন, "স্বৰ্গ, পৃথিবী, অন্তরিক্ষ, মন, ইন্দ্রিয় এই দকল আহাতে প্রতিষ্ঠিত, দেই অন্বয় আত্মাকে জান, অন্ত কথা পরিত্যাগ কর; তিনিই অমৃতের [মোক্ষের, ভবসমূদ্র পারের] দেতু" [মৃ: ২.২.৫]। এস্থলে ত্মলোক, ভূলোক প্রভৃতির আধাররূপে উক্ত বস্তুটি কি ?

ত্য্য-ভূ-আদি আয়তনম্, স্বশব্দাৎ॥ ১॥

গুরু। ত্যুলোক, ভূলোক প্রভৃতির আয়তন বা আধার [ত্যুভ্বাদ্যয়-তনম্] পরম ব্রহ্ম; যেহেতু, ঐ আধারকে 'আত্মা' শবে অভিহিত করা হইয়াছে [স্ব-শব্দাৎ]।

"সেই এক আত্মাকেই জান"—এই বাক্যে ঐ আয়তনকে 'ব্দ্ৰহ্ম ব্যাহ্মা' বলা হইয়াছে। আবার, কোন কোন শ্রুতিতে ব্রহ্মকে স্পষ্টভাবেই 'আয়তন' বলা হইয়াছে। এস্থলেও পূর্বে এবং পরে ব্রহ্ম শব্দ আছে। স্বতরাং উক্ত আয়তন ব্রহ্মই।

শিষ্য। আচ্ছা, এই শ্রুতিতে ব্রহ্মকে পৃথিবী প্রভৃতির আয়তন বা আধার বলা হইল, আবার, "সর্ব্ধং থবিদং ব্রহ্ম"—ইত্যাদি বাক্যে পৃথিবী প্রভৃতিকেই ব্রহ্ম বলা হইয়াছে! ইহাতে মনে হয়, ব্রহ্ম একও বটে, আবার বহুও বটে। যেমন, 'একটি গাছ', এই হিসাবে সে এক : আবার, ভাল, পাতা ইত্যাদিরপে সে বছ। অর্থাৎ ভাল, পাতা ইত্যাদির সমষ্টিই গাছ—বহুর একত্র সমাবেশ হইলে তাহাকে এক বলা হয়। সেইরূপ পৃথিবী, স্বর্গ ইত্যাদি বিভিন্ন বস্তু একত্র করিয়া যে সমষ্টি হয়; তাহাই বন্ধ। অতএব বন্ধ সমস্ত শ্রেপঞ্জবিশিষ্ট, উাহাকেই জানিবার উপদেশ এ শ্রুতিতে দেওয়া হইয়াছে।

গুরু। বংস। অতি প্রয়োজনীয় কথাই উত্থাপন করিয়াছ। কারণ, আজ্ঞকাল অনেকেই বেদাস্তের অদৈতবাদ এইভাবে গ্রহণ করিয়া মহাত্রমে পতিত হন, এবং ইহাকে Pantheism ইত্যাদি আখ্যা প্রদান করেন। তাঁহারা মনে করেন, বেদান্তের অহৈতের অর্থ এই যে, ব্রহ্ম যেন একটি বৃক্ষ, দৃষ্ঠ প্রপঞ্চ যেন তাহার শাখা পল্লব हैजाि । व्यर्गार मुख व्यापक्ष अदावात है वार्य । जाहा हहेरन हेहारमत মতে সমস্ত দৃশ্য পদার্থও ব্রন্ধেরই মত সত্য বলিয়া স্বীকার করিতে হয়। কিন্তু সমগ্র শ্রুতির প্রতি লক্ষ্য করিয়া বিচার করিলে দৃশ্যপ্রপঞ্চের সত্যন্ত কিছতেই স্বীকার করা যায় না। শ্রুতি বলেন, "যে অথণ্ড একরস আত্মাতে নানাত্ব দেখে, ভেদ অতুভব করে, িঅর্থাৎ আত্মাকে বছর সমষ্টি বলিয়া মনে করে, বুক্ষের ডাল, পাতা ইত্যাদিরূপ], সে মৃত্যু-প্রাপ্ত হয়" কি: ২. ৪. ১১ । এস্থলে নানাছদর্শনের নিন্দা করা হইয়াছে। "নেহ নানান্তি কিঞ্চন—এই আত্মাতে নানা অর্থাৎ ভেদ বিশয়া কিছুই নাই"—ইত্যাদি বহু শ্রুতিতে নানাত্ব বা ভেদের অ্স্তিওই স্বীকার করা হয় নাই। আবার, "বেমন এক টুকরা লবণ অন্তরে বাহিরে সর্বতেই লবণ, একরস, সেইরূপ আত্মা অন্তরে বাহিরে একরস, চিন্মাত্র, ভৈতত্ত্যতাত্মন" (বু: ৪. ৫. ১৩)—ইত্যাদি শ্রুতির প্রতি দৃষ্টি করিলে—এমন দিদ্ধান্ত কিছুতেই করা যায় না যে, বন্ধ বা আত্মা সমন্ত-প্রপঞ্চ-বিশিষ্ট অর্থাৎ নানা বা ভেদের সমষ্টি। তবে যে "দর্বং থবিদং ব্রহ্ম"—ইত্যাদি শ্রুতিবাক্য আছে, তাহার তাৎপর্য্য এই যে, দৃশ্যপ্রপঞ্চ দৃশ্যপ্রপঞ্চরপে মিথ্যা; তাহার সত্যত্তব্দ্দি দ্র

করিয়া মিধ্যাত্রোধ উৎপাদন করাই ঐতির অভিপ্রায়। থেমন রজ্জতে সর্পভ্রম হইলে বলা হয়, 'যাহাকে সর্প বলিয়া মনে করিতেছ, তাহা সূর্প নয়, রজ্জা। এছলে রজ্জ ও সর্পের অভেন্টক্তিতে সর্পের মিথা। এই প্রতিপন্ন হয়, রক্ত্বিশিষ্ট সর্প-এরপ অর্থ হয় না। ছইটী বস্ত চুইটা বশ্বই থাকিবে, অথচ ভাহারা অভিন্ন, এক,—ইহা নিভাস্ত অসম্ভব কথা। যখন বল, দর্পই রচ্ছ, তথন রচ্ছ ও দর্প উভয়েই সত্য হইতে পারে না। উভয়ে সত্য হইলে, উভয়ের পার্থকাও সত্য, কারণ দেই পার্থকাই তাহাদের পরস্পরকে চ্রাইটি বস্তরণে প্রতিভাত করে। যতকণ চুইটি থাকে, ততকণ তাহাদের অভেদউক্তি প্রকাপ-माज, क्लानात्र आजाहत, क्विन क्थात्र कथा माख। य मूहर्ख इटेंढि বস্তুর অভেদ বলা হয়, সেই মুহুর্ত্তে উহাদের একটি মিধ্যা বলিয়া অবশুই প্রতিপন্ন হয়। সেইরূপ ''এই সমন্ত ব্রন্ধ" এই কথায় সমন্ত প্রদার্থের সমষ্টি লইয়া এন্দ, এ অর্থ কল্পন। করা যায় না, বরং সমন্ত পদার্থ সমন্ত পদার্থরূপে মিথ্যা—ইহাই প্রতিপন্ন হয়। স্কুতরাং দৃষ্ঠপ্রপঞ্চের সহিত ত্রন্ধের অভেদ উক্তি প্রপঞ্চের মিথ্যাবই প্রতিপাদন করে; এবং সমন্ত প্রপঞ্চ-বিশিষ্ট আত্মাকে জানিবার উপদেশও আমাদের আলোচ্য শ্রতিতে করা হয় নাই, কেবল অজ্ঞানকল্লিও দৃশুবর্গ জ্ঞানের খার। বিলয় করিয়। তাহার আধারভত পরমাত্মাকেই জানিবার উপদেশ ষ্ট্যাছে। यन কেই বলে, 'রাম যে চেয়ারে বসিহা আছে, সেই ८६यावचाना महेया चाहेत्र,' उटाव ट्यमन ट्यन ट्यावचानाहे चाना हय, রামকে ভদ্ধ আনা হয় না, দেইরপু "দৃভাপ্রপঞ্চ হাহাতে অবস্থিত, তাঁহাকে জান" বলিলেও দুখপ্ৰপঞ্-বিশিষ্ট সন্ধাধারকে জানিতে বল: হয় না। প্রত্যুত কেবল সেই সর্কাধারকেই জানিতে বলা হয়।

আৰ, ঐ ছালোকানির আধারকে

মুক্ত-উপস্প্য-ব্যপদেশাৎ ॥২॥

মৃক্তপুক্ষের গম্য [উপস্প্য] বলিয়া নির্দেশ করা হইয়াছে, এই জ্বনাও ঐ আধারকে ব্রন্ধই বলিতে হইবে। শ্রুতির সর্কাত্তই মৃক্ত ব্যক্তি প্রশ্নের সহিতই এক হইয়া যান—এরপ সিদ্ধান্ত আছে। এম্বলেও ধ্বন মৃক্তব্যক্তি ঐ আধারের সহিত অভিন্ন হইয়া যান, তাঁহাকেই প্রাপ্ত বন,—এরপ নির্দেশ করা হইয়াছে, তবন ঐ আধারকে ব্রন্ধ বলিয়াই শীকার করিতে হইবে।

শিষ্য। কিন্তু সাংখোক্ত প্রধান সকল বস্তুর কারণ বলিয়া তাহাকেও ত আধার বলা যায়; কারণকে অবলম্বন করিয়াই সমস্ত কার্য্য বর্তমান থাকে।

ওল। ন অনুমানম্, অ-তৎ-শব্দাৎ ॥৩॥

সাংখ্যের অস্থমান-প্রমাণ দারা কল্পিত প্রধান [অস্থমানম্] দ্রালোকাদির আধার ইইতে পারে না [ন]; যেহেতু, আলোচা শ্রুতিতে প্রধানবাধক কোন শব্দই নাই [অতচ্চদাৎ]। আমাদের আলোচা শ্রুতিতে এমন কোন শব্দ নাই, যাহা প্রধানকে ব্রায়। পক্ষাস্তরে আচেতন প্রধানের বিপরীত শব্দই আছে। যথা, ঐ আধার 'সর্বজ্ঞ'। স্থতরাং প্রধান হালোকাদির আধার নয়।

শিব্য। আছো, জীব সমস্ত ভোগ করে, বিশ্বপ্রপঞ্চ ভাহার ভোগ্য বস্তু। এই হিসাবে জীবকেও ঘূলোকাদির আধার বলা যাইতে পারে, দ্যুলোকাদি জীবের ভোগের জনাই স্টু হইয়াছে। আর প্রধান আচেতন বলিয়া ভাহাকে 'আআ' বা 'সর্ব্বস্তু' বলা যায় না বটে, কিন্তু জীব ত আত্মা ও চেতন। স্তুরাং ভাহাকেই কেন আধার।বলি না ?

গুৰু। প্ৰাণভূৎ চ ॥৪॥

জীবও (যাহার প্রাণ আছে, অর্থাৎ প্রাণী) [প্রাণভূৎ চ] উক্ত আধার হইতে পারে না। হাা, জীব আত্মাও চেতন বটে, কিন্ত তাহার জ্ঞান নিতান্ত সীমাবদ্ধ, স্বতরাং তাহাকে সর্বজ্ঞ বলা যায় না। আর ক্ষুদ্র জীবকে ঘূলোকাদির আধার বলাও স্মীচীন নয়।

"একমাত্র সেই আত্মাকেই জান"—এই বাক্যে 'সেই আত্মাকেই' এই শব্দবারা ঐ আধারকেই লক্ষ্য করা হইয়াছে এবং সেই আত্মাকে জানিবার উপদেশ জীবকেই দেওয়া হইয়াছে। অতএব এম্বলে জীব ও ঐ আধারের স্পষ্টভাবেই

८७म-वार्थाम^{*}। ए।।

ভেদ ব। পার্থক্য উপদিষ্ট হওয়ায় [ভেদব্যপদেশাং] ঐ আধার যে জীব নয়, তাহা নিশ্চিত হয়।

আর,

প্রকরণাৎ ॥ ৬ ॥

প্রকরণটা অথাৎ প্রস্তাবটীও প্রমাত্ম। সম্বন্ধেই, জীবসহন্ধে নয়।
"এমন একটা বস্তু কি, যাহা জানিলে সবই জানা হইয়া যায়" (মৃ: ১.১.৩)
— এই বাক্য দারাই প্রস্তাব আরম্ভ করা হইয়াছে। পরে হালোকাদির আধারই ঐ বস্তু—এরপ নির্দেশ আছে। স্বৃত্রাং ঐ আধার জীব হইতে পারে না, কারণ জীবকে জানিলে সব জানা হয় না।

আবার, ঐ প্রস্তাবের অন্তর্গত একটা বাক্য এই—"এক বৃক্ষে (দেহে) ছইটা পক্ষী (আত্মা—জীবাত্মা ও পরমাত্মা) আছে। তাহাদের মধ্যে একটা (জীবাত্মা) স্বাহু পিপুল (কর্মফল) ভক্ষণ করে,

অপর্টী (পর্মাত্মা) কিছু ভক্ষণ করেনা, কেবল সাক্ষীরূপে অবস্থান করে" (ম ৩.১.১)। এম্বলে দেখিতে পাই, একজনের ভক্ষণ ও অপরের কেবল উদাসীন ভাবে অবস্থানের উল্লেখ আছে।

এই

স্থিতি-অদনাভ্যাং চ॥ १॥

উদাসীনভাবে অবম্বিতি ও অদনের (ভক্ষণের) উল্লেখ হইতেও [স্থিত্যদ্নাভ্যাংচ] বুঝা যায় যে, শ্রুতি কোন বিশেষ উদ্দেশ্যেই এম্বলে জাবাত্মা ও পরমাত্মার ভেদ প্রদর্শন করিয়াছেন। সেই উদ্দেশ এই যে, ত্বালোকাদির আধারকে যেন জীবাত্মা বলিয়া সন্দেহ না হয়। পরমাত্মার আলোচনা প্রসঙ্গে শ্রুতি তাঁহাকে চ্যুলোকাদির আধার্রপ নির্দেশ করিলেন। এই আধার বর্ণনায় পাছে কেহ তাহাকে জীব বলিয়া সন্দেহ করে, সেই সন্দেহ দূর করিবার জন্ম শ্রুতি স্পষ্ট করিয়া বলিয়া দিলেন যে, "ভোক্তা জীব হইতে প্রমাত্মা ভিন্ন; বিশ্বপ্রপঞ্চের ভোগকারী বলিয়া জীবকে আধার বলা যায় না, যে প্রমাত্মার স্থন্ধে আলোচনা হইতেছে এবং যাঁহাকে আধার্ত্তপে বর্ণনা করা হইয়াছে, সেই পরমাত্র। হইতে ভোক্তা জাব পৃথক"।

আর, জীব যে কি, তাহা বর্ণনা করাও শ্রুতির অভিপ্রেত নয়; কারণ, কর্ত্তা-ভোক্তারপে জীব সকলেরই জানা, জীবভাব প্রতিপাদন করা শ্রুতির নিম্প্রয়োজন। প্রমাত্মাই অজ্ঞাত—শ্রুতি তৎস্বন্ধেই উপদেশ করেন। এ বিষয়ে পরে আরও আলোচনা করা যাইবে।

স্থতরাং ত্যুলোকাদির আধার জীব নয়, পরমাত্মাই।

শিশু। ছান্দোগ্য উপনিষদে একটা আখ্যায়িকা আছে-এক সময় নারদ আত্মতত্ত্ব জিজ্ঞান্ত হইয়া সনৎকুমারের নিকট গমন করেন

সনংক্ষার কর্ত্তক প্র হইমা তিনি বংগন হে, তিনি বেদাদি সম্লাম শাস্ত্রই অধ্যয়ন করিয়াছেন, কিন্তু এত অধ্যয়ন করিয়াও তিনি আত্ম-জ্ঞান লাভ করিতে পারেন নাই। তিনি পুনরাম বলিলেন, "ভগবন্, षायि पाननारमत जाग महाश्वकारमत मृत्य अनिशाहि रग, আগ্রস্তান লাভ করিলে সমস্ত শোকের অতীত হওয়া যায়। আমি চাথে একান্ত অভিছত, আপনি রূপা করিয়া আমাকে শোকের পারে নিয়া চলুন। কি হইলে পরম স্থপ লাভ হয়, তাহা আমাকে বলুন।" উত্তরে সনংকুমার বলিলেন, "ঘাহা অল. পরিচ্ছির (limited), শুম, তাহা স্থপ নতে; যাহা ভুমা, মহৎ, বুহৎ, সব ১১টো বড়, অবিচ্ছিন, তাহাই (প্রকৃত) স্থপ, তাহাই জান।" নারদ বলিলেন, ''আমাকে সেই ভুমার উপদেশ করুন।'' সন্থ্যার विज्ञालन, "याशास्त्र अन्न किছু प्रिया याद्य ना, खना याद्य ना, खाना याद्य না, অথাং ঘাহাতে এক বই ছুই নাই, কোনৰূপ ভেদ নাই, ভাহাই ভুমা; আর, যাহাতে অন্ত কিছু দেখা যায়, ভনা যায়, জানা যায়, অগাং যাহাতে ধৈত আছে, তাহা অল্প, কুন্ত, তুচ্ছ" (ছা: ৭. २७ २६)।

এই হুনা বুঝাইবার জন্ম প্রয়োজরচ্চলে, নাম হইতে বাক্ বছ, বাক্ হইতে মন বছ, মন হইতে সমল বছ, ইত্যাদি ক্রমে সর্বাধেষে আশা হইতে প্রাণ বছ, তাহা আর বলা হয় নাই। স্তরাং মনে হয়, প্রাণিই ভূমা। বিশেষ, প্রাণীন গভীর নিমার অবস্থায় সমস্ত ইন্দ্রি প্রাণে লীন হয়; সেই অবস্থাকে সম্প্রসাদ্যত বলে—কারণ, এই অবস্থায় আত্মা সমাক্ প্রদল্প, শাস্ত, স্বণী বাকেন। সেই স্প্রসাদ অবস্থায় কিছু দেখাও বার না, ভনাও যায় না, ভানাও যায় না। সে অবস্থাটা যে স্থাম্বন্ধ

তাহ। শ্রুতি হইতেও জানা যায়, আমরাও তাহা অফুডব করি। আর সম্গ্র জ্বাৎও প্রাণময়। স্কুতরাং প্রাণই ভূমা।

গুরু। না, প্রাণকে ভূমা বলিতে পার না,

ভূমা, সম্প্রসাদাৎ অধি-উপদেশাৎ।। ৮।।

পরমাঝাই ভূমা [ভূমা],— থেহেতু, সম্প্রসাদ হইতে অর্থাৎ প্রাণ হইতে [সম্প্রসাদাৎ] অধিক, বড়, শ্রেষ্ঠ বস্তুর [অধি] উপদেশও করা ইইয়াছে [উপদেশাৎ]।

স্ম্প্রসাদ অবস্থায় অর্থাৎ স্বপ্নহীন গভীর নিদ্রার অবস্থায় প্রাণর্ত্তিমাত্র জাগ্রত থাকে, ইন্দ্রিয়গণ নিক্ষিয় থাকে, সেই জন্ম প্রাণকেও সম্প্রসাদ বলা হয়, (এবং জীবের সর্ববিধ ক্রিয়া প্রাণন ক্রিয়ায় প্রযাবদিত হওয়ায় স্বপ্রহীন গভীর নিদ্রামগ্ন জীবকে প্রাণ বা সম্প্রসাদ নামেও অভিহিত করা ধাইতে পারে)। আমাদের আলোচ্য শ্রুতিতে প্রাণ (যাহার অপর নাম সম্প্রদাদ) হইতেও বড়, শ্রেষ্ঠ কিছুর উপদেশ আছে, স্থতরাং প্রাণই ভূমা নয়। যিনি বুঝিয়াছেন যে, সমুদায় দৃশ্রপ্রপঞ্চ প্রাণেরই ক্রিয়া, বিশেষ বিশেষ স্পন্দন, তিনি অবশ্য সাধারণ লোক অপেকা অভিরিক্ত কিছু জানিয়াছেন; এবং **সেই অতিরিক্ত বিষয় সম্বন্ধে** তিনি যথন বলেন, তথন তাঁহাকে 'অতিবাদী—'এই আখ্যা দেওয়া যাইতে পারে। সেই জ্বন্ত থিনি প্রাণের তত্ব বলিতে পারেন শ্রুতি তাঁহাকে অতিবাদী আখ্যা দিয়াছেন। কিন্তু এইরূপে প্রাণের মহিমা কীর্ত্তন করার পরেই শুতি বলিতেছেন, "ক্রিক্স প্রকৃত অতিবাদী তিনিই, যিনি সত্যের তত্ত্ব বলিতে পারেন'' (ছা: १.১৬)। ইহা হইতে স্পষ্টই বুঝা যাইতেছে যে, প্রাণ অপেক্ষা শ্রেষ্ঠ কিছুকে লক্ষ্য করিয়াই শ্রুতি ঐ স্থলে 'কিন্তু' শব্দের ব্যবহার করিয়াছেন, এবং সত্যস্বরূপ প্রমাত্মাই যে সর্বশ্রেষ্ঠ. ইহাই শ্রুতির শেষ সিদ্ধান্ত। স্থুতরাং প্রাণ অপেক্ষা শ্রেষ্ঠ কিছুর উপদেশ থাকাতে প্রাণকে:ভূমা বলা যায় না। প্রকরণের প্রারম্ভে নারদ আত্মতত্ত জানিতে চাহিয়াছেন, ভূমা শব্দ ঘারা সেই আত্ম-তত্ত্বেরই উপদেশ করা হইয়াছে। স্থতরাং পরমাত্মাই ভুমা।

ধর্ম-উপপত্তঃ চ॥৯॥

ঐ ভুমার যে সমস্ত ধর্ম বা গুণ উক্ত হইয়াছে, তাহাও প্রমাত্মার পক্ষেই উপপন্ন, সঙ্গত হয়, এই জন্মও ভূমা পরমাত্মা। 'যাহাতে ट्रिक्छान थारकना, यात्रा अथ-सक्त्रभ, यात्रा नर्सवाभी, अमुख'---ইত্যাদি ধর্ম পরমাত্মারই মুখ্য ধর্ম, প্রাণাদিতে ঐ সব ধর্ম প্রয়োগ করিতে হইলে কষ্টকল্পনার আশ্রয় লইতে হয়। স্থতরাং প্রমাত্মাই ভ্না।

শিষ্য। বুহনারণাক উপনিষ্টে আছে (বু: ৩.৮), গার্গী ্ৰজ্ঞবন্ধকে জিজ্ঞাস। করিলেন, "ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান যাবতীয় পদার্থ কিদে অবস্থিত, কাহাতে ওতপ্রোত হইয়া আছে ?" যাজ্ঞবন্ধা উত্তর করিলেন, "আকাশে"। গাগী পুনরায় প্রশ্ন করিলেন, "মাকাশ কাহাতে ওতপ্রোতভাবে অবস্থিত, বিশ্বত ;" যাজ্ঞবন্ধ্য বলিলেন, "অয়ে গাণি! বন্ধজেরা বলেন, তাহা দেই জ্রহ্মন্ত্র, যাহা ছুলও নয়, সুক্ষও নয়, হুস্বও নয়, দীর্ঘও নয়—" ইত্যাদি (বৃ: ৩.৮.৬-৭)। অর্থাং অস্থূলাদি ধর্ম বিশিষ্ট অক্ষর নামক বস্তুতে আকাশাদি সমস্তই ভতপ্রোত হইয়া রহিয়াছে। এই অক্ষর কি ?

অক্ষরম, অম্বরান্তপ্তেঃ॥ ১০॥ গুৰু ৷

উক্ত অক্ষর [অক্ষরম্] ব্রহ্ম; থেহেতু, পৃথিব্যাদি অম্বর অর্থাং আকাশ পর্যান্ত সবই িঅম্বরান্ত- বিসই অক্ষর ধারণ করিয়া আছেন, এইরূপ বলা হইয়াছে [-ধুতেঃ]। উক্ত শ্রুতিতে বলা হইয়াছে যে, পৃথিব্যাদি আকাশ পর্যান্ত সমন্ত পদার্থ ই সেই অক্ষরে বিধৃত, প্রতিষ্ঠিত রহিয়াছে, অর্থাৎ অক্ষরকে অবলম্বন করিয়াই যাবতীয় পদার্থ বর্ত্তমান আছে। আকাশাদি সমস্ত পদার্থকে ধারণ করিয়া রাখা এন্ধ ছাড়া আর কাহার সম্ভব ? অক্ষর শব্দের অর্থ যাঁহার ক্ষরণ, ক্ষম, নাশ নাই। ব্রহ্মই একমাত্র অব্যয়, নিত্য, অবিনাশী বস্তু। স্বতরাং ব্রন্ধই অক্ষর। কারণরূপে তিনি সমন্ত পদার্থ ই ধারণ করিয়া আছেন,—কারণকে ছাড়িয়া কার্য্য এক মুহূর্ত্তও থাকিতে পারে না।

শিষ্য। প্রধানকেও ত তাহা হইলে কারণরূপে ধারণকর্তা বলা যাইতে পারে ?

গুৰু। সা চ প্রশাসনাৎ ॥ ১১ ॥

না, প্রধানকে অক্ষর বলিতে পার না; কারণ, সেই আকাশাদির ধৃতি, ধারণ [সা চ] ত্রন্ধেরই কার্য্য, অচেতন প্রধানের নয়; বেহেতু, অক্ষর সমস্ত পদার্থকে স্পাস্সন্ম করিয়া ধরিয়া আছেন, এইরূপ উক্তি আছে [প্রশাসনাৎ]। ঐ শ্রুতিতেই বলা হইয়াছে. "হে গার্গি, এই অক্ষরের শাসনে ফুর্যা চন্দ্র প্রভৃতি বিধৃত হুইয়া **অবস্থান করিতেছে"** (রঃ ৩.৮.৯)। এই হে শাসন, নিয়মন, স্বৃত্থলায় পরিচালন—ইহা কোন অচেতনের স্ভব নয়। স্থতরাং অক্ষর প্রধান নয়, পরম ব্রহ্মই অফর।

মার ঐ #ভিডে

অক্তর্থ-ব্যার্ডেঃ চ॥ ১২॥

রদ্ধ ব্যতীত অন্ত প্রধানাদির [অন্ত —] ধা [ভাব —] ব্যাবৃত্ত আগাং নিধিদ্ধ ইইয়াছে বলিয়াও [-ব্যাবৃত্তেঃ চ] অন্ত কিছুকে অক্ষর বলা মায় না । "সেই অক্ষরকে দেখা মায় না, অধচ তিনিই ক্রান্তা?" [বুঃ ৩৮.১১]—ইত্যাদি বাক্যে প্রধানাদির বিপরীত ধর্মেরই ('জ্রাণ হাত্যাদি) উল্লেখ আছে । এই জন্ম প্রধানাদি অক্ষর নয়, পর্ম ব্রদ্ধই অক্ষর ব্যবহার।

শিষা। প্রশোধনিষদে [৫.২.৫] পিপ্ললাদ সভ্যকামকে বলিতেভেন, "সভাকাম, এই যে ওকার, ইংাই সাত্র ও জ্ঞাসাত্র (নিওণিও
সভ্য) এদা। থিনি ইংাকে জানেন, তিনি ঐ ওকারত্রপ অবলম্বনের
সংখ্যা প্রোক্ত ভূইরকম একের একটা প্রাপ্ত হন।" তারপর
মাবার বলিলেন, "যে সাধক এই অ-উ-ম্ এই তিন মাত্রাবিশিষ্ট
ককারস্ব অকর্ষারা প্র প্রশার ধানি করে, সে স্থালোক হইয়া
রহ্মানিক সমন করে——" ইত্যাদি। এই স্থলে ওকার অবলম্বনে
বে প্রশেষ দানের বাবহা আছে, সেই পুরুষ কি জ্ঞাসাত্র রক্ষা, না
গরম একা ও ঐ পুরুষকে ধানি করিলে একালোক প্রাপ্তি হয়।
কিন্ত রক্ষানেক প্রাপ্তি প্রম পুরুষার্থ নয়। স্ক্তরাং এই সামান্ত

ভ ভাগর রক্ষ—ইহার অগর নাম সগুণ ব্রহ্ম, হিরণ্যার্জ, আাণ, বিরাট, ব্রহ্ম, উত্তাধি। ইনিও বিনয়র, কেবল কল্লখারী। ইনি স্কটকর্তা, পুরাণের পিতামহ। অপং-রক্ষ বর্ব নিস্ট ব্রহ্ম, আর পর-বৃদ্ধ অর্থ আট ব্রহ্ম। (বং স্থ: ৪.৩.১৪ এট্রয়)।

ফলের কথা বলা হইয়াছে বলিয়া মনে হয়, ঐ পুরুষ অপের ব্রন্ধ, হিরণ্যগর্ভ, ব্রন্ধা (সৃষ্টিকর্ত্তা)।

গুরু। না, ঐ ধ্যেয় পুরুষ হিরণাগর্ভ নয়, কিন্তু

ঈক্ষতি-কর্ম্ম-ব্যপদেশাৎ সঃ॥ ১৩॥

সেই ধ্যেয় পুরুষ [সঃ] পর ব্রহ্ম; মেহেতু, ঐ পুরুষকে ঈক্ষণ অর্থাৎ দর্শন ক্রিয়ার কর্ম (object) রূপে বলা হইয়াছে ফ্রিক্ষতি-কর্মব্যপদেশাৎ]।

পিপ্ললাদ বাক্যশেষে বলিলেন, "উপাসক সেই ধ্যেয় প্রুষ্ধে ইন্স্ক্রান্ধন করে, জিপলির করে" (প্র: ৫.২.৫)। দেখ, ধ্যানের বিষয়টা কল্পিডও হইতে পারে, সত্যও হইতে পারে। তুমি ইচ্ছা করিলে শৃঙ্গ-লাঙ্গল বিশিষ্ট একটা মহুষ্যের ধ্যান করিতে পার। কিন্তু তাদৃশ কল্পিত বস্তুর সাক্ষাৎ কার (অর্থাং যথার্থ জ্ঞানের বিষয় হওয়া) সম্ভব নয়। সত্য বস্তুরই সাক্ষাৎকার হইতে পারে। শ্রুতি যথন 'সাক্ষাৎকার করে', 'উপলির করে'—এরপ কথা বলিয়াছেন, তখন অবশ্রই ব্রিতে হইবে যে, সেই সাক্ষাৎকারের বিষয়টা কল্পিত নয়, পরস্তু অকল্পিত, সত্য-স্বভাব। অপর বন্ধ বা হিরণ্যগর্ভ কাল্পনিক, সেও মায়ার অধীন। কিন্তু পরবন্ধ অকল্পত-স্বভাব, সত্য-স্বরূপ। স্থভরাং স্কুশ্ন ক্রিয়ার কর্মারপে উক্ত হওয়ায় সেই পুরুষ্ব পর ব্রন্ধই। একজনের ধ্যান করিয়া অন্ত জনের সাক্ষাৎকার হয়, একথাও অযৌক্তিক। স্থতরাং আলোচ্য শ্রুতিতে যে পুরুষের ধ্যানের ব্যবন্ধা আছে, তিনি পরব্রন্ধ, কার্যাবন্ধ নন।

আর, ত্রিমাত্র [অ-উ-ম্] ওঁকার অবলম্বন করিয়া ব্রন্ধ্যান করিলে তাহার ফল ব্রন্ধলোক সত্য; কিন্তু সেই ব্রন্ধলোকেই উপাসকের পরম্ফল পরমাত্ম-সাক্ষাৎকার হয়। স্থতরাং ক্রমম্ক্রির প্রায় শেষ সোপান ব্রন্ধলোক সামাত্য ফল নয়। কাজেই সামাত্য ফল দেখিয়া ঐ ধ্যেয় পুরুষকে পরব্রন্ধ বলিব না—ইহাও যুক্তিসঙ্গত নয়। (চতুর্থ অধ্যায় চতুর্থ পাদ দ্রষ্টব্য)।

শিষ্য। ছান্দোগ্য উপনিষদের একটী বাক্য এইরপ—"এই বন্ধপুরে (দেহে) যে একটী দহর (ক্ষুদ্র, অল্প-পরিসর) পদ্মাকার গৃহ আছে, তাহার অভান্তরে যে দহর আকাশা আছে, তাহাকে অবেষণ কর, তাহাকে জান" (ছা: ৮.১.১)। এই বাক্যে দহরাকাশ শব্দে কি এই বাহ্য ভূতাকাশকে (অর্থাৎ হৃদ্য পদ্মের মধ্যস্থিত ফাঁকা জায়গাটুকু), কিছা জীবকে, অথবা পরমাত্মাকে লক্ষ্য করা হইয়াছে, তাহা ঠিক্ ব্ঝিতে পারিতেছি না।

জন। দহরঃ উত্রেভ্যঃ॥ ১৪॥

বাক্যশেষে এমন সব কারণ আছে, যাহার বলে [উত্তরেভঃ] ঐ দহরাকাশ [দহরঃ] পরমাত্মা বলিয়া নিশ্চিত হয়।

শ্রুতি প্রথমে দহরাকাশ অন্থেষণ (দর্শন) করিবার উপদেশ দিয়া পরে, কেহ পাছে মনে করে যে, এই দহর আকাশ হদ্পদ্মের মধ্যস্থিত কৃত্র একটা শৃত্যমাত্র, সেইজ্বত তাদৃশ আশকা নিবারণ করিবার অভিপ্রায়ে বলিতেছেন, "এই বাহিরের আকাশ যত বড়, যত ব্যাপী, এই দহরাকাশও ততই ব্যাপী (অর্থাৎ দহরাকাশ কৃত্র নহ, নহং): ভুলোক, অর্লোক, অগ্নি, বাহ্ব, চক্র, স্থা, বিদ্যুৎ, নক্ষত্র— এমন কি, যাহা কিছু এখানে আছে, যাহা কিছু এখানে নাই (অর্থাৎ আতীন্দ্রিয় যাহা কিছু) তাহা সবই এই দহরাকাশেই অবস্থিত'' (ছাঃ ৮.১.৩)। এই বাক্য হইতে স্পষ্টই ব্ঝা যাইতেছে যে উজ্লাহরাকাশ বাহ্ন ভূতাকাশ অর্থাৎ ক্ষুদ্র একটী শৃন্তবিশেষ নহে। তারপর, "ভূলোকাদি ইহাতে অবস্থিত, ইনি আআ, নিশ্পাপ, অজ্বর, আমর, শোকরহিত (পূর্ণস্থাস্বরূপ), ক্ষ্ণা-তৃষ্ণা-বিজ্জিত, সত্যকাম, সত্যসন্ধর্ন (ছাঃ ৮.১.৫)—এই সকল কথা একমাত্র পর্যাত্মা ছাজ্য আর কাহারও প্রতি প্রযুক্ত হইতে পারে না।

আর, প্রতাবের শেষে বলা হইয়াছে, "এই সমন্ত প্রজা (জীব)

ক্রেই ভাক্সে ক্রোকাশকে পাস্থান করে, কিন্তু জানে না" (ছাঃ ৮.৩.২)।

এই বাক্যে দহরাকাশকে 'এদ্ধলোক' শব্দে অভিহিত করা হইয়াছে,

এবং 'স্ব্ধিকোলে (স্ব্বংশি গাঢ় নিজার কালে) জীব অ্বন্তাব প্রাপ্ত হয়', অন্ধলোকে গমনের ইহাই তাৎপ্র্যা। স্ক্তরাং দহরাকাশকে

উদ্দেশ করিয়াই য্থন তাহাতে জীবের প্রাত্যহিক 'গমন' ও 'অ্রন্ধলোক শব্দের' প্রয়োগ করা ইইয়াছে, তথ্ন এই

গতি-শকাভ্যাম্—

গমন ও 'ব্রগ্ণ-লোক' শদের উল্লেখ থাকাল দহরাকাশকে প্রচেশ্বভূটি বলিতে হইবে।

আর

তথা হি দৃষ্টম্, লিঙ্গং চ॥ ১৫॥

যেহেতু [হি] সেইরূপ গতি [তথা] অর্থাৎ (স্থাপ্তিকালে ব্রহ্মপ্রাপ্তি)
অন্ত শ্রুতিতেও উল্লিখিত দেখা যায় [দৃষ্টম্], সেই জন্ম দহরাকাশতে
পরমেশ্বরই বলিতে হইবে— অনুশ্রতি প্রমেশ্বরই জীবের নিন্দ্রিক

গমনের কথা বলেন। খান্ত শ্রুতির স্পষ্ট উক্তি আলোচা শ্রুতির ৯৯বাকাশকে প্র্যেখ্য বলিয়া নিশ্য করিবার লি**ল, সং**হত, গমক [লিক্ম], অথাং অক্ত শ্রুতির স্পষ্ট উ**ক্তির সাহাক্ষ্য এম্বনে দহরাকাশকে** পর্মেখর বলিয়া নিদ্ধারণ করা যায়।

আবার ঐ প্রভাবের শেষভাগে এই দহরাকাশ সমন্তেই বলা ুট্যাছে হে, তিনি সমুদায় লোকের বিপ্রাক্ত**ক। 'কেতের আলি** যেমন এক পেতের ছল অতা ক্ষেতে ঘাইতে দেয়ানা, ধারণ করিয়া রাথে, সেইরপ সেই আত্মা জগতের শৃথলা বিধান করিয়া ধারণ করিয়া ুমাছেন' (ছা: ৮.৪.১)। এই যে দহরাকাশের সর্ব্ব বিধারণরূপ মহিমা, তাহা অন্ম শতিতে প্রমেখরেরই মহিমা বলিয়া উল্লিখিত দেখিতে পাই। স্বভরাং এই ধৃতি বা ধারণ কথার বলেও দহরাকাশের পর্মেশ্ব অথ প্রিবীক্ত হয়।

ধুতেঃ চ মহিন্নঃ অস্তা অশ্মিন্ উপলব্ধেঃ ॥ ১৬॥

দহরাকাশ সমুদায় লোক ধারণ করিয়। আছেন, এই উক্তি হইতেও [গুডে: চ] দহরাকাশ যে ব্রহ্ম, তাহা বুঝা যায়: থেহেতু, ্ষ্যা শ্রুতিতেও ব্রেস্ট [অস্মিন] এই জ্লাৎধারণরপ মহিমার [याक परिशा] डेट्सब ट्रिबिटर शाहे [**डे**शनरका]।

প্রসিদ্ধেঃ চাঃ ১৭ ॥

খার, আকাশ শক্ষ প্রমেখন আবে অক্সান্ত শ্রুতিতেও প্রসিদ্ধ ভতরাং (প্রসিদ্ধে:) দহরাকাশ প্রমেখ্রই। (ব: স্: ১.১.২২ उद्देवा)।

শিষ্য। আছে। এ প্রকরণের শেষ অংশের বর্ণনা হইতে দহরাকাশ

অর্থ পরমেশ্বর শ্বির করিলেন; কিন্তু ঐ শেষ ভাগে ত জীবের বর্ণনাও আছে। স্বতরাং

ইতরপরামশাৎ স ইতি চেৎ ? —

ইতর অর্থাৎ পরমেশ্বর ভিন্ন অন্য, কে-না জীব, তাহার উল্লেখ বা বর্ণনা থাকায় হিতরপ্রাম্পাং । দহরাকাশ সেই জীবই সি: -এ কথা হিভি ¦ যদি (চেং] বলি ৮—

9 P 1 ন, অসম্ভবাৎ ॥১৮॥

না, তাহা বলিতে পার না [ন]; বেহেতু, দেহেক্রিয়ানি স্মীন বস্তুতে আত্মাভিমানী জীবকে আকাশের সহিত তুলন। করা সম্ভব হয় না জিসম্ভবাং বিভা দহরাকাশের স্পীমত বা পরিচ্ছিত্রত (অল্পরিসর্থ) নিরাক্রণ করিবার জনাই তাহাকে অসীম আকাশের সহিত তুলনা করা হইয়াছে, ইহা ১৪ প্রেই দেখাইয়াছি। স্বতরাং এই তুলনা সম্ভব হয় না বলিয়া জাবকে দহরাকাশ বলিতে পার না। তারপর, ইহাতে ভুলোকাদির অবস্থিতি, ইনি অন্তর, অমর-ইত্যাদি উক্তি ভাবের পক্ষে সম্ভবই হয় না। তবে পরবভী অংশে জীবের বর্ণনা কেন করা ইইয়াছে, তাহা ২০হত্তে বলিব।

শিষা। ইক্র ভনিয়াছিলেন থে.— নিস্পাপ, অজর, অমর, সত্যকাম, সতাসৰল্প আত্মাকে জানিতে পারিলে সর্বাক্ষমনা সিদ্ধ হয়। সেই আত্মতত্ত্ব জানিবার জন্য তিনি প্রজাপতির শরণাপন্ন হন। প্রজাপতি ইন্দ্রের জ্ঞানশক্তির ক্রমিক বিকাশের সঙ্গে সঙ্গে ক্রমে উপদেশ করিতেছেন, "এই বে চক্তে পুরুষ দেখা ঘাইতেছে, এ-ই আত্মা" (ছা: ৮.৭.৪)। এখনে মনে হয়, জীবাখার জাগ্রত অবস্থার ক্থাই বলা হইয়াছে, কারণ জীবাত্মাই চক্ষুরাদি ইন্দ্রিয়ে অধিষ্টিত

হইয়া বিষয় দর্শন (উপভোগ) করে। তারপর, "এই আত্মাকে পুনর্বার বুঝাইয়া নিতেছি" (ছা: ৮.১.৩)—এই বলিয়া প্রজাপতি বলিলেন, "এই যিনি স্বপ্নে বিচরণ করেন, তিনিই আত্মা" (ছা: ৮.১০.৩) — এবাকো জীবের স্বপ্লাবস্থার কথা বলা হইয়াছে। আবার বলিলেন, "পুনরায় তোমাকে এই আত্মা কি, তাহা বঝাইতেছি, যুখন ইনি গভীর নিদ্রায় অভিভূত হুইয়া সমন্তই ক্রিয়কার্যারহিত হন, এবং সম্যক প্রশান্ত হন, তথন ইনি স্বপ্নও জানেন না—ইনিই স্বাত্মা" (ছা: ৮.১১.১,২)।—এবাকো জীবের স্বয়ুপ্তাবস্থার কথা বলা হইয়াছে। এই রূপে জাগ্রৎ, স্বপ্ন ও স্বয়প্তি—এই তিন অবস্থাতে জীবের বর্ণনা করিয়া প্রজাপতি বলিলেন, "ইহাই অমৃত, অভয় ও ব্রন্ন"। এই তৃতীয় উপদেশেও ইক্র আত্মতত্ত্ সমাক উপলব্ধি করিতে না পারায় প্রজাপতি আবার বলিলেন, "আচ্ছা, এই আত্মাই অশুরকমে তোমায় বুঝাইতেছি। সাধারণে যাহাকে আত্মা বলিয়া বুঝে, তাহার পহিত বাস্তব আত্মার কোনই সম্বন্ধ নাই। পূর্বের যে স্বয়ুপ্তি অবস্থাপত্ন জীবের কথা বলিয়াছি, তাহাকে 'সম্প্রদাদ'ও বলা হয়, সে এই শরীর হইতে উপ্থিত ভাষ্ট্রা পরমন্ত্যোতি:সম্পন্ন হুইয়া **আপনার স্বরু**ণ প্রাপ্ত হয়, দে-ই উত্তম পুরুষ" (ছা: ৮.১২.৩)। এই চতুর্থ উপদেশে শরীর হইতে উথিত জীবকেই উত্তম পুরুষ বলা হইয়াছে। আর এই যে জীবের বণনা, তাহা দহরাকাশ প্রসঙ্গের শেষ অংশেই করা হইয়াছে। ম্বরাং

উত্তরাৎ চেৎ ?—

এই প্রস্তাবের শেষাংশে জীবের বর্ণনা থাকায় [উত্তরাৎ] দহরাকাশ জীব--এ কথা যদি [চে২] বলি

শেকা

গুরু। আবিভূ*তি-স্বরূপঃ* তু॥১৯॥

কিন্ত [তু] তাহা কিন্ধপে বলিবে, অর্থাৎ বলিতে পার না; কেন না তুমি ষে জীবের বর্ণনা দেখাইলে, তাহা জীবের জীবত্ব দেখাইবার উদ্দেশ্যে করা হয় নাই; পরস্ত তাহার প্রকৃত স্বরূপের আবিভাব বা প্রকাশ মাত্র [আবিভৃতি-স্বরূপঃ] দেখানই উহার উদ্দেশ্য ।

প্রজাপতির উপদেশের সার মার্ম এই:---

শরীর, ইক্রিয় প্রভৃতি আত্মা নহে। এবং আত্মার কোন পরিবর্তন নাই। প্রজাপতি নানা রকমে ইন্দ্রের দেহাত্মজ্ঞান দূর করিয়া ক্রমে জাগ্রৎ, অপ ও স্বয়ুপ্তি, এই তিন অবস্থ। হইতে আত্মা যে স্বতন্ত্র বস্তু, তাহা দেখাইয়া জীবের যেটা সত্যিকারের স্বরূপ, তাহাই ইন্দ্রকে বুঝাইয়া দিলেন। জীবের যে জীবভাব, অর্থাৎ **দেহাদিতে আত্মবৃদ্ধি সম্পন্ন** ব্যক্তিই যে জীব, একথাটী সকলেই জানে। স্বতরাং জীবকে জীবরূপে নির্দেশ করা শান্তের অনাবশ্যক। অজ্ঞাত বস্তুর তথ্য উদ্ঘাটন করে বলিয়াই শাস্ত্রের সার্থকতা (ব্রঃ সুঃ ৩.২,১২ দ্রষ্টব্য)। তবে প্রদ্রাপতি যে জীবের বিস্তৃত বর্ণনা করিলেন, তাহার উদ্দেশ্য, জীবের সত্যিকারের স্বরূপ প্রদর্শন করা। উক্ত শ্রুতিতে জীবের প্রাপ্তব্য যে পরম জ্যোতির কথা বলা হইয়াছে, তাহা পরম ব্রন্ধ এবং সেইটীই জীবের পারমার্থিক রূপ। তত্তমস্থাদি বাকা হইতেও জানা যায় যে, নিষ্পাপতাদি ধর্মবিশিষ্ট প্রম ব্রন্ধই জীবের পারমার্থিক স্বরূপ। জীবের জীবত্ব কি । — একটা মরা পাছের গুঁড়িকে একটা মাত্রষ বলিয়া মনে করাও যা' নির্বিকার, নিজ্জিয়, চৈত্যস্তরূপ প্রম ব্রন্ধকে জীব বলিয়া মনে করাও তা'। উভয়ই ভ্ৰমাত্মক, মিথাাজ্ঞানপ্ৰস্ত। যতকণ প্ৰয়ন্ত ঐ গুঁড়িতে মনুগুবুদ্ধি

থাকে, তত্ত্ৰপণ উঠা যে মামুষ নয়, একটা ছাডি মাত্ৰ, সে ধারণাই হয় না। ভ্ৰমাত্মক মহুণজ্ঞান দূর হইলেই গুড়িকে পু'ড়ি বলিয়া জ্ঞান হয়। সেইরূপ ভ্রমাত্মক জীববোধ যতদিন থাকে, ততদিনই জীবের জাবত। যথন ঘথার্থ জানের উদয় হয়, তাধন জীব বলিয়া আর কিছু থাকে না। যাহাকে এতকাল জাব বলিয়া মনে ইইয়াছিল, সে-ই তথ্য অথও চৈত্তক্রপে আবিভতি হয়। অভ্যাবন করিয়া নেখ. গাছের ত্র'ড়িকে মন্তব।ই মনে কর, কোন জন্ধই মনে কর, গাছের গুড়ি কিও স্কলাই গাছের ওড়িই থাকে। তোমার নানা রক্ষ মনে কৰ্মে কিন্তু সেও নানা বৰুম তৃত্যা যায় না ; সে যাহা ভাহাই থাকে ; ভবে ভোমার জ বিবিধ কল্পনা যথন আর হয় না, তথন সে তোমার নিক্ট থ্যক্ষেপ প্রকাশিত হয় মাত্র। সেইরূপ যতদিন না আপনাকে নিজিকার, নিজিম, নিভাচৈত্ত রক্ষরণে উপলব্ধি করিতে পারিবে, ত ত্লিনই তোমার জীবত। কিন্তু যথন ঋতি দেহ, ইন্দ্রিয়, মন, বৃদ্ধি इंड्यान উপावि इंडेटड अथक कविया तुबाइया तम तय, जुमि तम्हान नक. সংসারী নও, পরম্ভ তুমি পূর্ণ হৈত্ত অন্ধ্রণ, তথন সেই কল্লিড জীবের অার দেহাদিতে আমি ব। আমার প্রতিমান পাকে না, দেহাদি হইতে মেই অভিযান উঠিয়া গিয়া চিম্বন্ধির নিতাটৈতকে প্রবেশ করে। ত্থন খার ভাষার জাবার ধাকে না : সে চিরকাল (কেবল অজ্ঞানচের-ভাবে। ধাষা ছিল, ধেই নিভা টেডক্তরণে **আপনাকে অমুভব করে।** इंशाइडे नाम महादानि इडेटच खेथान। এই यে टिच्छ श्रास्ति, इंशाई সাম্রপ্রামা। এই অধন্ত হৈতক্তই জীবের পারমার্থিক বর্মণ।

শিষ্য। আপুনি বলিলেন, জ্ঞান হইলে জীবের ঘাহা স্বরূপ অর্থাৎ অপত-তৈত্ত, ভাহা প্রাপ্তি হয়, অর্থাৎ জ্ঞান হইলে সেই তৈত্ত্ব আভিড্তিবা প্রকাশিত হয়। কিন্তু ইহা ত সম্ভব নয়। নির্কিকার বন্ধটৈতন্ত নিত্য, বতঃসিদ্ধ, সেত চিরকালই আছে; তাহার আবার আবির্ভাব তিরোভাব কি? স্থান্থ মলিন হইলে এসিড্ প্রভৃতি ছারা সেই মালিকানই করিলে তাহার স্বরূপ পুনরায় আবিভৃতি হয়। দিবসে স্থাকিরণে নক্ষত্রের স্বরূপ আছের বা আভিভৃত থাকে, রাত্রে স্থা-কিরণ অপস্ত হইলে নক্ষত্রের স্বরূপ প্রকাশ পায়। কিন্তু নিত্য-টেতন্ত বন্ধের ত এরপ মলিন বা অভিভৃত হওয়া সন্তবই হয় না। সে চৈতন্ত আকাশের (space) ন্তায়ই অসক স্বভাব, নির্লেপ। অন্ত কোন কিছুই তাহাতে কোন প্রকার পরিবর্ত্তন ঘটাইতে পারে না।

আর, জীবের স্বরূপের আবিভাব হয়—একথা বলিলে একটা গুরুতর দোষও হয় বলিয়া মনে হয়। জাবের স্বরূপ কি ?—দর্শন, শ্রবণ, মনন, বিজ্ঞান, ইহাই জীবের লক্ষণ, ইহাই জীবের স্বরূপ। এই স্ব-রূপ আপনার কথিত শরীর হইতে সম্থানের প্রেও বর্ত্তমান থাকে: দর্শনাদি দারাই জীব যাবতীয় জাগতিক ব্যবহার নিশায় করে। স্ক্তরাং সম্থান হইলেই জীবের স্ব-রূপ নিশাদিত হয়, একথা বলিলে এ সম্থানের প্রেব তাহার কোন কাষ্য করাই সম্ভব হয় না। কিন্তু কাষ্য ত সে করিতেছেই। স্ক্তরাং এই যে শ্রীর হইতে সম্থান এবং স্ব-স্বরূপ নিশান্তি—এ ছটা কথা আমি সমাক্ ব্রিতে পারিতেছি না: কুপা করিয়া একটু বিশদভাবে ব্রাইয়া দিন।

গুরু। তুন! একটা লাল কাচের গ্লাসে জল রাথিলে সে জল
লাল বলিয়াই বোধ হয়। বস্তুতঃ জলের কিন্তু কোন রংই নাই!
যতক্ষণ না ঐ লাল কাচের গ্লাস হইতে জলকে পৃথক্ করিয়া দেখিবে,
ততক্ষণ জলকে লাল বলিয়াই ভ্রম হইবে। যথন ঐ গ্লাসরপ উপাধি
তিরোহিত হইবে, তখন জল আপনার খ-খরপে প্রকাশিত হইবে।
তখন বলা যায় যে, জলের খরপ গ্রাপ্তি হইল, যদিও যুতক্ষণ জলকে

লাল বলিয়া ভ্রম হইতেছিল, ততক্ষাও তাহার স্থার আকুনই ছিল। দেইরপ যতদিন না বিবেক-জ্ঞান জন্মে, ততদিন আত্মাও নানা রকম উপাধির সহিত অভিন্ন বলিয়াই মনে হয়। কাচের লাল রং বেমন জলেরই আপনার রং বলিয়া মনে হয়, সেইরূপ জীবের দর্শন-শ্রবণ-মনন-বিজ্ঞান প্রভৃতি আ্যারই আপনার ধর্ম বলিয়া মনে হয়। কিন্তু বিবেকজ্ঞান উৎপন্ন হইলে দর্শন, এবণ ইত্যাদি কিছুই আত্মার ধর্ম বলিয়া জ্ঞান হয় না, তখন আত্মা অ-অরূপে প্রকাশিত হন, অথও নিতা চৈতন্ত রূপেই তিনি তথন আবিভূতি হন। তখন বলা যায় যে, আত্মার স্বরূপের আবির্ভাব হইল, যদিও সেই সরপ ভ্রমদশাতেও অক্ষুগ্রই ছিল। এই যে দেহাদিতে আত্মবুদ্ধি নষ্ট इहेग्रा ७% हिज्छात कृत्रन, हेरात्रहें नाम गतीत हहेर् मम्थान এवः এই শুদ্ধ চৈতত্ত্বের সাক্ষাৎ উপলব্ধিই স্থ-রূপপ্রাপ্তি। শ্রুতি বিবেক ও অবিবেক নিবন্ধনই আত্মাকে স্পরীর ও অশ্রীর বলিয়াছেন। যথা. "আত্মা শরীরে অশরীর" (কঃ ১.২.২২) । শ্বতিও তাহারই প্রতিধানি করিয়া বলেন, ''হে অজ্জন, আত্মা শরীরস্থ হইলেও তিনি কিছু করেন না. কোন কম্ম ফলেও লিপ্ত হন না" (গীঃ ১৩,৩১)। স্থতরাং অজ্ঞানকালে আত্মার স্ব-রূপ অজ্ঞাত থাকে বলিয়া তথন সেই স্বরূপের তেই অন্তিড্ই থাকে না, পরে জ্ঞানোদ্যে সেই স্বরূপ জ্ঞাত হয় বলিয়া ভাহার व्याविভाव हरेन वा श्राश्चि हरेन-- अक्रुप वना यारेख पादा। व्याव. এইরূপ (জ্ঞান ও অজ্ঞান নিবন্ধন) আবির্ভাব ও তিরোভাব ছাড়া অন্ত কোন রকমেই আবিভাব ও ডিরোভাব কোন ক্রকাপ সম্বন্ধে বলা যায় না। যাহার যাহা স্বরূপ, সভ্যিকারের প্রকৃতি, তাহা চিরকানই অবিকৃত থাকে। স্বরূপের অভাব বা বিক্লতি হইতেই পারে না। যাহার অন্তিত্বে বস্তুটীর অন্তিত্ব, তাহার

অভাব মানে বস্তুটীরই অভাব। স্বতরাং জীবের যাহা পারমার্থিক রূপ, সত্যিকারের রূপ, তাহা চিরকালই অবিষ্কৃত থাকে। তবে হইতে পারে সময়ে তাহা অজ্ঞনারত হয়, এই মাত্র। না হইলে তাহার অভাব হয় বা তাহা কথনও উৎপন্ন হয়, এরপ কথা হইতেই পারে না।

স্বতরাং জীব ও ত্রন্ধের যে ভেদ, পার্থক্য, তাহা মিথ্যাজ্ঞান-নিবন্ধন। বস্তুতঃ ঐ উভয়ের কোন ভেদই নাই। জীবের যাহ। জীবত্ব, তাহা অজ্ঞানকৃত, কাল্পনিক। সেই কাল্পনিক ভাবটী অপগত হইলে জীবের ঘাহা সত্যিকারের স্বরূপ, তাহা ও ব্রহ্ম একই। জীব্র বে কাল্লনিক, তাহা প্রজাপতির বাকা পর্যালোচনা করিলেও প্রমাণিত হয়। প্রজাপতি, "চক্ষতে এই যে পুরুষ দৃষ্ট হন"---এই কথা বলিগাই বলিলেন, "ইনি অমৃত, অভয়, ব্রহ্ম"। চফুতে ত একটা প্রতিবিঘট দেখা যায়। সে প্রতিবিদ্ধ আর কিছু অমৃত, অভয় ও ব্রহ্ম ইইতে পারে না। স্থতরাং প্রজাপতি 'চক্ষতে দষ্ট পুরুষ' বলিতে যে যথার্থ আত্ম-হরপকেই লক্ষ্য করিয়াছেন, ইহা স্পষ্টই প্রতীয়মান হয়। তাৎপ্যা এই বে, যাহাকে জাগ্রৎ দশায় দর্শনাদির কর্ত্তা জীব বলিয়া মনে হয়, বস্ততঃ সে দর্শনাদির কর্তা নয়, পরস্ত অমৃত, অভয়, ব্রন্ধ: অর্থাৎ জীবভাবটী বান্তব নহে, ব্রন্ধভাবটীই বান্তব, সত্য। তারপর, "পুনর্ব্বার ্তোমাকে ইহাব্রই বিষয় বুঝাইতেছি" বলিয়া প্রজাপতি দিতীয় উপদেশে বলিলেন, "ইনিই স্বপ্নে কামনাময় বিষয়ে বিচরণ করেন।" অর্থাৎ বিনি জাগ্রৎ দশায় ইন্দ্রিয়ের সাহায্যে বিষয় ভোগ করিতেছিলেন বলিয়া মনে হইয়াছিল, তিনিই আবার স্বপ্নে বাসনাময় বিষয় ভোগ করেন বলিয়া বোধ হয়। তারপর তৃতীয় উপদেশে স্বৃথ্যি সহস্কে বলেন, "তথন আমি অমুক, এই সব বিষয় দেখিতেছি, এরপ জ্ঞান থাকে না,

্যেন স্বই বিন্তু হুইয়া গিয়াছে।" এই অবস্থায় বিশেষ বিশেষ আনই (ঘটের জ্ঞান, পটের [বস্তের] জ্ঞান ইত্যাদি) থাকে না, কিন্তু জ্ঞাতা খিনি, তিনি অবশ্রই থাকেন। সুষ্প্তি ভলের পর শারণ হয় যে, "আমি किंदूई छ। नि नाहे"। हेहा हहेए बुस। यात्र (य, ऋष्धिकारन (कवन 'মজান বিষয়ক একটা জ্ঞান হইয়াছিল। এবং "বেশ স্থাৰ মুমাইয়াছি" এই কৃতি হইতে তথন অব্যক্ত রকমের একটা স্থপের অস্তৃতি হইয়াছিল, এ অসমানও করা যায়। ইহা ছাভা স্বৰ্ধিকালে বাহা বং আভাৰর অভাকোন প্রথিরই জ্ঞান হয় না। যাহাদের সাহাধ্যে **অভা** প্রাথের জ্ঞান হইবে, দেই সৰ ইন্দ্ৰিয়, মন, স্কল্ট নিজ্ঞিয় হইয়া থাকে। কেবল আবাটেত্রট ভাগত থাকে। সেই আআটেডভেরে অভাব ক্থনও ২ইতে পারে ন।। তবে সাধারণতঃ সেই চৈতক্ত যথন বিশেষ বিশেষ বস অবলখনে ইদ্রিয়াদির ভিতর দিয়া অভিবাক্ত হয়, তখনই আমরা ভাহার আভাস পাই। থেমন প্রাণশক্তি (force) যথন কোন অভ প্রাথের ভিতর দিয়। ক্রিয়াশীল হয়, তখনই আমরা ভাহার অবিভ বুঝিতে পারি, কিন্তু ওরূপ ক্রিয়াশীল না হইলেও যে ভাহার অতিত থাকে না, এরপ ত কেই বলে না, তবে ভাহাকে ধরা যায় না-এইমাত্র। শেইরূপ অথও আতাচৈতক্তও <u>স্</u>যু**প্তি অবস্থায় ই**ক্রিয়াদির নিজিয়তায় **অভাবগ্রন্ত বলি**য়া মনে হইলেও তাহার **অভিত বাত্রিক অবাাহতই** বাকে: তার পর প্রজাপতি চতুর্থ উপদেশে ''আমি ভোমাকে পুনর্কার ইত্যান্ত্ৰই বিষয় বলিতেছি" এই বলিয়া বলিলেন, "সম্প্ৰসাদ নামৰ হুসুপ্রি অবস্থার জীব শরীর হইতে। সমুখিত হুইয়া শু-শুরূপ প্রাপ্ত হয়।" उर कात उपलिय अकते अविधान कतिया तथ, त्रिंखन, अव्यापिक বুঝাইতে চান যে, যিনি জাগ্রৎ অবস্থার আত্মাতিনিই প্রাবস্থার আসা, তিনিই স্বুপু অবস্থার আজু, তিনিই অভয়, অমৃত, বন্ধ। একই অমৃত অভয় এক জাগ্রদাদি অবস্থার ভিতর দিয়া, জাগ্রদাদি উপাধি সহযোগে, একবার জাগ্রত, একবার স্থাপুর ইত্যাদি আখ্যা প্রাপ্ত হন। ভাচা চইলে প্রস্কাপতির উপদেশ হইতে ইহাই প্রতিপন্ন হইল যে. এই দৰ অবস্থার পরিবর্তনেও আত্মার প্রকৃত স্বরূপ অবিকৃতই থাকে; স্থতরাং জীবের জীবত্ব—যাহার জন্ম জীবকে জীব বলা হয় তাহ:— কেবলই পরিবর্ত্তিত হইতেছে, অতএব মিখ্যা: আর তাহার যেটা প্রকৃত বন্ধপ, তাহা নিত্য স্থির, তাহাই সত্য। স্বতরাং জীব ও ব্রহ্ম বস্তুত: षित्र। (বঃ সু: ৪. ৪. ১-৭ দ্রষ্ট্রা)।

কেহ কেহ বলেন, জীব জীবরূপেই সত্য। কিন্তু এই মত নিরা-করণ করিবার জন্মই বেদাস্তস্তরের অবভারণা। বেদাস্ভের সিদ্ধান্ত এই যে, পরমেশর এক, তিনি নিত্য চৈতন্তস্বরূপ। তাঁহার অবিদ্যা বা মায়া নামে অনির্ব্বচনীয় এক শক্তি আছে, সেই শক্তির প্রভাবে ইনি বছরপে প্রতীয়মান হন। বস্তত: তিনি ছাডা জীব, ঈশর ইত্যাদি অক্ত স্বতন্ত্র সতা নাই। স্থ্রকার প্রমেশ্বর বোধক বাক্যে জীবের আশহা উত্থাপন করিয়া "অসম্ভবাৎ" এই কারণ দেখাইয়া সেই জীবা-শহার নিরাস করিলেন। ইহার তাৎপর্যা এই যে, পরমাতা এক. নিতা-বৃদ্ধ-ভদ্ধ-মুক্তস্বভাব, সংস্করণ। অজ্ঞানী লোক থেমন অজ্ঞান প্রভাবে আকাশকে নীল,মলিন বলে, সেইরূপ প্রমাত্মার স্বীয় মায়াশজি প্রভাবে তাঁহাকে জীব, ঈশর ইত্যাদি বলিয়া মনে হয়। কিছু সেই ৰীবৰ, ঈশ্বৰ প্ৰভৃতি কাল্পনিক, মিথা। শ্ৰুতি ও যুক্তির সাহায্যে সেই দ্বীবত্ব নিরাকরণ করিয়া ত্রন্ধত্ব প্রতিষ্ঠাপিত করাই স্তুকারের অভিপ্রায়। कारकरें कीवरक यमि कीव विनिधारे घटन कत, छटव दन निक्त हरे পরমান্তা হইতে পুথক, স্বতন্ত্র—প্রথমে এই ভাবে জীবের ভিন্নত্ব নির্দেশ করিয়া, স্বীকার করিয়া লইয়া, সেরপ জীব যে দহরাকাশ প্রভৃতি শব্দের প্রতিপাদ্য হইতে পারে না, তাহা দেখাইলেন। না হইলে জীব বলিয়া যে সত্য সত্যই একটা স্বতন্ত্র সত্য পদার্থ আছে, একথা প্রতিপাদনের অভিপ্রায় স্তাকারের নাই। কেবল লোক-প্রসিদ্ধ জীবের অতিথ মানিয়া লইয়াই স্তাকারকে ওরূপ বলিতে হইয়াছে, বস্তুতঃ ওরূপ জীবের মিধ্যাত্ব প্রতিপাদ্দ করাই শ্রুতির ও স্তাকারের অভিপ্রায়। সেই জন্মই স্তাকার বলিতেছেন—

অন্তার্থঃ চ পরামর্শ: ॥২০॥

এই যে দহরবাকোর শেষে জীব বর্ণনা তাহা [পরামর্শঃ] জীবের জীবত প্রদর্শনের জন্ম নহে, তাহার পরমেশ্বরত প্রতিপাদনার্থই [অন্মার্থঃ]।

প্রজাপতি জীবের বিভিন্ন অবস্থার বর্ণনা করিয়াছেন সত্য, কিন্তু তাহার উদ্দেশ্য জীবরূপ প্রতিপাদন করা নহে, পরস্ক তাহার পরমেখররূপ দেখানই ঐ বর্ণনার উদ্দেশ্য। সম্প্রদাদ নামক জীব জাগ্রৎকালে দেহ, ইন্দ্রিম প্রভৃতির সাহায্যে বাহ্য বিষয় ভোগ করেন, পরে স্বপ্রাবস্থায় জাগ্রৎকালীন অমুভৃতির সংস্থার উদ্বুদ্ধ হইলে স্বপ্র অমুভব করেন; অনন্তর যেন পরিপ্রান্ত হইয়া জাগ্রৎ ও স্বপ্র এই তুই রক্ষমের বাসস্থানের অভিমান পরিত্যাগ করিয়া গভীর নিস্রায় অভিভৃত হন। তথন তিনি দহর-নামক পরব্রন্ধের সহিত এক হইয়া যান, এবং স্ব-স্বরূপ প্রাপ্ত হন। ইহাই হইল প্রজাপভিত্র উপদেশের মোটামুটি কথা। ইহা হইতে ব্রিতে পারিতেছ যে, জীবের যাহা স্ত্যিকারের রূপ (অর্থাৎ পরমেখরত্ব), তাহা দেখানই প্ররূপ বিস্তৃত জীব বর্ণনার উদ্দেশ্য।

শিষ্য। কিন্তু দহর শব্দের অর্থ ত অল্প, কুল, ছোট। স্থতরাং ঐ প্রকরণের প্রতিপাদ্য বস্তুকে যথন 'দহর' বলা হইয়াছে, তথন তাহাকে পরমেশ্বর বলি কি প্রকারে ।—- এদা হইলেন সর্ববৃহৎ, তাহা অপেকা বড় আর কিছুই নাই।

অতএব

অল্পঞ্ৰেঃ ইতি চেৎ ?---

শ্রুতিতে এই অল্প (দহর) শব্দ আছে বলিয়া যদি দহরাকাশকে ব্রহ্মনাবলি ১---

গুরু। তৎ উক্তম্ ॥২১॥

একথার উত্তর ত পূর্ব্বেই দিয়াছি। ১.২.৭ স্থত্তে এরূপ আপত্তির উত্তর দেওয়া হইয়াছে।

শিষ্য। মৃত্তক উপনিয়দে আছে, "যেখানে অগ্নি দূরে থাকুক, স্থা, চন্দ্র, তারকা, বিত্যুৎ ইহারাও প্রকাশ পায় না। তিনিই কেবল প্রকাশ পাইতেছেন ; তিনি প্রকাশ পাইতেছেন বলিয়াই স্থাাদি প্রকাশ পায়, আলোক বিতরণ করে; তাঁহারই আলোকে সমস্ত পদার্থ প্রতিভাত হয়" ইত্যাদি (মৃ: ২. ২. ১০)। অর্থাৎ তাঁহারই সত্তায় স্থাাদির সত্তা, তাঁহারই অন্তিত্বে ইহাদের অন্তিত্ব, তাঁহারই আলোকে ইহাদের আলোক। ইহারা সম্পূর্ণরূপে সেই স্বয়ং জ্যোতির্ম্ম বস্তর অধীন; তিনি স্বপ্রকাশ, অন্ত সব তাহারই প্রকাশের—তাঁহারই জ্যোতির তালুক্ক প্রকাশের দার তিনিই স্বীয় জ্যোতিতে সকল প্রকাশিত করেন, অন্ত কিছুই তাঁহাকে প্রকাশ করিতে পারে না। এই শ্রুতিতে বিশের প্রকাশক, অবভাসক যে বস্তর কথা বলা হইল, তাহা কি স্থ্যাদি হইতে অধিক প্রকাশবান্ কোন অলোকিক জ্যোতিঃ-পদার্থ, না ত্রন্ধ ?

গুৰু। তিনি ব্ৰন্ধই,

অমুক্তেঃ

"ত্নেব ভান্তম্ অঞ্ভাতি সর্কম্"— তিনি প্রকাশ পান বিদয়া অঞ্চ সব প্রকাশ পায়, তাঁহারই প্রকাশের অঞ্করণ অন্ত সকলে করে— এই ত্রেল্ফুক্করে নিশ্চিত হয়। একটা প্রদীপ দিয়া আর একটা প্রদীপ দেখিতে হয়না। সেইরপ স্থাদির স্থার একটা অলৌকিক স্থোতিকের আলোকে আলোকিত হইয়া স্থাদি প্রকাশ পায়—একথা সম্বত হয় না।

শিষা। তাহা হইলে কি ফেয়াদি খতঃই প্রকাশ পায় পু ৬ক। না,

で切 5 Ⅱ 22 Ⅱ

"তল্ল ভাষা সক্ষমিধং বিভাতি"—তাঁহারই প্রকাশে এই সব প্রকাশ পায়—এই কথায় স্ব্যাদির জ্যোতিও তাঁহারই অধীন, স্বাধীন নয়, ইহা জানা যায়।

প্রারত্তে ব্রহ্ণকেই থয়ংজ্যোতি সর্বাবভাসক বলা হইয়াছে। এই প্রকরণে ব্রহ্ম ছাড়া অন্ত কিছুর আলোচনাই নাই। স্বতরাং সমগ্র বিশের অবভাসক ব্রহ্ম।

অপি চ শুৰ্য্যতে॥ ২৩॥

সার [মপি 5] দ্বতি শান্ত্রেও এই শ্রুতির অনুদ্ধণ উক্তি আছে [মুখ্যতে], সে হলে স্পষ্টভাবে বন্ধকেই স্কাবভাসক বলা হইয়াছে। ধেমন জ্রীমন্তগবদগীতা, "হখ্য, চন্দ্র, আমি কিছুই তাঁহাকে প্রকাশ করিতে পারে না…। হখ্যাদির যে জ্যোতি বা তেজ, তাহা পরমেশরেরই জ্যোতি (গাঃ ১৫.৬-১২)।

भिया। को উপনিষদে (२.8.১৩) चाहि, "त्नरहत्र मरशा অহ্স ট্রপ্রমাপ পুরুষ ঝাছেন। তিনি ধ্মহীন জ্যোতির ক্রায়। তিনি ভৃত ভবিষাতের ঈশান, শাসক, নিয়ন্তা। তিনি আজও আছেন, কালও আছেন, অর্থাৎ সর্ব্বকালেই বর্ত্তমান। (তুমি বাঁহাকে জানিতে চাও) ইনিই তিনি"। এই যে অকুষ্ঠপ্রমাণ পুরুষের উল্লেখ দেখিতে পাই, ইনি কি জীবাত্মা, না পরমাত্মা ?

গুৰু। শব্দাৎ এব প্ৰমিতঃ ॥ ২৪ ॥

এই যে অক্টপ্রমাণ পুরুষ প্রিমিত:], ইনি পরমাত্মা। ঐ শ্রুতির স্বকীয় শব্দ হইতেই [শব্দাদেব] ইহা নিশ্চিত হয়। শ্রুতি এই অসুষ্ঠনাত্ত পুরুষকে ভত ভবিষ্যৎ যাবতীয় পদার্থের ঈশান (নিমন্তা) বলিয়াছেন। পরমেশ্বর ব্যতীত আর কেহ এক্রপ নিমন্তা इटेर्फ भारत ना। निहरक्**षा उन्नरक्टे जानिए हा**श्चिमहाना। যম এই অসুষ্ঠমাত্র পুরুষকে লক্ষ্য করিয়াই বলিলেন, "তুমি যাঁহাকে জানিতে চাও, ইনিই সেই।" স্বতরাং অকুষ্ঠপ্রমাণ পুরুষ যে পরমাত্মা त्र विषय कान मत्नर नारे।

শিষা। কিন্তু পরমান্তা ত সর্বব্যাপী অতি বৃহৎ, তাঁহাকে অকুষ্ঠ-প্রস্থাণ বলা যায় কিরুপে ?

হৃদি-অপেক্ষয়া তু---

পরমাত্মার ওরূপ কুত্র একটা নির্দিষ্ট পরিমাণ, হৃদয়ের পরিমাণ अञ्चलात [क्रमार्थकशा] वला इरेशाहा । क्रम्भव हिल अवृष्टेश्रमान, দেই স্থানে পরমাত্মার বিশেষ **অ**ভিব্যক্তি, প্রকাশ হয়, এই জ্**ন্ত** তাঁহাকে অৰুষ্ঠপ্ৰমাণ বলা হইয়াছে।

শিষা। কিছ জীব ত নানা বকমের আছে, কেহ অতি কুদ্র, কেহ

অতি বৃহং : সকলের হৃদয় ত সমান নয়, অসুষ্ঠপ্রমাণও নয়। কাজেই পর্মাত্মাকে অসুষ্ঠপ্রমাণ বলি কি প্রকারে? মহুষোর হৃদ্য না হয় সাধারণতঃ অঙ্কুষ্ঠপ্রমাণ, কিন্তু মশক, পিপীলিকা, হন্তী প্রভৃতির হন্ত্র ত আর অনুষ্ঠামাণ নয়।

গুরু। ই্যা, ভাহা বটে। কিন্তু শ্রুতি মন্তুষ্যের হৃদয় লক্ষ্য করিয়াই অঙ্গুষ্ঠপ্রমাণ বলিয়াছেন, অন্ত প্রাণীর হৃদয় লক্ষ্য করিয়া বলেন নাই—

মনুষ্য-অধিকারাৎ ॥ ২৫॥

কারণ, শাস্ত্র মহুষ্যকেই অধিকার করে; উপান্ধং প্রভৃতি শাস্ত্রে-মহুযোরই অধিকার আছে, অন্ত প্রাণীর নাই। স্বতরাং মহুযোর হদঃ-প্রিমাণ অনুসারেই প্রমান্তাকে অনুদ্র প্রিমাণ বলা হইয়াছে।

শিযা। কিন্তু এম্বলে যথন একটা নির্দিষ্ট পরিমাণের উল্লেখ দেখিতে গাই, এবং কোন কোন শ্বতি শাস্ত্রেও যথন জীবাত্মাকেই স্পষ্টভাবে অনুষ্ঠপ্রনাণ বলা হইয়াছে, তথন ত ঐ অসুষ্ঠপ্রমাণ পুরুষকে জীবাত্মা विविधाई घटन इस्र ।

গুরু। খা, তাহা ঠিক বটে। জীবাআ্মেই বাস্তবিক অবুর্চ-প্রমাণ বলা যায়। কিন্তু ভাবিয়া দেখ, তাঁহাকেই ভূত ভবিযাৎ সর্ব্ব পদার্থের নিয়ন্তাও বলা হইয়াছে। ইহা হইতে বুঝা যায় যে, জীবাত্মার ব্রশ্ব প্রতিপানন করাই শ্রুতির উদ্দেশ্য। শ্রুতি আলোচনা করিলে তুই জাতীয় শ্রুতিবাক্য পাওয়া যায়। কোথাও শ্রুতিবাক্য প্রমাত্মার থরূপ বর্ণ করেন, কোথাও জীবাত্মা ও প্রমাত্মার ঐক্য বা অভেন প্রতিপাদন করেন। এইলেও উভয়ের একত্ব প্রতিপাদন করাই শ্রুতির উল্লেখ। এই সিকাভ পরবর্তী বাক্য হইতে স্পট্ট জানা যায়। যথা, "প্রত্যেক প্রাণীর হর্যে পূর্ণব্রদ্ধ অন্মুষ্ঠপ্রমাণ অন্তরাত্মারূপে বিরাজ করিতেছেন। সাধক ধৈর্ঘা সহকারে মুঞ্জাতৃণ হইতে ঈশিকার (মাজের) আয় পঞ্চকোষময় শরীর হইতে তাঁহাকে উদ্ভূত করিবেন এবং তাঁহাকেই শুদ্ধ, অমৃত বলিয়া জানিবেন'' (কঃ ২.৬.১৭)।

শিষ্য। আপনি বলিলেন, শাস্ত্রে মনুযোরই অধিকার; আর, শাস্ত্র ভিন্ন অতীন্ত্রিয় ব্রহ্ম সম্বন্ধে কিছু জানা যায় না, একথাও পূর্ব্বেই বলিয়াছেন। তাহা হইলে মনুয্য অপেক্ষা উৎকৃষ্ট প্রাণী যে দেবতা প্রভৃতি, তাঁহাদের কি ব্রহ্মজ্ঞানে অধিকার নাই?

গুরু। ই্যা, শাস্ত্র মন্থ্যদিগের জন্মই বটে, অন্ত প্রাণীর জন্ম নহে; কিন্তু ব্রহ্মজ্ঞান বিষয়ে যে কেবল মন্থ্যেরই অধিকার, অন্ত কাহারও নহে—এমন কোন নিয়ম নাই।

তহুপরি অপি বাদরায়ণঃ, সম্ভবাৎ ॥ ২৬॥

বাদরায়ণ আচার্য্য [বাদরায়ণঃ] বলেন, তাহাদের অর্থাৎ মন্ত্যাদের উপরে [তত্পরি] দেবতা প্রভৃতি যে সমস্ত প্রাণী আছে, তাঁহাদেরও [অপি] ব্রন্ধজ্ঞানে অধিকার আছে; যেহেতু, যে সব কারণে ব্রন্ধজ্ঞানে অধিকার হইতে পারে, সেই সব কারণ তাঁহাদেরও সম্ভব [সম্ভবাৎ]।

বন্ধ প্রাপ্তির ইচ্ছা, সামর্থ্য ইত্যাদি থাকিলেই ব্রন্ধজানে অধিকার হয়। দেবতাদের পদ, ঐশ্বর্য ইত্যাদিও অনিত্য। স্বতরাং নিত্যানিত্যবিবেকক্রমে সাধনচতুষ্টয় তাঁহাদেরও সম্ভব। তারপর বেদ, ব্রাহ্মণ, ইতিহাস, পুরাণ সর্বব্রই তাঁহাদের শরীর, ইন্দ্রিয় থাকার কথা আছে। কাজেই সাধন করিয়া ব্রন্ধপ্রাপ্তির সামর্থ্যও তাঁহাদের আছে। দেবতারা ব্রন্ধজ্ঞানে অনধিকারী, এরূপ নিষেধ কোথাও নাই। স্বতরাং দেবতারাও ব্রন্ধজ্ঞান লাভের অধিকারী।

শিষা। কিন্তু দেবতাদের ত উপনয়ন হয় না। উপনয়ন না ইইকে কেহ শাস্ত্রপাঠেও অধিকারী হয় না। অন্ধকে আবার শাস্ত্র ভিন্ন প্রনাও যায় না। স্ত্রাং উপনয়ন না হওয়ায় দেবতাদের অন্ধ্রজানেও অধিকার ইইতে পারে না।

ন্ধ। না, দেবতাদের উপন্যন না হইলেও তাঁহারা অন্ধিকারী ন্ধ। কারণ, বেদাধ্যনের অধিথার পাইবার অস্তুই উপন্যন। কিছু বেদের অথ দেবতাদের অয়ং প্রতিভাত, অধ্যয়ন না করিলেও বেদ তাঁহাদের আপনা হইতেই পরিজ্ঞাত। আর শ্রুতিতেও ইন্ধাদি দেবতা ব্যুত্ত করিয়াছিলেন—এরপ উক্তি আছে। ক্রুত্তাং দেবতা এবং শ্বুদিরে ক্যুক্তাংও (যাগ যজ্ঞাদি অঞ্চানে) আনুক্তার না প্রবিদ্যান্ত ব্যুক্তানে অধিকার নাই, এ ক্থা কিবপে প্রিবিধ্

শিলা। স্থাপনি বলিলেন, দেবতাদের শরীর আছে। কিন্তু ভাষাদের শরীর ধীকার করিলে যে একটা বিষম সমস্থা উপন্থিত হয়। মনে করুন, এক সময়ে একহান্ধার লোকে বিভিন্ন দেশে ইন্দ্রের উদ্দেশ্যে যতে আছতি দিতেছে। ইন্দ্র কিন্তু শরীরধারী এক জন। তিনি সশরীরে কিন্তুপে হাজার জালগায় একসঙ্গে উপস্থিত হইয়া আছতি গ্রহণ করিবন গুস্থতরাং দেবতাদের শরীর স্বীকার করিলে—

বিরোধঃ কর্মণি ইতি চেৎ ?---

মঞ্জানি কাখ্যে [কম্মনি] এক সময়ে এক শরীরধারী দেবতার বছ স্থানে উপস্থিত থাকা-রূপ বিরোধ, অসম্ভাবনা [বিরোধ:]উপস্থিত হয়, একথা যদি [ইতি চেং] বলি १—

^{ওরু।} ন, অনেকপ্রতিপত্তঃ দর্শনাৎ ॥২৭॥

না, তাহা বলিতে পার না, অর্থাৎ দেবতাদের শরীর আছে, একথা বলিলেও কোন বিরোধ হয় না [ন]; যেহেতু, একই দেবতা একই সময়ে অনেক শরীর ধারণ করিতে পারেন [অনেকপ্রতিপত্তে:], একথা শ্রুতি, শুরাণ ইতিহাস সর্ব্বেই দেখা যায় [দর্শনাৎ]।

দেৰতাদের এমন ক্ষমতা আছে যে, তাঁহারা এক সময়ে বহুশরীর ধারণ করিতে পারেন। কাজেই এক সময়ে বহু যজে উপস্থিত থাকা একই দেবতার পক্ষে অসম্ভব নয়। তবে অস্তধান শক্তি বলে তাঁহারা অদৃখ্য থাকেন, এইমাতা।

শিষ্য। আচ্ছা, না হয় খীকার করিলাম, এক সময়ে অনেক শরীর ধারণ করিতে পারেন বলিয়া শরীর খীকার করিলেও যজ্ঞাদি কর্মের কোন ব্যাঘাত হয় না। কিন্তু জৈমিনি মৃনি তাঁহার পূর্ব্ধ মীমাংসা দর্শনে সিদ্ধান্ত করিয়াছেন যে, বৈদিক শব্দের প্রামাণ্য স্বতঃ সিদ্ধ। তিনি দেখাইয়াছেন যে, শব্দ নিত্য অনাদি; শব্দের অর্থও নিত্য, অনাদি এবং অমুক শব্দের অমুক অর্থ—ইহা নিয়ত, চিরকালই এক শব্দের একই অর্থ; স্বতরাং শব্দের এবং অর্থের সম্বন্ধও নিত্য, অনাদি। এবং সেই জন্ম বৈদিক শব্দম্মহের অর্থবোধ আপনা হইতেই হয়, অর্থাৎ অন্ত কোন প্রমাণের সাহায্য ব্যতীতই তাহাদের অর্থবোধ হয়। অতএব বৈদিক শব্দের প্রামাণ্য স্বতঃসিদ্ধ। কিন্তু দেবতাদের যদি শরীর থাকে, তবে তাঁহাদের জন্মমৃত্যুও আছে, অর্থাৎ তাঁহারা অনিত্য, সাদি। অতএব বে সমন্ত বৈদিক শব্দের অর্থ ইন্দ্রাদি দেবতা, সেই সমন্ত শব্দও অনিত্য, সাদি,—দেবতাদের জন্মের পরেই ত সেই দেবতাবোধক শব্দের সৃষ্টি হইয়াছে। স্বতরাং দেবতার শরীর খীকার করিলে—

শব্দে ইতি চেৎ ?—

বৈদিক শব্দের সহিত [শব্দে] ত বিরোধ হয়, অর্থাৎ বেদের প্রামাণ্য নষ্ট হইয়া যায়—একথা যদি [ইতি চেৎ] বলি ?—

ত্তরু। ন, অতঃ প্রভবাৎ—

না, শব্দের সহিতও বিরোধ হয় না [ন]; যেহেতু, এই শব্দ হইতেই [অতঃ] দেবতা প্রভৃতি সমগ্র জগতের উৎপত্তি হয় [প্রভবাৎ]। বৈদিক শব্দ হইতে দেবতা ও সমস্ত বিশ্বের স্বষ্টি হয় বলিয়া শব্দের প্রামাণ্যেরও কোন বাধা হয় না।

শিষ্য। আপনার একথার তাৎপর্য্য ব্ঝিলাম না। দেবদন্তের পুত্র হইলে পরেই ত তাহার যজ্ঞদন্ত ইত্যাদি নাম করা হয়। সেইরূপ ইন্দ্রাদির জন্ম হইলে পরেই তাহাদের নামকরণ হইয়াছে। স্বতরাং এই ইন্দ্রাদি শব্দ ত আদিমান, অতএব অনিত্য। স্বতরাং শব্দ হইতে ইন্দ্রাদির উৎপত্তি হয়, একথা বলিলেই বা কিরূপে শব্দবিরোধ দূর হয়? আর "জন্মাদাস্থ যতঃ" [বাং স্থঃ ১. ১. ১] ইত্যাদি স্বত্তে ব্রহ্ম হইতেই ইন্দ্রাদি দেবতা ও জগতের স্কাষ্টর কথা বলা হইয়াছে। এখানে বলিতেছেন, শব্দ হইতে সমন্ত উৎপন্ন হয়। একথার তাৎপর্য্য কিছুই হৃদয়ক্ষম করিতে পারিতেছি না।

গুরু। বংস ! শুন—মনে কর, আজ একটা গরু জন্মিল। ভাবিয়া দেখ, এন্থলে গো-ব্যক্তিরই (individual) জন্ম হইল, কিন্তু গোড় (type) অর্থাৎ যে সব ধর্ম থাকিলে গরুকে গরু বলা যায়, সেই সকল সাধারণ ধর্ম—উৎপন্ন হয় না, তাহা চিরকালই আছে। এই যে সাধারণ ধর্মসাষ্টি, যাহা অক্তান্ত সমন্ত প্রাণী হইতে গরুর বিশেষত্ব সম্পাদন করে,

তাহা এক একটি বিশেষ বিশেষ গরুর জন্মের সঙ্গে সঙ্গে নৃতন করিয়া উৎপন্ন হয় না। এই সাধারণ ধর্মসমষ্টিকে তায়ের ভাষায় জ্ঞাভি বা আক্রতি বনে। আর. জাতি বা আরুতি বিশিষ্ট এক একটা বিশেষ বিশেষ পদার্থকে সেই জাতীয় ব্যক্তি বলে। যথন একটা ব্যক্তির জন্ম হয়, তখন দেটী দেই জাতির নামেই পরিচিত হয়। স্থতরাং দেখিতেছ, জাতির উৎপত্তি নাই, কেবল ব্যক্তিই উৎপন্ন হয়। 'গরু' এই যে একটা শব্দ,ইহার অর্থ গো-জাতি, কোন একটা নির্দিষ্ট গরু নয়। স্থতরাং ব্যক্তির উৎপত্তি হইলেও শব্দ ও অর্থের নিত্য সম্বন্ধের কোন ব্যাঘাত হয় না। সেইরূপ ইন্দ্র প্রভৃতি শব্দের আদি অর্থ ইন্দ্র-জাতি, কোন বিশেষ ইন্দ্র নয়। আর ইন্দ্রাদি শব্দ কোন ব্যক্তিবিশেষের নাম নয়, উহা এক একটা পদ বোধক (যেমন বড়লাট)। যে যথন ঐ পদ অধিকার করে, তথন তাহাকেই ইন্দ্রাদি নামে অভিহিত করা হয়, স্বতরাং ইন্দ্র প্রভৃতি বিশেষ বিশেষ দেবতার জন্ম হইলেও বৈদিক শব্দের সাদিত হয় না. ফলে ভাহাদের প্রামাণ্যেরও কোন ব্যাঘাত रुग्र ना।

তোমার দিতীয় আপত্তির উত্তর এই যে, ত্রন্ধকে যে ভাবে জগতের কারণ বলা হইয়াছে, শব্দকে সেইরূপ কারণ বলা হয় না। এক্ষ এই জগৎরূপে প্রতীয়মান হন বলিয়া তিনি এই জগতের উপাদান কারণ। আর শব্দ ব্যবহার সম্পাদক নিমিত্ত কারণমাত্র। জগতের সমস্ত পদার্থেরই এক একটা নাম আছে। ঐ নাম বা শব্দের ঘারাই সেই সেই পদার্থ অভিব্যক্ত হয়। ব্রন্ধচৈতক্ত আছেন বলিয়াই এই জগতের অভিব্যক্তি; সেইরূপ নাম বা শব্দ আছে বলিয়াই পদার্থের ব্যবহার-যোগাতা। এইভাবে শব্দকেও জগতের কারণ বলা যাইতে পারে। যাহা কিছু সষ্ট পদার্থ, সমন্তই শব্দপূর্ব্বক স্ট। প্রথমে শব্দ, পরে সেই

শশপ্রতিপাদ্য পদার্থের ক্ষ্টে। আমরা প্রতাক্ষণ্ড দেখিতে পাই থে, যধন কেই কোন বস্ত প্রস্তুত করেন, তুখন তিনি প্রথমে মনে মনে ভাষার একটা আরুতি (design) কল্পনা করেন ও একটা নাম ঠিক করিয়া লন, পরে সেই বস্তুটি প্রস্তুত করেন। সেইরূপ আমান্রা অহমান ৰবিতে পাবি যে, স্বৰ্থপ্ৰষ্টাও স্বাচৰি পূৰ্বে এক একটা বস্তুৱ এক একটা নাম শালন কলিয়া সেই সেই বন্ধর সৃষ্টি করিয়াছেন।

শিলা। কিন্তু শাদ হইতে জগভের সৃষ্টি হয়, ইহার শালীয় প্রমাণ বিছ আছে কি গ

গুল। নিশ্চয়ই, জন্ব যে শক হইতে সন্ত, ইহা

প্রত্যক্ষ-অনুমানাভ্যাম্ ॥ ২৮ ॥

প্রত্যক্ষ ও অমুনানের হারা জানা যায়। শ্রুতির প্রমাণ স্বতঃসিদ্ধ, হুতরাং তাহা প্রত্যক্ষ বলিয়া গণ্য। আর, অহুমান যেমন প্রতাক্ষ্মলক (ঘাহা একদিন প্রত্যাক্ষ হইয়াছে, কেবল তাহারই অম্বমান হইতে পারে, যাহা কোনদিন প্রত্যক্ষ হয় নাই, তাহার মহুমানও করা যায় ন:), মতিও সেইরূপ শ্রুতিমূলক, শ্রুতির অহু-ৰূপ বা অমূপুরুক (Complementary), স্থতরাং স্বৃতি অমুমান বলিয়া গণ্য। শুভি ও শুভি উভয়েই বলেন হে, সৃষ্টি শব্দপূৰ্বক।

স্থতরাং দেখিতেছ, জগভের সমস্ত বস্তরই এক একটা জাতি বা অংকৃতি আছে এবং দেই আকৃতি নিতা, এবং দেই নিতাকাতি-বিশিষ্ট জগতের উৎপত্তি বৈদিক শন্ত চইতেই হয়।

অতঃ এব চ নিত্যস্থা । ২৯॥ আর [চ] এই মন্তই [অতএব] বেদের নিতার। যেহেতু দেবাদি আফুতি নিতা, এবং যেহেতু বৈদিক শব্দ সমূহ সেই আক্বতিরই বাচক, সেইহেতু বেদও নিত্য।

শিশা। কিন্ধ শ্রুতি ও শ্বতিতে দেখিতে পাই যে, মহা-व्यनए नमछ । একবারে ধ্বংস হইয়া যায়, किছুই থাকে না; পরে আবার নৃতন করিয়া সৃষ্টি হয়। তাহা হইলে নাম, নামী ও নাম-কর্ত্তা এ সকলেরও বিলয় হয়। স্থতরাং বেদের শব্দগুলি निতा, চিরস্থায়ী, একথা বলেন কিরুপে ? কাজেই শন্দবিরোধ ত থাকিয়াই যাইতেছে?

ওক। স্থান-নামরূপত্বাৎ চ আরুত্তো অপি অবিরোধঃ, দর্শনাৎ, স্মতেঃ চ ॥৩০॥

প্রকাষের পরে আবার যথন সৃষ্টি হয়, সেই সৃষ্টিতেও [আরুডৌ ष्पि] श्रष्टेभमार्थ नमृद्दत शृक्षक ह्वा यात ए नाम ७ षाङ्गि ছিল, দেইরূপ নাম ও আরুতিই হয় বলিয়া [সমাননামরূপড়াৎ] শব্দবিরোধও হয় না [অবিরোধ: চ], একথা প্রত্যক্ষ শ্রুতি হইতে [দর্শনাৎ] ও [চ] স্বৃতি হইতে [স্বৃতে:] জানা যায়। गःगात रा अनामि, এकथा मकनरकरे चौकात कतिरा रहेरव। **এ**कवात रुष्टि, একবার প্রবন্ধ, আবার সৃষ্টি আবার প্রবন্ধ — এইরূপ সৃষ্টির প্রবাহ স্ত্রকার "উপপন্ততে ১ অপি উপলভ্যতে চ'' (বঃ সু: ২.১.৩৬) এই স্ত্রে প্রতিপাদন করিয়াছেন। এই অনাদি সৃষ্টি প্রবাহে পর পর যে স্ষ্টি হয়, তাহা পূর্ব্ব পূর্ব্ব স্ষ্টের অনুরূপই হয়। শ্রুতি, স্মৃতি, পুরাণ, ইতিহাস এ বিষয়ে প্রমাণ।

আবার দেখ, অ্যুপ্তির দঙ্গে প্রলয়ের, এবং প্রবোধের (জাগরণের) সঙ্গে স্বায়ীর বিশেষ সাদৃত্য আছে। সেই জন্ম স্বয়ুপ্তিকে দৈনন্দিন প্রলয় ও প্রবোধকে দৈনন্দিন সৃষ্টি বলা যাইতে পারে। শ্রুতি বলেন, "স্থপ্ত পুরুষ যথন কিছুই দেখে না, স্বপ্নও দেখে না, এই সমস্ত তথন প্রাণের সঙ্গে এক হইয়া প্রাণেই লয় প্রাপ্ত হয়। ইন্দ্রিয়, মন, সকলেই তখন স্ব ৰ বিষয়সহ প্রাণে লয় প্রাপ্ত হয়। তারপর সেই পুরুষ যখন প্রবৃদ্ধ হয়, জাগরিত হয়, তথন জ্বলন্ত অগ্নি হইতে যেমন বিস্ফুলিঙ্গ নির্গত হয়, সেইরূপ এই প্রাণ হইতে ইন্দ্রিয়াদি নির্গত হইয়া আবার স্ব স্ব কার্য্যে ব্যাপুত হয়" (কো: ৩. ৩)। এ স্থলে একটি বিষয় মনে রাখিও:--এই দৈনन्দিন প্রলয়ে ইন্দ্রিয়াদি একেবারে ধ্বংস হইয়া যায় না, উহাদের আত্যন্তিক অভাব (total extinction) হয় না; দকলই থাকে, তবে অব্যক্ত বীজরূপে, সৃষ্ণ সংস্থাররূপে সকলই বর্ত্তমান থাকে, পরে জাগরণ হইলে দেই ফুল্ম সংস্কারগুলি আবার স্থূলাকার প্রাপ্ত হয় মাত্র। প্রলয়েও ঠিক এই অবস্থাই হয়; একেবারে অভাব কোন वस्त्रवे हम ना। मकनरे वीष्ट्रकरण थारक, मृष्टिकारन जावात वार्क्रजाक প্রাপ্ত হয়। জগৎ লয় প্রাপ্ত হইলেও পুনরায় যাহাতে আবার স্কট্ট হইতে পারে, এমন একটা শক্তি অবশুই থাকে, সেই শক্তির বিকাশই নৃতন সৃষ্টি। তাহা না হইলে একেবারে কিছুই নাই, অথচ অকন্মাৎ কিছু-না হইতে একটা কিছু হইল—এরপ অসম্ভব কল্পনা করিতে হয়। (ব্র: সু: ২. ২. ৩৬ দ্রষ্টব্য)। পরে এসম্বন্ধে আরও আলোচনা কর। बाइटव ।

শিষ্য। আপনি যে স্মৃথির দৃষ্টান্তে প্রলয়ের ব্যাখ্যা করিলেন, সে সম্বন্ধে আমার কিছু বক্তব্য আছে। স্মৃথিতে যে ব্যক্তি নিদ্রিত হয় কেবল তাহারই সমন্ত ব্যবহার লুগু হয়, অন্ত সকলের ক্রিয়াকলাপ যেমন তেমনই চলিতে থাকে। স্থার স্বয়ুপ্তিভঙ্গের পর যথন প্রবোধ হয়, তথন পূর্বের সমস্ত বুতাস্তই স্মরণ হয়। কিন্তু মহাপ্রলয়ে কেহই থাকে না, সকলের ক্রিয়া কলাপই লুপ্ত হয়। আর পূর্বজন্মের কথাই যথন কাহারও মনে থাকে না, তথন পূর্ব্বকল্পে (স্ষ্টিতে) যে সমস্ত ব্যবহার হইয়াছিল, তাহা স্মরণ ত একেবারেই অসম্ভব। স্বতরাং এ দৃষ্টান্তটী যেন ঠিক খাটতেছে না।

গুরু। দেখ, মহাপ্রলয়ে সকলের ব্যবহার লুগু হয় সভ্য, কিন্তু পরমেশ্বরের অন্তগ্রহে স্ষ্টিকর্ত্তা হিরণ্যগর্ভ প্রভৃতি পরম ঐশ্বর্যশালী পুরুষগণের পূর্বে কল্লের ব্যবহার স্মরণ হওয়া অসম্ভব নয়। আমরা সাধারণ মাত্রষ পূর্বে জন্মের কথা স্মরণ করিতে না পারিলেও স্রষ্টার পুর্বকল্পের কথা স্মরণ হওয়া অসম্ভব নয়। সাধারণ মামুষের সঙ্গে স্ষ্টিকর্ত্তার শক্তির তুলনা হইতে পারে না। সাধারণ মানুষ ত একটী বালুকা কণাও সৃষ্টি করিতে পারে না। স্থতরাং মানুষের পূর্ব জন্মের বুতান্ত মনে থাকে না বলিয়া যে স্ষ্টিকর্তারও থাকিবে না, এমন কথা হইতে পারে না। এমন শক্তিশালী মাত্রমণ্ড দেখা যায়, যাঁহারা পূর্ব জ্বোর কথা অবিকল বলিয়া দিতে পারেন। জ্ঞানের ও ক্ষমতার তার-তম্য ত প্রতাক্ষই দেখা যায়। স্থতরাং পরম ঐশ্বর্য (শক্তি) শালী হিরণাগর্ভ প্রভৃতি জগৎ স্রষ্টারা যে পূর্ব্ব পূর্ব্ব কল্পের ব্যবহার স্মরণ করিয়া তদমুরূপ সৃষ্টি করেন, এ আর আশ্চর্যাই বা কি? শ্রুতি ও শ্বতিতে এরপ কথা যথেইই আছে।

আরও দেথ, ধর্মের (স্থকর্মের) ফল স্থ্য, এবং অধর্মের (অপকর্মের) ফল তুঃখ; —ইহা সর্ববাদিসম্মত। এবং প্রাণী মাত্রেরই স্বভাবতঃ স্থাবে প্রতি জন্মরাগ ও হুংখের প্রতি বিদেষ হইয়া থাকে। ইহা হইতে বুঝা যায় যে, পূৰ্ব্বজন্মকৃত ধৰ্মাধৰ্মই মামুষকে স্বভাৰতঃ স্থৰ- ত্রংখের দিকে পরিচালিত করে। হিংল্র, দ্রেমিক, ধার্মিক, অধান্দিক, সভাপরাহণ, নিখ্যাবাদী--এইরূপ প্রাণীদিগের মধ্যে চরিত্রগত একটা বৈষ্মা দেখা যায়, ইহার কোন যব্জিসঞ্জ কারণ নির্দেশ করিতে হইলে প্রব সংখ্যার ব্যতীত আব কিছুই নির্দেশ করা যায় না (ব: স্থ: २. ১. ८६-८७ प्रदेश) :

অভত্তব, যেত্তে পরস্থ পুর্বাস্থির সমান, সেই ছেতু প্রলয়কালেও জগতের আতান্তিক বিনাপ হয় না, বীঞ্জ বা শক্তিরূপে জগৎ থাকে। কংকেই ত্মি যে শক্ত প্রামাণ্যের ব্যাঘাত আশক্ষা করিয়াছিলে, ভাহাও ১য় না। এবল, প্রতি, স্থেত্ই প্রকৃষ্টি পূর্বকৃষ্টির সমান বলিয়। জানা 1.12

শিল্য। আচ্ছা, দেবতাদের শরীর স্বীকার করিলেও বেদের নেতাতা নষ্ট ২য় না, একথা ব্ঝিলাম। কিন্তু তথাপি তাঁহারাও যে ব্রদ্ধজানের অধিকারী, একথা এখনও সমাক ব্রিতে পারিলাম না। 4145- .

মধু-আদিয়ু অসম্ভবাৎ অনধিকারং জৈমিনিঃ॥৩১॥

হৈমিনি আচায় বলেন [বৈমিনি:] দেবভাদের **এলবিদ্যায়** অধিকার নাই [অনধিকারম], যেহেতু 'মধুবিদ্যা' প্রভৃতি দেবতাদের পাক অসম্ভব (মধ্যানিষস্ভবাং ।।

ভালোগ্য উপনিষদে ক্যাকে মধুরূপে উপাসনা করিবার ব্যবস্থা থাড়ে। ইহাকে অপ্রতিদ্যা বলে। মধুবিদ্যাও বিদ্যা, বন্ধবিদ্যাও বিলাল। একণে দেবভালের বিদ্যায় অধিকার আছে, এক**ণা বলিলে** তাঁহালের মধুবিদ্যাতেও অধিকার আছে, একথাও বলিতে হয়। কিন্তু শ্যা এক দেবতা, সে ত আর নিজেকেই মধকুপে উপাসনা করিতে পারে না। স্বতরাং মধুবিদ্যায় সুর্য্যের অধিকার থাকিতে পারে না। এই দৃষ্টাস্তে কাজেই দিদ্ধান্ত করিতে হয় যে, দেবতাদের বিদ্যায় কোন অধিকার নাই। ইহা পূর্ব্বমীমাংসাকার জৈনিনির মত।

স্বার, দেবতারা হস্তপদাদি অঙ্গপ্রত্যঙ্গ বিশিষ্ট চেতন, এ বিষয়ে কোন প্রমাণ্ড নাই।

জ্যোতিষি ভাবাৎ চা৷৩২৷৷

আর [চ] স্থ্য, চন্দ্র, শুক্র ইত্যাদি যাহাদিগকে সাধারণতঃ দেবতা বলিয়া বলা হয়, তাহারা জড় জ্যোতিদ্দ-পিওরপে অবস্থিত আছে বলিয়া [জ্যোতিধি ভাবাৎ] দেবতাদের বিভায় অধিকার স্বীকার করা যায় না।

স্থ্য প্রভৃতি বান্তবিক জড় পদার্থ। কাজেই কোনরূপ উপাসন। করা বা জ্ঞানলাভ করা তাহাদের পক্ষে সম্ভব নয়। স্থতরাং তাহাদের বিভায় অধিকার থাকিতে পারে না। তবে বেদে, ইতিহাসে, প্রাণে যে দেবতাদিগকে হস্তপদবিশিষ্ট চেতন রূপে বর্ণনা করা হইয়াছে, তাহার কোন মূল্য নাই, উহা গল্পমাত্র। প্রত্যক্ষ, অস্থুমান, কোন প্রমাণেই ওরূপ বর্ণনার সত্যতা নির্দারণ করা যায় না। বেদের বর্ণনাও এক একটা যাগ যজ্ঞের স্থতি বা প্রশংসার জন্মই করা হইয়াছে, বাস্তবিক ওরূপ দেবতা যে সত্য সত্যই আছে, একথা প্রতিপাদন করা ঐ বেদাংশের উদ্দেশ্য নয়, এবং সে বিষয়ে বেদের সেই অংশের প্রামাণ্যও নাই। কৈমিনি আচার্য্য যথন এইরূপ সিদ্ধান্ত করিয়াছেন, তথন দেবতাদের বিদ্যায় অধিকার সম্বন্ধে বিশেষ সন্দেহ হয়।

গুরু। বংস! এ বিষয়ে আচার্য্য বাদরায়ণের সিদ্ধান্ত ভনিলে তোমার সকল সন্দেহের নিরাস হইবে।

ভাবং তু বাদরায়ণঃ, অস্তি হি ॥৩৩॥

কিন্ত [তু] আচার্য্য বাদরায়ণ বলেন [বাদরায়ণ:] দেবতাদেরও বিদ্যায় অধিকার আছে [ভাবম্]; যেহেতু [হি], অধিকার যে সব কারণে হইতে পারে, তাহা দেবতাদের আছে [অন্তি]।

দেবতাদের শরীর আছে, তাঁহারা চেতন, শাস্ত্রার্থ তাঁহাদের বতঃসিদ্ধ; স্থতরাং তাঁহারাও বিদ্যায় অধিকারী। বিশেষ শ্রুতিতে দেবতাদের ব্রন্ধবিদ্যালাভের কথা স্পষ্টই উল্লিখিত হইয়াছে।

মধুবিদ্যায় স্থের অধিকার নাই বলিয়া যে অন্তবিভায়ও তাঁহার অধিকার থাকিবে না, এ বড় অন্তুত বুক্তি। ব্রাহ্মণের রাজস্মযজ্জে অধিকার নাই, সেই জন্ম কোন যজ্জেই তাঁহার অধিকার নাই—একথা ত জৈমিনিও বলেন না।

আর, দেবতাদের শরীরাদির বর্ণনা প্রত্যক্ষসিদ্ধ না হইলেও শ্রুতির উজি উড়াইয়া দিবে কিরুপে? শ্রুতির এক অংশ প্রামাণ্য, অক্স
অংশ অপ্রামাণ্য—এরপ স্থবিধামত ব্যাখ্যা করিলে কোন নিশ্চিত
সিদ্ধান্তেই উপনীত হওয়া যায় না। বিশেষতঃ শ্রুতির ঐ বর্ণনা
যদি প্রত্যক্ষাদি প্রমাণের বিরোধী হইত, তবে না হয় প্রশংসার্থ বা
ওরপ একটা কিছু বলিয়া সে বর্ণনা উপেক্ষা করা যাইত। কিন্তু ঐ
বর্ণনা ত কোন প্রমাণের বিকন্ধ নয়। প্রত্যক্ষ যাহা না দেখিবে,
তাহাই নাই, একথা ত বলিতে পার না। স্থতরাং বেদাদিতে যখন
দেবতাদের শরীর ও চেতনত্বের বর্ণনা আছে, এবং সেই বর্ণনা যখন
একটা অসম্ভব কিছু নয়, তখন তাঁহাদের বিদ্যায় অধিকার থাকিতে
বাধা কি ?

আর, দেবতাদের শরীরাদি আছে, একথা প্রত্যক্ষমূলকও বলিতে

পারি। আমাদের প্রত্যক্ষ না হইতে পারে, প্রাচীন ঋষিদেরও বে প্রত্যক্ষ হয় নাই, এ কথা বলিবে কিরপে? ঋষিরা যে দেবতাদের সঙ্গে প্রত্যক্ষভাবেই আলাপ ব্যবহার করিতেন, তাহা ত বহু শ্বতিতেই দেখিতে পাই। আমরা আজকাল দেবতা দেখিতে পাই না বলিয়া প্রেরও কেহ দেখে নাই—এরপ বলিলে ইহাও বলিতে হয় যে, এখন থেমন সার্ব্বভৌম রাজা নাই, তখনও ছিল না, কোন কালেই ছিল না; ফলে রাজস্ম্যজ্জের বিধানও শাস্তে অনর্থক করা হইয়াছে, অতএব ঐ শাস্ত্র মিথ্যা। এইভাবে সমস্ত শাস্তই মিথ্যা হইয়া পড়ে, কারণ শাস্ত্রেক্ত বর্ণাশ্রম ত আজকাল বড় একটা দেখা যায় না।

যোগ প্রভাবেও দেবতা সাক্ষাৎকরা যায়। যোগশাল্রের নিয়মানুদারে কার্য্য করিলে দেবতা প্রত্যক্ষ হয়।

স্বতরাং দেবতাদেরও ব্রহ্মবিলায় অধিকার আছে।

শিষ্য। দেবতাদের ব্রহ্মবিভায় অধিকার থাকার যে সমস্ত কারণ বলিলেন, তাহাত শৃদ্রেরও আছে। তবে কি শৃদ্রও ব্রহ্মবিভার অধিকারী?

ছান্দোগ্য উপনিষদের সম্বর্গবিদ্যা প্রকরণে শ্রেরও ব্রহ্মজ্ঞানের অধিকার বিধান করা হইয়াছে বলিয়া মনে হয়। ছান্দোগ্যের চতুর্থ অধ্যায়ে একটা আখ্যায়িকা আছে। জানশ্রুতি নামে একরাজা গ্রীম্মকালে একদিন ছাতের উপর শুইয়া ছিলেন। এমন সময় কয়েকজন ঋষি হংসক্রপ ধারণ করিয়া আকাশে উড়িয়া যাইতেছিলেন। পশ্চাদবস্থিত হংস অগ্রগামী হংসকে ডাকিয়া বলিল, "ভলাক্ষ, তুমি কি দেখিতেছ না, এই রাজার তেজ স্বর্গ পর্যান্ত প্রস্তুত হইতেছে, সাবধান, ইহাকে লজ্মন করিও না, তুমি ভন্ম হইয়া যাইবে।" একথা শুনিয়া ভলাক্ষ বলিল,

শতুমি ভ ভারি ভয় দেখাইতেছ। এ কি মহাত্মা বৈক, যে এর অবসাননা করিলে কোন ভয়ের আশহা আছে ৷ এর যথন বিভা নাই, তথন ভাএ অতি হেয়।'' একথা ভানয়া জানশ্ৰতির মনে ধিকার অন্মিল। তিনি বহুমূল্য উপটোকন লইয়া বৈকের নিকট উপস্থিত इस्या छ।न आयेना कतिरानन। देवक छोशास्त्र **अनुस्त पनिया गरपापन** করিলেন। ইহাতে মনে হয়, জানশ্রতি শুদ্র; এবং তিনি ধ**বন রৈক** ক্ষির নিকট জ্ঞানোপ্রেশ গ্রহণ করিতে গিয়াছিলেন, রৈকও তাঁহাকে উপ্রেশ করিয়াভিলেন, তথ্য প্রদেরও অপ্রবিভাগ অধিকার আছে-বক্ষা স্থাকার করিছে হয়।

 ५० - ०, १८४५ दिछायाथिकात नाई श्राप्तत उपनयन देश ন, উপন্যন্তা ১৯৫৪ গেট পাঠ করিবার আধিকার হয় না, বেদ পাঠ क. इंटल लाहाई अविश्व आमा यात्र मा, करल द्वामाक उपाम पानम করণে তাংরি গ্রেপ সম্ভব ইয় না। শুদ্র মোক্ষ কামনা করিতে পারে স্ভা, এবং ভালার শারারিক ও মানসিক লামগ্য ও আছে সত্য, কিছ রভাগনি শর্পন্তান সেই শরেষ্থ্যন শুরুর অধিকার নাই, তথন ভাগের একজানেও প্রিকার নাই। শাস্ত্রীয় বিষ্থের অধিকার শাহার সাম্পোর উপর নিভর করে।

সম্বাবিভায় যে শুন্ত শর্মের উল্লেখ আছে, বাল্ডবিক ভাহার অর্থ জাতি-শুমু নহে ;---

শুক্-অস্ম তং-অনাদর-শ্রবণাৎ তৎ-আদ্রবণাৎ দূচ্যতে হি ॥৩৪॥

ব্বেছেরু [হি], ঐ 'শুদ্র' শব্দ ধারা স্বচনা কবা হইয়াছে [স্বচাতে] (४, ८म१ ११मजनी अधित धनानत वाका अवन कतिया [जननानतअवनार] এই জানশ্রতির [অস্যা শোক, খেদ [শুক্] হইয়াছিল, এবং যেহেতু সেই শোকে ডিনি রৈকের নিকট গমন করিয়াছিলেন তিদাদ্রবলাৎ ।

হংসরপী ঝবি যথন জানশ্রতিকে বিদ্যাহীন বলিয়া অবজ্ঞা প্রকাশ করিলেন, তখন তাঁহার বাক্য শ্রবণ করিয়া জানশ্রতির বড় শোক (বেদ) হইল। যথন ডিনি সেই শোকে আকুল হইয়া রৈকের নিকট উপস্থিত হইলেন, তথন বৈক ধ্যানবলে বুঝিতে পারিলেন যে, জানশ্রতি নিতান্ত শোকাবিষ্ট হইয়া জাঁহার নিকট আসিয়াছেন। তাই তিনি তাহাকে সম্বোধন করিলেন, "অরে শুদ্র—অর্থাৎ হে শোকাভিভৃত জানশ্রতি''—ইত্যাদি। স্পষ্টভাবেই যথন জাতিশুদ্রের বেদে অবিকার নিষিদ্ধ হইয়াছে, তথন রৈকোক্ত শুদ্র শব্দের এইরূপ যৌগিক (etemological) অর্থ ছাড়া প্রানিদ্ধ জাতিশুদ্র অর্থ গ্রহণ করা সঙ্গত হয় না। শুদ্র শন্দের ব্যুৎপত্তি এই—শৃচ্-জ্ঞ + অ, শৃচা (শোকের জ্ঞা) ছুফুবে (গমন করিয়াছিল), অর্থাৎ শোকে আকুল হইয়া গমন করে বে, সে শুদ্র। এই অথই এম্বলে স্মীচীন।

জানশতি যে জাতি-শুদ্র নয়, তাহার অন্ত কারণ এই যে,

ক্ষত্রিয়ত্বগতেঃ চ, উত্তরত্র চৈত্ররথেন লিঙ্গাৎ ॥৩৫॥

পরবর্ত্তী বাক্যে [উত্তরত্ত্ব] চিত্ররথ বংশীয় এক ক্ষত্তিয়ের সহিত [চৈত্ররথেন] এক সঙ্গে উক্ত হওয়া রূপ লিখ, চিহ্ন, ইচ্চিত থাকাম [লিকাৎ] জানশ্রতির ক্ষত্রিয়ত্ব অবগত হওয়া যায় িক্ষত্রিয়ত্বগড়ে: ।।

পরবর্ত্তী বাক্যে ক্ষত্রিয় চৈত্রর্থির সহিত জ্ঞানশ্রুতির এক সঙ্গে ভোৰন ও ভিক্ষার উল্লেখ আছে। উভয়ে এক জাতীয় না হইলে এক সঙ্গে

ভোজন হইতে পারে না। ইহা হইতে বুঝা বার, জানশ্রতি ক্ষত্রিয়। স্তরাং শৃত্রের বিদ্যায় অধিকার নাই।

আর, যে যে স্থলে বিদ্যার উপদেশ আছে, সেই সেই স্থলেই

সংস্কার-পরামশিৎ তৎ-অভাব-অভিলাপাৎ চ ॥৩৬॥ তুর্বিদ্যান প্রভৃতি সংস্কারের উল্লেখ আছে এইজন্ম [সংস্কারপরা-মর্শাং] এবং [চ] শৃদ্রের সেই সমন্ত সংস্কার নাই, ইহাও উক্ত হইয়াছে, এইজন্ম [তদভাবাভিলাপাং] শৃদ্রের বিদ্যায় অধিকার নাই।

উপনয়ন ব্যতীত যথন বিদ্যায় অধিকার জ্বে না, এবং শৃদ্রের উপনয়ন যথন শাস্ত্রে নিষিদ্ধ হইয়াছে, তথন তাহার বিদ্যাধিকার নাই— ইতাই শাস্ত্রীয় দিদ্ধাস্ত।

তদভাবে-নির্দ্ধারণে চ প্রব্রুতঃ॥ ৩৭॥

আর [চ] শ্রুত্বের অভাব, অর্থাৎ শ্রু নয় একথা [তদভাব-]
নির্দ্ধারিত, নিশ্চিত হইলে পরেই [নির্দ্ধারণে] বিদ্যাদানের
প্রবৃত্তি দেখিতে পাই বলিয়া [প্রবৃত্তে:] বলিতে হয়, শৃত্রের বিদ্যায়
অধিকার নাই।

জবালার পুত্র সত্যকাম মাতাকত্ত্ ওঞ্জ সমীপে গমনের জন্ম আদিই হইয়া যথন মাতার নিকট নিজের গোত্র কি জানিতে চাহিল, তথন জবালা বলিলেন, "বংস! আমি গুরুজনের সেবায় এত ব্যস্ত ছিলাম যে তোমার গোত্র কি তাহা জানিবারও আমার অবসর হয় নাই। তুমি যাও, যাইয়া বল যে, তোমার নাম সত্যকাম, এবং তুমি জবালার পুত্র।" সত্যকাম গৌতম ঋবির নিকট উপস্থিত হইয়া শিশুত প্রার্থনা করিল। গৌতম ভাহার গোত্র জিজ্ঞাসা করিলেন।

বানক সরলভাবে বলিল, "আমি আমার গোত জানি না, মাও জানেন না: তিনি বলিলেন, তুমি বলিও, আমি জাবাল (জ্বালার পুত্র) এবং আমার নাম সত্যকাম।" এই কথা শুনিয়া ঋষি ভাবিলেন, নিশ্চয়ই এই বালক শৃদ্র নয়, কারণ শৃদ্র কখনও এরপ নিভীক সরলতার স্হিত এরপ সভা বলিতে পারে না। সভাকাম যে শুদ্র নয়, এ কথা নি"চয় করিয়াই গৌতম তাহাকে শিগুরুপে গ্রহণ করিলেন, ইহা স্থতৈ বুঝা যায় যে, শুদ্রের বিদ্যায় অধিকার নাই।

শ্রবণ-অধ্যয়ন-অর্থ-প্রতিষেধাৎ স্মৃতেঃ চ অস্তা।। ৩৮।।

শৃতিশাস্ত্র হইতেও [শৃতেশ্চ] জানা যায় যে শৃদ্রের আশ্রু বেদশ্রবণ, বেদ অধায়ন, এবং তাহার অর্থবোধ ও অনুষ্ঠান নিষিদ্ধ, স্থতরাং [শ্রবণাধ্যয়নার্থপ্রতিষেধাৎ] শুদ্রের বিদ্যায় অধিকার নাই।

শিয়া। কিন্তু বিহুর, ধর্মব্যাধ প্রভৃতি শূদ্র হইলেও ত তাঁংারা জ্ঞানলাভ করিয়াছিলেন। একথা ত শাস্ত্রেই আছে।

श्वकः। द्या, जाहा चाष्ट्र मजा। काँहारमत त्य ब्लानमां इहेग्राष्ट्रिन. দে-বিষয়েও কোন সন্দেহ নাই। তবে শ্রুতি মৃতি হইতে বখন স্পষ্টই বুঝা যাইতেছে যে, শৃদ্রের বিদ্যায় অধিকার নাই, তথন অনুমান করিতে হইবে যে, বিহুর প্রভৃতি এই জন্ম কোন বিশেষ কর্মফলে শূক্রপে ভন্মগ্রহণ করিলেও পূর্বজন্মে নিশ্চয়ই তাঁহারা ছিজ ছিলেন। সেই জন্মের সংস্থারের ফল তাঁহার। এই জন্মে লাভ করিয়াছেন। আর, শ্রুতি শৃতের বেদে অধিকার নাই-এই কথাই বলেন। অবত্তব ইহাও নিশ্চয় যে, তাঁহার। বেদাধায়ন করিয়া ত্রন্ধজ্ঞান লাভ করিবার অধিকার হইতে বঞ্চিত হইলেও পুরাণাদি শাস্ত্র অবলম্বনে জ্ঞান লাভ করিবার সম্পূর্ণ অধিকারী। সে অধিকার হুইতে

ভাহাদিগ্ৰে ৰঞ্জিত করিবার কোন হেতু নাই। একথা শাল্পেও আছে। অতএব সিদাত এই যে, শুদ্র বেদ অবলম্বনে ব্রদ্ধকারী নহ, কিন্তু পুরাণাদির সংখাযো একজানের সম্পূর্ণ অধিকারী।

একণে প্রকৃত বিষয় অন্স্সরণ করা মন্টেক।

শিকা। কঠোপনিষদে (১.৬.২) আছে, "এই ঘাহা কিছু ভাগতিক পদাৰ্থ, সমন্তই প্ৰাণে এজিত (কম্পিত, স্পন্ধিত, চলন্দীল) হইতেছে i' এমলে যে 'এম' ধাত্র প্রযোগ করা হইমাছে, ভাহার अर्थ कम्बन, इतन, गुडि, (58) (movement): इंश इड्राइ वृद्ध ঘাম (ম, সমন্ত জগৎ এক প্রাণশক্তির প্রভাবে কম্পিড ইইডেচে, চলিতেছে, ইহাই শুভির তাংপণা। এই প্রাণ কি বায়র বিকার-ेवर्द्धम् सः ख्या किञ्च ४

ওক: না, এফলে প্রাণ বায়র বিকার নয়, পরস্ক পরমত্রক।

কম্পনাৎ ॥ ৩৯॥

কম্পনশব্যের ভাংগ্যা হইতেই এ অর্থ নিশ্চিত হয়। পূর্বা ও পর বাকো ব্ৰদ্ধের বিষয়ই আলোচিত হইয়াছে। মাঝধানে সহসা বাহুর আলোচনা হইতেছে, এরপ কল্পনা সভত নয়। পরমাত্মাকে প্রাণশব্দের ধার। বর্তমূলে নিষ্টি করা ইইয়াছে। 'এজন'বা কম্পন শব্দের অর্থ শীবের চেষ্টা, গতি। সেই গতির এক মাত্র প্রবর্ত্তক বস্তুত: প্রমাস্থা। त्कवन वायु भौराठहोत कात्र नारह: अधि वालन. "भीव शार्मत ধারা জীবিত পাকে না, অপানের দারা জীবিত থাকে না. ঐ প্রাব. অপান প্রভৃতি বায়বিকার বাহার আপ্রিত, বাহার অধীন, ভাঁহারই দার: জীবিত পাকে। তিনিই জীবের ও জীবনের কারণ।" (क: २.८.८)। ञ्रुखद्राः एय প्रारात প্रভाবে সমস্ত হৃগৎ চেইমান, ক্রিয়ানীন, সেই প্রাণ পরমাত্মাই।

শিশ্য। ছালোগ্য উপনিষদে ছা: ৮.২২.০) কথিত আছে, "এই যে সম্প্রসাদ (নিজিত পুরুষ), ইনি শরীর হইতে সমুখিত হইমা প্রম ক্রোভিপ্ত প্রাপ্ত হন এবং আপন বরূপে অবস্থান করেন।" এই ছোডি: কে গ

ওক। জ্বোতিঃ দর্শনাৎ ॥ ৪০ ॥

উক্ত জ্যোতিঃ প্রমান্তা; যেহেতু, ঐ শ্রতিতে প্রমান্তার প্রসঙ্গই (मथा याय [मर्भना२]। शुक्ताशत वाकारलाहना कतिरल (मथा याय Cu, পরমাত্মাকে উদ্দেশ করিয়াই ঐ জ্যোতি: শব্দের প্রয়োগ করা হইয়াছে। (ব্ৰ: ম্ব: ১.৩.১৮-২• এবং ১.১.২৪ দ্ৰপ্তব্য)।

ৰিয়। ছালোগ্যে (৮.১৪.১) কথিত আছে, "আকাশ নাম ও রূপের নির্বাহক" ইত্যাদি। এ স্থলে আকাশ শব্দের ব্রহ্ম বর্থ নিশ্চায়ক স্পষ্ট কোন কথা নাই (বা: ফ: ১.১২২ এইবা)। স্থতরাং আকাশে (space) অবস্থিত হইয়াই যথন সমন্ত পদাৰ্থ নাম ও রূপ (আফুডি, form) প্রাপ্ত হয়, তথন এই বাফ আকাশই ঐ ৺তির প্রতিপাদ্য বলিয়া মনে হয়।

ওক। না.

আকাশঃ, অর্থান্তরত্বাদি-ব্যপদেশাৎ ॥ ৪১ ॥ ঐ আকাশ শব্দে [আকাশ:] ব্রদ্ধকেই বুঝিতে হইবে; কারণ, ঐ अिंडिएडरे ज्ञाकानरक नामकरभव निकारक रहेरा प्रभाव भनार्थ রূপে নিন্দিষ্ট করা হইয়াছে, এবং ঐ নির্কাহককে 'ব্রহ্ম', 'আত্মা', 'অমৃত' ইত্যাদি শব্দে অভিহিত করা হইয়াছে [অর্থাস্তর্বাদি-ব্যপদেশাৎ]।

শিশু। বৃহদারণ্যকে (৪.৪.২২) আছে, রাজর্ষি জনক প্রশ্ন করিতেছেন, "দেহ, ইন্দ্রিয় ইত্যাদিকে যে 'আমি' বা 'আআ' বিলিয়া মনে হয়, তাহার মধ্যে সত্যিকারের 'আমি' বা 'আআ' কোন্টা?" যাজবর উত্তর করিতেছেন, "ইন্দ্রিয়াদির মধ্যে এই যে বিজ্ঞানময় পুরুষ—" ইত্যাদি ক্রমে আঅবিষয়ক বহু কথা ঐ শ্রুতিতে আছে। এই সমগু প্রশাত্তর কি জীবাআ সম্বন্ধে, না পরমাআ সম্বন্ধে? প্রশাপর আলোচনা দারা ত জীবাআ সম্বন্ধেই যেন ঐ সব প্রশাত্তর করা হইয়াছে বলিয়া মনে হয়।

গুরু। না, ও স্থলে জীবাত্মা প্রতিপাদিত হয় নাই। জাগ্রৎ, স্বপু, স্বৃপ্তি, মৃত্যু প্রভৃতি বিভিন্ন অবস্থাতে জীবাত্মার বর্ণনা করিয়া দে থে পরমাত্মা হইতে অভিন—এই কথা প্রতিপাদন করাই ঐ শ্রুতির তাৎপণ্য, অর্থাৎ পরমাত্মাকে প্রতিপাদন করাই শ্রুতির উদ্দেশ্য; কারণ

হ্রবৃত্তি-উৎক্রান্ড্যোঃ ভেদেন॥ ৮২॥

সৃষ্থি ও উৎক্রান্তি অর্থাৎ দেহত্যাগ—এই দুই অবস্থাতে [সুষ্পু যুৎ ক্রান্তে । ক্রম্পু যুৎ ক্রান্তে । ক্রম্পু যুৎ করিয়া [ভেদেন] নিক্ষেশ করা হইয়াছে। সুষ্প্তিবর্ণন প্রসঙ্গে শুতি বলিতে-ছেন, "এই পুরুষ (অর্থাৎ স্থপ্ত জীব । প্রাক্তর আত্মার সহিত একাছত হইয়া কি হাল, কি আভ্যন্তর, কোন কিছুই জানে

কারণ সে-ই জ্ঞাতা, এবং যে বাহাভান্তর জানে, তাহারই সেই জ্ঞানের নিষেধ করা সম্ভব । (মাথা নাই-মাথা ব্যথা-অসম্ভব)। আর, প্রাক্ত পরমেশ্বর; কারণ, তিনিই সর্বজ্ঞ। আবার, এইরূপ উংক্রান্তিতেও জীব প্রমাত্মার সহিত অমুগত হইয়া দেহত্যাগ করে, এইরূপ উক্তি আছে। এই তুই অবস্থাতেই জীব যে প্রমাত্মা इटें जिन्न अपक करण निर्मिष्ठ इटेगाए, एम विषय मरमह नाहे। স্থতরাং পর্মাত্মাই ওছলে মুখ্য প্রতিপাদ্য। তবে জীব সংক্ষে এই যে বিস্তৃত বর্ণনা, তাহা জীবের জীবত্ব এতিপাদন উদ্দেশ্যে নহে, পরস্ক বিভিন্ন অবস্থাতেও যে জীব সরূপতঃ প্রমাত্মাই, ইহা প্রতিপাদন করাই শ্রুতির উদ্দেশ্য। এসথদ্ধে প্রের্বই আলোচনা করিয়াছি। মোট কথা, জীবকে যদি জীব বলিয়াই ননে কর, তবে দেনিশ্চয়ই প্রমাত্মা হইতে ভিন্ন, আর জীবের স্ত্যিকারের স্বরূপ যদি জানিতে চাও, তবে তাহা প্রমাত্মারই প্রপ্—এই তথাই ঐ শ্রতিতে বুঝান হইয়াছে।

পতি-আদি-শব্দেভ্যঃ ॥ ৪৩ ॥

আর, ঐ জাতিতে, 'পতি,' 'অধিপতি,' 'ঈশান' প্রভৃতি শক্ষ আত্মার বিশেষণরপে ব্যবহৃত হইয়াছে। সেই সমত শব্দ ইইতেও [পত্যাদি-শব্দেভ্যঃ] বুঝা যায় যে, পরমাআই ঐ শ্রুতির প্রতি-পাদ্য। এ দুমন্ত বিশেষণ প্রমাত্মাতেই সম্বত হয়।

প্রথম অধ্যায়

চতুর্থ পাদ

শিয়। শাপনি পুর্পে (বাং হং ১.১.৫) বলিয়াছেন বে, সাংস্থোক্ত প্রধান কোন শুভিতে উলিপিড হয় নাই, অভএব সেই প্রধানকে কগ্ডেব কারণ বলিয়। খীকার করা যায় না। কিছ—

জানুমানিকম্ অপি একেধাম্ ইতি চেৎ ?---

্কান কোন জাতিতে [একেযাম্] **অসুমান-প্রমাণ-প্রযোগে-**নিক্ষিত প্রধানত [আসুমানিক্মপি] উল্লিখিত ইইয়াছে, এ ক্<mark>থা</mark> যদি [জাতিচেম] বলি ধ

প্রধান থাবদ গুলাভা অন্থানের বলেই নিন্ধারিত ইইয়াছে, ব্যাদি দেই প্রবান-বেশংক কোন কথাই কোন শুভিতে নাই, এমন ও নথা কংলাপনিধানে বলা ইইয়াছে, "মহতের পর (উৎকৃষ্টভর) ক্রান্ত্রক, অবাক্রের পর পর-পুক্ষ" (কঃ ১.৩.১১)। এই শুভিতে সাংখ্যাদর্শনে প্রভিপাদিত মহৎ, অবাক্র (যাহার অপর নাম প্রধান) ও পুরুষ, এই ভিনটি পদার্থ সাংখ্যাক্র ক্রম (order) অনুসারেই উক্র ইইয়াছে। স্বভ্রাং সাংখ্যার প্রধান হে একেবারেই শ্রুভিত বহিভৃতি, ভাহা বলেন কির্পে ?

93:

না [ন] কঠঞ্চিতে উক্ত অব্যক্ত শক্তে সাংখ্যের ক্ষিত প্রধানকেই বুঝিতে গ্রহণ, এমন বোন কারণ নাই। অব্যক্ত অর্থ যায়। 'বাজ' যা 'প্রকট' নয়, 'অতি স্ক্ষ ছুলে হৈ কোন পদার্থ। এই একটি মাত্র শব্দ দেখিয়াই যে তাহাকে সাংখ্যের প্রধান বলিয়া স্বীকার করিতে হইবে, এমন কি হেতু আছে ? সাংখ্যবাদীরা অব্যক্ত বা প্রধানকে 'স্বাধীন', 'ত্রিগুণ', 'অচেডন', জগতের কারণ বলিয়া নির্দেশ করেন। কিছ ¥তিতে 'অব্যক্ত' এই একটি শব্দ আছে বলিয়া ভাহাকে স্বাধীন, **ত্তি**গুণ, ষচেতন ও কারণরূপে মানিয়। লইতে হইবে, এমন কোন যুক্তিই নাই। এক রক্ষের ক্রম (order) এই শ্রুতিতে আছে সভা, কিন্তু কেবল ক্রম দেখিয়া অব্যক্তের ওরূপ বিশেষ বিশেষ গুণ স্বীকার করাও তঃসাহসমাত্র। গোশালায় অখ দেখিয়া সেই অখকে গরু বলিয়া মনে করা নির্বাদ্ধিতা বই আর কি হইতে পারে ?

ঐ শতির প্রদাপর পর্যালোচনা করিলে 'অব্যক্ত' শব্দে প্রধান व्याय ना :--

শরীররূপক-বিন্যস্ত-গৃহীতেঃ —

থেছেতু, এম্বলে যে একটি রূপক (allegory) কল্পনা করা হইয়াছে, দেই রপকের মধ্যে বিক্তন্ত (উক্ত) যে শরীর, তাহাই অবাক্ত শব্দের অর্থ বলিয়া গ্রহণ করা উচিত।

দশ্যতি চ ॥১॥

আর, শুতিও রূপকটি বিশ্লেষ করিয়া, স্পষ্টভাবেই দেখাইয়াছেন; হুডরাং অব্যক্ত অর্থ যে 'শরীর,' সে বিষয়ে সন্দেহ করিবারও কিছু নাই।

কঠশুতির রূপক্টি এই:—

"আত্থাকে রুণী, শরীরকে রুণ, বৃদ্ধিকে সার্থি, মনকে প্রগ্রহ (লাগাম), ই ক্রিয়গণকে অখ, এবং শক্, স্পর্শ প্রভৃতি বিষয়সমূহকে ভ্রমণের পথ বলিয়া জানিবে" (কঃ ১.৩.৩-৪)। ইনিয়াদি স্থপরিচালিত হইলে জীব ঐ ভাবে গমন করিয়া বিষ্ণুর পর্ম পদে পৌছিতে পারে। সেই প্রম প্র কি, ভত্তরে শ্রুতি ধলিতেছেন,—

"ই জিয়ের পরে অর্থ (বিষয়), অর্থের পরে মন, মনের পরে রুদ্ধি, বৃদ্ধির পরে মহান্ আআ। (অর্থাৎ মূল বৃদ্ধি বা হিরণাগর্ভের সমষ্টি বৃদ্ধি— যাহা হইতে অন্ত বৃদ্ধির উদ্ভব), সেই মহতের পরে অব্যক্ত (অনাদি কর্মবীজ বা কর্মবংস্কার), অব্যক্তের পরে পরম পুরুষ (চিংসত্তা); তাঁহা অপেকা শ্রেষ্ঠ আর কিছুই নাই, তিনিই পথের শেষ সীমা, তাহাই পরম পদ" (কঃ ১.৩.১০-১১)।

প্র্লোজ রূপনে যে সমত ইন্দ্রিয়াদির বিষয় উলিখিত ইইয়াছে, এফা এ রূপকের বিয়েয়ণে সেই নমত বিষয়ই ফণিত ইইয়াছে, ইহা অবশ্য স্বীকার করিতে ইইবে; না ইইলে শতির প্র্রোপর সামঞ্জন্ম থাকে না। রূপকে উলিখিত ইন্দ্রিয়, মন, বৃদ্ধি ইত্যাদি সমন্তই পরবর্ত্তী বাকের ওকই অর্থে ব্যবহৃত ইইয়াছে। পরবর্তী বাকের তাৎপয়্ম এই মেঃ—বিষয় না থাকিলে ইন্দ্রিয়গণের কোন কায়াই হয় না, স্বতরাং ইন্দ্রিয় অপেক্ষ বিয়য় এয়েয় মানের নাহায়্য ম্যুতীত ভাষার বিষয়ের জ্ঞান হইতে পারে না, স্বতরাং বিয়য় অপেক্ষা মনকে প্রেয়্ন বলা য়য়। মন আবার বৃদ্ধির সাহায়েয়ই বিয়য়গুলিকে ভোকার নিক্ষ উপস্থাপিত করে, অত্তর বৃদ্ধি মন ইইতে প্রেষ্ঠ। ইরয়গানর্ভের বৃদ্ধি মন হইতে প্রেষ্ঠ। ইরয়গানর্ভের বৃদ্ধি মহান্ আত্মা বলিয়া কথিত: সেই বৃদ্ধিই আমাদেয় বৃদ্ধির প্রতিষ্ঠা বা মূল, স্বতরাং সাধারণ জীবের বৃদ্ধি ইইতে সেই মহান্ আত্মা একই; বস্ততঃ জীবাত্মা ও পরমাত্মার কোন ভেদ নাই, এরপ ই স্কিও এত্বল পাওয়া যাইতেছে। স্বত্রব দেখা মাইতেছে

বে, প্রশ্নোকে উল্লিখিত সমস্তই পরবন্তী শ্লোকে আছে,কেবল শাহ্রীব্র নাই, তৎপরিবর্ত্তে আব্যক্ত শব্দ আছে। ইহাতে স্পষ্টই বুঝা যায় যে, 'অব্যক্ত' শব্দে শরীয়কেই লক্ষ্য করা হইয়াছে।

শিষ্য। কিন্তু 'অব্যক্ত' শক্তের অর্থ তি যাহা ব্যক্ত নয়, অতি কুলা; পকান্তরে শরীর তি অতি কুল, বিশেষ্ ভাবেই ব্যক্ত; দেই শরীরকে অব্যক্ত বা কুলা কিরপে বলা যায় ?

গুরু। শরীরকেও

সূক্ষাং তু তদর্হাৎ॥২॥

স্ক্র, অব্যক্ত [স্ক্রম্] বলা যায়, থেহেতৃ শরীরেও 'অব্যক্ত' শবের প্রয়োগ হইতে পারে তিদর্ঘাং ।

যদিও এই সুল শরীরকে অব্যক্ত বলা যায় না, তথাপি এই শরীর বে সমস্ত উপাদানে গঠিত, দেই সমস্ত ভূত-সৃদ্ধ অবশ্য অব্যক্ত শন্দের যোগা। উপাদানবাধক শব্দ শ্রুতিতে অনেক স্থলে দেই উপাদানে গঠিত পদার্থ ব্যাইতে প্রযুক্ত হইতে দেখা যায়। স্থতরাং কাব্র প্রার্থ আলোচ্য শ্রুতিতে 'অব্যক্ত' শব্দের প্রয়োগ করা হইয়াছে—এরপ সিদ্ধান্ত গ্রহণ করিতে কোন বাধা হইতে পারে না, বরং তাহা হইলেই শ্রুতির প্র্রোপর সামঞ্জন্ম রক্ষা হয়।

আর, এই যে অব্যক্ত, ইহা স্টির পূর্ব অবস্থা। সেই অবস্থাকে শ্রুতি অব্যাকৃত বা অব্যক্ত বলেন। অর্থাৎ এই স্থূল নাম-রূপাত্মক জগৎ স্টির পূর্বে কেবল বীজ বা শক্তিরূপে বর্তুমান থাকে বলিয়া ভাহাকে 'অব্যক্ত' বলা হয়।

কঠশতির প্রথম মন্ত্রে রথরপক কল্পনা করিয়। জীবের অবহা বর্ণনা করা হইয়াছে। পরবর্তী মল্লে দেই জীবের যথার্থ স্বরূপ কি, তাংগই বিশ্লেষণ করিয়া দেখান ইইয়াছে। ইক্রিয় ইইতে আরম্ভ করিয়া তথা অন্থসন্ধান করিলে দেখা যায়, জীবের সাধারণ বৃদ্ধির মৃশে হিরণা-গাতের সমন্তি বৃদ্ধি, তাংগাও আবার বীঞ্জাক্তি বা অব্যক্ত ইইতে উত্ত, অব্যক্ত আবার প্রমান্তার মধীন। স্বতরাং রথমপুষ্ণ কল্পনা দেখিয়া এই গ্রাক্তিকে আমরা শ্রীরেরই নীজাবন্ধা নভৌত অন্ত কিছু বিশিষ্টা কাবে করিতে পারিলাল

িখন। কিন্তু জগানের বীজাবজাকে যদি **অব্যক্ত বলেন, তবে ত** অবিচান্ত্রন অধ্যাবদেই ক্রিকার ক্রা হইল, **কারণ, প্রধানবাদীরাও** স্বাচনে প্রান্তরকৈ**ল** গুলুনে বলেন।

াল । না, জালের হেমন ঐ রাজশান্তিকে প্রভাগ, প্রারীন একটা কে কি বারনা করেন, আমরা ভাগে কলিনা। আমরা বলি, সেই কি বারা বার্নি প্রথমেশ্বরের একান্ত অধান। আর, তক্ষণ একটা কালেক কলিলার সালিকরের প্রিকার কলা হয়। প্রস্তুর সাধীন একপ একটা সাত্র, করেন কলিলার কোনই সংগ্রহণ নাই। (প্রে এ বিষয়ে বিশেষ আলেক্তন করে হালিন।

তদ্বীনদাৎ অহবৎ ॥৩॥

প্রান্ধরের অধীন বলিয়াল (তদ্ধীন লং] এই বীজশক্তি বা অব্যক্ত সাবক ব্যবহ)। প্রদেশবের নধীনরূপে এই অব্যক্তকে স্বীকার ক্রিলেই ওাহাব একটা সাবকতা হয়। স্বয়ং প্রমেশর শক্তিরহিত হইয়া স্বাধী ক্রিভে পারেন না, এই শক্তিকে আশ্রেষ করিয়াই তিনি স্থানিকার প্রমেশ্বরকে শুটা বলিগে তাহার স্বাধীনে একপ একটা শক্তি অবশ্রই স্বীকার করিতে হয়। পরমেশ্বরের স্প্টিকার্য্যে সহায়তা করাই ইহার সার্থকতা। প্রমেশ্বর এই শক্তিকে অবলম্বন করিয়াই স্টিকার্য্য সম্পন্ন করেন, নতবা তাঁহার স্টি করাই সম্ভব হয় না।

শিবা। আছো, পরমেশরের অধীন এই শক্তির প্রভাবেই ব্ধন পৃষ্টি হয়, তথন যতকাল সেই শক্তি বৰ্ত্তমান থাকে, ততকাল সৃষ্টিও থাকে, ফলে সেই শক্তি নিংশেষ হইবার পূর্বে কাহারও মোকলাভের সম্ভাবনা নাই, এবং মুক্ত ব্যক্তিরও প্রমেশ্বের সেই শক্তির প্রভাবে পুনরায় জন্ম হইতে পারে। পক্ষান্তরে সেই শক্তির যদি নাশ হয়, তবে এককালে সমস্ত সৃষ্টিও নাশ পায়। কিন্তু ইহাত একান্ত অখ্রদেয়। কাজেই এরণ শক্তি স্বীকার করিলে স্টিরহস্ত যে জটিল হইয়া দাভায়।

अकः। वरम. अन, अधानवामीता त्यमन वत्नन त्य, अधान वा ঐ বীজশক্তি একটিমাত্র পদার্থ, আমরা তাহা বলি না। ঐ বীজশক্তি প্রত্যেক জীবের স্বতম্ব, পৃথক পৃথক। এই বীজশক্তি বান্তবিক অবিদ্যা ছাড়া আর কিছুই নয়। প্রত্যেকের স্ব স্ব অনাদি অবিদ্যা এমুসারে পরমেশ্বর তাহাকে দৃষ্টি করেন। বিদ্যা বা জ্ঞান হইলে ভাগার স্বকীয় অবিদ্যা নষ্ট হইয়া যায়, স্বতরাং তাহার জন্মগ্রহণ করিবার কারণের অভাব হওয়ায় সে চিরতরে মৃক্ত হইয়াই যায়। খণরের আপন আপন অবিদ্যা পূর্ববং বর্তমান থাকায় সংসারও हिनिएक थाएक। याहात यथन ब्लान इस, त्में उथन मुक्त हम। মৃতরাং এই বীজশক্তি বা অবিদ্যা অনাদিকাল হইতেই প্রতি জীবে ভিন্ন ভিন্ন বলিয়া মৃক্ত পুরুষের পুনর্জন্ম বা এককালে সমন্ত লয়—এরূপ কোন দোষ হয় না। মনে রাখিও, এই অবিদ্যা প্রথমে কোথা হইতে আসিল, তাহা অফুসন্ধান করিলে ভাহার কোন আদিই পাওয়া যাম না, জগচ ভাষার প্রভাবেই যে সাষ্ট হয়, একথাও সভা। ্র বিষয়টা পরে পট ব্বিতে পারিবে ।।

শিল। আছে, স্বিল্যা বা স্মাদি বীক্সাজির প্রভাবেই যথন শৃষ্টি হয়, তথন আবাল শৃতিক্তা প্রমেশন বলিধা কাতাকেও কল্লনা করিবার প্রয়েজন কি গ

গুরু। অবিদ্যার প্রভাবে সৃষ্টি হইলেও দে বয়ং স্বাধীনভাবে কিছুই ক্রিতে প্রয়েনা, কারণ দে খচেতন। কোন কিছু করিতে ইইলে আচেতনের সাহাধ্য প্রয়োজন হুট্লেও সে বয়ং চেতননিরপেক হইয়া কার্য্য করিতে পারে না। অজ্ঞানের প্রভাবেই একগাছি मिष्टिक नाथ विविधा मत्न इस में में कि कि मिष्ट ना थाकितन एस অজ্ঞানে দর্পভ্রম হইতে পারে না। দড়িকে আশ্রয় করিয়াই দর্পভ্রম হয়। দেইরূপ প্রমেশরকে আশ্রেয় করিয়াই অবিদ্যা এই জ্ঞগংভ্রম বা ৪৪ সম্পন্ন করে। বস্তুবিশেষকৈ আশ্রয় না করিয়া অজ্ঞান আত্মপ্রকাশ করিতেই পারে না. স্বতরাং অজ্ঞান সেই বস্তুর একান্ত অধীন, একান্ত আশ্রিত: উহার সভন্ন সতা স্বীকার করাও যায় না. করিয়াও কোন ফল নাই। অবিদ্যা প্রমেখরের একান্ত অধীন হইরাই জগংল্রম উংপাদন করে, ইরাই উহার একমাত্র কাজ। পরমেখরের অধীন হইয়া জগংক্ষিতে সাহায়্য করা ছাড়া অবিদ্যার অভিনের আর কোন প্রয়োজনই নাই , এবং পরমেখরের অধীন হইলেই স্মষ্টিতে সাহায্য করা ভাষ্টার পক্ষে সম্ভব। স্বভন্ত, সাধীন একটা অবিন্যা বা ধীজনজি ধীকার করিবার কোনই প্রয়োজন নাই।

্রিপ্রসম্বাহ্য মনে রাখিতে পার, অজ্ঞান রজ্জা একাস্ক অধীন ইইলেও, ভাহারই আখ্রিত হইলেও, ভাহার ধর্ম বা সভাব নয় । অজ্ঞান রজ্জ্ আশ্রয় করিয়া লম উৎপাসন করিলেও রজ্জ বরপের কোন

ব্যতিক্রম করিতে পারে না। রজ্বর যাহা রজ্ব্র, তাহা ভ্রমের পূর্বের, পরে এবং ভ্রমাবস্থায়ও একইরপ থাকে। সেইরূপ প্রমেশ্বর অবিদ্যার আশ্রয় হইলেও তাহা প্রমেখ্রের ম্বরূপের কোন বিচ্যুতি করিতে পারে না ।

আমাদের আলোচ্য শ্রুতিতে এই যে 'অব্যক্ত' শ্রুটী আছে. ইহাকে কোন শ্রতিতে 'আকাশ', কোন শ্রতিতে 'অক্ষর', কোপাও 'মায়া' ইত্যাদি নামে অভিহিত করা হইয়াছে।

অতএব স্থির হইল, বীজশক্তি বা কারণশরীরকে লক্ষা করিয়াই আলোচ্য শ্রুতিতে 'মহতের পরে অব্যক্ত'—এই উক্তি করা ইইয়াছে।

আবার, সাংখ্যবাদীরা বলেন, প্রকৃতি বা প্রধান যে পুরুষ হইতে একেবারে পথক, স্বতন্ত্র—ইহা জানিলেই মুক্তি হয়, অর্থাং প্রকৃতি ও পুরুষের ভেদজান হইলেই মৃক্তি হয়। কিন্তু প্রকৃতির জ্ঞান না হইলে তাহা হইতে পুরুষের পার্থক্যের জ্ঞান হইতে পারে না; কাজেই সাংখ্য মতে প্রকৃতিও জ্ঞেষ, তাহাকেও জানিতে হয়। কিন্তু আমাদের আলোচ্য শ্রুতিতে যে 'অব্যক্ত' শব্দ আছে, তাহার

জ্যেত্ব-অবচনাৎচ ॥৪॥

জেয়ত্বলাহয় নাই, এই জন্মও [জেয়ত্বাবচনাংচ] এই অব্যক্তকে আমরা সাংখ্যের প্রধান বলিতে পারি না।

আলোচা শ্রুতির অব্যক্তকে জানিতে হইবে, এমন কথা ঐ শ্রুতিতে নাই, অথচ সাংখ্যের প্রধান জ্বেয়: স্বতরাং এই অব্যক্তকে সাংখ্যের প্রধান বলা যায় না।

শিয়। কিন্তু আপনি যে বলিলেন, অব্যক্তকে জানিবার উপদেশ ঐ প্রতিকে করা হয় নাই, তাহা ত নয়।

বদতি ইতি চেৎ 🕈

টা শভিতেই অবাক্তকে জানিতে গুইৰে, একলা বৰা ইইয়াচে বিদ্যাতি , একথা যাট বলি টিভি চেং : १—

ैराट: अक-म्पर्न-तप-वन-न**ण-**दिशीन, अका, अनामि, अन्य, নিতা, সহতের পর, গুণ--তাহাকে ধানিয়া মৃত্যুর কবল হইতে ৯০ (৪০) (১৯) ২. ৬. ১৫]-—শ্রুতির এই **অংশে সাংখ্যোরা মহতে**র প্র শ্লেটিলটন প্রধানের যেয়ল কল্মা করেন, সেইকুপ বর্গনাই আছে ত্রর ১৮৪০ জন্মতার উপদেশও আছে। প্রত্রাং এই শ্রাদিখান संक्रम के उपने पर के अक्षमान निवाही त्याप हुए।

🔍 : 💎 न, श्राप्तः हि श्रावतनार ॥ ६ ॥

. म. १९८८ (श्रवास्ट्रास्ट्रान्ट्राट वना **२४ मार्ड्) [म], ८४८**३३ হি প্রমেশ্র এপ্রাঞ্জাত্য বলিয়া নিজারিত ইইয়াছেন। ্যহেত প্রাঞ্জ বা প্রমেশ্রই ঐ শতির আলোচা বিষয়, ঐ শতির প্রতিখাল বস্ত (প্রকরণাথ)।

'পু হয় অপেকা ভ্রেট আর কিছু নাই, সে-ই শেষ দীনা, দে-ই প্রম প্রাপ্তব:"—ইত্যাদি বাকা হইতে বুঝা যায় যে, প্রমা পুরুষকে প্রতিপাদন করাই জ শতির উদ্দেশ্য। তিনি অতি দু**ল্লের, সেইক্স** তাহাকে শ্ৰাদিবিধীন বলা হট্যাছে, এবং তাহাৰে জানিলেই মৃত্যুর হাত এড়ান वाध। महुवा ७५ यवाङ वा श्रधामत्क शामित्वरे मुद्रा हहेएछ 'মব্যাহতি লাভ হয়, একথা সংখোৱাও বলেন না। স্বভারাং এই क्किएए अवारमंत (अध्य मिकिने रच माई।

জাল, এ স্থান্ত অব্যক্ষর্থ দাংপা **করিত** প্রদান দ্য এবং **ভো**ষ্ট महा । नात बढ़ कारण दहें हह -

ত্র্যাণান এব চ এবম উপত্যাসঃ প্রশ্নঃ চ।। ৬।। ভিনটা বিদয়েরই (অগ্নি, কীব ও প্রমাত্রা) [অয়াণাম] এইরূপ ় এবন] প্রস্না :] এবং [চ] প্রত্যন্তর [উপন্যাস:] ঐ শ্রুতিতে আছে।

নচিকেতা মৃত্যুকে তিনটা বস্তু সম্বন্ধে প্রশ্ন করিলেন। মৃত্যুও তিনটাই উত্তর করিলেন। সে তিনটা বিষয় (১) অগ্নি, (২) জীব ও (৩) পরমান্মা। আলোচ্য শ্রুতির সর্ব্বত্রই এই তিনটা বিষয় সম্বন্ধেই প্রশ্নোত্তর দেখিতে পাই। প্রধান সমম্বে কোন প্রশ্নও নাই, উত্তরও নাই। স্বভরাং এম্বলে একটা 'অব্যক্ত' শদ দেখিয়া ভাহাই সাংখ্যাক্ত প্রধান: এরপ বলা নিতান্তই অপ্রাস্থিক।

শিষ্য। নচিকেতা মৃত্যুর পরে আত্মার অন্তির থাকে কি-না, জানিতে চাহিলেন: পরে আবার ধ্রাধর্মের অতীত এক আত্ম সম্বন্ধে তিনি যে ভ্রমিয়াছিলেন, সেই বিষয়ের বিশেষ তথ্য জানিতে চাহিলেন। একণে পূর্বপ্রশ্লের যে আত্মা, দে কি পরবর্ত্তী প্রশ্লের পাত্মা হইতে স্বতম্ব একজন, না উভয় প্রশ্নেই একই আত্মার সহজে প্রান্থ করা হইয়াছে ? যদি একই আ্যার স্থল্পেই প্রান্থ হইয়া থাকে. তবে মোটের উপর প্রশ্ন হয় হুইটা, তিনটা নয়। আর যদি ভিন্ন ভিন্ন আত্মা সথম্বেই হুইটা পূথক প্রশ্ন হয়, তবে বলিতে হয়, নচিকেতা মোটের উপর চারিটী বর প্রার্থনা করিয়াছিলেন। এক বরে পিতার मानित्रक ऋक्छा, विछीय वटक अधिविष्ठा, छ्छीय वटक औवविष्ठा, अवः চতুর্থ বরে, পর্যাত্ম-বিদ্যা। অথচ ষম তাঁহাকে তিনটী মাত্র বর দিতে চাহিয়াছিলেন। স্বভরাং বরদানের প্রতিশ্রতি ব্যতীতও বধন প্রশ্ন করাম দোৰ হইল না, তথন প্রহ্না থাকিলেও প্রধানের বর্ণনা হইতেই বা দোৰ ইইবে কেন গ

গুজ। না, আত্মানধ্যে ছুইনি পুধক প্রশ্ন করা হুইয়াছে, এমন কথা বলিতে পার না: "ধাহা দর্মাদির অতীত, তাহা আনাকে বলুন"---এই বাকো কোন নতন প্রণোর অবতারণা করা হয় নাই। স্বতরাং বর প্রদান ন্যতিবেকে গ্রেখ হইল, এরপ কোন দোব হয় ন।।

শিষ্য। "যাহা ধর্মাধর্মের অতীত, তাহ। বলুন—'এই বাক্যে ত নৃতন প্রশ্নই করা হইয়াছে। কারণ, মৃত্যুর পর জীব পাকে কি-না, এটা জীব সম্বন্ধে প্রশ্ন। জীব ধর্মাধর্ম পাপপুণোর অধীন; স্থতরাং বাহা ধর্মাদির অতীত তাহা অবশা জীব হইতে পারে না। আবার পূর্বে বাকো জিজ্ঞাসা করা হইয়াছে, আত্মা থাকে কি-না, আর পরবাক্যে জিজ্ঞাসা করা হইয়াছে, ধর্মাদির অতীত বস্তু কি। এই তুই প্রশ্ন এক হয় কিরপে ?

छक। ना, এই इंटे वाटका भाषां अक देवियमा थाकिला । ঞিজ্ঞানা একই। জীব ও প্রাক্ত বা পরমান্ত্রা বস্ততঃ একই। তাহার স্থয়েই বিভিন্নভাবে প্রশ্ন কর। হইয়াছে মাত্র। দেখ, ধর্মাদির অভীত বস্তু কি-এ প্রশের উত্তরে যম বলিলেন, "জ্ঞানী জন্মগৃত্যু বজিত" ইত্যানি কিঃ ১.২.২৮ । জীবের সহিত শরীরের **সম্বন্ধ থাকা**য় ভাহার জন্ম মৃত্যু আছে, কিন্তু প্রাজ্ঞের তাহা নাই। শরীরের সহিত প্রদান বান্তবিক নহে, অজ্ঞানকল্পিত মাত্র, মৃতরাং জীবের জন্মসূত্যও হ্থার নহে, কাল্লনিক। বস্ততঃ জীবের শরীর সাই। যাহাকে শরীরী জীব বলিয়া মনে হয়, দে প্রস্কৃতপক্ষে প্রাক্ত। শরীরের প্রতি জীবের যে ্রকটা অজ্ঞানকত অভিমান আছে [আমি শরীরী এইরপভাব] তাহা च्यान शहरतह आक्षय नास हम, हेहाहे अचित्र जीएनया, जवर यम ७ ८हे তথ্যই নচিকেতাকে বুঝাইলেন। স্বতরাং পূর্ব্বে ও পর উভয় বাক্যে ্পুত: একই বিষয়ের গ্রন্থ ও সমাধান করা হইয়াছে, ইহা স্থিত:

ভবে পূর্ববাক্যে দেহাতীত আত্মার অন্তিয় এবং পরবর্তী বাক্যে সে যে সংসারী নয়, ইহাই জিজ্ঞাসিত ও মীমাংসিত হইয়াছে। যতকাল অবিদ্যার নাশ না হয়, ততকালই জীবর ও ততকালই পাপপুণ্যের অধিকার। অবিদ্যা নিবৃত্ত হইলে জীবের সতিকারের স্বরূপই প্রকাশ পায়। আবার অবিদ্যা অবস্থাতেও কিন্তু স্বরূপের কোন বৈলক্ষণ্য ঘটে না, সে যাহা তাহাই থাকে। সর্পত্রমকালে রজ্জ্ রজ্জ্ই থাকে। সেইরূপ অবিদ্যা অবস্থাতেও আত্মার কোন পরিবর্ত্তন হয় না।

শিষ্য। তবে যে সংত্রে বলা হইল, তিনটা প্রশ্ন ও তিনটা উত্তর, অথচ আপনি বলিলেন, চ্ইটা প্রশ্ন—[একটা অগ্নি বিষয়ক ও অপরটি আত্মাবিষয়ক] ?

গুক। অবিদ্যা অবস্থাতে জীব ও প্রাক্ত এক নহে। যদিও স্বরূপত: উভয়েই এক, অভিন্ন, তথাপি অবিদ্যার সম্পর্কে দেখিলে জীব ও প্রাক্ত পৃথক্ বলিয়া বোধ হয়। এই কল্পিত ভাব বা ভেদ মানিয়া লইয়াই স্তুক্তকার তিনটি প্রশ্নের কথা বলিয়াছেন।

ষ্মতএব যথন উদাহত শ্রুতিতে ছাগ্ন, জীব ও প্রাক্ত এই তিনেরই ষ্মালোচনা করা হইয়াছে, প্রধান সম্বন্ধে যখন কোন প্রশ্ন বা প্রতিবচন নাই, তথন ষ্মব্যক্তকে প্রধান বলিতে পারি না।

মহৎ-বৎ চ॥ १॥

আর [চ] 'মহৎ' শব্দের ন্যায় [মহছং] এই 'অব্যক্ত' শব্দ সাংখ্যের কোন তত্তবোধক নয়।

সাংখ্যেরা বে অর্থে 'মহৎ' শব্দ ব্যবহার করেন, শ্রুভিতে উহা সেই অর্থে ব্যবহৃত হয় নাই। শ্রুভিতে বহুস্থলে 'মহৎ' শব্দ উলিখিত হইয়াছে, কিন্তু সর্ব্বত্রই তাহাকে আত্মা, পুরুষ প্রভৃতি বিশেষণে বিশেষিত করা ইইয়াছে। কিন্তু সাংখ্যের মহৎ অর্থ একটি তব বিশেষ।
(principle অথবা category) অর্থাৎ মহাবৃদ্ধি। কিন্তু ট্রিক্ এই
অথে 'মহৎ' শক শ্রুতিটেড ব্যবহৃত হয় নাই। 'মহৎ' শক শ্রুতিটেড
ব্যক্তিকেও বেমন তাহার অর্থ সাংখ্যের মহত্তব নয়, সেইরপ 'অব্যক্ত'
শক্ত সাংখ্যের প্রধানবাধক নয়। স্তরাং আছ্মানিক প্রধানবাদ
শ্রুতিসিদ্ধ নয়।

শিষা। 'অবাক' শদের অর্থ প্রধান না হটলেট যে প্রধানবাদ ¥তির অমুনোদিত নয়, একথা বলা যায় কিরুপে ? কারণ, অ**স্ত** বেগনতে প্রধান প্রতিপাদিত হইমাছে বলিমাই ত মনে হয়। যেমন ভাঙলালন্ত্র। মন্ত্রী এই, ''কোন কোন অন্ধ সংসারী আত্মা। লেটেড, ক্লা ও ভ্রমবর্গবিশিয়া এবং আপুনার অক্তর্মণ বহু স্থান প্রাধ্য বার্থী অঞ্চর 🗄 মূল প্রাকৃতির 🕽 প্রতি আসক্ত হুইয়া ভাহাতেই ম্ভিল থাকে। অপর কোন কোন অভ িমুক্ত আছা। তাহাকে ভোগ করিয়া পরিত্যাগ করে" (শে ৪.৫ ী: এই মন্ত্রে লোহিত, ভঙ্ক अ कृषः वर्ष यात्र। वयाकारम अष्ठः, भव अ स्टामाश्रद्ध निर्देश करा। इहेगारह। स्व जस्म ना, स्वहे खन्छा, श्रुखदार आपि कादन श्रमानहे এই একের লকা। ত্রিওণাতাক মূল কারণ প্রধান ত্রিওপবিশিষ্ট এট বিশ্বসংসারের যাবতীয় পদার্থ সৃষ্টি করিতেছে। অ-জ অর্থাৎ বস্ততঃ অমবাইত আহা। অভ্যানবশত: সেই অভাকে এথাঁৎ মৃদ প্রকৃতিকে আপনার মনে করিয়া তাহাতেই অমুরক্ত হয় এবং সংসার হু:খ ভোপ थरः । भावात प्रमु षाचाः विव्रक्ष इटेशा छात्रास्य छात्र। क्रवा वर्षार क्षक्र कित कवन एडेर्ड व्यानभारक भुक्त करत **ब्रदर शत्रमाम**भ व्यञ्ज्ञ व कर्दाः ११-७ भारत्यात् सर्वात्वद यथाचे वसः इष्टेहार्छ। एटद स्थान শাহিম্লখ নহ, এ কথা স্থেন কিছুপে ৮

শুদ্ধ বংশ ! তুমি ঐ মন্ত্রটী বেরপভাবে ব্যাখ্যা করিলে তাহাতে আপান্ততঃ বেশ মনে হয় যে, ঐ মন্ত্রটী প্রধানকেই ব্রাইতেছে ! কিছ তোমার ব্যাখ্যার মন্ত বড় একটা দোয় তুমি লক্ষ্য করিতে পার নাই। তুমি ঐ মন্ত্রটীর পূর্বের বা পরে কি আছে, তাহার প্রতি আদৌ করা । তুমি ঐ মন্ত্রটীরই স্বাধীনভাবে একটা ব্যাখ্যা খাড়া করিয়াছ । পূর্ব্বাপর না দেখিয়া যে কোন মন্ত্রের যে কোন অভিপ্রেত অর্থ পাড় করান তেমন কটকর নয় । ঐ অভা মন্ত্রই ইচ্ছাত্রসারে বিভিন্ন রক্ষমে ব্যাখ্যা করা ঘাইতে পারে, যদি ঐ মন্ত্রের সহিত পূর্ববন্ত্রী বা পরবন্ত্রী মন্ত্রের কোন সম্বন্ধ উপেকা করা হয় । এইরূপ এক একটা বিচ্ছিন্ন মন্ত্রের একটা নিক্ষিপ্র ব্যাখ্যা বিশেষ কারণ থাকিলেই ঘীকার করা যায় । ঐ অভা মন্তে, কিখা উহার পূর্বের বা পরে যদি এমন কিছু নিশ্যাক্ষ থাকে, তবেই উহার তদন্ত্র্যান্ধী একটা নিন্দিপ্র ব্যাখ্যা করা সম্বত্ত হয় । না হইলে যে কোন মন্ত্রের যে কোন ব্যাখ্যা দাড় করান চতুর লোকের পক্ষে কষ্ট সাধ্য নয় । কিন্তু এই অভা মন্ত্রে

চমসবৎ অবিশেষাৎ ।। ৮ ।।

কোন বিশেষ না থাকায় [অবিশেষাং], অর্থাং প্রধানই ঐ
নত্ত্বের প্রতিপাদ্য, এরপ খীকার করিবার কোন বিশিপ্ত করেও
না থাকায় ভোষার প্রদর্শিত ব্যাখ্যা গ্রহণযোগ্য নয়। ঐ মধ্রে
এমন কোন শব্দ বা বাক্য নাই, যাহার বলে ঐ মন্ত্তের প্রধানপ্রতিপাদকরপ একটা নির্দিষ্ট ব্যাখ্যাই খীকার করিতে আমরা
বাধ্য। একটা বৈদিক মত্তে আছে, "চমস অধোদিকে গভার,
উর্দ্দিকে উচ্চ" [বু: ২.২.৩]। একণে যে 'চমস' কি, ভাহা
দ্রানে না, সে ভুসু 'অধো গভার ও উর্দ্ধ উচ্চ', এই বাহা নেথিয়া

একটা কলনীকেও চমদ বলিয়া স্থিয় করিতে পারে। তথু এই বিচ্ছিন্ন বাকাট বারা তাহার চমদের জ্ঞান হর না। 'অধা গভীর, উর্ক উচ্চ', এই কথার যে এছলে চামচই (spoon) বুঝাইতেছে, কলদী বা বাটা বুঝাইতেছে না, তাহা নির্ণয় হয় না। তাহা নির্ণয় করিতে ঐ বাকোর প্র্রাপর উব্জির সাহায্য দরকার। এই চমদের জ্ঞান্ন [চমদবং] অজ্ঞামন্ত্রে যে প্রধানেরই বর্ণনা করা হইয়াছে, ছাগা কিয়া অল্ঞ কিছুর বর্ণনা হয় নাই, তাহা কেবল ঐ একটিমাত্র মন্ত্রের বারা স্থিয় করা যায় না। ঐ মন্ত্রের নির্দ্দিষ্ট অর্থ কি, তাহা স্থির করিতে হইলে পূর্ব্ব ও পর মন্ত্রের অর্থ কি, তাহার সহিত এই মন্ত্রের কিছু সম্বন্ধ আছে কি-না, এই ভাবের মন্ত্র অল্ঞ শুভিতে পাওয়া যায় কি-না, পাওয়া গোলে সে ছলেই বা তাহার কিরপ অর্থ ইতাদে বিষয় পর্য্যালোচনা করা একান্ত আবশুক। তাহা না করিয়া শুধু একটা বিচ্ছিন্ন মন্ত্রের যে কোন ব্যাখ্যা দেওয়া যায়।

শিষ্য। তাহা হইলে এই অকামন্ত্রের নির্দিষ্ট অর্থ কি এবং কোনুবাকোর সাহায্যে সেই অর্থ নির্দারিত করা যায় ?

छकः। वरप्र! छन, मर्खन्न जाजा जार्थ व्यक्षान नग्,

জ্যোতিঃ-উপক্রমা ভু---

কিন্ত [তু] ক্যোতিঃ প্রভৃতিই [ক্যোতিরপক্রমা] অজা শব্দেক বিত হইগাছে। প্রমেশর হইতে উৎপন্ন তেজ, অপ্(জল) ও অন্ন (পৃথিবা)—বিশের এই যে তিনটী উপাদান, ভৃতস্ক্র, ইহাই অলা।

তথা হি অধীয়তে একে॥ ৯॥

বেহেতৃ [হি] কোন কোন শ্রুতি [একে] ঐরপ [তণা] পাঠ করেন [অধায়তে]।

ছান্দোগ্য উপনিষ্দে (ছা: ৬.২.৪) পাঠ আছে যে, পর্মেশ্বর হইতে তেজ, অপ [জন] ও অয়ের [মৃত্তিকার] উৎপত্তি হয়; এবং তাহাদের রূপ যথাক্রমে লোহিত, গুরু ও রুষ্ণ। এই শ্রুতির সাহায্যে আমরা নিশ্চয় করিতে পারি যে, আমাদের সন্দিগ্ধ অজামন্ত্রেরও প্রতি-পাদ্য বিষয় ঐ তেজ, অপুও অন্তর্মপ সমন্ত পদার্থের কৃষ্মাবস্থা। অজ্ঞামন্ত্রে বলা হইয়াছে যে, অজা লোহিত-শুক্ল-ক্লফ বর্ণবিশিষ্টা। ছান্দোগ্যেও ভূতস্ক্ষকে লোহিত-শুক্ল-কৃষ্ণ বর্ণ-বিশিষ্ট রূপে বর্ণনা করা হইয়াছে। স্থতরাং অজা যে ভৃতস্ম, তাহা বেশ বুঝা যাইতেছে। লোহিত প্রভৃতি শব্দ রূপবিশেষেই প্রযুক্ত হয়, তাহাদের অর্থ রজ: প্রফৃতি গুণ বলিলে একটা গোণ অর্থের কল্পনা করিতে হয়। তারপর আৰু। মন্ত্রের পূর্বে ও পরবর্ত্তী মন্ত্রে পরমেশবের সৃষ্টি শক্তির বিষয়ই আলোচিত দেখিতে পাই। কাজেই মাঝখানে হঠাৎ একটা মন্ত্রে সাংখ্য-ক্রিত প্রধান উপদিষ্ট হইয়াছে, এরপ ক্লনা নিতান্তই অসঞ্চত। অতএব পূর্বাণর পর্যালোচনা করিলে নিশ্চিত হয় বে, এই পরিদৃত্যমান জগতের যে আদি অবস্থা, বীজশক্তি, পরমেশরের অধীন স্টেশক্তি, তাহাই অঞ্চার পে বর্ণিত ইইয়াছে, এবং তাহা হইতে উৎপন তেজ প্রভৃতির লোহিত প্রভৃতি তিনটিরূপ তাহারই রূপ वनिया निर्फिष्ट रहेगाहि।

শিষ্য। কিন্তু তেজঃ প্রভৃতি ত প্রমেশ্বর ইইতে জাত, স্তরাং তাহাদিগকে জ-জা[ধে জয়ে না] বলা যায় কিরপে ?

ওল: ভতপুদ্ধ প্রমেশর হইতে উৎপন্ন হইলেও ভারাকে আল বলায

কল্পনা-উপদেশাৎ চ মধু-আদিবৎ অবিরোধঃ ।। ১০ ।। কোন বিরোধ হয় ন। [অবিরোধ:], থেছেতু ঐ ভৃতপৃত্বকে একটা অজা [চাগী] রূপে কল্লনা করা হইরাছে মাত্র [কল্লনোপদেশাৎ]। প্রধ্যাদি বস্তুত: মধু প্রভৃতি না হইলেও উপাসনার জন্ম ব্যেমন তাহাদিশকে মধ প্রভৃতি কপে করনা করা হয়, দেইরূপ भन्दाविद्यः ।।

শতিতে অজ্ঞাপ্রে যে জন্মরহিত কোন কিছুকে, কিখা একটা श्रीटकटे व्याङ्गल्लाह, अपन नद्या छेटा अक्धकात छेल्यामाछ । ফেন লে(হিড-ওঞ্-৯ফ বৰ্ণবিশিষ্টা একটি ছাগী বহু সম্ভান প্ৰসৰ करत. वे मलानक्षांत्र उपमा जागीद मण्डे विविध गर्भविभित्ते इस, (कान ছাগ ধেমন ভাগতে 'মাণজ হয়, কোন ছাগ বা ধেমন ভাগকে েভাগ করিয়া জ্যাগ করে। সেইরূপ প্রমেশ্ব ইইতে উৎপন্ন তেম, অগ্ন ও অৱস্থা, ত্রিবর্ণবিশিষ্টা ভ্রতপ্রকৃতি আত্মদদৃশ এই চরাচর বিধ সমন করে : আন্তামী জীব তাহাতে আসক্ত হয়, জানী তাহাকে পরিংগর করে : টিহাই শতির ভারপর্বা এবং ইয়াছে সাংখ্যের রিওণাথাক খড়াই প্রধানের কোনই খ্রান নাই।

৫খা মধু না ইইংলেও উপাসনার জন্ম ভাহাকে মধ্রণে কলনা করিবার ব্যবদ্ধা প্রতিতে আছে: এইরপ, বাকাকে ধেছরপে, ঘর্গকে অগ্রিরণে করন। কর। হয়। এখনেও ভূতস্মকে অভারণে করনা কর। হইয়াছে : প্রধান এই শ্রুভির প্রতিপাদ্য নয়।

निया। এই अचिरिक या बना इहेन, এक स्रोव ভোগ करत, অপর জাব ত্যাগ করে: তবে কি জীব বছ ?

अकृ। না, জীব বছ কি এক—ইহা দেখান ওছলে শ্রুতির উদ্দেশ নয়। জীবের বন্ধ ও মোক কি, তাহাই ওয়ুলে উক্ত হইয়াছে। সংসারে আস্ক্রিই বছ, উহার ত্যাগই মোক। অবভা অজ্ঞান দশায় জীব বচ বই कि । কিন্তু জ্ঞানদশায় জীব একই এবং সেও অন্ধই।

शिषा । **चान्हा, भृत्वीक म**न्द्र श्रधान निर्मिष्ठ रय नारे, श्रीकात করিলাম। কিন্তু নিয়োদ্ধত মন্ত্রে দেখিতে পাই যে, ২০টি তত্তের বিষয় বলা হইয়াছে। সাংখ্যদর্শনেও ২৫টি তত্তই সীকৃত হইয়াছে। श्रुखताः भारत हथ्, अहे दिक्षिक भन्नत्क व्यवस्थान कविष्याहे माः शाक्ष्मारतत প্রপ্রবিং শতি তক্ত নিণীত ইইয়াছে। শতিতে যাহা অস্প**ই**-ভাবে আছে, শুভি (সাংখ্যদর্শন) তাহাই স্পষ্ট ও বিশদভাবে বিবৃত করিয়াছে। স্বতরাং সাংখ্যাদর্শন ঞাতির উপর প্রতিষ্ঠিত নয়, কেবল কোন ব্যক্তি-বিশেষের কল্পনাপ্রস্ত-অভএব অশ্রেষ্টের, একথা বলি কিন্তপে গ

মন্ত্ৰট এই:- "বাহাতে পাঁচ পাঁচজ্ঞন ও আৰাশ প্ৰতিষ্কিত, শে-ই আত্মা, ব্ৰদ্ধ, অমৃত, তাঁহাকে জানিয়া অমর হও" (বৃ.৪.১.১৭)। এই নল্পে পাচ পাচ এই কথাতে ২৫ তত্ত্বের ইঞ্চিত আছে। আর সাংখ্যের নিশ্বাবিত তত্ত্বও পচিশটি। যথা—অবিকত মূল প্রকৃতি (১), প্রকৃতির বিকার-মহৎ, অহলার, এবং মৃত্তিকা, জল, তেজ, বায় ও আকান; এই পঞ্চ তন্মাত (৭), পঞ্চত ও একাদশ ইন্দ্রিয় (১৬) এবং প্রকৃতি ও বিকৃতির **স**ভীত পুরুষ (১)=২৫। সাংখ্যদর্শনে এই বে পेচিপটি ভবের সংগ্রহ করা হইয়াছে, ইহার মূল পূর্ব্বোক্ত বৈদিক মন্ত্র। স্বভরাং সাংখ্যদর্শন শ্রুতিমূলক নয়, একথা বলা সঞ্চত নয়।

গুরু। ন সংখ্যা-উপসংগ্রহাৎ অপি , নানাভাবাৎ অতিরেকাৎ চ ॥ ১১ ॥

তোমার উদাহত মত্ত্রে পাঁচ পাঁচে পচিশ, এইরণ সাংখ্যকরিত পচিশ সংখ্যক তত্ত্বের সংগ্রহ বা সক্ষন করা হইরাছে, একথা বলিলেও [সংখ্যোপসংগ্রহাদিশি] সাংখ্যদর্শন যে শ্রুতির উপর প্রতিষ্টিত, ইহা সিক্ষ্ হয় না [ন]; বেহেতু সাংখ্যের তত্ত্ত্তলি নানা রক্ষের, পৃথক্ প্রাবের [নানাভাবং] এবং [চ] ঐ মত্ত্বে বস্তুতঃ পচিশের অধিক সংখ্যাই দেখা যাহ [অতিরেকাং]।

সাংখ্যদর্শনের পঁচিশটি তত্ত্ব নানা রক্ষমের। উহাদের পাঁচ পাঁচটির এমন কোন সাধারণ গুণ নাই, ঘাহাতে পাঁচ পাঁচটি করিয়া এক একটা ভাগ (group) করা যাইতে পারে। অথচ শুভিতে স্পষ্টই দেখা যাইতেছে বে, সমানধর্মবিশিষ্ট পাঁচটা বস্তুরই উল্লেখ করা হইয়াছে। ভারপর ভাষার দিক দিয়া দেখিলেও 'পঞ্চ পঞ্চক্রন' এই কথায় ২৫ ক্রের বোধ হয় না। 'পঞ্চলন' একটি সমাসবদ্ধ পদ, যেমন সপ্তর্মি। বিশেষ কারণেই শ্ববিদিগের মধ্যে সাভদ্ধনকে 'সপ্তর্মি' এই বিশেষ আখ্যা প্রদান করা হইয়াছে। সপ্তর্মি বলিতে কেবল নিদিষ্ট শ্বিসপ্তককেই ব্যায়। সভ্রমাং সপ্ত সপ্তর্মি বলিতে যেমন উনপঞ্চাশ জন শ্বিকে প্রথম না, পরস্ক 'সপ্তর্মি' এই বিশিষ্ট আখ্যা সাভন্তনেরই, এই অর্থই প্রভাত হয়, সেইরূপ পঞ্চ পঞ্চন্ধন বলিতে ২৫ জন ব্যায় না, প্রস্তুত্ব পাঁচ জনেরই প্রতীতি হয়। শ্বস্তুরাং 'পঞ্চ পঞ্চন্ধন' এই কথায় সাংখ্যাক্ত পচিশ ভব্বের কথা বলা হইয়াছে, এরূপ বলা যায় না।

বিশেষ ভত্সক্ষিৎস্থ পাঠক ভাষার কৃত্র বিচার মূল শাল্পর ভাষ্যে দেখিবেন।

আরও দেখ, ঐ মন্ত্রে আছে, "যাহাতে পঞ্চ পঞ্চন ও আকাশ প্রতিষ্ঠিত।" একণে পঞ্চ পঞ্চলন ছাড়া আকাণ (১) এবং তাহারা ষাহাতে প্রতিষ্ঠিত, দেই আত্মা (২) বলিয়া আরও ছইটি বস্তরও উল্লেখ করা হইয়াছে। স্থতরাং পাঁচ পাঁচজন এই অংশের অর্থ প্রিশ ধরিলে বলিতে হয়, ঐ মন্ত্রে মোট ২৭ সাতাইশট বস্তুরই উল্লেখ করা, হইয়াছে। কিন্তু আকাশ ও আত্মা সাংখ্যমতে পঢ়িশ তত্ত্বেই অন্তর্গত। স্বতরাং ঐ মত্ত্বে সাংখ্যের পাঁচিশ তত্ত্বের নির্দেশ করা হইয়াছে, একথা বল কিরুপে ?

শিষা। তাহা হইলে ঐ পাঁচজন বলিতে কি বুঝায় ?

গুৰু ৷ প্রাণাদয়ঃ বাক্যশেষাৎ ॥ ১২ ॥

ঐ পঞ্চন মন্ত্রের পরবর্তী বাক্য হইতে [বাক্যশেষাৎ] জানা যায় যে, এ পঞ্চল প্রাণ প্রভৃতি প্রাণাদয়: ব্রথই ব্যবহৃত হইয়াছে। পরবত্তী মন্তে প্রাণ, চক্ষ্, কর্ণ, আর ও মন এই পাঁচটি বস্তুর উল্লেখ আছে। পঞ্জন নত্ত্বে পঞ্জন শব্দের যখন কোন প্রসিদ্ধ অর্থ প্রভিয়া পাওয়া যায় না, তখন পরের মন্ত্রের প্রাণ এভতিই এই মন্ত্রে পঞ্জন বলিয়া কথিত হইয়াছে, এই কথা বলাই সমত। কেই বলেন, দেব, পিত, গন্ধন, অহার ও রাক্ষ্য ইহারাই পঞ্জন। আবার কেহ বলেন, ত্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শুদ্র ও নিবাদ— ইহারাই পঞ্চন। যাহা হউক, ঐ পঞ্চন বলিতে যে সাংখোর কোন তব বুঝাইতেছে না, ইহা দ্বি।

শিষা। আছো, পরবর্তী মন্ত্রের একটি পাঠান্তর আছে, তাহাতে व्यागानित मर्पा व्यवस्य धता दव्र नाहे। त्रहे भाठे व्यवसात व्यागानित्य পঞ্জন বলা যায় কিরপে ?

গুৰু। জ্যোতিষা একেষাম্ অসতি অলে ।। ১৩ ।।
কাংগারও কাংগারও অর্থাৎ কাংশাখীদের [একেবাম্] পাঠে প্রাণাদির
মধ্যে আল শব্দ না থাকিলেও [অসতি অলে] জ্যোতিঃ শব্দ থারা
[ভোতিষা] পাচদংখ্যার পূরণ হইন্ডে পারে।

ক্থাশাপায় অল্ল শক্ষ পঠিত হয় নাই, স্থতরাং শে**ই পাঠ অহুসারে** সেই শাখায় পঠিত প্রাণ, চকু, কর্ণ, মন ও স্থোতি—এই পাচটিই প্রাণ্ডন শব্দে গ্রহণ করা উচিত।

তবেই দেপিলে সাংখ্যের প্রধানাদি শ্রুতির সুত্তাপি **উলিখিত হয়** নাই।

শিষ্য। সাংখ্যনশনের তথান করিত, কোন প্রতিতে ভাহার
উল্পেন্ট ইং ব্রিলাম। কিন্ধ বন্ধই যে আন্তের উৎপত্তি, হিতি
ওলগের এক্যার্ড কারল এবং ব্রন্ধপ্রতিশাদন করাই সমন্ত বেলান্ডের
উল্পেশ—এ বিষয়ে আমার এখনও সন্দেহ আছে। কারল, এ বিষয়ে
সমন্ত প্রতি এক্মত নয়। এক এক প্রতিতে এক এক রকম স্করি
কথা দেলিতে পাই। কোন প্রতিতে, "আয়া হইতে আকাল হইল"
। তৈং ২.১]—এইরপ প্রথমে আকাশের স্করি বলা হইলাছে। কোন
প্রতিতে, "তিনি তের স্করি করিলেন" [ছাং ৬.২.৩]—এইরপ প্রথমে
তেন্ধের স্করি বলা ইইলাছে। এইরপে কোথাও প্রথমে প্রাণের স্করি,
কোথাও বা একই সময়ে সমন্ত পদার্থের স্করি বলিত হইয়াছে। স্বতরাং
স্করি বন্ধর কোন্টি যে প্রথমে হইল, তাহা বুঝিবার উপায় নাই। কোন
প্রতিতে আবার অসম (অভাব, শৃক্ত অর্থাৎ কিছুই না) হইতে স্করি,
কোন প্রতিতে সৎ হইতে স্করি, কোন প্রতিতে আপনা আপনি এই
সগতের স্করি—এইরপ বিক্রম মত দেখিতে পাই। স্বতরাং

বেদান্তের সাহাব্যে অগতের বান্তবিক কারণ যে কি, তাহা নির্ণন্ন কর। ।

৪০। কারণত্বেন চ স্মাকাশাদিযু যথাব্যপদিষ্ট-উক্তেঃ ॥১৪॥

আকাশ প্রভৃতি স্ট পদার্থের বিষয়ে [আকাশাদির্] এক এক শ্রুতিতে এক এক রক্ষের স্টের কথা থাকিলেও (বেমন, কোণাও প্রথমে আকাশের স্টে, কোথাও তেজের ইত্যাদি) যাহা হইতে সেই আকাশ প্রভৃতির স্টে অর্থাৎ আকাশাদির যাহা কারণ, তাহার সম্বন্ধেও এক এক শ্রুতিতে এক এক রক্ষের মত, এরপ বলা যায় না। যেহেতু, আদিকারণ সম্বন্ধে [কারণ্ডেন] যেরপ কারণ এক শ্রুতিতে উক্ত হইয়াছে, সেইরূপ কারণই অক্যান্য শ্রুতিতেও উপদিট হইয়াছে

প্র আকাশাদির পৌর্বাপর্য সহদ্ধে শ্রুতিতে বিরুদ্ধ মত থাকিলেও তাহাদের মূল কারণ সহদ্ধে কোন মতবিধ নাই। এক শ্রুতিতে বেমন সর্বজ্ঞ, সর্বাজ্ঞক, সর্বাজ্ঞক, সর্বাজ্ঞক, অন্তর্গ্রান্তর পরমেশ্বরকে জগতের কারণরপে নিদিষ্ট করা হইয়াছে, সেইরূপ অক্তাক্ত শ্রুতিতেও তাঁহাকেই কারণ বলা হইয়াছে। "যাহা কিছু স্বই তিনি স্পষ্ট করিয়াছেন" ! তৈ: ২.৬]। "স্বাইর পূর্ব্বে এ সকল একমাত্র সংই ছিল, তিনি সহ্ধ করিয়া সমন্ত স্বাই করিলেন" [ছা: ৬.২.১]।—ইত্যাদি প্রায় সমন্ত শ্রুতিতেই একই জ্বগৎকারণের নির্দ্ধেশ করা হইয়াছে। তবে ছুই এক শ্রুতে যে মতবৈধ আছে বলিয়া মনে হয়, তাহা পরবর্ত্তী স্বত্বে ব্যাখ্যা করিব। মোট কথা, কারণ নির্দ্ধারণ ব্যাপারে সমন্ত শ্রুতিই একমত। সেই কারণ হইতে উৎপন্ন আকাশাদিরপ কার্য্য স্কৃষ্টি সহদ্ধে আপাতবিরোধ দেখ। গেলেও কারণ সহদ্ধে কোন বিরোধ নাই। কার্য্য

সম্বন্ধেও যে ৰান্তবিক কোন বিরোধ নাই, তাহা "ন বিয়দশতে:" [ব্ৰ: সং ২.৩১] – এই স্তে দেখান হইবে।

বন্ধত: সৃষ্টি প্রতিপাদন করা শ্রুতির মোটেই উদ্দেশ্য নয়। স্থুতরাং দে বিষয়ে যদি কোন বিরোধ থাকেই, ভাহাতেও কিছু আসে যায় না। ষ্টি এরপ, না ওরণ—ইহা প্রতিপাদন করা শ্রুতির মুখ্য উদ্দেশ্ত নয়। ষ্টি জানিলে কোনৰূপ পুৰুষাৰ্থ ফিল লাভ হয়, একথা শ্ৰুতি কুত্রাপি বলেন না। বস্ততঃ ব্রন্ধ কি, তাহা বুঝাইবার জন্মই স্টির বর্ণনা। এ কথা শ্রুতিও বলেন, "হে সৌমা! পৃথিবীরূপ শৃকের [কার্যোর] দারা [তাহার কারণ] ফলের অফুসদ্ধান কর, জল ষারা তেজের, তেজ দারা তাহার মূল সতের অফুদদান কর" [ছা: ৬.৮.৪]। আবরে, "তদ্মন্যুত্মারম্ভণশব্দাদিভ্য:" [ব্র: হ: ২.১.১৪] এই স্তত্ত আলোচনা করিলে বুরিবে যে, কারণের সহিত কাব্যের অভেদ দেখাইবার জন্মই স্প্রের বর্ণনা। স্প্রি বর্ণনার পৃথক্ কোন উদ্দেশ্য নাই। আর গুরুপরস্পরায়ও এ কথা জানা যায়। नारक (य मृत्रिका, लोह, विकृतिक हैजानि छेनाह्रवन चात्रा নানা বৰুমে ষ্ঠির বর্ণনা করা হইয়াছে, তাহা কেবল বন্ধতত্ত্ব বুঝাইবার উপায়মাত্র। পরমার্থত: ভেদ বা স্বষ্ট বলিয়া কিছু নাই [মাঃ ৩.১৫]। শ্রুতিতে যাহ। কিছু ফলের উল্লেখ আছে, তাহা ব্রদ্ধজানেরই ফল, পৃষ্টিজ্ঞানের কোন ফল আছে বলিয়া শ্রুতির क्जानि • উল्লেখ নাই। ইहा হইতে বুঝা বায় , शष्टि প্রতিপাদন কর। শ্রতির উদ্দেশ্য নয়, ত্রন্ধ প্রতিপাদন করাই শ্রতির মূধ্য উদ্দেশ্য। সেই আদি কারণস্বরূপ এক্ষসম্বাদ্ধ সমস্ত শ্রুতিই যখন এক্মত, তখন এমই বে অগডের কারণ, এ সিদ্ধান্তে কোন সন্দেহ থাকিতে পারে না।

যে সমস্ত স্থলে 'অসং' 'স্বভাব' ইত্যাদিকে আপাততঃ জগতের কারণ রূপে নির্দ্ধিষ্ট দেখা যায়, সে সমস্ত স্থলেও সং-স্করণ ব্রন্ধকেই

সমাকর্ষাৎ ॥ ১৫॥

আকর্ষণ [টানিয়া আনা] করা হয় বলিয়া, কারণগত বিরোধও বাত্তবিক শ্রুতিতে নাই। পূর্ব্বাপর বাক্যালোচনায় স্পষ্টই জানা যায় বে, সর্ব্বব্রু ব্রহ্মকেই জ্বগৎ কারণ রূপে প্র'তপাদন করা হইয়াছে, 'অসং' কিছা 'সভাব' ইত্যাদিকে নয়।

"সৃষ্টির পূর্ব্বে এই জগং 'অসং' ছিল, অর্থাৎ ছিল না" [তৈঃ ২-৭]—এই শ্রুতিবাক্যে আপাততঃ মনে হয়, 'অসং' অর্থাৎ 'কিছু না' ইইতে জগতের উৎপত্তি। কিন্তু পরবর্ত্তী বাক্যে এই অসং-বাদের অসম্ভবতা প্রাদর্শন পূর্ব্বক সং-স্থরপ ব্রহ্ম নির্দ্ধারিত হইয়াছে, এবং সেই ব্রহ্ম হইতেই সৃষ্টি হয়, এইরূপ সিদ্ধান্ত করা হইয়াছে। তবে ইয়া, এই জগৎকে আমরা যেরূপ আরুতিবিশিষ্ট দেখিতেছি, সৃষ্টির পূর্ব্বে অবশ্রু ইহার এরূপ আরুতি ছিল না, কোন একটা বিশেষ নামও ছিল না— স্কুতরাং এই সৃষ্ট জগতের তুলনায় ইহার সৃষ্টির পূর্ব্বাবস্থা একরূপ অসং বই কি ? শ্রুতি এই অভিপ্রায়েই 'জগং ছিলনা' এরূপ উক্তি করিয়াছেন। একেবারে ছিল না—ইহা বলাই যদি শ্রুতির অভিপ্রায় হইত, তবে আর পরে 'তাহা সং [বিভামান] ছিল' এরূপ কথা বলিতেন না। আর, জগং যে কোনও চেতন অধ্যক্ষ নিরপেক্ষ হইয়া আপনাআপনিই স্টে হয়; ইহাও শ্রুতি বলেন না। যে স্থলে ওরূপ সৃষ্টির কথা আছে বলিয়া মনে হয়, সে স্থলেও পরবর্ত্তী বাক্য হইতে জানা য়য় য়ে, অধ্যক্ষ বন্ধ কর্ত্বক পরিচালিত হইয়াই জগং স্ট হয়।

স্থতরাং ব্রহ্মট বে জগতের কারণ, এবিষয়ে কোন সন্দেহ নাই।

শিষা। কৌষীতকি আদ্দণে বালাকি ও অভ্যাতশক্ষয় কৰোপকথন প্রসংখ অজাতশক্র বলিতেছেন, ''য়ে বালাকি! যিনি এই সব পুরুষের ক্তা, এইস্ব গাহার ক্ষ, তাহাকে খান" (को: 8.)>।। এই যে कहा विविधा याशास्त्र वना इहेन, होन रक १

গুৰু। ইনি এদ। বালাফি ও অভাতশক্ত এছ কি, ভাহা विक्रमण क्रिएं विहारत खतुर हम। वा**माकि खबर**म एका প্রভতির অধিচাতপুরুষণ্ডকে বুদ্ধ বৃদ্ধি নিরূপণ করাছ অভাতশক্র বলিলেন, 'এ ও ঠিক নয়, প্রায়ত এক যে কি, তাহা বলিতেছি"---এই বলিয়া তিনি ঐ সমন্ত প্রক্ষেয় কৈ**তা**কে এম সলিয়া সিরাও কবিলেন। ত্যাদির অধিটাত। পুরুষগণের কর্তা এছ বাতাত আর কেই হইতে পারেন না। **এখা যে কেবল ঐ সমত** পুरुत्वत्रहे कही, जाहा नरह ; भन्न अ अडि नान्य याहा किছ ताना यात. স্বট ভাষ্ট্রট ক্ম—ইয়াই আসোচা শ্রতির **ভাৎপর্যা। স্থভ**রাং ঐ প্রতিতে তাহার কর্ম বলিয়া যাহ। উল্লিখিত হইয়াছে, তাহা

জগং-বাচিত্বাৎ ॥ ১৬ ॥

সমগ্র জবং ব্রায় বলিয়া তিনি ব্রহ্ম ছাড়। আরু কেই নন। একমাত্র ভ্রমই সমগ্র ছগভের কর্তা ইইতে পারেন, অস্ত কেই নহে।

শিষা। কিন্তু আলোচা শভির শেষাংশ হইতে বুঝা বাছ হে. যেন এই শ্রুতি জীব অথবা মুগা প্রাণশক্তিকে উদ্দেশ করিয়াই 'কঠা' শক্ষের প্রয়োগ করিয়াছেন। ক্রভয়াং

জীব-মুখ্যপ্রাণ-নিঙ্গাৎ ন, ইতি চেৎ ?--গ্ৰিক্ষা মুগল্পাণ বুঝা ধায়, এমন সৰ কথা আছে বলিয়া ্ষীৰম্থান্তাণিদিদাং) আলোচা শ্ৰুতিতে কথিত কঠা এল নন [ন], একপ যদি বলি [ইতি চেং]?—

গুৰু। না, এরূপ বলা সঙ্গত নয়, কারণ,

তৎ-ব্যাখ্যাতম্ ॥ ১৭ ॥

তাহা অর্থাৎ তোমার ওরপ আপত্তি [তৎ] পূর্ব্বেই নানাংসা করা হইরাছে [ব্যাখ্যাতম্]। ১১১, ৩১ প্রেই ইহার মীনাংসা করা হইরাছে।

শতিটার পৃথ্বাপর আলোচনা করিলে স্পাইই বুঝা নায় যে, উহাতে ব্রহাই নিদিট ইইয়াছেন। তবে যে সঙ্গে সংক জীব এবং মৃখ্যপ্রাণেরও উল্লেখ করা ইইয়াছে, ভাহার উদ্দেশ্য ব্রহ্ম ইইতে উহাদের অভিন্নত দেখান।

অন্যার্থং ডু জৈমিনিঃ, প্রশ্নব্যাখ্যানাভ্যাম্, অপি চ এবম্ একে।। ১৮।।

আচার্যা জৈমিনি বলেন যে [জৈমিনি:], ঐ শুতিতে জীবের উল্লেখ অন্ত উদ্দেশ্যে [অন্তার্থম্], অর্থাৎ জীব প্রতিপাদন করার জন্ত নয়, পরস্ক ব্রন্ধকে ব্রিবার স্থবিধার জন্ত । জীবের উল্লেখর যে ইহাই উদ্বেশ্য, তাহা শুভির প্রশোভর হইতে [প্রশ্নবাধানাভ্যাম্] জানা যায় । আর [অপিচ] কেহ কেহ [একে], অথাং গহোরা বাজসনেয়ী শাখা অন্তুসরণ করেন, তাহারা এইরপই [এবম্] দেখাইয়াছেন।

রাজা অজাতশক্র বালাকিকে হাতে কলনে এন কি, তাহা বুঝাইবার জন্ম সভীর নিজায় অভিভৃত একটা লোকের পাশে লইয়া যান। ঐ লোকটির শরীরে প্রাণশক্তির ক্রিয়া বেশ চলিতেছে, কিন্তু জীবোচিত কোন কার্যা ভাহাতে প্রকাশ নাই। অজাতশক্র ভাহাকে প্রহার করিয়া জাগাইলেন, তথন দে আবার জীবের স্থায় বাবহার করিতে লাগিল। এইরপে দেখাইলেন বে, জীব প্রাণ হইতে ভির। পরে বালাকিকে প্রার করিলেন, "এই লোকটা যখন গভীর নিদ্রায় স্পভিভূ ত ছিল, তথন কোন্ আশ্রয়ে ছিল, কোথার ছিল, কোথা হইতেই বা আবার আদিল" [কো: ৪.১৯] । এখনে স্পট্ট দেখা যাইতেছে বে, জীবাভিরিক্ত বন্ধর বিষয়ে প্রার করা হইয়াছে। এই প্রশ্নের উন্তরে আবার তিনি বলিলেন, "বপ্রহীন গভীর নিদ্রায় মান্থর প্রাণের সহিত এক হইয়া বায়……। জাগরণ কালে এই আত্মা হইতে আবার ইন্দ্রিয়াদির আবির্ভাব হয়" [কো: ৪২০]। বেদান্তের সিদ্ধান্ত এই বে স্বর্থা [স্পাহীন গভীর নিজা] কালে জীব পরমাত্মার সহিত এক হইয়া বায়, এবং পরমাত্মা হইতে প্রাণাদি সমন্ত জগৎ আবিভূতি হয়। স্তরাং এই প্রশ্ন ও উন্তর হইতে ব্যা ঘাইতেছে যে, পরমাত্মাকে ব্যাইবার জন্মই ঐ শ্রুতিতে নীব ও প্রাণের অবতারণা করা হইয়াছে। বাজসনেয়া শাধায় একথা স্পাইভাবে দেখান হইয়াছে।

শিষা। বৃহদারণাকে যাজ্ঞবদ্ধা মৈত্রেয়াকে উপদেশ করিতেছেন,
"হে মৈত্রেয়া। স্ত্রী যে পণিকে ভালবানে, তাহা পভির স্থাপর জন্ত
নয়, কিছ ভাগভ্রাক্র স্থাপর জন্তই স্ত্রী পভিকে ভালবানে। এইরপ
বে যাহা কিছু ভালবানে, তাহা সেই জিনিষের প্রীভির জন্ত নয়, পরভ্
আত্মার প্রীভির জনাই। সেই আত্মাকেই দেখ, ভাঁহারই কথা শোন,
ভাঁহার সম্বেই চিন্তা কর, ভাঁহারই ধ্যান কর। ভাঁহাকে দেখিলে,
ভানিলে, ভাবিলে, ধ্যান করিলে, জানিলে স্বই জানা যায়" [বৃঃ ৪.৫.৬]।
এই ব্য আত্মার জ্ঞানে যাবভীয় পদার্থের জ্ঞান হয় বলা হইল, এই
আত্মা ত জীবাত্মা বলিয়াই মনে হয়, কারণ, তাহারই স্থের জন্য

সমত্ত বস্তু প্রিয় হয়। এবং তাহাকে 'বিজ্ঞানাত্মা' ও 'জ্ঞাতা' বলাতে নে যে জীবাত্মা, ইহাই নিশ্চয় হয়।

গুরু। না, ঐ আত্মা জীবাত্মা নহে, কিন্তু পরমাত্মা,

বাক্য-অম্বয়াৎ।। ১৯।।

কারণ, আলোচ্য শ্রুতিবাক্যটার পূর্ব্বাপর আলোচনা করিলে ব্রা যায় যে, এই বাক্যটা পরমাত্মা সহজেই উক্ত হইয়াছে। মৈত্রেয়ী যখন যাক্সবভ্যের মূখে শুনিলেন যে, ঐশর্য্যের ধারা অমৃতের আশা করা যায় না, তথন তিনি যে বস্তু অমৃতত্ব প্রদান করিতে সমর্থ, তাহাই প্রার্থনা করিলেন। তখন যাক্সবদ্ধ্য আত্মজানের উপদেশ করিলেন। স্থতরাং এই আত্মা যে পরমাত্মা, সে বিষয়ে সন্দেহ কি ? কারণ, পরমাত্মার ক্সান ব্যতীত অন্য কোন ক্সানেই অমৃতত্ব [চির শান্তি] লাভের আশা নাই—একথা শ্রুতি ও স্মৃতিতে সর্ব্বর প্রসিদ্ধ। আত্মজানে সর্ব্ববিষয়ের জ্ঞানলাভও পরমাত্মা সম্বন্ধেই থাটে। স্থতরাং আলোচ্য শ্রুতিতে পরমাত্মাকেই দেখিতে, শুনিতে, ভাবিতে, ধ্যান করিতে বলা হইয়াছে, জীবাত্মাকে নহে।

শিব্য। কিন্তু 'লোকে যাহা কিছু ভালবাদে, তাহা সবই আত্মার স্থাবের জন্মই'—এই কথাতে ত স্পষ্ট ভাবেই জীবাত্মার নির্দেশ করা ইইয়াছে।

গুরু। হাা, তাহা হইয়াছে সত্য, কিন্তু উহার একটী উদ্দেশ্য আছে।

যাক্সবদ্য এমন একটা বস্তুর উপদেশ দিতে প্রতিজ্ঞা করিলেন, যেটার জ্ঞান হইলে অক্সান্ত সকল বস্তুর জ্ঞানই হইয়া যায়। সেই বস্তুটী যে পরমাত্মা, সে বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্তু যাক্সবদ্য জীবাত্মার নির্দেশ করিয়াই বলিলেন বে, তাহারই জানে সর্ববন্ধর জান হয়। স্থতরাং দেশা বাইতেছে বে, বাজবন্ধের বন্ধে জীবাত্মা ও পরমাত্মা অভিন্ন, তাহা না হইলে "এক বন্ধর জানে সর্ববন্ধর জান"— এই বে প্রতিজ্ঞা (Proposition) ইহা বার্থ হইরা বার। অভএব শ্রুতির প্রারম্ভে এইরপ জীবাত্মার নির্দেশ

প্রতিজ্ঞাসিদ্ধেঃ লিঙ্গম্ আশার্থ্যঃ ॥২০॥

এক বিজ্ঞানে সর্কবিজ্ঞানত্তপ প্রতিজ্ঞার প্রামাণ্য স্থাপনের প্রিভিজ্ঞা-সিছে:] উপায় হার ৯ প্রচক [লিক্ম্]—ইহা আশ্বরণ্য নামক আচাণ্য [আশ্বরণ্য:] বলেন। দেখ, জীবাদ্মা পরমাদ্মা হইতে শুভ্রর একটা বল্ব হইলে পরমাদ্মার জ্ঞানে সর্ব্ব বন্ধর জ্ঞান হওরা সম্ভব হর না। স্তরাং এই একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান বাহাতে সিছ হয়, সেই অভ্যাবাহা। ও পরমাদ্মা অভিন্ন হওরা প্রয়োজন, এবং এই উভরে বন্ধতঃ একই—এইটুকু দেখাইবার উদ্বেশ্বই শ্রুতির প্রারম্ভে জীবাদ্মার উপবেশ করা হইয়াছে।

আবার,

উৎক্রমিয়ক্তঃ এবংভাবাৎ ইতি ঔড়ুলোমিঃ ॥২১॥

উড়লোমি নামক আচার্যা [উড়লোমি:] বলেন বে [ইডি],
লীব যধন দেহ, ইদ্রির ইড্যাদি হইডে উখান করে অর্থাৎ বেহাদিতে
আত্মবৃদ্ধি ভ্যাপ করে, তথন ভাহার [উৎক্রমিব্যভ:] এইরপ ভাব,
অর্থাৎ পরমাত্মার সহিত একড, হয় বলিয়া [এবভাবাৎ] শুভির প্রারভে জীবাঝার উপদেশ করিয়া প্রমাত্মার সহিত ভাহার অভিরভাব স্ক্রনা করা হইয়াছে।

অবস্থিতেঃ ইতি কাশকুৎস্নঃ ॥২২॥

কাশকৃংশ্ব নামক আচার্য্য [কাশকৃংশ্বঃ] বলেন যে [ইতি], পরমান্ত্রাই জীবান্তারূপেও অবস্থান করেন বলিয়া [অবহিত্যে] প্রারম্ভে জীবান্তার নির্দেশ অবস্থাত নয়।

কাশরুংদের মতে প্রমেশরের ও জীবের মধ্যে বান্তবিক কোনই পার্থকা নাই। একই প্রমান্ধা উপাধিসহযোগে জীব, উপাধিশৃক্ত অবছার প্রমান্ধা। ছতরাং জীব শ্বয়ং পূর্ণ ব্রহ্ম। আশর্পা যদিও বলেন থে, জীব ও প্রমেশর অভিন্ন, তথাপি ঐ উভয়ের মধ্যে একটা কার্য্য-কারণ ভাব আছে বলিরা ছীকার করেন। জীব কার্য্য, প্রমেশর কারণ। কারণ হইতে কার্য্য অভিন্ন। কার্য্যের কারণাতিরিক্ত হৃত্তম কোন সন্তা নাই। এবং কার্পের জ্ঞান হইলেই তাহার যাবতীয় কার্য্যের জ্ঞানও হইরা যায়। আর উভ্লোমির মতে জীব প্রমেশরের অবস্থা বিশেষ।

এই ডিনটা মতের মধ্যে কাশরংকের মতই শ্রুতি সম্মত ও বৃক্তিসদত। ইহার মতে জীব ও পরমাত্মার কোনই পার্থকা নাই। জীব
ব্রন্ধই, তবে যে তাহারা পৃথক বলিয়া মনে হয়, তাহা কেবল অজ্ঞান
প্রভাবে। "তুনি সেই" ইত্যাদি শ্রুতির উপদেশ শ্রবণ, মনন ও ধ্যান
করিয়া জীব ও ব্রন্ধের একান্ত অভেদ জ্ঞান উৎপন্ন হইলে অজ্ঞান বিনার
হইয়া বায়, এবং তখন জার জীব ও ব্রন্ধ ভূইটা পৃথক বন্ধ বলিয়া জ্ঞান
হয় না। জীবের জীবন্ধ বিধ্যা না হইয়াসত্য হইলে কোন কালেও ভাহার
বিনাশ হইতে পারে না। বাহা সভ্য ভাহা চির্কালই সত্য, ভাহার
বিনাশ অস্ক্রব। স্বভ্রাং জীবকে ব্রন্ধের বিকার্ম্মণ একটা সভ্য
পদার্থ বিনার স্বীকার করিলে কোন কালেই ভাহার মোক্ষ সভ্য

হর না। জানেই মোক, ইহা সর্কবাদিসমত। কিছ জানের বারা কোন সভা বন্ধর বিনাশ সাধিত হইতে[্]পারে না। সহস্রবার माही माही अक्रम विहाद कविदा अवही यह मुखिका निर्मित्र, देश ভিরীকৃত হইলেও ঘটের বিনাশ কিছ হর না। আবার, ঘট বধন মুদ্রিকারণে পরিণত হয়, তথন ঘট বলিয়া কিছু থাকে না। সেইরপ व्यक्तित्र विकात भीव यथन छाँशास्त्र मद्र श्रीख इहेर्न, ज्थन भीव विनदा কিছ থাকিবে কিরপে? ফলে সাধনাবারা জীব অমৃতত্ত্রপ মোক-লাভ করে, একথাও অসকত হইয়া পড়ে। স্বভরাং জীব বান্তবিক পূৰ্বভ্ৰম্বই, তাহার জীবৰ অক্তান কল্লিড, অতএৰ যিখ্যা। জীবের পূৰ্ণব্ৰশ্বৰ চিব্নকাল অক্ষা, অবিকৃতই থাকে, কেবল অজ্ঞান প্ৰভাবে বুঝা যায় না এই মাত্র। সেই অজ্ঞান ডিরোহিত হইলে জীবের স্ত্যিকারের স্বরূপ অর্থাৎ ব্রন্ধভাব প্রকট হয়,—ইহারই নাম মৃক্তি। बीदित द नाम ७ पाकात, छाहा ७ छाहात प्रकीय नत्र, छेशाधित। বিফুলিখ প্রভৃতি উদাহরণ ঘারা যে জীবের উৎপত্তির বর্ণনা কোন কোন শ্রতিতে করা হইয়াছে, তাহাও উপাধির সম্পর্কেই। বান্তবিক ৰীবের উৎপত্তি, বিনাশ প্রভৃতি কিছুই হয় না। কেবল অবিচ্যার প্রভাবে দেহাদি নিবন্ধন পর্মাত্মা হইতে জীবের ভিন্নতা প্রতীয়মান হয় মাত্র। শ্রুতি বলেন, "এ সমন্তই আত্মা," (ছা: ৭.২৫.২)। "এ नमचरे बन्ध" (मृ:, २.२.১১)। चुि वतनन, "त् छात्रछ, षामात्करे प्रिम नमल त्राट्य जीव विनया जान" (गैः ১७.२)। "नद्रायश्वत শামিই সর্বভৃতে বাস করিতেছি" (গী: ১৩.২৭), ইত্যাদি #তি শ্বতিতে জীব ও ব্ৰশ্বের একতা স্পষ্ট ভাবেই প্ৰতিপন্ন कता रहेताह । এই একত कानहे यथार्थ कान, हेराहे साकताहक। बीव ও পরমেশর এই ছইটা নামেই পৃথক, বন্ধ হিসাবে পৃথক

নতে, একই। এই ডভ ক্রমশঃ স্থারও পরিষাররূপে বুঝিতে পরিবে ৷

শিল। শুক্লেৰ, অন্ধই যে জগতের কারণ, তাহা ব্রিলাম। কিছ এ সম্বন্ধে একট বিজ্ঞাত এই যে, ত্রহ্ম কি রক্ম কারণ ? একটি ঘটের উৎপত্তি ব্যাপারে প্রধানত: তুই রকমের কারণ দেখিতে পাই---এক কুম্বকার, যে মৃত্তিকার দারা ঘট নির্মাণ করে: অপর মৃত্তিকা, যাহার ছারা ঘট প্রস্তুত হয়। কুম্ভকারকে ঘটের নিমিত্ত কারণ (efficient cause) বলে; আর মৃত্তিকাকে তাহার প্রকৃতি বা উপাদান কারণ (material cause) বলে। এখন প্রশ্ন এই যে—ত্রন্ধ কি নিমিত্ত कार्रन, ना छेशामान कार्रन ? आभार्य छ मत्न इय, अञ्च क्विन নিমিত্ত কারণই, যেহেতু তিনি সঙ্কল্ল করিয়া স্বাষ্ট করেন, স্বাষ্ট জগতের উপর তাঁহার অপ্রতি হত প্রভুত্ব এবং তিনি সাবয়ব, অচেতন, অভদ জগৎ হইতে সম্পূৰ্ণ বিপরীত ধর্ম বিশিষ্ট। এ সমস্ত কেবল নিমিত্ত কারণের পক্ষেই সম্ভব। স্বতরাং ব্রহ্ম কি কেবল নিমিত কারণই ?

গুরু। নাবংদ! ত্রন্ধ নিমিত্ত কারণ ত বটেনই,

প্রকৃতিঃ চ প্রতিজ্ঞা-দৃষ্টান্ত-অনুপরোধাৎ ॥২৩॥

উপরম্ভ [চ] উপাদান কারণও [প্রকৃতি:] বটেন। যেহেতু বৃদ্ধকে উপাদান কারণ বলিয়া স্বীকার করিলেই এক বস্তুর জ্ঞানে সর্ববন্ধর জ্ঞানরূপ প্রতিজ্ঞা (proposition), এবং সেই প্রতিজ্ঞা স্প্রমাণ করিবার জন্ম যে সমস্ত দুটাস্থ বা উদাহারণ দেওয়া হইয়াছে, সেগুলির কোনরপ হানি বা অসামঞ্জ হয় না [প্রতিজ্ঞা-দৃষ্টাস্থামূপরোধাৎ]।

এমন একটি বস্তু আছে, বাহা জানিলে আৰু আৰু বাৰ্ডীৰ প্ৰাৰ্থই জানা হট্যা যায়। সেই বন্ধটা এখ, প্রতি ইছা বহু উদাহরণ ছারা ব্যাইয়াছেন। এককে বলি উপালান কারণ বলিরা খীকার করা হাত্ত, তবেই এক্বিকানে স্ক্ৰিকান স্ভব হয়; কাৰ্য্য পদাৰ্থ ভাষার উপানান কারণ হইতে পুথক কিছুই নর, ছভরাং উপানানকে ভানিলে ভাহা হইতে উৎপন্ন বাৰভীয় পদাৰ্থ ই আনা হইনা বাব। কিছ নিমিত্ত কারণ কার্য্য হইতে খড়ত্র বন্ধ, তাহাকে জানিলেও ভাহার কুড কার্য্য জানা হয় না। অতএব ঐতির একবিজ্ঞানে সর্কবিজ্ঞানরণ সিদায় যাহাতে বজায় থাকে, সেই অন্ত এছকে উপাদন কারণ বলিয়া খীকার করিতেই হইবে। অন্ত কথায়, ঞ্রতির একবিজ্ঞানে সর্কবিজ্ঞানরপ প্রতিজ্ঞার বলেই সিদ্ধান্ত করা যায় যে, ত্রন্ধ অগতের উপাদান কারণও বটেন। আবার ঐতির দটার গুলিও এই সিলারের অভুকুল। একটি দটান্ত এই -- "হে দৌমা। একটা মাটীর ছেলাকি পদার্থ, তাহা আনিলে মাটার তৈথারী সমন্ত জিনিবই জাত হইয়া যায়" ইত্যাদি (ছা: ७.১.९)। খতি এইরপ বহু দৃষ্টান্ত দিয়াছেন। এই সমন্ত দৃষ্টান্ত হইতে স্পটই বুঝা যায় যে, ত্রন্ধ ক্ষণতের উপাদান কারণ। ত্রন্ধকে লগতের উপাদান কারণ বলিয়া খীকার না করিলে ঐ সমন্ত দৃষ্টান্ত অবন্ধত হুইয়া পড়ে। স্বায়ির পূর্বে ত্রন্ধ ব্যতীত আর কোন কিছুরই অভিত হিল না, একথাত্র অভিতীর বৃদ্ধ বৃত্তই বিদ্যমান ছিল। ছণ্ৎস্ট ব্যাপারে এক ছাড়া আর কে নিষিত্ত কারণ হইবে ? যদি অন্ত কোন একজনকে নিবিশ্ব কারণ বলিয়া মীকার করা যায়, ভবেও পুর্কোক্ত প্রতিক্রা ও দু**টার অসম**ত ২ইল পড়ে। হুডুৱাং ব্রদ্ধ একাই অগতের নিমিত্ত ও উপাদান हें उस्कें

অভিধ্যা-উপদেশাৎ চ॥ ২৪॥

আর [চ] ত্রন্ধ স্বল্ল করিয়া স্বষ্ট করিলেন—এইরূপ উজি থাকার [অভিধ্যোপদেশাথ] ত্রন্ধ যে নিমিত্ত ও উ পাদান উভয় রকমেরই কারণ, ভাহাও নিশ্চর হয়।

ইডি বলেন, "তিনি ইচ্ছা করিলেন, সময় করিলেন, 'আমি বছ হইরা জারিব।" এই বে সভর করিয়া জগৎ স্পষ্ট করা, ইহা নিমিত কারণেরই হয়। আবার, 'আমিই বহু হইব' এই কথায় ব্রম্বট যে উপাদান কারণও, তাহা দ্বির হয়।

সাক্ষাৎ চ উভয়-আল্লানাৎ ॥ ২৫॥

चात्र [ह] चयः बद्धाः कहे [সাক্ষাৎ] কারণরূপে অবলম্বন করিয়া **শতি লগতের উৎপত্তি ও প্রলয় এই তুই কাধ্যই হয় বলিয়া উপদেশ** করিয়াছেন, এই জ্ঞা ডিভয়ায়ানাং] বন্ধ জগতের উপাদান কারণও वर्कित ।

रव वच वाहा हहेर७ डिर्भन हम जवर वाहार७ विमीन हम, जाहा সেই বন্ধর উপাদান। বেমন একটা ঘট মুত্তিকা হইতে উৎপব্ন হয় শাবার মৃত্তিকাতেই মিশিয়া যায়। কোন কিছু হইতে উৎপন্ন হয় বলিলে ভাহা নিমিত্ত কারণও হইতে পারে; কিন্তু যাহাতে বিশীন हर, जाश देशामान हाए। जात किছ हहेरल शास्त्र ना। अधि विवाहिन, "जम रहेएडरे नम्ख भनार्थन উৎপত্তি इव এवং जाम्हर সমস্ত লয় পায়।" স্থতরাং ব্রহ্ম উপাদান কারণ।

चांत्र.

আত্মকুতেঃ পরিণামাৎ॥ ২৬!

'ব্রম্ম নিজেই নিজেকে জ্বপংক্ষণে পরিণত করিলেন' (তৈ: ২.৭)

#তির এইরূপ স্পষ্ট উক্তি হইছেও ছির হয় বে, রেল নিমিত্ত ও উপাদান কারণ উভয়ই।

্যোনিঃ চ হি গীয়তে॥ ২৭॥

আর [চ] ঐতিতে ত্রন্ধকেই সমগ্র বিশের উৎপত্তিস্থান বা প্রাকৃতি [যোনি:] বলিয়া নির্দেশ করা হইনাছে [গীয়তে]। অতএক তিনি যে উপাদান কারণও, যে বিষয়ে সন্দেহ নাই।

শিষ্য। কিন্তু একই বন্ধ নিমিত্ত কারণ ও উপাদান কারণ উভয়ই হয়, এরপ ত কোথাও দেখা যায় না।

শুক। না, তাহা দেখা যায় না সত্য। কিছ লগতের আদি কারণ বন্ধ যে কিরপ, তাহা লোকিক দৃষ্টান্তাস্থ্যারে ব্ঝিবার উপায় নাই। একমাত্র শাল্রের সাহায়েই যাহা কিছু জানা যায়। স্বতরাং শাল্র তাহার সম্বন্ধে যাহা বন্ধেন, তাহাই স্বীকার করা ছাড়া গত্যস্কর নাই। শাল্র যখন বলেন, বন্ধ নিমিত্ব ও উপাদান উভয়ই, তখন তাহাই মানিতে হইবে। আর, নিমিত্ব ও উপাদান যখন আলো ও আঁধারের লায় পরক্ষার একান্ত বিক্রম নয়, তখন সচরাচর উহাদের একত্র সমাবেশ দেখা না গেলেও ব্রন্ধে থাকা একেবারে অসক্তবও নয়। যাহা হউক, এ সম্বন্ধে বিক্রত আলোচনা পরে করা যাইবে।

এই বে ব্রহ্মকে জগতের উপাদান বলা হইল, ইহাতে এরপ বৃষ্ণিও না বে, ছুধ বেমন দধিরপে পরিণত হয়, বীল বেমন বৃক্ষরপে পরিণত হয়, ব্রহ্মও ঠিক সেইরপ সত্য সভাই জগদাকারে পরিণত হন। ব্রহ্ম নিত্য, নিরবয়ব বন্ধ, তাঁহার কোন অংশ নাই, তিনি নিত্য নির্ক্ষিকারী; হুতরাং কি স্কাংশে, কি একাংশে, তাঁহার কোনরূপ পরিণাম হুইছেই পারে না।

ভবে যে এই উপাদান, পরিণাম ইত্যদি কথা ব্রহ্ম সহকে উক্ত ইইয়াছে, ইহার তাৎপর্য এই বে, রক্স্কুলর্প-রমন্থলে সেই সর্পের উপাদান যেমন অজ্ঞানাছের রক্ষ্ই, অপরিজ্ঞাতস্বরূপ রক্ষ্ই যেমন সর্পাকারে প্রতিভাত হয়, সেইরূপ ব্রহ্মই জগতের উপাদান, ব্রহ্মই অজ্ঞানপ্রভাবে জগদাকারে প্রতিভাত হন। উপাদান শব্দের এইরূপ অর্থ করিলেই শ্রুতির প্রবাপর সামঞ্জস্য রক্ষা পায়। নতুবা শ্রুতির একস্থলে ব্রহ্মকে জগতের উপাদান বলা ইইয়াছে বলিয়া কেবল সেই কথার উপর নির্ভর করিয়া ব্রহ্ম সত্য সত্যই বিরুত হন, এরূপ অসকত কর্মনা করায় শ্রুতির তাৎপর্যাই নষ্ট ইইয়া যায়।

লক্ষ্য করিয়া থাকিবে, এযাবৎ প্রধানভাবে সাংখ্য দর্শনের জগৎ-কারণ বাদেরই নিরাস করা হইয়াছে। ইহার উদ্দেশ্য এই যে, ঐ দর্শন অন্তান্ত দর্শন অপেকা অনেকাংশে শ্রেষ্ঠ ও যুক্তিযুক্ত। স্তরাং

এতেন সর্বেব ব্যাখ্যাতাঃ ব্যাখ্যাতাঃ॥ ২৮॥

এই সাংখ্যদর্শনের নিরাকরণের দারাই [এতেন] অভান্য অণুকারণ বাদ প্রভৃতিও [সর্কো] নিরাক্ষত হইল [ব্যাখ্যাতাঃ] বলিয়া
ব্ঝিতে হইবে। সে সমন্ত মতবাদও শুতিবিক্ষ। সাংখ্য মতের
বিক্ষে যে সমন্ত যুক্তি প্রয়োগ করা হইয়াছে, ইহাদের বিক্ষাও সেই
যুক্তি প্রয়োগ করা ঘাইতে পারে।

'ব্যাখ্যাতাঃ' এই শক্টী ছইবার বলায় প্রথম অধ্যায় সমাপ্ত হইল, ইহাই বুঝাইতেছে। অধ্যায়াদির সমাপ্তি বুঝাইবার জন্ম ওরপ দিক্জি পুর্বাকালের রীতি।

দ্বিতীয় অধ্যায়

প্রথম পাদ

শিষ্য। গুরুদেব! আপনার উপদেশে বুরিলাম থে, সর্বজ সর্ব্বশক্তিমান ব্লাই অগতের নিমিত্ত ও উপাদান ভারণ। কিছ ভাহা ছইলে

শ্বতি-অনবকাশ-দোষপ্রসঙ্গঃ ইতি চেৎ !---

ক্পিল মূনি প্রণীত সাংখ্যদর্শন এবং সেই দর্শনের মতাবদ্ধী অন্যান্য শাস্তের [মৃতি] কোনরপ প্রসার বা কার্য্য না থাকায় [অনবকাশ-] সেই সমন্ত শাস্ত্র নির্থিক—এইরপ একটা দোবের সম্ভাবনা [দোর-প্রসদঃ] হয়— এ'কথা যদি বলি [ইতি চেং] ?

প্রত্যেক শান্তই প্রামাণ্য শাস্ত্র। তাহার একটা মানিব, একটা মানিব না, এরপ হইতে পারে না। প্রত্যেক শাস্ত্রেরই একটা সার্থকতা আছে, ইহা অবস্থই খীরার করিতে হইবে; না হইলে স্থবিধা বৃথিয়া কোনটা মানা, কোনটা না মানায় প্রকৃত তথ্যলাভ হইতে পারে না। একণে রক্ষকে অগতের কারণ বলিলে সাংখ্য প্রভৃতি শাস্ত্রের সিদ্ধান্ত পরিত্যাগ করিতে হয়; কেন-না, তাহাতে অচেতন প্রধানকেই অগতের কারণরূপে নির্দ্ধান্ত করা হইরাছে। মহ প্রভৃতি শাস্ত্রের তথাংশ ছাড়িয়া দিলেও তবু বাহা হউক ধর্ম্মকর্ম সম্পাদন বিষয়ে তাহাদের একটা সার্থকতা থাকে। কিছু সাংখ্যাদি শাস্ত্র কেবল তথ্যান বিষয়েই আলোচনা করিয়াছে; সেই বিষয়টাই বিদ পরিত্যাগ করিতে হয়, তবে তাহার সমন্ত্রটাই নিরর্থক হইয়া পড়ে।

ক্তরাং সাংখ্যাদি শাস্ত্রাছ্সারেই বেদাস্কের (উপনিবদের) ব্যাখ্যা কর। সমুভ বলিয়া মনে হয়।

শুক্র। না বংস! সাংখ্য প্রভৃতি শান্ত নিরর্থক হইয়া যায়, এই আশহায় শ্রুতির বিকৃত ব্যাখ্যা করিয়া সাংখ্যাদি মতের সহিত সাম≇সা করিতে হইবে, ইহা যুক্তিসক্ত

ন, অন্যন্মতি-অনবকাশ-দোষ-প্রদঙ্গাৎ।। ১।।

নয় [ন]; কারণ, ভাহা হইকে অন্তম্বভিরও নিরর্থকতা দোব উপস্থিত হইতে পারে [অন্তম্বকাশদোবপ্রস্কাৎ]।

সাংখ্যের অন্তর্মণ করিয়া শ্রুতির ব্যাখ্যা করিলে মন্থ প্রভৃতি যে সমন্ত শান্ত বন্ধকেই লগংকারণ বলে, তাহারা নিরর্থক হইয়া পড়ে। বান্তবিক দেখিতে হইবে শ্রুতির তাৎপর্য্য কি। যে সমন্ত শান্ত সেই তাৎপর্য্যের বিরোধী, তাহা অবশ্যই ত্যাক্ষা। স্বতিশাল্তের মধ্যে পরস্পর বিরোধ হইলে যেটি শ্রুতির অন্তর্মণ, সেইটাই মানিতে হইবে। ইন্ত্রিয়ের অতীত বিষয়ে শ্রুতির বাতীত অন্ত কোন প্রমাণ ত নাই। স্থতরাং সাংখ্য যখন শ্রুতিবিক্লম, তখন তাহা নিরথক বলিয়া পরিত্যাগ করিতে বিধা করিলে চলিবে কেন ?

খাবার,

ইতৱেষাং চ অনুপলকেঃ।। ২।।

নাংধ্যাক্ত মহৎ প্রভৃতি অন্যান্য তবের [ইতরেবাম্] শ্রুতিতে কিবা ব্যবহারক্ষেত্রে কোধাও অভিদ না পাওয়ার [অন্তপলক্ষে:] নাংধ্যমত একেবারেই অগ্রাহ্ণ।

সাংখ্যের প্রধান কোনরূপ কটকল্পনা করিয়া হয়ত প্রতিসমত

ৰলিয়া মানিয়া সওয়া বাইতে পারে, কিছু সাংখ্যাক্ত মহৎ প্রভৃতি তত্ত্ব না শ্রুতিতে, না ব্যবহারকেত্রে, কুরোপি দেখা বার। সেপ্তলি নিছক কল্পনা। স্বভারাং বেদবিক্তর বলিয়া সাংখ্যাকত ত্যাক্য।

শিব্য। তাহা হইলে যোগশান্তও ত অবৈদিক বলিয়া পরিত্যাজ্য, তাহাতেও প্রধানকে লগৎকারণ বলিয়া খীকার্মন করা হইরাছে; এবং মহৎ প্রভৃতিরও করনা করা হইরাছে।

প্তৰ। হাবংস!

এতেন যোগঃ প্রত্যুক্তঃ।। ৩।।

এই সাংখ্যের নির্নাকরণ ধারা [এতেন] যোগশান্তও [যোগঃ] নিরাকৃত হইল [প্রত্যুক্তঃ]।

শিষ্য। কিন্তু যোগ ত আত্মজান লাভের উপায়। ভাহা একেবারে উড়াইয়া দেওয়া যায় কিরপে ?

শুক্র। না, যোগশাত্রই বল, আর সাংখ্যশাত্তই বল, আমি কোনটাই একেবারে উড়াইয়া দিবার কথা বলিডেছি না। ঐ সব শাত্তের বে বে অংশ বেদবিক্স, তাহা অবশাই পরিত্যাগ করিছে হইবে। আর, বে বে অংশ বেদবিক্স নয়, তাহা সাদরে গ্রহণ করিছে হইবে। যেমন, সাংখ্য পরমাত্মাকে নিশুণ বলেন, একথা আমরা অবশু বীকার করিব। আবার হোগের ধ্যান ধারণা আত্মজান লাভের কম্ব একান্ত প্রয়োজনীয় বলিয়া ভাহাও অবশ্ব গ্রহণ করিব।

শিব্য। আচ্ছা, এ যাবং আপনি কেবল শ্রুন্থি গু দ্বুতির দোহাই
দিরাই সাংখ্যাদি শাজের অপ্রামাণ্য ছাপন করিরাছেন। কিন্তু যুক্তিতর্ক
বে একেবারেই নিরর্থক, একথা অক্ত বিষয়ে স্বত্য হুইলেও ব্রন্ধ সম্বদ্ধে
নয়। ব্রন্ধ একমাত্র অন্থভবের দারা লাভ করা যায়। সেই অন্থভৃতি

বৃক্তির সাহায্যে যতটা স্থলত হয়, শ্রুতির সাহায্যে ততটা হইতে পারে না। শ্রুতি মোটাম্টি ব্রহ্ম সহক্ষে একটা ধারণা জ্যাইয়া দিতে পারে; কিন্তু ব্রহ্মসাক্ষাৎকার নিজের অর্ভুতির উপরই সম্পূর্ণ নির্জর করে। শ্রুতিতেই যুক্তির সাহায্য গ্রহণের আবশুকর্ত্তব্যতা উপরিষ্ট হইয়াছে। স্থতরাং শ্রুতিসিদ্ধ বলিয়া ব্রহ্মই জগতের কারণ, এবং শ্রুতিবিক্ষ বলিয়া প্রধান প্রভৃতি জগতের কারণ নয়—এ সিদ্ধান্ত যতকণ না যুক্তিঘারা অন্থমোদিত ও স্থ্রতিষ্ঠিত হয়, ততক্ষণ নিঃসন্দেহে স্বীকার করি কির্পে? যুক্তি প্রয়োগ করিলে কিন্তু ব্রহ্মকে জগতের কারণ বলা যায়

ন, বিলক্ষণত্বাৎ অস্ত ; তথাত্বং চ শব্দাৎ ॥ ৪ ॥
না [ন], যেহেতু এই পরিদৃশ্যমান লগতের [অস্ত] স্বভাব ব্রহ্ম
হইতে ভিন্ন, বিপরীত [বিলক্ষণত্বাৎ]; আর [চ] এই যে ব্রহ্ম ও
লগতের পরস্পর বিসদৃশ বা বিপরীত ভাব, তাহা [তথাত্ম] শ্রুভি
হইতেই [শব্দাৎ] জানা যায়।

কারণটা থেরপ, কার্যাটাও সেইরপ হয়। কারণ এক প্রকৃতির, আর কার্যা অল্প প্রকৃতির—এরপ হইতে পারে না। সোনা দিয়া কথনও পাধরের বাটা তৈয়ারী করা যায় না। মাটি দিয়া মাটির বাসনই তৈয়ারী হয়, সোনা দিয়া সোনার গহনাই হয়। এক চেতন, ভয়; আর, জগৎ আচেতন, অভয়। সেই এক এরপ জগতের কারণ হয় কিরপে ? জগতের বস্তুমাজের বিল্লেব করিলে দেখা যায়, জগৎটা হৢখ, তৃঃধ ও মোহময় একটা জড় পদার্থ (এঃ সুঃ ২.২.১ জ্বইব্য)। স্থতরাং ইহার কারণও অবশ্ব স্থা (সন্তু), তৃঃধ (রজঃ) ও মোহ (তমঃ)ময় কোন আচেতন পদার্থই হইবে। তাহাকেই সাংখ্য শাত্রে 'প্রধান' বলা হয়। পক্ষান্তরে জগতের সম্পূর্ণ বিপরীত ধর্মবিশিষ্ট, চির বিশুদ্ধ; হৈডক্সবন্ধপ ব্রহ্মকে কিরপে এই শোকত্বংপূর্ণ অভ জগতের কারণ • বিশার বীকার করা যায় । জগওঁটা যে জড়, তাহার প্রকৃষ্ট প্রমাণ এই যে, চেডন পুরুষ (মান্ত্র প্রভৃতি জীব) এই জগৎকে আপনার ভোগারণে ব্যবহার করে। একটা চেডন অক্স একটা চেডনের চেডনাংশের; কিছা একটা জড় অক্স একটা অড়ের অভাংশের, কোনরূপ উপকার করে, এরপ কোথাও দেখা যায় না। একটা জলম্ব প্রদীপ দারা অক্স একটা জলম্ব প্রদীপ দারা অক্স একটা জলম্ব প্রদীপ দারা করে, সেও ভ্রের জড়াংশ। শরীর, বৃদ্ধি প্রভৃত্বি প্রভৃত্ব কাষ্য করে, ভাহার চেডনাংশ নয়। স্বভরাং কাষ্য জগৎ যথন অচেডন, তথন ভাহার কারণও অবশ্য অচেডন।

গুরু ৷ কিন্তু আমি যদি বলি যে, জগতের কারণ যখন চেডন, কথন ভগতের যাবতীয় পদার্থও চেডন γ

শিয়া। তাহা ই**ইলে জগতের কোন পদার্থকে চেতন, আর কোন** ১৮াখকৈ অচেতন বলা হয় কেন ধ

গুন। উহা একটা লৌকিক ব্যবহার মাত্র। বস্তুত: তৈতন্ত্রই কগতের বিভিন্ন প্রণাথের আকাষে বিরাপ্ত করিতেছে। যে খলে সেই চৈত্যু শক্তির বাহ ক্তি (মভিব্যক্তি) হয়, সেই ছলেই আমরা বলি বস্তুটা চেতন, আর যে স্থলে সেই শক্তি নিক্তিয় থাকে, আর্থি চৈত্তের অভিব্যক্তি হয় না, সেই ছলেই বলি বস্তুটা জড়। চৈত্তের ব্যক্ত (potent) ও অব্যক্ত (latent) অবস্থাভেদেই চেতন ও

এছলে ব্রহ্মকে যে জগতের উপাদান কারণও বলা হইয়াছে, তাহার প্রতি বিশেষ
লক্ষ্য রাখিও।

আচেতন ভেদ সিদ্ধ হয়। বস্ততঃ চেতন ছাড়া লড় বলিয়া কোন পলাধানাই। ভাবিয়া দেখ, একটা ধ্লিকণার স্ক্ষাতিস্ক্ষ পরমাণ্টাও-এক অচিস্কা শক্তির বারা বিশ্বত, সেই শক্তির-ই বিশেষ বিকাশ মাত্র। ইহাকে Force-ই বল, Energy-ই বল, প্রাণই বল, চৈতক্সই বল। বাত্তবিক চেতন ও লড়ের যে বিভাগ, তাহা লৌকিক। স্বতরাং চেতন ব্রন্ধ অচেতন জগতের কারণ হইতে পারে না, এরপ উজি যুক্তি সিদ্ধ নয়।

শিশু। না হয় মানিলাম, অচেতন বলিয়া বাস্তবিক কোন পদার্থ নাই, হতরাং চেতন ব্রন্ধের জ্ঞগংকারণ হইতে বাধা নাই। কিন্তু চিরন্তম, নিম্পাণ, নিম্নলং, নির্প্তন প্রদ্ধ ক্রেপেণ কর্ষিত জগতের কারণ হইবেন কিরপে। আর, চেতন ও জড়ের যে বিভাগ, তাহাও লৌকিক বলিয়া একেবারে উড়াইয়া দিতে পারেন না। কারণ, শুতি শ্বযুংই ঐ বিভাগ শীকার করিয়াছেন (তৈ: ২.৬)। তবে কোন কোন শ্রতিতে দেখা যায় বটে যে, যে সমত্ত বস্তকে আমরা অচেতন বলিয়াই জানি (যেমন, মৃত্তিকা, তেজ ইত্যাদি), তাহারাও চেতনের মত ব্যবহার করিতেছে। থেমন, শুত্তকা বলিল" (শ: ব্রা: ৬.১.৩.২)। "সেই তেজ সম্বা করিলেই চেতন বলা যায় না। কারণ, শুত্তকা বলিল" ইত্যাদি শ্বলে

অভিমানি-ব্যপদেশঃ তু বিশেষ-অনুগতি ভা মৃ॥৫॥
মৃত্তিকাদির অভিমানী দেবতার নির্দেশই [অভিমানিবাপদেশ:]
করা হইয়াছে, ব্ঝিতে হইবে। যেহেতু এক শ্রুতিতে বিশেষ ভাবে
এই কথাই বলা হইয়াছে এবং প্রত্যেক পদার্থের ভিতরেই এক

একটা দেবতা অস্থগত আছে, ইং। শ্রুতি, শ্বতি, ইতিহাস সর্বজ্ঞই প্রসিদ্ধ: বিশেষাস্থগতিভাম]।

পাছে লোকের সন্দেহ হয় যে, ইন্দ্রিয়াদিও চেতন পদার্থ, সেই জন্মই কৌনীতকী শ্রুতিতে বিশেষ করিয়া দলিয়া দেওয়া হইয়াছে যে, যে সমন্ত স্থলে অচেতনকে চেতনের স্থায় ব্যবহারবিশিষ্ট বল। হইয়াছে, সে সমন্ত স্থলে ব্ঝিতে হইবে যে, ঐ সমন্ত ব্যবহার তাহাদের অধিষ্ঠান্ত দেবতা বিশেষেরই কার্যা। দেবতা যে সর্ববিদ্ধ অন্তর্গত, তাহাও সর্ববিশাস্ত্রসম্মত। স্থতরাং জড় বলিয়া কিছু নাই, ইহা বলিতে পারেন না। ফলে জগতের বিপরীত লক্ষণ বিশিষ্ট হওয়ায় ব্রহ্ম অপতের কারণ হইতে পারেন না।

গুরু। আচ্ছা বৎস। তুমি ত কেবল যুক্তিবলেই প্রমাণ করিতে চাও যে, কার্য্য ও কারণ সর্ব্বদাই অন্তর্নপ হইবে। তুমি সচরাচর এইরূপ হইতে দেখিতে পাও, সেইজন্ত অন্তমান কর যে, অচেতন ক্লতের কারণও নিশ্চয়ই অচেতন হইবে। এই নিয়মের অন্তথা হইতেও

দৃশ্যতে তু ॥ ৬ ॥

কিন্ত [তু] দেখা যায় [দৃশ্যতে]। যেমন চেতন মাহ্য হইতে আচেতন কেশের উৎপত্তি, অচেতন গোবর হইতে গোবরে পোকার উৎপত্তি। যদিও বল যে, মাহ্যযের অচেতন শরীরই কেশের কারণ এবং আচেতন গোময় পোকার অচেতন শরীরেরই কারণ, তথাপি দেখ, একস্থলে অচেতনকে আশ্রয় করিয়া চেতনের স্পষ্ট হইল, অক্সন্থলে হইল না। ফলে কার্য্য ও কারণের একটা বৈষম্য যেরপেই হউক থাকিয়াই গেল। মাহ্যের দেহ অচেতন, কেশও অচেতন—মানি।

কিন্তু ঐ উভয় কি এক? রূপ বল, আরুতি বল, প্রকৃতি বল, কন্ত বিষয়ে যে উহাদের পার্থকা, তাহা কি দেখিতেছ না? কার্যা ও কারণ উভয়ে সর্বাংশে ঠিক ঠিক একই রূপ হইবে, এ কথা বলিলে ত উভয়ই এক হইয়া যায়, তুইটা আর থাকে না, ফলে কার্যা ও কারণে বলিয়া একটা কথাই হইতে পারে না। মোট কথা কার্যা ও কারণের একটা ভারতমা না থাকিলে পরিণাম হয় কিরুপে? আর পৃথক্ পৃথক্ নামই বা। দেওয়ার প্রয়োজন কি? তবে কারণের কিছু কিছু অংশ কার্য্যে অবশ্য বর্ত্তমান থাকিবে। মাটার ভেলাটা ঘট হইল। এখন ঘটে মাটি থাকিল বটে; কিন্তু মাটির ভেলাট ঘট হইল। এখন ঘটে মাটি থাকিল বটে; কিন্তু মাটির ভেলার আরুতি, আর ঘটের আরুতিও কি একরূপই থাকিবে? দেইরূপ, ব্রন্ধের "সত্তা" (অন্তিত্ব) জগতে স্পাইই অহুগত দেখা যায়। বস্তুটা 'আছে' এই যে বস্তুর লক্ষণ, ইহা বন্ধা হইতে প্রাপ্তা। আর, চৈতক্তও জগতের সর্ব্যাত ও উপাদান কারণ বলিতে কোন আপত্তি হইতে পারে না।

আরও দেখ, ব্রহ্মকে জানিতে হইলে শ্রুতি ব্যতীত অন্থ কোন প্রমাণের উপরেই একান্তভাবে নির্ভর করা চলে না। ব্রহ্ম ইন্দ্রিয়ের অতীত বস্তু, আমাদের কোন ইন্দ্রিয় দ্বারাই তাঁহাকে প্রত্যক্ষ করিবার উপায় নাই। কোনরূপ চিহ্ন দেখিয়াও "ব্রহ্ম এইরূপ"—এমন অন্থমান করা যায় না; কারণ, ব্রহ্মকে ব্ঝাইতে পারে এমন কোন নিশ্চায়ক চিহ্নও নাই। স্বতরাং একমাত্র শ্রুতি ও শ্রুতির অন্থসারিণী শ্বৃতি হইতেই ব্রহ্ম সম্বন্ধে যাহা কিছু জ্ঞাতব্য, তাহা পাওয়া যাইতে পারে। তবে শাস্ত্র হইতে ব্রহ্ম সম্বন্ধে মোটাম্টি একটা ধারণা হইলেই যে ব্রহ্মকে জানা হইয়া গেল, এমন নয়। তাঁহাকে প্রত্যক্ষ করিতে, স্বয়ং উপলিজি করিবার উপায় নাই। পুতকগত বিহ্যা নিম্ম জীবনে প্রকট ও প্রতিষ্ঠা করিতে সাধনার প্রয়োজন। সেই সাধনায় বিচারের স্থান অতীব উচ্চ, সন্দেহ নাই। কিন্তু সেই বিচার শ্রুতির দিল্ধান্তের অহুকূল হইলেই ঐ সিদ্ধান্ত সাধ্বের জীবনে প্রতিষ্ঠিত হইতে পারে; নতুবা যত বড় বৃদ্ধিমানই হও না কেন, আপনার বিচারশক্তিকে শ্রুতি নিরপেক্ষভাবে স্থানীন পথে প্রিচালিত করিলে ক্ষনত কোন ছির সিদ্ধান্তে উপনীত হইতে পারিবে না। একাদশ পরে এই বিষয়ের বিশদভাবে আলোচনা করিব।

শিষ্য । আচ্ছা, চিরগুদ্ধ, নিভাচেতন, রূপরসাদিবিহীন ব্রদ্ধকে ধনি অগুদ্ধ (নানা দোষ্যুক্ত), রূপরসাদিযুক্ত অগতের কারণ বলা হয়, ডবে ইহাও অবগ্য বীকার করিতে হইবে যে, জগৎরূপ কার্য্য উৎপত্তিঃ পূর্বে ছিল না, একেবারে নৃতন একটা কিছু উৎপন্ন হইয়াছে। কিছু ভাষা হইবে "কিছু-না হইতে কিছুর উৎপত্তি"ও শীকার করিতে হয়। কিছু ভাগ্ ত হইতে পারে না। স্কৃত্যাং ব্রদ্ধকে জগতের কারণ বিল্যে উৎপত্তির গ্রেষ্ঠ জগৎরূপ কাষ্য

অসৎ ইতি চেৎ ?--

অভিও বিহীন চিল [অসম] অগ্নিছিল না, এই কথা [ইতি] মদি [65২] কেই মলে দ

🕶 । ন, প্রতিষেধমাত্রত্বাৎ ॥ ৭॥

না, তাহ। বলা যায় না [ন]; কারণ, তাদৃশ উক্তি একটা নিরপ্ক নিষেধমাত্র [প্রতিষেধমাত্রহাং]। "অসং—সং অর্থাং অভিত্বান্ নহে", উংপরির পূর্বে কাষা সহদ্ধে এরপ উক্তি একটা কথার কথা নার! উংপরির পূর্বে জগতের কোনরূপ অভিত্ব থাকে না, এরপ উজির কোন অর্থ নাই। কার্য্য জিনিষ্টা কার্য্যাবস্থায়ও যেমন কারণ-রপেই বিদ্যমান থাকে, কার্য্যাবস্থার পূর্বেও তেমন কারণরপেই তাহার অন্তিও অবশুই থাকে। কার্য্য কারণকে ছাড়িয়া স্বয়ং স্বতন্ত্রভাবে কোন কালেই থাকিতে পারে না—কি উৎপত্তির পূর্বে, কি পরে। কিন্তু কারণরপে কার্য্যটি উৎপত্তির পূর্বের যেমন থাকে, পরেও তেমনই থাকে। এ স্থদ্ধে বিভূত আলোচনা পরে করা যাইবে। (বাং স্থং ২.১.১৪ এইবা)।

শিষ্য। আচ্ছা, এই জগং যদি এক হইতেই উংপন্ন হইয়া থাকে, তবে প্রদায়কালে আবার তাঁহাতেই মিশিয়া এক হইয়া যাইবে। একণে কোনরূপ স্বাদবিহীন এক মাস জলের সহিত যদি এক চামচ লবণ মিশিয়া যায়, তবে সেই জলেও লবণাক্ত স্থাদ হয়। সেইরূপ প্রস্কালে জগতের আচেতনত্ব প্রভৃতি দোষও এককে দ্বিত করিয়া দিবে। স্থতরাং শুদ্ধ (সর্ক্বিধ দোষ বা মালিনা রহিত) এককে যদি আশুক্ত নোনা দোষ পূর্ব) জগতের কার্ণ বলি, তবে

অপীতো তদ্বৎ-প্রদঙ্গাৎ অসমঞ্জসম্॥ ৮॥

প্রকাষ [অপীতে] বন্ধও কাখোর অর্থাৎ জগতের মত [তহং]
হইয়া যায়, এইজন্ম [প্রসঙ্গাৎ] বন্ধকারণবাদ সমীচীন বলিয়া বোধ
হয় না [অসমঞ্জসম্]। অর্থাৎ প্রলয়কালেও বন্ধ জগতের যাবতীয় দোবে
আছিল হইয়া যাওয়ায় তাঁহার আর বন্ধত থাকে না, স্করাং বন্ধকে
কগতের কারণ বলা যায় না।

গুৰু। ন তু, দৃষ্টান্তভাবাৎ ॥ ৯ ॥ না, একথা বলিতে পার না [ন তু]; যেহেতু, কার্য্য কারণের সহিত লীন হইয়া গেলেও কার্য্যের ধর্ম বা গুণ কারণে স্পৃষ্ট হয় না,

এমন দৃষ্টান্তও আছে [দৃষ্টান্তভাবাৎ]। যেমন, মৃত্তিকা নিৰ্মিত একটা শরা। শরাটা ভাবিয়া আবার মাটি হইল। কিন্তু সেই মাটিতে কি শরার আকৃতিও দেখিতে পাওয়া যায় ? সোনা দিয়া তৈয়ারী একগাছি বালা ভান্নিয়া গলাইয়া আবার যথন সোনায় পরিণত করা হয়, তথনও কি তাহা দেখিতে বালার মতথাকে, না তাহা হাতে পরা যায় ? বরং কার্যা কারণে লয় হইলে কার্য্যের ধর্ম কারণকে বিকৃত করে, এরপ দুষ্টান্তই কোথাও পাওয়া যায় না। জল লবণের কারণ নয়, স্বতরাং সে দৃষ্টান্ত নিতান্তই অপ্রাসঙ্গিক। আর. কার্য্য যথন কারণে লয়প্রাপ্ত হয়, তথন যদি কার্য্যের যাবতীয় ধর্ম বা গুণ ঠিক ঠিক বজায়ই থাকে, তবে সে আবার কেমন লয় ? আমরা কার্যা ও কারণের বস্তুত: অভিন্নত্ব, একত স্বীকার করিলেও একথাও বলি যে, কার্য্যের ম্বরূপ কারণ, কারণের ম্ব-রূপ कार्या नम्। ि विषम् बः यः २.১.১৪ युख विभन इहेरवी। স্থতরাং কার্য্যের ধর্ম কার্ণকে স্পর্শ করিতে পারে না। যদি পারে वन. তবে नग्रकात किन. এथन ए ति हो ति वहें एक भारत : किन-না, কারণই কার্য্য হইয়াছে, কার্য্যের কোন পুথক অন্তিত্ব নাই: ফলে কার্য্যের দোষগুণ সবই কারণেরও দোষগুণ বলিয়া স্বীকার করিতে হয়। কিন্তু প্রকৃতপক্ষে যাহাকে আমরা কার্য্য বলি, বিচার করিয়া দেখিলে তাহাকে অজ্ঞানকল্পিও ছাড়া আর কিছই বলা যায় না। স্থতরাং তাহা মিথা। যাহা মিথা, তাহা কোনকালেই সত্য বস্তুকে স্পর্শ করিতে পারে না। একজন যাতুকর দেখাইল যে, সে যেন আপনার গলা কাটিয়া ফেলিডেছে। সকলেই দেখিল, সে পলা কাটিয়া ফেলিয়াছে। সত্য সত্যই কি তাহার পলা ত্থও হইয়। यात्र ? তবে দর্শকদের এমন একটা ভ্রম হয় যে, ভাহার। মনে করে.

যাত্ত্বর সত্য সভ্যই আপন গলা কাটিয়া ফেলিয়াছে। বাস্তবিক কিন্তু ঐ থেলা দেখাইবার সময়, উহার পূর্ব্বে এবং পরে যাতৃত্বর একভাবেই থাকে। সেইরপ ব্রহ্মও সংসারের ইন্দ্রজালে কোনকালেই বিক্বত হন না।

শিষ্য। আচ্ছা, প্রেলয়কালে জগতের যাবতীয় পদার্থ ব্রেজর সহিত এক হইয়া যায়। কিন্তু আবার যথন স্প্রতি হয়, তথন এক বস্তু হইতে অপর বস্তুর পার্থকা সাধিত হয় কোন্নিয়মে?

গুল। স্বপ্নহীন গভীর নিজার সময়, কিম্বা সমাধির অবস্থায় এটা, প্রটা, সেটা ইত্যাকার কোন প্রভেদ থাকে কি ?

শিয়া না।

গুরু। কিন্তু আবার জাগ্রত হইলে, কিন্বা সমাধিভঙ্গে সেরূপ প্রভেদ আদে কোথা হইতে ?

শিগু। নিশ্চয়ই অজ্ঞানের বীজ থাকিয়া যায় বলিয়াই পুনরায় ওরপভেদ অফুভূত হয়।

গুরু । তাহা হইলে এই দৃষ্টান্ত অনুসারে অনুমান করিতে পারি যে, প্রলয়কালেও অজ্ঞানবীজ থাকে, অর্থাৎ প্রলয়কালেও পুনরায় সৃষ্টি হইতে পারে এমন বীজশক্তি নিশ্চয়ই বর্ত্তমান থাকে, এবং সেই বীজশক্তির বহিন্দমেষই পুনংস্টি । স্বতরাং যাঁহারা একবার মৃক্ত হইয়াছেন, তাঁহাদের অজ্ঞানবীজ নট হইয়া যাওয়ায় তাঁহাদেরও আর পুনরায় উৎপত্তি হয় না। যাহা হউক, এ বিষয়ে পরে আরও আলোচনা করা যাইবে । অত্ঞাব বৃদ্ধান্তরে ব্রহ্মকৈ জ্গৎকারণ, সে বিষয়ে কোন সন্দেহ নাই । পক্ষান্তরে ব্রহ্মকে জ্গৎকারণ না বলিয়া প্রধানকে যদি কারণ বল, তবে

স্বশিক্ষদোষাৎ চ ॥ ১০ ॥
তোমার এই আপন পক্ষেও যথেষ্ট দোষ দেখান যাইতে পারে।

প্রধানেরও (সাংখামতেই) রূপ, রদ ইত্যাদি কিছুই নাই, অধচ তাহা হইতে উৎপদ্ধ জগতে এই সমন্ত পূর্ণমাত্রাই আছে। স্থতরাং ব্রহ্মকারণের বিরুদ্ধে ধে সমন্ত দোষ দেখাইয়াছিলে, প্রধানকারণ পক্ষেও সেই সমন্ত দোষই দেখান হাইতে পারে। এই সব তথাকথিত দোষ উভয় পক্ষেই সমান। তবে ব্রহ্মকারণ পক্ষে এই সব দোষ পরিহার করা চলে এবং উহা শ্রুতিসিদ্ধ, প্রধানকারণ পক্ষে সেরপ নয়—এই বিশেষ।

ভারপর জগতের মূল কারণ নির্ণয় ব্যাপারে একমাত্র স্বাধীন ভর্ক যুক্তির উপরেই একান্ত নির্ভর করা চলে না। মাছফের তর্কশক্তি নিতাস্তই অব্যবন্থিত, তুইজন মাতৃষ স্বাধীনভাবে বিচার করিয়া কদাপি একই সিদ্ধান্তে উপনীত হইতে পারে না; স্থতরাং তাদৃশ বিচার বলে কোন একটা স্থির সিদ্ধান্তে উপনীত হওয়াও অসম্ভব। শালাদির অবদখন ব্যতীত কেবল বুজির সাহায্যে কোন শ্বির সিদ্ধান্তে উপনীত হইবার কোনই সম্ভাবনা নাই। যাহার বৃদ্ধিবৃত্তি যতটা ভীক্ষ, সে ভতগানি প্যক্তেই পৌছিতে পারে। এ ত অহরহই দেখা যাদ যে, একখন গণ্ডিত শতি যত্নে একটা তর্কের প্রতিষ্ঠা করিলেন, অপর একজন অনায়াসে তাহা বতন করিলেন। আবার তাঁহার অপেকা বৃদ্ধিমান ভূতীয় প্রিভ তাহার খন্তনেরও প্রুন করিয়া এক অভিনৰ মত স্থাপন করিলেন। মানববৃদ্ধি আতি বিচিত্র—কেবল তাহার সাহায্যে একটা স্থিয় সভ্য সিকাল্ডে উপনীত হওয়া অসপ্তব। মাহুষের বুদ্ধি যভই তীক্ষ হউক, ভাহাকে যুক্তির পথে এমন এক জামগায় আসিয়া পৌছাইতে হয়, যখন সমস্ত যুক্তিতৰ্ক একেবারে এলোমেলো হইয়া যায়, তথন আৰু থৈ পাওছা যায় না। একপ অবস্থায় শান্ত্রসিদ্ধান্ত মানিয়া ল ওয়া ছাড়া গভাম্বর থাকে না। তথন সেই শান্তনির্দিষ্ট প্রণালীতেই

নেই নি**ছান্তের** সভাাসত্য নিজ জীবনে পরীকা করিয়া প্রতিষ্ঠিত ৰবিতে হয়। নতুবা স্বাধীন যুক্তিতক কোন কালেই কোন স্থির সিছান্তে পৌচাইতে পারে না।

শিবা কিছ

তর্ক-অপ্রতিষ্ঠানাৎ অপি অন্যথা অনুমেয়ম ইতি চেৎ !--তর্ক্যুক্তি দাধারণতঃ প্রতিষ্ঠিত, স্থির, একরপ না হইলেও [তর্কা-প্রতিষ্ঠানাদপি] কোন প্রকারের যুক্তিই যে স্বস্থিত নয়, এমন ত বলা যায় না; স্তরাং 'তর্কষ্ক্তি স্প্রতিষ্ঠিত' এরূপ [অন্তথা] অসুমানও क्तिए भाता याय [अकृत्ययम], हेश यनि [हेि (हर] वनि ?

'তর্ক বা যুক্তি স্বন্ধিত নয়'—এই সিদ্ধান্ত তর্কের সাহায্যেই করা হয়: স্বতরাং কোন প্রকারের যুক্তিই যে স্বস্থিত নয়, এরূপ একটা সাধারণ সিদ্ধান্ত করা যায় না। অতএব কপিল প্রভৃতি মহর্ষি যুক্তির বলে যে সমন্ত সিদ্ধান্তে উপনীত হইয়াছেন, তাহা শ্রুতির অমুষায়ী না হইলেও খীকার করা ঘাইতে পারে।

প্রক ৷ ইয়া

এবম্ অপি অবিমোক্ষ-প্রদঙ্গঃ ॥ ১১॥

এরপ বলিলেও [এবমপি] তর্কের যে দোষের কথা বলা হইয়াছে, তাহা হইতে মোচনের কোন সম্ভাবনা নাই ি অবিমোক-প্রসকঃ।।

হইতে পারে, কোন কোন তর্ক বা যুক্তি স্থন্থিত, এবং তাহার সাহায্যে লব্ধ সিদ্ধান্তও সত্য, তথাপি আমাদের আলোচা বিষয়ে (জগতের মূল কারণ বিষধে) তর্ক কিছুতেই একটা স্থির অবিচলিত সিদ্ধান্তে পৌচাইতে পারে না। এই ইন্দ্রিয়ের অতীত বিষয়ে কি প্রত্যক, কি অন্নমান কোন প্রমাণেরই প্রসায় নাই। আমরা বাহা যাহা প্রত্যক্ষ করি, অমুমান বলে সেইরূপ একটা কিছু, কিখা সেইরপ ঘুটা পাচটা জুড়িয়া একটা কিছু কল্পনা করিতে পারি বটে, কিছ সেই কল্পনাটা পত্য কি মিখ্যা, তাহা পরীক্ষা করিবার একমাত্র মাপ কাঠী শাস্ত্র। যে প্রত্যক্ষ বা অফুমানের সাহায্যে ওরূপ কল্পনা করিয়াছি, তাহা কখনও উহার সত্যাসত্য নির্দ্ধারণ করিতে পর্যাপ্ত হইতে পারে না।

আরও দেধ, যথার্থ জ্ঞানে মুক্তি হয়, ইহা সর্ববাদিসমত। यथार्थ वा ममाक ज्ञान याहा, जाहा कथन जाना क्षकाद्वत हम ना, চিরকাল একইরূপ থাকে। একটা বিষয়ে আমার একরূপ জ্ঞান হইল, তোমার একরপ হইল, অন্তের অন্তর্মপ হইল,-এরপ জ্ঞানকে সম্যক্ জ্ঞান বলা যায় না। সম্যক্ জ্ঞান তোমার আমার উপর নির্ভর করে না: উহা যে বস্তুটীর জ্ঞান, ভাহারই একাস্ত অধীন। মতরাং তোমার আমার পরিবর্ত্তনে ঐ জ্ঞানের কোন পরিবর্ত্তন হইতে পারে না। যে বস্তুটী চিরকাল একইরূপে অবস্থান করে, তাহাই সতা: এবং তংসম্বন্ধে সমাক জ্ঞানও চিরকালই একই প্রকার: তোমার আমার ব্ঝিবার পার্থক্যে ঐ জ্ঞান আজ একরপ, কাল অন্তর্রপ হইতে পারে না। মাছুষের বৃদ্ধিশক্তি বিচিত্র, শান্ত্রনিরপেক্ষ হইয়া কেবল সেই বৃদ্ধির সাহায্যে যে রকম যুক্তিই অবলম্বন করা যাক, তাহা পৃথক পুषक हरेरवरे, ফলে जल्लक छान्छ विভिन्न हरेरव। ऋजवाः जानृग জ্ঞানকে সম্যক জ্ঞান বলা যায় না। অতএব শাস্ত্রনিরপেক হইয়া কেবল তর্কের সাহয়ে যে জ্ঞান লাভ করা যায়, তাহা দারা কখনও মৃক্তি লাভ হইতে পারে না।

শাংখামত শ্রুতির মডের প্রায় অফ্রুপ, হুযুক্তিপূর্ণ এবং

বেদমতামুদারী কোন কোন ঋষি উহার কোন কোন অংশ গ্রহণও করিয়াছেন। তথাপি পূর্ব্বোক্ত কারণে সাংখ্যমত অগ্রাহ। স্থতরাং

এতেন শিক্ট-অপরিগ্রহা অপি ব্যাখ্যাতাঃ ॥১২॥
এই সাংখ্যমতের খণ্ডন দারা [এতেন] মহ প্রভৃতি বেদমতাবলম্বী
ঋষি যে সমন্ত শ্রুতিবিক্ষ মতের কোন অংশও গ্রহণ করেন নাই,
সেই সমন্ত মতও [শিষ্টাপরিগ্রহা: অণি] নিরাক্কত, নিরন্ত হইল
[ব্যাখ্যাতাঃ] বুঝিতে হইবে।

শিষ্য। আচ্ছা, ব্রহ্মকারণবাদ স্বীকার করিলে ব্রহ্ম ছাড়া দিতীয় বস্তু নাই, ইহাও অবশ্য স্বীকার করিতে হয়। কিন্তু সকলেই ত দেখিতে পাই, সংসারের কতক পদার্থ ভোগ করে, আর কতক ভুক্ত হয়। যেমন চেতন, শরীরধারী রাম ভোক্তা (উপভোগকারী), আর মাল্য, চন্দন, অন্ন ইত্যাদি তাহার ভোগ্য। এই উপভোক্তা ও ভোগ্য বস্তুর বিভাগ ত প্রত্যক্ষ সিদ্ধ। ভোক্তা ও ভোগ্য এই উভয়ই যদি ব্রহ্ম হইতে অভিন্ন হয়, তবে এই প্রসিদ্ধ বিভাগের যে লোপ হইয়। যায়। স্ক্তরাং ব্রহ্মকে জ্বগৎকারণ বলিলে ভোক্তাপিতেঃ অবিভাগঃ চেৎ ?

ভোগ্যও ভোক্তা হইয়া যায় বলিয়া [ভোক্ত্রাপত্তে:] প্রসিদ্ধ বিভাগের লোপ হয় [অবিভাগ:], যদি [চেৎ] এরপ বলি ? গুরু। না, বৃদ্ধকে জগৎকারণ বলিলেও এইরপ বিভাগ

.ক ৰসংকাৰণ বাগলেৰ এইয়াণ বিভাগ ক্যাৎ লোকবৎ ॥ ১৩॥

থাকিতে পারে [স্যাৎ], যেমন ব্যবহার ক্ষেত্রে দেখা যায়

८मथ, সমুদ্রের ফেন, ভরঙ্গ, বৃদ্বুদ সমত্তই এক অল, এবং উহারা সমুদ্র হইতে অভিন্নও বটে। কিন্তু তথাপি ফেন, তর্গ, বুনুবুদ ইহাদের পরস্পরের বিভাগ বা পার্থকা লোপ পায় না। এই সাধারণ দুষ্টান্তাহুসারে আমরা বলিতে পারি যে, ভোক্তা ও ভোগ্য উভয়ই বস্তুত: বন্ধ হইতে অভিন্ন হইলেও ভোকা ভোগা হইয়া যায় না, কিছা ভোগাও ভোক্তা হইয়া যায় না।

বস্তুত: এই যে লৌকিক বিভাগ, এক বস্তু হুইতে অন্ত বস্তুর পার্থকা, এ কেবল উপাধি নিবন্ধন। একই মহাশুল্ম যেমন ঘটের মধ্যের শৃত্তা, গৃহের মধ্যের শৃত্তা, প্রভৃতি পুথক পুথক্ ভাগে বিভাজ, ভাপুথক কামে অভিহিত হয়। বাবহার কেতে এরপ বিভাগ অবশং স্বীকার করি। কিন্তু প্রমার্থতঃ ওরূপ কোন বিভাগই สาริ.

তদন্ন্যথম আরম্ভণশব্দদিভ্যঃ॥ ১৪॥

ঞ্তিতে যে 'আরম্ভণ' প্রভৃতি শব্দ আছে, তাহা হইতেই [আরম্ভণ-শকাদিভা:] কার্য্য ও কারণের অভিন্নত [ভদননাত্ম] দিশ্ব হয়।

আকাশ হইতে আরম্ভ করিয়া বহু পদার্থের সমষ্টি এই যে ভগং ইহাই হইন কার্হ্য, এবং পরব্রন্ধ ইহার কার্ক্সপ। শ্রুতির তাংপ্যা প্যালোচনা করিলে বুঝা যায় যে, এই কারণ হইতে কার্থ্যের পরমার্থতঃ কোন ভেদ বা পার্থকা নাই। ভেদ নাই विलिए हेहारे दुबिएक हहेरव ८६, कार्या काब्रगरक छाछिया चयः থাধীন স্বতন্ত ভাবে থাকিতেই পারে না। ঞ্চিতে (ছা: ৬.১) নেখিতে পাই, উদালক ঋষি পুত্র খেতকেতৃকে বৃক্ষাইতেছেন, কিরুপে একটী মাত্র বস্তুর জ্ঞানেই অপর বস্তুর জ্ঞান হইয়া যায়। দৃষ্টান্ত শ্বরূপ দে শ্বলে বলা হইয়াছে, যেমন একটা মাটির ভেলা যে কি পদার্থ, তাহা সমাক স্থানিতে পারিলে মাটর তৈয়ারী যত কিছ জিনিষ স্বই জানা হইয়া যায়: কারণ, বস্তুত: ঐ সমন্ত জিনিষ একমাত্র মাটিরই বিভিন্ন অবস্থা মাত্র, মাটিই উহাদের শ্বরূপ। মাটিকে বাদ দিয়া উহাদের অভিত্রই সম্ভব হয় না। ঘট. শরা, কলসী ইত্যাদি এক মাটিরই বিভিন্ন অবস্থা, এক মাটিই বিভিন্ন অবস্থায় বিভিন্ন নামে ব্যবহৃত হয় মাত্র। স্বভরাং বান্তবিক দেখিতে গেলে মাটিই সতা, আর মাটির তৈয়ারী যাবতীয় পদার্থই नाम माट्य वर्रुमान। एटे. महा कलभी हेलानि भनार्थश्वनि क्वतन বিভিন্ন অবস্থায় বিভিন্ন নামে পৃথক পৃথক পদার্থ বলিয়া অফুভত হয়, বস্তুতঃ উহারা মাটিই। স্বতরাং ঘট, শরা প্রভৃতি এক মাটিরই বিভিন্ন নামের অবস্থাগুলি অ-স্থির বলিয়া মিথাা, এবং উহাদের কারণ মাটিই সভা। এইরূপ কার্যা কারণের বহু দুটান্ত দারা উদ্দালক व्याहेत्मन (य. भव्रमार्थण: बन्नहे (मृत कावन) मछा, व्यर्थार इ.छ. ভবিষ্যৎ ও বর্ত্তমান এই তিন কালেই একই রূপে বর্ত্তমান বস্তু: এবং ব্রহ্মকে ছাড়িয়া জগৎরূপ কার্য্য স্বতন্ত স্বাধীন ভাবে পাকিতেই পারে না। ঐতির "আরম্ভণ" কার্য্য কেবল নাম ছারাই আর্র অর্থাৎ ব্যবহার যোগ্য হয় বিভাতি শব্দ দারা ইহাই সিদ্ধান্ত হয় যে, কাৰ্য্য কথনও কাৰণকৈ ছাডিয়া স্বাধীন ভাবে থাকিতে পাৰে না: ষণ্য ক্থায়, কার্হ্য ও কার্থ বস্তুত্য এক, অভিন্ন। মুর্ণ রাধিও, কার্যা ও কার্ণ অভিন্ন হইনেও কার্হোব্র প্রক্রাপ কারণ, বিশ্ব কারণের হুরূপ কার্য্য নয়।

আরও দেখ, শ্রুতি বলেন, "যাহা কিছু দেখিতেছ, সমস্তই ব্রহ্ম"

(বু: ২.৪.৬ \ "এ সমন্তই বন্ধ" (মু: ২.২.১১) ইত্যাদি। এই প্রকার বছ শ্রুতি বাকা হইতে শাষ্ট্রই বুঝা যায় যে, কারণ হইতে কার্যোর কোন পুথক স্বাধীন অন্তির নাই। যদি কারণ একটা বস্তু, কার্য্য তাহা হইতে স্বতম্ব আর একটা বস্তু হয়, তবে কথনও এক বস্তুর জ্ঞানে সর্ব্ধ বন্ধর জ্ঞান সম্ভব হইতে পারে না। উদ্দালকও খেত-কেতৃকে মৃত্তিকাদির দৃষ্টান্ত ঘারা বুঝাইলেন যে, কার্য্যের যখন কারণা-তিরিক্ত খতম্র কোন সত্তা নাই, এবং কার্য্যের খরূপ যথন কারণ ছাড়া আর কিছুই নয়, তথন একমাত্র কারণকে জানিলেই বলা যাইতে পারে যে. সমগ্র কার্য্যবর্গই জ্ঞাত হইয়াছে। এইরূপ হইলেই এক বিজ্ঞানে সর্ববিজ্ঞান সম্ভব হয়, অন্তথা নয়। স্থতরাং গুহের মধ্যের শৃষ্ঠ যেমন বাহিরের মহাশৃষ্ঠ হইতে পৃথক্ নয় * অথবা মরীচিকার জল যেমন মক্ত্মি হইতে পুথক নয়ণ, সেইরপ ভোকা, ভোগ্য প্রভৃতি বছভাগে বিভক্ত এই যে জগৎ, তাহাও ব্রহ্ম হইতে পুৰুক নয়। সভ্য পদাৰ্থ ভাহাকেই বলা যায়. যাহা সর্বকালে সর্বঅবস্থায়, সর্বত একইরূপে অবস্থান করে; আর যাহা কখনও আছে, কথনও নাই—ভাহাই মিথ্যা। এই ভাবে দেখিলে ৰারণই বাস্তবিক সভা, কাৰ্যা মিথা।; ব্ৰন্ধই সভা, জগৎ মিথা। বৎস। মিথা। বলিতে এরপ মনে করিও না যে "নাই"। এক অবিকৃত রূপে না थाकारकहे भिषा वना हम। अज़श्रक भिष्णा वनात जार नर्या এहे रम, ব্রহ্মকে ছাড়িয়া ইহার কোন পৃথক্ অন্তিত্ব নাই, যদি কেহ মনে করে (य, खग९ण এकण शाधीन, अठंड मठा भनार्थ (मर्खना, मर्खड, मर्खधा

পরিণামাস্রপ দৃষ্টান্ত।

[†] বিবর্তা হরণ দৃষ্টান্ত।

একইব্লপে বর্ত্তমান,), তবে তাহা ভূল হইবে। এবিষয়ে ক্রমে বিশদভাবে আলোচনা করিব। স্থতরাং দেখা গেল, এক অদিতীয় কারণ স্বরূপ ত্রন্ধই স্তা, এবং সেই অথও নির্কিকার ত্রন্ধে পরিকল্পিত বভাক্তা ভোগ্য প্রভৃতি বিভিন্ন বিভিন্ন পদার্থের সমষ্টি কার্য্যরূপ এই যে জ্বগৎ, তাহা বস্তুতঃ মিথ্যা।

শিষা। কিন্তু নিতা একইরপে অবস্থিত কারণ যেমন সতা, তেমন নানারপে অবস্থিত সেই কারণের কার্য্যকেও ত আমরা সত্য বলিয়া স্বীকার করিতে পারি: ত্রন্ধকে যদি বিবিধশক্তিসম্পন্ন এক বস্তু বলিয়া স্বীকার করি, তবে তাঁহার একত্বও যেমন সতা, সেইরপ তাঁহার বহু-ব্লপত্ত (নানাত্ত) সত্য বলিয়া স্বীকার করিতে বাধা থাকে না। 'একটা গাছ'-এইভাবে যেমন তাহার একত্ব সতা, সেইরূপ আবার গাছের শাখা, পৰব, শিকড়, কাণ্ড,-এইভাবে তাহার নানারপত্তও সত্য। সমুদ্ররূপে যেমন একত্ব; ফেন, বুদুবুদ, তরঙ্গ ইত্যাদি রূপে বহুত্ব। মাটিরপে যেমন একড; ঘট, শরা, কলদী ইত্যাদিরপে বহুত। স্থতরাং একত্বও যেমন সত্য, বছত্বও তেমন সত্য। এইরূপ স্বীকার क्रितल এক इरक नहेशा साक, वह इरक नहेशा देविनक ७ लोकिक সমন্ত ব্যবহার সিদ্ধ হয়: অর্থাৎ একত্বের জ্ঞানে মোক্ষ, এবং বহুত্বের জ্ঞানে সংসার। এই একত্ব ও নানাত্ব—এই উভয়কেই স্ত্য বলিয়া चौकात कतिरानरे अधिराज रा मृखिकानित मृष्टांख रामध्या रहेशारह, তাহাও স্বসঙ্গত হয়।

গুৰু। না, বংস, তাহা হয় না। শ্রুতিতে মুত্তিকাকেই কেবল -সত্য বলিয়া নির্দেশ করা হইয়াছে (ছা: ৬.১.১); মুদ্ভিকার বিকার বা কার্য্য ঘট, শরা ইত্যাদিকে কথার কথা বলিয়া মিখ্যাই প্রতিপন্ন করা হইয়াছে। এবং পরমকারণ ত্রন্ধকে লক্ষ্য করিয়া শ্রুতি স্পষ্টই

বলিয়াছেন যে, জীব ও জগং সেই ব্রন্ধই। হতরাং শ্রীব ও স্কর্গং ত্রন্ধপেই সত্য, জীবালিরপে সত্য নয়। আর, শ্রুতিতে যে জীবকে ব্ৰহ্ম বলা হইয়াছে, তাহাতে এমন কিছু বুঝা যায় না যে, জীব একটা কিছু আছে, সাধনাদির ধারা সে ত্রহ্মত্রপ একটা নৃতন কিছু হয়। পর্ভ্ব জীব প্রভাবত:ই প্রদাপর্যপ, তাহাকে বতু করিয়া বন্ধ হইতে হয় না, সে চিরকাল একরপেই বর্তমান: কেবল অজ্ঞান প্রভাবে এই তথাটি আমাদের অঞ্চাত বলিয়াই জীবকে ব্রহ্মাতিরিক অন্ত কিছু বলিয়া মনে ১য়। প্রত্রাং জাবকে এক বলিছা না ধরিয়া জীবরূপে ধরিলে অবশুই ভ্রম ইইবে। রজুদর্শভ্রম স্থলে যেমন অমুভূত বস্তুটীকে রছন বলিয়া বুঝিলেই সর্পজ্ঞান চলিয়া যায় এবং **সর্পজ্ঞান হইতে উৎপ**র ভয়, কম্প প্রভৃতিও যেমন সঙ্গে সঙ্গে অন্তহিত হয়, সেইরূপ জীবকে হলন অধ্যার পার, তথন জীবজ্ঞান এবং সঙ্গে সংক জীবোচিত সকল ব্যবহারও লুপু হইয়া যায়। তথন একমাতা অন্ধই অবশ্বিতি করে। হতরাং এক এঞার বছরপর আর সভাহয় কিরপে? প্রাতি বলেন, "যখন সমশুই আত্মস্বরূপে প্রাবসিত হয়, তখন আর কে কাল্যকে দেখে" (বা ৪.৫.১৫) ম এইব্রপ বহু প্রতিবাক্য হইতে ম্প্রটা বুরা ধাব বে, বিনি আপেনাকে এদা বলিয়া চিনিয়াছেন, তাঁহার হারভীয় ব্যবহারই লোপ প্রাইয়াছে।

তাবপর, একও ও নানাং—এই উভয়কেই সত্য বদিয়া শীকার কাবতে, 'জ্ঞান মোজের কারণ'—একথাও বলা যায় না। যেহেতু, একচেব জ্ঞানত সত্য, নানাধের জ্ঞানত সত্য; কালেই একথের জ্ঞান ইটালত নানাধের জ্ঞান দ্বাহাতই থাকে। ভ্রতান ভ্রাল্লা ক্রোলাল সভ্যে বাস্তার ক্রোলালা ক্রালা আছা না। রজ্ ও সর্প—উভয়ই যদি সত্য হয়, তবে রজ্ব জ্ঞান সপের জ্ঞান ভিরোহিত হয় না। সেইরপ নানাত্ব হিল সত্য হয়, তবে একত্বের জ্ঞানে সেই নানাত্বের লোপ হয় না, ফলে জাগতিক ব্যবহার পূর্বের মতই চলিতে থাকে, বন্ধনের আর বিরাম হয় না। কাহারওজ্ঞান হইল, এই কথায় যদি এরূপ বল যে, পূর্বের তাহার কেবল নানাত্বেরই জ্ঞান ছিল, এখন একত্বের জ্ঞান হইয়াছে, তাহাতেই বা তাহার কি লাভ হইবে ? তাহার একত্বের জ্ঞানে যখন তাহার নানাত্বের জ্ঞান বিনিষ্ট হইল না, তখন ত তাহাকে বন্ধনের মধ্যেই থাকিতে হইবে। নানাত্ব যদি বাত্তবিক মিখা। হয় এবং সে সম্বন্ধে কাহারও সত্যত্ব বৃদ্ধি থাকে, তবেই একত্বের জ্ঞানে সেই সত্যত্ব বৃদ্ধি বিনষ্ট হইতে পারে, এবং ফলে তাহার বন্ধনেরও বিরাম হয়।

শিষা। আচ্ছা, একর বা অভেনই যদি একমাত্র সত্য হয়, তবে নানার বা ভেদ নিশ্চয়ই মিথ্যা। স্বতরাং সেই ভেদ সম্বন্ধে আমাদের যে প্রত্যক্ষাদি হয়, তাহাও মিথাা; শাস্তের বিধিনিষেধও ভেদ স্বীকার করিয়াই করা হইয়াছে, স্বতরাং তাহাও মিথ্যা; এমন কি মোক্ষশান্তও ভেদসাপেক্ষ (গুরু, শিষ্য, জ্ঞাতা, জ্ঞেয় ইত্যাদি অবলম্বনে ক্থিত), স্বতরাং তাহাও মিধ্যা। অতএব শ্রুতি যে বলেন, একমাত্র ব্রক্ষই সত্য, অন্তা সব মিথ্যা—এই উজ্জিও মিধ্যা।

গুরু। না, এমন কথা বলিতে পার না। যতক্ষণ আমি একাই, এরপ জ্ঞান উৎপন্ন না হয়, ততক্ষণ সমত ব্যবহারই সত্য বলিয়া স্বীকার করিতে বাধা নাই। দেখ, লোকে যতক্ষণ স্বপ্র দেখে, ততক্ষণ স্বপ্রে অস্তৃত সমস্ত ঘটনাই তাহার সত্য বলিয়া মনে হয়, কেবল স্বপ্র ভাকিয়া গেলেই উহাদিগকে মিখ্যা বলিয়া ব্রিভে পারে। সেইরপ জীব যতদিন আপনাকে একা বলিয়া ব্রিভে না পারে, ততদিন সে জাগতিক সমস্ত ব্যবহারকেই স্ত্য বলিয়া

গ্রহণ করে, এবং তদমুরপ 'আমি' 'আমার' ইন্ড্যাদি ব্যবহারও করে।
স্তরাং যতক্ষণ পর্যন্ত জীব ও ব্রন্ধের একত জ্ঞান নাহম, ততক্ষণ
বৈদিক, লৌকিক সমস্ত ব্যবহারই সত্য বলিয়া মানিয়া লওয়া যাইতে
পারে। ইহাকেই জগতের ব্যবহাব্লিক সভ্যাভ্র বলাহয়।

শিষ্য। কিন্তু বেদান্তাদি মোক্ষবিষয়ক শাস্ত্র ভেদান্ত্রিত বলিয়া তাহা অবশ্য বস্তুত: মিথ্যা, সেই মিথ্যা উপদেশ দারা জীব ও ব্রজের একত্বরূপ সত্য জ্ঞান কিরপে উৎপন্ন হইতে পারে ? রজ্জ্তে যখন সর্প্রান্তি হয়, তখন সেই সর্পে দংশন করিলে ত কেহ মরে না, মরীচিকার জলে ত স্নান বা তৃষ্ণা নিবারণ করা যায় না!

গুরু। রজ্জ্-সর্পে দংশন করিলে মরিতে নাপারে, কিন্তু একটা আস, গাত্রকম্প ইত্যাদি ত হয়। স্বপ্নে জল নাই, অথচ স্নান করিলাম, পিপাসা নির্তি করিলাম, এরপ ত মনে হয়।

শিষ্য। তাহা হইলেও ঐ স্নান, কি পিণাদাশান্তি ত আর বাহুবিক হয় না, উহাও ত মিথ্যা।

গুরু । ই্যা, ঐ সব কার্য্য না হয় মিধ্যাই হইল, কিছু উহার জ্ঞানটাত আর মিধ্যা নয়। স্বপ্নে স্থান করিয়াছিলাম, জাগরিত হইয়া দেখিলাম কাপড় গুল্কই আছে, স্থতরাং সত্য সত্য স্থান করি নাই। কিছু 'স্থান করিয়াছিলাম'—এরপ একটা জ্ঞান যে হইয়াছিল, তাহাত আর মিধ্যা নয়। স্বপ্নে মিধ্যা স্ত্রীসঙ্গমের ফলে সময়ে এমন একটা মানসিক বিকার সত্যই উৎপন্ন হয়, যাহাতে বীর্ধ্যপাতও হইতে পারে। স্থতরাং মিধ্যা কিছু ঘারা বে সত্য কোন কিছুরই উৎপত্তি হইতে পারে না, এ কথা বলিতে পার না। স্থতএব মোক্ষশান্ত মিধ্যা হইলেও তাহা ঘারা সত্য ব্রহ্মাত্মজ্ঞান হইতে বাধা নাই।

আর, যখন 'সমতই আমি, আমা ছাড়া আর কিছুই নাই'—
এরপ জ্ঞান হয়, তখন জানিবার আর কিছুই বাকী থাকে না। ইহাই
চরম জ্ঞান। স্বতরাং আত্মা ব্যতীত অপর কিছুর প্রতীতি না
থাকায়, কি লৌকিক, কি বৈদিক কোনরপ কার্য্যই সন্তব হয় না;
ফলে একত্বের জ্ঞানে মোক্ষ, আর বহুত্বের জ্ঞানে লৌকিক ও বৈদিক
ব্যবহার—এমন কোন সিদ্ধান্ত করাও সমীচীন হয় না।

শিষ্য। তবে 'আমিই দব'—এরপ জ্ঞান হওয়ায় লাভ কি ?

গুরু। লাভ এই যে, এতকাল জগৎকে শুধু জগৎ বলিয়া যে একটা ভ্রম হইয়াছিল, তাহা দ্রীকৃত হইয়া যায়। এই অজ্ঞানের নির্তিই অক্ষজানের ফল, এবং ইহারই নাম মৃক্তি বা স্বরূপপ্রাপ্তি।

শিষ্য। আচ্ছা, এই যে একাজ্মজ্ঞান, ইহা যে ভ্রান্তি নয়, তাহা বুঝি কিরুপে ?

গুরু। 'এটা ভ্রম'—ইহা নিরপণ তথনই হয়, যথন ঐ ভ্রমের বিপরীত একটা জ্ঞান উৎপন্ন হয়। যেমন রজ্-সর্প স্থলে সর্পের জ্ঞান বিষয়ে রজ্জ্ব জ্ঞান। যদি কোন কালে রজ্জ্ঞান না হয়, তবে সর্পজ্ঞানকে মিথ্যা বলা যায় না। আত্মার একত্ব সম্বন্ধে যে জ্ঞান, তাহার বাধক দিতীয় জ্ঞান হইতে পারে না। কারণ, যাহার 'আত্মাই সব'—এরপ একত্বের জ্ঞান হইয়াছে, তাহার নিকট দ্বিতীয় বস্তু থাকিলে ত ভৎসম্বন্ধে জ্ঞান হইবে। স্বত্রাং আত্মার একত্বের জ্ঞান সম্বন্ধে কোন আশক্ষার উদয় হওয়ারই স্ক্ডাবনা নাই। স্বত্রব এই চরম জ্ঞান অভ্রান্ত।

শিষ্য। আচ্ছা, শ্রুতিতে কারণের সত্যতা বুঝাইতে মৃত্তিকাদির দৃষ্টান্ত দেওয়া হইয়াছে। মৃত্তিকা বিকৃত হইয়া ঘট, শরা, কলসী ইত্যাদি 'কার্যা'রূপে পরিণত হয়। এই সমস্ত দৃষ্টান্ত হইতে মনে হয় ধে, ব্রহ্মও ঐরপ বিকৃত হইয়া জগদাকারে পরিণত হয়।

গুরু। না বংস! দুটান্তের সর্বাংশের সহিত, যাহার সহিত দ্টান্ত দেওয়া হত, তাহার মিল দেখাইতে যাওয়া মন্ত ভুল। अতি ঐ দ্টান্তে ৩৭ এইটুতুই বুঝাইতে চান যে, ঘট, শরা প্রভৃতির যেমন মাটিকে বাদ দিয়া অভিত্ই সম্ভব হয় না, এবং একমাত্র মাটির জানেই হেমন মাটির তৈয়ারী যাবতীয় পদার্থ বস্তুত: আত হুইয়া যায়, সেইরূপ ত্রদ্ধকে বাদ দিয়া, জগতের কোন স্বাধীন স্ববিদ্ধ নাই এবং ক্রমকে जानित्नरे वञ्चरः क्रवर जाना रहेगा याथ। रेरात व्यक्ति नाम्च দেখান শ্রুতির উদ্দেশ্য নয়। দটান্ত ও যাহার সহিত দটান্ত দেওয়া হয়, এই উভয় সর্বাংশেই সমান, একথা বলিলে ত ইহাও বলিতে হয় থে, ব্রহ্ম মাটির ডেলার মত শক্ত, গোল ইত্যাদি। শ্রুতি হইতে স্পষ্টই জানিতে পারি যে, ব্রহ্ম কৃটয়া♦, নির্বিকার; তাহাতে কোন প্রকার বিকার বা পরিণামই হয় না। 🛎 ডি বলেন, "এই আত্মা (ব্রহ্ম) জরার্হিত, মরণরহিত, সুল নন, সৃদ্ধ নন" (বঃ ৪.১.২৫) ইন্ড্যাদি। যে শ্রন্থি ব্রন্ধকে একবার সর্বপ্রেকার ক্রিয়ারহিত, নির্বিকার, অপরিবর্ত্তনীয় বলিয়া নির্দেশ করিলেন, সেই শ্রতিই আবার তাঁহাকে মৃত্তিকাদির দৃষ্টান্ত ধারা বিকারী বা পরিণামধর্মশীল বলিয়া বুঝাইতে ঘাইবেন, ইহা কথনও সম্ভব হয় না।

শিখ: কেন, একটা লোক যেমন নিশ্চল ইইয়া বসিয়া থাকিতে পাবে, আবার ইচ্চা করিলে চলিতেও পারে, অহ্নও সেইরূপ কখনও নিকিকার অবস্থায় থাকিয়া কখনও বা আবার বিকার প্রাপ্ত ইইতে পারেন:

[•] প্ট ⇒নেছাই (::Light))। নেহাইতে পিটাইচা प्रशीपित বেমন নানাবিধ আঠতি প্রধান করা হয়, অধ্য নেহাই বেমন নির্কিকারভাবে অবছান করে, সেইক্লপ কৃত্য প্রিতে নিপ্রিকার ত্রিকালছাটো সভা ব্রায়, উহাকে আগ্রহ করিছাই দৃভ্যার আয়ঞ্জান করে।

खकः। ना, जाहा हरेल्ज भारत ना। तम्स, आमत्रा उत्सित चक्रभ वा च्छार्यत चक्रममान कति एक्टि। अ्छि भर्गाला न नाम वृक्षा याम, निर्मिकात हरेमा थाकार उत्सित चछाव। याहात याहा चछाव, जाहात विक्रम छाव ग्रह्म कत्रा जाहात भाष्ट्र अपछव। आगंद्रक धर्मत्रहें भित्रवर्छन वा विकात मछव हम, चछार्यत विक्रि हरेल्डि भारत ना। चछाव वा चक्रभात विक्रि वर्छि वर्छि वर्षित हमें ना हरेल हम ना। विकात मार्य निक्रम हरेमा थाका—विक्रभ विक्रम छाव चवाय क्रभात विकात पर्क मछव हरेल्ड भारत; कात्रम छेश जाहात चछार्य वा चक्रभ नम्म। हमा किमा निक्रम हरेमा थाकारे याम जाहात चछार्य हरेल, एरव तम किन्न्रल हरेमा थाकारे याम जाहात चछार्य हरेल, एरव तम किन्न्रल विकात वा भित्रमामत्राहिष्ठाहे या जाहात चछार्य, हमा महत्र अञ्चित्राका हरेल्ड व्या भित्रमामत्राहिष्ठाहे या जाहात चछार्य, हमा महत्र अञ्चित्राका हरेल्ड चाना याम। एक्रमा जन्म विक्रण हरेमा क्रभश्व प्रतिन्त हम, विक्रण हरेमा क्रभश्व विव्य हमा याम। एक्रमा जन्म विक्रण हरेमा क्रभश्व वर्षेत्र भित्र हम, व्यव वर्षेत्र चीना क्रमा याम। च्राम विक्रण हरेमा क्रभश्व क्रमा याम। च्राम च्राम विक्रण हरेमा क्रभश्व वर्षेत्र चीनात कर्ना याम ना। (जः स्वः रः रः राहरेग्रा)।

তারপর, শ্রুতি ইইতে জানা যায় যে, সর্ব্যক্রার বিকারের অতীত (কৃটছ) ব্রক্ষের জ্ঞানেই মৃক্তি হয়। পরিণাম বা বিকারের জ্ঞানে কোন ফল লাভ হয়, এমন কথা শ্রুতি কুত্রাপি বলেন না। তবে শ্রুতিতে যে ব্রন্ধ ইইতে জগতের উৎপত্তি প্রভৃতি হয়, এরপ বলা ইইয়াছে, তাহা শুধু ব্রন্ধকে চিনাইয়া দিবার জন্য; না ইইলে জগতের উৎপত্তি, স্থিতি, লয় ইত্যাদি জ্ঞানিয়া কোন স্বতন্ত্র ফল পাওয়া যায়, এমন কথা শ্রুতি বলেন না। যেমন, রজ্জ্মর্প-ভ্রমন্থলে সেই ভ্রম দূর করিয়া যথার্থ রজ্জ্ব জ্ঞান উৎপাদন করিবার জন্মই কেই বলে,—এই রজ্জ্ই তোমার দর্প ইইয়াছিল, ভ্রমাবহাতেও দর্প ঐ রজ্জ্তেই অবস্থিত ছিল, এখন আবার ঐ রজ্জ্তেই লয় পাইয়াছে। ঐ করিত

দর্প কি করিয়া কোথা হইতে হইল, ইহা বুঝাইয়া ঘেমন দড়িকে চিনাইয়া দেওয়া হয়, বাস্তবিক যেমন রজ্জু দর্পরূপে পরিণত इय ना, সেইরূপ অন্ধও বস্তুত: ख्रामाकाরে পরিণত না হইলেও সেই ব্রন্ধকে আশ্রয় করিয়াই এই জগতের কল্পনা সম্ভব হয়—শ্রুতি এইরূপ বলিয়া জগদভ্রম দূর করিয়া ব্রহ্মকে চিনাইয়া দেন। স্থতরাং ব্রহের কোনরূপ পরিণামই স্বীকার করা ধায় না।

শিষা। আচ্ছা, একমাত্র নির্ব্বিকার অধিতীয় ব্রন্ধই যদি সত্য হয়. বিতীয় কোন বস্তুই যদি না থাকে. তবে "ব্ৰহ্মসূত্ৰে" ব্ৰহ্ম হইতে জগতের উৎপত্তি, স্থিতি ও লয় হয়-এই কথা প্রমাণ করিতে এত প্রয়াস করা হইয়াছে কেন । জগৎ যদি নাই-ই, তবে তাহার উৎপত্তি প্রভৃতির पालाठना कतिवात कि প্রয়োজন । মাথাই নাই, অথচ মাথাব্যথা কেন হইল, কেমন করিয়া হইল, এইরূপ আলোচনা ত নিছক পাগলামি।

গুৰু। বেশ কথা বলিয়াছ। তবে, যে বস্তু বান্তবিক নাই, তাহাও সময়ে সময়ে আছে বলিয়া ভ্রম হয়। যেমন রজ্জুদর্পস্থলে প্রকৃতপক্ষে দর্প না থাকিলেও যেন আছে বলিয়াই মনে হয়। সেই কল্লিত দর্প কিরপে উৎপন্ন হইল, তাহার আলোচনা অব্শু নিরর্থক বলিতে পার না। ঐ রজ্জকে অবলম্বন করিয়াই অজ্ঞানশক্তির সহায়তায় ঐ সর্পের উৎপত্তি হয়, একটা গরুকে অবলম্বন করিয়া হয় না, এরপ বিচার যেমন প্রয়োজনীয়; সেইরপ এই কল্লিড জগৎ বন্ধকে অবলম্বন করিয়াই হয়, অচেতন প্রধানাদিকে অবলম্বন করিয়া হয় না—ইত্যাকার বিচারেরও প্রয়োজন । আছে। সর্পের উৎপত্তির বিচার যেমন রজ্জ্বে চিনাইয়া সর্পভ্রান্তি দুর করে, সেইরূপ জগতের উৎপত্তি প্রভৃতির বিচারও ব্রহ্মকে চিনাইবার জ্বস্তুই।

বন্ধ প্রকৃতপক্ষে একান্ত নির্ব্বিকার, কুটস্থ, নিত্য, ওদ্ধ, বুদ্ধ, মুক্ত। তাঁহাতে কোনরপ বিকারই সম্ভব হয় না। একথা শ্রুতি, যুক্তি ও সাধকের অন্বভব সিদ্ধ। তথাপি ব্রন্ধাতিরিক্ত এই যে জগৎ বলিয়া একটা কিছুর অমুভব হয়, ইহার অবশ্য একটা কারণ আছে। সেই কারণের অফুসন্ধান করিলে জানা যায় যে. ব্রন্ধের যথার্থ স্বরূপ না জানাই এই জগদভ্রমের কারণ। ত্রন্ধের যথার্থ স্বরূপ জানিলে যথন এই ভ্রম থাকে না. তখন এই অজ্ঞানতাই ঐ ভ্রমের কারণ। এই অজ্ঞানের স্বরূপ কি, কোথায় থাকে, কোথা হইতে আসে, এ সমস্ত বিশেষ ভাবে বিচার করা প্রয়োজন। এ সম্বন্ধে গোডায় আমরা কিঞ্চিৎ আলোচনা করিয়াছি। তাহাতে বুঝিতে পারিবে যে, ঐ অজ্ঞানের কোন মূল युँ विशा পাওয়া यात्र ना, উহা যে কেন হয়, কোথা হইতে আদে, কিছুই বুঝা যায় না। অথচ উহার অন্তিত্বও অস্বীকার করিবার উপায় नारे। উरात मधरम এই মাত वना याग्र (य. উरा (य একেবারেই নাই, এমনও নয়, আবার একটা কিছু স্ত্যিকারের প্লাথ ও নয়, কারণ জ্ঞান হইলেই উহা বিনষ্ট হইয়া যায়। অজ্ঞান এমন একটা কিছু, যাহার প্রভাবে নির্ব্বিকার ব্রহ্মকেও বিক্লত করিয়া দেখায়। এই শক্তির সহিত একীভূত করিয়া যখন বন্ধকে দেখি, তথন তিনি ঈশ্বর, তথনই তাহাকে জগৎকর্তা, সর্বজ্ঞ, সর্বশক্তিমান বলিয়া বলি। বাস্তবিক এই শক্তি হইতে পৃথক করিয়া যথন ব্রহ্মকে দেখি, তথন স্ষ্টিকর্ত্ত, সর্বাজ্ঞত্ব, সর্বাজ্ঞিমত্ব ইত্যাদি কোন কথাই তাঁহার সহত্তে প্রযুক্ত হইতে পারে না। তথন তিনি ক্রেবলা, অহৈত, নিগুণ।

এই শক্তিই যাবতীয় নাম ও রূপের (form) বীজ। ইহাকে শাস্ত্র মাহা, প্রকৃতি, অব্যাক্ত ইত্যাদি নামে অভিহিত করেন। এই মায়াশক্তির প্রভাবেই ত্রন্ধের ঈশ্বরত। যতদিন এই মায়াশক্তির প্রভাব বিদ্যমান থাকে, ততদিন ঈশরও সত্য, জগংও সত্য, এবং তিনিই ইহার প্রষ্টা, মালিক, শাসক, প্রস্তু। কিন্তু মায়ার অপগ্রে স্প্রেকরা ঈশরও থাকেন না, তাঁহার প্রভূত্ত লোপ পায়। ব্যবহারিক ও পারমাধিক এই তুইটা অবভাই শ্রুতি এবং ভৃতি দেধাইয়াছেন:—

পারমাথি কি অবস্থা ব্ঝাইতে শ্রুতি বলেন, "বধন এই সম্পায়ই জ্ঞানীর আত্মা হয়, তখন কে কাহাকে দেখে…" (বৃ: ৪.৫.১৫)। "দে-ই ভূমা (সর্বশ্রেষ্ঠ ব্রহ্ম), যেখানে অস্ত কিছু দেখিবার, শুনিবার বা জানিবার থাকে না" (ছা: ৭.২৪.১)।

আবার ব্যবহারিক অবস্থা ব্ঝাইতে শ্রুতি বলেন, "ইনিই সকলের প্রভু, ইনিই সকলের মালিক" (বৃ: ৪.৪.২২) ইত্যাদি।

গীতায়ও প্রমাথ দৃষ্টিতে বলা হইয়াছে—

"প্রভূ কাহারও কড়ত, কি কর্ম, কি কর্মফল কিছুই শৃষ্টি করেন না। প্রকৃতিই সব করে। তিনি কাহারও পাপপুণা গ্রহণ করেন না। অজ্ঞানের দ্বারা জ্ঞান তিরোহিত হয় বলিয়া জ্ঞীবের মোহ উপস্থিত হয়" (গাঁ: ৫.১৪,১৫)।

অ বার, বাবহাব দৃষ্টিতে গীতা বলেন, "হে অর্জুন! ঈশর সকলের হৃদ্যে থাকিয়া নায়ার সাহায়ে তাহাদিগকে ষ্মপুত্তলিকার স্থায় পরিচালিত করেন" [গী: ১৮.৬১]।

স্ত্রকার ব্যাসও প্রমার্থ দৃষ্টিতে এই স্ত্রে বৃদ্দিলন বে, কারণ হইতে পৃথক স্বতম কার্য কলিয়। কিছু নাই। কিছু ব্যবহার অবস্থায় তিনিও ব্রহ্মের পরিণাম স্বীকার করেন—এ কথা ১৩ স্ত্রে বেশ ব্রাষায়। ঐ স্ত্রে তিনি যে সমুস্র ও ফেনাদির দৃষ্টাস্তের স্চনা করিয়াছেন, তাহাতেই এ কথা ব্রাষায়।

যাহা হউক, এখন যে প্রসঙ্গের আলোচনা করিতেছিলাম, তাহাই

পুনরায় আরম্ভ করা ঘাউক। কাথা যে কারণ হইতে একটা বতম সাধীন বস্তুনয়, এ কথা একরপ স্থির হইল। এ সম্বন্ধে আর একটি যক্তি দেখাইতেছি--

ভাবে চ উপলব্ধেঃ ॥১৫॥

কারণের অন্তিত্বে অর্থাৎ কারণ যদি থাকে [ভাবে] তবেই কার্য্যের উन्निक्ति इश्, এই क्कु ७ [উপन्दक: ह] वनित्छ इटेरव (श, कार्य) कावरा-তিবিক্ত স্বতম্ব কোন বস্তু নয়। মাটি থাকিলেই ঘটের উপলব্ধি হয়; মাটি নাই, অধচ ঘট আছে - এমন কুত্রাপি দৃষ্ট হয় না। স্বতরাং কার্য্য কারণ ছাড়া স্বতম্ব কিছু নয়।

আর দেখ.

সত্তাৎ চ অবরুস্য ॥ ১৬॥

উৎপত্তির পূর্বেণ্ড কারণের-পরে-উৎপন্ন কার্ষ্যের [অবর্স্য] (কারণরূপে) वर्खमान छ। थारक, धरे वश्च [मचार ह] कार्या कावन इरेड অভিন।

¥তি বলেন, "এই সব অগ্রে সং-ই ছিল" (ছা: ৬.২.১)—অর্থাৎ **५२ (य कांधा क्रांप, हेहा रुष्टित्र शृद्ध प्रः (उन्न) क्रांपरे वर्खमान हिन ।** কাৰ্য্য বন্ধ যদি নিৰ্দ্ধিষ্টব্ৰপে কারণ স্বৰূপে বৰ্ত্তমান না থাকে, তবে वानुका इहेरए ७ रेजन छेरभन्न इहेरफ वाधा नाहे। फिनहे रेज्यन चक्रभ, वानुका नरह-धे कग्रहे जिन इहेर्ड जिन हम, वानुका इटेर्फ इम्र ना । फरन कार्या-वश्च कार्य इटेर्फ चल्च किছू नम्, टेटाटे সিদ্ধান্ত হয়।

শিষা। কিন্তু শ্রুতিতে ত উৎপত্তির পূর্বের কার্যা—

অসৎ-ব্যপদেশাৎ ন ইতি চেৎ !---

অসং ছিল, অর্থাৎ ছিল না—এইরূপ উপদেশও রহিয়াছে, স্থতরাং [অসম্বাপদেশাৎ] আপনার পূর্ব্বোক্ত সিদ্ধান্ত ঠিক নয় [ন], এরূপ যদি [ইতি চেৎ] বলি ?

"এ সকল অগ্রে অস্সত্ ছিল" (ছা: ৩.১৯.১)—এই শ্রুতি-বাক্যের বিরুদ্ধে আপনার পূর্ব্বোক্ত সিদ্ধান্ত গ্রহণ করি কিরুপে ?

গুৰু। তুমি যে শ্ৰুতিবাকা উদ্বুত করিয়াছ, তাহা সত্ত্বে আমার সিদ্ধান্ত গ্ৰহণ করিতে কোন বাধা হইতে পারে

न, धर्मा खरत्र वाकार मधार ॥ ১१ ॥

না [ন]; কারণ, ঐ শ্রুতির শেষ অংশ হইতে [বাক্যশেষাৎ] জানা যায় যে, উদ্ধৃত শ্রুতি বাক্যটা কার্য্যের অবস্থাবিশেষকে লক্ষ্য করিয়া [ধর্মান্তরেণ] বলা হইয়াছে।

উদ্ধৃত শ্রুতাংশ হইতে মনে হইতে পারে বটে যে, শ্রুতি যেন উৎপত্তির পূর্বেক লায় ছিল না—এরপ অভিমতই প্রকাশ করিতেছেন। কিন্তু একটু পরেই আবার শ্রুতি বলিয়াছেন, "উৎপত্তির পূর্বেক লায় সংস্করপে বর্ত্তমান ছিল।" স্থতরাং তোমার উদ্ধৃত অংশের তাৎপর্য্য ইহা নয় যে, উৎপত্তির পূর্বেক লায় একেযারেই ছিল না। তবে এখন (অর্থাৎ উৎপত্তির পরে) যেমন বিভিন্ন নাম ও বিভিন্ন আকারে বিভক্ত দেখা যায়, স্বষ্টর পূর্বেক জগৎ সেরপ ছিল না—এইটুকুই 'অসং ছিল' এই উক্তির তাৎপর্য্য। নাম-রূপ বিহীন অবস্থায় যায়া থাকে, তাহা আমাদের নিক্ট একরপ নাই-ই। স্থতরাং তোমার উদ্ধৃত শ্রুতি বাক্যের তাৎপর্য্যের প্রতি কক্ষ্য করিলে 'কারণ

হইতে কার্য্য অভিন্ন'--এই সিদ্ধান্ত গ্রহণ করিতে কোন বাধা থাকেনা।

আর,

যুক্তেঃ শব্দান্তরাৎ চ।। ১৮।।

যুক্তি প্রয়োগে [রুক্তে:] এবং [চ] অ্যান্ত শ্রুতিবাক্য ইইতে [শব্দাস্তরাৎ] দিদ্ধাস্ত হয় যে, উৎপত্তির পূর্বের কার্য্য অবশুই থাকে, এবং কারণ হইতে উহা পৃথক্ একটা কিছুও নয়।

দেখা যায়, প্রত্যেক পদার্থেরই একটা নির্দিষ্ট কারণ আছে। একটা गांगित एकता रहेरा कथन अ मि कता ना, पूर रहेरा कथन अ घर रश ना। কেন এমন হয় ?--নিশ্চয়ই তথে এমন একটা কিছু আছে, যাহার ফলে ত্বধ হইতেই দ্বি হয়, মাটি হইতে হয় না। যদি তুধে দ্বি জন্মাইবার একটা বিশেষ শক্তি না থাকিত, তবে মাটি হইতেও দধি হইবার কোন বাধা ছিল না। এই যে বিশেষ শক্তি, ইহারই অপর নাম দধির অব্যক্ত অবস্থা; অন্যভাবে বলিতে গেলে বলিতে হয়, দধি উৎপন্ন হইবার পূর্বে অব্যক্ত আকারে (অর্থাৎ ঠিক দধির আকারে না হইলেও বস্ততঃ দ্ধিই) তুধে বর্ত্তমান ছিল। না হইলে দৃদ্ধি একটা নৃতন কিছু উৎপন্ন হইল এমন হইলে, যে কোন বস্তু হইতে যে কোন বস্তু উৎপন্ন হইতে কোনই বাধা থাকিতে পারে না। এক একটা হুনির্দিষ্ট কারণকে আশ্রয় করিয়াই যথন কার্য্য পদার্থের আত্মপ্রকাশ হয়, তথন অবশুই বলিতে হইবে যে. কার্যা উৎপত্তির পূর্বেও নিশ্চয়ই কারণ স্বরূপে বর্ত্তমান থাকে. এবং উৎপত্তি ব্যাপারে অব্যক্ত অবস্থার অভিব্যক্তি বা প্রকাশ ছাড়া আর किছूरे रम ना; कल कात्रपट (खदाक खदश) कार्यताकादत श्रकाम পায় মাত্র, নৃতন বস্ত উৎপত্ন হয় না। আর উৎপত্তির পূর্বের কার্য্য

থাকে না, কোনও আকারে থাকে না,পরে একটা নৃতন কিছু হয়—এরপ হইতেই পারে না। যাহা একেবারেই নাই, ভাহা হয় কিরপে । উৎপত্তি একটা কিয়া, ইহার একটা কর্ত্তা থাকিবে। মনে কর, বলা হইল, 'একটা ঘটের উৎপত্তি হইল'। এখন ইহার কর্ত্তা কে । ঘট যখন খ্যাই নাই, তখন দেকিছু আর উৎপত্তি কিয়ার কর্ত্তা হইতে পারে না। অস্তেই বা ইহার কর্ত্তা হয় কিরপে । যাহা নাই, ভাহার দকে যাহা আছে, ভাহার কোন সম্বাই হইতে পারে না। 'কিছুনা' হইতে 'কিছুর' উৎপত্তি অসম্ভব। স্থাভ্যাং কার্য্য একটা নৃতন কিছু, এমন কথা হইতেই পারে না।

জবার দেখ, একটা গরু ও একটা মহিষের যেরূপ পরস্পর পার্থক্য, কাধ্য ও কারণের মধ্যে কিন্তু সেরূপ পার্থক্য লক্ষিত হয় না। বস্ততঃ (in essence) উভয়ে এক বলিয়াই এরূপ হয়।

শিষ্য। আচ্ছা কাৰ্য্য যদি পূৰ্ব্ব হইতেই বৰ্ত্তমান থাকে, তবে আর তাহার 'উৎপত্তি' কি ?

ওক। গা, কাবা থাকে নিশ্চমই, তবে ঠিক কার্যোর 'আকারে' থাকে না। কাষ্যের আকারে পরিণতিই উৎপত্তি, এবং উহার ফক্তই ২ত চেটা, যত আইয়াক্ষন, নৃতন কিছু উৎপাদনের সক্ত

শিষা। আচ্ছা, কার্ষোর-শ্বরণ বা বন্ধ (essence) উৎপত্তির পূর্বেও থাকে—একথা না হয় শীকার করিলাম। কিন্তু কার্ষোর 'আকার'টা ত আর থাকে না। ঘট হ্যক্তিকাক্রাস্তেশ উৎপত্তির পূর্বেও থাকে, কিন্তু ঘটের আক্রাক্তি তথাকে না। ঐ আকৃতি ভাহা হইলে নৃতন একটা কিছু; স্বভরাং উৎপত্তিতে নৃতন কিছু হয় না, একথা বলেন কির্নেণ ?

শুক্ল। ইয়া, মৃত্তিকা সম্বন্ধে আক্রতিবিশেষকে নৃতন কিছু বলিতে পার বটে, কিছু স্থামার এই মাত্র বক্তব্য যে, ঐ স্থাগন্তক স্থাকৃতি-বিশেষও বন্ধর শুরূপের কোন বিকৃতি ঘটাইতে পারে না। ঘটের স্বরূপ যাহা (অর্থাৎ মুদ্ভিকা), তাহা উৎপত্তির পূর্বে ও পরে সর্বাদাই একই রূপে বর্ত্তমান থাকে। আগন্তক আঞ্তিবিশেষ ছারা বন্ধর স্বন্ধপের কোন বিক্ষতি হয় না। স্থতরাং কার্য্য ও কারণ ব্দ্পক্ত প্লভিন্নই। আর বিবেচনা করিয়া দেখিলে আরুতিবিশেষও একটা আক্ষিক নৃতন কিছু নয়; উহারও অবশা একটা কারণ আছে, যাহার জন্ম অভিপ্রেত আরুতি বিশেষই উৎপন্ন হয়, অন্ম আরুতি হয় না। বিশেষ বিশেষ আঁকুডির জন্ম বিশেষ বিশেষ প্রণালীই নির্দ্ধারিত হয়। আকৃতি যদি নৃতন আকৃষ্মিক একটা কিছু হইত, তবে তাহার জন্ম নিদিষ্ট প্রণাদীর অবলম্বন করিবার কোনই প্রয়োজন থাকিত না। ইট তৈয়ারী করিবার চাঁচে একটা মাটির ডেলা ঢালিয়া আর কিছু একটা ঘট তৈয়ারী করা যায় না। স্বতরাং প্রত্যেক উৎপন্ন পনার্থেরই (আক্রতিরও) একটা হ্নির্দিষ্ট কারণ আছে। কারণের এইরূপ নিদিষ্টতা আছে বলিয়া অবশুই বলিতে হইবে ষে, কার্য্য নিশ্চয়ই উৎপত্তির পূর্ব্বেও বর্ত্তমান থাকে। কিছু-না হইতে কিছুর উৎপত্তি হইতে পারে না। অভাব কথনও কিছুর কারণ হইতে পারে না।

শিষা। কেন, একজনের অর্থ নাই, সেই জন্ম সে দুঃবিড। এছলে অর্থের অভাবই তাহার তু:খের কারণ।

🕶 🖛। না অর্থের অভাব তাহার হৃ:ধের কারণ নয়, ঐ অভাবের বোধই ভাহার ছঃধের কারণ। ভাহার যদি অর্থাভাব সম্বেও সেই বোধ ना शास्त्र, ज्राव जाहात्र इ:व हम ना। व्यर्थ नाहे, हेहा व्यप्तर भगार्थ

इटेरन ७, वर्ष नाटे এहेक पर (वाध, जाटा व्यव हे मर भमार्थ। স্বতরাং অসং হইতে সং, অর্থাং কিছু-না হইতে কিছুর উৎপত্তি কদাচ হয় না, এবং ওরূপ উৎপত্তি কল্পনারও অতীত। স্নতরাং কার্য্য উৎপত্তির পূর্বেও থাকে, ইহা অবশাই স্বীকার ক্রিতে হইবে। আর উৎপত্তিতে কেবল আকারেরই পার্থকা সম্পাদিত হয়, বস্তুর কোনই পরিবর্ত্তন ঘটে না। আকারের পরিবর্ত্তনে যে বস্তুর পরিবর্ত্তন হয় না, ইহা বোধ হয় সহজেই বুঝিতে পার। চুর্ণ, কর্দ্দম, খাপড়া, ঘট ইত্যাদি বহু আকারের মধ্যেও মৃত্তিকার মৃত্তিকাত্ব অবিকৃতই থাকে। আমি হাত-পা গুটাইয়া বদিয়া থাকিলে একজন, আর হাত-পা ছুড়িয়া ছুটা ছুটি করিলে আর একজন ইইয়া ঘাইব-এমন কথা বলিতে পার না। এক ব্যক্তির বাল্য বয়সের ও বৃদ্ধ বয়সের ছুইখানা দটে। একেবারেই বিভিন্ন। কিন্তু তাহা হইলেও তাহার ব্যক্তিত্ব এकरे, এकथा मकलारे श्रीकात कतित्व। वानाकालात भनीत, मन, সকলই বয়োবৃদ্ধির দঙ্গে ক্রমাগত পরিবর্তিত হইলেও ব্যক্তির স্বরূপের কিন্তু কোনই পরিবর্ত্তন হয় না। স্বতরাং আকারের পরিবর্ত্তন হইলেই যে বস্তুও ভিন্ন হইয়া যায়-এমন নহে। দেখ, বটবুক বটবীজে অতি স্বার্রণে অবশ্রই বিদ্যমান থাকে, সভাতীয় প্রমাণুর সংযোগে ক্রমে বর্দ্ধিত হইয়া অঙ্গরাদিরপে দৃষ্টিগোচর হয়। তথনই বলি বটবুক্ষের জন্ম বা উংপত্তি ইইল। আবার ঐ প্রমাণুর ক্ষয় হইতে হইতে এমন অবস্থায় উপনীত হয় যে তখন আর উহা আমাদের দৃষ্টিগোচর হয় না, এবং তখন বলি, 'গাছটা লয় পাইয়াছে।' বস্তুতঃ তখনও কিন্তু উলার আতান্তিক বিনাশ হয় না। অতএব দেখা ঘাইতেছে, মাকারের পরিবর্তনে—এমন কি জন্ম ও মৃত্যুতেও—বস্তব কোন

ভিন্নতা সম্পাদিত হয় না। ফলে কার্য্য বস্তুতঃ কারণ হইতে ভিন্ন নয়—ইহা অবশ্রুই স্বীকার করিতে হইবে।

তারপর কার্য্য যে উৎপত্তির পূর্ব্বেও বর্ত্তমান থাকে এবং কারণ হইতে পৃথক্ একটা কিছু নয়, এ বিষয়ে স্পষ্ট শ্রুতিও আছে। যেমন, "হে সৌম্য! এ সকল (কার্য্য সমূহ) অগ্রে (উৎপত্তির পূর্ব্বে) সং-ই (কারণ হইতে অপৃথক্ভাবে বিদ্যমানই) ছিল" (ছাঃ ৬.২১) ইত্যাদি।

কার্য্যের উৎপত্তি বা অভিব্যক্তি পটবৎ চ।। ১৯॥

একথানা কাপড়ের মতও [পটবৎ চ] মনে করা ঘাইতে পারে।
একথানা কাপড় যদি গুটান থাকে, তবে স্পষ্ট বুঝা যায় না, এথানা
কাপড়, কি অন্ত বস্তা। কিন্ত প্রসারিত করিলে ঠিকই বুঝা যায় যে,
কাপড়ই বটে। এইরূপ কারণই কার্য্যের আকৃতি ধারণ করে,
কার্য্য একটা কিছু নৃতন সামগ্রী নয়।

অথবা

যথা চ প্রাণাদি॥ ২০॥

যেমন প্রাণ প্রভৃতি [প্রাণাদি]। প্রাণ, অপান, সমান, উদান ব্যান—এই পাঁচটা একই প্রাণবায়্র ক্রিয়াভেদে ভিন্ন ভিন্ন নাম। যধন প্রাণায়াম দারা এই পাঁচ প্রকারের ক্রিয়া ক্রদ্ধ করা হয়, তথন ভর্ম জীবন ধারণ কার্য্যই সাধিত হয়, শরীর আর নড়ে চড়ে না। আবার অন্ত সময়ে জীবনী শক্তির কার্য্য ছাড়া অন্ত কার্য্যও সম্পাদিত হয়। স্থতরাং দেখা যাইতেছে যে, প্রাণশক্তি বিভিন্ন আকারে বিভিন্ন ক্রিয়া

সম্পাদন করিলেও বস্তত: এক। অতএব কার্ব্যের একটা নৃতন আকার হইল বলিয়াই যে তাহা কারণাতিরিক্ত একটু নৃতন কিছু, এমন বলা যায় না; বস্তত: কার্য্য কারণেরই রূপান্তর এবং উহা হইতে অভিন।

স্তরাং এই জগৎ বস্তুতঃ পরমকারণ ব্রহ্ম ব্যতীত আর কিছুই নহে।

শিষ্য। আছো; চেতন ত্রন্ধই যদি জগতের কারণ হন, তবে কিছ অনেক দোষ হয়। শুতি বলেন, ''হে খেতকেতু! জগতের যিনি আদি করণ তিনি আগ্রা, তুমি তাহাই'' (ছা: ৬.৮.৭)। আবার, ''ডিনি স্পষ্ট করিয়া সেই স্টপনার্থে স্মান্ত প্রথি যায় যে, স্পষ্টকর্ত্তা স্মংই জীব হইলা অবস্থান করিতেছেন। অর্থাৎ শ্রাভিডে—

প্ৰোক্ত ছইটা শ্ৰুতি বাক্য হইতে বুঝা যায় যে, জীব শ্ৰষ্টা হইতে ভিন্ন নয়। ফলে জীবই স্বয়ং স্পষ্ট করে, একথা বলিতেও বাধা থাকে না। তাহাই যদি হয়, তবে জীব যথন স্বয়ং কর্ত্তা, তখন সে কেন নিজের জন্ম, মৃত্যু, জরা, ব্যাধি ইত্যাদি স্পষ্ট করিবে প করিলেই বা আবার আপনার কর্ত ভুলিয়া যাইবার কি কারণ আছে প

আর, ইছে। করিলেই বা সে কেন নিজের স্ট পদার্থের বিনাশ করিতে পারে না । এই জন্ত মনে হয়, কোন চেতনকে এই জগতের স্রষ্টা না বলাই ভাল।

গুরু। হাা, শ্রুতি যদি জীবকেই সৃষ্টিকর্ত্তা বলিতেন, তবে অবখ্য 'আপনি আপনার অকল্যাণ সাধন করা' প্রভৃতি দোষ হইত। কিছু শ্রুতি-ক্ষিত জ্বগৃৎস্তার জীব হইতে এমন কিছু বিশেষ আছে, যাহাতে উক্ত দোষ হইতে পারে না। তাই স্তুকার বলেন,

অধিকং তু ভেদনির্দ্দেশাৎ ॥২২॥

জীব অপেক্ষা শ্রেষ্ঠ [অধিকম্] যাহা, তাহাই জগতের প্রষ্টা; যেহেতৃ, জীব হইতে সেই প্রষ্টা বে পৃথক, একথা শ্রুতি স্বয়ং নির্দেশ করিয়াছেন [ভেদনির্দেশাৎ]। জগতের প্রষ্টা যিনি, তিনি সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তিমান্। তিনি অবশ্র জীব নন। তাঁহার পক্ষে স্বষ্টি কার্য্যে তোমার উল্লিখিত দোষ হইতে পারে না। তাঁহার হিত বা অহিত কিছুই নাই; কারণ, তিনি নিত্যমুক্ত ও নিত্যতৃপ্ত। তাঁহার জ্ঞান এবং শক্তি অবাহত। কিছু জীবের হিতাহিত অবশ্রই আছে, এবং তাহার জ্ঞান ও শক্তি সীমাবছ। সে যদি জগৎপ্রষ্টা হয়, তবে অবশ্র ভোমার কথিত দোষ আসিয়া পড়ে। কিছু তাহাকে ত জগতের প্রষ্টা বলং হয় নাই। শ্রুতি অতি ক্ষাই ভাবেই জীব হইতে জগৎপ্রষ্টা ঈশরের পার্থক্য ও আধিক্য প্রদর্শন করিয়াছেন। "জীব ব্রন্ধকে দেখিবে, তানিবে, মনন করিবে, ধ্যান করিবে" [বু: ২.৪.৫] ইত্যাদি বছ শ্রুতিতে জীব একজন এবং পরমেশ্বর আর একজন—এইরপ ক্ষাই নির্দেশ আছে।

শিষা। কিন্তু "তুমিই সেই" ইত্যাদি বহু শ্ৰুতিই ত আবার

জীব ও পরমেশরের একত্ব নির্দেশ করেন। স্বতরাং শ্রুতি একবার বলেন, 'জীব ও ব্রহ্ম এক,' আবার বলেন, 'জীব ও ব্রহ্ম এক নয়, ভিন্ন'। এরপ বিরুদ্ধ উক্তির তাৎপর্য্য কি ?

গুরু। কেন, পূর্কেই ত বলিয়াছি যে, যেমন একই মহাশূল, গৃহের মধোর শৃত্তা, ঘটের মধ্যের শৃত্তা ইত্যাদি ভাবে বছ, আবার মহাশৃত্তরূপে এক; দেইরূপ বস্ততঃ ব্রহ্ম এক হইয়াও উপাধির বিভিন্ন-তাম বছরপেও প্রতীয়মান হইতে পারেন। "তিনি স্টে করিয়া স্ট প্লার্থে অমুপ্রবিষ্ট হইলেন" এইরূপ শ্রুতির তাৎপর্য্য এই যে, পরমকারণই জীব, জগৎ ইত্যাদি বিভিন্ন কার্য্য পদার্থের আকারে প্রতীয়মান হন, তাঁহার স্তায়ই জীব ও জগতের স্তা, তাঁহাকে ছাড়িয়া ইহাদের কোন অন্তিত্বই সম্ভব হয় না। একই পরমকারণ জীব ও জগৎরূপ উপাধির সম্পর্কে বছরূপে প্রতীয়মান হন। জীবকে যথন জীবরূপেই গ্রহণ কর, তথন দে নিশ্চয়ই ব্রহ্ম হইতে ভিন্ন: কারণ, ব্রহ্ম উপাধি বর্জ্জিত, আর জীব উপাধি বিশিষ্ট। আর শ্রুতি যথন বলেন, "তুমিই সেই", তথন জীবের জীবত্ত থাকে না, কিম্বা ব্রহ্মের সৃষ্টিকর্ত্বও থাকে না। অর্থাৎ জীব, সৃষ্টি ইত্যাদি কোন কথাই তখন আর উঠিতে পারে না। জীব ও ব্রহ্মের একত্বের, অভিন্নতের জ্ঞান হইলে তুমি, আমি, এটা, সেটা ইত্যাকার যাবতীয় ভেদই লুপ্ত হইয়া যায়। ভেদবাবহার ভাগু কল্পনা, ভ্রম। তত্তজান [একত্তজান] ঐ ভ্রম দুর করিয়া দেয়। কাজেই তথন আরু সৃষ্টিই বা কি. অহিত করণই বা কি ? অজ্ঞান হইতেই নাম ও রূপের আবির্ভাব হয়, উহারই নাম উপাধি। ঐ উপাধি হতক্ষণ আছে, ততক্ষণই হিত, অহিত, করা, না-করা ইত্যাদি সংসারভ্রম জ্বে। 'আমি জ্বিলাম, ক্র হইলাম, মরিলাম'—ইত্যাকার ধারণা যেমন ভ্রমাত্মক, প্রমার্থতঃ

বেমন স্ত্যিকারের আমি যাহা, তাহার কোন বিকারই হয় না সেইরূপ এই সংসারও পারমার্থিক দৃষ্টিতে একটা প্রকাণ্ড ভ্রম ছাড়া আর কিছু নয়। তবে যতকণ পরমার্থ জ্ঞান না হয়, ততকণ ভেদব্যবহার অব্যাহতভাবেই চলিতে থাকে। জীব ভেদ ছাড়া আর কিছুর অন্তিথই উপলব্ধি করে না, বা করিতে পারে না। স্থতরাং তাদশ ভেদজ্ঞানাভিডত জীবকে লক্ষ্য করিয়াই শ্রুতি বলেন, "ব্রন্ধই জীবের অন্বেষণীয়"—ইত্যাদি। এইরূপ ভেদমূলক উপদেশ ছাড়া ভেদজ্ঞান ব্দর্জ্জরিত জীবকে পরমার্থের দিকে ফিরাইবার অন্ত কোন উপায় নাই। সে যে ভেদ ছাড়া অন্য কিছু ধরিতেই পারে না। স্থতরাং এই ভাবে দেখিলে ত্রন্ধ অবশ্রই জীব হইতে অধিক (ভিন্ন), এবং তাঁহার পক্ষে হিত-না-করা প্রভৃতি দোষেরও অবসর নাই।

আবার দেখ, ত্রন্ধ বস্তুতঃ এক হইয়াও জীব, জগৎ ইত্যাদি ভিন্ন ভিন্ন রূপে দৃষ্ট হইতে পারেন, তাহাতে কোন দোষ হয় না। অতএব.

অশ্যাদিবৎ চ তৎ-অনুপপত্তিঃ।।২৩।।

প্রস্তরাদির দৃষ্টাস্তেও [অশ্মাদিবৎ চ] তোমার উল্লিখিত দোষের আয়োক্তিকতা দিদ্ধ হয় [তদম্পপত্তি:]। প্রত্যেক জাতীয় প্রস্তরই যেমন মুত্তিকারই বিভিন্ন রূপ, একই অন্ন যেমন রক্ত, লোম, মাংস, মল প্রভৃতিরূপে পরিণত, সেইরূপ একই ব্রন্ধ জীব ও জগৎভেদে বছরূপে প্রতীয়মান হইলেও নিজের অহিতকরণাদি দোষ তাঁহার হয় না; কারণ এই বহুরূপত্ব অজ্ঞানেই প্রতীত হয়, বস্তুত: বহুত্ব विनम्ना किছूरे नारे। यक किছू ভেদব্যবহার, স্বই নাম্মাত্র, কথার কথা—ইহাই শ্রুতির সিদ্ধান্ত। স্থতরাং স্বপ্নে যেমন নানা

বৈচিত্রা অনুভূত হয়, দৃত্য জগতেও দেইরপ হইলে বন্ধর কোন ক্ষতি বৃদ্ধি হয় না। অভএব দেখিলে, মতক্ষণ জাবকে কেবল জাবরণেই গ্রহণ করা হয়, ডডক্ষণ সে নিজের অহিভাদি করে: এবং ডখন দে স্টিক্লাভ নয়, তাহার শক্তিও অপ্রতিহত নয়, ফলে ইচ্চা করিলেও ভাষার নিজ্ভি অনায়াস্থাধা হয় না। জাবতে প্রদারণেই গ্রহণ কর, তথন তাহার হিতাহিতও কিছুই লাকে না। অতএব চেতন এখকে জগংকারণ বলিতে কোনই আপ্তি ইইতে পারে না।

শিধা। কিছ এক অধিতীয় চেতন অন্ধ জগতের স্রষ্টা-এ কথা থেন এখনও ঠিক মনে লাগিতেছে না। কুম্বকার যখন ঘট নির্মাণ করে, তুপন সে মাটি, দও, চক্র ইত্যাদি নানা উপকরণ সংগ্রহ করিয়া ভাগার সাহায়েটে ঘট তৈয়ারী করে: কুম্বকার একেলা, এই সমত উপকরণের সাহায্য না লইয়া আর কিছু একটা ঘট তৈয়ারী করিতে পারে না। এইরূপ, যে কেংই কোন কিছু করে, তাহাকেই অন্ত বস্তুর সাহায়। গ্রহণ করিতে হয়। ত্রন্ধ কিন্তু এক, অধিতীয়, তাহার নিকট অন্ত কোন বিতীয় বস্তুর অভিবই নাই, স্থতরাং ডিনি ষ্দি অগতের স্প্রকর্ত্ত। হন, তবে তাহাকে সাহায্য করিতে পারে এমন কিছুই না থাকায় তাঁহাকে একেলাই সব করিতে ও সব উপকর্প হইতে ২য়। কিন্ত এ'ত অসম্ভব বলিয়াই মনে হয়, এরপ হইতে ড **ट्यापाट (मधा याग्र नः । अख्याः**

উপসংহারদর্শনাৎ ন ইতি চেৎ •---প্রত্যেক কর্তাকেই নানাত্রপ সাহায্যকারী উপকরণ সংগ্রহ করিছে দেখা খায় বলিয়া [উপসংহারদর্শনাৎ] একক ব্রহ্ম জগতের স্টেকর্তা। হইতে পারেন না নি], এরপ যদি [ইতি চেৎ] বলি ?—

भक्षा न, क्लोत्रवर्श ॥२८॥

না, সেক্সপ বলিতে পার না [ন]; কারণ [হি], তুধ যেমন অল্যের সাহায্য ব্যতীত শ্বয়ংই দধিরপে পরিণত হয়, সেইরূপ ফ্রারবং] ব্রন্ধণ্ড অল্যের সাহায্য ব্যতীত এই জ্বসদাকারে প্রতিভাত হইতে পারেন।

শিষা। কিন্ধ হুধ যে দধি হয়, তাহাতেও উফতা প্রভৃতি বাহ-সাধনের প্রয়োজন দেখা যায়।

শুক । না, উষ্ণতা প্রভৃতি বান্তবিক দিধ জ্মায় না, তবে গরম জায়গায় ছ্ধ রাবিলে একটু তাড়াতাড়ি দিধি জমে বটে; কিন্তু হুধে যদি দিধি হইবার শক্তি না থাকে, তবে কি উষ্ণাদির দারা জ্যের করিয়া উহাকে দিধি করা যায়? তাহা হইলেত বায়ুর দারাও দিধি তৈয়ারী করা যাইত। স্তরাং দেখা যাইতেছে, হুধ স্বয়ংই দিধি হয়, তবে বাহ্নসাধনে তাহার পূর্ণতা সাধিত হয় মাত্র। সেইরূপ ব্রন্ধও জগদাকারে প্রতিভাত হন, তাহার কোন বাহ্নসাধনের বা উপকরণের আবশুক করে না। ব্রন্ধ হইলেন পরিপূর্ণশক্তিক, তাহার কায়ের পূর্ণভাবিধানের জ্ম অম্ম কিছুর সাহায় করনা করা নির্থক। স্বতরাং ব্রন্ধ স্বয়ংই একক অ্ম কোন কিছুর সাহায় ব্যতিরেকেই—এই জ্বং স্পৃতি করেন।

শিষ্য। আপনি যে ছধের দৃষ্টান্ত দিলেন, তাহা অচেতন, স্থতরাং শে না হয় স্বয়ং দধিরূপে পরিণত হইল। কিন্তু চেতন (যেমন কুন্তকার) কাহাকেও ত অন্ত কিছুর সাহায্য ব্যতীত কোন কিছু উৎপাদন করিতে দেখা যায় না।

প্তক। কেন,

দেবাদিবৎ অপি লোকে।।২৫।।

সংসারে [লোকে] দেবতা প্রভৃতি ষেমন. তেমনও ত [দেবাদিবদ্বিপ]
একক চেতনকে সৃষ্টি করিতে দেখা যায়। দেবতারা, পিতৃপুরুষপূর্ব,
ঋবিরা অলৌকিক শক্তির প্রভাবে কোন কিছুর সাহায্য না লইয়াই
ত অনেক অনেক বস্ত উৎপাদন করেন। সামায় কুম্বকার চক্রাদির
সাহায়্য ব্যতীত ঘট উৎপাদন করিতে পারে না বলিয়া যে কেহই পারিবে
না, এমন কি নিয়ম আছে ? সংসারে ত অহরহই দেখিতে পাও, একশনে যাহা অতি কটেও না পারে, অন্তে তাহা অনায়াসেই সম্পাদন
করে। শক্তির তারতম্য ত প্রতাক্ষই দেখা যায়। স্তরাং সর্ব্বশক্তিমান্ ব্রন্ধ যে অন্তের সাহায়্য ব্যতীতই স্বয়ং এই জগৎ প্রকাশ করেন,
ইহা আশ্চর্যের বিষয়ই বা কি, আর অসম্ভবই বা কি ?

ব্যাপাতের ব্রদ্ধ একান্ত নি:সহায়ও নন ; অঘটনঘটনপটীয়দী মায়াই তাহার সহায়, তাহারই প্রভাবে সৃষ্টি; তাহার অভাবে সৃষ্টি বলিয়া কিছুই পাকে না। অবশ্য এই মায়াশক্তিও তাঁহারই নিজম্ব, সাংখ্যের কল্পিড 'প্রধানের' মত একটা স্বতম্ব কিছু নয়। শক্তি ও শক্তিমানের অভেদই যুক্তিসিদ্ধ। শক্তিকে ছাড়িয়া শক্তিমানের কিম্বা শক্তিমানকে ছাড়িয়া শক্তির অন্তির্থ কল্পনা করা যায় না। মাহ্রাশক্তিতে শক্তিমান ব্রক্ষাই জ্পেতের শ্রেষ্টা, নি:শক্তিক বা নিরুপাধিক বন্ধ নয়। ষধন সন্ত্যাদির কথা হয়, তথন আহ্রাশক্তি উপত্রিভ ত্রন্দের কথাই হয়, নিরুপাধিক বা নিগুণ ত্রন্ধের কথা হয় না। নিরুপাধিক ত্রন্ধ বন্ধত: সর্ববিধ বিচারেরই অতীত। তাদশ ব্রহ্ম জ্ঞানেরই অগোচর, তাঁহকে জানা যায় না। তিনি কোন প্রকার আলোচনা বা জ্ঞানের বিষয়ই হইতে পারেন না। তাঁহাকে জানার অর্থ—তাঁহাই ক্রা। যাহা কিছু জ্ঞাতব্য-জানার যোগা-তাহাই সোপাধিক। নিক্লপাধিকের জ্ঞান অসম্ভব। নিক্লপাধিক ব্রহ্ম একটা কিছু পদার্থ, তমি তাহাকে জানিলে — এ হইতেই পারে না। সমস্ত জ্ঞানের যিনি জ্ঞাতা, তাঁহাকে আবার জানিবে কে ? জ্ঞাতা চিরকাল জ্ঞাতাই থাকে. সে কথনও জ্বেয় হইতে পারে না। তাই শ্রুতি বলেন, "ব্রহ্মকে যিনি জানের বিষয় বলেন, তিনি বস্তুত: ত্রন্ধরূপ জানেন না।" "ত্রন্ধকে ষে সভা সভাই জানে, সে বৃদ্ধই হয়" অর্থাৎ বৃদ্ধজ্ঞানের অর্থ ব্রহৃত্ধ হওয়া ছাড়া আর কিছুই হইতে পারে না। * "যথন সমন্ত আত্মা বা

चक्क चथकान, चग्नः खगािकः—हेंगाित कथात्र व्यर्थ এই यि, उक्क कांन खातित्र विवश्च इन ना। आभि आभाष्क क्षानिनाम ইত্যাদি कथात्र कान वर्धर नारे. তবে উহার তাৎপর্য এইমাত্র বে. আমি সত্যিকারের যাহা তাহাই হইলাম বা আছি, আমার সম্বন্ধে জ্ঞান, জ্ঞের, জ্ঞাতা ইত্যাদি সমন্ত কথাই লোপ পাইল। পরিপূর্ণাদ্বৈতে পর্বাবসানই আন্তর্জানের অর্থ।

প্রক্ষ বলিয়া উপলব্ধি হয়, তথন কে কাহাকে প্রেস্কে কাহাকে জানে দু"
যপন দিতীয় কিছুব অধি হই অহুভূত হয় না, তথন জান, জ্ঞান,
জনহা হালাদি কথাও লোপ পায়—একমাত্র অহুভিত্করস প্রক্ষতৈজন্তই
প্রকাশিত থালে, তাহার সহক্ষে স্প্রি প্রভৃতি কোন কথাই প্রযুক্ত হইজে
পারে না ভ জারাং যপনই স্ট্রাদির কথা হয়, তপ্রই মায়া বা অজ্ঞান
উপত্তি প্রদের কথাই হয়—এই কথাটি বিশেষ ভাবে অরপ রাখিও।
জাতরাং প্রদেশ ক্ষেক্ষরাদির তায় উপক্রণ সংগ্রহ না করিয়াও আমান
শশির প্রভাবে অসংক্ষি করিতে পারেন

শিশা থাগনার উপদেশে বৃত্তিলাম যে এক অবিতীয়, বাহুসাধননিরপেশ চেন্ন প্রচাই তে জগ্ৎরূপে পরিণত তন। কিন্তু বহুশুন্তিবাকাই প্রচালে বজকে নিন্দ্রন্ত্রন্ত্র অর্থাৎ অংশরহিত বলিয়াছেন।
স্থানা প্রজ্ঞান কতকগুলি অব্যব বা অংশের সমষ্টি নহেন, তিনি ধ্বন
অগও, পুন, অতএব অবিভাজা, তগন তিনি ধ্বি এই জগ্ৎরূপে পরিণত
না, তবে তাহার স্বতীই পরিণত হইবে। যেহেতু তাঁহাকে ভাগ করা
বাঘ না, সেইহেতু তাহার কেভাগ জ্বলাকারে পরিণত হয়, আর এক
ভাগ অবিকৃত অবস্থায় অবশিষ্ট থাকে—এরপ হইতে পারে না। তাহা
হইলে কল এই লাড়ায় যে, রজ পদার্থই জগ্ৎ হইয়াছে, জগ্ ছাড়া
বজা বলিয়া থাব কোন বল্প নাই। স্বতরাং "ব্রগ্গকে স্থানিবে"
ই লালি কনিব উপদেশন্ত নির্থক, কেন না জ্বগ্রাছার আরু বলিয়া
ব ঘাব কিছু নাই, আরু জ্বাহ ত স্কলেই জ্বানে। অন্তর্জব

কৃৎস্নপ্রদক্তিঃ---

ব্যানর স্বটাট জ্যাংক্সপে পরিণত হইয়া যায়, আর কিছুই অবশিষ্ট পার্কেনা লত্তীয়পু একটা দোষ আসিয়া প্রতে।

পকাস্তরে আবার, এই দোষ পরিহার উদ্দেশ্যে যদি বলি থে. বন্ধ সাবহুৰ অৰ্থাৎ বিভিন্ন অংশের সমষ্টি, অতএৰ নানাভাগে বিভক্ত হইবার যোগ্য, তবে

নিরব্যবত্ব-শব্দ-কোপঃ বা ॥২৬॥

ষে সমন্ত শতিবাকা শিক্ষা এফাকে নিরবয়ব বলেন, সেওলি িনিরবয়বত্ত-শব্দ বার্থ (কোপ: হিইয়া যায়। এবং ক্রন্ধ সাব্যুব অর্থাৎ বিভিন্ন অংশের সম্বি হইলে তাঁহার বিনাশও অনিবাযা। সাব্যব কোন পদার্থই চিরস্থায়ী ইইতে পারে ন।।

গুৰু। না, বংস্ ব্ৰহ্মকে সাবয়ৰ বলা যায় না। তিনি নিরবয়বই। তাহা হইলেও তাহার স্বটাই জগদাকারে পরিণত হইয়া যায় না.—

শ্রুতঃ তু—

থেছেত, শ্রুতিই সে কথা বলেন। শ্রুতি থেমন বলেন যে, এখা হইতেই জগতের উৎপত্তি, সেইরূপ আবার জগৎ বাতীতও ব্রশ্ব পাকেন, অর্থাৎ ব্রহ্ম হইতে জগৎস্প্ত হইলেও তিনি জগতেই শেষ হইয়া যান না-একথাও শ্রুতি বলেন। স্বতরাং ত্রদ্ধ ব্রুপতের কারণও বটেন, আবার জগং-অতিরিক্ত অবিকৃত্ত বটেন-- ইহাই শ্রুতির মত. এবং এই সিদ্ধান্ত স্বীকার না করিয়া উপায় নাই:

শব্দ-মূলত্বাৎ॥ ২৭॥

কারণ, বন্ধ শব্দুলক, অথাৎ বন্ধ যে কি, তাহা জানিবার এক মাত্র উপায় ঐতি। তিনি ইশ্রিয়ের অতীত, স্বতরাং প্রত্যক্ষ, অনুমান ইত্যাদি কোন প্রমাণেই তাঁহার স্বরুপ নির্ণয় করা অসম্ভব। শ্রুতি

তাঁহাকে যেরপ বলেন, তাঁহাকে সেইরপ স্বীকার করা ছাড়া গতান্তর নাই। শ্রুতি যথন বলেন যে, ত্রন্ধ জগদাকারে প্রতিভাত হইলেও অবিকৃত অবস্থায় বর্ত্তমান থাকেন, অথচ তাঁহার কোন অংশ নাই. তথন ইহা অবশ্রই স্বীকার করিতে হইবে। দেখ, কেবল যুক্তি তর্কের সাহায্যে মাতুষ কতট্ট জানিতে পারে ? কয়টা 'কেন'র উত্তর মামুষ দিতে পারে? বিবেচনা করিয়া দেখ, আমাদের প্রায় দকল কাজ্বই মানিয়া নেওয়ার উপর চলিতেছে, যুক্তি অবলম্বনে আমরা কয়টা কাজ করি? বাশুবিক দেখিতে গেলে. করিতেই পারিনা। বায় না হইলে মাতুষ বাঁচিতে পারে না: কিছ কেন পারে না, ইহার কি কোন যুক্তি আছে ? আহার করিলে কুধার নিবৃত্তি হয়, কিন্তু কেন হয় ? এইরূপ যে-কোন বিষয় সম্বন্ধেই ভাবিয়া দেখ, বৃঝিবে, প্রত্যেক পদার্থেরই একটা অচিস্তনীয় শক্তি चाहि। रेक्कानिक गरवर्गा ७ विद्धार्य कतिया এकी योगिक भार्ष আবিষ্কার করিতে পারেন, ঐ পদার্থটীর ছারা এমন এমন কাজ इहेट পार्त-हेजापि वह कथारे वनित्व भारतन : किन्न के भारति স্বয়ং যে কি তাহা মানববন্ধির অগোচর। এক ফোটা জল কি. না. হাইডোজেন ও অক্সিজেন নামক চুইটা মৌলিক পদাৰ্থ মিলিত হইয়া ল্লল হয়। ইহার অধিক বলিবার ক্ষমতা মাছুষের নাই। কিন্তু এ ওধু শধের প্রতি শ্বকৃত্ট দেওয়া হয় মাত্র, শধের অর্থা, অর্থাৎ षमविन् प्रदक्त পভিপ্ত কি, তাহা ব্রাইবার ক্ষমতা মামুষের নাই। সামান্ত সামান্ত প্রভাক দৃষ্ট ও সর্বলা ব্যবহৃত পদার্থের স্বব্ধেশ ব্ঝিবার শক্তিই মাহুষের নাই, অচিস্কামহিম ত্রন্ধের স্বরূপ বৃদ্ধির সাহায়ে কি করিয়া জানা যাইবে ? স্বতরাং তর্ক খার। স্রাতির উক্তিকে ৰওন করিতে যাওয়া ধৃষ্টতামাত্র। দেশ, কাল ও পাত্র ভেদে একই

ৰম্ব বিৰুদ্ধ বুক্ষের কাষ্য উৎপাদন করে, ইহা ত অহরহই দেখিতেছ। স্থাতরাং ব্রহ্মও নিরবয়ব ও অবিকৃত থাকিয়াই জগৎস্ঞ করিতে পারেন, ইহা ত একেবারে অসম্ভবও নয়। এই জন্মই পুন: পুন: বলি যে, ইন্দ্রিয়ের অতীত বস্তুর স্বরূপ জানিতে হইলে, একমাত্র শ্রুতিই অবলম্বনীয়।

শিষা৷ কিন্তু শ্রুতিও যদি একাস্ত বিরুদ্ধ কথা বলেন, তবে ভাহাই বা স্বীকার করি কি করিয়া । ব্রহ্ম যদি জগৎ আকারে পরিণত হন, এবং তাঁহার যদি কোন আংশ (অব্যব) না থাকে, তবে তাঁহার সবটাই এই জগতে শেষ হইয়া যায়, একথা অবশ্য বলা উচিত। আর. ব্রদ্ধ জগদাকারে পরিণতও হন, আবার জগতের অতীতরপেও বর্ত্তমান থাকেন-ইহা বলিলে তাঁহাকে নিশ্চয়ই অংশের সমষ্টি বলিতে হয়। নিরবয়ব ত্রন্ধ পরিণতও হন, আবার স্বস্থরপেও অবস্থান করেন---ইহা হইতেই পারে না। যদি কেহ বলে যে, অগ্নির উত্তাপ আছেও এবং নাইও—তবে তাহা কিরপে বিখাস করি ? আর বিখাস করিয়াই বাফল কি ৷ ওরপ বিরুদ্ধ উক্তিতে অগ্নি সম্বন্ধে কোনরপ সত্য ধারণাই হইতে পারে না। স্থতরাং শ্রুতি যদি এইরূপ['] বিরুদ্ধ কথাই বলেন, তবে সেই শ্রুতির সাহায্যে ব্রন্ধের কোন যথার্থ জ্ঞান হওয়ারই ত সম্ভাবনা দেখি না ৷ শ্রুতি একবার বলেন, ব্রহ্ম নিরবয়ব, আবার বলেন, সাবয়ব-- ইহার তাৎপর্যা কি ?

গুরু। বেশ প্রশ্ন করিয়াছ। শ্রুতি যাহা বলেন, তাহা সত্য--অতএব ব্রন্ধ সাবয়বও বটেন, নিরবয়বও বটেন—এইভাবে যদি ঐতির বিচার কর, তবে ভুধু একটা গোজামিল দেওয়াই হইবে। তাহাতে ষ্ণার্থ ব্রন্ধতত্ত নির্ণীত হইবে না। অবশ্য শ্রুতি যাহা বলিয়াছেন. তাহা সতা, এ বিষয়ে সন্দেহ নাই। কিন্তু বিচার করিয়া দেখিতে হইবে, শতি স্থা হতা কি বলেন। ধরুপ বিরুদ্ধ উল্লি করিবার ভাষপ্যা কি দু যথাপুই কি শতি একটা গোলামিল দিয়া রাবিয়াছেন ? ঐ আপাত্রিরোপের কি কোন মীমাংসাই হয় না ?—কই সব বিষয় ধীরভাবে বিচার করিয়া দেখা আনশুক •। 'এদা নিরবয়ব, অবচ জল্মাংপে প্রিণ্ড হইয়াও তিনি অবিরুত অবস্থায় বাকেন'—শুভির এই উল্লিখনি অধ্হীন না হয়, ইহা যদি অল্লান্ডই হয়, তবে দেখিতে হইবে, শতি কোন্উদ্দেশ্যে, কোন্ অর্থ এরপ বিরুদ্ধ কথা বলিয়াছেন।

নেগ, একটা বস্তু অবিকৃত (যাহা তাহাই) থাকিয়া বিভিন্ন আকারে তথনই প্রায়মান এইতে পারে, যথন এই বিভিন্ন আকার-গুলি গান্তবিক ভাষা ক্লা, তবে সময়ে অফুভত হয় মান। যেমন, একলাভ দুড়ি দুড়িরূপে অবিভ্রন্ত থাকিয়াও সূর্প বা যুষ্ট্রিরূপে ্রাভিক্তাক্ত ইইডে পারে। এইরপ প্রতিভাগ হওমা ছাড়া, পড়ি ঘান সভা সভাই সাপ এইছা হায়, ভাবে আার ভালা **অবিরুত থাকে** ন ৷ সেইরল বলে এই স্কর্যং (রক্তন্তে মর্পের দ্রায়) প্রতিভাত ত্যুমার, ধনি এইউক্ট অলেব জলংক্ষণে পরিণামের অর্থনা বলি, জবে আৰু বুজ মবিকুত থাকিংক প্ৰবেম না , ইহা ছাড়া প্রিণামের অত্য মুখ্ থাকার করিলেই এলা বিক্লুভ স্থায়া প্**ভিবেন। স্লুভরাং** 'রন্ধ জগংজ্যাল পরিণ্ড হন'—এই কথ্যে স্বর্থ এ**ই যে, ভ্যান্তভা**ক প্রভাবে নক্ষাকেই জগৎ বাদিয়া ভ্রম হয়; ন ২ইলে এল সভা সভাই জ্বাং হট্যা যান, এলপ বলিলে **তাঁ**হার **অং**শ ামাছে, একথা স্বীকার করিতে ১মু, ফলে ডিনি বিনাশশীল হইমু প্রভেন। কাজেই শ্রুতির ঐ বিরুদ্ধ উল্লিব সাম্প্রসা করিতে হটলে 'শবশুট থাকার করিতে ইইবে যে, এখো বস্তুতা কোন ভেদু না **থাকিলেও**

[•] द: १: ०२:३३-२३ खरेदः।

কল্লিত নামরপাত্মক ভেদ আছে। এই অজ্ঞানপ্রস্ত কল্লিত ভেদ (অবয়ব, অংশ) দ্বারা এক্ষকে পরিণামী বলিয়া বোধ হইতেছে, কিন্ত্র পাল্লমান্স ভি: তিনি সর্ব্বকালে এক্টরপে অবস্থান করিতেছেন। ব্দ্ধভেপ্ত তাঁহার কোন পরিণামই হয় না। চোখের দোষে এক চক্রকে তুই বলিয়া দেখা গেলেও চক্র যেমন বস্তত: তুই হইয়া যায় না—এও দেইরূপ। শ্রুতি স্পষ্টই বলিয়াছেন যে, যত কিছু নাম ব্রুপ দ্বই ক্থার কথা মাত্র (বাচার্ভণ্ম), অতএব মিধা। স্বতরাং 🖶তি স্বয়ংই ত্রন্ধের সাব্যব্ব নিরাস করিয়া নিরব্যব্ব প্রতিপাদন কবিতেছেন।

আরও দেখ, ঐতির প্রধান উদ্দেশ্যই হইতেছে এমন জ্ঞানের উপদেশ করা, যাহা মামুষ ইন্দ্রিয়াদির সাহায়ে। লাভ করিতে পারে না। ইহাতেই ঐতির ঐতিত। ব্রন্ধের পরিণাম প্রতিপাদন করা শ্রুতির উদ্দেশ্য হইতে পারে না, কারণ পরিণাম সকলেই প্রতাক্ষভাবে জ্বানে। পরিণাম জানিয়া বিশেষ কোন ফল হয়, এ কথা শ্রুতিও কুত্রাপি বলেন না। তবে र्ष अंखि পরিণামের কথা বলিয়াছেন, ভাষা কেবল সর্ব্ব পরিণামের অতীত নির্বিকার এদকে চিনাইয়া নিবার জন্ম, তাহাতেই মাঞ্ধের চরম পুরুষার্থ। (বঃ সৃ: ২, ১. ১৪ দ্রপ্তবা)। স্করাং ব্রহ্মকে জগং-কারণ বলিলে কোন দোষই হইতে পারে না।

আর, ব্রহ্ম যাহা তাহাই থাকেন, অথচ তাঁহাতেই বিচিত্র সৃষ্টি সম্পন্ন হয়, এ সম্বন্ধে সন্দেহ কেন করিতেছ ?

আত্মনি চ এবং বিচিত্রাঃ চ হি ॥২৮॥

ব্মপ্রস্তা জীবাত্মাতেও [আত্মনি চ] ত এইরপ [এবম] নানা-वकरभव रहि विकिताः । तन्या याथ ।

শ্রুতি বলেন, 'স্থাকালে বান্তবিক রথও থাকে না, অশ্বও থাকে না, রান্তাও থাকে না, অথচ স্থান্তটা যাহা তাহাই থাকিয়া স্থাংই এই সমন্ত সৃষ্টি করেন' (বৃ: ৪. ৩. ১০)। দেখিয়াও থাকিবে যে, একজন যাত্কর দেখিতে দেখিতে অন্তর্হিত হইয়া গেল, আবার হয়ত একটা জন্তর আকারে আবিভূতি হইল, অথচ যাত্কর কিন্তু যাহা তাহাই থাকে। স্তরাং বন্ধ যাহা তাহা থাকিয়াও বিচিত্র সৃষ্টি সম্পাদন করেন, ইহাতে আর আশ্চর্যের বা অসম্ভাবনার কি আছে গ

ভারপর, বেদাস্তের বিরুদ্ধমত যাহাদের তাহাদের

স্বপক্ষদোষাৎ চ ॥ ২৯ ॥

নিজেদের পক্ষেও উক্ত দোষগুলি অনিবার্য বলিয়া তাহাদের মতই অগ্রাহ্য। নিরবয়ব, শলাদিহীন প্রধান, পরমাণু প্রভৃতি যাহাকেই জগতের কারণ বল না কেন, চতুর্থ স্ত্র হইতে এযাবং যে সমন্ত দোষের উল্লেখ করা হইয়াছে, তাহার সব গুলিই উহাদের উপর আরোপ করা যাইতে পারে, অথচ তাহার আর খণ্ডন করা যায় না। ইহা বিস্তৃতভাবে পরে দেখাইব। কিন্তু ব্রহ্ম সম্বন্ধে এ সব দোষ হইতে পারে না, তাহা বোধ হয় ব্ঝিলে ? স্বতরাং ব্রহ্মই জগতের কারণ, অক্ত কিছু নহে।

শিষা। আচ্ছা, একক অন্ধায়দি এই বিচিত্র বিখের কারণ হন, ভবে তাঁহার বিচিত্র রকমের শক্তি অবশু থাকা উচিত।

গুৰু। অবস্টু আছে। ব্ৰহ্ম

সর্বোপেতা চ তৎ-দর্শনাৎ॥ ৩০॥

সর্বশক্তিযুক্ত[সক্ষোপেতা]; থেহেতু, শ্রুতি ব্রন্ধকে সেইরূপই দেখাইয়া-ছেন [ভদ্শনাৎ]। শ্রুতি বলেন, "তিনি সর্বাক্ষা, সর্বাসন্ধ, সর্বাসন সর্বব্যাপী, ইন্দ্রিয়বর্জ্জিড, নিদ্ধাম, সত্যকাম, সত্যস্বল্প"(ছা: ৩. ১৪. ৪)। "ডিনি সর্ব্বজ্ঞ, সর্ববিৎ" (মৃ: ১.১. ১)। ইত্যাদি।

শিষ্য। আচ্ছা, ব্ৰহ্ম না হয় সৰ্ব্বশক্তিমান হইলেন, কিন্তু বিকরণত্বাৎ ন ইতি চেৎ ?

তাঁহার কোন ইন্দ্রিয় [করণ] না থাকায়, তিনি শক্তি থাকা সত্ত্বেও কিছু করিতে পারেন না, এরূপ যদি বলি ? শুরু ৷ কেন.

তহ্বজুম্।। ১ ।।

একথার উত্তর ত প্রেই দিয়াছি: ব্রহ্ম যে কি পদার্থ, তাহা কি কোন মুক্তি তর্ক দারা জানা যায় ? একমাত্র শুন্তিই এ বিষয়ে প্রমাণ। স্থতরাং শ্রুন্তি যথন বলেন যে, "ব্রহ্মের হস্ত নাই, পদ নাই, অথচ তিনি গ্রহণও করেন, গমনও করেন; চক্ষু নাই, অথচ দেখেন; কর্ণ নাই, অথচ শোনেন" (খেঃ ৩.১৯), তথন ব্রহ্মের কোন ইন্দ্রিয় বা উপকরণ না থাকিলেও গুধু সর্ব্বশক্তিমান বিদ্যাই সব করিতে পারেন—ইহা অবশ্যই শীকার করিতে পার। আরে, এ ত এমন কিছু অসম্ভবও নয়। একজনের শক্তি সামথ্য যেমন, আর একজনের তদপেক্ষা বহুগুণ বেশী থাকিতে ত সচরাচরই দেখা যায়। আমি তুমি যাহা না পারি, অত্যেও যে তাহা পারিবে না—এমন ত বলিতে পার না। স্থতরাং ব্রহ্মের ইন্দ্রিয়াদি না থাকিলেও তিনি যে সবই করিতে পারেন—ইহা একেবারে অসম্ভবও নয়।

শিষা। আচ্ছো দেখুন,নিতান্ত মুর্থও বিনা প্রয়োজনে কোন কিছু করে না। ব্রহ্ম হইলেন আপ্তকাম, অর্থাৎ তাঁহার কোন কিছুরই অভাব নাই, তিনি পূর্ণ (perfect)। স্থতরাং তিনি কেন স্পষ্ট করিতে যাইবেন ? আর, পাগলে যেমন বিনাপ্রয়োজনে অনেক কিছু করে, ব্রহ্মের স্প্টি- ক্রিয়াও থদি তেমন কিছু হয়, তবে তিনি যে স্ক্রিঞা, একথাও বলা যায় না। স্বতরাং এখা পূর্ণকাম বলিয়া স্প্রী করিবার তাহার কোন প্রয়োজন থাকিতে পারে না। অতএব তিনি জগৎকারণ হইতে পারেন

ন, প্রয়োজনবস্থাৎ ॥৩২॥

না [ন]; থেহেতু প্ৰত্যেক কাথ্যেরই একটা-না-একটা প্ৰয়োজন বা উদ্দেশ্য অবশ্যই থাকিৰে [প্ৰয়োজনবখাৎ]।

গুরু 🔝 কেন, এই স্মষ্টব্যাপারটা

লোকবৎ তু লালাকৈবল্যম্।। ৩৩ ॥

সাধারণ লোকিক খেলা প্লার মত [লোকবৎ] অন্ধের শুধু লীলা বা দ্বীভামতে [লালাকৈবলাম্]—এই ভাবেও ত গ্রহণ করিতে পার। সাধারণতঃ সংসারে ধেমন দেখা যায় যে, যাহার কিছুমাত্র জ্ঞাব নাই, সেও শুধু খেলার ছলে এটা-ওটা করে। কিছা ধেমন বাস-প্রাসের কোনজপ বাহ্ন উদ্দেশ্য দেখা যায় না, অবচ স্বভাবের বশে আদানা ওইতেই আত সহজে সম্পন্ন হয়। লৌকিক খেলায় বিচ্ছু-না-বিচ্ছু উদ্দেশ্য আছে, এমন অহ্ন্যান করা যাইতে গালে বটে, কিব কেইই মুক ইউক—এই ভাবিয়া খাস-প্রশাস করে না, উহা খেলাবের বশে আদান ইইতেই হয়। কাহারও কাহারও এমন অন্তাস আছে, বাকিয় থাকিয়া মাথাটাকে একটা আমুনি দেওয়া। এই মুজা-দোনের করেও হয়ত ঐ বাজিব শারীরিক গঠনের কোনজপ বৈকল্য। ইন বাজি নিশ্চমই কোন সভাবের বোধে ঐরপ করে না। মুক্তিত অবস্থা আনকে হাত-পা ছাড়ে; কিছু তাহার কোন বিশেষ উদ্দেশ্য সাধ্যে করিবার সাক্ষ্যে করে ওরপ হরে না। শারী-বিক বিকৃতির ফলে ওরপ হয় সভ্য, মুচ্ছারোগ ভাদুশ ক্রিয়ার বারণ

বটে, কিছু ঐ ক্রিয়ার অস্তরালে মৃচ্ছিত ব্যক্তির কোনরূপ অভাবতবাল আছে এবং দেই অভাব পূরণ করিবার জন্ম দে ঐরপ করিতেছে, এমন ৰলিতে পারিবে না। একটা ফল গাছ হইতে মাটিতে প্রভিয়া গেল-ইহাতে কাহারও কোন উল্লেন্স্য সিদ্ধি বা অভাব পুরুণ হইল, বলিতে পার কি গ মৃচ্ছারোগগ্রন্থের হ্রভাবই হইল হাত-পা ছোড়া. বুস্কচাত ফলের স্বভাবই হইল মাটিতে পড়া। তাহাতে আবার প্রয়োজনের কল্পনা কি ? দেখ, যাহার যাহা স্বভাব, তাহা আত্ম-প্রকাশ করিবেই, তাহাতে প্রয়োজনের কল্পনা করা রূপা। স্বভাবের প্রয়োজন অমুসন্ধান নিক্ষল ও অনাবশ্যক। "অমুক এমন এমন করে," কেন করে ৮ থেহেতৃ ঐরপ করাই ভাহার স্বভাব, সে ঐরপ ন। করিয়া থাকিতেই পারে না,—যদি না করে, তবে তাহার স্বভাবেরই লোপ হয়, আর স্বভাবের লোপ মানে বিনাশ; এক ব্যক্তির সম্বন্ধে যদি কোন কথা উত্থাপন কর, তবে যেমন তাহার অন্তির স্বীকার করিয়া লইতেই হয়, সেইরূপ সঙ্গে সঙ্গে তাহার স্বভাবত অবশা স্বীকার করিতে হয়—কারণ স্বভাবের অভাবে অন্তিত্ত্বেই অভাব হয়, ফলে তাহার সম্বন্ধে কোন কথা বলাই চলে না। স্থতরাং দেখিতেছ, স্বভাবের আর কোন প্রয়োজন क्रमा क्रमा यात्र मा। अस्ति विचार वारा राम, लारा १३(वरे. তাহার আর দ্বিতীয় কোন প্রয়োজন থাকিতে পারে না: আর ওরূপ হওয়ার মূলে কোনরূপ অভাববোধ আছে-এমনও কল্লনা করা যায় না। মায়াশক্তিই সৃষ্টিকর্ত্তা পরমেখরের স্মভাবের বলে জনং স্টু হইতেছে। এই জনংখন্ত্রেপ প্রকাশ হওয়াই ঐ স্বভাবের কার্য। ভাহাতে আবার প্রয়োজনের কল্পনা কি ? অপরিমিত শক্তিক ব্রন্ধের স্বভাবেই অবলীলাক্রমে এই জগং বিরচিত হইতেছে।

ভারপর, প্রমার্থ দৃষ্টিতে দেখিলে, বান্তবিক সৃষ্টি বলিয়াই কিছু
নাই। অবিদ্যার প্রভাবে ওরপ একটা ভ্রম হয় মাত্র। অবিদ্যার স্বভাবই
হইল স্বান্তর্গত প্রকট হওয়া, উহাই অবিদ্যার স্বভাব স্বান্তর্গত প্রকট হওয়াই রজ্জ্গত অবিদ্যার স্বভাব — ভাহাতে আবার উদ্দেশ্য বা
প্রয়োজনের কর্মনা কি গুবস্ততঃ সর্প যথন হয়ই না, তথন তাহা কেন
হয়—এরপ প্রশ্নই ত হইতে পারে না। স্কৃতরাং স্কৃষ্টির কোন প্রয়োজন
না থাকিলেও ব্রদ্ধ উহার কারণ হইতে বাধা নাই।

শিখ। আচ্ছা, এন্ধ যদি জগৎপ্রস্থা হন, তবে এ জগতে এত বৈষমা কেন ? কেহ উত্তম, কেহ মধ্যম, কেহ জধ্ম। কেহ স্থনী, কেহ ঘুংখা, কেহ ধনী, কেহ পথের ভিখারী, কেহ কর্ম, কেহ স্বাস্থাবান— এরূপ বৈষমা যখন জগতে দেখা যায়, তখন অবশ্যই ইহার স্প্তিকর্ত্তা ব্রহ্ম পক্ষপাতিও দোষগৃষ্ট। তাঁহারও তাহা হইলে ইতরজনের মত রাগ ভোল জিনিষের প্রতি টান) ও দ্বেষ । মন্দের প্রতি বিদ্বেষ, ঘুণা) আছে বলিতে হইবে। আবার, আপনার স্থান্ত জীবকে এত ঘুংখ দেওয়া, ভাহাদিগকে বিনাশ করা— এই সব কারণে তাঁহাকে নিঘুণিও (অতীব নির্দ্দিয়) বলিতে হয়। স্বতরাং শ্রুতি শ্বুতি সর্ব্বত্ত যিনি সমদশী ও পরম দ্বাল বলিয়া প্রাস্থিক, তিনি যদি জগতের শ্রষ্টা হন, তবে বে তিনি নিতান্ত পক্ষপাতী ও নির্দিয় হইয়া পড়েন।

গুরু। না. বংস। ব্রহ্ম জগংস্রষ্টা হইলেও তাঁহার

বৈষম্য-নৈয় গৈয় ন, সাপেক্ষত্বাৎ— তথাহি দশ্য়তি॥ ৩৪॥

পক্ষপাতি ও নির্দ্ধয়ত। [বৈষমানৈ ছুল্য] নাই [ন]; কারণ, এই বৈষমা ও নিগ্রহ জীবের নিজ্ঞ নিজ্ঞ কর্মসাপেক্ষ [সাপেক্ষতাৎ], 🚁তি ও স্মৃতি সেইরপেই [তথাহি] বলেন [দর্শয়তি]। সৃষ্টিকত্তা জীবের স্বক্বত পাপ-পুণ্যের অ্যুরূপই তাহাদিগকে সৃষ্টি করেন. ভাগতে তাঁহার কি দোষ হইতে পারে? জীব নিজ নিজ कर्मफालके উख्य. यथाय वा व्यथम क्रेया अन्याय। त्रथ वृष्टि शाम्य. গোধম, যব প্রভৃতি সমন্ত শক্তের উৎপাদনেই সমান ভাবে সাহায্য করে, বৃষ্টর কোন পক্ষপাতিত্ব নাই, তবে এক এক বীজ হইতে যে এক এক রকমের গাছ উৎপন্ন হয়, ইহার কারণ ঐ ঐ বীজের নিজ নিজ বিশিষ্টতা। সেইরপ সৃষ্টিকতাও স্বজীবের ফাষ্টবিষয়ে একট রূপের নিয়ন্তা; জীবের যে পার্থকা তাহা তাহাদের স্ব ব কম্মনিবন্ধন। শ্রুতিও বলেন, পৃষ্টিকর্ত্তা জীবের স্বকৃত ধর্মাধর্মের (পুণ্য ও পাপ কর্মের) অফুরপই ভাহাদিগকে শৃষ্টি করেন। যেমন, "মামুষ ভাল কাজ করিলে ভान रहेशा जनाय, मन्त काज कतिरन मन्त रहेशा जनाय" (तुः ७.२.১७)। শুতিতেও এরপ বহু উক্তি আছে; যেমন, গাঁতা ৪.১১। স্বতরাং कीरवत रेवधमा ७ इ: १४त क्रम कीवर नागी, এर क्रम भत्रमयत्क পক্ষপাতীও নিদ্ম বলা যামনা। অবশু তিনি যদি জীবের স্বকীয় কর্মনিরপেক হইয়া সৃষ্টি করিতেন, তবে নিশ্চয়ই তাঁহাকে উক্ত দোষ্ট্রপ্ত বলা ঘাইত। কিন্তু তিনি জীবকে তাহার কর্মামুরপই সৃষ্টি করেন।

শিশু। আচ্চা, কম্মই যদি জগতের স্থুণ তুংখের কারণ হয়, তবে আর একজন স্প্রিকর্ত্তা স্বীকার করিবার প্রয়োজন কি । কর্মই সৃষ্ট করে-এরপ বলিলেই ত হয় ?

গুরু। না, বংস। কম স্বয়ং কিছু নিম্পন্ন করিতে পারে না। কারণ, উহা জড়, অচেতন। অচেতন কিছুই চেতনের সাহায্য বাতীত কোন কিছু জ্লাইতে পারে না। (ব্র: সু: ২.২.১ -- ১)

শিয়া। আচ্ছা, না হয় মানিলাম থে, পূর্বব পূর্বব জন্মের কুতকর্ম্ম

অমুণারে জীব এই জন্মে ভাল কি মন্দ হইয়া জন্মায়। কিন্তু প্রথম যধন স্বাধি হইল, তথন ত আর কিছুই ছিল না, একমাত্র অথণ্ডরূপী ব্রদ্ধই ছিলেন, কোন জীবও ছিল না, কর্মও ছিল না। শরীর থাকিলেই ক্ম করা সন্তব হয়। আবার শরীরই বা কিরুপে ইইবে গুতাহাও বে ক্মের উপর নিউর করে। ফলে দাঁড়াইল এই যে, শরীর না হইলে ক্ম হয় না, আবার ক্ম না হইলে শরীর হয় না। স্তরাং সর্ব্ধ প্রথম হয়ন স্বাধি হটল, তথন কোন ক্ম না পাকায় স্বাধিতে কোনরূপ বৈষমাই হওয়া উচিত নয়; অথচ স্বাধিতে বৈষম্যা একান্তই প্রকট; বলিতে কি, স্বাধির অথই বৈষম্যের আবিভাব বা উৎপত্তি, একরূপতা বা অথও নির্বিকারত্বকে স্বাধিই বলা যাম না। স্বতরাং অপ্ততঃ আদি স্বাধিয়াপারে ম্বাধানের মতে বিভিন্নরক্মের ক্ম। আদিস্বাধিতে ক্মের সেরপ কোনার মতে বিভিন্নরক্মের ক্ম। আদিস্বাধিতে ক্মের সেরপ কোন বিভাগ থাকার একেবারেই সন্তাবনা নাই। অন্তএব বালিতে হটবে, হয় ব্রদ্ধ স্বাধি বরনান, না হয় তিনি পক্ষপাতী ও নিন্ধয়। অন্ত

ন, কশ্ম-অবিভাগাৎ ইতি চেৎ 📍 —

২৯ ন: [ন]: যেংগ্র, আদিল্টিতে বৈষম্য উৎপাদন করতে পারে, এমন কোন কথের বিভাগই নাই [কর্মাবিভাগাৎ]—এরপ যদি [ইতি চেথ] বলি ৮—

^{धक} न, ञनां पिञार ॥ ०८ ॥

না, এরপ বলিতে পার না [ন]; যেহেতু, স্প্টির কোন আদি নাই [অনাদিখাৎ]। জ্ঞাদিন স্প্র্টিই বলিয়া একটা কিছু নাই। এক

ম্প্রটির পূর্বের আর এক স্বৃষ্টি, তার পূর্বের আর এক স্বৃষ্টি—এইরূপ অনাদি কাৰ হুইতে সৃষ্টির একটা প্রবাহ চলিয়া আসিতেছে। सृष्टि (कान এकটা निर्फिष्ट करा (point of time) आत्रष्ठ श्रेन-এমন কথা হইতে পারে না। দেখ, গাছ আগে, কি বীক্ত আগে— जारा बना याप ना:--- गाइ ना रहेल बीज रुप ना, आवाद बीज ना হইলে গাছ হয় না। এম্বলে আপাততঃ একটা বিরোধ হইতেছে মনে হইলেও গাছ ও বীজের উৎপত্তিতে কিন্তু কোন বাধা হইতেছে না. কিখা উহাদের পরস্পরের কার্য্য কারণ সম্বন্ধেও ব্যাঘাত হইতেছে নঃ শেইরপ কর্ম ও বিহাম সৃষ্টি অনাদি কাল হইতে একে অন্তের কারণ রূপে চলিয়া আসিতেছে বলিয়া কোন বিরোধ নাই।

শিষ্য। আচ্ছা, সংসার বা সৃষ্টি যে অনাদি অর্থাৎ তাহা কোন একটা নির্দিষ্ট ক্ষণে আরম্ভ হয় নাই, সৃষ্টি-লয়, সৃষ্টি-লয়, এই ভাবে বরাবর চলিয়া আনিতেছে, তাহার প্রমাণ কি ?

শুক। সৃষ্টির যে কোন একটা আদি নাই, ইহা

উপপদাতে চ অপি উপলভাতে চ॥ ৩৬॥ ৰুক্তিসক্তও বটে [উপপদ্যতে চ] এবং [অপি] শ্ৰুতি সুৰ্বতা এ কথার প্রমাণও পাওয়া যায় [উপলভ্যতে চ]। পূর্বে কিছুই ছিল না, সহসা একদিন একটা সৃষ্টি হইল-এরপ হইতেই পারে না। কিছু-না হইতে কিছুর উৎপত্তি অসম্ভব। এরপ কল্পনা করিলে বছ দোষ আদিয়া পড়ে। যেমন, থাহারা মুক্ত হইয়া গিয়াছেন, সহসা স্ষ্টি हहेल छाँशामिश्राक्थ स्थायात स्वाहार्क इहेर्फ शारत। मान कर, ভূমি পুর্বেছিলে না, অক্সাৎ ধনীর গৃহে জ্বাইলে এবং ভোমার ্পূৰ্বকৃত কোন কৰ্ম না থাকিলেও এই সংসাৱে বেশ স্থধ ভোগ

করিলে: আবার, যে দরিজের গৃহে জন্ম নিল, তাহাকে অশেষ হুঃৰ ভোগ করিতে হইল, অথচ সে বেচারী সম্পূর্ণ নির্দ্ধোষ। **জন্মের** পরে না হয় যার যার কর্মামুরপ ফল হয়. কিন্তু একজন সুধস্বাচ্ছন্দোর মধোট জন্মগ্রহণ করে, অপর একজন তুঃখ কটু মাধায় করিয়াই জনায়; জন্মাবধি এইরূপ বৈষম্যের জন্ম নিশ্চয়ই ব্যক্তিবিশেষের हेड बीवरमंत्र (काम कर्ष्य हे माग्री मग्री अप्रत देवरायात कार्य कि १ মনে কর, তুমি নিভাস্ত গরিবের ঘরে জুরিলে; এখন ভোমার জন্মের পূর্বেষ যদি তোমার কোনরূপ অন্তিত্বই না থাকে, তুমি যদি আক্ষিক জ্মিয়া থাক, তবে তোমার হু:থ কটের জ্ঞা দায়ী কে 🕈 অপরের কর্ম্মের ফলে তোমার এইরূপ দুর্ভোগ, এমনও বলিতে পার না , কেন-না, তাহা হইলে বলিতে হয়, এজগতে কোনই নিয়ম নাই। কিন্তু একটু প্রণিধান করিলেই বুঝিবে, এ জগতের প্রতোক কার্যাই একটা স্থানিয়ন্ত্রিত পদ্ধতিতে পরিচালিত হইতেছে। আমার কর্মফল হুমি ভোগ করিলে—এরপ হইলে বিনা কারণেই সব কিছু হয়—এরপ একটা অসঙ্গত ও অসম্ভব সিদ্ধান্তও অনিবার্যা হট্যা পড়ে। স্থতরাং ইহা দ্বির যে, যার যার কর্ম ফল সেই ভোগ করে; ফলে অবখাট স্বীকার করিতে হইবে যে, পূর্বে জন্মের কৃতকর্মের ফলেই এই জ্বের স্থ্য বা হুঃখ ভোগ হয়। পূর্বে কিছুই থাকে না, হঠাং এক দিন একজন জ্মায়, এরূপ বলিলে হুখ চু:খের কোন কারণই নাই-এরপ একটা অদ্ভত ও অসঙ্গত কল্পনা করিতে হয়। পরমেশ্বর এই হুথ ছাথের কারণ হইতে পারেন না; কারণ ভাহা হইলে তাঁহাকে পক্ষপাতী ও নিষ্দয় বলিতেই হয়, একথা পুর্বেই व्याहेशाहि। क्वन व्यविमा । এই विषयात्र कात्र इटेंटि शास्त्र ना : কারণ, অবিদ্যাও এক অথও পদার্থ, সে অন্তের সাহায্য ব্যতীত

কেবল একরপভাই সৃষ্টি করিলেও করিতে পারে, বৈষম্য সৃষ্টি করিতে পারে না। অবিদ্যার সহকারীরূপে যদি কর্মের একটা খনাদি প্রবাহ স্বীকার কর। হয়, তবেই বৈষমোর একটা স্থদপত কারণ নির্দেশ করা হয়। কর্ম সহসা উৎপন্ন হয় বলিতে পার না: कात्रण, कर्यवौद्धारक चानियान विनात, महीत इहालहे कर्य इहात, আবার কর্ম থাকিলেই শরীর সম্ভব—এইরপ একটা বিরোধ অনিবার্য্য হইয়াপডে। স্বতরাং বীজ ও বৃক্ষের ন্যায় এই কর্মবীজকে অনাদি বলিয়া স্বীকার করিতেই হইবে। অবভা 'স্প্রির কোন আদি নাই'--এইরপ উক্তিতে তোমার মন তথ্য না হইতে পারে: কারণ, মানুষের মন সর্ব্বদাই খোঁজে,—'এ'র পর্ব্বে কি. এ'র পর্ব্বে কি ?' 'অনাদি' -এই কথায় বান্তবিক আমরা বিশেষ কিছুই উপলব্ধি করিতে পারি না। 'সময়ের সীমা নাই'—এ যেমন আমরা ভাবিতে পারি না, আবার তেমনই 'অমুক ক্ষণের পর্বে কিছুই ছিল না' একথায়ও ছপ্ত হইতে পারি না; কারণ, 'যাহা কিছুই না' তাহার ধারণাই হয় না, এবং মনের স্বভাব 'পর্ব্ব পূর্ব্ব কিছুর' অন্তদন্ধান করা। স্বতরাং স্ষ্ট অনাদি বলিলে যদিও তোমার সম্পূর্ণ কৌতৃহল নিবৃত্তি না হউক, তথাপি সৃষ্টি সম্বন্ধে উহাই একমাত্র যক্তি-সম্বত সিদ্ধান্ত, এবং যতদিন মামুষ দেশ ও কালের (Space and time) অতীত হইতে না পারে, তত দিন ইহার অধিক আশা করা বিভয়না।

উপনিষদে স্পষ্টত: সৃষ্টিকে অনাদি না বলিলেও এমন সব কথা আছে, যাহাতে শ্রুতির সিদ্ধান্তও উহাই, ইহা বুঝা যায়। যেমন, "আমি এই জীবাত্মারূপে অন্তপ্রবিষ্ট হইয়া নামরূপ ব্যক্ত করিব" (ছা.৬.৩.২) ইত্যাদি। এই স্থলে দেখ, বেশ বুঝা যাইতেচে যে, সৃষ্টির আদি নাই; কেন না, "এই জীবাত্মারূপে"—এই কথাতেই

স্টির পূর্বেও বীলক্ষেপ জীবের অভিত প্রমাণিত হইতেছে। আৰাৰ, "শ্রষ্টা প্র প্র কল্লের মত স্থ্য ও চন্দ্রকে স্ষ্টি করিলেন" (ঝথেম ১০.১৯০.৩)৷ এই শ্রুতিও পূর্ব্ব করের উল্লেখ করিয়া স্টেব অনাদিওই প্রমাণ ফরিতেছে। প্রতিও বলেন, 'এই পাই ব্যাপারে প্রমেশ্রের রূপ নাই, আদি নাই, অস্ত নাই, মধ্য নাই" (গী: ১৫.৩ : উভ্যাদ । অন্তএন জগতের বান্তবিক কোন আদি নাই।

্র প্রাপ্ত যাহা আলোচনা করিলাম, ভাহাতে বোধ হয় বুরিলে থে, লগং কারণের যে সমস্ত গুল বা ধাম থাকা প্রযোজন, সেই

সর্বব-ধন্ম-উপপত্রে: চ ॥ ৩৭ ॥

সমস্ত ধন্মই সিকাধন্ম বিক্রমান্ত চেডন ব্রন্ধেই সক্ষত হয়, স্বভএৰ িউপপত্তে: তিনিই জগতের নিমিত্ত ও উপাদান, উভয় প্রকারেইট अस्ति।

'দ্বিতীয় অধ্যায়

দ্বিতীয় পাদ

শিষ্য: শুরুদের ! এ প্রয়স্ত যাহা বলিলেন, তাহাতে ব্ঝিলাম, এক অদিতীয় চৈতন্তস্বরূপ ব্রদ্ধই জগতের নিমিত্ত ও উপাদান কারণ। কিছু সাংখ্য, যোগ, বৈশেষিক প্রভৃতি দর্শনে প্রধান, পরমাণু ইত্যাদিকেই জগতের কারণ বলিয়া প্রতিপাদন করা হইয়াছে। এ সমস্ত দর্শন শাস্ত্রের প্রপেতা কপিল, পতঞ্জলি, কণাদ প্রভৃতি মহর্ষি। স্থতরাং তাহাদের প্রণীত দর্শনের প্রতি একটা গভীর প্রদা বতঃই উৎপন্ন হয়। যদিও পূর্বে বছস্থলে দেখাইয়াছেন যে, এ সমস্ত দর্শনের মূলে কোন ক্রাপি কপিল প্রভৃতি মহর্ষি যে সমস্ত মুক্তি প্রয়োগ করিয়া নিজ নিজ্ব সিদ্ধান্ত স্থাপন করিয়াছেন, তাহা ত অকাট্য বলিয়াই মনে হয়। স্থতরাং এ সমস্ত দর্শনের মত বেদবিরোধী হইলেও স্থান্ত যুক্তির উপর প্রতিষ্ঠিত। যতকণ সেই যুক্তির অসারতা হদয়ক্বম করিতে না পারিভেছি, ততক্ষণ বেদান্তের সিদ্ধান্তই একমাত্র সভ্য বলিয়া গ্রহণ করিতে যেন একটু বিধা বোধ হইতেছে।

সাংখ্যকার অনুমান করেন:-

ঘট, শরা, কলসী ইত্যাদি ধাবতীয় মৃত্তিকা নির্মিত পদাথের পর-শ্পারের মধ্যে বতই পার্থকা থাকুক, উহাদের প্রত্যেকের ভিতরেই মৃত্তিকা ওতপ্রোভভাবে অহুস্যাত দেখা ধায়। বস্তুত: মৃত্তিকাই নানা আকারে পরিণত হইয়া ঘট, শরা ইত্যাদি হয়। স্বত্তবাং মৃত্তিকাই

উহাদের কারণ। সেইরূপ, জগতের যত কিছু পদার্থ (কি বাহ্ ঘট, পট ইত্যাদি, কি আভ্যন্তর হর্ষ, বিষাদাদি ভাবসমূহ) সকলেরই বিশ্লেষ করিলে দেখা যায় যে, স্মুখা, দ্রাখা ও ত্যাক্তরান্য এই তিনটি উহাদের প্রত্যেকের মধ্যেই সাধারণভাবে অমুস্যুত আছে;— প্রত্যেক পদার্থই স্বথকর, দুঃখকর কিছা অজ্ঞাত বলিয়া অফুভূত হয়। স্বতরাং এই তিনটীই পদার্থমাত্তের শ্বরূপ। অন্ত কথায় বলিতে পারা যায় যে, প্রত্যেক পদার্থই মূলে স্থুখ, তু:খ ও অজ্ঞানাত্মক একটা কিছু পদার্থ হইতে উদ্ভত। সেই মৌলিক পদার্থেরই অপের নাম সত্ত (হুখ), রজ (চু:খ) ও তম: (মোহ বা অজ্ঞান) এই ভিন-শুল বিশিষ্ট প্রধান; এবং ঐ প্রধান যাবতীয় ব্দুড় পদাথের কারণ বলিয়া স্বয়ং জড় বা অচেতন। ঐ অচেতন প্রধান চেতন আতার ভোগ ও মোক্ষ সাধনের জন্ম আপন বিচিত্ত স্বভাবের বলে স্বয়ং বিচিত্র জগদাকারে পরিণত হয়। আপনার স্বভাবই প্রধানকে জগজপে পরিণত করে, ইহার জন্ম অন্ত চেতন অধ্যক্ষের কল্পনা করা নির্থক।

স্বতরাং সাংখ্য দর্শনে হে প্রধানকে জগতের কারণ বলিয়া অমুমান করা হয়, এ ত বেশ যুক্তিযুক্তই বোধ হয়।

छक। না, বৎস।

রচনা-অনুপপত্তেঃ চ ন অনুমানম্।।১॥

এই অম্মান-লব্ধ প্রধান [অম্মানম্] জগৎ কারণ হইতে পারে না [ন]; যেহেতু তাহা হইলে এই বিচিত্ত হুগৎ রচনা কিছুতেই সম্ভব हब ना [तहनाञ्चलभएख:]।

দেখ, সাংখ্য দর্শনে কেবল দৃষ্টান্তের উপর নির্ভর কারয়া ঐরূপ জগৎ-

267

কারণ নির্দ্ধারিত হইয়াছে। কিন্তু এমন কোথাও দেখিয়াছ কি যে. একটা অচেতন প্লার্থ অন্ত কোন চেতনের দারা পরিচালিত না হইয়া স্বয়ং কোন বাবহার্যোগ্য বস্তুরূপে পরিণত হয় ? গৃহ, হর্ম্যা, শ্যাা, আসন, ঘট, পট যত কিছু পদার্থ, সমস্তই ত চেতনাবান শিল্পীর দ্বারা রচিত হইতে দেখা যায়। এক টুকরা মাটিকে কখনও ত আপনা আপুনি একটা ঘট হইয়া ঘাইতে দেখা যায় না। চেতননিরপেক হইয়া অচেতন কোন কিছুকেই ত বিশিষ্ট আকারে পরিণত হইতে দেখা যায় না। স্থতরাং দৃষ্টাস্তবলে জগৎকারণ নিদ্ধারণ করিতে গেলেও ত चटिकन अधानरक এই स्निभूग मिल्लीत्र खरवाधा, क्ल्रनात खडीछ, ুম্মনিয়ন্ত্রিত, অপুর্বব পারিপাট্যযুক্ত বিচিত্র জগতের কারণ বলিয়া স্বীকার করা যায় না। দৃষ্টাস্তস্থলে ত এই মাত্র দেখা যায় যে, मुखिकामि अटहजन भमार्थ कुछकातामि हिज्दनत तथात्रगायह विविध আকারে পরিণত হয়। ঈদৃশ দৃষ্টান্ত অনুসারে, 'প্রধানও কোন চেতনের প্রেরণায়ই জ্গৎরূপে পরিণত হয়'-এইরপ অনুমান করাই বরং দঙ্গত হয়। শ্রাতিনিরপেক্ষ হইয়া একমাত্র প্রত্যক্ষ দৃষ্টান্তের উপর নির্ভর করিয়াই যদি জগৎকারণ নিদ্ধারণ করিতে হয়, তবে দৃষ্টান্তস্থলে যেরূপ দেখা যায়, অহুমানও ঠিক ঠিক সেইরূপই করা সঙ্গত, তাহার অতিরিক্ত বা ন্যুন কিছু কল্পনা করা নিশ্চয়ই অপ্রামাণিক। দৃষ্টাস্তস্থলে দেখা যায়, প্রত্যেক পরিণাম ব্যাপারেই চেতনের অধ্যক্ষতা অপরিহার্য্য; কিন্তু জগৎকারণ নির্দ্ধারণ করিতে যে অফুমান অবলম্বন ৰুৱা হয়, তাহাতে চেতনের কোন প্রেরণাই নাই—এরূপ বলা ত সঙ্গত হয় না, স্থতরাং এই বিচিত্র জগৎকারণ সিদ্ধ হয় না বলিয়। চেতন-নিরপেক্ষ অচেডন প্রধানকে জগতের কারণ বলা যায় না।

আরও দেখ, জগতের সমন্ত পদার্থই হুখ, তুঃখ ও অভ্যানাতাক

এরপ কথাও বলা যায় না। একটু ভাবিয়া দেখিলেই ব্ঝিবে, হংশ বা অজ্ঞান বাহিরের বস্তুর হাভাব নয়, উহা অস্তুরেরই। বাহ্ন বাহান বাহান

তারপর, এই বিচিত্র বিশ্বের রচনার কথা দূরে **থাকুক, এই রচনার** জন্ম যে একটা প্রচেষ্টা বা উন্মুখন্তা (Tendency to creation). তাংগাও অচেত্রন প্রধানের প্রক্ষে সম্ভব হয় না। সভএব

প্রবৃত্তেঃ চ॥২॥

জগৎ রচনার জন্ম যে প্রচেষ্টা বা উনুখতা, তাহাও **অচেতন প্রধানের** সম্ভব হয় না বলিয়া [প্রবৃত্তে: চ] প্রধানকে জগৎ কারণ বলা যায়না।

সাংখ্যমতে পারির পূর্ব্বে সন্থ, রঞ্জ: ও তমঃ এই তিনটা গুণ সমান ভাবে অবস্থান করে, কোন একটা অপরটা হইতে অধিক শক্তিশালী রূপে থাকে না। স্বান্তীর পূর্ব্ব মূহুর্ত্তে এই সাম্যাবস্থার (equilibrium) ভত্ত হয়, অথাৎ একটা গুণের আধিকা হয়, এবং তথনই বিশেষ একটা পরিণামের জন্ত প্রধানের একটা স্পন্ধন, চাঞ্চলা বা প্রবৃত্তি হয়। কিছা এই ভাবে কাযো প্রবৃত্ত হওয়া অচেতন প্রধানের পক্ষে সম্ভবই ইউলে পারে না। মৃত্তিকাই বল, রখাদিই বল, কুন্তকার বা অখাদির প্রেরণ ভিন্ন উহাদিগকে স্বয়ং কখন ও কোন কাখ্যের জন্ত প্রবৃত্ত হইতে বেশা যায় না। চেতন-নিরপ্রেক্ষ সচেতনের প্রবৃত্তি (ক্রিয়া প্রবিশ্বা)

কোবাও দেখা যায় না। স্থতরাং প্রধান অচেতন বলিয়া সৃষ্টির জন্ত উহার কোন প্রবৃত্তিই হইতে পারে না।

শিশু। আচ্ছা, চেতন-নিরপেক কেবল অচেতনের কোন কার্যো প্রবৃত্তি দেখা যায় না সতা। কিন্তু কেবল চেতনেরও ত কোন কার্যো প্রবৃত্তি দেখা যায় না। বরং সর্ববিধ প্রবৃত্তিই (ক্রিয়া) অচেতনকে ষাশ্রম করিয়াই হইতে দেখা যায়। অমুক পদার্থটী কার্যো প্রবৃত্ত इटेग्नाटक, हेटा उथनटे बचा याय, यथन तिथि अनार्थिने महल इटेग्नाटक। সাধারণ দৃষ্টিতে একটা পদার্থকে নড়িতে চড়িতে দেখিলেই আমর। বলি, পদার্থটী ক্রিয়াশীল বা প্রবৃত্তিমান হইয়াছে। এই যে পদার্থটির চাঞ্চলা, ম্পন্দন, গতি, প্রবৃত্তি ব। ক্রিয়া, ইহা কিন্তু ঐ পদার্থটীতেই প্রকাশমান দেখা যায়। কোন চেতন ঐ প্রবৃত্তির আশ্রয় বা প্রেরক মূলত: থাকিলেও সচল পদার্থটার উপর দৃষ্টি নিবদ্ধ করিলে তাহা প্রত্যক্ষ হয় না। কেবল ক্রিয়া বা প্রবৃত্তিটা এবং ঐ প্রবৃত্তি যাহাতে হইতেছে, দেই অচেতন আশ্রয়টীই আমরা প্রত্যক্ষ দেখিতে পাই। বেলগাড়ী চলিয়া যাইতেছে। একণে এই চলনক্রিয়া অবশাই রেল পাড়ীর, যদিও চেতন ডাইভার উহার পশ্চাতে আছে। অবশ্র রেল গাড়ী ইত্যাদির চলন ব্যাপারে উহার চেতন চালকের অন্তিত ও তাহার প্রেরণা আমরা প্রত্যক্ষই দেখি বটে। কিন্তু এমনও অনেক ৰ্যাপার সংঘটিত হইতে দেখা যায়, যে স্থলে চেতনের প্রেরণা আছে, কি নাই, কিছুই বুঝা যায় না। শেমন বায়ুর গতি, জলস্রোতের প্রবাহ ইত্যাদি। স্থতরাং সর্ববিধ প্রচেষ্টা বা ক্রিয়াই যখন অচেতনকে আশ্রয় করিয়াই প্রকাশ পায়, এবং চেতনের প্রেরণা ধর্মন স্থলবিশেষে দেখা যায় না, তখন এইরূপ অভুমান করাই ত সঙ্গত বলিয়া বােধ হয় বে, সর্ব্বভ্রই অচেডনেরই ক্রিয়া হয়। অতএব চেতন হইতেই কথের

প্রবৃত্তি বা প্রেরণ। আসে, অচেতন ইইতে আসে না—এরপ সিদ্ধান্ত কিরপে করেন ? অচেতননিরপেক্ষ কোন চেতনেই ত কোনরূপ ক্রিয়া দেখা যায় না ?

গুরু। না, 'কেবল' চেতনে কোনরূপ ক্রিয়া প্রকাশ না পাইলেও, চেতনে ক্রিয়ার স্পলন প্রত্যক্ষ দেখা না গেলেও, চেতনই যে প্রেরণার মূল, ইহা সহজেই অন্থমান করা যায়। দেখ, চালক না থাকিলে গাড়ী নিশ্চলই থাকে। মৃত শরীরে কোনরূপ ক্রিয়াই প্রকাশ পায় না, সচেতন শরীরেই প্রবৃত্তি দেখা যায়। ইহাতে কি প্রমাণিত হয় না যে, চেতনই প্রবৃত্তির কারণ, অচেতন নয়, যদিও প্রবৃত্তি অচেতনেই প্রকাশ পায় ?

শিখা। আছে।, যত কিছু প্রবৃত্তি সবই যদি চেতন সমৃত্ত হয়, তবে অবখাই বলিতে হইবে যে, এই জগৎস্প্টিরূপ প্রবৃত্তিও চেতন আত্মা হইতে উভূত। কিন্তু সেই চেতন আত্মার নিজের কোনরূপ প্রবৃত্তি বা ক্রিয়া হইতে পারে না, ইহা আপনি পূর্কেই ব্ঝাইয়াছেন (ব: ए: ১.১.৪ দ্রন্টবা)। যাহার নিজেরই কোনরূপ প্রবৃত্তি নাই, সে অভাকে প্রবৃত্তি করে কিরূপে গ

গুরু। কেন, একখণ্ড চুম্বক নিজে না চলিয়াও ত একখণ্ড লোহাকে চালায়, একটা ফুল গাছে নিশ্চল থাকিয়াও ত চক্ষ্বিদ্রিয়ের বিকার জন্মায়, পৃথিবী সুল দৃষ্টিতে স্বয়ং নিশ্চল থাকিয়াও ত সর্ব্ব পদার্থকে নিজ কেন্দ্রের দিকে আকর্ষণ করে: তুমি হয়ত বলিবে, এ সকল আচেতনেরই দৃষ্টান্ত, এবং চুম্বকাদিও স্বয়ং একেবারে নিজ্ঞিয় নয়, ভিতরে ভিতরে উহাদেরও ক্রিয়াশক্তি সচল হইয়াই কার্য্য করে। তাহা হইলেও উহারা যে সচল, তাহা কিন্তু প্রভাক্ষ দেখা যায় না। আর তুমি বল, যাহাতে ক্রিয়াশক্তির স্পন্ধন দেখা যায়, ক্রিয়া তাহারই

বলা উচিত , স্থতরাং চুম্বাদিকে যথন চলনশীল 'দেখা' ধায় না, তথন তোমার যুক্তি অমুসারেই বলিতে পারি যে, একটি পদার্থ স্বয়ং নিচ্ছিয় থাকিয়াও অন্তকে পরিচালিত করিতে পারে। অতএব পরমেশ্বর স্বয়ং প্রবৃত্তি রহিত হইয়া অন্তকে প্রবিভিত্ত করিতে পারেন। বস্ততঃ তুমি যাহা বলিয়াছ, তাহা ঠিকই। যে স্বয়ং নিচ্ছিয়, সেক্থনও অন্তকে পরিচালিত করিতে পারেনা (বাং স্থং ২.২.৭ দ্রষ্টবা)। চৈতন্তাঘন পরম বন্ধের কোনরূপ ক্রিয়াই নাই, এবং তিনি কাহাকে প্রবিভিত্ত করেন না। স্ব্রোদি প্রবৃত্তি নিগুণ চৈতন্তস্বরূপের নয়, মায়াশক্তি উপ্তিত স্ক্রিয় প্রমেশ্বরেরই স্ব্রাদি ব্যাপার। এ বিষয় প্রেইই আলোচিত হইয়াছে।

দৃষ্টাস্তবলে এইমাত্র জানা যায় যে, চেতনের প্রেরণা ব্যতীত একক অচেতনের কোনরূপ প্রবৃত্তি হয় না।

শিগ্য। কেন,

পয়ঃ-অম্বুবৎ চেৎ ! ---

[পয়: = হুধ, অমৃ = জল]

ত্ধ থেমন অচেতন হইলেও আপন। আপনি বংসম্থে ক্ষরিত হয়, অচেতন জল থেমন জীবের কল্যাণাথ বৃষ্টিরপে পতিত হয়, সেই-রূপ অচেতন প্রধানও স্বভাববশে সৃষ্টি কাথ্যে পরিণত হইতে পারে— একথা যদি বলি ?

গুৰু। না, সে কথা বলিতে পার না ; কারণ,

তত্রাপি চ।। ः।।

ये मव ऋलिও চেতনের অধিষ্ঠান অবশা স্বীকার করিতে চইবে।

দেখ, ত্মি খেলুইটা দুলার দিলে তাহাতে তেতনের কোন নিমি**রতা** থাছে, কি নাই, তাহা প্রত্যক্ষ বুঝা যায় না তাহা নির্ণয় করিতে ংগলে অভানা দ্রীন্তের প্রতি লক্ষা করিয়াই করিতে হট্রে। ভাগের ক্ষরতে কিয়া জলবধনে, চোতনের নিমিত্বতা প্রতাক্ষ না হইলেও উচ। যে একেবারে নাই-ই, একথাও জার করিয়া বলিতে পার না। দুর্বাদির ক্ষরণে চেতনের অধাক্তা আছে, কি নাই, তাহা অক্সায় দ্রপ্তে অন্তপারেই নিদ্ধারণ করা যায়। আচেতন প্রধানের কোন চেত্ৰ অধিচাৰ আছে, কি না, ইছা যেমন নিৰ্ণেত্ৰা, চ্ছাদির করণেও চেল্টের নিমিত্ত। কি নিরপেক্তা তেমনই নির্ণেত্বা। স্বভরাং ছায় স্বার্তিপাতের দুইাজে প্রধানের চেতমনিরপেকতা নির্দ্ধারণ করা যায় না। বরং দুরান্ত খাহা কিছু আছে, ভাহা ছারা, কি হুগ্ধ, কি ন্তি, কি প্রধান, প্রত্যেকেরই, চেত্র অধিষ্ঠান আছে—ইহাই অহুমিও হয় বিশেষত: এইরূপ অনুমানের পোষক শ্রুতিবাকাও রহিয়াছে। শ্রুতি থলেন যে, প্রতে।ক ম্পন্সনের মূলে এক চেতন প্রমেশ্বর বিরা**জ** भान । ८४भन १८३ मानि । । । यनि कन इडेटल जिब्र, अविह कटन अधिक्रीन করিয়া জলকে পরিচালিত করেন," "সেই অক্ষরের শাসনেই [পরি-চালনাগ্ব] পুৰবাহিনী নদীসকল প্ৰবাহিত হইতেছে" (বু: ৩.৮.১) ইত্যাদি।

আর, চেতন গাভীর ইচ্চা ও শ্বেহের বশে এবং বংসের চোষণেই ছ্য় করিত হয় মৃত কিখা অনিচ্ছুক গাভীর ছ্য় ক্ষরিত হয় না। জলও নিম্নিকেই আরুষ্ট হয়, স্বতরাং তাহাও নিতান্ত নির্পেক নয়। অতএব সমধ্য ক্ষনিকেন মৃলেই চেডনের অধাক্ষতা রহিয়াছে, ইহা অবশা ধীকার কবিতে এইবে

্পিন্দ্রপানের ২৪ ক্তে যে অস্ত নিরপেক ছয়ের প্রবৃত্তি দেখান

হইয়াছে, তাহা কেবল স্থুল দৃষ্টিতে লৌকিক দৃষ্টাস্তমাত্র, বস্ততঃ শাস্ত্র সর্ব্বেই ঈশবের অপেকার কথা বলিয়াছেন।]

ভারপর দেখ, সাংখ্যমতে সন্ত্ব, রজ্ঞ: ও তম: — এই তিন গুণের সাম্যাবস্থার নাম প্রধান। সেই প্রধান ছাড়া অন্ত কিছুই তাহার পরিচালক (প্রবর্ত্তক, নিয়ামক ও নিবর্ত্তক) বলিয়া স্বীকার করা হয় না। প্রক্রহ্ম বা আত্মাও সাংখ্যমতে উদ্দাসীল লিজিছা, স্থতরাং সেও প্রবর্ত্তক বা নিবর্ত্তক কিছুই হইতে পারে না। ফলে বলিতে হয়, প্রধান নিজেই নিজের প্রবর্ত্তক, সে অন্ত কাহারও অপেক্ষা রাথে না। মদি তাহাই হয়, তবে প্রধান কখনও নহৎ প্রভৃতিরূপে পরিণত হয়, কখনও বা হয় না, সাম্যাবস্থায়ই অবস্থান করে—এরূপ খামথেয়ালী করিবার কোন হেতুই ত দেখা যায় না। স্থতরাং

ব্যতিরেক-অনবস্থিতেঃ চ অনপেক্ষত্বাৎ ।।৪।।
প্রধান ব্যতিরিক্ত অন্ত কোন প্রবর্ত্তক বা নিবর্ত্তক আছে, এরপ
খীকার না করাম [ব্যতিরেক-অনবস্থিতে:] প্রধান একাস্ত
খাধীন বলিয়া [অনপেক্ষতাং] সে কখনও পরিবর্ত্তিত হয়, কখনও
হয় না, এরপ বলা অসকত। যাহার যাহা স্প্রকাব, তাহা
যদি অন্ত কিছু দারা প্রতিহত না হয়, তবে তাহা একবার এরপ,
আর একবার অন্তর্ন্তর পারে না। প্রধান অন্ত কিছুরই অপেক্ষা
রাধে না, তাহাকে প্রতিহত করিবারও কেইই নাই, স্কৃতরাং সামাাবন্ধায় অবস্থান করাই যদি তাহার স্প্রকাব পরিণত হওয়াই যদি
ভাহার বভাব হয়, তবে সে চিরকালই পরিণত হইতে থাকিবে, প্রলম্
কথনও হইবে না। আর কিছুকাল পরিণত হইয়া আবার উপসংহত
হওয়া কোন বস্তর স্প্রভাব সম্বাধে বলা যাম না।

শিষা। কিন্তু যদি বলা হয় যে, ঘাস জল এই সব ধেমন জ্বল কোন কারণের উপর নির্ভর না করিয়াই আপন স্বভাবে চ্মার্কপে পরিণত হয়, সেইরপ প্রধানও অন্ত কোন নিমিত্ত নিরপেক্ষ হইয়াই আপন স্বভাবের বশে মহৎ অহঙ্কার ইত্যাদিরূপে পরিণত হয়।

গুরু। না, তাহা বলিতে পার না। ঘাস জল ইত্যাদি কখনও আপন। আপনি হুগ্নরপে পরিণত হয় না। ঘাস যদি আপন স্বভাবেই ভূদ হইত, তবে মাঠের **ঘাস কি**দা ঘাঁডের ভক্ষিত ঘাসও অবশা ভূম হইত। স্বতরাং

অন্যত্র অভাবাৎ ন তৃণাদিবৎ ।।৫।।

যাড় প্রভতির উদরস্থ ঘাস যথন হুধ হয় না, তথন ইহা অবশাই বলিডে इहेरव (य. घान जापन न्याय कुंध हम् ना, जा महकाती कात्रापत সাহায্যেই হুধ হয়। স্থতরাং ঘাদ প্রভৃতির দৃষ্টান্তে প্রধানের স্বাভাবিক পরিণতি স্বীকার করা যায় না।

তারপর প্রধান স্বীয় স্বভাববশে অনানিরপেক হইয়া স্ষ্টিকার্ষ্যে প্রবৃত্ত হয় (পরিণত হয়), একথা

অভ্যুপগমে অপি—

স্বীকার করিলেও সাংখ্যার উদ্দেশ্য সিদ্ধ হইবে না:

অর্থাভাবাৎ ॥৬॥

যেহেতৃ, সেই প্রবৃত্তি বা পরিণামের কোন প্রয়োজন [অর্থ] খুঁজিল্লা পাওয়া যায় না।

প্রধানের স্বভাবই যদি হয় পরিণত হওয়া, তবে ভাহার প্রবৃত্তির প্রয়োজন ঐ খভাব ছাড়া আর কিছুই কল্পনা করা

যায় না। (পর্ব্বপাদের ৩০ সূত্র দ্রন্তব্য)। অথচ সাংখ্যকার বলেন, পুরুবের (আত্মার) প্রয়োজন সিদ্ধির জন্মই প্রধানের প্রবৃত্তি বা স্টিক্সপে পরিণতি। কিন্তু ভাবিয়া দেখ, পুরুষের এমন কোন প্রয়োজন থাকিতে পারে, যাহা সিদ্ধ করিবার জন্ম প্রধানের পরিণাম স্বীকার করা যায়। প্রয়োজন যদি কিছু কল্পনা করিতে হয়, তবে বলিতে হয়, ভোগ, না হয় মোক্ষ, না হয় উভয়ই। কিন্তু পুরুষ হইলেন (সাংখ্যমতেও) সর্বপ্রকার গুণ ও ক্রিয়া রহিত—নিগুণ. নিজ্ঞিয়, পূর্ব। স্থতরাং তাঁহার আবার ভোগের প্রয়োজনই বা কি, ভোগইবা কি ? যদি পুরুষেরও ভোগ স্বীকার কর, তবে তিনি ত ভোগ করিতেই থাকিবেন, প্রধানের পরিণাম একেবারে ধ্বংস না হওয়া পর্যান্ত ত মোক্ষের কোন সম্ভাবনাই নাই। আর, পুরুষের মোক্ষই যদি প্রধানের পরিণামের উদ্দেশ হয়, তবে ত দে পরিণাম নির্থক; কারণ, পুরুষ পরিণামের পূর্বেই মুক্ত আছেন। পুরুষের মোক্ষ সম্পাদন করাই প্রধানের প্রবৃত্তির উদ্দেশ্য হইলে পুরুষ বিষয় ভোগ করে কেন । আবার, ভোগ ও মোক্ষ উভয় সম্পাদন করাই ঘদি প্রধানের পরিণামের উদ্দেশ হয়, তবে ভোগ্য বস্তুর কোন সীমা না থাকায় কোন কালেও মোক হইতে পারে না।

কোনরূপ ওৎস্কা নিবৃত্তি প্রধানের পরিণামের উদ্দেশ, ইহাও বলা যার না। কারণ, প্রধান অচেতন, তাহার আবার ঔৎস্বক্য কি ?

শিষা। আচ্ছা, যদি বলি যে পুরুষ চৈত্ত্রস্বরূপ বলিয়া সেই হৈতত্ত্বশক্তি বা জ্ঞানশক্তির একটা সার্থকতা থাক। একান্ত প্রয়োজন। সেই সার্থকতা সম্পাদনের জন্ম কতকগুলি দৃশ্য বা জ্ঞেয় বস্তুর সদ্ভাব থাকা চাই। দৃশ্য থাকিলেই দৃক্শক্তির সার্থকতা। জ্ঞেয় থাকিলেই জ্ঞানশক্তির দার্থকতা। । জ্ঞেয় পদার্থের দক্ষেই জ্ঞাতার জ্ঞাতৃত্ব

জেয় নাই, অংচ জাতা আছেন—এরপ কল্পনা করা যাম না।
আবার, প্রধান হইল ত্রিগুণবিশিষ্ট বা স্বষ্টশক্তি-সম্পন্ন। স্বষ্ট না
করিলে সেই শক্তিও বার্থ। স্বভ্রাং পুরুষের চৈত্রশক্তি ও প্রধানের
স্প্রিশক্তি যাহাতে বার্থ না হয়, সেইজক্তই প্রধানের প্রিণাম অবভ্র ফাকার করিতে ইইবে।

ওর। নাবংস। তাহ হয় না। শক্তির সাথকতা সম্পাদনই যদি প্রধান-পরিণামের উদ্দেশ্য হয়, তবে সেই পরিণাম চিরস্থায়ী হওয়াই উচিত : কারণ, যেমুগুড়ে সেই পরিণামের নিবৃত্তি বা বিলয় হটবে সেই মুহতেই—ভোমার যুক্তি অসুসারে—শক্তিরও **ব্য**র্ণতা মাসিয়া প্রিতের। পরিবামেকে যদি স্থায়ী বল, তবে মুক্তি কোন। কালেই হহতে পারে না। জেয় পদার্থের অভাবে জাতাকে জাতা না বলিতে পার, কিন্তু তখন জাতার হরপেরও বিলয় হয়—এমন কথা বলিতে পার না। জাতার জাতৃত্ অবশুই জেয়পদাধরণ উপাধির উপর সম্পূৰ্ণ নিভর্শীল। কিন্তু তাহা হইলেও তাদুশ উপাধির বিগমে জাতার অরপেরই নাশ হয়, এমন বলা যায় না— অবভা সেই স্বরূপ ८४ कि, छाहा वर्गमा कहा अञ्चल ; कावन, ८४ कामक्रम वर्गमाहे উপাধির সাধায়ে ইইয়া থাকে, নিরুণাধিকের সহজে কোন কথাই বলাচলে না: তবে ইহাও নিশ্চম বে, তাহা অ-সং নহে, বরং ভাংটে একমাত্র যথাথ সংস্কাকালে বস্তুমান। সেই নিক্লপাধিক থরপ নিও'ণ--অশ্ব, অন্প্র, অর্থ, অব্যয়: ভারাই প্রম সভা। সেই অগত্তিকর্দ প্রম চিৎসভাকে আতার করিয়াই যাবতীয় टिक्स-अमारियेत क्षराम्। (वः एः ১.১.৫ क्षरेत्र)। ऋखतार स्मर्टे সভার সাথকতা চিরকালই বস্তমান, তাহার সাথকতা সম্পাদনের खक अधारमद পরিণাম श्रीकात कता मिन्द्रश्राद्यम :

স্থুতরাং যেরপেই বল না কেন, অচেতন প্রধানের স্প্রকার্য্যে প্রবর্ত্তন কিছুতেই স্বীকার করা যায় না।

শিষ্য। কিন্তু যদি বলি যে, যেমন দৃষ্টিশক্তি-সম্পন্ন অথচ চলচ্ছক্তিরহিত এক পুরুষ (থোড়া) চলচ্ছক্তি-সম্পন্ন অথচ দৃষ্টিশক্তি-हीन (अक्क) अनव এक भूक्षरक ठानाहेग्रा नहेग्रा याहेर्ड भारत, সেইরূপ চেতন অথচ নিজিয় পুরুষ (আত্মা) অচেতন অথচ সক্রিয় প্রধানকে পরিচালিত করিতে পারে। কিয়া একখণ্ড চুম্বক থেমন খ্যং কিছু না করিয়াও (নিজিয় হইয়াও) একথত লৌহকে চালায়, সেইরপ পুরুষও কেবলমাত্র নিকটে থাকিয়াই (সন্নিধিবশে) প্রধানকে স্টিকার্য্যে প্রবর্ত্তিত করে। অর্থাৎ প্রদানের প্রবৃত্তি

পুরুষ-অশ্মবৎ ইতি চেৎ ?---

चय ७ भन्न भूकरवत्र नााय, किया त्नोर ७ इयरकत्र लाय [भूकवाधावर] —এরপ যদি বলি [ইতি চেৎ] ৽

গুৰু ৷ তত্তাপি ॥ ৭ ॥

তাহা হইলেও নোৰ আছে। সাংখ্যমতে ত প্ৰধান স্বতম্ভ, স্বাধীন এক সন্তা। স্ষ্টিকার্য্যে প্রবর্তনের জ্বত্র থদি তাহাকে পুরুষের উপর নির্ভর করিতে হয়, তবে আর তাহার স্বাধীনতা থাকে কই ? আবার সাংখ্যমডেই পুরুষ উদাসীন; সে যদি প্রধানকে কায়্যে প্রবর্ত্তিত করে, তবে তাহারই বা উদাসীনতা বজায় থাকে কিরুপে ? পঙ্গুও, 'ভাইনে বাও,' 'বায়ে যাও' ইত্যাদি বলিরা চালাইয়া লয়; কিন্তু পুৰুষ যে সাংখ্যমতে একেবারে উদাসীন, নিচ্ছিয়, নিগুণ, সে ত কোন প্রকারেই প্রধানকে প্রবর্তিত করিতে পারে না। তারপর, চুম্বকের মত কেবল সন্ধির্ধেবশে (নিকটে থাকিয়া) প্রধানকে প্রবর্তিত করে, ইহাও যক্তিসক্ষত নহে। কারণ, সেই সন্নিধি ত সর্বাদাই আছে, কাজেই প্রবৃত্তিও সর্বাদাই হওয়া উচিত, প্রালয় বা মুক্তি হওয়ার কোন সম্ভাবনাই ত হওয়া উচিত নয়। চুম্বকের সলিধি সাময়িক, এবং ভাচাও একটা বিশেষ রকমে সাধিত হইলেই কার্যাকরী হয়। আরও দেখ, প্রধান অচেতন আর পুরুষ উদাসীন এবং উহারা পরস্পর সম্পূর্ণ স্বতন্ত্র, স্বাধীন। এখন, উহাদের মধ্যে যে-কোন রকমের একটা সম্বন্ধ হইতে হইলেই তৃতীয় একটা কিছুর দরকার। তাহাও সাংখ্যমতে নাই। স্বতরাং প্রধানের পরিণাম অথৌক্তিক।

মিনে বাখিও, বেদাস্তমতে প্রমাত্মা স্বরূপতঃ উদাসীন হইলেও মায়াশক্তি সহযোগে তিনি সক্রিয়, সপ্তণ ও প্রবর্তক]

আবার দেখ, সাংখ্যমতে সত্ত, রজ:, তম: এই তিন্টী গুণ যখন ঠিক সমানভাবে অবস্থান করে, অর্থাৎ এই তিনটী গুণের মধ্যে যদি কোনটীরই অপরটা হইতে কোনরূপ প্রাধান্য বা শক্তির আধিকা না থাকে, সকলেই স্ব-স্ব-প্রধান হইয়া অবস্থান করে, তথনই তাহাকে বলা হয় 'প্রধান'। যথন ঐ গুণত্তয়ের একটা অপর চুইটা হইতে বলবান হইয়া উঠে, তখনই সেই সাম্যাবস্থার বিক্ষোভ ব। বিচাতি ঘটিয়া স্প্রিকায়া আরম্ভ হয়। কিন্তু এখানে জিজ্ঞাস্য এই বে, ঐ স্ব-স্থ প্রধান তিন গুণের মধ্যে একটা হঠাৎ অপর তুইটা হইতে অধিক শক্তিশালী হইবে কেন ?—একটী প্রধান, অপর হুইটা অপ্রধান হইবে কেন ? একটী অন্ধী, অপর তুইটী অন্ধ হইবে কেন ? সাম্যাবস্থার প্রত্যেক গুণই স্ব-প্রধান, সেই স্ব-প্রধানভাব স্বেচ্ছায় ত্যাগ করিলে ত উহার স্বরূপই নষ্ট হইয়া যায়। গুণাতিরিক্ত এমন অন্ত কোন পদার্থও সাংখ্য স্বীকার করেন না, যাহার প্রভাবে গুণত্রয়ের বৈষম্য হইতে পারে। স্থতরাং

অঙ্গিত্ব-অনুপপত্তেঃ চ॥৮॥

একটা গুণের প্রাধান্য [অপিঅ] যুক্তিযুক্ত নয় বলিয়াও [অফুপপত্তে:] সাম্যাবস্থার ভঙ্গ হয় না, ফলে মহদাদির স্প্তিও হইতে পারে না।

শিষা। কিন্তু এই দোষ পরিহারের জন্ম যদি অন্তর্রপ অনুমান করি? গুণজম বা প্রধানের অভাব তত্বপন্ন কাষ্যের অভাব পর্যবেকণ করিয়াই অনুমিত ও নির্দ্ধারিত হয়। যথন দেখা যাইতেছে যে, গুণজমকে অন্তনিরপেক ও নির্দ্ধিয় (কৃটস্থ) বলিলে তাহা হইতে মহলাদি কার্য্য উৎপন্ন হওয়া সন্তব নয়, তথন বাধ্য হইয়াই অনুমান করিতে হইবে যে, গুণজয় একেবারে স্বাধীন নয়, অন্ম কিছুর প্রভাবেই তাহাদের সাম্যাবস্থার বিচ্যুতি ঘটে এবং উহাদের অভাবই স্ক্রিয় হওয়া; স্বতরাং সাম্যাবস্থায়ও বৈষ্ম্য উৎপাদন করিবার একটা যোগ্যভা (বা সামর্থ্য) গুণজয়ের অভাবে বর্ত্তমানই থাকে, এবং তাহার প্রভাবেই স্প্রী হয়।

শুক। অন্তথা অনুমিতে চ জ্ঞ-শক্তিবিয়োগাং॥ ৯॥
এই প্রকার অনুমান করিলেও [অন্তথান্থমিতো চ] চৈতনাশক্তি
না থাকায় [জ্ঞ-শক্তিবিয়োগাং] জগংরচনা হইতে পারে না—ইত্যাদি
দোষ যে পূর্বেই দেখান হইয়াছে, তাহা তদবস্থায়ই থাকিয়া যায়। আর
কার্য্য দেখিয়া প্রধানের জ্ঞানশক্তিরও যদি অনুমান কর, তবে ত বেদান্ত
মতই স্বীকার করা হয়, কেন-না বেদান্তে এক চেতন ব্রপ্তেই জগতের
উপাদান বলা হইয়াছে (নামমাত্রে ভেদ)।

তারপর, সাম্যাবস্থায়ও গুণসমূহের বৈষম্য উৎপাদনের যোগাত। থাকে, একথা থাকার করিলেও সেই যোগ্যতা কার্য্যে পরিণত হইবার কি হেতু আছে ? আর বিনা কারণেই যদি সেই যোগ্যতা কার্য্যকরী হয়, তবে চিরকালই বৈষম্য উৎপন্ন হয় না কেন ? স্বতরাং যেরপই অসমান কর না কেন, পূর্বাস্ট্রোক্ত দোষ থাকিয়াই যায়।

বিপ্রতিষেধাৎ চ অসমঞ্জসম্॥ ১০ ॥
আর ্চা, নান। রকমেয় বিক্ষতা (contradictions) থাকার
্বিপ্রতিষ্বোধ্যাধ্যদিশন অযুক্ত অসমঞ্সম্]।

শতির সহিত এবং এতানুসারিটা ছতির সহিত সাংখ্যদশনের বিজ্ঞান প্রপ্রস্কিই। উপরস্ক সাংখ্যের মৃতসমূহ অনেক সময় পরস্পর বিজ্ঞান বেমন, একস্থলে বলা ইইয়াছে, ইন্দ্রিয় সাত্তী, আবার অক্সত্র বলা হয়, এগার্কী। কোন স্থলে মহ্হ-ডজ হইতে তন্মাজের পৃথি, কোগাল অংকার ইইতে; কোবাও অভ্যক্রণ তিন্দী, কোবাও একটী— ক্রইরপ বিজ্ঞান উদ্দি আচে। অভ্যক্র সাংখ্যদশনের প্রধানফারণবাদ গাহা নহে।

শিষা। সংখাদশনৈ যে প্রধানকৈ জগতের কারণ বলিয়া অসুমান করা ইইয়াছে, তাহা যুজিসঙ্গত নয়—ইহা বুঝিলাম। কিন্তু বৈশেষিক দর্শনের যুজিটা ত বেশ স্থলর বলিয়া মনে হয়। এবং সেই ভাবে দেখিতে গেলে কিন্তু অন্ধকে জগতের কারণ বলা যায় না। বৈশেষিকেরা বলেন থে, ফারণের গুণ কার্য্যে ঠিক ঐকপ গুণই উৎপাদন করিতে দেখা যায়। যেমন সাদা শভায় সাদা কাপড়ই ভৈয়ারী হয়, লাল কাপড় হয় না। স্ভরাং চেতন অন্ধ যদি জগতের কারণ হয়, তবে ছগুংও চেতনই ইইত, তাহাতে অচেতন কিছু থাকিতে পারিত না।

গুরু। কেন, পূর্ব্বপাদের ৬ সূত্রে ত এরপ বৈলক্ষণ্যের সমাধান ৰুৱা হইয়াছে ?

শিষ্য। হাা, তাহা হইমাছে সভা। কিন্তু সে স্থলে সাংখ্যের আপত্তিরই খণ্ডন করা হইয়াছে। এবং ১২ সূত্রে অভান্ত দর্শনের আপত্তিরও সাধারণভাবে মীমাংসা করা হইয়াছে। তথাপি বৈশেষিকের এই বৃক্তিটা হৃদ্যুগ্রাহী মনে হওয়ায় এ সম্বন্ধে বিশেষ জানিতে ইচ্ছা।

গুরু। আচ্ছা, তাহা হইলে বৈশেষিক মতে জুলুৎ পৃষ্টির প্রক্রিয়াটা মোটামুটি বুঝিয়া লও। বৈশেষিকেরা বলেন:---

সাধারণত: দেখা যায় যে, একখণ্ড বস্ত্র কতকগুলি স্তরের সংযোগে উৎপন্ন হয়। এইরূপ বিশ্লেষণ করিলে দেখা যায়, প্রত্যেক পদার্থই তদপেকা কৃত্র কৃত্র অংশের সংযোগে উৎপর হয়। ঐ স্থল পদার্থটীকে **অবস্থৃত্রী, আ**র তাহার অংশগুলিকে অবস্থৃত্র বলা যাইতে পারে। যেমন, বস্তু অবয়বী (অবয়ব আছে যার), পূত্র ভাহার অবয়ব। আবার একগাছি স্তা অবয়বী, দেই স্তার অংভ (fibre) তাহার ব্দবন্ধব। এই সমন্ত দৃষ্টান্ত হইতে বুঝা যায় যে, মত কিছু অবয়বী (অংশবান পদার্থ) সমন্তই ক্রমে সৃন্ধ ইইতে সৃন্ধতর অবয়বের সংযোগে উৎপন্ন হয়। এফণে এই অবয়বের বিভাগ করিতে ক্রিতে এমন এক অবস্থায় ঘাইয়া উপনীত হইতে হয়, যখন আর বিভাগ কল্পনা করা যায় না; অর্থাৎ বিভাগের তাহাই সীমা, শেষ বা স্মতার চড়াস্ত। ইহারই নাম প্রহাপানু। অগতের যত কিছু পদাথ, সমন্তই সাবয়ব অর্থাৎ কতকগুলি অবয়বের সমষ্টি। স্বতরাং এই জগতের আদি কারণ কতকগুলি প্রমাণু ছাড়া আর কি হইতে পারে ? জগতের যাবতীয় প্রাথকে চারিভাগে বিভক্ত করা যাইতে

আবার দেথ, কতকগুলি সাদা স্তার সংযোগে একথানি সাদা কাপড় উৎপন্ন ইইল। কিন্তু একগাছি স্তার যে পরিমাণ (size), গোটা কাপড়খানার কিন্তু সেই পরিমাণ নয়, উহা একগাছি স্তা ইইতে অনেক বড়। অতএব দেখা গেল যে, স্ত্রের আত্মগত যে পরিমাণ, তাহা তত্বপাদিত বল্লে অমুগত হয় না। অথচ স্ত্রের যে গুণ (খেতবর্ণ), তাহা বল্লেও অহুগত হয়। ঈদৃশ দৃষ্টান্তে বুঝা যায় যে, পরমাণুর যে নিজের একটা বিশেষ পরিমাণ আছে, তাহা ঘাণুকে যায় না, ঘাণুকের আপনারই একটা বিশেষ পরিমাণ উৎপন্ন হয়; আর, পরমাণুর যে ফ্রীয় গুণ (রূপরসাদি), তাহা ঘাণুকেও যায়। এইজন্ত তুইটি বায়বীয় পরমাণুর সংযোগে একটা বায়বীয় ঘাণুকই হয়, জলীয় বা অন্তর্জাতীয় ঘাণুক হয় না; কিন্তু পরমাণুর পরিমাণ, আর ঘাণুকের

পরিমাণ এক নয়, ভিন্ন। পরমাণ্র স্বরূপগত নিজস্ব পরিমাণের নাম পালিরাপ্তল্য, দ্বুকের নিজস্ব পরিমাণের নাম অন্প্র্ক্তর। একটা দ্বাপুক ও একটি পরমাণ্ডে যে তাবুক উৎপন্ন হয়, তাহার পরিমাণের নাম অহতে। একটা দ্বাপুক আর একটা দ্বাপুকের সহিত মিলিয়া যে চতুরগুক জন্মায়, তাহার পরিমাণের নাম অহতে দ্বীর্লি। এতদ্বারা ব্রা গেল যে, যথন ছইটা পরমাণু মিলিয়া একটা দ্বাপুক জন্মায়, তথন ঐ পরমাণু ছইটার রূপরদাদি বিশেষ বিশেষ গুণ দ্বাপুকেও অহুগত হয়, কেবল 'পারিমাওলা' নামক গুণ * দ্বাপুকে থাকে না, দ্বাপুকে একটা ন্তন পরিমাণ উৎপন্ন হয়, যাহার নাম 'অব্রুষ্ব।' এইরূপ ত্রাণুকাদির বেলায়ও হয়। ফলে দেখ, বৈশেষিকও স্বীকার করিলেন যে, কারণের স্বরূপগত কোন না কোন গুণ কার্য্যে স্বীয় অহুরূপ গুণ না জন্মাইয়া আয় রূপ গুণও জন্মাইতে পারে। কার্য্য ও কারণের এরূপ বৈলক্ষণ্য তাহাকেও স্বীকার করিতে হয়। স্তরাং

মহৎ-দীর্ঘবৎ বা হ্রস্থ-পরিমণ্ডলাভ্যাম্ ॥১১॥

দাণুক ও পরমাণু হইতে [হ্রম্ব-পরিমণ্ডলাভ্যাম্] ত্রাগৃক ও চতুরণুকের উৎপত্তির মত [মহদীঘবং] ত্রদ্ধ হইতে জগতের উৎপত্তি সীকার করা যায়, অর্থাৎ পারিমাণ্ডলা পরিমাণ্বিশিষ্ট পরমাণু হইতে তদিপরীত পরিমাণ বিশিষ্ট দ্বাণুকের, কিলা হ্রম্পরিমাণবিশিষ্ট দ্বাণুক হইতে তাহার বিপরীত পরিমাণ্বিশিষ্ট ত্রাণুক চতুরগুকাদির উৎপত্তি বৈশেষিক যখন মানেন, তখন চেতন ত্রদ্ধা হইতে অচেতন দ্বাণতের সৃষ্টি হয়—একথা মানিতেই বা তাহার আপত্তি কি গু

শরিমাণকেও 'গুন' বলা বায়। জব্য সম্বর্জায় রূপ, পরিমাণ প্রভৃতি সমস্তই
 মব্রের গুন (property)

বস্তুতঃ বৈশেষিকের ওরপ পৃথক্ জাতীয় পরিমাণের উৎপত্তিই যুক্তিসঙ্গত নহে—ইহা ক্রমে দেখাইতেছি। এস্থলে এই মাত্র দেখান উদ্দেশ্য ধে, কাথা ও কারণের পরস্পর কিছু-না-কিছু বৈলক্ষণ্য বৈশেষিক মতেও স্বীকৃত হয়, স্থতরাং বৈশেষিককার ব্রহ্মকারণ সম্বন্ধে বৈলক্ষণ্যের আপত্তি উঠাইতে পারেন না।

শিষ্য। কিন্তু যদি বলা যায় বে, দ্বাণুকাদি কার্য্য দ্রব্যের যে নির্দ্ধিষ্ট পরিমাণ দেখা যায়, সেই পরিমাণটি কারণ দ্রব্যের (পরমাণুর) পরিমাণ হইতে ক্রিক্রভক্র স্বভাবের; কাজেই অসুমান করিতে হয় হে, কারণের পরিমাণ কার্য্যের পরিমাণ জন্মায় না। পক্ষান্তরে জগৎরূপ কার্যের যে অচেতনর, তাহা কারণ ব্রহ্মের চেতনার বিরুদ্ধ কিছু নয়, উহা কেবল চেতনার অভাব মাত্র। স্বতরাং কারণগত চেতনা কার্য্যে অন্য চেতনা উৎপাদন করে না, একথা বলা যায় না। যদি কার্য্যে এমন কিছু দেখা যায়, যাহা কারণের গুণের 'বিরুদ্ধ', তুবেই বলা যায় বে, কারণের সেই গুণ কার্যে তদ্রপ গুণ জনায় না।

গুরু। না, এরপ বলা যায় না। কারণ, পারিমাওল্য নামক গুণ প্রমাণতে বিদ্যান থাকিয়াও যেমন ভাহা কার্য্য-ছাণুকে স্বজাতীয় প্রিমাণ জ্বায় না, সেইরপ চেতনা ব্রেল বর্ত্তমান থাকিয়াও জগতে চেতনার উৎপাদন করে না---দৃষ্টাস্কের এইটুকুই গ্রহণ করিতে হইবে। এইটুকু দেখাইবার জন্মই আম্বা বৈশেষিকের দৃষ্টান্ত দেখাইলাম।

তারপর, দ্বাণুকাদি কাথ্যে অন্তবিধ পরিমাণ আছে বলিয়াই যে পরমাণুর পরিমাণ তাহা উৎপাদন করিতে নিবৃত্ত থাকে, এমন কথাও বলা যায় না। বৈশেষিক বলেন, কার্যান্দ্রব্য উৎপন্ন হইয়া এক 'ক্রান্থত গুনরহিত হইয়া অবস্থান করে, দ্বিতীয় ক্রণে তাহাতে গুনের সঞ্চার হয়। কিন্তু তাহা হইলে জিজ্ঞান্য এই যে, সেই প্রথম ক্রণে পরমাণুর

পরিমাণ কি করে ? ততক্ষণ ত বিরুদ্ধ পরিমাণ জন্মান্ত্র না ৷ কার্যোর পরিমাণ জ্বান্ও তাহার ক্রিয়ান্য: কারণ, বৈশেষিক মতেই 'বছ্ড' 'রুলত্ব' প্রভিতি কার্যোর পরিমাণের জনক। কারণের জন্যান্ত গুণ কারণে বে ভাবে থাকে, পরিমাণও ঠিক সেই ভাবে থাকে, কোনই ইতরবিশেষ থাকে না। অথচ অন্তান্ত গুণ স্বজাতীয় গুণান্তর জনায়, কেবল পরিমাণ্টা অন্ত পরিমাণ জনায় না। ইহার কারণ কি । এই প্রশ্নের একমাত্র উত্তর এই যে, পরিমাণের হুভাববংশই ওর্প হয়। তাহা হইলে আমরাও বলিতে পারি যে, ত্রন্সচেতনাও সভাববদেই জগতে চেতনার সৃষ্টি করে না। তারপর ছুই তিন্টী পদার্থ একত্র সংযক্ত হইয়া একটা ভিন্নাকারের পদার্থ উৎপন্ন হইতে ত সচরাচরই দেখা যায়: স্বতরাং সর্বব্যই যে একই রক্ষের উৎপত্তি হইবে, এমন কি নিৰ্দিষ্ট নিয়ম আছে ?

যাহা হউক, এই পরমাণুকারণবাদ যে যুক্তিসমত নহে, তাহা দেখাইতেছি ৷—

বৈশেষিক বলেন, প্রমাণুগুলি প্রলয়কালে বা পৃথির পূর্বের পরস্পর পৃথক পৃথক ভাবে নিক্রিয় হইয়া অবস্থান করে। তারপর স্ষ্টিকালে একটা অন্তটীর সহিত মিলিত হয়, অর্থাৎ চুইটা পরমাণু নড়িয়া চড়িয়া পরস্পর সংযুক্ত হয়। কিন্তু জিজ্ঞাসা করি. এই যে পরমাণতে হঠাৎ একটা চাঞ্ল্য বা ক্রিয়া হয়, ইহার কারণ কি ? বিনা কারণে ত কিছু হইতে পারে না। ক্রিয়োৎপত্তির কারণ হইল 'প্রয়ত্ত্ব', 'অভিঘাত' ইত্যাদি। [প্রয়ত্ব = শারীরিক চেষ্টা; অভিযাত = বায়ু প্রভৃতির আঘাতে রুক্ষাদির চলন । কিছ এই সমস্ত নিমিত্ত স্ষ্টির পরেই সম্ভব হয়। প্রথম ক্রিয়ার **উৎপত্তির 'দৃষ্ট' কোন কার**ণই ত থুঁজিয়া পাওয়া বাহনা। তারপর

र्यान वन (र, (कान 'अनुष्ठे' कातर्य भूत्रमानुष्ठ आहि किया हम. एटव দিজ্ঞাত এই ফে, সেই অনৃষ্ট কাহার ৷ অনৃষ্ট• থাকে আত্মাতে : সেই অদৃষ্ট পরমাণুতে বিক্ষোভ জ্মায় কির্পে ? অদৃষ্টবান আত্মার সহিত পর্মাণুর একটা স্থন্ধ আছে, এরপ কল্পনা করিলেও জিজ্ঞাত এই যে, সেই সম্ম্ম কি সংসাহয়, না বরাবরই থাকে দ সহসা একটা সম্ম্ হটলে অবল তাহারও একটা কারণ থাকিবে, কিন্তু সেরপ কারণ ড বিচ্ছ প্রদান করা যায় না। তারণর সেই সম্বন্ধ যদি বরাবরই থাকে. তবে চিরকাল্য স্থায় হইতে থাকে না কেন, সময়ে আবার প্রলয় কেন হয় ৮ জনুরাং প্রমানুভুলি সৃষ্টিকালে সহসা স্ক্রিয় **হইয়া উঠে**, অবিার প্রলয়ে নিজিয় ইইয়া পড়ে, এরূপ কল্পনা করিবার কোন হেতৃই নাহ। অভএব দেখা গেল, পরমাণুর প্রথম ক্রিয়ার প্রতি 'নট' কোন কারণ নাই; 'অদ্ট' কোন কারণও পরমাণুগতই হউক, থার অভাগতই হউক

উভয়থা অপি ন কন্ম, অতঃ তদভাবঃ ॥ ১২ ॥ উভয় প্রকারেই [উভয়থাপি] প্রমাণুতে কোনরূপ ক্রিয়া সম্ভব १६ मा मिक्यां, अञ्चव [अष्टः] भत्रमानुभः स्थारं रुष्टि इहेट्ड পারে না | ভদভাব: ।। পরমানুর আবার অদৃষ্ট কিণু আত্মার অদুইও গ্রমণ্ডে ফ্রিয়া জ্মাইতে পারে না। স্থতরাং পরমানু-कारतग्राम अभगोठीय ।

তারপর, এই যে চুইটা প্রমাণুর সংযোগের কথা বলা হয়, ८५ १४८६ अद्भ अहे (व. के प्रश्वांत कि प्रव्यावश्वांत हव, ना खारिनक-ভাবে ২ম, অগাং ভুইটা প্রমাণ কি দ্বাংশে জোড়া লাগিয়া যায়, না

[•] १५१-अभित क्षेत्र

একটার গায়ে [একাংশে] আর একটা লাগিয়া থাকে? যদি मुद्धाः(नहें ख्वाफा नात्र वन, जत्व ज त्य भव्रमान त्महें भव्रमान है থাকিয়া যায়, তাহার কিছু মাত্র স্থলতা হইতে পারে না। বিশেষ একাংশের সহিত একাংশের লাগিয়া যাওয়ার নামই সংযোগ। সর্বাংশে সংযোগের ত কোন অর্থট হয় না. ও যে এক হট্যা যাওয়া। আবার পাশাপাশি লাগিয়া যায়, এরপ বলিলে পরমাণুরও অংশ (পাশ, মধ্য ইত্যাদি) আছে, একথাও স্বীকার করিতে হয়। অধচ পরমাণুর লক্ষণ বলা হয়, যাহার কোন অংশ কল্পনা করা যায় না। কাল্বেই দেখ, পরমাণুবাদ যুক্তিতে টিকিতেছে না।

তারপর, বৈশেষিক "সামানাছা" সমন্ধ নামে একটা পৃথক পদার্থ স্বীকার করেন। একটা দ্রব্য দেখিলে সঙ্গে সঙ্গেই বোধ হয় যে. এই দ্রবাটীর এই এই গুণ, ইহা দ্রারা এই এই কাছ হইতে পারে, ইহা অমুক জাতীয়—ইত্যাদি। এইরূপ প্রতীতি হইবার কারণ 'সমবায়'। জাতি, গুণ প্রভৃতি কখনও দ্রবাদি হইতে পৃথকভাবে অবস্থান করে ना, किशा পুথকভাবে উপলব্ধও হয় না। অথচ জাতি, গুণ প্রভৃতি দুবা হইতে স্বতন্ত্র পদার্থ। স্বতরাং এরপ অপথক স্থিতি ও উপলব্ধির জন্ত 'সমবায়' নামক একটা সম্ভ কল্পনা করা হয়। বৈশেষিক মতে পরমাণু এক পদার্থ, দ্বানুক অন্ত পদার্থ; অথচ দুইটা পরমাণুভেই একটা ঘাণুক হইয়াছে--এরূপ প্রতীতি হইবার কারণ 'সমবায়' নামক সময়। তাহা হইলে এই সমবায়ও আবার একদিকে প্রমাণু ও ও অপরদিকে দাণুক হইতে ভিন্ন হইয়াও অভিন্নভাবে অবস্থিত ও উপলব্ধ হয়। স্বতরাং এই সমবায় সিদ্ধির জন্তুও অপর সমবায় করনা করিতে হয়, তাহার জন্ম আবার অপর-এইরূপ অনস্ত কর্নাতেও নিন্তার পাওয়া যায় না।

স্থৃতরাং বৈশিষিক যথন ভিন্ন ভিন্ন বস্তুর **স্থৃভিন্ন প্রতীতি** নিকাহের জন্ম

সমবার-অভ্যুপগমাৎ চ সাম্যাৎ অনবস্থিতেঃ ॥১৩॥
সমবার নামক একটা অতিরিক্ত পদার্থের কল্পনা করেন, সেইজ্ঞ [সমবারাভ্যুপগমাৎ], এবং সমবার সহদ্ধের অভিন্ন প্রতীতি সমান হওয়ার [সাম্যাৎ] 'অনবস্থা' দোষ হয় [অনবস্থিতেঃ] অর্থাৎ সমবারের সমবার, তাহার সমবার—এইরূপ অবিপ্রাপ্ত সমবার কল্পনার আর বিরাম হয় না, ফলে কোন সিদ্ধান্তেই উপনীত হওয়া যায় না। স্থতরাং বৈশেষিক মতে স্প্তিবা প্রলম্ম কিছুই হইতে পারে না।

তারপর বিচার করিয়া দেখ, পরমাণুগুলির 'স্বভাব' কি ? স্প্টিডে প্রবর্তিত হওয়াই যদি উহাদের 'স্বভাব' হয়, তবে চিরকাল স্প্টেই চলিতে থাকিবে, প্রলয় কখনও হইবে না। পক্ষান্তরে প্রবৃত্ত-না-হওয়া যদি স্বভাব হৈয়, তবে স্প্টি আর হইবে কিরপে ? প্রবৃত্তি ও নিবৃত্তি এই ছই বিরুদ্ধ কায়্য কাহারও 'স্বভাব' হইতে পারে না। আবার কাল, অদৃষ্ট ও ঈশ্বরেচ্ছার বশে পরমাণুর কখনও প্রবৃত্তি এবং কখনও নিবৃত্তি হয়—এরপ বলাও সঙ্গত নয়। কারণ কাল, অদৃষ্ট ও ঈশ্বরেচ্ছা ত সর্বাদাই বর্ত্তমান; ফলে সর্বাদাই হয় স্প্টি, না হয় প্রলয়ই হইতে থাকিবে। স্বত্রাং পরমাণুবাদ স্বীকার করিলে বলিতে হয় য়ে,

নিতামেব চ ভাবাৎ ॥১৪॥

হয় স্টে, নাহয় প্রলয় নিত্যকালই [নিত্যমেব] হইতে থাকে [ভাবাৎ], কিন্তু তাহা ত হইতে পারে না।

তারপর, বৈশেষিক বলেন, সাবয়ব (অংশযুক্ত) দ্রব্যের অবয়ব (অংশ, parts)গুলি ভাগ করিতে করিতে বধন আর ভাগ কর। সম্ভব হয় না, তথনই তাহার নাম 'প্রমাণু'। সেই প্রমাণু চারি জাতীয়—জলীয়, বায়বীয়, পার্থিব ও তৈজদ। এই সমন্ত পরমাণুর হ্বপ, রদ, গদ্ধ ইত্যাদি গুণ আছে। প্রমাণুগুলি নিতা, অর্থাৎ **जाहात्मत्र विनाम नाहे,** जाहात्रा वित्रकानहे चाह्य ७ थाकित्व। এই সমস্ত কল্পনা কিন্তু নিভান্তই অসমীচীন; কারণ,

রূপাদিমতাৎ চ বিপর্যায়ঃ দর্শনাৎ ॥ ১৫ ॥

পরমাণুর রূপ, রুস প্রভৃতি গুণ আছে, একথা বলায় রিপানিমতাৎ] পরমাণু সর্ব্বাপেক্ষা কৃত্র ও নিতা (অবিনাশী) এই লক্ষণের বিপরীত কথাই বলা হয় [বিপণ্যয়:]; যেহেতু, সাধারণত: এরপই দেখা যায় দিশ্নাৎ ।

দেখা যায়, যাহা কিছু রূপাদিযুক্ত, তাহাই আপন আপন কারণের তুলনায় সুল ও অনিতা (নশ্ব)। যেমন বস্ত্র ত্র অপেকা স্থল ও অনিতা, সূত্র আবার অংশু (আঁশ, fibre) অপেকা সুল ও অনিতা। বৈশেষিকের পরমাণুর ষ্থন রূপাদি আছে, তথন অবশুই তাহারও কারণ আছে। সেই কারণের তুলনায় প্রমাণু নিশ্চয়ই স্থূল ও অনিত্য হইবে। বস্ততঃ রুপাদিযুক্ত কোন পদার্থ নিত্য-ইহা কুতাপি দেখা ষায় না। রূপাদি আছে অথচ তাহা নিত্য-এরপ কল্পনা শ্রুতিতে ত নাই-ই, কোন প্রত্যক দৃষ্টাস্তের বলেও ওরপ অনুমান করা যায় না। রূপাদিমান প্রত্যেক পদার্থ ই বিনাশনীল বলিয়া দৃষ্ট হয়। স্বতরাং পরমাণুকারণবাদ শ্রুতি ও যুক্তিবিরুদ্ধ বলিয়া অগ্রাহা।

আবার দেখ, পৃথিবী সূল এবং তাহার গুণ--রূপ, রুদ, স্পর্শ ও গৃন্ধ।

পৃথিবী অপেকা কল কৃষ্ণ, এবং ভাহা রূপ-রস-ন্পর্ল গুণ বিশিষ্ট। ভেজ ক্ষল অপেকা কৃষ্ণ এবং ভাহার গুণ রূপ ও ন্পর্ল। বায়ু ভেজ অপেকা কৃষ্ণ, ভাহার গুণ ন্পর্ল। এইরপে দেখা যার, যে ভূভের গুণ বত বেলী, সে ভভ কুল। একণে বিচার করিয়া দেখ, বৈশেবিকের চারি জাভীয় পরমাণ্ড অল্লাধিক গুণবিশিষ্ট, কি-না। অর্থাৎ পার্থিব পরমাণ্র গুণ সর্ব্বাপেকা অধিক কিনা, এবং জলীয়, ভৈজস ও বায়বীর পরমাণ্র গুণ পর পর কম কি-না।

উভয়থা চ দোষাৎ ॥ ১৬ ॥

গুণের অল্লাধিকতা স্বীকার করা নাকরা উভয় পক্ষেই [উভয়ধা] নোষ আছে বলিয়া[দোষাৎ]পরমাণ্বাদ অসমীচীন।

পার্থিব পরমাণুর গুণ যদি অধিক হয়. তবে সেইগুলি অবশ্র অন্ত জাতীয় পরমাণু অপেকা স্থল। যাহার যত বেলী গুণ, দে তত বেলী স্থল। কলে পার্থিব পরমাণুর পরমাণুই থাকে না; কাবণ, সর্বাপেকা স্থা যাহা, তাহারই নাম পরমাণু। এইরূপ অলান্ত পরমাণুরও পরমাণুর লোপ পায়। আবার যদি বলা হয় থে, এক এক জাতীয় পরমাণুর কেবল এক একটা গুণ আছে, তবে একমাত্র গভ্জণবিশিষ্ট পার্থিব পরমাণুর বারা উৎপাদিত পৃথিবীতে কেবল গছেরই উপলব্ধি হওয়া উচিত; তাহাতে রূপ, রুস, কর্ম অন্তভ্ত হইবে কিরপে । অবচ পৃথিবীতে কিছু গছাদি চারি গুণেরই উপলব্ধি হয়। এইরূপ অস্তান্ত ভূতের বেলায়ও লোব আসিয়া পড়ে। আবার প্রত্যেক জাতীয় পরমাণুরই চার চার গুণ আছে, একথা বলিলেও প্রশ্ন হইতে পারে, বার্ দেখা বার না কেন, তাহারও ত রূপ আছে । স্ক্রোং বেভাবেই দেখ, পরমাণুকারণবাদ যুক্তিস্থত নহে।

900

প্রধানকারণবাদ, যাহা হউক, কোন কোন অংশে ঋষিরা স্বীকার করিয়াচেন: কিছ এই পরমাণুকারণবাদ

অপরিগ্রহাৎ চ অত্যন্তম্ অনপেক্ষা॥ ১৭॥ কেহট গ্রহণ করেন নাই, এইজন্মও [অপরিগ্রহাৎ চ] একেবারেই ্বিত্যস্তম] উপেকণীয় [অনপেকা]।

শিষা। গুৰুদেৰ। বৌদ্ধেরা জগতের কারণ সম্বন্ধে কি বলেন, এবং তাহা কতদুর যুক্তিসমত, ইহা জানিতে ইচ্ছা করি।

অফ্র। বংস, শুন। বৌদ্ধদিগের মধ্যে মোটামুটি তিন প্রকারের মত প্রচলিত দেখা যায়।* এক সম্প্রদায় বলেন--ঘট, পট প্রভৃতি বাহু পদার্থও আছে, আবার জ্ঞান, হুথ ইত্যাদি আন্তর পদার্থও আছে। আর এক সম্প্রদায় বলেন-বাহিরে কিছুই নাই, সমস্তই অন্তরে; অন্তরে বিজ্ঞান (Idea) স্বাচ্ছে, তাহাই वाहित्वत्र श्राघ मत्न इष माज, वञ्चलः वाक त्कान भर्मार्थ हे नाहे। খার এক সম্প্রদায় বলেন,—কি ভিতর, কি বাহির কোথাও কোন পদার্থ নাই, সর্ব্বভ্রই এক মহাশুল বিরাজ্মান।

প্রথমে সর্ব্বান্তিত্ববাদের আলোচনা করা যাউক। এই মতে পৃথিবী (মৃত্তিকা) জল, তেজ ও বায়ু এই চারি ভূত। গন্ধ, রস, **ত্বপ ও স্পূৰ্ণ** এবং গদ্ধাদির গ্রাহক নাসিকাদি ইন্দ্রিয় ভৌভিক। · স্থভরাং বাহিরের যাবতীয় পদার্থ চুই ভাগে বিভক্ত—ভূত ও

পরবভারণ সক্ষে ভর্মবান বৃদ্ধের নিজের মত ঠিক জানা যার না। তিনি সাধনার ৰে সৰ উপৰেশ দিলা সিলাছেন, তাহাই নিপিবছ আছে। তাহার তলোপদেশ শিকাৰ বিনি বেক্সপ বুবিরাছিলেন, তিনি সেইরূপ মতবাদই প্রচার করিরাছেন। সেইরুক্সই বিভিন্ন সম্প্রদারের উত্তব হইরাছে।

ভৌতিক। পার্থিব, জলীয়, তৈজ্ব ও বায়বীয় এই চারি জাতীয় পরমাণুর সংঘাতে (মিলনে) এই পরিদৃশ্যমান জগৎ উৎপন্ন হইয়াছে। আবার, আন্তর (ভিতরের) পদার্থেরও চুই ভাগ-এক চিত্ত, অপর হৈচ্ত। চিত্ত ও আত্মা একই জিনিষ। আমি আমি-এই যে একটা অবিচ্ছিন্ন বিজ্ঞান-প্রবাহ-ইহার নাম আলয়বিজ্ঞান, বিজ্ঞান-ক্ষব্ধ (১), চিৰ বা মাথা। विषय (हे क्रिया वाक्ष) अवः हे क्रियम प्रदार नाम क्राना-क्रक्स (२). বিষয় সকল দেহন্থ ইন্দ্রিয়ধারা গৃহীত (অমুভূত) হয় বলিয়া তাহাদিগকে আন্তর বলা যায়। স্থুখ, চু:খ ইত্যাদি অমুভবের নাম বেদ্না-ক্ষক্ষ (৩), গো, অখ, মহুষ্য ইত্যাদি নাম সম্বলিত জ্ঞানবিশেষের নাম সংজ্ঞাক্তকক (৪), আসজি, ধেষ, মোহ, धर्म, षधर्म-- এই मर न्नर्काद्ध-क्कक् (e), धरे १४० ऋष्कर মধ্যে বিজ্ঞানস্কন্ধ চিত্ত, অপর চারিটা চৈত্ত। তবে দেখিতেছ. সর্ব্বান্তিরবাদী বৌদ্ধের মতে বাহিরে ভূত ও ভৌতিক পদার্থসমষ্টি, সমুদায় বা সংঘাত; আর ভিতরে চিত্ত ও চৈত্ত পঞ্চম্বন্ধর সংঘাত (এই ছুই প্রকারের সমুদায় ঘারাই সৃষ্টি ও লোকব্যবহার নিম্পন্ন হইতেছে। বাহিরের সংঘাত পরমাণু ঘারা উৎপন্ন হয়: আর আন্তর সংঘাত সম্বন্ধক।

কৈন্দ্ৰ

সমুদায়ে উভয়-হেতুকে অপি তৎ-অপ্রাপ্তিঃ॥ ১৮॥ পরমাণুরূপ হেতু বারা নিশাল বাহ্য সমূদায় এবং স্কল্পর হেতু বারা निभाव चास्त्र नम्माय-धरे উভय প্রকারের नम्माय कल्लना করিলেও [উভয়হেতুকে সম্দায়ে অপি] বৌদ্ধ মতে তাদৃশ সমুদায়ই [তৎ] সম্ভব নয় [অপ্রাপ্তি:]; কারণ, এই মতে ঐ উভয়বিধ সম্পায়ের বে যে হেতু নির্দিষ্ট করা হয়, তাহা সকলই অচেতন হ্মড়-পরমাণুও অচেতন, স্কন্ধও অচেতন। চেতনের শাসন বা নিয়ন্ত্রণ ব্যতীত কতকগুলি অচেতন পদার্থ পরস্পর মিলিত হইয়া কোন কিছু উৎপাদন করিতে পারে না।

শিষ্য। কিন্তু চিত্ত নামক বিজ্ঞান-দ্বন্ধ ত চেতন ?

গুরু। হাা, উহা চেতন হইলেও উহার চৈতল্পের ফুর্তিবা विकाम विषयानित मन्नर्राक्ट ह्य। अर्थाए ममुनाय উৎপত্তির পরেই চিত্তের চৈতন্য বিকাশ হইতে পারে। স্বতরাং সেই চিত্ত সমুদায়-উৎপত্তির কারণ হইতে পারে না। ভোগ করে, নিয়ন্ত্রিত করে, এমন কোন স্থির চেতন বৌদ্ধমতে স্বীকৃত হয় না। তাদৃশ চেতনেরই পরমাণু প্রভৃতিকে সংহত (মিলিত) করা সম্ভব। পরমাণু প্রভৃতি কাহারও অপেক্ষা না করিয়া আপনা আপনি স্ষ্টিকার্য্যে প্রবৃত্ত হয়-এরপ হইলে স্প্রির কোন শৃঙ্খলা সম্ভব হয় না, এবং স্প্রির কোনকালে বিরাম হইবারও হেতু দেখা যায় না। আর, বৌদ্ধ মতে 'আমি আমি' এই বে বিজ্ঞান, ইহাও ক্ষালিক-এই ক্ষণে যে বিজ্ঞান উৎপন্ন হয়, পরক্ষণেই তাহা বিনষ্ট হইয়া যায়—ইহা বৌদ্ধদিগের মত। কিন্ত একটা ক্ষণিক পদার্থ স্বকীয় জন্ম ভিন্ন অন্ত কোন কার্য্যই করিতে পারে না। যে জ্মিয়াই মরে, সে আর অন্ত কি করিবে? স্তরাং এই বৌদ্ধ সম্প্রদায় মতে সমুদায় বা সংঘাতই সিদ্ধ হয় না।

শিষ্য। কিন্তু বৌদ্ধেরা বলেন যে, আমরা কোন স্থির চেতনকে ভোক্তা, শান্তা, নিয়ন্তা ও সংঘাতকর্তারপে না মানিলেও লোক-ব্যবহার বেশ সম্পন্ন হইতে পারে। কি ভাবে १—ইহার উত্তরে তাঁহারা বলেন---

যাহা এককণ নাত্ৰ থাকে, ভাহাকে স্বায়ী বলিয়া মনে করার নাম অবিল্যা। অবিদ্যা হইতে আণক্তি, বিবেৰ, মোহ প্রভৃতি সংস্কার ৰয়ে। দেই সংখারের প্রভাবে গর্ভয় বন্ধতে এক প্রকার বিভক্তান্ম উৎপন্ন হয়। উহার নাম "আলর বিজ্ঞান" এবং উহ। 'আমি আমি'—এইরপ একটা বোধরণে ফুর্ন্টি পার। সেই আলর विकान वहेर्ड पार्थिवामि वादि बाजीय पदमावद नगवास नाट्यस উৎপত্তি হয়। সেই নাম হইতে ক্রেম্পের (খেতবর্ণ শুক্র ও রক্তবর্ণ শোণিতের সন্মিলিত রূপ] উৎপত্তি হয়। ফলতঃ গর্ভস্থিত শুক্ত ও भाषिक मिनिक हहेश (व नकन वृत्वनानि **अवशाव छेखव हम्, जाहारकहे** ন্মানক্রশ বলা হয়। তাহা হইতে শরীর ও ইন্তিয় উৎপন্ন হয়, এবং তাহাকে হাডাহ্রভন্ম বলা হয়। নামন্ত্রপ ও ইন্ধিবের সম্পর্কের নাম প্রপুর্শ। সেই ম্পর্শ হইতে বেদ্দুলা (রুখ দু:খাদির षप्रकृति) উइउ द्य। त्रामा इटेट उङ्झा वा ভোগেছ। ऋसा। পেই ইচ্ছা হইতে হয় ভ্ৰব্ৰ অৰ্থাৎ পুন: পুন: জন্ম। ভারপর জনা, মন্ত্রণ, শোক ইত্যাদি। এই অবিদা প্রভৃতি প্রস্পর কাহ্যকারণ সহছে বিদামান পাকায় এবং উহারাই ঘড়ির কাটার স্থার ক্রমাগত চলিতে থাকাম সংসার্থাত্রা নির্কাহ হইতেছে। ইহাতে আর চেতন নিম্বরার কি প্রয়োজন ? স্তরাং অবিদ্যা প্রভৃতি

ইতরেতর-প্রত্যয়ন্ত্বাৎ ইতি চেৎ !— (প্রত্যয় – হেতু, কারণ)

পরস্পার পরস্পরের কারণ হওয়ায় [ইতরেডরপ্রজায়ত্বাৎ] সংঘাত আপনা হইতেই সম্পন্ন হইতেছে—এরপ যদি [ইতি চেৎ]বলা হয় ?

ত 🕶। ন, উৎপতিমাত্রনিমিতত্বাৎ ॥ ১৯ ॥

না, এরপ বলা বার না [ন], বে হেতু, অবিদ্যা প্রভৃতি পরক্ষর পরক্ষরের উৎপত্তির পক্ষেই কারণ হইতে পারে [উৎপত্তি-মাত্র-নিমিন্তবাৎ], সংঘাতের * পক্ষে নয়। অবিদ্যা সংস্থারের কারণ, সংস্থার বিজ্ঞানের কারণ-ইত্যাদি হয়, হউক। কিন্তু সকলগুলিকে সংহত, একত্রিত করিতে পারে, এমন ত কিছু বৌদ্ধমতে নাই। আরও দেখ, যাহার ভোগের জন্ম দেহাদি সংঘাত, সেই ভোজা জীবও বৌদ্ধমতে কণস্থায়ী। জীব যদি এক ক্ষণমাত্রই অবস্থান করে, তবে ভোগই বা কাহার, মোক্ষই বা কাহার? স্থতরাং অবিদ্যাদি পরক্ষারের উৎপত্তির হেতু হইলেও সংঘাত উৎপত্তির হেতু না থাকায় সংঘাত হইতে পারে না; আর কোন স্থায়ী ভোজা না থাকায় সেরপ সংঘাত হওয়ার প্রয়োজনই বা কি ?

তারপর দেখ, অবিদ্যা প্রভৃতি পরস্পরের উৎপত্তিরও কারণ হইতে পারে না। বৌদ্ধতে পরবর্তী কণ জনিবা মাত্র পূর্ববর্তী কণ বিনষ্ট হইরা যায়, অর্থাৎ এক-কণ মাত্র স্বায়ী কার্য্য-বস্ত উৎপন্ন হইবা মাত্র কণস্বায়ী কারণ বস্তুরও ধ্বংস হইয়া যায়। তাহা হইলে ত প্রকারাস্তরে বলা হইল বে, অ-ভাব হইতে ভাবের উৎপত্তি হয়, অর্থাৎ কিছু-না হইতে কিছু অন্মে; কেন না, পরক্ষণ (কার্য্য-বস্ত) উৎপন্ন হইবার পূর্বেই পূর্বক্ষণের (কারণ বস্তুর) বিনাশ হয়—ইহাই বৌদ্ধমত। আর যদি বলা হয় যে, পূর্বক্ষণের অন্তিত্ব থাকিতে থাকিতেই পরক্ষণের উৎপত্তি হয়, তবে ত পূর্বক্ষণের অস্ততঃ তুই কণ ব্যাপিয়া

সংঘাত—বহু পদার্থের একতা সমাবেশ। বেমন, শরীর, ইল্রিয়, মন, বুদ্ধিয় সময় লইয়া একটি মাসুর।

অন্তিত্ত দ্বীকার করা হইল: ফলে ক্ষণভঙ্গবাদ (কোন বস্তু একক্ষণের বেশী থাকে না) বিনষ্ট হইয়া গেল। ফল কথা, কারণের সহিত কার্ব্যের একটা দম্ম অবশুই স্বীকার করিতে হয়; না হইলে যে কোন বন্ধ হইতে যেকোন বন্ধ উৎপন্ন হইতে বাধা থাকে না। কাৰ্য্য ও কারণের এই অবর্জনীয় সম্বন্ধ আছে বলিয়া কারণবন্ধ অস্ততঃ গুই क्र बाशिश व्यवहान करत. हेहा व्यवशह चौकात कतिरा हहेरव। একটা অভাবগ্রস্ত বন্তুর সহিত একটা ভাব পদার্থের কোনই সম্বন্ধ পাকিতে পারে না। আবার, একটি বস্তু এই ক্ষণে উৎপত্ন হইল, পরক্ষণে আবার বিনষ্ট চইয়া গেল। একণে এই যে উৎপত্তি ও নিরোধ (বিনাশ) ইহা কি বস্তুর স্বরূপ ? কিন্তু তাহা হইলে, 'বস্তু', 'উৎপত্তি' ও 'বিনাশ'— এই তিনটি শব্দের একই অর্থ হওয়া উচিত। আর উৎপত্তি, বস্তুর चामि चवन्ना, এবং নিরোধ উহার অস্তা অবস্থা-এরপ বলিলে বস্তুটী चामि, मधा ७ चन्छ- এই তিন কণে বর্ত্তমান থাকে, ইহাও বলা হয়: ফলে কণ-ভঙ্গ-বাদ আর টে'কে না। স্থতরাং বৌদ্ধমতে যথন বলা হয় যে.

উত্তর-উৎপাদে চ পূর্ব্বনিরোধাৎ।। ২০।। পরকণের উৎপত্তিতে [উত্তরোৎপাদে] পূর্বাকণ বিনষ্ট হইয়া ষায়, তখন [পূর্ব্বনিরোধাৎ] এই মতকে সক্ত বলিয়া খীকার করা ষাম না, কারণ, ভাহাতে বৌদ্ধদের ক্ণ-ভঙ্গ-বাদের মূলেই কুঠারাঘাত क्त्रा हव।

খাবার.

অসতি প্রতিজ্ঞা-উপরোধঃ, যৌগপদ্যম অন্যথা।। ২১।। কার্য্যের উৎপত্তিক্ষণে কারণ-বস্তু থাকে না [অসতি], একথা বলিলে প্রকারান্তরে বলা হয় যে, বিনা কারণেই কার্য্য উৎপন্ন হয়; ফলে বৌদ্ধদের স্থকীয় মতেরই ম্লোচ্ছেদ হইয়া যায় [প্রতিজ্ঞোপরোধঃ],— কারণ, বৌদ্ধেরা বলেন, চার প্রকারের হেতু হইতেই সমস্ত পদার্থ উৎপন্ন হয়। পক্ষান্তরে [অক্তথা], এই মতটী বজায় রাখিতে হইলে বলিতে হইবে, কারণটি কার্য্যের উৎপত্তিক্ষণেও বর্ত্তমান থাকে, ফলে কার্য্য ও কারণের অস্ততঃ হই ক্ষণ ব্যাপিয়া অবস্থানও [বৌগপদ্যম্] স্বীকার করিতেই হইবে—তাহাতে ক্ষণ-ভঙ্গবাদ নষ্ট হইয়া যায়।

আবার, বৌদ্ধেরা বলেন, তিনটি ছাড়া সমস্তই উৎপাদ্য অর্থাৎ উৎপন্ন হয়, এবং উৎপন্ন হইয়া এক ক্ষণ মাত্র অবস্থান করে এবং বৃদ্ধি আরা গৃহীত হয়, অর্থাৎ বৃদ্ধি-প্রকাশ্য। উৎপত্তিবিহীন তিনটা পদার্থ এই—(১) প্রতিসাৎ আানি ক্রোপ্র — বৃদ্ধিপূর্বক বিনাশের নাম প্রতিসংখ্যানিরোধ, অর্থাৎ কতক বস্তু 'ইহা নষ্ট করি' এইরপ বৃদ্ধির পরে বোদ্ধার কার্য্য দারা বিনষ্ট হয়—দেই বিনাশের নাম প্রতিসংখ্যানিরোধ। [২) ত্রপ্রতিসাৎ আানি ক্রোপ্র অর্থাৎ অবৃদ্ধিপূর্বক বিনাশ; কতক বস্তু আপনা আপনিই বিনষ্ট হয়, তাদৃশ বিনাশের নাম অপ্রতিসংখ্যানিরোধ। (৩) ত্রাক্রাপ্রনাশ—আবরণের অভাবের নাম আকাশ। এই তিনটাকে বৌদ্ধেরা স্বর্গপূন্য, তুচ্চ ও অভাবমাত্র বিবেচনা করেন।

এক্ষণে দেখা যাউক, প্রথম হুই প্রকারের নিরোধ সম্ভব কি.না।

^{*} প্রতিসংখ্যা-প্রতি - প্রতিকৃল, সংখ্যা - বৃদ্ধি। নিরোধ - বিনাশ, অভাব, না-ধাকা। প্রতিসংখ্যা - প্রতিজ্বান্ বস্তুকে অতিত্তীন করি-এইরূপ বৃদ্ধি।

প্রতিসংখ্যা-অপ্রতিসংখ্যা-নিরোধ-অপ্রাপ্তিঃ

व्यविष्ठामार ॥ २२ ॥

প্রতিসংখ্যানিরোধ ও শপ্রতিসংখ্যানিরোধ উভয়ই শসম্ভব প্রতিসংখ্যাপ্রতিসংখ্যানিরোধাপ্রাপ্তি:]; কেন-না, বৌদ্দতেই প্রবাহের বিচ্ছেদ বা বিরাম হইতে পারে না [শ্ববিচ্ছেদাৎ]।

জিজাত হইতেছে—নিরোধ হয় কাহার ?—সম্ভানের, না সম্ভানীর ? 'मञ्चान' कि-ना প্রবাহ, 'मञ्चानी' कि-ना প্রবাহের অন্তর্গত এক একটা भनार्थ। <u > यमन, — এक । जत्र अस अस अक । जत्र असाहेश नहे दश, সেটী আবার অন্য একটি তরঙ্গ জন্মাইয়া নট্ট হয়। এইরূপে তরজের একটা প্রবাহ, স্রোভ চলিতে থাকে। এই তরক্তের প্রবাহের নাম 'সম্ভান', আর এক একটা তরঙ্গ এক একটা সম্ভানী। এখন দেপ. সন্তানের নিরোধ (বিরাম, বিচ্ছেদ) হইতে পারে না; কারণ मछान इहेन कार्या-कार्य-मधरक चावक चनक मछानीत क्षवाह, व्यवः এই প্রবাহে উক্ত সম্বন্ধ সর্বাদাই অমুকৃত হয়; কলে সম্ভানের বিরাম क्टना करा शह नाः मसानीत विनामन चम्छव। मत्न कर् গানিকটা মাটি প্রথমে চুর্নীত হইল, তারপর জ্বলগ্রোগে সেই চুর্ণের একটা ডেলা প্রস্তুত হইল, তারপর সেই ডেলাটীকে কুম্বকারের চক্রে ছইটা কপালে (থাপড়ার) পরিণত করা হইল, অবশেষে সেই ঘুইটা ক্পাল সংযুক্ত করিয়া একটা ঘট তৈয়ারী হইল। একণে এই যে চুর্ব एडना, क्यान, यह हेड्यामि मखानीत खवार हिनन, हेरात याथा कान मखानीहे अदक्वाद्र भ्वःम इहेश अखादश्रख हहेन-अक्रम वना याग्र ना ; কারণ, প্রডোক অবস্থাতেই মাটি বলিয়া একটা প্রভাঙিজ্ঞান থাকিয়াই ষায়। স্থতরাং সস্তানীরও একেবারে বিনাশ হয় না। যে সমন্ত স্থলে

· শাষ্ট প্রতিভিজ্ঞান না হর (বীজাঙ্কুরাদি খনে) সে খলেও কারণ বস্তুর স্বব্রপতঃ অন্তিত্ব অন্থমান করাই সঙ্গত। স্থতরাং বৌদ্ধকল্পিত উক্ত উভঃ প্রকারের নিরোধই অসম্ভব।

তারপর বৌদ্ধেরা বলেন, অবিদ্যা প্রভৃতির নিরোধে (অভাবে) মোক হয়। এই যে অবিদ্যা প্রভৃতির নিরোধ, ইহাও অবশ্র প্রতির্সংখ্যা ও অপ্রতিসংখ্যা নিরোধের অন্তর্গত। विकामा এই दि, এই व्यविमानित निर्ताध कि यम, निषम देखानित সহিত সমাক জ্ঞানের ছারা হয়, না আপনা আপনিই হয় ? কিছ

উভয়পা চ দোষাৎ ।। ২৩ ।।

উভয় প্রকারেই [উভয়ধা] দোষ হয় বলিয়া [দোষাৎ] বৌদ্ধ मर्नेन व्यवक्छ। यनि वना इय (य, व्यविमानित निर्दाध यम, निर्मानित **শহিত সমাক জ্ঞানের দারা সাধিত হয়, তবে বৌদ্ধদের "সমুদায় পদার্থ** चভাৰত: কণবিধ্বংদী"—এই সিদ্ধান্তের অপলাপ করা হয়। কারণ. क्यंविध्वरंशी विनया व्यविना। अष्ठःहे निक्ष हहेरव. यमनियम ७ छान नाधन निष्धशिकन। शकाखाद यनि वना इय त्य. व्यविनानिक নিরোধ আপনা আপনিই হয়, তবে বৌদ্ধশান্তে মোক্ষলাভের **ৰন্ত যে সমন্ত প্ৰক্ৰি**য়া করিবার উপদেশ আছে, তাহা নির্থক হইয়া পডে।

शृर्लिरे विनशाहि, वोष्कता घुरे श्रकातित निरताथ ও আकागरक বরপশৃষ্ত, তুচ্ছ, অভাবমাত্র বিবেচনা করেন। কিন্তু কি প্রতিসংখ্যা-निरतांष, कि व्यक्तिरशानिरतांष, दकान श्रकारतत्र निरतार्षहे व বন্ধর একেবারে অভাব হইতে পারে না, তাহা ইত:পূর্বেই (पर्वाहेमाय। ऋजतार निरताधरक अভाव वना यात्र ना। त्रहेक्रभ,

🗼 আকাশে চ অবিশেষাৎ ॥ ২৪ ॥

একটা ভাব পদার্থ (যাহার অন্তিত্ব - আছে, এমন কিছু)-রূপে অহভুত হওয়া বিষয়ে নিরোধ্বয়ের সহিত আকাশেরও কোন বিশেষ না থাকায় আকাশও একেবারে অবস্ত নয়। আকাশ যে একটা বস্তু, ভাবপদার্থ, তাহার প্রকৃষ্ট প্রমাণ अভি। যথা—"আত্মা হইতে আকাশ উৎপন্ন হইরাছে।" তারপর বাহারা শ্রুতির প্রামাণ্য স্বীকার করিতে क्षष्ठ नन, जाहाता अन्य-खरनत बाता आकाम विनया এकी भनार्थ আছে, ইহা সহজেই অনুমান করিতে পারেন।

তারপর বৌদ্ধাতে আকাশের লক্ষণ বলা হইয়াছে, "কোন মূর্ত্ত ত্রবোর অভাব।" তাহাই যদি হয়, তবে বেমন সংসারে একটা মাত্র ঘট থাকিলেও ঘটের একেবারে অভাব বলা যায় না ; সেইরূপ মনে কর, একটীমাত্র পাথী আকাশে উড়িল, ফলে আবরণের বা মূর্ত্তস্রের অভাব স্বার রহিল না; স্থতরাং আকাশ (আবরণের অভাব) না থাকায় ष्म अब अकि शारी पात्र উড়िতে পারিবে না। তবে যদি বলা হয় যে. বেখানে আবরণের অভাব নাই, ভুধু সেইখানেই উড়িতে পারিবে না, অন্তত্ত উড়িতে বাধা কি? ইহার উত্তরে বলিব যে, যেহেড় আকাশেরও একটা বিশেষ বিশেষ অংশ যখন খীকার করিতেছ, তথন অবশ্রই আকাশকেও একটা বস্তু (ভাব পদার্থ) রূপে স্বীকার করা रहेन। **च**च्छिप्रवान् भमार्थित्रहे वित्मव इत्र, चलात्वत्र चात्र वित्मव कि ? আবার, আকাশকে কিছুই না বলিয়া ভাহাকে নিভা বলার কোন তাৎপর্ব্যই দেখা যায় না। যাহা কিছুই-না, তাহার আবার নিভাতা অনিভাতা কি? হতরাং আকাশও একটা ভাব পদার্থ, অভাবমাত্র নয়।

শ্বাবার, বৌদ্ধেরা বলেন, সমন্ত পদার্থই ক্ষণিক, একক্ষণমাত্র স্থায়ী।
ইহা হইলে বিনি উপলব্ধি করেন, অন্তব করেন, তাঁহাকেও ক্ষণিক
বিন্তে হয়। কিন্তু তাহা অসম্ভব;

অনুস্মৃতেঃ চ।। ২৫।।

মনে কর, দশ দিন পূর্ব্বে একটা কিছু অহতব করিয়াছ, আজ্বাবার তাহার স্মরণ হইল। এখন দেখ, সেই দশ দিন পূর্ব্বে যে ব্যক্তি অহতব করিয়াছিল, সে যদি স্বয়ং ক্ষণস্বায়ী বলিয়া আজ আর না থাকে, তবে দশদিন পরে পূর্ব্বাহ্নভূত বস্তুর স্মরণ (অহুস্মৃতি) হঁইবে কাহার পু এইরূপ অহুস্মৃতি তখনই সম্ভব হয়, যখন পূর্ব্ব অহুভব-কর্ত্তা ও বর্ত্তমানের স্মরণ-কর্ত্তা একই ব্যক্তি হয়। একজন অহুভব করিল, আর অপর একজন তাহা স্মরণ করিল—এরূপ হইতেই পারে না, অহুভবকর্তা ও স্মরণকর্তা যে একই ব্যক্তি, তাহা প্রত্যেকেরই প্রত্যক্ষ। এই প্রত্যক্ষ অহুভূতির অপলাপ কেহ করিতে পারে না। অমৃকদিন যে ব্যক্তি অহুভব করিয়াছিল সে, আর আজ যে ব্যক্তি তাহা স্মরণ করিতেছে সে—এই ছুইজন ভিন্ন, এক নম্ম, ইহা বাতুল ভিন্ন ক্ষেত্র কোন মূল্য নাই।

তবে যদি বলা হয় যে, জন্মাবধি মৃত্যু পর্যান্ত ক্ষণে ক্ষণে অসংখ্য কর্বা উৎপন্ন হইতেছে ও বিনষ্ট হইতেছে, তথাপি যে তাহাদিগকে এক বলিয়া মনে হয়, তাহার কারণ আর কিছুই নয়, কেবল উহাদের মধ্যে একটা 'সাদৃশ্য' আছে এবং একটার পর একটা বায়স্কোপের ছবির মত অবিচ্ছেদে উৎপন্ন হয় বলিয়া। কিন্তু জিজ্ঞাসা করি, 'এটা সেটার সদৃশ', ইহা বলিবে কে ? যদি তুইটা বস্তুর সাদৃশ্য ব্রিবার মত ঐ উভয় বস্তুর অভিত্রকালে বর্ত্তমান একজন কেই না থাকে, তবে ওরুপ সাদৃশ্যের বেধেই হইতে পারে না। কিন্তু 'স্বই' ক্ষণিক' এই মত বীকার করিলে সেরুপ কেই ত থাকিতে পারে না। বাক্তরিক পাডেদ-বাবহার সাদৃশ্যের জন্তু হয় না; হইলে 'ইহা তাহার সদৃশ' এইরুপ জ্ঞানই হয়, 'ইহা তাহাই' এরুপ জ্ঞান হইতে পারে না। বাহ্য বন্তু স্থতে 'এটা সেইটাই কি না',—এরুপ সম্পেহ হইতে পারে বটে, কিন্তু 'সেই আমি', 'কি 'তৎসদৃশ আমি'—এরুপ সম্পেহ কাহারও হয় না। বন্তুত: লোকপ্রসিদ্ধ ও :স্ক্রাম্ভূত বন্তু বীকার না করিলে-কোন সিদ্ধান্তেই উপনীত হওয়া বায় না। বিনি সিদ্ধান্ত করিবেন, তিনি ক্ষাংই যদি ক্ষণে ক্ষণে পরিবৃত্তিত হন, তবে আর তিনি কি ক্ষির সিদ্ধান্ত করিবেন গু এই সমন্ত কারণে বৌদ্ধত অগ্রাছ্।

আবার, বৌদ্ধেরা বলেন,—বীক বিনষ্ট হইয়াই অন্থর উৎপন্ন হয়, দ্ধি বিনষ্ট ইইয়াই দিধি জন্মে, মাটির ডেলা বিনষ্ট ইইয়াই ঘট উৎপর হয়; বাজাদি বাহা তাহাই রহিবে, অথচ তাহা হইতে অঙ্ক্রাদির উৎপত্তি ইইবে, এরূপ কদাচ হয় না। এই সমন্ত দৃষ্টান্তের বলে দিছান্ত করা যায় যে, কারণ কৃটন্থ (অবিকৃত, যাহা তাহাই) থাকিলে তাহা হইতে কোন কার্যাই জন্মিতে পারে না। কারণ অবিকৃতই রহিল, অথচ তাহা হইতে কার্যা হইল, এরূপ ইইলে যে কোন বন্ধ ইইতে যে কোন বন্ধ উৎপন্ন ইইতে বাধা থাকে না। হুতরাং কৃটন্থ অর্থাৎ অবিকারী বন্ধ কোন কিছুর কারণ হইতে পারে না। পকান্ধরে অভাবগ্রন্থ (বিনাশপ্রাপ্ত) বীজাদি ইইতেই যখন অন্থ্রাদির উৎপত্তি ইইতে ভোলা যায়, তথন ইহাই দ্বির হয় যে, আক্রান্ত ইউতেইই ভাতেবা উটিং ক্রুছ, কিছুনা হইতেই কিছু জ্বান্ন। কিছু

ন অদতঃ, অদৃষ্টত্বাৎ ॥ ২৬ ॥

আসং হইতে অর্থাৎ অভাব বা কিছু-না হইতে [অসতঃ] সভের, ভাব পদার্থের, কিছুর, উৎপত্তি হইতে পারে না [ন]; বেহেতৃ, সেত্রপ কোধাও দেখা বার না [অদৃষ্টবাৎ]।

ষদি "অভাব" হইতে ভাবের উৎপত্তি হইত, তাহা হইলে নিদিট কার্য্যের নির্দিষ্ট কারণ থাকিত না। কেন-না "অভাব" একই, তাহার ভ কোন ইতর বিশেষ নাই। মাটির "অভাব"ও অভাব, ৰীলের "অভাব"ও অভাব। "অভাব" কারণ হইলে মাটির "অভাব" হইতে অনুর জারিতে বাধা কি ? যদি অভাবেরও বিশেষত সীকার क्बा इस-सम्बन यनि वना इस त्य, विनष्टे वीत्क त्य प्रकार, जात আকাশকুম্বমের যে অভাব, এই দুই অভাব এক নয়, উভয়ের বিশেষ বা পার্থক্য আছে,—তবেই বলা হইল, অভাবমাত্র কাহারও कात्र नम् । फनकथा, मिं वना यात्र (य, वीटकत जाजार इटेटडरे অকুর উৎপন্ন হয়, মাটির অভাব হইতে হয় না, ডাহা इटेरन म्लंडेरे राज्य यारेराज्य एवं, वीरखबरे अपन कि বিশিষ্টতা আছে, যাহার অন্তিবেই অঙ্গুরোৎপত্তি হইতে পারে, অভাব সমং কাহারও কারণ হইতে পারে না। যাহার কোনরপ বিশিষ্টতা নাই. এক্লপ অভাব হইতে যদি কাৰ্য্যোৎপত্তি হইত. তবে ঘোড়ার ভিষ হইতেও অঙ্গুরোৎপত্তির বাধা থাকিত না। যদি বান্তবিক অভাবেরও বিশেষত্ব পাকা স্বীকার করা হয়, তবে আর তাহা অভাব থাকে না, ভাহাও ভাবই হয়। যদি অভাব হইতেই ভাবের উৎপত্তি হইত, ভবে প্রভ্যেক ভাব পদার্থের মধ্যেই অভাব অমুস্যুত থাকিত, ষেমন মুজিকা নিৰ্মিত সকল পদাৰ্থে ই মুজিকা অমুস্যুত থাকে।

আর, কৃটস্থ বা অবিকারী বস্ত কাহারও কারণ হয় না, একথাও বলা যায় না। কেন, কন্ধন, কেয়্র প্রভৃতিতে কি অবিক্বত স্বর্ণ থাকে না ? বীজের যে আপাতবিনাশ হয় বলিয়া মনে হয়, তাহাও প্রকৃত বিনাশ নহে। বীজের বীজ্ব নষ্ট হইলে কদাচ তাহা হইতে অন্ধরোৎপত্তি হইতে পারে না। তবে বীজের পূর্ববাবস্থার পরিবর্ত্তন হইয়া অভুরাবস্থার পরিণতি হয়—এইমাত। সে बच এই পরিবর্তনকে বীজের ধ্বংস বলা যায় না। (खः एः २.১.১৪ দ্রষ্টবা)। স্থতরাং অভাব হইতে ভাবের উৎপত্তি যথন কোথাও দেখা যায় না. তখন বৌদ্ধমত অগ্ৰাহা।

আর অভাব হইতে যদি ভাবের উৎপত্তি স্বীকার করা যায়, তবে

উদাদীনানাম্ অপি চ এবং দিদ্ধিঃ॥ ২৭॥

নিশ্চেষ্ট পুরুষেরও [উদাসীনানামপি চ] অভিপ্রায় সিদ্ধি [সিদ্ধিঃ] হইতে পারে। অভাব হইতেই যখন সব হইবে, তখন আর ক্লয়কের ভূমিকর্যণ নিপ্রয়োজন, শস্য অমনিই হইবে। মোক্ষের জন্যও কোন চেষ্টা করার প্রয়োজন নাই, সে ত হইবেই, যেহেতু মোক্ষ উৎপাদনের যাহা কারণ অর্থাৎ অভাব, তাহা ত সর্ব্বত্তই একান্ত স্থলভ। স্থতরাং অভাব হইতে ভাবের উৎপত্তি, এ অতি অসমত অভিমত।

এ পর্যাস্ত যে বৌদ্ধসম্প্রদায় বাহ্ন ও আভ্যস্তর উভয় প্রকার পদার্থেরই অন্তিত্ব স্বীকার করেন তাঁহাদের মতেরই আলোচনা করা গেল। আর এক সম্প্রদায় বৌদ্ধ স্মাছেন, তাঁহাদিগকে বিজ্ঞানবাদী वना इम्र। छाँशात्रा वरनम, वाहित्त्र कि हुই माहे, मबहे जलात्रा একমাত্র বিজ্ঞান বা বৃদ্ধিই (Idea), কি বাহু, কি আন্তর, সর্বপ্রকার ভাব বা বস্তুর আকারে প্রতিভাত হয়। বিজ্ঞান ব্যতীত বাহ্ বস্তু নাই। ইহার প্রমাণ স্বরূপ তাঁহারা বলেন যে, বাহ্ বস্তু থাকা সম্ভবই নয়। কেন-না, মনে কর, একটা শুস্ত। একণে ভাবিয়া দেখ. এই শুস্তটা কি কতকগুলি পরমাণু, না পরমাণুর সমষ্টি? যদি বস্তুতঃ পরমাণুই হয়, তবে ভস্ত বলিয়া কোন জান হইতে পারে না; কারণ, প্রমাণু ইন্দ্রিয়-গোচরই হইতে পারে না। আবার বস্তকে পরমাণুর সমষ্টিও বলা যায় না; কারণ, 'সমষ্টি' পরমাণু হইতে ডিল্ল, কি অভিন্ন, তাহা নির্ণয় করা যায় না। এইরূপে অক্যান্ত সমন্ত তথাকথিত বাহ্ পদার্থই উড়াইয়া দেওয়া যাইতে পারে। তারপর দেথ, স্তস্তজ্ঞান, ঘটজ্ঞান, পটজ্ঞান ইত্যাকার যে সাধারণ জ্ঞান হয়, ইহাদের মধ্যে জ্ঞানেরই এক একটা বৈশিষ্ট্য দেখা যায়। এই জ্ঞানগত বৈশিষ্ট্য দারাই যাবতীয় ব্যবহার নিপান হইতে পারে. সে জন্ম আর বাহিরের বস্তুর অন্তিম্ব স্বীকার করিবার কোন প্রয়োজন নাই। জ্ঞান ব্যতীত যথন বাহু বিষয়ের অন্তিত্তের কোন প্রমাণই পাওয়া যায় না, জ্ঞানেই যথন বাহ্য বস্তুর অন্তিত্ত, তখন বাছ বন্তুর পূথক অন্তিত্ব স্বীকার করিবার কোনই প্রয়োজন নাই। বাহিরে কিছু না থাকিলেও যে কেবল অন্তঃস্থ জ্ঞানই বাহিরের জ্ঞেয় বিষয়ের আকার ধারণ করিতে পারে, তাহার দটান্ত चन्न, हेक्कान, मनीहिकात कनमर्भन हेजानि। चन्नानि छत्न त्यमन বিবিধ বাসনা (সংস্কার, impressions) স্বপ্নের বৈচিত্র্য জনায়, জাগ্রৎ অবস্থায়ও সেইরূপ অনাদি বাসনা বৃদ্ধিতে আরুঢ় হইয়া এই জাগতিক বিচিত্র ব্যবহার নিম্পন্ন করে। স্বতরাং বাহিরে কিছুই নাই, সমস্তই অন্তরে। ইহাই হইল বিজ্ঞানবাদী বৌদ্ধদের মত। কিন্তু বাফ বস্তুর

ন অভাবঃ, উপলব্ধেঃ ॥২৮॥

অভাব নাই [অভাব: ন], অর্থাৎ বাহিনে কিছুট্ট অন্তিত্ব নাই, একথা হইতে পারে না: কারণ, বাফ বস্তু প্রত্যেক অফুডবেই উপলব্ধ হয় িউপল্কে: } যাহা অভুভব করি, ভাহা নাই-এ কেমন কথা গ এ যেন উদর পূর্ত্তি করিয়া ভোলনান্তে বলা, 'না:, আমি ত কিছুই খাই নাই'। বাজ পদার্থ প্রতিনিয়ত অন্তর করিয়াও 'বাছ পদার্থ নাই'. একখা প্রলাপ বাতীত আর কি হইতে পারে ? তবে বিজ্ঞানবাদী यित वरलन ८१. 'शा. वाश्रित किछ्डे डिशनिक कति ना, अमन नम्, তবে যাহা বাহিরে বলিয়া অফুডব করি, তাহাও অস্তরের উপলব্ধিরই একটা আকার-বিশেষ। কিন্তু জিজ্ঞাসা করি, কেই কি কথনও উপলব্বিকেই ডম্ভ, বট, পট ইত্যাদি বলিয়া অফুডব করে, না ডম্ভের উপল্কি. ঘটের উপল্কি ইত্যাদি বলিয়াই অফুভব করে? ফলে অবশুই বলিতে হইবে যে, বাহিরে যে বস্তু আছে, ভাহার প্রকৃষ্ট প্রমাণ এই অমুভবই। বিজ্ঞানবাদী বলেন, উপলব্ধি অন্তরেরই, তবে वाहिरतत आक ताथ हय माछ। किन्न वाहिरत यनि किन्नूहे ना शांक, তবে বাহিরের অভ হয় কিমণে ? বস্তুত: বাহিরে বে বস্তুর শতিব पार्ट, देश প্रकार्णान नर्स श्रमात्वे चित्रीक्रक वह । कारनद य पाकाद. বিষয়েরও সেই আকার (যেমন, ঘট-জ্ঞান)--সেই জন্ম জ্ঞান আরু বিষয় এক नष्। स्थान ना इटेल विवय शाका ना-शाका नमान, चात विवय ना इटेल अकान इव ना ; এटे बन्न कान ७ विषय अक, देश अ वना যায় না। জ্ঞান ও জ্ঞেয়ের এই যে একসভে উপলব্ধি, ইহার কারণ উভয়ের অভিন্নতা নয়, প্রত্যুত বিষয় উপ্লক্ষেই জ্ঞান হয় বলিয়া ঐক্লপ प्रभुषक উপन्ति इस। घटेकान, भटेकान हेजानि ऋति १६, भटे

ইত্যাদিরই ভিন্নতা, জ্ঞানাংশে ভিন্নতা নাই। ফলে অবশ্যই স্বীকার করিতে হইবে দে, বস্তু ও বস্তুর জ্ঞান পরস্পর ভিন্ন, এক নহে। তারপর, বৌদ্ধেরা যে বিজ্ঞানের অন্তিত্ব স্বীকার করেন, তাহার প্রমাণ কি । বৌদ্ধেরা নিশ্চরই বলিবেন, বিজ্ঞান অন্তভ্বগদ্য, তাই বিজ্ঞান স্বীকার করি। তাহা হইলে বাহ্বস্তুও ত অন্তভ্বগদ্য, তাহা স্বীকার করিতে বাধা কি ।

ভারপর, স্থাহভূত পদার্থের সাদৃত দেখাইয়া যে বাহ্যবস্তর অভাব কল্পনা করা, ভাহাও ঠিক নয়। কারণ,

বৈধৰ্ম্ম্যাৎ চ ন স্বপ্নাদিবৎ ॥ ২৯ ॥

জাগ্রৎ অবস্থায় যে সমন্ত বিষয়ামূত্র হয়, তাহার সহিত স্বপ্ন, কি ইক্সজাল প্রভৃতিতে অমূভূত বিষয়ের অনেক পার্থকা আছে, এই জন্ত [বৈধর্মাৎ] বাহ্যবস্তুকে স্বপ্নাদির মত অলীক বলা যায় না [ন স্বপ্নাদিবৎ]। স্বপ্নের ধর্ম বা স্বভাব, আর জাগ্রতের ধর্ম বা স্বভাব এক নয়, সম্পূর্ণ স্বভন্ত। দেখ, স্বপ্নাদিতে অমূভূত পদার্থ জাগ্রত হইলে মিথা বলিয়া বোধ হয়। কিন্তু জাগ্রৎ অবস্থায় যে সব বিষয়ের উপলব্ধি করা যায়, তাহা কিন্তু ওরূপ মিথা বলিয়া বোধ হয় না। আবার স্বপ্রদর্শন এক রক্মের স্বৃতি; কিন্তু জাগ্রতের জ্ঞান উপলব্ধি। স্থতি ও উপলব্ধি যে এক নয়, ইহা সর্ক্রবাদী সম্মত। উপলব্ধি বর্ত্তমান বিষয়েরই হয়, কিন্তু স্থতি হয় কেবল অতীত বিষয়ের।

ভারণর যে বিজ্ঞানবাদীরা বলেন, 'বিচিত্র বাসনার দারাই বিচিত্র জ্ঞান (ঘটজ্ঞান, পটজ্ঞান ইত্যাদি নানা প্রকারের জ্ঞান) উৎপন্ন হুইডে পারে, ভাহার জন্ত জার বাহ্ন পদার্থের জন্তিত্ব স্বীকার করিবার প্রয়োজন নাই'—একথাও ঠিক নয়। কারণ, এই মতে বাসনার

ন ভাবঃ, অনুপলব্ধেঃ।। ৩০।।

অভিত্ই সম্ভব হয় না [ভাব: ন] : কেন-না, বাহ্য বস্তুর উপলব্ধিই হয় না [অহুপলব্ধে:]। কোন একটা লিনিবের উপলব্ধি হইলে, তবেই ভাহার একটা বাসনা (সংস্কার, impression) থাকিতে পারে। বৌদ্ধমতে বাহ্য বস্তু নাই, স্থতরাং তাহার উপলব্ধিও হয় না, ফলে কোনক্রপ সংস্কার বা বাসনাও থাকিতে পারে না।

আর, এই যে বাসনা বা সংস্কার, ইহার অবশ্য একটা আশ্রয় থাকিবে। সংস্কার কোন স্থির অবলম্বন ব্যতীত থাকিতে পারে না। কিছুরেই অন্তিম্ব স্থীকার করা হয় না। এই মতে সকল পদার্থই

ক্ষণিকত্বাৎ।। ৩১।।

ক্ষণিক বলিয়া বাসনার কোন আশ্রয় পাওয়া যায় না। ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান—এই তিন কালে বিদ্যমান কোন এক সাক্ষী না থাকিলে কোন এক নিদিষ্ট স্থানে ও কালে উৎপাদিত বাসনা, স্মৃতি বা প্রত্যাভিজ্ঞা (recognition, পূর্ব্বদৃষ্ট কোন পদার্থকে সেই পদার্থ বিলয় চেনা) কিছুই সম্ভব হয় না। স্থতরাং

সর্ববর্থা অনুপপত্তেঃ চ।। ৩২ !!

সর্ব্ধ প্রকারেই বৌদ্ধমত অযৌক্তিক বলিয়া প্রতিপন্ন হওয়ায় উহা অগ্রাস্থ। *

একণে জৈনমতের আলোচনা করা যাউক। জৈনেরা বলেন, পদার্থ (categories) সাডটা। (১) জ্ঞাইন—ভোজা। (২)

^{*} সর্বাপুরুবাদ যে নিতান্তই অসমীচীন, ইহা প্রমাণ করিতে বুজি প্রয়োগ অনাবস্তক।

অ**ন্ত**ীব—ভোগ্যবন্ধ। (৩) আন্তব—বিষয়ের দিকে ইন্দ্রিয়ের প্রবৃদ্ধি। (৪) সম্প্রস্থল-যম, নিয়ম ইত্যাদি। (৫) নির্জ্জর-ভপ্তশিলায় আরোহণ প্রভৃতি পাপনাশন কঠোরতা। (৬) বহ্ন —কর্ম। (৭) ত্মোক্ক-কর্মপাশ বিনাশের পর আলোকাকাশে সুতত উদ্ধ গমন। আবার সংকেপে পদার্থ হুইটী—জীব ও অজীব। শপুর যারতীয় বস্তুই এই হুইটার অন্তভূতি। এই জীব ও অজীব, ইহাদের আবার পাচ প্রকারের ভেদ আছে, তাহাকে অক্তিকাস্থ ৰলে। 'অন্তিকায়' শব্দের অর্থ 'পদার্থ'। পাঁচ রকমের অন্তিকায় ষণা:—জীবান্তিকায়, পুলোলান্তিকায় [পর্মাণুর সমষ্টি], প্রস্থান্তিকায়, অধর্মান্তিকায় ও আকাশান্তিকায়। ইহাদের আবার নানা অবান্তর ভেদ জৈনেরা বিবৃত করেন। প্রত্যেক পদার্থে তাঁহারা সপ্তভেক্ষীনম্ম নামক যুক্তি প্রয়োগ করেন। 'সপ্তভন্নী' অথ' 'সাত প্রকারের ভঙ্গ বা বিভাগ আছে যাহাতে, তাহা'। 'নয়' অর্থ 'ক্যায়' বা 'যুক্তি'। সেই সপ্তভগীনয় এই :—[১] স্প্রাদ্দক্তি, [২] প্রাক্সান্তি, [৩] স্থাদন্তি চ নাতি চ [৪] স্থাদবক্তব্যঃ,[৫]স্থাদন্ডি চাবক্তব্য*চ,[৬] স্থাহান্তি **চাবক্ত**বা**শ্চ**,[١] সাদন্তি চ নান্তি চাবক্তবাশ্চ। 'ক্তাৎ' অর্থাৎ কথঞিং, কোন এক প্রকারে। 'অন্তি' অর্থাৎ আছে। 'নান্তি' অর্থাৎ নাই। 'অবক্তব্য' অর্থাৎ বলিবার অযোগ্য। ইহার তাৎপর্যা এই যে, প্রত্যেক পদার্থ সম্বন্ধেই এই সাতটী নয় প্রযুক্ত হইতে পারে, অর্থাৎ প্রত্যেক পদার্থই একভাবে স্থাদন্তি অর্থাৎ কোনরপে चाह्, जावात्र जग्रजाद मान्नासि-जर्थार जग्रत्र नारे, जावात हेश স্তাদত্তি চনাত্তি চ-অর্থাৎ আছেও, নাইও! এই ভাবে সবগুলি ভদই উহাতে প্রয়োগ করা যাইতে পারে। কিন্তু এই অন্তত মত

ন একস্মিন্ অসম্ভবাৎ।। ৩০।।

যুক্তিসঙ্গত নন্ধ [ন]; কারণ, একই সমধ্যে একই বস্তুতে বহু বিক্বন্ধ ধর্মের সমাবেশ হইতে পারে না [একন্মিন্ অসম্ভবাৎ]। একই বস্তু একই সমধ্যে আছে ও নাই—এরপ সম্পূর্ণ বিক্বন্ধভাবাপর হইতে পারে না। এই জৈনমত স্বীকার করিলে কোন বিষর্বেই নিশ্চযাত্মক জ্ঞান হইতে পারে না। কৈন মতটীও একভাবে আছে, অক্সভাবে নাই, বলা ধাইতে পারে। এরপ সংশ্রাপর বস্তুজান ধারা কাহারও কোন উপকার হইতে পারে না। 'আছে ও নাই'—এই ফুইটিকে যদি বস্তুর স্বরূপ বলা হয়, তবে কি ইহলোকিক পদার্থ, কি স্বর্গ, কি মোক্ষ সমন্তই অনিন্দিতের প্রতি কাহারও প্রভা হইতে পারে না।

তারপর জৈনেরা বলেন, আত্মা শরীরপরিমাণ, অধাৎ শরীর সত বড়, আত্মাও তত বড়, কি**ড**

এবঞ্জাত্মা-অকার্স্স্।। ৩৪।।

এমন হইলে [এবঞ্চ] আত্মা পরিচ্ছিত্র হইয়া পড়েন [আত্মাকাৎ স্থাম্]।
আত্মা যদি শরীর পরিমিত হন তবে তিনি অপূর্ণ, ব্যৱস্থানবাাণী
অর্থাৎ পরিচ্ছিত্র হন। ফলে ঘট পটাদির মত অনিত্যপ্ত হন। বাহা
কিছু পরিচ্ছিত্র, তাহাই অনিত্য, অচিরস্থায়ী, ধ্বংস্শীল। ক্তরাং
আত্মাকে দেহপরিমাণ বলিলে তাহার নিত্যতা থাকে না।

আরও দেখ, শরীরের পরিমাণের কোন ছিরতা নাই। মনে কর, মানবশরীরপরিমিত মানবাজা কর্মফলে হত্তিজন্ম প্রাপ্ত হইল । এক্ষণে ঐ মানবশরীরপরিমিত আজা হত্তী-শরীরের সর্কান্ত কিরুপে

व्यत्नता (तोत्वता) क्यांचत गातन ।

ব্যাপ্ত হইয়া থাকিবে ? যদি পিণীলিকারণে জন্মগ্রহণ করে, তবে জাহাতেই বা কিরপে ধরিবে ? এক জীবনেই বা বালা, যৌবন, বার্দ্ধক্যে আত্মার কি অবস্থা হইবে ? আত্মা যদি প্রতিনিয়ত এইরপ ছোট বড় হইতে থাকে, তবে সেই অনিত্য আত্মাকে কর্মফলভাগীই বা বলা যায় কিরপে ?

আত্মার বছ অবয়ব (অংশ) আছে, কোন শরীরে অবয়ব রুদ্ধি হয়, কোন শরীরে কমিয়া য়ায়, এরপ পর্যায়ক্রমে হাস বৃদ্ধি স্বীকার করিলেও

ন চ পর্য্যায়াৎ অপি অবিরোধঃ, বিকারাদিভ্যঃ।। ৩৫।।

বিরোধের নিরসন হয় না [অবিরোধঃ ন]; যেহেতু, তাহাতে আত্মার বিরুত হইয় যাওয় প্রতৃতি দোষ অনিবার্যই থাকিয়া যায় [বিকারাদিভাঃ]। সময়ে অবয়ব আদিয়া আত্মাকে বর্দ্ধিত করে, আবার সময়ে অবয়ব কয়-প্রাপ্ত হইয়া আত্মাকে কীণ করে — এরপ হইলে আত্মার কোন নির্দিষ্ট পরিমাণ থাকিল না । ফলে সে বিকারী ও অনিতা হইয়া পড়িল। আত্মা বিদ কণে কণে পরিবর্ত্তিত হইতে থাকে, তবে বছই বা কাহার, মোক্ষই বা কাহার? অবয়বের হ্রাস বৃদ্ধি থাকায় শরীয়কে বেমন আত্মা বলা যায় না, সেইরপ জৈনমতে আত্মাও অনাত্মা হইয়া পড়ে। আবার, বৃদ্ধির সময় অবয়ব কোথা হইতে আইসে, করের সময়েই বা কোথায় য়য়, তাহাও নিরপণ করা য়ায় না । আত্মা বর্ণন ভূত (মৃত্তিকাদি) হইতে উৎপয় নয়, তথন ভূত হইতে অবয়বের আগমন এবং ভূতেই বিশয় — এরপও বলা বায় না । এই সমন্ত কারণে আত্মাকে দেহ-পরিমাণ বলা যায় না ।

আবার, দৈনেরা মৃক্তাবস্থায় আত্মার পরিমাণকে স্থির, একরপু, ছাস-বৃদ্ধি-বৃহ্তি, নিত্য বলেন। কিন্তু

অস্ত্য-অবস্থিতেঃ চ উভয়-নিত্যত্বাৎ অবিশেষঃ ॥ ৩৬॥

আত্তা অবস্থার অর্থাৎ মোক-অবস্থার আত্মা বদি নিত্য হর [অন্ত্যাব-ক্তিটে:] তবে আদি ও মধ্য অবস্থারও যে নিত্য, একথা বলিতেই হইবে [উভয়-নিত্যত্বাৎ]; ফলে দাঁড়ার এই যে, আত্মা আদি, মধ্য ও অন্ত সর্ব্ব অবস্থাতেই একরূপ, সর্ব্ব প্রকার বিশেষ-রহিড [অবিশেষ:]।

মোক্ষাবন্ধায় আত্মার যে পরিমাণ, তাহা যদি পূর্বেনা থাকে, ঐ সময়েই উৎপন্ন হয়, তবে তাহাকে নিজ্য বলা যায় না; কারণ, উৎপন্ন পদার্থ মাজেই ধ্বংসশীল, অনিজ্য। ঐ পরিমাণ নিজ্য হইলে অবস্তই বলিতে হইবে, উহা পূর্বেও ছিল। স্মৃতরাং সর্বাবন্ধায়ই আত্মা এক পরিমাণ, ইহাই যুক্তিযুক্ত। কিন্তু জৈনেরা তাহা স্বীকার করেন না, অভএব তাঁহাদের মত অগ্রাহ্য।

এক্ষণে যে সমন্ত দার্শনিক ঈশরকে কেবল নিমিত্ত কারণ বলেন, তাঁহাদের মতের পরীকা করা যাউক। কোন কোন সাংখ্যমতাবলহা ও যোগমতাবলহা দার্শনিক মনে করেন, প্রধান, প্রকাধ দির এই তিনটা তত্ত্ব পরস্পার একান্ত ভিন্ন ও শতত্ত্ব। তারধ্যে দিবর প্রধান প্রকাশের অধিচাতা অর্থাৎ ঈশরই প্রধান ও প্রকাশেক পরিচালিত ও নিয়ন্ত্রিত করেন, তিনি কেবল নিমিত্ত করেন, উপাদান নহেন। মহেশর মতাবলহারা এবং কোন কোন

বৈশেষিক ও নৈয়ায়িক ঈশবকে কেবল নিমিত কারণ বলিয়া নির্দেশ করেন। কিন্ত

পত্যুঃ অসামঞ্জন্যাৎ ॥ ৩৭ ॥

প্রধান ও পুরুষের অধিষ্ঠাতা ঈশবের [পত্যঃ] জগৎকারণতা যুক্তি-বৃদ্ধ নহে, থেহেত তাহাতে অনেক অসামঞ্জ হয় [অসামঞ্জ্ঞাৎ]

্ৰপ্ৰথমত: দেখ, যে ঈশ্বর শ্বয়ং শ্বতন্ত্ৰশ্বভাব, তিনি যদি উত্তম, মধ্যম ও অধম প্রাণী সৃষ্টি করেন, তবে তিনি অবশুই পক্ষপাতিত্ব দোষে छहे इन ।

শিষা। কেন, জীবের স্থকীয় কর্মানুসারেই ঈশ্বর কাহাকেও উত্তম, কাহাকেও মধ্যম, কাহাকেও বা হীন করিয়া সৃষ্টি করেন—এরপ বলিলে ত তাঁহার পক্ষপাতিত্ব দোষ হয় না।

গুরু। না, সেরপ বলা যায় না। কারণ, কর্ম জড়, তাহা ঈশরকে স্ষ্টিকার্যো প্রবর্ত্তিত করিতে পারে না। বস্তুত: ঈশরই কর্মের প্রবর্ত্তক; আবার কর্মণ্ড ঈশ্বরকে প্রবর্ত্তিত করে, এরূপ বলিলে প্রথমে কে কাহার প্রবর্ত্তক তাহা স্থির করা যায় না।

শিষা। কিন্তু যদি এরপ বলা যায় যে, বীজাফুরের ভায় কর্মের একটা অনাদি প্রবাহ চলিয়া আসিতেছে, এবং ঈশর পূর্বে পূর্বে কর্ম অমুসারে পর পর সৃষ্টি সম্পাদন করেন ?

গুৰু। না, তাহাও বলা যায় না। কেন-না পূৰ্ব পূৰ্বে কৰ্মও জড়, তাহাও ঈশবকে স্ষ্টিতে প্রবর্তিত করিতে পারে না। বীজ ও **অঙ্রের** দৃষ্টান্ত আপাতত: অন্তোক্তাশ্রের দোষ* চুষ্ট বলিয়া

^{*} क ना हरेला थ रुप्त ना, जात थ ना रुरेला क रुप्त ना-- अक्र अमुखादना क्र भ পোষের নাম স্থায়শাল্রে অন্যোক্তাশ্রয় দোষ।

বোধ হইলেও বেমন প্রত্যক প্রমাণে বীক্স হইতে অক্রের উৎপত্তি, আবার অধ্য হইতে বীক্সের উৎপত্তি সিদ্ধ হয়, এবং সেইজন্ত উহাদের একটা অনাদি প্রবাহ স্বীকার করিলেও অনবস্থা দোষ * হয় না; বর্ত্তমান স্থলে কিন্তু সেরুপ ঈশর ও কর্মের অনাদি প্রবাহ স্থীকার করা যায় না। কাবণ উহা প্রত্যাহ্বাদি কোন প্রমাণেরই অন্থমাদিত নহে । স্বতরাং ওরুপ একটা নির্মাণ কর্মা ধারা কোন সত্য সিদ্ধান্তে উপনীত হওয়া যায় না। অতএব ঈশর কথা অন্থসারে স্পৃত্তি করেন, এরুপ বলিলেও কোন লাভ নাই। ফলে উথরকে কেবল নিমিত্তকারণ বলিলে বলিতে হয়, ভিনিই উত্তম, মধ্যম ও অধ্য স্পৃত্তি করেন, এবং উন্ধ ইবর যে রাগদেষত্তি, ইহা বলাই বাচলা।

আবার, যাহারা ঈশরকে 'উদাসীন' বলেন, তাঁহাদের মতও যুক্তিসহ নয়; কারণ উদাসীন হইলে ভিনি ত কিছুই করিতে পারেন না, ফলে পি৪ও হইতে পারে না .

তারপর, নিমিত্তকারণবাদীরা (যাহারা ইশরকে কেবল নিমিত্ত-কারণ বলেন) ইশরকে প্রধান ও পুরুষ (জীবাজা) হইতে শতক্র বলিয়া মনে করেন, অওচ বলেন যে, ইশরই ঐ উভয়ের অধিষ্ঠাতা বা পরিচালক। কিন্তু ইশর যদি প্রধান ও পুরুষের পরিচালক হন, তবে অবশুই তাহার সহিত উহাদের কোন-না-কোন প্রকারে একটা সম্মুদ্ধ থাকিবে। কিয় সেরপ কোন

অমুকের পূর্বে অমৃক, তার পূর্বে অমৃক—এইরল পূর্বে প্রথম অনুসন্ধান করিতে
 করিতে যদি কোধাও পের না নিলে, তবে তাহাকে অনবস্থা দোব বলে।

[†] এ: তঃ ২.১, ৩৪—৩৬ তঃ তুলনা কর। বীলাল্র ছলে প্রভাক প্রমাণ বলে। পোবের পরিহার হয়, ঐ রানেও প্রভাবির প্রমাণে যোর কালন হয়।

সম্বন্ধ-অনুপপত্তেঃ চ।। ৩৮।।

সম্মান উপপন্ন (যুক্ত) হয় না বলিয়া এরপ দশর বীকার করা বাব না।—

এই মভাবলদ্বীর। বলেন, প্রধান, পুরুষ ও ঈশর—ইহারা সকলেই
সর্কব্যাপী ও অবয়বরহিত। তাহা হইলে ইহাদের 'সংযোগ' রূপ
সম্বদ্ধ হইতে পারে না। কারণ তুই বা তুই'এর অধিক পদার্থের
আমেলিক মিলনের নাম সংযোগ। প্রধানাদি যখন সর্কব্যাপী (অতএব
সর্কদাই সংযুক্ত) এবং অংশরহিত, তথন সংযোগ সম্বদ্ধ হইতেই
পারে না। আবার, যেহেতু উহারা কেহ কাহারও আশ্রিত নয়
(মধ্র মিষ্টত্ব যেমন মধ্র আশ্রিত, দেইরূপ), দেইহেতু 'সমবায়'
নামক সম্বদ্ধও হইতে পারে না। আশ্রিত ও আশ্রায়ের (আধারের)
সহিতই সমবায় সম্বদ্ধ হয়। তবে যদি বল যে, যেহেতু এই জগৎ
দিবর পরিচালিত প্রধানের কার্যা, সেইহেতু ঐ তিনের মধ্যে অবশ্রই
কোন-না-কোন রক্মের একটা সম্বদ্ধ আছেই—এরূপ অন্থমান করিতে
প্রারি। কিন্তু ইহার উত্তরে বলিব, জগৎটা যে ঈশর-পরিচালিত
প্রধানের কার্যা, এই সিদ্ধান্তই অমূলক, কান্ননিক, অপ্রতিষ্টিত;
দ্বিশ্বশানার। সওয়া সিদ্ধান্তের উপর নির্ভর করিয়া কোনরূপ অন্থমান
কর্মা বিভ্যনামাত্র।

ি **শিয়। কিন্তু** এরপ স্থাপত্তি ত ব্রহ্ম ও মায়াসম্বন্ধেও হইতে ভূমিরে ?

ভক। না, তাহা পারে না; কারণ, ব্রহ্ম ও মায়ার মধ্যে মায়াময়, ভ্রিক্সিচনীয় একটা অভেদ সহন্ধ আছে। কেবল-নিমিত্ত-কারণবাদী ও ব্রাছিকের মতের পাথকা এই যে, কেবল-নিমিত্ত-কারণবাদীরঃ

অফুমান বলে (যেমন ধেমন সচরাচর দেখা যায়, তেমন তেমন) ওরুপ কারণের অহুমান করেন, কাজেই তাঁহারা অপ্রত্যক্ষ িষাহা কোন দিন দেখা বায় নাই] কিছুর কল্পনা করিতে পারেন না; আর, বৈদান্তিক শান্তাফুলারেই কারণের স্বরূপ নির্ণয় করেন, স্থতরাং যেমন **रम्था याय.** ठिक ट्रियन्ड गानिष्ठ इटेटन,--- अत्रथ नियम छांहारमत পকে খাটে না ৷

ভারপর, দেখা যায় যে, কুন্তকার প্রভৃতি িনিমিত্ত-কর্তা বিত্তাক্ষ ও রূপাদিযুক্ত মুত্তিকাদির অধিষ্ঠাতা হইয়া ঘটাদি প্রস্তুত করে; কিন্তু জমুমান-সর্বন্থ তাকিকের পকে দেরপ

অধিষ্ঠান-অনুপপত্তেঃ চ।। ৩৯।।

অধিষ্ঠান উপপন্ন হয় না বলিয়াও তাহার কল্লিড ঈশ্বর অমান্ত। অপ্রভাক ও রূপাদিবিহীন কোন কিছুকেই অধিষ্ঠেয় অধিষ্ঠাতা বা নিমিত্ত-কর্তার অবলমনীয়] হইতে দেখা যায় না: স্থতরাং ঈশরও অপ্রতাক রূপাদিহীন প্রধানের অধিষ্ঠাতা হইতে পারেন না।

শিষা। কিন্তু চক্ষুপ্রভৃতি করণ [ইন্দ্রিয়] অপ্রতাক্ষ এবং ভাহাদের কোন রূপ [আকার]ও নাই, অথচ পুরুষ [জীবাতা] তাহাদের অধিষ্ঠাত। পিরিচালক । ঈশরও

করণবৎ চেৎ १ —

ইক্রিমের মত [করণবং] প্রধানের অধিষ্ঠাতা-এরপ বদি বলি [(59] ?-

न, ভোগাদিভ্যঃ ॥।।।। **多型** 1 मा. त्मन्न विनाष्ठ भात ना [न]; कात्रन, जाहा इहेरन विनाष्ठ হয়, ঈশবেরও ভোগত্ব আছে। পুরুষ যে ইক্রিয়বর্গের অধিষ্ঠাতা

ভাহা পুরুষের হৃথ তৃ:ধের ভোগ [অন্তব] হইতে অনুমান করা বার; কিছ ঈশবের সেরূপ কোন ভোগ স্বীকার করিলে তিনি আমাদেরই মত একটা সংসারী জীব হইয়া পড়েন।

এই মতে আরও দোষ আছে। সে দোষ হইতেছে ঈশবের অন্তবত্ত্বম অসর্ববিজ্ঞতা বা ।। ৪১ ।।

অন্ত [বিনাশ] থাকা [অন্তবন্তম] কিমা [বা] অসর্বজ্ঞতা। অর্থাৎ ইমারকে কেবল নিমিত্তকারণ বলিলে তিনি হয় অন্তবান, না হয় তিনি সর্ববজ্ঞ নন। এই মতাবলম্বীরা বলেন, ঈশর সর্ববজ্ঞ ও অনন্ত। আবার প্রধান এবং পুরুষও অনস্ত, এবং এই তিনটী পরস্পর পৃথক বা শ্বতন্ত্র। কিন্তু জিজ্ঞাশ্র এই যে, সর্ববিজ্ঞ ঈশর প্রধানের, পুরুষের ও আপনার ইয়তা বিংখ্যা ও পরিমাণ বিজ্ঞানেন কি, না ? অন্ত কথায় ইহাদের ইয়তা: ঈশ্বর-কর্তৃক পরিচ্ছিল্ল কি, না? যদি পরিচ্ছিল্ল হয়,তবে এই স্মীর্ণত্বের (limitedness) জন্ম প্রধান, পুরুষ ও ঈশ্বর সকলকেই বিনাশশীল বলিতে হয়। কারণ, ঘট, পট ষাহা কিছু পদার্থ 'এতগুলি' ও 'এত বড' – এইরূপে নির্দিষ্ট হইবার যোগা, তাহা সমস্তই নশ্বর বা অন্তবৎ বলিয়া দেখা যায়। আর, প্রধান, পুরুষ ও ঈশ্বর যথন পরস্পর ভিন্ন, তথন অবশ্রই প্রত্যেকের এক একটা নিদিষ্ট পরিমাণ আছে, যাহা দারা পরস্পরের ভিন্নতা নিরূপিত হইতে পারে। আরু যাহার একটা নির্দিষ্ট পরিমাণ আছে এবং যাহা নশ্বর, তাহার একটা উৎপত্তিও আছে : কারণ, সমস্ত নিদিষ্ট-পরিমাণ-বিশিষ্ট ও নশ্বর পদার্থই উৎপত্তিমান রূপে দেখা যায়। পক্ষান্তরে প্রধানাদির ইয়তা যদি ঈশবের দারা জ্ঞাত না থাকে, তবে তিনি অসর্বজ্ঞ। স্থতরাং তার্কিক-কল্পিত ঈশ্বর-কারণবাদ সর্বপ্রকারেই व्यमभी होता।

একণে যে সমন্ত দাৰ্শনিক ঈৰবকে প্ৰকৃতি ও অধিচাতা (উপাদান ও নিমিত্ত) রূপে স্বীকার করিয়াও এমন সব অভিমত ব্যক্ত করেন. যাহা শ্রতি ও যুক্তিবিরুদ্ধ, সেই সমন্ত দার্শনিকের মতের আলোচনা করা যাউক।

ভাগবভেরা বলেন, ভগবান বাহুবেদ এক পরমাথ ভব। তিনি আপনাকে চারি প্রকারে বিভক্ত করিয়া বিরাম করিতেছেন—আস্ত-দেববাহ (পর্যায়া), সক্ষর্প-ব্যহ (বার), প্রস্থাস-ল্যাহ (মন) এবং আনিক্রক্স-ল্যাহ (অংকার)। এই চতুর্যুহ ভগবানেরই অরপ: তন্মধ্যে বাহ্নবেব্। হ পরমা প্রকৃতি বা মূল কারণ। তাহা ২ইতে সক্ষণের, সক্ষণ হইতে প্রত্যান্তর, এবং প্রত্যান্ন হইতে অনিক্ষের উৎপত্তি হয়। সর্বাদা অনুক্রচিত্তে ভগবদারাধনা ক্রিলে মোকলাভ হয়।

একণে দেখ, নারায়ণ প্রমাত্মা, তিনি বছরূপে বিরাজ করেন, তাহার আরাধনা করা উচিত--এই সব ভগবত-মত শ্রতির অহমোদিত, ud: वामता छाश श्रीकात कति। किश्व वाश्रामव इटेरा अवस्थानत, স্কৃষ্ণ হইতে প্রস্থায়ের, প্রস্থায় হইতে অনিক্লবের উৎপত্তির কথা ८६ छै। हाता वरतान, छाहा जामबा बौकाब कब्रिएछ शाबि ना। कावन,

উৎপত্তি-অসম্ভবাৎ ॥ ৪২ ॥

ওরূপ উংপত্তি হওয়। অসম্ভব। জীব (সহর্ষণ) যদি উৎপন্নই হয়, তবে সে ত অনিতা, নখর। যে বয়ং বিনট্ট হইয়া যায়, তাহার আর মোক্ষলাভ কি পু জীব যে উৎপব হয় না, তাহা বা কুঃ ২.৩.১৭ পুৱে (मशहेव।

তারপর,

ন চ কর্ত্ত্তুঃ করণম্।। ৪৩।।

কর্জা (যেমন একজন কাঠুরিয়া) হইতে [কর্জ্] কথনও উপকরণ (যেমন কুঠার) [করণম্] উৎপন্ন হইতে দেখা যায় না। স্থতরাং সংহণ নামক জীব হইতে প্রত্যায় নামক মনের উৎপত্তি হইতে পারে না। মন একটা 'করণ', জীবের ভোগের সহায় বা সাধন, মনের সাহায়েই জীব ভোগে করে। সেই 'করণ' জীব হইতে উৎপন্ন হয় কিরুপে ? বেমন বেমন দেখা যায়, তেমন তেমনই অহমান করা যায়; যেরূপ কোথাও দেখা যায় না, সেরূপ কিছুর অহমান করা অসম্ভব। কর্ত্তা হইতে করণের উৎপত্তি যখন ক্ত্রাপি দেখা যায় না, তথন সহবণ হইতে প্রত্যাহের উৎপত্তি স্বীকার করি কিরুপে ? এরূপ অ-দৃষ্ট উৎপত্তি স্বীকার করিতে পারিতাম, যদি কোন শ্রুতি এরূপ বলিতেন। কিন্তু এরূপ কোন শ্রুতি নাই।

ভাগবভেরা হয়ত বলিবেন, ঐ চতুর্তি ভগবানেরই, এবং তাঁহারা সকলেই জ্ঞান, ঐমধ্য, শক্তি, বল, বীধ্য ইত্যাদি ঐমধ্যামিত ও সনানধর্ম বিশিষ্ট। কিন্তু ভাহা হইলে ত বহু ঈম্মর হইয়া গেল। এক ঈম্মর মানিলেই যথন চলে, তথন বহু ঈম্মর মানিবার কি প্রয়োজন? সার ঐ চতুর্তিকে

বিজ্ঞানাদিভাবে বা তৎ-অপ্রতিষেধঃ।। ৪৪।।

বিজ্ঞান, ঐশব্য প্রভৃতি বৃক্ত বলিলেও [বিজ্ঞানাদিভাবে বা] প্রেজিজ উৎপত্তির অসম্ভবভা থাকি হাই যায় [তদপ্রতিবেধ:]। বেহেতৃ, কার্য হইতে কারণের কিছু:না-কিছু বিশেষত থাকিবেই। অথচ ঐ চারি বৃাহ যদি সমধর্মী হয়, তবে আর তাহাদের কোন ইতরবিশেষ থাকেনা, কলে বাহুদেব হইতে সহর্ষণ ইত্যাদির উৎপত্তিও হইতে পারেনা।

আর, ভগবানের যে কেবল চারিটী বৃাহই আছে, বেশী নাই, ইহাও অযৌক্তিক। শ্রুতি, শ্বতি সর্ব্বত্তই দেখিতে পাই, আত্রন্ধ-ওছ প্রয়ন্ত সমন্তই ভগবানের বৃাহ।

আর,

বিপ্রতিষেধাৎচ।। ৪৫।।

ঐ ভাগবত দর্শনে অনেক পরস্পর বিরুদ্ধ উক্তি দেখিতে পাই।
যেমন, কোথাও বলা হইমাছে, গুণ ও গুণী পৃথক, আবার কোথাও
বলা হইমাছে, উহারা অভিন। শ্রুতির সহিত বিরোধ ত স্পষ্টই
রহিমাছে। বেদের নিন্দাও যথেই আছে। এই সমন্ত কারণে এই মত
অগ্রাহা।

দ্বিতীয় অধ্যায়

তৃতীয় পাদ

শিষ্য। গুরুদেব ! আপনার রুপায় বুঝিলাম যে, ইন্দ্রিয়ের অতীত বিষয়ের জ্ঞানলাভ করিতে হইলে শুতিই সর্ব্ধ প্রধান সহায়। কিন্তু সৃষ্টি বিষয়ক কোন কোন শুতি বাক্যের তাৎপ্র্যা ঠিক হুদয়ক্ষম করিতে পারিতেছিনা। রুপা করিয়া আমার সন্দেহের নিরাস করুন। প্রথমতঃ সন্দেহ হয়,—আক্রাতশাল্ল উৎুশাল্ডি জ্যাতেছ্ কি না। আমার ত মনে হয়,

ন বিয়ৎ, অশ্রুতেঃ॥ ১॥

আকাশ [বিয়ৎ] উৎপন্ন পদার্থ নয় [ন]; যেহেতু, শ্রুতিতে আকাশের উৎপত্তির কথা বলা হয় নাই [অশ্রুতেঃ]। ছান্দোগ্য উপনিষদে "সংস্বরূপ ব্রহ্ম তেজ, জল ও পৃথিবা এই তিন মহাভূতের স্বাষ্ট করিলেন" (ছাঃ ৬.২.৬)—এইরূপ বাকাই আছে। আকাশ ও বায়ুর স্বাষ্ট ঐ স্থলে উক্ত হয় নাই। স্বতরাং শ্রুতিপ্রমাণ না থাকায় আকাশ উৎপত্তিহীন পদার্থ বলিয়াই মনে হয়।

অস্তি তু॥২॥

পক্ষান্তরে আবার [তু] 'আকাশেরও উৎপত্তি হয়,' এরপ শ্রুতি বাক্য আছে [অন্তি]: যেমন তৈত্তিরীয় শ্রুতি বলেন, ''এই সেই আত্মা হইতে আকাশ সম্ভূত হইল'' [তৈ: ২.১]। স্থতরাং এক শ্রুতিতে পাই যে, প্রথমে তেজের স্প্রুতি হইল, আকাশের স্প্রি সম্বন্ধে কোন কথাই সেম্বলে নাই, অপর শ্রুতিতে আবার আকাশকেই প্রথম স্প্রী মহাভূতরূপে নির্দ্ধিই করা হইয়াছে। শ্রুতির এই বিরোধ

\\ \2-9-9

পরিহারের উদ্দেশ্যে কেই কেই বলেন থে, আকাশ বান্তবিক উৎপন্ন হয় না। তবে যে তৈজিবীয় শ্রুতিতে আকাশের স্কটার কথা বলা হইয়াছে, তাহা মুখ্য নয়, পরস্ক সেই উক্তি

গোণী, অসম্ভবাৎ॥ ৩॥

গোণ [গৌণী]; মেহেতু আকাশের উৎপত্তি হওয়া সম্ভবই নয় [অসম্ভবাৎ]। যে কোন দ্রবার উৎপত্তি হইতে হইলে তিনটি কারণের প্রয়োজন। প্রথম, সামবাহী কারপে: যেমন ঘটের উংপত্তিতে কপাল ও কপালিকা [অর্থাৎ যে চুইটা খাপড়া কুড়িয়া ঘট তৈয়ারী হয় । দিতীয়, অসমবাস্থী কারণ ; ধেমন ঘটোৎ-প্রিতে ঐ থাপড়া তুইটার সংযোগ বা জ্বোড়া লাগান। তৃতীয়, িলিলিত কারণ : থেমন উক্ত হলে দও, চক্র, কুম্বকার ইত্যাদি। ত্রফণে দেখন, আৰাণ উৎপন্ন করিতে পারে, এমন কোন সমবায়ী কারণ নাই—আকাশকাভীয় কোন প্রমাণু নাই। স্থ্রায়ী কারণ না ধাকায় অথাং আকাশ জাতীয় প্রমাণুনা থাকায় সংযোগ হইবে কাচাদের / সমবায়ী ও অসমবায়ী কারণ থাকিলেই নিমিত্ত কারণের কাষ্য হইছে পারে। স্থতরাং বে তিন কারণে প্রব্যের উৎপত্তি হইতে পারে, তাহা না থাকায় আকাশের উৎপত্তি অসম্ভব।

আবার, যে কোন বস্তু উৎপত্ন হইলে একটা না একটা বিশেষ কার্যা নিশ্য হয়। মাটি বারা বে কাজ হব, ঘটের বারা তাহা অপেকা অন্ত রকমের বিশেষ কাজ হয়। কিন্তু আকাশের [সৃষ্টের] জ্বের [যদি कत्र मानिशा नवरा यात्र] शृदर्ब दि काक, शदा तारे काक। স্থতরাং আৰাশের উৎপত্তি হয় না-ইহাই যুক্তিসিছ। কাজেই তৈত্তিরীয় প্রতির গৌণ অর্থ গ্রহণ করাই সম্বত।

শব্দাৎ চ॥৪॥

चम्राम् ॐত বাক্য হইতেও [শক্ষাফ] জানা যায় যে, আকাশের উৎপত্তি নাই। বৃহদারণ্যক বলেন, "বায়্ ও আকাশ 'অমৃত' " [বৃঃ
১.৩.৩]। বাহা 'অমৃত' অর্থাৎ অবিনাশী, তাহা নিশ্চয়ই জন্মরহিত।
বাহার জন্ম আছে, তাহার নাশও অবশুভাবী। আবার, "আকাশের
মত'নিত্য' ও সর্বব্যাপী"—ইত্যাদি শুতি বাক্যেও আকাশ যে নিত্য,
অবিনাশী, ইহাই প্রতীত হয়।

কিছ কেই যদি আপত্তি করে যে, "এই সেই পরমাত্মা হইতে আকাশ স্বস্কুত হইল, তাহা হইতে তেজঃ প্রভৃতিও সৃষ্ঠত হইল"— এই শ্রুতিতে তেজঃ প্রভৃতির বেলায় 'সৃষ্ঠ্ শব্দের মুখ্য অর্থ গ্রহণ করা হইলে,—অর্থাৎ তেজঃ প্রভৃতি সন্তা সভাই উৎপর হইল, এই অর্থ শীকার করিলে—আকাশের বেলায় 'সৃষ্ঠ্ শব্দের গৌণ অর্থ কিরপে গ্রহণ করা যায়। একই শ্রুতি বাক্যে একই শব্দের মুখ্য ও গৌণ অর্থ গ্রহণ করা যায়। একই শ্রুতি বাক্যে একই শব্দের মুখ্য ও গৌণ অর্থ গ্রহণ করা সঙ্গত নয়। এরূপ আপত্তির উত্তরে বলা যাইতে পারে যে,

স্যাৎ চ একস্ম ব্রহ্ম-শব্দবৎ ॥ ৫॥

একই সন্ত শব্দের [একস] ম্থাও গৌণ অর্থ হইতেও পারে [সাৎ চ], ব্রহ্ম শব্দের ন্যায় [ব্রহ্মশব্দেৎ]। "তপস্তার ঘারা ব্রক্ষমত্রক জানিতে ইচ্ছা কর, তপস্তাই ব্রহ্ম" [ভৈ: ৩.২]—এই মাকো যেমন একই ব্রহ্ম শব্দের ম্থাও গৌণ অর্থ খীকার করা হর, দেইরপ সন্তুত শব্দেরও একই প্রকরণে ম্থাও গৌণ অর্থ খীকার করা ঘাইতে পারে।

ইহাই হইল বাহারা আকাশকে অহৎপন্ন [বন্ধরহিত, অব]

भनार्थ वालन, डाहारमञ्ज मछ। हेहाजा वालन, आकाम छ ९ भछिहीन নিতা পদার্থ হইলেও "একমেবাদিতীয়ম্" [ছা: ৬.২.১] এই শ্রুতি বাকা সাথকই থাকে, এবং একমাত্র ব্রহ্মকে জানিলেই সমপ্ত জানা হইয়া যায়—এরূপ প্রতিজ্ঞারও [proposition] হানি হয় না। কেন না, "একমেবাদিতীয়ম" এই বাক্যের তাৎপর্য্য এই যে,—স্ষ্টির পূর্বে একমাত্র ব্রন্থই ছিলেন, কোন কার্যা [effect] ছিলনা; যড কিছু ৰাধ্য, ব্ৰন্ধই তৎসম্দায়ের একমাত্র অধিষ্ঠাতা, বিভীয় অধিষ্ঠাতা নাই। আরু, আকাশ নিতা বর্ত্তমান পদার্থ বলিয়াই যে ব্রহ্ম অদিতীয় হুইতে পারেন না, এমন কথাও বলা যায় না; কারণ, তুইটী পদার্থ ভিন্ন বলিয়া তথনই স্বীকার করা যায়, যথন উভয়ের ভিন্ন ভিন্ন লক্ষণ থাকে। কিন্তু সৃষ্টির পূর্বে ত্রন্ধের ও আকাশের লক্ষণ একই, উভয়েই তথন সর্বব্যাপী ও রূপাদিবিহীন। ভিন্নতা হয় স্প্রির সময়ে-তথন ত্রন্ধ হন ক্রিয়াশীল, আর আকাশ থাকে নিশ্চল। স্থতরাং সৃষ্টির পূর্বে আকাশ নামক নিতাপদার্থ বিদ্যমান থাকিলেও "একমেরাদ্বিতীয়ম" এই উক্তির কোন বিরোধ হয় না। "ব্রদ্ধ আকাশ-শরীর" [তৈ:১.৬.২] শ্রুতিতেও ব্রন্ধের ও আকাশের অভিন্নতা স্থাচিত হয়। স্থতরাং ব্রদ্ধজ্ঞানে সর্বজ্ঞান হইতেও বাধা নাই। আবার, যাহা কিছু উৎপন্ন হয়, ভৎসমন্তই আকাশের দেশ [space] ও আকাশের কালেই [time] উৎপন্ন হয়। আকাশের দেশ ও কাল এবং ত্রান্সের দেশ ও কাল একই. উভয়ই দৰ্ববাপী ও দৰ্বদা স্থায়ী। স্বতরাং ত্রন্ধ এবং ত্রন্ধের কার্য্য বিজ্ঞাত হইলে সমন্তই জানা হইয়া যায়। হেমন, এক কলসী ছুধের জ্ঞান হইলে সেই ছথের সহিত মিখিত জলেরও জ্ঞান হয়। ইহাই হইল যাহারা আকাশকে অফুৎপল্ল পদার্থ বলেন, তাঁহাদের যুক্তি। একণে রুপা করিয়া বলুন, আকাশ বান্তবিকই নিত্য পদার্থ কি না দ

ত্তক। বংস, আকাশ নিত্য পদার্থ নয়, উহাও অন্তান্ত পদার্থের মত ব্রন্ধ হইতেই উৎপন্ন।

প্রতিজ্ঞা-অহানিঃ অব্যতিরেকাৎ, শব্দেভ্যঃ চ।। ৬।।
"এক বিজ্ঞান সর্ববিজ্ঞান"—এই প্রতিজ্ঞার [proposition,
যে উক্তি প্রমাণ করিতে হইবে] সিদ্ধি [প্রতিজ্ঞাহানিঃ] তবেই
হয়, ্যদি অবিশেষে সমস্ত পদার্থই ব্রন্ধাতিরিক্ত না হয়
[অব্যতিরেকাৎ]; আর, শ্রুতিবাক্যসমূহ যে কার্য্য ও কারণের
অভিন্নতা প্রতিপাদন করিয়াছেন, তাহা ছারাও [শব্দেভ্যুক্ত] ঐ
প্রতিজ্ঞা সিদ্ধ হয়।

যদি, "সমন্ত বস্তুই ব্রহ্ম হইতে উৎপন্ন"—এই দিদ্ধান্ত গ্রহণ করা যায়, তবেই সেই একমাত্র কারণ ব্রহ্মের জ্ঞানে অন্থ সমন্তের জ্ঞান হওয়া সন্তব হয়। এক বিজ্ঞানে সর্ক্ষবিজ্ঞান—এই শ্রুতিবাক্যের তাৎপর্যাই এই যে, 'কারণের জ্ঞানে কার্য্যের জ্ঞান'—ইহা শ্রুতিই মৃত্তিকাদির দৃষ্টান্ত ঘারা বহুপ্রকাতের ব্ঝাইয়াছেন। ব্রহ্ম হইতে উৎপন্ন বলিয়াই কোন কিছু ব্রহ্মাতিরিক্ত নয়, ইহা শ্রুতি অতি স্পাইর্মপেই দেথাইয়াছেন। হতরাং আকাশকে যদি ব্রহ্ম হইতে উৎপন্ন পদার্থ বলা না যায়, তবে একবিজ্ঞানে সর্ক্ষবিজ্ঞান হইতে পারে না। তবে ছান্দোগ্যে আকাশের উৎপত্তির উল্লেখ নাই সত্যে, কিন্তু তৈত্তিরীয়কে আছে। তৈত্তিরীয় শ্রুতির অন্য প্রকার অর্থ করা যায় না; কিন্তু ছান্দোগ্যের যদি এক্রপ অর্থ করা যায় যে, তিনি—আকাশ ও বায়ু স্বৃষ্টি করিয়া—তেজঃ স্বৃষ্টি করিলেন, তবে উভয় শ্রুতির একটা সামঞ্জন্ম হয়, এবং তৈত্তিরীয় শ্রুতিরও অন্য কোন প্রকার বিকৃত গৌণ অর্থ কল্পনা করিবার প্রয়েজন

হয় মা। আর, ছাম্পোগ্যে এমন কথাও নাই বে, তিনি প্রথমেই তেকঃ স্বাধী করিবেন। স্থতরাং ছাম্পোগ্য শ্রুতিকে তৈতিরীয় শ্রুতির সহিত সামঞ্চ করিয়া পাঠ করাই সক্ষত।

তারপর, আকাশ বন্ধ হইতে উৎপন্ন না হইলেও আকাশ ও বন্ধ থেহেতু একই দেশে [অর্থাৎ সর্বাবা] ও একই কালে [অর্থাৎ সর্বাবাল, cternity] বর্ত্তমান আছে, সেই হেতু ব্রম্বের জ্ঞানেই আকাশেরও জ্ঞান হইন্বা যান্ধ [থেমন, একটা পাত্রে জ্ঞান ইন্ধা যান্ধ [থেমন, একটা পাত্রে জ্ঞান হইন্ধা যান্ধ]—একথাও সঙ্গত নয়। কেন না, উদৃশ একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান থে শুভির অভিপ্রেত নন্ধ, তাহা স্পটই ব্রা যান্ধ। সেরপ হইলে শুভির মৃত্তিকাদির দৃষ্টান্ত দেখাইতেন না। এ সমন্ত দৃষ্টান্তের তাৎপর্ব্যই হইল—কারণের জ্ঞানে কার্যােরও জ্ঞান। ছ্রের সহিত জ্ঞান হ্ম, একথা বলা যান্ধ না। ওরপ জ্ঞানেক ঘথার্থ জ্ঞান বলা যান্ধ না। বান্থবিক ওরপ স্থলে জ্ঞানেক একটা পৃথক্ জ্ঞান না হইলে উহা ভ্রমই হয়। শুভি ঐরপ একটা গৌলামিল দিয়া একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞানের কথা বলিয়াছেন, ইহা শ্রুভিক্তমাত্রেরই অপ্রভ্রের।

তারণর, আকাশ উৎপন্ন হইতেই পারে না, এরপ যে অসম্ভাবনা দেখান হইয়াছিল, তাহাও ঠিক নয়। যেহেতু,

যাবদিকারং তু বিভাগঃ লোকবং।। ৭।।

ইহলোকে [লোকবং] বাহা কিছু বিকৃত অর্থাৎ উৎপন্ন পদার্থ [বাববিকারম্] তৎসমন্তই বিভক্ত অর্থাৎ পরস্পার পৃথক্তাবে অবস্থিত [বিভাগঃ]। ঘট হইতে পট ভিন্ন, পট হইতে মঠ ভিন্ন। এইরূপ বাহা কিছু উৎপন্ন পদার্থ, তাহাই অপরাপর পদার্থ হইতে পৃথক।
পৃথক পৃথক সন্তাবিশিষ্ট পদার্থ মাত্রই উৎপন্ন। অবিকৃত [অনুংপন্ন]
অথচ অক্ত পদার্থ হইতে পৃথক—এরপ কোথাও দেখা বাম না।
আকাশও পৃথিব্যাদি যাবতীয় পদার্থ হইতে পৃথক বস্তুরূপেই অমুভূত ও
ব্যবস্তুত হয়, অতএব আকাশও নিশ্মই একটা উৎপন্ন পদার্থ।

শিব্য। কিন্তু এই যুক্তিতে ত আত্মারও উৎপত্তি শীকার করিতে হয়। কারণ, আত্মাও ত আকাশাদি পদার্থ হইতে বিভক্ত [পুথক্]।

श्रका ना. चाचारक उर्भन्न भनार्थ वना यात्र नाः कात्रम #তি আত্মা হইতেই আকাশাদি সমন্ত পদার্থের উৎপত্তির কথা ৰ্দিয়াছেন, আত্মার উৎপাদকের কথা কোণাও পাওয়া যায় না। আত্মারও অপর উৎপাদক আছে খীকার করিলে, সমন্ত পদার্থই নিৱাত্মক হইয়া পড়ে। যেহেত আত্মা, সেই হেতুই আত্মার चलिए चनामिकाल इटेल्ड निष, छाहात उर्राखत कथा उठिएडरे পারে না। আতাই অন্তাত্ত পদার্থের অন্তিত্ব অন্তিত্ব নির্দারণ করেন। আত্মার অন্তিত্ব অন্তের দারা নির্দ্ধারিত হয় না। পান্ধার অতিত্ব যিনি নির্দ্ধারণ করিবেন, তিনি আত্মা ছাড়া আর কেই হইতে পারেন না। স্থতরাং আত্মার অতিত স্বতঃসিত্ব। সমন্তই জাত্মার আদ্রিত, জাত্মার অধীন। তাঁহার অভিত প্রমাণ করিতে পারে, এমন কিছুই নাই। তাঁহার প্রকাশ **শাশনা খা**পনিই হয়, খন্ত কিছুর অপেকা করে না। ডিনি বঞ্জাল। সমন্ত প্রমাণের মূলেই আত্মা। সেই আত্মার নিবেধ [इथन । থাকে, কখনও থাকে না, উৎপত্তির পরে হয়। অসম্ভব। কারণ, যে নিবেধ করিবে, দেও আতাই। স্বরূপের নিষেধ হইতে

পারে না। এটা দেখিলাম, ওটা জানিলাম ইত্যাকার সমন্ত জ্ঞানের মৃলেই এই চিরস্তন সাক্ষী, নিতাচৈতক্সস্বরূপ আ্যা। জ্ঞাতা যিনি অর্থাৎ যিনি জ্ঞানেন, তিনি সর্ব্বদাই একরূপ; যাহা জ্ঞানা হয়, তাহাই বিভিন্নরূপে প্রতিভাত হইতে পারে। অতীত, বর্ত্তমান, ভবিষ্যৎ এই সমন্ত কালের বিভাগ জ্ঞেয় পদার্থের প্রতিই প্রযুক্ত হয়, জ্ঞাতার প্রতি হয় না। জ্ঞাতা তিন কালেই বিদ্যমান। স্থতরাং আ্যা জ্মারান নহেন, আ্বাশাদিই জ্মারান।

সমঞ্চাতীয় পরমাণুই অক্স স্বজাতীয় বস্তু উৎপন্ন করে; আকাশ-জাতীয় একাধিক পরমাণু নাই, স্বতরাং আকাশ উৎপন্ন হইতে পারে না —এই যুক্তিও বিচারসহ নয়। কারণ, 'সমজাতীয় বহু কারণ দ্রব্য হইতেই কেবল কার্য্যের উৎপত্তি হয়, অসমান জাতীয় হইতে হয় না,' এরপ কোন নিয়ম নাই। যেমন, স্তত্ত একটা 'দ্রব্য,' আর স্তত্তের পরস্পর 'সংযোগ' একটা 'গুণ'। 'দ্রবা' ও 'গুণ' বিভিন্ন জাতীয় ইহা আকাশের নিতাত্বাদিরা বলেন। অথচ স্তর ও স্তরসংযোগেই বস্ত্র উৎপন্ন হয়। কার্পাদ স্তা ও মেষলোম এই তুই বিভিন্ন দ্রব্য খারাও একধানি কমল উৎপন্ন হইতে পারে। আর, অনেক কারণ দ্রব্য এক্ত্রিত হইয়া কার্যা জ্লায়, একটা কারণ প্রব্য কার্যা জ্লাইতে পারে না-এমন নিয়মই বা কি আছে ? পরমাণুতে যে প্রথম কিয়া [ব্যাপুকোৎপাদনের জম্ম স্পানন] হয়, তাহাতে অন্য দ্রব্যের অপেকা नार, रेश पाकारमत्र निष्ठाप्रवामित्राप वत्नन। वश्वष्ठः कात्रगञ्जवारे অবস্থাবিশেষ প্রাপ্ত হইয়া কার্যানাম ধারণ করে, তাহা ছাড়া কারণটা कार्या रहेशा याय, छेरात अकटी পतिनाम रूप, अक्रभ वना याय मा। একই কারণ বিভিন্ন অবস্থায় বিভিন্ন কার্য্য নামে প্রতীয়মান হয় মাত্র। উৎপত্তির পূর্বেষ ও পরে আকাশের কাজের [অবকাশ প্রদানই

আকাশের কাজ] কোন বিশেষত হয় না, এইজন্ম আকাশের উৎপত্তি হয় না—এরপ বলাও সঙ্গত নয়। কারণ, যদি বলি যে, বর্ত্তমানে বে জন্ম আকাশকে আকাশ বলি, অর্থাৎ যে ধর্মের জন্ম আকাশ শব্দ ব্যবহার করি, সেই ধর্মানী আকাশোৎপত্তির পূর্বে থাকে না, তাহা হইলে ত কোন দোষ হয় না। এই বিশেষ কাজই আকাশের উৎপত্তি ধারা সাধিত হয়।

শ্রুতিতে যে আকাশের সহিত তুলনা করিয়া ব্রহ্মকে সর্বব্যাপী ও নিতারপে ব্যান হইয়াছে, তাহাতেও আকাশের সত্যিকারের সর্বব্যাপিতা ও নিতাতা সিদ্ধ হয় না। তুলনার উদ্দেশ্রই হইল, সহজবোধ্য বস্তর সাহায্যে তুর্ব্যোধ্য বস্তর ধারণা জন্মাইয়া দেওয়া। আমাদের বোধ্যের মধ্যে আকাশই অপেকারত ব্যাপী ও নিতায়। স্ক্তরাং ভাহারই উপমা দিয়া ব্রহ্মের ব্যাপিত্ব ও নিতাত্ব ব্যান হইয়াছে। শ্রুতি ত স্বয়ংই বলিয়াছেন যে, "ব্রহ্ম আকাশ হইতেও বড়," "তাহার উপমা নাই" [শ্বে: ৪.১৯], "ব্রহ্মভিন সমস্তই নশ্বর" [বৃ: ৩.৪.২]—ইত্যাদি। স্কতরাং ব্রহ্মকে আকাশের সহিত তুলনা করা হইয়াছে বলিয়াই যে আকাশও ব্রহ্মেরই মত নিতা, তাহা বলা যায় না। ব্রিবার স্ক্রিধার জন্মই ওরপ উপমার আশ্রয় গ্রহণ করা হইয়াছে; তত্ত্বথা— শতাহার উপমা নাই"।

অতএব আকাশও উৎপন্ন পদার্থই।

় ছান্দোগ্যে আকাশের ন্থায় বায়্র উৎপত্তির কথাও নাই। তাহা **হইলেও**

এতেন মাতরিশা ব্যাখ্যাতঃ ।। ৮।।
এই আকাশের উৎপত্তির ব্যাখ্যা ছারাই [এডেন] বায়ুর উৎপত্তিও
[মাতরিশা] ব্যাখ্যাত হইল [ব্যাখ্যাতঃ] বুঝিতে হইবে।

ছিলেগের সপুনে আকাশ ও বায়ুকে তেজ হইতে শ্রেষ্ঠ বলিয়া বর্ণনা করা হইয়াছে। স্তরাং ছালোগ্যে আকাশ এবং বায়ুও স্বীকৃত হইয়াছে। তবে স্প্ত প্রসঙ্গে বুঝিবার স্থবিধার জ্বন্ত প্রথমে প্রত্যক্ষ দৃষ্ট মূর্ত্ত ডেল, জ্বল ও মৃত্তিকার উৎপত্তিই আলোচনা করা হইয়াছে]

শিষা। এগাও কি কোন কিছু হইতে উৎপন্ন হয় ? গুফা। নাবংস, সং-স্বরূপ এগা স্বাহ্য কিছু হইতে উৎপন্ন হন না।

অসম্ভবঃ তু সতঃ অনুপ্রসেটেঃ।। ৯।।

সং-স্বরূপ প্রপ্রের [সত:] উৎপত্তি হয় ন। [অসম্ভব:]; যেহেতু, ত্রঞ্রে উংপত্তি যুক্তি-সিদ্ধ নয় [অমুপপত্তে:]। সং হইতেই পদার্থের উংপত্তি, অ-সং হইতে কোন কিছু উৎপত্ন হইতে পারে না। শ্রুতি বলেন "অন্থ হইতে সতের উৎপত্তি কিরুপে হইবে 🕫 [ছা: ৮.৭.১]। স্বতরাং ত্রন্ধের যদি উৎপত্তি হয়, তবে সৎ হইতেই इहेरव। किन्न उभ चाः अ**९-आआन्य, त्कन्बल अ९.** নির্দ্ধিসম্ম স্ব। সামাল হইতেই বিশেষের উৎপত্তি দেখা যায়: (বেমন মুত্তিক: হইতে ঘটের । থিশেষ হইতে সামান্ত হয় না। অতএব ভ্রদ্ধ কোন এক বিশেষ প্রকারের সং হইতে উৎপন্ন হইতে পারেন না, যাবতীয় সংবিশেষই সং-সামাক্ত ব্রংশর অমূর্ত। আবার, সংসামাল হইতেও ব্রন্ধের উৎপত্তি অসম্ভব। কাষ্য অপেক্ষা কারণের একটা বিশেষত্ব, একটা অভিশয়, ष्य र इरे था कि । कि इ अ दिन प्रभाव कि विकास कि তবে আর বিশেষর রহিন কই 🏿 🖛 ডিও কুত্রাপি ব্রন্ধের উৎপত্তি উল্লেখ করেন নাই; বরং ত্রন্ধের উৎপত্তি নিষিদ্ধই হইয়াছে। 'ঠিচাত্ত (कान कनक नाहे" [(चः ७. २]।

শিষ্য। কিছু এক বিকার [যেমন ঘাসাদির বিকার ছধ] হইতেই অন্ত বিকারের [যেমন দধি] উৎপত্তি দেখা যায়। স্বভরাং ব্ৰন্থেবন্ধ একটা উৎপাদক থাকিতে পারে।

গুরু। না, ভাহ। পারে না। মূলে এমন একটা অবিকৃত পদার্থ িপ্রকৃতি) অবশ্রষ্ট স্বীকার করিতে হইবে, যাহা হইতে অক্সান্স বিকার উৎপর হয়। তাহা না হইলে বিকারের আদির অফুসন্ধান কোন কালেই নিবৃত্ত হয় না। সেই মূল পদার্থই অন্ধ, এবং ভাহা হইডেই যাবভীয় বিকার উৎপন্ন হয়।

শিষা। ছান্দোগ্য বলেন, ব্রন্ধ হইতে তেঞ্জের উৎপত্তি; আবার তৈত্তিরীয় বলেন, বায়ু হইতে। এই তুই শ্রুতির একটা দামঞ্চ এই ভাবে করা যাইতে পারে যে, তেজ ব্রহ্ম হইতেই উৎপন্ন; কারণ, ममखरे जन्न रहेरू उपन ना रहेरन अक्माव जस्मत स्नार पन সমন্তের জ্ঞান হইতে পারে না। তবে তৈত্তিরীয় #তের এইরূপ ব্যাখ্যা করিতে হইবে—'ব্রন্ধ বায় সৃষ্টি করিয়া ভারাশর তেজঃ স্থাই কবিলেন'।

গুক। না, বংস, প্রপ ব্যাখ্যা করা সৃত্ত হইবে না।

তেজঃ অতঃ, তথা হি আহ।। >•।।

তৈ ত্তিরীয় যথন বায়ু হইতেই তেকের উৎপত্তি হয়, এরূপ [তথা হি] বলিয়াছেন [আহ], তখন এই বায় হইতেই [অত:] তেজের উৎপত্তি [তেম্ব:] স্বীকার করিতে হইবে।

তৈত্তিরীয় যথন স্পষ্টভাবেই বায়ু হইতে তেন্তের উৎপত্তি বলিয়াছেন, তখন সেই ≆তির বিকৃত ব্যাখ্যা করা সৃষ্ঠ নয়। আর, ঐ শ্রুতিতে যে খুলে তেজাংপত্তি বর্ণিত হইন্নাছে, ভাহার পুর্বে

আকাশ ও বায়র উৎপত্তি এবং পরে জল ও মন্তিকার উৎপত্তি কথিত হইয়াছে। সেই আকাশাদির উৎপত্তিতে শ্রুতির সহজ অর্থ ই গ্রহণ করা হয়: স্বতরাং কেবল মধ্যে একটা বিক্রত অর্থ গ্রহণ করিবার হেতু নাই। আর, এক বিজ্ঞানে সর্ব্ধবিজ্ঞানসিদ্ধির জ্ঞাও যে জন্ধকে সমস্ত বিকারের সাক্ষাৎ সম্বন্ধেই কারণ হইতে হইবে. এমন কোন নিয়ম নাই। সাক্ষাৎভাবে হউক, পরম্পরাক্রমে হউক, বন্ধ मकरनत काक्रम इंडेरनरे बन्नजारन मर्क्ववन्तत ज्ञान इंडेर्ड वाथा थारक ना। স্তরাং ব্রদ্ধ হইতে আকাশ, আকাশ হইতে বায় ও বায় হইতে তেজের সৃষ্টি।

এইরূপ তেজঃ হইতে

আপঃ ॥ ১১ ॥

জ্বের উৎপত্তি। ইহা শ্রুতিসমত সৃষ্টির ক্রম।

শিষ্য। ছান্দোগ্যে মৃত্তিকা-সৃষ্টির কোন উল্লেখ নাই। কিন্তু তৎপরিবর্ত্তে বলা হইয়াছে, সেই জল ভাবনা করিল, 'আমি বহু হুইব ও জুরাব'। তারপর দে আহ্ল সৃষ্টি করিল। [ছা: ৬.২.৪]। এই স্থলে অর শব্দের প্রাকৃত অর্থ কি ?

^{ত্রু।} পৃথিবী, অধিকার-রূপ-শব্দান্তরেভ্যঃ ॥ ১২ ॥

चन्नमत्म मृजिकारकरे [পृथिती] तृत्थिष्ठ हरेता; त्यरहजु প্রথমত: যে প্রকরণে [অধিকার] ঐ অরশন্দের উল্লেখ আছে, সেই প্রকরণ মহাভতের উৎপত্তি বিষয়ক, স্থভরাং অরশব্দে একটা মহাভূতকেই লক্ষ্য করা হইয়াছে, এরপই নিশ্চয় করা যায়: বিতীয়তঃ, অল্লের যে প্রকার রূপের [রূপ] বর্ণনা দেওয়া হইয়াছে [কৃষ্ণবর্ণ], তাহাও মৃত্তিকার পক্ষেই থার্টে; তৃতীয়তঃ, অক্সশ্রুতিতে
[শব্দান্তর] জল হইতে মৃত্তিকারই উৎপত্তির কথা বলা হইয়াছে।
স্কৃতরাং ছান্দোগ্যোক্ত অন্নশব্দের অর্থ মৃত্তিকা।

শিষ্য। এই যে আকাশাদি মহাভূত, ইহারা কি নিজেরাই স্বাধীনভাবে আপন আপন বিকার উৎপাদন করে, না পরমেশ্বরই আকাশাদিরপে অবস্থিত হইয়া বিকার স্পৃষ্টি করেন?

গুরু। তদভিধ্যানাৎ এব তু তল্লিঙ্গাৎ সঃ॥ ১৩॥
পরমেশরই [সঃ] আকাশাদিরপে অবস্থিত হইয়া অভিধ্যান
পূর্বক—আমি এরপ হইব এই প্রকার আলোচনা করিয়া—
[তদভিধ্যানাৎ] বায় প্রভৃতি স্পষ্ট করেন; যেহেতু, শ্রুভিতে—
পরমেশরই সকলের নিয়ন্তা, চালক, শাসক—এরপ উক্তি আছে;—
যেমন, "যিনি পৃথিবীর অন্তরে থাকিয়া পৃথিবীকে নিয়ন্তিত করিতেছেন"
[তৈঃ ৩.৭.৩]—এবং এই উক্তি দারা স্চিত হইতেছে [তল্লিঙ্গাৎ]
যে, আকাশাদি ব্রন্ধের দারা অধিষ্ঠিত হইয়াই স্ব স্ব বিকারে পরিণত
হয়। শ্রুতি আরও বলেন, "তিনিই প্রতাক্ষ ও পরোক্ষ সমন্ত
হইলেন, তিনি আপনি আপনাকে সেই সেই রূপে প্রকট করিলেন"
[তৈঃ ২.৬.১]—ইত্যাদি।

শিষ্য। স্টার ক্রম ব্ঝিলাম।একণে প্রলয়ের ক্রম বল্ন।
গুরু। বিপর্য্যারেণ ভু ক্রমঃ অতঃ উপপদ্যতে চ ।। ১৪ ।।
স্টার্টী যে ক্রমে হয়, ভাহা হইতে আভঃ বিপরীত বিপর্যায়ণ ব

প্রলয়ের ক্রম [ক্রম:], এবং [চ] এই বিপরীত ক্রম যুক্তিযুক্তও বটে [উপপদ্যতে]।

মৃত্তিকা হইতে উৎপন্ন ঘট, শরা প্রভৃতি মৃত্তিকাতেই লমপ্রাপ্ত হয়; জল হইতে উৎপন্ন বরফ ইত্যাদি আবার জ্বনই হয়। স্মৃতরাং মুত্তিকা জন হইতে উৎপন্ন হইয়া কিছুকাল অবস্থান করে, তারপর আবার জলেই লান হয়। জল আবার ডেজে, তেজ বায়তে, বায় আকাশে, আকাশ রঞ্জে লীন হয়। তুল বস্তু তদপেকা সুক্ষে বিদীন হয়, তাহা আবার তদপেকা সন্তবে—এইরপে ক্রমে পরম স্বা, পরম কারণে যাবভীয় পদার্থেরই বিলয় হয়—ইহাই যুক্তি সিদ্ধ।

শিষা। "এই ব্ৰশ্ব হইতে প্ৰাপ, মন, ইন্দ্ৰিয়, আকাশ, বায়, তেজ:, জ্বল, বিখাধার পৃথিবী জ্বে (ম:২.১.৩) এই অথব্য-শ্রুতি হইতে ব্যা যায় যে, ত্রন্ধ এবং পঞ্মহাভতের

অন্তরা বিজ্ঞান-মনসী ক্রমেণ তল্লিঙ্গাৎ ইতি চেৎ १— অন্তরালে [অন্তরা] বুদ্ধি ও মন [বিজ্ঞান-মনসা] একের পর আর [ক্রমেণ] উৎপন্ন হয়; যেহেতু, ঐ শ্রুতিই এরূপ হাচত করে [ভারিখাৎ]। স্বতরাং উৎপত্তি ও প্রকাষের যে ক্রমের কথা বলিয়াছেন, তাহা ত ঠিক রক্ষিত হইতেছে না-এরপ यमि विन । इंखि (६२) १---

न, व्यविद्यवाद् ॥ २०॥ (李)

না, ইহাতে ক্রমভন্ধ হয় না [ন], কারণ বৃদ্ধি, মন ইত্যাদির महाज्ञ इहेरेट कान **रि**विष्ठा नाहे [व्यवित्वराष]। हेस्स्विप्ति সমন্তই ভৌতিক (ভত হইতে উৎপন্ন)। স্বভরাং ভতের উৎপত্তি ও প্রানর বলাতেই ইন্দ্রিয়াদিরও উৎপত্তি-প্রলয় বলা হইল।
তাহাতে ক্রমের কোন হানি হয় না। শ্রুতিই বলেন, "মন অরময়,
প্রাণ জলময়, বাগিন্দ্রিয় তেজােময়" (ছা: ৬. ৫. ৪) ইত্যাদি। আর
অথর্ব শ্রুতিতেও বিশেষরূপে প্রাণাদির উৎপত্তির একটা ক্রম
নির্দিষ্ট হয় নাই, ও ছলে সাধারণ ভাবেই বলা হইয়াছে যে, সম্দায়
পদার্থই ব্রদ্ধ হইতে উৎপন্ন হয়। স্তরাং প্র্রোক্ত ক্রমের কোন
ভঙ্গ হয় না।

শিষ্য। আচ্ছা, আকাশাদির যেরপ উৎপত্তি ও প্রলয় হয়, জীবেরও কি সেইরপ হয়?

গুৰু। না, তাহা হয় না।

मिशा। তবে আমরা বলি কেন যে অমৃক জরিল, অমৃক মরিল?

^{গুরু।} চরাচর-ব্যপাশ্রয়ঃ তু স্থাৎ তদ্ব্যপদেশঃ ভাক্তঃ, তদ্ভাব-ভাবিত্বাৎ।। ১৬।।

ওরপ ব্যবহার—অমৃক জয়িল, অমৃক মরিল ইত্যাদি লৌকিক উজি—[তদ্বাপদেশ:] গৌণ [ভাজ:]—অর্থাং জীব বান্তবিকই জামিল বা বান্তবিকই মরিল এরপ নয়; তবে স্থাবর [য়াহা চলিতে পারে না] ও জলম [য়াহা চলিতে পারে] পার্লীক্রতকে লক্ষ্য করিয়াই [চরাচয়-বাপাশ্রম:] বস্ততঃ ওরপ জয়মৃত্যুর উল্লেখ সল্ভ হয় [স্যাং]। জীবের সহজে যে সাধারণতঃ ওরপ উজি করা হয়, ভাছা কেবল গৌণ ভাবেই, মুখাভাবে নয়; য়েহেতু, শরীর হইলেই 'য়রিল', এরপ উজি করা হয়

[**২-৩-**১৭

[ভদ্কাবভাবিত্বাৎ]। স্থভরাং জীবের সমন্ধে জনমরণব্যবহার গোণ, শরীর সম্বন্ধে মুখ্য।

শিষ্য। তবে কি আপনি বলিতে চান যে, জীব জ্বন্মে না ? কিন্তু জীব যদি জন্মরহিত—অতএব নিত্য—হয়, তবে এক ব্রন্দের छात अनान मभरखत छान २३ कि श्रकारत? स्रीय उक्त २३ छ छेरभन्न भनार्थ इटेलिटे बक्तित छात्न कीरवत छान इटेरिंग भारत। আর অবিকৃত পূর্ণ ত্রদ্ধ স্বয়ংই জীব, ইহাও বলা যায় না। কারণ, उक्त इहेलन निश्नाप, निर्श्वण, निक्किय, जात कीव छाहात मण्युर्ग বিপরীত। আবার, আকাশের উৎপত্তি প্রতিপাদন প্রসঙ্গে আপনি বলিয়াছেন যে, বিভক্ত বস্তু মাত্রই উৎপন্ন হয়। জীবও প্রতি শরীরে বিভক্ত—এক এক শরীরে এক এক জীব; স্বতরাং জীবকেও জনাবান বলিতে হয়। শ্রুতিতেও অগ্নিফুলিঙ্গের দৃষ্টান্তে সমস্ত পদাথেরই ব্রদ্ধ হইতে উৎপত্তি ও তাঁহাতেই প্রলম দেখান হইয়াছে। স্বতরাং জীবও আকাশাদির মত জন্মবান বলিয়াই মনে হয়।

গুরু। নাবংস,

ন আত্মা, অশ্রুতেঃ নিত্যত্বাৎচ তাভ্যঃ॥ ২৭ ॥

জীবাদ্মা উৎপন্ন হয় না [আত্মান]; কারণ শ্রুতিতে উৎপত্তি প্রকরণে আত্মার জন্মের কথা বলা হয় নাই [অশ্রুতে:]। আর, জীবাত্মার উৎপত্তি হওয়া সম্ভবই নয়, কারণ অজ, অমর ইত্যাদি শ্রুতির উক্তি হইতে আত্মা যে নিত্য, ইহাই অবগত হওয়া যায় িভাভ্য: নিত্যবাং ী। শ্রুতি বলেন, "আ্আাজ্রে না, মরে না" [ব: ২. ১৮]; "জীব মরে না" [ছা: ৬. ১১. ৩]; "তিনিই এই। हेनि महान, खन्नत्रहिष्ठ, आणा, अखत, अमत, अख्य, अन्त" (तृः

8. 8. ২৫]; "এই আত্মা অজ, নিত্য, শাখত ও পুরাতন" [ক: ২.১৮]; "জীবাত্মারূপে প্রবিষ্ট হইয়া নামরূপ ব্যক্ত করিব" [ছা: ৬. ৩. ২]; "হে খেতকেতাে! তিনিই তুমি" [ছা: ৬. ৮. ৭.); "আমি ব্রদ্ধা" [রু: ১. ৪. ১০]; "এই জীবাত্মাই ব্রদ্ধা, সর্ব্বসাক্ষী" [রু: ২. ৫. ১৯] —ইত্যাদি। এইরূপ শত শত শ্রুতিবাক্য হইতে স্পাইই ব্ঝা যায় যে, জীব ও পর্মাত্মা এক। স্কুতরাং জীবের বস্তুতঃ জন্মরূণ কিছুই নাই।

ভারপর, জীব যে বান্তবিকই প্রতি শরীরে ভিন্ন ভিন্ন, ভাহা নয়। শ্রুতি বলেন, "একই দেব সর্বভূতে গৃঢ়, সর্ব্ব্যাপী, সর্বভূতের অস্তরাত্মা" [খে: ৬. ১১]। এই প্রকার বহুশুতি ইইতে জানা যায় যে, একই পরমাত্মা বৃদ্ধি প্রভৃতি উপাধি যোগে বিভিন্ন বলিয়া প্রতিভাত হন মাত্র, বস্তুত: তিনি একই। কোন কোন শ্রুতিতে যে জীবের উৎপত্তি-প্রলয়ের উল্লেখ দেখা যায়, ভাহাও শরীরাদি উপাধিকে লক্ষ্য করিয়াই। কাহারও পাছে ভ্রম হয়, এইজন্ম শ্রুতি স্পষ্ট করিয়াই বলিলেন, (ঝিষ বলিতেছেন) "আমি ভ্রান্ত কথা বলি নাই, আত্মা অবিনাশী, আত্মার উচ্ছেদ বা পরিণাম নাই। তবে বিষয়ের সম্পর্কেই তিনি বিষয়ী হন" [বু: ৪. ৫. ১৪]—বস্তুত: তিনি বিষয়ী নন। স্কুতরাং আত্মার উৎপত্তি হয় না—ইহাই শ্রুতি ও মুক্তিনিদ্ধ। [ব্র: হু: ২. ৩. ৭ দ্রুইবা]।

শিষ্য। বৈশেষিকেরা বলেন, 'আত্মার চৈতক্ত নিত্য নয়, উহা আগস্কক। যেমন ঘটের সহিত অগ্নির সংযোগ হইলে ঘটে একটা লালবর্গ আগত হয়, সেইরূপ আত্মার সহিত মনের সংযোগ হইলে আত্মায় চৈতক্ত উভূত হয়। আত্মা যদি নিত্য-চৈতক্তস্বরূপ হইতেন, তবে স্বস্থি, মূর্চ্ছা প্রভৃতি অবস্থায় চৈতক্তের অভাব হইত না। অথচ সৃষ্থি ও মূ্চ্ছা ভঞ্জের পর সকলেই অনুভব করে যে, ঐ ঐ অবস্থায় হৈতক্ত ছিল না। হুতরাং আত্মা থেছেতু কথন চেতন, কথনও অচেডন, দেইছেতু ভাহার চৈডক্ত নিশ্চয়ই নিড্য নয়, আগভাক। এই বৈশেষিক মত কভদুর যুক্তিসহ স্থানিতে বাসনা।

প্রক। না বংস, আত্মার চৈতন্ত আগন্ধক নয়; আত্মা

জঃ. অতঃ এব 🛭 ১৮ 🕫

নিভাচৈত্রকপী [জ:], পূর্বোক্ত কারণেই [অভ: এব]—অর্থাৎ যেহেতৃ আত্মার উংপত্তিপ্রদয় নাই, দেইছেতৃ তিনি নিতা-চৈতশ্ব-স্বরূপ। অবিকৃত পূৰ্ণ ব্ৰহ্মই দেহাদি উপাধি সম্পৰ্কে জীব নামে কথিত হন; স্তরাং তাঁহার হৈত্র তাঁহার চিরম্বন স্বভাব বা স্কর্প, উহা ক্থনও আগন্তক হইতে পারে না। স্বধৃপ্তি প্রভৃতি অবস্থায়ও চৈতন্তের একেবারে অভাব হয় না। খতি বলেন, "স্থপ্তিকালে আত্মা দেখেন ना, এমন নয়, বজভ: দেখেন, অধচ যেন দেখেন না। ভাইবাই দেখেন না। ঘিনি দৃষ্টির ভটা অথাৎ জানের জ্ঞাতা (সাকী) তাঁহার লোপ হয় না। দেই স্থৃপ্তি অবস্থায় একমাত্র তিনিই থাকেন, বিভীয় किছ थाक ना ; अन अवसाय এই मकन एडेवा छात्रा हहेए পुषक जाद পাকে বলিয়াই তিনি তথন দেখেন" (বু: ৪. ৩. ২৩) ইত্যাদি। এই শুভি হটতে বুঝা যায় যে, গভীর নিস্তার অবস্থায়ও আত্মা বান্তবিক অচেতন হন না, ভবে দুইবা না থাকায় মচেতনের অভ इन । (वयन प्रहेवा किছू ना शांकिल प्रहोत चित्रवांकि इव ना, किन्न ভটার বভাব (অর্থাৎ দর্শনশক্তি) বিল্পু হয় না, সেইরপ সুষ্প্রি প্রভৃতি অবস্থায়ও আত্মার বরুপচৈতন্তের অভাব হয় না। আর. হুৰ্প্তি বা মুৰ্জ্ঞাদি অবস্থায় চৈতন্ত ছিল না, হুৰ্প্তি বা মুৰ্জ্ঞা ডৱে লোকের যে এইরূপ প্রতীতি হয়, তাহা কিছ প্রত্যক্ষ জ্ঞান নয়, লোকে

একপ অসমান করে মাতা। কিছু মুর্জাদি অবস্থায় যদি চৈতন্তের धाक्वाद अकावहे इहेछ. एटव देहएन टा किन ना. हेहाहे वा বোবে কে ' বে ব্যক্তি 'এখন' বলিতেছে যে, 'তখন কিছুই কানি নাই,' সে নিশ্ব্যই 'তথনও' বর্ত্তমান ছিল, না হইলে 'ডখনকার' কিছুই তাহার শ্বরণ হইতে পারে না। স্থতরাং চৈতনাের একেবারে লোপ কোন কালেই হয় না।

निधा। ज्याका, क्रीव यपि उन्हरे श्र. उत्व तम्छ निक्त **मर्क**वाभी इटेरव। किछ

উৎক্রান্তি-গতি-আগতীনাম্॥ ১৯॥

अভিতে জীবের 'উৎক্রান্তি' (দেহ ছাড়িয়া বাহির হ÷য়), গভি (লোকান্তরে গমন) এবং তথা ২ইতে আগতি (প্রত্যাবর্তন)—এই তিন কাথ্যের উল্লেখ থাকায় [উৎক্রান্তিগত্যাগতীনাম] জীব সর্বব্যাপী नय-हेराहे तुका याय। (पर ছाড़िया वाहित एउया, श्वानास्टर नमन ও তথা হইতে প্ৰত্যাগমন—এই সব কাষ্য সৰ্বতে ব্যাপিয়া বে অবস্থান করে, তাহার হইতে পারে না, সেরপ কল্পনাও অসম্ভব। যে কোন একটা নিৰ্দিষ্ট সীমাবদ্ধ স্থানে অবস্থান করে, সেই পরিচ্ছিল বাজির পক্ষেই উৎক্রান্তি প্রভৃতি সম্ভব। হুতরাং ভীব नर्सवाभी नह। जात कोव ८६ (भइ-পরিমাণ নহ, ইহাত পুরেই বলিয়াছেন। তবে কি জীব অণু-পরিমাণ ?

🖣 দরীর জাগ করা অর্থে উৎক্রান্তি শক্ষ গ্রহণ করিলে ভাগিকর্তা (জীধাত্মা) একত্মান হইতে অভান্থানে না চলিয়াও ঐ কার্যা করিতে পারেন বটে: কিন্তু গভি (পরলোকে গমন) ও আপভি (ইহলোকে

ভাগমন), এই ছুইটি ক্রিয়া কর্ত্ত। স্বয়ং না চলিরা সম্পন্ন করিতে পারেন: না: থেছেতু.

স্বাত্মনা চ উত্তরয়োঃ ॥ ২০ ॥

পরবর্তী চুইটা ক্রিয়ার, অর্থাৎ গতি ও আগতির (গমন ও আগমন) ভিত্তরয়োঃ] সম্বন্ধ কর্তার সহিত অর্থাৎ স্বয়ং জীবাত্মার সহিত [স্বাত্মনা]। স্ততরাং বলিতে হয়, জীবাত্মা স্বয়ংই গ্রমনাগ্রমন করেন। কিন্ত গমনাগমন সর্বব্যাপকের পক্ষে অসম্ভব, কল্পনারও অব্যোগ্য। স্থতরাং জীবাত্ম। অণু-পরিমাণ (অতি কৃত্র)।

গুরু। কিছু শ্রুতি ত আত্মার অণু-পরিমাণের কথা বলেন নাই, ৰবং তদ্বিপরীত অর্থাৎ মহৎ পরিমাণের কথাই বলিয়াছেন। যেমন "দেই এই ৰাখা মহান, অৰ (ৰুন্নরহিত), যিনি ইন্দ্রিয়াদিতে বিজ্ঞানময়" (বু: ৪. ৪. ২২); "তিনি আকাশের মত সর্ব্দ্রব্যাসী: নিতা. সত্যম্বরূপ, জ্ঞানম্বরূপ, অনস্ত ব্রহ্ম' (তৈ: ২. ১. ১)। স্তরং আত্মা

ন অণুঃ, অতৎ-শ্রুতে: ইতি চেৎ ?— **অহু** পরিমাণ নয় [নাণুঃ]; যে হেতু, শ্রুতিতে সেরূপ উক্তি নাই [অডচ্ছু ডে:]-এরপ যদি বলি [ইভি চেৎ] ?

^{শিষ্য।} ন, ইতরাধিকারাৎ ॥ ২১ ॥

না, 'দেরপ বলিতে পারেন না [ন], কারণ ঐ ঐতির বিষয় ৰীৰাম্মা নয়, অন্ত, কে-না পরমাম্মাই উক্ত শ্রুতির প্রতিপাদ্য বন্ধ [इंख्ताधिकातार]। ये अधिष्ठ वीशांक महान् वना इहेबांह, छिनि बीव नन, उमा।

ভক্ত। কিছ "যিনি ইতিয়োদির সম্পর্কে বিজ্ঞানময়"—এই কথায় ভ জীবকেই বুঝায়।

শিষ্য। না, উহার তাৎপর্য এই যে, মৃক্ত জীব মনে করেন ঝে তিনি মহান্। যেমন, বামদেব ঋষি পারমার্থিক দৃষ্টিতে বলিয়াছিলেন, "আমিই মহু, আমিই সূর্য্য" ইত্যাদি। ফলতঃ

স্বশব্দ-উন্মানাভ্যাং চ॥ ২২॥

দাক্ষাৎ শ্রুতি বাক্য [স্বশক্ষ] ও 'উন্নান' হইতেও জানা যায় হে, জীবাত্মা অনু। শ্রুতি বলেন, ''যাহাতে প্রাণবায় পাঁচ প্রকারে (প্রাণ, অপাণ, সমান, উদান, ব্যান) অবস্থিত আছে, সেই এই ত্রাক্ত্ম ক্রাত্মা চিত্তের দারা জ্ঞাতব্য" (মু: ৩. ১. ৯)। এম্বলে শ্রুতাবেই জীবের অনু পরিমাণ নির্দেশ করিলেন। আবার শ্রুতি বলেন, "একগাছি কেশের অগ্রভাগকে শতভাগ করিয়া তাহার শতভাগের একভাগ যতটুকু, জীবও ততটুকু" (খে: ৫. ৮)। এম্বলে শতভাগ ইতৈও শতভম ভাগের উদ্ধার করিয়া যে মান (অর্থাৎ পরিমাণ, মাপ) পাওয়া যাইতেছে, তাহাই 'উন্নান'। এই উন্নান বলেও জীবের অনুত্ব সিদ্ধ হয়।

গুরু। আচ্ছা, তোমার মতে ত জীব অণু। তাহা হইলে সে অবশ্য শরীরের কোন এক কোণে পড়িয়া আছে। মনে কর, তুমি শীতের দিনে আকঠ জলমগ্ন হইলে। তুমি যদি অণুই হও, তবে ভোমার সর্কশরীরে শৈতা অহভব হয় কিরপে ?

🏄 শিষ্য। কেন,

. 'X "

অবিরোধঃ চন্দনবৎ ॥ ২৩।। বেরুপ এক ফোটা চন্দন শরীরের একস্থানে স্থাপিত হইলেও সর্কাশরীরে একটা আমন জন্মে, সেইরূপ আত্মা শরীরের একস্থানে থাকিলেও সমস্ত শরীর ব্যাপিয়া উপলব্ধি হইতে পারে। স্থতরাং আত্ম কোন বিরোধ থাকে না।

গুৰু। কিন্তু তোমার চন্দ্রকের দৃষ্টান্ত ত ঠিক হইল না। অবস্থিতি-বৈশেষ্যাৎ ইতি চেৎ ?—

(कम मा, इन्समिविन् अक्टी विस्थि निषिष्ठे श्वारम खब्लाम करत, ইহা প্রত্যেক করা যায়, এবং সেই কুলুস্থানে থাকিয়াও সমন্ত দেহে একটা স্থপের স্থার করে, ইহাও প্রত্যক্ষ। কিন্তু আত্মার সম্থ দেহ ব্যাপিয়া একটা অমুভৃতি হয়, ইহা প্রভাক্ষ হইলেও আত্মা যে একটা নিভিত্ত স্থানে অবস্থান করে, ইহা কিরূপে জানা যায় পু প্রভাক্ষ ত হয় না। অনুমান করিতে হইলেও বলিতে হইবে যে, যেমন मकानदीत यथ मकात कदियां ध कर्वान ठनन वक निर्मिष्ठ कुछ মানেই থাকে, দেইরূপ আত্মাও স্বাদ্ধীরে স্থপ চাথ অফুড্র করে বলিয়া সেও এক নিষ্ঠি কুদ্র স্থানেই অবস্থান করে। কিন্তু এরূপ অভ্নান ঠিক নথ। কারণ, আমি এরপ বলিতে পারি যে, আত্মার যে সকাশরীর ব্যাপিয়া অফুড়ভি হয়, ভাহা (১) বক ইদ্রিয়ের আয় আত্ম দ্রবণধীরে ব্যাপ্ত আছে বলিয়া, অথবা (২) আত্মা আকাশের ষ্টায় সর্কব্যাপী বলিয়া, কিখা (৩) [তুমি ধ্যেন বলিলে] আছো চন্দনবিন্দুর দ্রায় শরীরের একস্থানে অবস্থান করে বলিয়া। এই তিন কারণেই আত্মার দর্কশরীরে অফুভৃতি হইতে পারে। কোন কারণে হয়, তাহা নিণীত না থাকায় চলনের দৃষ্টান্ত একান্ত ভাবে ध्रश्य कता राष्ट्र मा।

শিষা। ন, অভ্যাপগমাৎ, হৃদি হি।। ২৪।। নং, চলনের দৃষ্টান্ত গ্রহণ করিতে কোন বাধা নাই [ন]; কারণ,

শ্রুতিই আত্মার শরীরের এক স্থানে অবস্থানের কথা স্বীকার করিয়াছেন [অভ্যপগমাৎ]। স্থতরাং উক্ত তিন কারণের সম্ভাবনা থাকিলেও শ্রুতি প্রমাণ বলে চন্দনের দুষ্টাস্তই গ্রহণ করিতে इरेटा। जात, त्मरे निर्मिष्टे ज्ञान इरेट्डिइ इन्ट्य [इनि]; বেহেতু, শ্রুতি বলেন, "হানয়েই এই আত্মা" (ছা: ৮.৩.৩)-ইভ্যাদি।

আত্মা অণু ও একস্থানে অবস্থান করিলেও তাহার সমন্ত শরীর ব্যাপিয়া অমুভৃতি কিরুপে হয়, তাহার অন্তরূপ ব্যাথ্যাও দেওয়া ষাইতে পারে:--

গুণাৎ বা আলোকবৎ ॥ ২৫ ॥

্একটী ক্ষুত্র প্রদীপ গৃহের এক কোণে অবস্থান করিয়া গৃহস্থিত সমন্ত বস্তু আলোক্ত করে। প্রদীপের প্রকাশগুণের প্রভাবেই ওরপ হয়। আত্মারও চৈতন্তরপ 'গুণ' আছে; সেই গুণপ্রভাবে [গুণাৎ] প্রদীপের ক্রায় [আলোকবৎ] সর্বাশরীরে আত্মার অহভতি হইতে পারে।

ু গুরু। কিন্তু গুণ কি গুণীকে পরিত্যাগ করিয়া অন্যত্র থাকিতে পারে? বস্ত্রের শুক্ল-গুণ কি বস্ত্রত্যাগ করিয়া অন্ত কোথাও থাকে? দীপের প্রভা কিন্তু 'গুণ' নয়; ঘনীভূত তেজই দীপ, আরু তরল তেজই প্রভা। স্বরাং প্রভাও 'দ্রব্য', 'গুণ' নয়।

শিষ্য। কিন্তু গুণ যে গুণীকে ছাড়িয়া থাকিতেই পারে না, এমন ত নয়। ইহার

ব্যতিরেকঃ গন্ধবৎ ॥২৬॥ ব্যতিক্রমও [ব্যতিরেক:] ত দেখা যায়; যেমন ফুলের গন্ধ [গন্ধবৎ] কুল ছাড়িয়া দ্বেও প্রদারিত হয়। স্থ্ডরাং গুণ যে আপন আশ্রয় ত্যাগ করিয়া অন্তর থাকিতেই পারে না, এমন নয়।

গুৰু। কিন্তু আমি যদি বলি যে, গদ্ধপরমাণু আপন আশ্রয় হইতে বিশ্বক হইয়া দূরে যায় ?

শিষ্য। যদি গদ্ধযুক্ত পরমাণু মৃলন্দ্রর হইতে বিচ্ছির হইয়া দ্রে ব্যাপ্ত হয়, এ কথা বলেন, তবে অবশ্রই মৃল দ্রব্যের ক্রমশঃ ক্ষয় হয়, এ কথাও বলিতে হইবে। কিন্তু বান্তবিক দেখা যায়, মৃলদ্রব্যের আয়তন ও ওজন পূর্বের মতই থাকে, কিছুমাত্র হ্রাস হয় না।

গুরু। যদি বলি, বান্তবিক হ্রাস হয়, তবে অত্যস্ত স্ক্র বলিয়া লক্ষ্য হয় না ?

শিষ্য। না, তাহা বলাও ঠিক নয়। কারণ, তাহা হইলে বলিতে হয় যে, গদ্ধ্ক স্ক্ষ পরমাণু নাসিকাতে সংলগ্ন হইয়া অফুভূত হয়। কিন্তু পরমাণু কোন ইন্দ্রিয়ের ধারা উপলব্ধি করা যায় না। আবার, কেহই এরপ মনে করে না যে, আমি গদ্ধের আশ্রয়-দ্রব্য আদ্রাণ করিতেছি; বরং এইরপই সকলে অফুভব করে যে, গদ্ধই আদ্রাণ করিতেছি। হতরাং, আ্যা অণু এবং হৃদয়ে অবস্থান করিয়া চৈতন্তগুণের সাহায্যে স্ক্রশরীরে অফুভূতি করে, এরপ বলায় কোন দোষ হয় না।

তথা চ দর্শয়তি ॥২৭॥

শ্রুতিও এইরপই [তথা] প্রদর্শন করিয়াছেন। আত্মা হৃদয়ে অবস্থান করেন, তাঁহার পরিমাণ অণু—এই সব বলিয়া শ্রুতি বলিতেছেন, "লোম পর্যান্ত, নথের অগ্রভাগ পর্যান্ত" (ছা: ৮.৮.১) ইত্যাদি। ইহা দারা চৈতক্রবলেই আত্মার সর্বশরীরব্যাপী অফ্ভৃতি দেখান হইয়াছে। আবার, "প্রজ্ঞার (চৈততের) ছ্রান্তা শরীরে সমার্চ হইয়া"—
(কৌ: ৩.৬) ইত্যাদি শ্রুতিতে দেখান হইয়াছে যে, আত্মা কর্তা, চৈতত্ত
তাহার সাধন [অহতের করিবার উপকরণবিশেষ, instrument]।
শ্রুতির এই

পৃথক্ উপদেশাৎ ॥২৮॥

পৃথক্ উপদেশ হইতেও ব্ঝা যায় যে, আত্মা চৈতন্ত গুণের দারাই দর্বশরীরে ব্যাপ্ত হন। স্বতরাং আত্মা অণু—এইরূপই ত মনে হয়।

গুরু। না, বংস! আত্মা অণুপরিমাণ হইতে পারে না। দেখ, जীবাত্মা যে উৎপন্ন হন না, এবং স্বয়ং পরমত্রক্ষই যে জীব, তাহা পূর্বেই প্রাদশন করিয়াছি। জীব যদি পরত্রক্ষই হয়, তবে ত্রক্ষের যতটা পরিমাণ জীবেরও অবশ্য ততটাই হইবে। পরত্রক্ষ বিভূ [সর্বব্যাপী]; অতএব জীবও বিভূ, সর্বব্যাপী। জীবকে বিভূ না বলিলে "এই আত্মা সাহান্য, জন্মবহিত" ইত্যাদি শ্রুতিবাক্য অসত্য হইয়া পড়ে।

জীব যদি অণুই হয়, তবে সর্বশরীরব্যাপী অমুভব হইতে পারে না। ত্বক [চর্ম] সংযোগে ওরপ অমুভব হয় বলিলে পদে কণ্টকবিদ্ধ হইলে সর্বশরীরেই বেদনার অম্ভব হওয়া উচিত, কারণ, ত্বক্ সর্বশরীর ব্যাপীয়াই আছে।

যাহা অণু, তাহা গুণের দারাও ব্যাপ্ত হইতে পারে না। গুণ গুণীকে ছাড়িয়া থাকিতেই পারে না। আশ্রয় ব্যতীত গুণের অভিত্বই সম্ভব হয় না। প্রদীপের প্রভাও বস্ততঃ একটা গুণ নয়, উহাও এক প্রকারের দ্রব্য। ফুলের গন্ধও অতিস্ক্ষ পুস্পরেণু আশ্রয় করিয়াই দানাস্তরে প্রস্ত হয়।

হৈ তন্ত সর্বশরীরে ব্যাপ্ত হয় বলিলে জীবের ব্যাপিত্ই স্বীকৃত হয়।

ভাবের বরপই ইইগ হৈতন্ত। হৈতন্ত বাদ দিলে জীবের অভিযেরই লোপ হয়। অগ্নির বরপ উঞ্চা ও প্রকাশ বাদ দিলে অগ্নি বলিয়া কিছু থাকে না। স্করাং হৈতন্ত ব্যাপী বলিয়া জীবও নিশ্ম ব্যাপী। তবে অভিতে যে ভানে খানে জীবকে অণু বলিয়া নির্দেশ করা ইইয়াছে, তাহার উদ্দেশ অন্তরপ। ইচ্ছা, বেষ, স্বথ, ত্বাথ ইত্যাদি বৃদ্ধির [অথ্যকরণের] গুণ বাধ্ম। এই সকল গুণ আত্মাতে অধ্যন্ত ইলে তাথাকে সংসারী জীব বলাহ্য। জীবের সংসারের কারণই হইল এই সমন্ত বৃদ্ধির গুণ। ফলে ব্যবহার দশায় বৃদ্ধি আর জীব এক বলিয়াই প্রতীয়মান হয়।

তং-গুণদারত্বাৎ তদ্ব্যপদেশঃ,

সেই বৃদ্ধির ওবের প্রাধান্তহেতু [তদ্ওণসার্থাৎ] বৃদ্ধিওণ অহসারেই ক্রতিতে জীবেরও অণ্থের নির্দেশ [তদ্বাপদেশ:] করা ইইয়াছে। বৃদ্ধির সহিত মিলিত না হইলে জীবের আর জীব্ধ থাকে না, সে কেবল প্রমাথাই হয়। স্তরাং জীবাদ্মা প্রমার্থতঃ বিভৃই বটে, তবে বাবহারিক দশায় অধাহ বৃদ্ধির সাহচয়ে তাহাকে অবৃও বলা যাইতে পারে। উৎজান্তি, গতি, আগতি ইত্যাদি সমন্তই বৃদ্ধির। বস্ততঃ আগ্রার কোন ক্রিয়া নাই। দেখ, ক্রতি জীবকে শত শত ভাগে বিভক্ত কেশাগ্রের সহিত সমান পরিমাণবিশিষ্ট বিদ্যা সঞ্চে তাংগে বিভক্ত কেশাগ্রের সহিত সমান পরিমাণবিশিষ্ট বিদ্যা সঞ্চে সংক্রেই আবার বলিলেন, "সেই জীব অনন্ত, অসীম।" এরপ বলিবার তাংপর্যাই এই যে, জীবাদ্মার অনুপরিমাণ পার্মার্থিক নয়, অনুষ্ঠাই পারমার্থিক, অনুষ্ঠাণভাবে বলা যায় মাত্র। জীবের ব্রন্ধ-স্করণতা গ্রেপালন করাই সমৃদায় ক্রতির অভিপ্রার। স্তরাং জীবকে মৃধ্যভাবে অনুপরিমাণ কিছুতেই বলা যায় না। আদ্মা হল্যে থাকেন, এরপ উক্রিও বৃহ্যেক লক্ষ্য করিয়াই করা হইয়াছে।

660

প্রাজ্ঞ পরমাত্মা যেমন বিভূ হইলেও তাঁহাকে "অণু হইতে অণু", "ধান্ত অপেকা, যব অপেকা কৃত্র" (ছা: ৩.১৪.৬) ইত্যাদিরপে নির্দেশ করা ইইয়াছে, জীবের অণুত্বও দেইরপ তাহার হুজেয়িত্ব দেখাইবার জয়ই।

শিষ্য। আচ্ছা, বৃদ্ধির যোগেই যদি আত্মার সংসারিত হয়, তবে ঐ বৃদ্ধির সংযোগ অপগত হইলে তথন আত্মার আর কোন অবলঘন না থাকায় আত্মার অন্তিত্বই লোপ হইবে, কিখা তাহার সংসারিত্বের অবসান হইবে। [বৃদ্ধির সংযোগ একদিন না একদিন বিনষ্ট হইবেই, কারণ সংযোগ হইলে বিয়োগ অবগুভাবী]।

শ্বন যাবৎ-আত্মভাবিত্বাৎ চন দোষঃ তদদর্শনাৎ।।৩০।।
না, ওরপ কোন দোষ হয় না [ন দোষঃ]। বুদ্ধির
নাথোগ বিষ্কু হইলে আত্মার অন্তিবের লোপ কেন হইবে? বরং
তথন্ই আত্মার সন্তিকারের স্বর্ধপ প্রকাশ পাইবে এবং তাহার
পারবার্শিক অন্তিব সিদ্ধ হইবে। বৃদ্ধিরপ উপাধিই ত আত্মাকে
আনাত্মারণে প্রতিভাত করে; তথনই বরং আত্মার যথার্থ অন্তিব
আভিত্ত, থাকে। আর বৃদ্ধিরপ উপাধির বিয়োগে যে আত্মার
নাংনারিত্বের অবসান হয়, তাহা টিক। কিন্তু তাহাতেও কোন দোষ
হর না; কারণ, অজ্ঞানের অবসান না হওয়া পর্যন্ত এই বৃদ্ধি সংযোগের
আব্দান অসম্ভব; ফলে এই বৃদ্ধিসংযোগ মতকাল সংসারিত্ব থাকে,
ভাতকালই অক্ষা থাকে [যাবদাত্মভাবিত্বাৎ]। আত্মা যতকাল
বৃদ্ধির সহিত সংযুক্ত থাকে, ততকালই তাহার জীবত ও সংসারিত।
আর আত্মা যে বৃদ্ধির সহিত সংযুক্ত হইলেই সংসারী হন, তাহা
ফাতিই দেখাইয়াছেন [তদ্পনিছে]। শ্রুতি বলেন, "এই যে পুরুষ,

যিনি প্রাণে বিজ্ঞানময়, হদয়ে অন্তর্জ্যোতি, তিনি বৃদ্ধির সহিত এক হইয়া ইহলোকে ও পরলোকে গমনাগমন করেন; ইনি ত্যান ধ্যান করেন, ত্যান ক্রীড়া করেন" (বৃঃ ৪.৩.৭)। এন্থলে বিজ্ঞানময় (অর্থাৎ বৃদ্ধির সহিত এক ভাবাপর) আত্মাই গমনাগমন করেন বলা হইল; এই সব ক্রিয়াও তিনি বাস্তবিক করেন না, তবে 'যেন' করেন, এইরূপ মনে হয় মাত্র —এই অভিপ্রায়েই শ্রুতি বলিলেন, ত্যান ধ্যান করেন, ত্যান ক্রীড়া করেন ইত্যাদি। তারপর মনে রাখিও, এই যে বৃদ্ধির সহিত আত্মার সম্পর্ক, ইহাও যথার্থ নয়, কেবল অজ্ঞানকৃত। সেই অজ্ঞানের যতদিন নাশ না হয়, ততদিন বৃদ্ধি সম্বন্ধেরও অবসান হয় না।

শিষ্য। কিন্তু স্বপ্নহীন গভীর নিদ্রার সময় (স্কৃথিতে) এবং প্রেলয় কালে অবশ্য আত্মার সহিত বুদ্ধির সম্ম থাকে না, কারণ, শ্রুতিই বলেন যে, জীব তথন ব্রদ্ধভাবাপন্ন হয়। তাহা হইলে যতকাল সংসারিত, ততকাল বুদ্ধি-সম্ম্যুক্ত সিদ্ধান্ত ত থাকে না।

গুৰু। না, সৃষ্থিতে ও প্ৰলয়ে যে বৃদ্ধিসম্বন্ধ থাকে না, এরপ বলা যায় না। অবভা তথন ঐ সম্বন্ধ প্রকট হয় না—এই মাত্র। নিজাভক্ষে ও প্রলয়ের অবসানে যথন সৃষ্টি হয়, তথন

পুংস্তাদিবৎ তস্থ সতঃ অভিব্যক্তিযোগাৎ ॥৩১॥

শুক্র প্রভৃতির ন্যায় [পুংখাদিবং] সেই বিদ্যমান [তস্য সতঃ]
বৃদ্ধি-সম্বন্ধেরই অভিব্যক্তি হয় বলিয়া [অভিব্যক্তিযোগাং] বৃদ্ধিসম্বন্ধ যতকাল সংসারিত্ব, ততকালই থাকে। স্ববৃদ্ধিতেই যদি বৃদ্ধি-সম্বন্ধ চিরতরে বিচ্ছিত্র হইয়া যাইত, তবে ত জীব সেই মৃহুর্তেই মৃক্ত হইত। বাল্যাবস্থায় পুংচিহু শুক্র, শাক্ষ (দাঁড়ী) ইত্যাদি বাহিরে প্রকট না থাকিলেও অবশ্য বীজরণে থাকে। না হইলে নপুংসকের ঐ সব কোন কালেই হয় না কেন ? যৌবনে ঐ সব পুরুষত্ব অভিব্যক্ত হয়। বৃদ্ধির সম্বন্ধও সেইরূপ স্ব্যুপ্তি ও প্রলয় কালে শক্তিরূপে বর্ত্তমানই থাকে, জাগ্রতে ও স্প্তিতে অভিব্যক্ত হইয়া ক্রিয়াশীল হয়। নিদ্রাভক্তে একেবারে একটা নৃতন জীবন কাহারও আরম্ভ হয় না; স্প্তিও পূর্ব্ব পূর্ব্ব স্প্তির অন্তর্গই হয়। (বাং স্থং ৩.২.৯ দ্রন্তব্য)।

অন্তঃকরে [বা বৃদ্ধি] হইল আত্মার উপাধি। এই অস্তঃকরণে যথন 'এটা, কি ওটা' এইরপ সংশয় জন্মে, তথন তাহাকে বলা হয় সনা; যথন 'এইটাই'—এরপ নিশ্চয় হয়, তথন তাহাকে বলা হয় বুদ্ধি; যথন 'আমি আমি'—এইরপ ভাব [বৃত্তি] জন্মে, তথন তাহার নাম হয় পর্ত্তি বা অহ্তক্ষার; আর শ্বরণ হইলে তাহাকে বলা হয় ভিত্তে। এই অস্তঃকরণের সম্বন্ধবশেই আত্মার যত কিছু ব্যবহারিক জ্ঞান হয়। এই অস্তঃকরণ স্বীকার না করিলে

নিত্য-উপলব্ধি-অনুপলব্ধি-প্রসঙ্গঃ---

দর্শকালেই, হয় উপলন্ধি, না হয় অমুপলন্ধি—এই দুইটীর একটি মাত্র হইতে পারে। আত্মা, ইন্দ্রিয় ও বিষয় সর্প্রদাই আছে। স্থতরাং বিষয়ের উপলন্ধি সভতই হওয়া উচিত। আর ইহাদের থাকা সত্ত্বেও যদি উপলন্ধি না হয়, তবে কোন কালেই হওয়া উচিত নয়। অথচ দেখিতেছি, আত্মা, ইন্দ্রিয়, ও বিষয় থাকা সত্ত্বেও কখনও উপলন্ধি হয়, কখনও হয় না। কাজেই মন বা অন্তঃকরণ নামক আর একটী পদার্থের অন্তিত্ব অবশ্রুই শীকার করিতে হইবে। সেই মনের ক্রিয়াতেই উপলন্ধি বা অমুপলন্ধি।

শিষ্য। এই অন্তঃকরণ না মানিয়া যদি বলা হয় যে, আত্মা ও

ইন্দ্রিয় থাকিংলই বিষয়ামূভ্ব হইতে পারে; তবে যে সময়ে অফুভব হয় না, তাংার কারণ—আত্মা কিংগ ইন্দ্রিয়ের অফুভব করিবার শক্তি সময়ে তিরোহিত হয়।

ণ্ডক। আহ্চা.

অন্যতর-নিয়ম: বা অন্যথা।।৩২।।

অন্তঃকরণ না মানিলে [অন্তথা] ভোমাকে বলিতে হইবে বে, আত্ম ও ইন্দ্রিয়—এই ছুইটার একটির শক্তি রুদ্ধ হয় [অন্তত্তর-নিয়মঃ]। কিন্তু আত্মার শক্তিতম্ভ ত হইতে পারে না। অফুডব করিবার শক্তি মানে অফুভব করিবার ইচ্চা। তাহা আত্মার ধর্ম হইতে পারে না। কারণ, আয়া খয়ং সর্বকালে নির্ব্বিকার, সে সর্বদা একইরুপে অবস্থান করে। আমি অফুভব করিব, বা করিব না, এরপ প্রাবৃত্ত হিচ্চা আত্মার কথনও হয়, কথনও হয় না—এরূপ বলিলে <mark>আত্মা বিকৃত</mark> भनार्थ इहेगा भएकत । हेक्टियत मिक्किए**छ ७ व्यम्हर्व । भूक्त्रपूर्व याहात** শক্তি क्ष हिन, धर्मपूर्व महमा खादार भक्ति कियामीन दहेन, हेदार ব্দবস্থা একটা কারণ আছে। স্বতরাং মানিতেই হইবে যে যাহার অবধান [attention] বা অনবধান জন্ম উপলব্ধি বা অমুপলব্ধি হয়-এমন একটা কিছু আছে। ইহাকেই মন বা আন্তঃকরণ বলা হয়। শ্রুতিও বলেন, "মন অক্তম ভিল, ভাই দেখি নাই: অক্তমন্ত দিলাম. তাই ভনি নাই" (বু: ১.৫.৩)। "মনের বারাই দেশে, মনের ছারাই ভনে" (র: ১.৫.৬)। কাম প্রভৃতিও এই মনেরই ধর্ম, ইহাও अकि त्रथारेयाहान, "काम, महत्त, विकक्ष, अक्षा, खलका, देशी, च्यरेश्या, लब्का, बुक्ति, उद्य केट्यामि भक्तके मन" [दू: ১. e. ७]। ख्डताः अष्टाकत्रापा । इंशास्ट्रे भूत्व बृष्टि बनिया निर्देश करा।

इहेबारक) श्राधाम नका कतियाहे की वाजारक चनु शतियान वना इहेबारक, স্ব-স্বরূপে আত্মা বিভ্—এই সিদ্ধান্তই সমীচীন।

এই বৃদ্ধি বা অন্তঃকরণ-সংশ্লিষ্ট জীবাত্মা বেমন অণু, সেইরূপ সে

কর্ত্তা শাস্ত্রার্থবত্তাৎ ॥৩৩॥

ক্রতাও বটে [কর্তা] ; যেহেতু জীব কর্তা হইলেই বিধি-নিষেধরণ শাস্ত্র সার্থক হয় শাস্ত্রার্থকতাৎ)। জীব কর্ত্তা, সে-ই করে বা করিতে পারে, এরণ হইলেই 'অমুক অমুক কাজ করিবে', 'অমুক করিবে না'— हेजािन नाखवारकात मार्थकजा तका हम, असुधा निवर्धक इहेमा शए । कौरवत कर्ख्य योकात कतियारे माञ्च एक्तभ ज्ञातम श्राम करतन। শাস্ত্র যদি জীবকে কঠা বলিয়া খীকার না করিতেন, তবে ওরূপ বুখা আদেশ দিতেন না।

তারপর আবার শ্রুতি বলেন. "দেই অমৃত আত্মা যথেচ্ছ বিহার ক্রেন্ম " (বু: ৪. ৩. ১২)। "ডিনি নিজ শরীরে মথেচ্ছ বিচরণ ৰবেন" (বঃ ২.১.১৮) ইত্যাদি। এই স্ব

বিহার-উপদেশাৎ ॥৩৪॥

বিহার বা বিচরণের উপদেশ হইতেও বুঝা যায়, আত্মা কর্তা। আত্মাকর্তানা ইইলে সে বিহার করে কিরপে ?

আবার, "জীব অন্তঃকরণ প্রভাবে জ্ঞানশক্তি যুক্ত ইক্রিয়দিগকে প্রহ্রপ করিহান" (বৃ: ২. ১. ১৭-১৮) ইত্যাদি শ্রতিতে

উপাদানাৎ ॥৩৫॥

ইন্দ্রিয়ানির গ্রহণরূপ কার্য্যের উল্লেখ থাকায়ও বুঝা যায়, শ্রুতি ভীবকে কর্ত্তা বলিয়াই স্বীকার করেন।

শীৰ যে কন্তা, ভাহা

वार्भातना ह कियायाम्, न हिंद निर्द्धन-विश्वरायः ॥७७॥

লৌকিক ও বৈদিক ক্রিয়ায় [ক্রিয়ায়াম] শ্রুতি জীবেরই কর্তৃত্ব উপদেশ করিয়াছেন বলিয়াও বিলপদেশাচ্চ । জানা যায়। যথা, "विकानरे यक करत, विकानरे लोकिक कर्भ करत" [तु: २.৫.১]। uই #िততে विकान भास कीवाक्ट धारण क्विए रहेरव, क्वन ৰুদ্ধিকে নয়; তাহা না হইলে [ন চেৎ] শ্ৰুতি 'বিজ্ঞানন' [বিজ্ঞান-ক্লপ কর্তা বিলয়া 'বিজ্ঞানেন' বিজ্ঞানরপ করণ ছারা, বিজ্ঞান षात्रा]-এইরপ নির্দেশই করিতেন [নির্দেশ-বিপর্যায়ঃ]। যে ছলে বৃদ্ধি অর্থে বিজ্ঞানশব্দের প্রয়োগ করা হইয়াছে, দে স্থলে দেখিতে পাই, 'বিজ্ঞানেন' এই তৃতীয়া বিভক্তির ব্যবহার আছে। এম্বলে প্রথমা-विভক্তি निर्मिष्ठे थाकाम विद्धानरक कीवरे वना रहेमारह, वृक्तिर रहेरव। স্তরাং জীবেরই কর্তৃত্ব, শুধু বুদ্ধির নহে।

শिवा। यनि कौवरे कर्छ। रय, এवः छारात कर्ड्य यनि वृक्ति কিছা অন্ত কিছু ঘারা প্রভাবায়িত না হয়, অর্থাৎ জীব যদি স্বাধীন क्ला रब, जार दम दक्त दक्त निष्यंत्र कन्यानकत कार्याहे करत ना ? স্বাধীনতা যাহার আছে. সে কেন নিজের অমলল নিজে করিবে ? অবচ দেখিতে পাই, জীব প্রবৃত্তির বশে বা বৃদ্ধির দোষে এমন সব কাল করিয়া ফেলে, যাহার বিষময় ফল তাহাকেই ভোগ করিতে रुष ।

গুরু। জীব খতন্ত্র কর্তা হইলেই যে তাহাকে কেবল হিতকর কার্যাই করিতে হইবে, এমন কোন

উপলব্ধিবৎ অনিয়মঃ ॥৩৭।। নিয়ম নাই [অনিয়ম:], এ ঠিক উপলব্ধির নায় [উপলব্ধিবং]। चरूडव [উপদ্ধি] করা-না-কর। সংদ্ধে জীবের স্বাধীনতা থাকিলেও ষেমন সে ভালমন্দ উভৰ প্রকারের উপলবিই করে. সেইরপ কর্ম-করা সম্বন্ধেও জীবের স্বাধীনত। থাকিলেও সে ইট অনিট উভয়ই সম্পাদন করিতে পারে ও করে। কি উপলব্ধি কি কর্ম সর্বজ্ঞই জীবের স্বাধীনতা বা স্বাতন্ত্র্যের অর্থ এই নয় যে, সে অন্ত কিছুরই অপেকা নাকরিয়া উপলব্ধি বা কর্ম করিতে পারে। সেরপ হইলে विषय. (यागायान ও (यागाकान हेजानि ना इहेत्न अधितत অফুভতি বা কর্ম হইতে পারিত। অবশ্য উহাদেরও প্রয়েজনীয়ত। আছে। তবে জীবের স্বাধীনতা এইখানে যে, সে-ই উহাদিগকে চালিত করে, উহারা তাহাকে চালিত করেনা। বিষয়াদি সমস্ত বর্ত্তমান থাকিলেও জীব যদি ইচ্ছা করে, তবে তাহাদের **উপলব্ধি বা ব্যবহার না করিতেও** পারে। এইথানেই তাহার স্বাধীনতা। সহায় আৰশ্যক বলিয়া কন্তার কর্ত্তব ও স্বাধীনতা লোপ হয় না। এই সহকারীর ভিন্নতায়ই উপলব্ধির ও কর্মের বৈচিত্রা [বিভিন্ন রকমের উপলব্ধি, অমুপলব্ধি ও ইষ্টানিষ্ট কর্ম] সম্পাদিত হয়। ষদি পূর্ব্বোক্ত শ্রুতিতে 'বিজ্ঞান' শন্দের বৃদ্ধি অর্থই গ্রহণ করা হয়, তবে বৃদ্ধিকেই কঠা বলিতে হয়। তাহা হইলে

শক্তি-বিপর্য্যয়: ॥৩৮॥

ৰুদ্দির করণশক্তির বিপর্যায় হইয়া [শক্তিবিপর্যায়াৎ] তাহাতে **कर्वनक्टित्र धारित इटेरत । ज्यार वृद्धि कर्छ। इटेरल छारात्र निक्रनिक्ट লোপ ২ই**য়া যাইবে ও কর্তৃশক্তির উদ্ভব হইবে। বুদ্ধি যদি কর্তৃশক্তি শশাৰ হয়, ভৰে বৃদ্ধিকেই অহংজ্ঞানেরও আত্রয় বলিতে হয়; কারণ, সমন্ত কার্য্যই 'আমি করিতেছি' এইরূপ অহংজ্ঞানপূর্বক হয়। কিন্তু

বুদ্ধি যে অহংক্রানের আশ্রয় নয়, ভাহা সকলেই বুঝিতে পারে। সকলেই অভূতৰ করে বে, 'সামারই বৃদ্ধি, আমিই বৃদ্ধি নঃ'। স্থতরাং বিদ্ধিকে কঠা বলা যায় না।

তারপর, জীবকে কর্ত্তা না বলিলে শ্রুতিতে আত্মজ্ঞান লাভের क्र ए अम्य धान-धार्वा-ममाधि अवलक्ष्म क्रियात छेल्लिम एम् अम হটয়াছে, দেই সময়

সমাধি-অভাবাৎ ॥৩৯॥

সমাধির আনর্থকাই হয়। আত্মার যদি কর্ত্তই না থাকে, তবে আরে কে ধ্যানধারণা করিবে ? স্বতরাং আহ্বারই কর্ত্ত, একথা অবশুই श्रीकात कतिएड ३१एव ।

শিষা। আপনি যেরপ বলিলেন তাহাতে মনে হয়, আতার কড়ৰ স্বাভাবিক, অৰ্থাৎ আত্মা নিঙ্গ স্বভাবের বশেই কর্ম করে, আগ্রার কড়বের অন্ত কোন নিমিত্ত নাই।

ওা। ন,আত্মার কর্ত্তর স্নাভাবিক নয়। বর্ত্তর যদি অ হার ফডার ২ছ, তবে সেই কন্তব হুইতে কোন কালেই ভাহার নিগুজি এইবাৰ স্থাবনা নাই। অগ্নির স্বভাব উষ্ণভা ও **প্রকাশ**: সের প্রত্যের অভাব হইলে অগ্নিরই বিলোপ হয়। সেইরূপ কর্ত্তর যদি पादाय यज्ञव वर, एत्व तारे कर्द्रदा लाल पादाबर लाभ रहा। কড় (এই বস্তা মত দুংখের মৃদ। সেই কতাত্বৈর কবল হইতে নিক্তি না পাইলে আত্মার মোকলাভ অসম্ভব। **অথচ দেই কত্**র ধনি আহায় ধভাব হয়, তাৰে কোনকালেও তাহা হইতে নিছুতি নাই, ফলে মুক্তিলাভও অস্থাৰ হয়।

শিষা। কিন্তু যেমন অগ্রির দাহিকাশক্তি থাকিলেও কাষ্ট্রানির

শভাবে দেই শক্তির কার্য্য হয় না, দেইরূপ মৃক্তির শবস্থাতেও শাঘার কর্তৃত্বশক্তি থাকিলেও যদি দেই শক্তির কার্য্য না হয়, তবে দুঃখও হইতে পারে না, ফলে মৃক্তিলাভও হইতে পারে। অর্থাৎ মৃক্তি-শবস্থায় আত্মা কর্তৃত্ব-স্বভাব হইলেও সে যদি স্থিরসঙ্কর করিয়া বিসন্ধা থাকে যে, না, আমি আর কর্ম করিব না, তবেই ত তাহার মৃক্তির কোন ব্যাঘাত হয় না।

গুরু। না, বংস, সেরূপ হইতে পারে না। শক্তি আছে, একথা ৰলিলে যাহাতে দেই শক্তি প্ৰযুক্ত হইতে পারে এমন একটা কিছুও **খবগুই কোন-না-কোন আ**কারে আছে—একথাও বলিতে হয়; না **इटेल भक्ति थाकात (कान व्यर्थ है इस ना। मारू भमार्थित महिल** দাহিকাশক্তির অবশ্রুই একটা সম্বন্ধ আছে, কোন সম্বন্ধ না থাকিলে ভাহাকে দাহিকাশক্তিই বলা যায় না। অগ্নির দাহিকাশক্তি আছে. একথার তাৎপর্যাই এই যে, দাহা-পদার্থের সহিত সংযোগ হইলে ঐ শক্তি ক্রিয়াশীল হইতে পারে। এইরপ শক্তির ক্রিয়া যদি কোনকালেই না হয়, তবে অগ্নির দাহিকাশক্তি থাকার কোন অর্থই হয় না। দাহিকাশক্তি থাকার তাৎপর্যাই এই যে, সে আবশুক হইলে এবং বোগ্য অবসর পাইলে কার্য্যকরী হইতে পারে। সেইরূপ মুক্তিদশায় শামার কর্তৃত্ব সাময়িকভাবে নিজিয় থাকিলেও যে কোন মুহুর্ত্তে কার্যাকারী হইবার সম্ভাবনা অবশ্রই থাকে; ফলে তাদৃশ মৃক্তি চিরস্থায়ী নয়। মুক্তি যদি চিরস্থায়ী বা নিত্য না হয়, তবে দে মৃতিক স্বাৰ্থকতা কি ? মৃতিক্ৰণায় আত্মার কতৃতি থাকিবে, তবে जारा लान कालरे चात्र कार्याकत्री हरेटन ना, এরপ বলিলে ত কর্ত্ত্ব আত্মার শভাব নয়, ইহাই প্রতিপন্ন হয়। তারপর, बाहात बाहा चडाव, जाहा क्रफ इख्या मात्न जाहात्रहे विनाम।

ক্তরাং কর্ত্ব আত্মার সভাব হইলে আত্মা মৃক্তি দশায়ও
নিক্রিয় থাকিতে পারে না। শ্রুতি বলেন, "আত্মা নিত্য-শুদ্ধবৃদ্ধ-মৃক্ত-সভাব।" ঈদৃশ আত্মাকে জানিলেই মৃক্তি অর্থাৎ জীব: যথন
আপনাকে নিত্য-শুদ্ধ-মৃক্তরূপে অন্থভব করে তথনই তাহার মৃক্তি।
ঈদৃশ আত্মার কর্ত্বও স্বভাব বা স্বরূপ হইতে পারে না। তবে আত্মার
যে কর্ত্ব, তাহা উপাধি বশেই আত্মাতে কল্লিত মাত্র। শ্রুতিও
বলেন, "আত্মা ত্যান ধ্যান করেন, ত্যান বিচরণ করেন" (বৃঃ
৪.৩.৭)। "আত্মা, ইন্দ্রিয় ও মন এই তিনের যোগেই আত্মাকে
ভোক্তা বলা হয়" (কঃ ৩.৪)। এই সমন্ত শ্রুতি হইতে স্পষ্টই বৃঝা যায়
যে, আত্মার কর্ত্ব স্বভাবগত নয়, উপাধি নিমিত্ত।

বান্তবিক ঘাহার আত্মার সম্বন্ধে যথার্থ জ্ঞান জ্বিমান্নছে, তাঁহার দৃষ্টিতে পরমাত্মা ব্যতীত পৃথক কোন কর্ত্তা ভোক্তা জীব নাই। তা' বিলয়া পরমাত্মাই যে কর্ত্তা ভোক্তা, তাহাও নয়। কারণ, কর্ত্ব, ভোক্ত্ব অবিদ্যার প্রভাবেই ক্রিড হয়। শ্রুতি অবিদ্যান্দশায় কর্ত্ব দেখাইয়া ["যে অবস্থায় বৈতের হৃত্তে হয়, সেই অবস্থায় একে অক্সকে দেখে…" (বৃ: ২.৪.১৪)] জ্ঞান-দশায় আবার সেই কর্ত্বের নিষেধ করিয়াছেন—"যে অবস্থায় সমন্তই আত্মা হইয়া যায়, অর্থাৎ যথন আত্মা ব্যতীত আর কিছুই থাকেনা, তথন কে, কি দিয়া কাহাকে দেখিবে ?" (বৃ: ২.৪.১৪)। স্বতরাং আত্মা অবিদ্যার প্রভাবেই কর্ত্তা সাজিয়া নানা ছঃখ ভোগা করে, আবার সেই প্রভাব হুইছে মৃক্ত হুইলে সে আপনার স্বরূপে অবস্থান করিয়া শান্তি লাভ করে।

যথা চ তক্ষা উভয়থা।। ৪০।। বেমন একজন হত্তধার [ভক্ষা] হাতৃড়ি, বাটালি ইত্যাদি গ্রহণ করিয়া যথন কার্য্য করে, তথন তাহার কার্য্য দৃষ্টে তাহাকে কর্ত্ব। বলা যায়; আবার যথন কার্য্য করে না, তথন আর সে কর্ত্ব। নয়। কিন্তু যথন সে কার্য্য করে, তথনও বস্ততঃ সে স্বীয় শরীরে অকর্ত্তাই বটে। ভাহার কর্ত্ব হাতৃড়ি ইত্যাদি উপকরণ সাপেক্ষ; সেই সব উপকরণ ব্যুতীত কাঠ কার্টা ইত্যাদি ব্যাপারে তাহার কোন কর্ত্বই নাই। স্কেধার যেমন উপকরণ সাপেক্ষ হইয়া কর্ত্তা হয়, আবার স্বশরীরে সকর্তাই থাকে, এই উভয় প্রকারেই [উভয়থা] যেমন সে বর্ত্তমান থাকে, আআরও সেইরূপ মন প্রভৃতি উপকরণসাপেক্ষ হইয়া কর্ত্তা হয়, আর ক্রুত্বাং আআরর কর্ত্ব ব্যবহারিক, পারমার্থিক নয়। এই ব্যবহারিক কর্ত্ব অবলম্বন করিয়াই সম্লায় বিধি-নিষেধ শাস্ত্রের প্রবৃত্তি, তাহা প্রথমেই ব্যাইয়াছি। স্বপ্রাদি অবস্থায়ও মন থাকে, তথনকার ক্রিয়া ক্লাপও কেবল আআরর নয়, স্বতরাং দেখা গেল, মন প্রভৃতির সহিত্ব সংক্রিট হইলেই আআ্রার কর্ত্ব, স্ব-স্বরূপে তাহার কোন কর্ত্ব নাই।

ি শিষ্য। আচ্ছা, এই যে মন প্রভৃতি উপাধি নিবন্ধন আত্মার কর্তৃত্ব, এই কর্তৃত্ব ব্যাপারে আত্মা স্বাধীন, না সেই কর্তৃত্ব পরিচালনাও তাহাকে প্রমেশ্বের অধীন হইয়া করিতে হয় ?

🗸 গুরু। আত্মার এই বে কর্তৃত্ব, ইহাও

পরাৎ তু তৎশ্রুতেঃ।। ৪১।।

কিছ [তু] পরমেশর হইতেই [পরাৎ] লব্ধ; যেহেতু, শ্রুতি সেইক্লপই বলেন [ভচ্ছু ভে:]। "ঈশরই যাহাকে উর্জ্ন লোকে লইতে ইচ্ছা করেন, তাহাকে শুভ কর্ম করান, যাহাকে অধোগামী করিতে ইচ্ছা করেন, তাহাকে অশুভ কর্ম করান" (কৌ: ৩.৮)।

"বিনি আত্মার অস্তবে প্রবস্থান করিয়। আত্মাকে নিয়মিত (চালিত) করেন'' ইত্যাদি।

यित खीव जार्ग (स्थ नाएड ज हेक्स्), द्वर (पृ: ४ পরিহারের ইছে।) প্রভৃতির প্রেরণায় কাথ্যে প্রবৃত্ত হয়, যদিও কার্যা সম্পাদনের প্রয়োজনীয় উপকরণ ভাহার সহজ লভা, यদিও সাধারণতঃ কার্য্য করিতে क्षेत्रदाद कान जाएकारे (नथा याय ना. उथापि नर्ककार्याद. नर्क-প্রবৃত্তির মূলে ঈশবের নিমিত্ততা আছে, ইহা শ্রুতি প্রমাণে নিশ্চিত হয়।

শিষা। আচ্ছা, ঈশরই যদি করান, আর জীব যদি তিনি যেমন कत्रान एक्सनहे करत, करव विनाक इस, देन्द्रहे बीवरक दृःथकत कार्या নিযুক্ত করেন। ভাহা হইলে একপ ঈশব যে নিভাস্ত নিষ্ঠার, ইহা वनारे वाहना। आवाद छाराद शक्ताि उप गर्थहे हम कादन देनद প্রেরিত হইয়াই কেই সংকর্ম করিয়া উত্তম হয়, অপরে অসং কর্ম করিয়া অধন হয়। স্বতরাং ঈশর করান, জীব তাঁহার ইঞ্চিতে করে-এরপ বলিলে ঈশবের নির্দ্ধিতা ও বৈষ্মাকারিত দোষ অনিবার্যা হইয়া পডে।

ওল। কেন, পূর্বেই ত বলিয়াছি যে, জ্বীবের পূর্বে পূর্বে কর্ম অনুসারেই ইম্বর তাহাদিগকে নিয়ন্ত্রিত করেন। মুভরাং ইম্বরুকে জীবের খীয় কর্মের অপেকা করিতে হয় বলিয়া উক্ত দোষ হয় না। एक औरवंद रहदून अवध्य व्यर्थाय व्यवानिकान इहेट्ड निक्छ कर्ध-मध्याद. ঈশর ভাহাকে ঠিক ভনমুরপ কার্যোই নিযুক্ত করেন। প্রভ্যেক জীবের ধর্মাধর্ম (কর্ম-সংস্থার) পূথক পূথক। সেইজ্রন্ত এক ঈশ্বর সকলের প্রেরক ও চালক ইইলেও ঐ ধর্মাধর্মের পার্যক্রের জক্তই কর্ম ফলেরও পার্থক্য হয়। বৃত্তি—ধাক্ত, গোধুন, ঘৰ ইত্যাদি বিভিন্ন জাতীয় শদ্যের একমাত্র অসাধারণ ও অবর্জনীয় কারণ হইলেও ঐ সব শদ্যের পরস্পারের মধ্যে পার্থকা উহাদের নিজ নিজ জাতির বিশিষ্টতা। সেইরূপ ঈশ্বরও সর্ব জীবের সাধারণ নিয়স্তা। অবশু তিনি জীবের নিজ নিজ কর্ম অমুসারেই তাহাদিগকে চালিত করেন। স্থতরাং ঈশব জীবের

কৃত-প্রযত্নাপেক্ষঃ তু---

মুকুত প্রয়েব্র কর্ম সংস্থারের বিশেষ বাধেন বলিয়া উক্ত দোষ হয় না।

শিষা। কিন্তু দশর জীবকুত প্রয়ত্তের অপেকা রাধিয়া তাহাদিগকে চালিত করেন, এরপ বলিবার কি প্রয়োজন ? জীব স্বয়ংই করে, এইরূপ বলিলেই ত সহজ হয়, আবার ঈশ্বরকে টানিয়া আনা কেন ?

শুরু। বংস। একট চিন্তা করিলেই বুঝিতে পারিবে যে, জীব যত বড় শক্তিশালীই হউক না কেন, সে যত শুখালা ও সতর্কভার সহিতই কার্য্য সম্পাদন করুক না কেন, সেই কার্য্যের সফলতায় তাহার কোনই হাত নাই। কোন এক অলক্ষিত তুর্ণিবার মহাশক্তি হেন অন্তরাল হইতে তাহার প্রত্যেক কার্য্যের গতি নিয়ন্ত্রিত করিতেছে। बौবের সহস্র চেষ্টা ব্যর্থ করিয়া কাহার মহাশক্তি যেন ছীবকে নিয়ন্ত্রিত করিতেছে। প্রত্যেক চিন্তাশীল বাব্রিই এই মহা সত্য অন্তরে অন্তরে অহুভব করেন। শ্রুতিও এই সভ্যেরই মহিমা ঘোষণা করিয়া বলেন, "ইনিই করান।" স্বভরাং ঈশ্বরই যে জীবকে কার্য্যে প্রবর্তিত করেন, ইহা অখীকার করিবার উপায় নাই। তবে তিনি যদি জীবের স্বকৃত কর্মের ভাল মন্দ বিচার না করিয়া যেরপ ইচ্চা সেইরপই করান, তবে তিনি কেছাচারী হন, তাঁহার নির্দয়ত্ব ও বিষমকারিত্বও অনিবার্যা হইয়া পড়ে। ভারপর, সেই নিম্নতা যদি খেচ্ছাচারী হন, তবে জীবের

শবস্থা ত নিতাস্ত ভয়াবহ হইয় পড়ে। সে ত ব্ঝিবে,—'আমি চেটা করিয়া আর কি করিব! ঈশ্বরের হেরপ ইচ্ছা, তিনি ত সেইরপই করিবেন। আমার সং কি অসং কোন কর্মাই ত ঈশ্বরের ইচ্ছার গতি ফিরাইতে পারিবে না।' ফলে তাহার কোন কার্যেই প্রবৃত্তি হইবে না। তারপর, শাস্ত্রে যে সংকর্ম করিবার ব্যবস্থা দেওয়া হইয়াছে ও অসংকর্ম করিতে নিষেধ কর। হইয়াছে, উহাও নিরর্থক বলিতে হইবে। কারণ জীব করিয়াই বা কি করিবে? ঈশ্বর ত তাহার ভালমন্দের বিচার করিবেন না। স্থতরাং ঈশ্বর যদি জীবকৃত কর্মাক্রপ তাহাকে চালিত না করিয়া নিজের যেরপ ইচ্ছা সেইরপই করেন, তবে কি শাস্ত্রীয়, কি লৌকিক কোন কার্যেই জীবের প্রবৃত্তি থাকিবে না। স্থতরাং

বিহিত-প্রতিষিদ্ধ-অবৈয়র্থ্যাদিভ্য ঃ॥ ४২॥

যাহাতে শাস্ত্রের বিধি-নিষেধ নিরর্থক না হয়, এবং জীবেরও কর্ম্মে প্রবৃত্তি হয়, সেইজন্ম অবশুই স্বীকার করিতে হইবে যে, ঈশর জীবের শক্ত কর্মের অফুরূপই তাহাকে কার্য্যে প্রেরিত করেন ও তাহার ফল ভোগ করান। অর্থাৎ ঈশর নিতান্ত নিরপেক্ষ নহেন; তিনিও জীবক্বত প্রয়ত্ব, দেশ, কাল ইত্যাদি বিচার করিয়াই জীবকে কার্য্যে প্রেরিভ করেন।

্জীবের সঞ্চিত কর্মরাশি যে অনাদি, তাহা পূর্ব্বেই দেখান হইয়াছে। স্বতরাং দেখিতেছ, জীবের কর্তৃত্ব ঈশবের অধীন হইলেও জীবেরও স্বাধীনতা যথেষ্ট রহিয়াছে। যেমন শিক্ষক ছাত্রকে ছাত্রের শক্তি সামর্থ্য অস্থ্যারে পাঠ ফরাইলেও পাঠকরা বিষয়ে ছাত্রেরও যথেষ্ট স্বাধীনতা থাকে।] শিষ্য। আচ্ছা, জীবের কর্তৃত্ব ঈশ্বরাধীন, ইহা হইতে ব্ঝা যায় যে, জীব ও ঈশবের মধ্যে একটা উপকার্য্য-উপকারক সম্বন্ধ আছে। ঈশ্বর উপকারক, জীব উপকার্য্য। একণে এই সম্বন্ধ তুই প্রকারে হইতে পারে। (১) প্রভৃতৃত্যের সম্বন্ধ, কিম্বা (২) অগ্নি ও ক্লিঙ্গের সম্বন্ধ। তবে পরমেশ্বর যথন চালক এবং জীব যথন ঈশ্বরচালিত, তথন মনে হ্যু, ঈশবের সহিত জীবের প্রভৃত্তা সম্বন্ধ।

গুরু। না, ঈশর ও জীবের মধ্যে প্রভূ-ভূত্য সম্বন্ধ নয়,

অংশঃ—

বেমন ক্লিঙ্গ অগ্নির অংশ, জীবও সেইরূপ ঈশবের অংশ। তবে ঈশবের কোন অবয়ব (অংশ, Part)না থাকায় জীবকে ম্থ্য অংশ বলা যায় না, তবে অংশের অভ এই মাত্র।

শিষ্য। ঈশ্বর যখন নিরবয়ব, তখন দেই পরিপূর্ণ ঈশ্বরই ত জীব।
গুক্ত। না, ঈশ্বরের বাস্তবিক কোন অংশ না থাকিলেও কল্লিড
স্থাংশ হিসাবে জীবকে ঈশ্বরের অংশই বলিতে হইবে, জীব ত্রন্ধ নছে।
কারণ শ্রুতিতে ঈশ্বর ও জীবের

নানাব্যপদেশাৎ—

নানাত্ব অর্থাৎ ভেদ বা পার্থক্য দেখান হইয়াছে। যেমন "তিনি জীবের অবেষণীয়, জিজ্ঞান্য" (ছা: ৮. ৭.১)। "ইহাকেই জানিয়া জীব মূনি হয়"। "তিনি আত্মায় থাকিয়া অন্তর্যামী রূপে জীবকে নিয়মিত করেন"—ইত্যাদি শ্রুতিবাক্য হইতে জীব ও ব্রন্মের ভেদই প্রতীত হয়। শিষ্য। আচ্ছা, ব্রন্মের সহিত জীবের যদি ভেদই থাকে, অর্থাৎ জীব বিরুদ্ধ হইতে অন্ত একজন হয়, তবে ত প্রভূ-ভূত্য সম্বন্ধই অংশ-অংশী সম্বন্ধ হইতে অধিকতর যোগ্য হয়।

গুৰু। হাা, এই হিসাবে প্ৰভূ-ভূত্য ভাৰ**ই সদত বটে, কিন্তু প্ৰতি** আৰার

অন্যথা চ অপি---

অত্য প্রকারেও দেখাইয়াছেন যে, জীব ও ব্রন্ধের ভেদ নাই। যেমন

দাশ-কিতবাদিয়ম্ অধীয়তে একে।।৪৩।।

কোন শ্রুতির শাখা [একে] ত্রখাই দাশ (কৈবর্ত্ত্র), কিতব (ধ্য়) প্রভৃতিরূপেও অবস্থান করেন, এরপ পাঠ করেন [অধীয়তে]। যেমন, "দাশেরা ত্রঋ, দাদেরা ত্রঋ, কিতবেরাও ত্রঋ"। এই শ্রুতিতে দেখান হইয়াছে যে, হীন জাতিরা প্যান্ত ত্রঋ। আবার অক্সত্রে ত্রঋণে কাম্য করিয়া বলা হইয়াছে, "তুমিই স্ত্রী, তুমিই পুক্ষ, তুমিই কুমার, তুমিই কুমারী, তুমিই বৃদ্ধ হইয়া যাই গ্রহণ করিয়া গমন কর, তুমিই স্কারের জাত" (বে: ৪.৩)। আবার "ত্রঋ ব্যতীত আর কোন শ্রুটা নাই" (র: ৩.৭.২৩)। এইরপ বহু শ্রুতি হইতে জানা যায় যে, রেশ্ব ও জীব অভিন্ন। আবার অগ্নিও বিক্লিক যেমন উক্ষতাহিদাবে অভিন্ন, সেইরপ জীব ও ত্রঋ হৈতক্তিহিদাবে অভিন্ন, কেইরপ জীব ও ত্রঋ হৈতক্তিহিদাবে অভিন্ন। স্ক্রেরাং ভেদ ও অভেদ উভয়ই যথন শ্রুতি দেখাইয়াছেন, তথন অগ্নিক্ত্রিকা নয়।

মন্ত্রবর্ণাৎ চ ।।৪৪॥

আবার [চ] বৈদিক মন্ত্রের অক্ষরার্থ হইতেও এই সিদ্ধান্তই পাওয়ঃ
যাম—বেমন, "সকাভূতই ইহার পাদ, একাংশ" (ছা: ৬ ১২.৬)।

অপি চ স্মর্য্যতে ।। ৫।।

এবিষয়ে শ্বতির প্রমাণও রহিয়াছে। বেমন গীতা বলেন, "আমারই চিরন্তন অংশ জীবলোকে জীবরূপে অবস্থান করিতেছে" (গী: ১৫. ৭)।

শিব্য। আচ্ছা, জীব যদি ঈশবের অংশই হয়, তবে জীবের সংসারছঃধ ঈশরকেও ভোগ করিতে হয়। শরীরের এক অংশ বেদনা হইলে
অংশীরও (অর্থাৎ যে ব্যক্তির অঙ্কে বেদনা হয়, ভাহার) ছঃধ হয়।
কালেই বলিতে হয়, সমন্ত জীবের ছঃধ ঈশরকেও ভোগ করিতে হয়।
আবার যে জীব সাধনাদির দারা ঈশরত প্রাপ্ত হইবে, ভাহার ছঃধ
প্রবাপেকা অনেক বেশাই হইবে, কারণ সমন্ত জীবের ছঃধ সমষ্টিই তথন
ভাহাকে ভোগ করিতে হইবে। স্তরাং জীবকে ঈশবের অংশ বলিলে
জীবের আর মোকলাভের আকাজ্ঞা হইবে না, কারণ ভাহা অধিকতর
ছঃধকর। ফলে মোকশাস্তই নির্থক হইয়া পড়িবে, এবং ঈশবেরও
জীবের নাায় ছঃধডোগ হয়—ইহাও বলিতে হইবে।

গুরু। না, জীব যেরপ সংসারত্বর ভোগ করে,

প্রকাশাদিবৎ ন এবং পরঃ।। ৪৬।।

পরমেশর [পর:] সেরপ [এবম্] করেন না [ন], ইহার দৃষ্টান্ত স্থ্যালোক প্রভৃতি [প্রকাশাদিবং]। মনে কর, স্থ্যালোক স্মত আকাশ ব্যাপিয়া বর্ত্তমান আছে। ঐ আলোক কোন একটা ছিল্লের ভিতর দিয়া গৃহে প্রবেশ করিয়া ঐ ছিল্লের আকার প্রাপ্ত হইল। কিন্তু ভা'বলিয়া আকাশব্যাপী আলোক ছিল্লাকার প্রাপ্ত হয় না। একটা ঘট নাড়াইলে ঘটের অভ্যন্তরন্থ আকাশ (ফাক) খণ্ডও যেন নড়িভেছে বলিয়া মনে হয় বটে, বাত্তবিক কিন্তু আকাশ নড়ে না। ভলে স্থোর প্রতিবিধ জলকম্পনে কম্পাহিত বলিয়া মনে হইলেও যেমন স্থোর কশ্বন হয় না; সেইরপ অন্তঃকরণরপ উপাধিতে প্রতিবিধিত জীবাত্মার ছঃধভাগ হইলেও সেই ছঃধে উপাধিশৃত্য বিদ্বন্ধানীয় পরমেশ্বের কোনই ছঃধ হয় না। বস্তুতঃ পারমার্থিক হিসাবে দেখিতে গেলে জীবের বে ছঃধ প্রাপ্তি, তাহাও উপাধি নিবন্ধন। অবিদ্যার বশেই জীব দেহ, ইক্সিয়, অস্তঃকরণ প্রভৃতির সহিত আপনাকে অভিন্ন বলিয়া মনে করে, এবং সেইজ্লভ 'আমি ছঃখী' এইরপ আস্তি জন্মে। বাত্তবিক 'দেহাদিই আমি' এইরপ আত্মাভিমান হইলেই ছঃধ হয়, না হইলে হয় না—এ তত্ত্ব প্রথমেই ব্রিয়াছ। স্কুতরাং অবিদ্যাজনিত অস্তঃকরণ প্রভৃতি উপাধির যোগে জীবনামক অংশ যদি আপনাকে ছঃথিতের ত্রায় মনে করে, তথাপি সেই ছঃথে অংশী ঈশ্বের ছঃখ হয় না।

স্মরন্তি চ॥ ৪৭॥

জীবের তৃ:থ হয় বলিয়া যে প্রমেশরেরও তৃ:থ হয়, তাহা নয়।
ঋষিরা এ কথা শ্বতি শাল্তে (এবং শ্রুতিতেও) প্রতিপন্ন করিয়াছেন।
যেমন, "পদ্মপত্র যেমন জলের ছারা লিপ্ত হয় না, প্রমাত্মাও সেইরপ
কর্মফলে লিপ্ত হন না"। "জীব কর্মফল ভোগ করে, প্রমেশর ভোগ
না করিয়া কেবল প্রকাশ পাইতে থাকেন" (শে: ৪.৬) ইত্যাদি।

শিয়। আছো, শ্রুতিতে জীব ও এক্ষের ডেদ এবং অভেদ ঘুইই দেখান হইয়াছে, এই জন্ম জীবকে এক্ষের অংশ বলা উচিত, ইহা ব্ঝিলাম। কিছু শ্রুতি ত আর যথার্থই ভেদ এবং অভেদ এই ঘুই বিক্লম ভাবকে সভ্য বলিয়া প্রতিপাদন করিতে পারেন না। শ্রুতির প্রামাণ্য যভ বড়ই হউক না কেন, এরূপ বিক্লম কথা কাহারও গ্রাহ্য হইতে পারে না। আর, ওরূপ বিক্লম্ব উক্তি ছারা একটা গোঁজামিল দেওয়া যায় বটে, কিছু বস্তুর স্বরূপ সম্বন্ধে সভ্যিকারের কোন ধারণা জ্বিতে পারে না।

ছুতরাং নিশ্চয়ই শ্রুতির কোন গৃঢ় তাৎপর্যা আছে। মনে হয়, যে ভেদ সকলেই সর্বাদা অমুভব করিতেছি, তাহা প্রতিপাদন করা শ্রুতির নিশ্রবাঞ্কন। শ্রুতির সার্থকতা, প্রামাণ্য ও বৈশিষ্টাই হইল এই যে, আমাদের সাধারণ বৃদ্ধিতে যাহা বৃঝিবার উপায় নাই, এমন নৃতন কিছু প্রতিপাদন করা। জীব ও ত্রন্ধের অভেদ আমাদের বৃদ্ধির অগোচর। স্থুতরাং অভেদ প্রতিপাদনই শ্রুতির অভিপ্রায় এবং তাহাতেই শ্রুতির দার্থকতা। অতএব শ্রুতির ভেদ ও অভেদ দেখাইবার তাৎপর্য্য এই ৰলিয়া বোধ হয় যে, সর্বামুভূত ভেদ পারমার্থিক নহে, অভেদই পারমার্থিক (বঃ স্থ: ৩, ২. ১১-৭৭ দ্রষ্টব্য)। আর জীব যে ব্রন্ধের মুখ্য অংশ হইতে পারে না, তাহাত পূর্ব্বেই বুঝাইয়াছেন। অতএব ৰদিতে হয়, একমাত্র পরমাত্মাই সর্বভৃতের অস্তরাত্মা এবং জীবরূপেও তিনিই বিরাজমান। কিন্তু তাহা হইলে শাস্ত্রীয়বিধিনিষেধ কিরুপে উপপন্ন হইতে পারে ? "অমুক অমুক করিবে" এইরূপ শান্তের 'অফুজ্ঞা' (বিধি) আছে; আবার "অমুক অমুক করিবে না" এইরূপ শাস্ত্রের 'পরিহার' (নিষেধ) আছে। এইরপ অমুজ্ঞা কিলা পরিহার ভেদ বা **হৈত না হইলে কিছু**তেই কাৰ্য্যকরী হইতে পারে না। আতা যদি এক হয়, বৈত বলিয়া যদি কিছু না থাকে, তবে এই অনুজ্ঞা পরিহারের লার্থকতা থাকে কিরুপে ?

গুরু। হাা বংস ! ঠিকই বলিয়াছ, পরমার্থত: অভেদই শ্রুতির **প্রতিপান্ত, এক** ছাড়া ছুই নাই—ইহাই পরমার্থ সতা, তথাপি

অনুজ্ঞা-পরিহারে দেহ-সম্বন্ধাৎ---

ব্দাত্মার সহিত দেহের একটা (কাল্পনিক) সমন্ধ আছে বলিয়া [দেহ-সম্বন্ধাৎ] অমুজ্ঞ। পরিহার সিদ্ধ হইতে পারে [অমুজ্ঞা-পরিহারৌ]। Or o

পরস্পর সংযুক্ত দেহ. ইপ্রিয়, মন প্রভৃতিতে "আমি" এইরূপ একটা অভিমান বা অভিনিবেশ হয়। সেই অভিনিবেশের নামই 'দেহ-সম্মু'। যতকাল আত্মার যথার্থ সকলে অব্যত হওয়া না যায়, ততকাল ঐ অভিনিবেশ, ঐ মিধ্যাজ্ঞান অব্যাহতভাবে চলিতে থাকে। আত্মা वश्वरः এक इट्टेलि अविमाधिकार्य छेरभन्न मिटामि छेभापि मिट এক অধিতীয় আতাকেও বছরণে প্রতীত করায়। এই কল্পিড ভেদ অবলম্বনেই অমুক্তা পরিহার কার্যাকরী হয়। বাস্তবিক যাহার স্বাস্থার একত জ্ঞান ইইয়াছে, তাহার পক্ষে কোন বিধি নিষেধই প্রযুক্ত ইইতে পারে না। আর ভাগার প্রতি বিধি নিষেধের প্রয়োজনই বা কি ? সে ত কুতার্থ। বিধি নিষেধ, গৌণভাবেই হউক, মুখ্যভাবেই হউক, ভাবকে মোকের দিকে, যথাপ জ্ঞানের দিকেই চালিত করে। যে তাহা পাইয়াছে, তাহার আর বিধি নিষেধ কি ৮ (বঃ স্থঃ উপক্রম ও ১. ১ স্তুর্ব্য)। যিদিও আত্মতত্ত ব্যক্তির পক্ষে বিধি নিষেধ व्ययुक्तरे रहेएक भारत ना, ख्थाभि त्मरे बक्ररे त्य तम याथक्काती হইবে, তাহা নয়। দেহাদিতে বাহার আতাবৃদ্ধি আছে, ণে-ই ভাগ কি মল যে কোন কাথ্যে প্রবৃত্ত হইতে পারে। কিছ যাহার কোন অভিমান নাই, সে যথেচ্ছচারী হইবে কিরুপে? প্রারত্ত্ববেদ জীবন ধারণ করিলেও কোনত্রণ অসংকর্মণ ভাহার ছারা অমুদ্রিত হইতে পারে না। কারণ, সে ভাহাতে অনভাতঃ; অসংকর্ম করিয়া কেই কথনও আত্মজ্ঞান লাভ করিতে পারে না। জীবনুকাবভাষ নূতন কম করা অসম্ভব, পুরুর অভ্যাস মতই দৈহিক ক্রিয়া চলিতে থাকে মাত্র (ব্র: ए: ৪. ৩. ৪ দ্রপ্তরা) । কুতরাং षाया এक इट्रेंगिस (मर्शन मन्भार्क्ट चन्नुका भविदात मार्थक हरू: देशद मृहाख-

জ্যোতিরাদিবৎ।। ৪৮।।

যেমন অগ্নি এক হইলেও শ্মশানের অগ্নি ত্যাগ করিতে হয়, যজ্ঞের অগ্নি গ্রহণ করিতে হয়, সেইরূপ দেহাদির সম্পর্কেই গ্রহণ ও বর্জনের ব্যবস্থা।

শিষ্য। আচ্ছা, বিশেষ বিশেষ দেহের যোগে না হয় অহুজ্ঞা ও পরিহারের একটা ব্যবস্থা হইল; কিন্তু আত্মা যদি একটাই হয়, তবে আমার দেহে যে আত্মা, অত্যের দেহেও সেই একই আত্মা; হতরাং যে দেহে যে কার্যাই হউক না কেন, দেহান্তে সকল কার্য্যের ফলই একই আত্মাকে ভোগ করিতে হইবে। ভাহা হইলে আমি নরকের কার্য্য না করিলেও আমার নরক ভোগ হইবে; আবার অমি মর্গের কার্য্য না করিলেও আমার নরক ভোগ হইবে; আবার অমি মর্গের কার্য্য না করিলেও অত্যক্ত কর্মের ফলে আমারও ম্বর্গবাস হইতে পারে। স্থতরাং আত্মা একটা মাত্র, এরপ বলিলে কর্মফলের এইরপ একটা 'সহর' বা 'ব্যতিকর' অনিবার্য্য হইয়া পড়ে। রামের দোষে খ্যামের তুর্ভোগ, এ যে বড় ভয়হর কথা।

গুৰু। না, দেৱপ কোন

অসন্ততেঃ চ অব্যতিকরঃ ॥ ৪৯॥

ব্যতিকর (কর্মফলের সাহধ্য, অব্যবস্থা) হয় না [অব্যতিকরঃ]; কারণ, কর্ত্-আত্মার সহিত অন্তদেহের কোন সমন্ধ হয় না [অসম্ভতেঃ, সম্ভতি – সমন্ধ]। যে জীব যে শরীরে থাকিয়া কর্ম করে, সেই জীবের সহিত অন্ত শরীরের এবং সেই শরীর উপহিত জীবের কোন সমন্ধ থাকে না। উপাধি নিষন্ধনই জীব পুথক্ পুথক্ ভাবে অবস্থান করে, এবং দেহাদি উপাধিতে আত্মাভিমান বিশিষ্ট জীবাত্মাই কর্ম করে ও তাহার ফলভোগ করে। নিরুপাধিক আত্মার কোন কর্মও নাই, ভোগ্ও নাই। উপাধিও আত্ম-যাথার্থ্য জ্ঞান হওয়া অবধি অব্যাহতই থাকে [স্কুল দেহের বিনাশ হইলেও স্ক্রম ও কারণ দেহই উপাধির কার্য্য করে, এবং পরলোকগত জীবের পরস্পর পার্থক্য রক্ষা করে]। উপাধিগুলি পরস্পর ভিন্ন ভিন্ন, স্থতরাং উহাদের পরস্পরের সঙ্গে কোন সম্বন্ধ না ঘটায় এক উপাধিতে উপহিত জীবের কর্মফলের ভোক্তাও হইতে পারে না।

জীবকে পরমত্মার

আভাসঃ এব চ ॥৫•॥

আভাস (প্রতিবিষ) রূপেও ব্ঝিতে পার। জলে প্রতিবিধিত পূর্যা যেমন আকাশস্থ পূর্যোর আভাস, জীবও সেইরূপ ব্রহার আভাস। [আভাস শব্দে ব্রা যায় যে, জীব সাক্ষাৎভাবে ব্রহ্মনয়, তবে একেবারে অহা একটা কিছু নয়]। একণে দেখ, যেমন এক জলপাত্রের পূর্যা-প্রতিবিধের কম্পনাদিতে অহা পাত্রের প্রতিবিধের কম্পনাদিতে অহা পাত্রের প্রতিবিধের কম্পনাহয় না, সেইরূপ এক জীবের কর্মফল অহাজীবে সংসক্ত হয় না। মনে রাধিও, এই আভাসও অবিদ্যান্তত। অবিদ্যা বিনষ্ট হইলে পার্মার্থিক ব্রহ্মাত্মভাব উদিত হয়। স্থতরাং পর্মার্থতঃ আত্মা এক হইলেও উপাধিভেদে আত্মা বহু। এবং সেইজহা কর্ম ও কর্মফলের কোন সাহর্যা হয় না। [ম্বরণ রাধিও, উপাধিও অবিদ্যাক্ষনিত; কাজেই কর্ম এবং কর্মফলও পার্মার্থিক নহে, উপাধিক্যাত্র]। পক্ষান্তরে বাহারা বলেন, আত্মা পর্মার্থতঃই বহু এবং প্রত্যেক আত্মাই

সর্বব্যাপী [যেমন সাংখ্যেরা], তাঁহাদের মতেই কর্মফলের সাম্বর্যা আনিবার্য। দেশ, সাংখ্যেরা বলেন, আত্মা চৈতক্তরূপী, সর্বব্যাপী ও বছ; আর 'প্রকৃতি'—'পুরুষের' [আত্মার] ভোগ ও মোক্ষ সম্পাদনের ক্ষ্য প্রত্যেক পুরুষের পক্ষেই সমানভাবে প্রবৃত্ত হয়। কিন্তু এরপ হইলে এক পুরুষের স্থত্থে অন্য পুরুষের স্থত্থে না হইবার কোন কারণ নাই। স্থত্থ নিয়মিত করে, এমন তৃতীয় বন্তর অন্তিত্ব সাংখ্যও ত্বীকার করেন না; অথচ সমন্ত পুরুষই একরূপ, প্রধানও সকলের পক্ষেই সমান।

আবার, কণাদমতাবলমীরা (বৈশেষিকেরা) বলেন, আত্মা আচেতন জড় পদার্থ (পরমাণু সংযোগে উৎপন্ন), সংখ্যায় বহু (জনস্ত, আবচ প্রত্যেক আত্মাই বিভু, সর্ব্বজ্ঞ বিদ্যমান (সর্ব্বব্যাপী); অণুপরিমাণ বহু জড় মনও আছে। আত্মার সহিত মনের সংযোগ হইলেই ইচ্ছাদি চৈতন্তের ক্রিয়া প্রকাশ পায়। কিন্তু আত্মা যদি সর্ব্বব্যাপী হয়, তবে প্রত্যেক মনের সহিতই তাহার সংযোগ আছে। ফলে এক ব্যক্তির স্থা হুংথ হইলে তাহার মনের সহিত অন্ত ব্যক্তিরও সংযোগ থাকায় সেই সক্ত ব্যক্তিরও ক্থা হুংথ অবশ্য হুইবে। যে সময়ে এক আত্মায় মন সংযুক্ত হয়, সেই সময়ে অন্ত আত্মায় তাহার সংযোগ হওয়ার বাধা কি । স্বতরাং বহু অথচ সর্ব্বব্যাপী আত্মা স্বীকার করিলে স্থা হুংথের যে একটা নির্দিষ্ট ব্যবস্থা আছে (আমার পায়ে আ্লাত লাগিলে আমিই বেদনা বোধ করি, অন্তে করে না ইত্যাদি), তাহার ব্যাঘাত হয়। এই ব্যবস্থা নিয়মিত করিতে পারে এমন কিছুই কামতে স্বীকার করা হয় না।

বহ-আত্মবাদীরা হয়ত বলিতে পারেন যে, প্রত্যেক আত্মার এক একটা 'আদৃষ্ট' [সঞ্চিত কর্ম সমষ্টি] আছে। ঐ অদৃষ্ট আপন আশ্রয়স্থল আন্তাতে মন:স্থোগ ঘটায়, তাহাতে সেই আয়ারই স্পত্থ হয়; অন্ত আয়ার সহিত সেই 'অদৃষ্টের সম্পর্ক না থাকায় অন্তআয়াতে মন:-সংখোগও জন্মাইতে পারে না, স্তরাং অন্ত আত্মার স্থ ত্থেও হয় না। অত এব অদৃষ্ট স্বীকার করিলেই স্পত্থের বাবস্থা বেশ হইতে পারে। ইহার উত্তরে ভগবান্ বাসে বলেন বে, ঐ ভাবে স্থ ত্থের বাবস্থা হুইতে পারে না;

অনৃষ্ট-অনিয়মাৎ ।।৫১।।

কাৰে: অনুষ্টেরও কোন নিয়ামক নাই, অর্থাং অমূক আত্মার এই অনুষ্ট—এরপ নিশ্চয় করিবার কোন উপায় নাই। সাংখ্যমতে আত্মা শরীর, মন ইত্যাদির সাহায়ে ধর্মাধর্ম নামক অদৃষ্ট উপার্চ্জন করে। একণে ঐ অনুষ্ট যদি আত্মাকে আত্ময় করিয়াই অবস্থান করে, তবে প্রত্যেক আত্মাই আকাশের মত সর্বব্যাপী বলিয়া প্রত্যেক আত্মার স্থিতেই ঐ অনুষ্টের একটা সংখ্যব হয়; ফলে অদৃষ্ট এক আত্মাতে স্থান্থঃ ইংপাদন করিলেই তাহা অন্য আত্মাতেও সংক্রমিত না হইবে কেন? আরু অনুষ্ট যদি প্রধানকে আত্ময় করিয়া অবস্থান করে, তাহা হইলেও প্রধান যখন সমুদায় আত্মার সাধারণ সম্পত্তি ও সর্ব্যাপী প্রত্যেক আত্মার বারাই পরিব্যাপ্ত, তখন অনুষ্ট কোন্ আত্মার স্থাত্যক আত্মার বারাই পরিব্যাপ্ত, তখন অনুষ্ট কোন্ আত্মার স্থাত্যক আত্মার সহিত মনের সংযোগ সর্ব্ব আত্মার পক্ষেই সমান বলিয়া অনুষ্ট কাহার, তাহা নির্দারণ করা যায় না। স্কত্রাং ক্র সাহর্ষ্য অনিবার্ষ্য।

শিয়। আহ্না, ধনি এরপ বলা বার বে, এক এক আত্মার 'আমি অমূক করিব'—এইরপ এক একটা 'অভিসন্ধি', কর্ম প্রবৃত্তি আগে; সেই অভিসন্ধি প্রভৃতিই কাহার কোন্ অদৃষ্ট তাহা নিরপণ করিবে? অথাৎ বে আত্মার ঐরপ অভিসন্ধি হয়, কেবল সেই আত্মাই কর্ম করে ও তাহার ফলভোগ করে, অত্যে করে না—এরপ বলিলে ত সুন্দর ব্যবস্থা হয় ?

িং প্রক। না, ওরপ বলিলেও হুথ ছংখের ব্যবস্থা হয় না; কারণ,

অভিদন্ধি-আদিযু অপি চ এবম্ ॥৫২॥

অভিসন্ধির বেলায়ও পূর্ব্বোক্ত রূপেই নিয়ামকের অভাব হয়।
আবা ও মনের সংযোগেই অভিসন্ধি প্রভৃতি জাগে। সুজ্বাং সেই
সাভিসন্ধি-প্রভৃতিও প্রত্যেক আত্মার পক্ষেই সাধারণ। এক মনের
সহিত এক আত্মার যোগ হওয়ার সঙ্গে সঙ্গেই অন্ত আত্মার সহিতও
ভাহার যোগ হইয়া যায়, কারণ সব আত্মাই স্ক্রিয়াপী। কাজেই
অভিসন্ধিও প্রত্যেক আত্মাতেই জাগিবে; ফলে সুখ তৃঃথের নিনিটা
বাবয় অভিসন্ধিও করিতে পারে না।

শিষা। কিন্তু যদি বলা গায় যে, এক একটা শরীর দারা আবার এক একটা 'প্রদেশ' (সীমাবদ্ধ অংশবিশেষ) নির্দ্ধারিত আছে। মন শরীরেই থাকে। স্থতরাং যে শরীরে যে মন থাকে, সেই শরীর ধারা অবচ্ছিল (সীমাবদ্ধ) আত্ম-প্রদেশের সহিত্ই সেই মনের সম্ম ক্রি, অক্ত আত্মপ্রদেশের সহিত্ হয় না। কাজেই যে আত্মপ্রদেশের ক্রিছিছে মনংসংযোগ হয়, কেবল সেই আত্মপ্রদেশেই স্থ তৃঃৰ হয়, স্ক্রিক্ত আত্মায় হয় না। স্থতরাং

প্রদেশাৎ ইতি চেৎ ?

'প্ৰেদেশ' সীকার করিলেই ব্যবস্থা হয়, এরপ যদি বলি 🕈

গুৰু। ন, অন্তৰ্ভাবাৎ ॥৫৩॥

না, ওরূপ বলিতে পার না [ন]; কারণ, সমস্ত আত্মাই সমস্ত শরীরের অস্তর্ভ [অন্তর্ভাবাং], অর্থাৎ সকল আত্মাই যথন সর্ব্বব্যাপী, তথন প্রত্যেক আত্মাই প্রতিশ্রীরে আছে। স্থতরাং এই শরীরাবচ্ছিন্ন প্রদেশ অমৃক আত্মার, অমৃক আত্মার নয়, ইহা কিরপে নির্দ্ধারণ করিবে । অতএব প্রদেশ স্বীকার করিলেও কর্মফলের সাহ্বয় নোষ হইতে নিছ্তি নাই।

আরও দেখ, সর্কব্যাপী অথচ বহু—এ' এক অছুত কল্পনা বটে । এরপ কল্পনা কথায় প্রকাশ করা যায় বটে, কিন্তু কাহারও ধারণায় আসিতে পারে না। একের অধিক দ্বিতীয় বস্তুর অন্তিত্ব থাকিলেই দৈ এক ঐ দ্বিতীয় দারা পরিচ্ছিল হয়, তাহার আর সর্কব্যাপিত্র থাকেনা। স্বত্রাং আত্মা এক, ইহাই যুক্তিযুক্ত সিদ্ধান্ত।

্ **দ্রিতীয় অথ্যা**স্থ চতুর্থ পাদ

শিষা। গুরুদেব! আকাশাদি ব্রপ্ত হইতেই উৎপন্ন হয়, ইহা
ব্রিলাম। সেই আকাশাদির মত প্রাশেগুলিও (ইন্দ্রিয় সকল)
কি ব্রদ্ধ হইতেই উৎপন্ন হয়, না উহারা অন্তংপন্ন দু অবহা কোন কোন শুভিতে প্রাণ সকলেব উৎপত্তি বর্ণিত হইয়াছে; যেনন,
মুং ২. ১. ৩; কিছা কোন শুভিতে অবার উৎপত্তি প্রকরণে প্রাণ
সকলের উৎপত্তির কোন উল্লেখ নাই। এই উভ্ল প্রকার শুভির
মীমাংসাকি ?

खक्। स्थाकामापि (यज्ञान श्रुदायश्र उटेटल छेरला इह,

তথা প্রাণাঃ ॥১॥

ইন্দ্রিগুলিও [প্রাণাঃ] সেইরূপ [তথা] প্রমেশর চইডেই উৎপর হয়। কোন কোন শ্রুতি প্রাণের উৎপত্তি বিষয়ে নীরব থাকিলেও যে সমস্ত শ্রুতিতে স্পষ্টতঃ উচাদের উৎপত্তি উল্লিখিত হয়াতে, সেই সমস্ত শ্রুতিই প্রবল। স্কুতরাং শ্রুতির প্রামাণ্যে প্রাণ্ডালির উৎপত্তিই নির্দারিত হয়।

় শিষ্য। কিন্তু কোন কোন শ্রুতিতে (তৈঃ ২. ৭) প্রাণগুলি ক্ষির পূর্ব্বেও বর্তুমান থাকে, এরপ উক্তি থাকায় প্রাণেৎপত্তি বিধায়ক শ্রুতির একটা গৌণ অর্থ গ্রহণ করাই ত উচিত বলিয়া মনে হয়।

ে **গুরু।** না, যে সমস্ত শ্রুতি প্রগণের উৎপত্তি হয়, এরপে বলিয়াছেন, সেই সমস্ত শ্রুতি

গোণী-অসম্ভবাৎ ॥২॥

নোণ্ডিইতে পারে না। গৌন অর্থ খীকার করিলে বলিতে इंडरव ८४. প্রাণগুলি বস্থত: উৎপর इध না, তবে উৎপরের মভ হয়। ভাষ্টেইটল প্রাণ্ডলিকে এফ ইইতে মতন্ত্র প্রাথ বলিতে হয়, ফলে একমান্ত ত্রাঞ্চল জালে মেতা সমত্তের আলন সম্ভব হয় না। অথ্য শতির মুখা উল্লেখ্ট ইইল—কিরপে এক বিজ্ঞানে স্ক্ৰিজান হুট্রেল পরের, ব্রুচা নিজপুণ করা। স্থান্তর্যুগ স্বীকার করিতেই ইইবে ্য, পুলেছ'ল বাৰুবিকট লগ চটতে উংপল হয়; তাহা হ্ইলেই এক ব্রহ্মের জ্ঞানে প্রাণাদি যাবতীয় পদার্থেরও জ্ঞান হইতে পারে, এবং শ্রুতির উদ্দেশ্রন্ত সিশ্ধ হয়।

তবে যে কোন কোন শ্রুতিতে গঠর পর্বের প্রাণের অন্তিত বল। হুট্যাড়ে, তাহার অভিপ্রায় এই নয় যে, ঐ প্রাণ্ট মূল কারণ। মল কারণ সহত্রে শ্রুতি বলেন, "তাহা প্রাণ নয়, মন নয়, ভল্ল, ভাকার হউত্তেও প্রেন্ড? (মৃ: ২. ১. ২)। 'মাদর' শদের অর হৈ করিছে, বিনষ্ট হয় না', অর্থান ব্যক্ত প্রক্রে অভান্ত সমস্ত বিকার লয় প্রাপে ইইলেও যাহ। প্রম কারেণে লয় প্রাপ্ত হয় না। ংধ্যে খণ্ড নাম ভিন্নপাগভি বা প্রাপ। এই প্রাণ বা তিবলগেও যাল প্রলায়ে বার্মনে থাকে, মহা প্রলায়ে পর্রাদে লাম হয়। ্য শতিকে স্বস্থীর প্রাণের প্রাণের অধিক বর্ণিত ইইয়াছে, সেই এতি টে হির্মান্ত নামের্না, প্রকীয় স্বৃষ্টির সুল কার্ব। প্রাণ্ডাক লক্ষ্য করিছাই করা হইছাছে। স্বভরাং ইঞ্ছিছ**ওলিও ত্র**ন্ধ হইতেই উংপর।

খাবার দেখ, জাতি বলেন, "এতশাৎ জনায়তে প্রাণা, মন:,

সর্বেক্তিয়ানি চ, খং, বায়ুং জ্যোতি:—" (মৃ: ২. ১. ৩) অর্থাৎ ইহা ইইতে ভ্রু ক্রেয় প্রান, মন, সর্ব্ ই ক্রিয়, আকাশ, বায়ু, তেজ ইত্যাদি। এয়নে

তং প্রাক্ শ্রুতঃ ॥ ।॥

'ষরে' এই পদটা [তং] প্রথমেই [প্রাক্] দেখিতে পাই, সেই জান্ত ভিতে:] ত পদটার সহিত প্রাণ, মন, ইল্রিয়, আকাশ ইত্যাদি সকলেরই সমান অধ্য আছে। এই প্রতিতে আকাশাদির জন্ম যথন ম্পা অথেই গ্রহণ করা হয়, তখন ইল্রিয়ের জন্মও মুখ্য অথেই গ্রহণ করা উচিত।

ভারপর, ছান্দোগ্য উপনিষদে যদিও তেজ, জল ও পৃথিবী, মাত্র এই ভিনটা ভূতির উৎপত্তির বর্ণনাই করা হহয়াছে, প্রাণগুলির উৎপত্তি ব্যাহ হয় নাই, তথ্যাপ

তংপুৰ্বক ভাং বাচঃ ॥ ৪ ॥

বাগি কিমের [বাচঃ] তেজ:-মূলতা [তৎপূক্ষক অম্] দেখান ইইয়াছে। (সেই কপ মনের মূল আল, [পুলিবা]; প্রাণের মূল জ্ঞল, ইহাও দেখান হহাছে)। সেই জ্ঞত ই ক্রিমানির ও পর্ম মূল রূপ, ইহা ছিব ইয়। রশা হহতে তেজ: প্রভৃতি জ্ঞা, তেজ: প্রভৃতি হইতে বাগানি ই ক্রিম জ্যো— শ্রাতর এই কপ বর্ণনা হইতে প্রগ্রই প্রমাণিত হয় যে, ই ক্রিওলিও মূলে রশা হইতেই উৎপ্র। *

ছালোগ্যে এখন হিজ্ঞানের বুকিবার প্রবিধার হল্প আয়ি, জল ও সৃত্তিকা
নাম এই তিনটা সৃত্তি ভ্তের উৎপত্তিই বর্ণিত হইরাছে।

শিবা। ইতিহয় কয়তী? আমার'ত মনে হয়, ইব্রিয়

সপ্ত ; গতেঃ বিশেষিতত্বাৎ চ।। ৫ ।।
সাতটী [সপ্ত]; যেহেতৃ, শ্রুতি হইজে সেইরূপই অবগত হওয় যায়
[গতে:], এবং [চ] শ্রুতিতে ইন্দ্রিয় দগদে সাতটি-য়ানের-উরেপ
রূপ বিশেষ কথাও আছে [বিশেষিতত্বাং]। "তাহা হইতে স্বপ্ত প্রাণ উৎপন্ন হইয়াছে" (মৃ: ২০১৮)—এই শ্রুতি হইতে অবগত হওয়া যায় য়ে, ইন্দ্রিয় সাতটি। আবার "শীর্ষদেশস্ব অর্থাং মন্তকস্ব প্রাণ সাতটি (তৃই কর্ণ, তৃই চক্ষু, তৃই নাসাচ্চিত্র ও এক জিহ্বা, তৈঃ ৫০২৭)। এই শ্রুতিতে প্রাণের বিশেষ বিশেষ সাতটি স্থানেরও উরেপ আছে। স্কুরাং প্রাণ সাতটিই। তবে কোন কোন শ্রুতিতে (বৃঃ ৩.৯.৪,২.৪.১১,৪.৮) সাতের অধিক সংখ্যা উক্ত ইইয়াছে, তাহা ঐ সপ্ত ইন্দ্রিমেবই ভিন্ন বিভিন্ন বিভিন্ন ব্যাখ্যা করা যাইতে পারে।

ওল। হস্তাদয়ঃ তু স্থিতে অতঃ ন এবম্।। ৬।।

কিন্ত [তু] শতি হত, পদ প্রভৃতিকেও ইন্দ্রিয় বলিয়া নির্দেশ করিয়াছন; স্বতরাং এই শতি প্রমাণ হইতে [অতঃ] ইন্দ্রিয়ের সংখ্যা একাদশ অবধারিত হওয়ায় [স্থিতে] ওরপ বলিভে পার না [ন এবম], অর্থা ইন্দ্রিয়া সাতটি মাত্র, একথা বলিতে পার না । ইন্দ্রিকা

শিষ্য। কিন্ধ শ্রুতি ত সাত, আট, দশ, বার ইত্যাদি বছবিধ সংখ্যাই ইন্দ্রিয় সম্বন্ধে প্রয়োগ করিয়াছেন। স্কুতরাং অন্স সংখ্যা ত্যাগ করিয়া একাদশ সংখ্যাই গ্রহণ করিতে হইবে কেন ?

গুরু। দেশ, বিষয় অমূভব ও কর্ম করিবার জন্মই ইন্দ্রিয়। ঐ উভয় কার্যা সম্পাদন করিতে একাদশটি ইন্দ্রিয়েই একাস্ত প্রয়োজন। ক্রপ, রন, গদ্ধ, ম্পশ, শ্ব এই পাচ বিষয়ের জন্য পাঁচিত্রী ভরালোক্রি (চন্দু, জিহ্বা, নাসিকা, চর্ম ও কর্ব) আবশুক; বচন, গ্রহণ, গমনাগমন, মলত্যাগ ও রমণ—এই পাচ প্রকার কর্ম সম্পাদনের জন্য পাঁচিত্রী ক্রাক্রিক্সের (বাক্, হস্ত, পদ, গুছ ও লিম্ব) আবশাক; এবং ভূত, ভবিষাৎ ও বর্ত্তমান সর্ক্ষবিষয়ক ধারণা বা বোধের জন্য ভ্রান্তের ভবিষাৎ ও বর্ত্তমান সর্ক্ষবিষয়ক ধারণা বা বোধের জন্য ভ্রান্তের ভ্রানামক আর একটি ইন্দ্রিয়েরও আবশ্রুক (রা সু: ২.৩.৩১-৩২ দ্রন্তবা)। এই এগারটি ইন্দ্রিয়ে দ্বারাই সকল কাজ সম্পন্ন হইতে পারে; আর ইহার অধিকও অনাবশ্রুক। স্থত্যাং শ্রুতির সপ্ত প্রভৃতি কম সংখ্যা ও দানশ প্রভৃতি অধিক সংখ্যা স্থানাদিভেদে ও বৃত্তিভেদে ব্যাখ্যা করাই যুক্তিযুক্ত। শ্রুতিতে কোন স্থলে উপাসনার জন্য, কোন স্থলে বা ইন্দ্রিয়ের বিভিন্ন কার্য্য দেখাইবার জন্য কম বেশী সংখ্যা গণনা করা হইয়াছে। বস্তুতঃ ইন্দ্রিয় এগারটিই।

भिषा। आष्टा, এই मर हेक्तिय्र कि नाभी, ना अन् १

প্তরু। আপ্রঃ চা। ৭।।

এই সব ই জির অণু। তবে অণু বলিতে এরপ মনে করিও না থৈ, উহারা পরমাণুর মত কুল্রাদপি কুল। পরমাণুর মত কুল্রাদপি কুল। পরমাণুর মত কুল্র হইলে সর্ব শরীর ব্যাপী কার্যা হইতে পারিত না। ই জিয়ের অণুত্ব বলিতে এই মাত্র ব্ঝিতে হইবে থে, উহারা অতীব ক্ষা এবং পরিছিন্ন (অর্থাৎ সীমাবদ্ধ গঙীর মধ্যেই উহাদের প্রসার)। ই জিয়ে যদি সর্বব্যাপী হইত, তবে এই স্থানে বসিয়া উত্তর মেকর ব্রফ্ও দেখা যাইত।

্ শিধা। আচ্ছা, ইন্দ্রিয়গুলি যেমন ব্রন্ধ হইতে উংপন্ন হয়, মুখ্যপ্রাপাক কি (জীবনীশজি, life-force, vital spirit) সেইরূপ ব্রন্ধ হইতে উৎপন্ন হয় ৮ **&**\$ 21,

্স্থেইঃ চা ৮ 🕦 🤺

্মুধা প্রাণ্ড পুর্ব্বোক্ত কারণেই (ক্তিবাকা, একবিজ্ঞানে স্ব্ বিজ্ঞান-প্রতিজ্ঞাইতাাদি) প্রশ্ন হইতে উৎপন্নি হয়, বলিতে হইবে।

'লয়া। এই প্রাণকে এইট বলে কেন ?

প্রকাশ সঞ্বাদি প্রাণ্ (হলিছ) এই মুখা-গ্রাণের অভাবে কোন কংগাই কবিতে গ্রের না (মুত বাজির ইলিছ নিজিছ), এই জনাই এই প্রের খনানা প্রাণ অপেকা (এম) এই প্রাণকে আবার জোইও বলা হয়, কবেণ গভে ভাক পতিত ইইবামাজই এই প্রাণের কায়া আরম্ভ হয়। অবহা ওহপ্রের ভাহার শক্তি বাকে, তবে গভিস্থ ইইলেই প্রাণ শক্তির কিয়া বাক্ত ইইয়া কায়ারম্ভ করে। অক্সানা প্রাণ (ইল্কিয়) ক্রমে ক্রমে বাধারের্ডি লাভ করে। সেইজনা এই প্রাণ জোইও বটে।

শৈষা। এই মুখা প্রাণি বা প্রাণশক্তি কি ভৌতিক বায়ু (যাহা আমবা হক্ হক্রিয়েব সাধায়ে। অফুভব করি), না ঐ বাহা বায়ুরই বিক্রাভাবশেষ, নাসম্ভ ইক্রিয়েবই একটা সাধারণ রুভি (জিয়া) গ

পুরুত্ব এই মুখ্য প্রপ্র

ন বার্-জিন্তে, পৃথক্ উপদেশাৎ ।। ৯ ।।

ভৌতেক ব্যুক্ত নয়, কিয়া ইল্মিয়ালের সাধারণ ক্রিয়াক নয় [ন বাযুকৈয়ে , বেংহড়, ভোতেক বাযুক্ত ইল্মিয়াছেন (পৃথক্তপ্রেশাং]। যবা—কিয়েণ ওকের উপ্দেশ শুক্তি করিয়াছেন (পৃথক্তপ্রেশাং]। যবা—কিয়েণ ওকের উভ্যুক্ত পাদ (অংশ), এই প্রাণ বায়ুর্গ জ্যোতির
সংখ্যো শ্রহিবাজ ইইয়া আপন কাষ্য সম্পন্ন করে" (ছাঃ
০.১ল.৪ । এড্রেল প্রবৃক্তি পৃথক্ত করিয়া দেখান

ষ্টুইয়াছে। স্বাবার, "এই ত্রদ্ধ হইতে প্রণে, মন, ইক্রিম, স্বাকাশ, বাযু च्द्रि" (মু: २.১.৩) — এছলে প্রাণকে ইন্দ্রির হটতেও পৃথক্রপে দেখান ছইয়াছে। এক একটি ইন্দ্রিরে এক একটি নিদিপ্ত কাষ্য আছে। ইন্সিয়গুলি মিলিত হইয়াকোন কাষা করে না। ইন্সিয়গুলির কাহারও এমন শক্তি নাই যে, দে প্ৰাণন ক্ৰিয়াৰ (বাদ প্ৰবাদাদির) সাংযায করিতে পারে: কর্মিবণ ছাড়া আরও কিছু করে, ইহার কোন প্রমাণ পাৰ্কামান্ত্ৰা এই ৰূপ অভানা ইন্দ্ৰিছত এক একটি মাত্ৰ কাৰাই मुल्लामर्न करता आत, यह धानन लिए। धावनानि बाालात हहेए একেবারে অন্য ভাতীয়। স্বতরাং ইন্দ্রিয় খারা এই কার্যা কিছুতেই স্পুর চুইটে পারে না। অভাহর দেখা গেল, মুখ্য প্রাণ বায় ও নয়, ইন্তিমের সাধারণ ব্যাপারত নয় :

🏅 শেষা। তবে জাত যে বলেন, "যে পাণ, দেই ৰাষু"—ইহার खारभगा कि १

থ্যক। এল হইতে উৎপত্ন বগুনামক ভৃতই শ্রীরভায়তের ওঁক এক বিশেষ্ত্রণ যুক্ত ১ইছা প্রাণ, অবান, সমান, উপান, ও ব্যান এই পঞ্বাহে অপেনাকে বিভক্ত করিয়া অবস্থান করে এব প্রাণ নামে অভিহিত হয়। এই প্রাণের বাহ পুরি কতকটা বাহুব बर्फ [बात ইহারও শাক্ত এল এইতে লক্ষ ; ছান্দেশ্যে দ্রষ্টবা ী. ফতরংং এই আগতে টিক ভৌতিক বায়ত বলা যায় না, আবার বায় ইইতে **একেবারে** একটা হতম ভত্ত বলা যায় না । কাঞেই উভয় প্রকারের #তিই অবিক্র

निया। छाहा हहेल छोट (यमम ८३ महोद्ध चलक्ष चार्यम, अपन्छ **দেইরুপ** স্বাধীন কি গ

ওক। না, প্রাণ কীবের,ভাষ খাধীন বাভা ৬ ভোকা নহ,

চকুরাদিবং তু তং-সহশিষ্টি-আদিভ্যঃ॥১০॥

কিন্ত [তৃ] চক্ষ্ প্রভৃতি ইন্দ্রিয়ের ন্যায় [চক্ষ্রাদিবং] জীবের অধীন; যেহেতৃ প্রাণও চক্ষ্রাদি ইন্দ্রিয়ের সহযোগে একপ্রেণীতে উপদিষ্ট হইয়াছে, অন্য কারণেও [তৎসহশিষ্টাদিভাঃ]। ইন্দ্রিয়ের সহিত এক প্রেণীতে উক্ত হওয়ায় প্রাণও ইন্দ্রিয়ের মত জীবের অধীন, ইহাই ব্রাধান। মনে কর, জীব যেন রাজা, ইন্দ্রিয়গুলি ভাহার প্রজা, প্রাণ ভাহার মন্ত্রা। ইন্দ্রিয় ও প্রাণ জীবের ভোগ সাধন করে বলিয়া উহারা জীবের অধীন, কেইই স্বাধীন নয়। তারপর এই প্রাণের হৈত্ন্য (consciousness) নাই, উহা উৎপন্ন, সংহত (একাধিক উপাদানের সংমেলনে উৎপন্ন) পদার্থ। যাহা হৈত্ন্যপূল্য ও সংহত, ভাহা চেতনের ভোগোপকরণ মাত্র। স্বত্রাং প্রাণ স্বাধীন নহে।

শিষা। আছ্না, প্রাণকে যদি জীবেব ভোগ দাধনের উপযোগী একটা উপকরণ মাত্র বলা হয়,তবে অবখাই ভাষারও একটা নিদিট বিষয় থাকিবে। কিন্তু পূলের বলিয়াছেন, বিষয় স্কাসমেত এগারটা, স্বতরাং ইন্দ্রিয়ও এগারটা। ঐ একাদশ ইন্দ্রিয় দারাই জীব যাবতীয় বিষয় উপভোগ করিতে পারে। এমন একটা অভিরিক্ত বিষয় কি আছে, যাহার ভোগের জন্ম প্রাণ বলিয়া ইন্দ্রিয়াতিরিক্ত একটা উপকরণ, সহায় স্বীকার করিছে হইবে ও স্বতরাং প্রাণ যদি পূর্বোক্ত একাদশ ইন্দ্রিয়ের কোন্টাই নাহ্য, কিন্তা জীবের মত স্বতন্ত্র প্রাণ্ঠ নাহ্য, তবে জীবকে কোন্ বিষয় ভোগ করাইবার জন্ম উহার প্রয়োজন ও

ওকা। প্রাণ ইভিয়াদির মৃত জীবের জ্গীনে শাক্ষা জীবের ভোগ্যাকে ইইলেন অকরণত্বাৎ ন দোষঃ, তথাহি দর্শরতি ॥১১॥

কোন দোৰ হয় না [ন দোষ:]; কেন না, চক্ষ্রাদি বেমন বিষয়বিশেষে এক এক রক্ষের জ্ঞান বা কম্ম সম্পাদনের 'করণ', প্রাণ্ দৈইরূপ কোন বিষয়বিশেবের ভোগের জন্ত 'করণ' নয় [অকরণত্বাং], শেতিও সেইরূপই দেখাইয়াছেন [তথাহি দর্শয়তি]। প্রাণ চক্ষ্রাদির মত জাবের ভোগের সহায়ক মাত্র। শরীর ধেমন জীবের ভোগের সাহায়্য করে, প্রাণও সেইরূপ সাহায়্য করে মাত্র। ভোগ করিতে সাহায়্য করে বলিয়াই যে ভাহাকে ইন্দ্রিয়ই হুইতে হুইবে, এমন কোন নিয়ম নাই। শেরীর ইন্দ্রিয়-না-হুইলেও ভোগের সহায়্)। চক্ষ্রাদি বিষয় গ্রহণ করে, প্রাণ সেরূপ কিছু করে না বলিয়া ভাহাকে 'করণ' বলা যায় না। 'করণ' নয় বলিয়া যে ভাহার কোন বিশেষ (অসাধারণ) করিণে নাই, এমন নয়। এই বিশেষ কার্য্য ক্রাতি দেখাইয়াছেন। শ্রীর উন্দ্রিয় ধারণ করিয়া রাখাই মুখ্য প্রাণের বিশেষ কায়্য।

তারপর, এই মুগ্য প্রাণ

পঞ্চরক্তিঃ মনোবৎ ব্যপদিশ্যতে।। ২।।

মনের ন্যায় [মনোবং] পাঁচটা বৃত্তি বিশিপ্ত [পঞ্বৃত্তি:] বলিলা শ্রুতিতে নিদিপ্ত ইংয়াছে [ব্যাপদিশুতে]। মনের যেরূপ অধ্যবদায়,বিকর ইত্যাদি একাধিক বৃত্তি আছে, প্রাণেরও সেইরূপ পাঁচটা বৃত্তি (অবস্থা) শাছে—ইংগও শুতি দেখাইয়াছেন। যথা, "প্রাণ, অগান, স্মান, উদান ও বাান"। এই বৃত্তির ভেদে বিভিন্ন কার্য্য প্রাণ দার। সম্পাদিত হয়। যেমন, উচ্ছাসাদি প্রাকৃ (উদ্ধ) বৃত্তির—প্রাণের—কার্য, মলমূহ ত্যাগাদি অবাক্ (অধ:) বৃত্তির—অপানের—কার্য্য ইত্যাদি।

আব এই প্রাণ

অণুশ্চ ॥১৩॥

মণ্ড বটে। এছলেও অণু বলিতে অতি সৃষ্ম ও সীমাবদ গতিতে আবদ্ধ—ইহাই বৃথিতে হইবে, প্রমাণ্র মত অণুত্ব নহে (গুড়ার প্রমাণ্ড

শিষা। ইন্দ্রিগুল যে আপন আপন কাথো প্রবৃত্ত হয়, সেই কাষে। প্রবৃত্ত হ্পয়রে শক্তি কি ইন্দ্রিয়ের নিজ্প, না অভ কাহারও শান্তার শক্তিমন্ত্রীয় ভাষার। কাষ্য করে দু

ওক। বংষণ্ইতিষ্ণুলির নিজস্ম কোন সাধীন শক্তি নাই। এক একজন দেবতা এক একটি ইত্তিমে অধিটিত আছেন, সেই দেবতার কাল্যাকটি জি ইত্তিষ কাষ্ট্রেশন কয়। বাক্ প্রভৃতি ইত্তিম সংক্ষেত্রী বাবকে গালেন

্জ্যাতিরাদি-অধিষ্ঠানং। তু তদামনমাৎ ॥১৪॥

কর। ; , তার প্রভাব অধিষ্ঠান [জ্যোতিরাদ্যধিষ্ঠানম্]
করে তথ্যক্তা বা পরিচালনা বংশই ইন্দ্রিগুলি কান্যে প্রবৃত্ত হয়।
ক্রতি এইজপ্ট প্রতিপাদন করিয়াছেন [তদামননাং]। "যেমন অগ্নি
বংকা হট্যা মুন্ধ এবেশ করিয়াছেন" (ঐ: ২.৮)। অগ্নির এই প্রকার
বাকারণে মুন্ধ প্রতিষ্ঠি হওয়ার তাংগ্যা এই যে, অগ্নিদেবত। বাগিতিধের
অধিষ্ঠা। তাই। ছাড়া বাক্য বা মুন্ধ অগ্নির কোন বিশেষ সম্পর্ক
দেশা যাই না এইজপ বায়ু প্রভৃতি দেবতার অধিষ্ঠানে জাণাদি ইন্দ্রিষ
ক্রেয়া প্রত্ত হয়, ইহাও শ্রতি দেবতার অধিষ্ঠানে জাণাদি ইন্দ্রিষ

ইলিংব দেবতার অধিষ্ঠান, ইছার তাৎপথ্য—যে শক্তি বাছ ভগতে অগ্নিয়্রাপ প্রশাবিধ প্রকাশ করে, সেই শক্তিই শরীরে বাজারূপে মনোভাব বাক্ত জরে ইত্যাদি।

ক্রিছেরগণ কার্য্য করে, অতএব সেই কার্য্য করিবার শক্তি উহানের ক্রিছের হইতেই হইবে, এমন কোন নিয়ম নাই। দেপ, একথানি গাড়ী ক্রিছেত পারে সভ্য, কিন্তু সেই চলিবার শক্তি গাড়ীর নিজস্ব নর, ক্রিছের অধিষ্ঠানেই গাড়ী চলে। স্তরাং ইন্দ্রিয়ের কার্যাশক্তি ক্রিছের নিজস্ব, কিথা অক্স কিছু হইতে লক্ষ, ভাহা অস্থ্যানাদির দবে। নিশ্র করা যায় না। কাজেই এ বিষয়ে শ্রুতি ধেরূপ ব্লিয়াছেন,

শিষা । যদি দেবতাবিশেষই ইন্দ্রিয়ের অধিষ্ঠাতা হন, তবে ইন্দ্রিয়ের সাহায়ে যত কিছু ভোগ হয়, তাহা অধিষ্ঠাতা দেবতারই হওয়া উচিত : জাহা হইলে কিন্তু জীবকে আর ভোকা বলা যায় না।

ু **প্রক**। না, যদিও ইন্দ্রিয়গণের অধিষ্ঠাত্তী দেবতা **আ**ছেন, তথ[্]ল **ট্রিয়ও**লির প্রধান সম্বন্ধ

প্রাণবতা, শব্দাং গাঁ১৫॥

প্রাণধারী শরীরাদির মালিক জীবের সহিতই [প্রাণবতা], একর কি হইতে [শকাং] জানা যায়। ''যে বোঝে 'আমি এই আণ লইডেডি' শুলাআ, তাহার গন্ধ গ্রহণের জন্তই আণেব্রিয়'' (ছা: ৮.১২. ৪) শুলাদ। এই সমন্ত শুতি দেখাইয়াছেন যে, ইব্রিয়গণের সহিত জীংব শুলালা এই সমন্ত শুতি দেখাইয়াছেন যে, ইব্রিয়গণের সহিত জীংব শুলালা উপকারক মাত্র। যেমন স্যালোক বস্ত নর্শন-বিহার বিব্রিষের উপকারক বা সহায়, কিন্তু বস্তুর দর্শন স্যালোকের শুলা, হয় জীবেরই। স্তুরাং ইব্রিয়গুলি জীবেরই ভোগের জন্ত,

আরও দেখ, ইন্দ্রিয়ের অধিষ্ঠান্ত্রী দেবতা অনেক (এক একটী ইন্দ্রিরের এক একটা দেবতা)। এক শরীরে বছর ভোগ কল্পনা করা ষায় না: শরীরের একমাত্র মালিক জীব, স্বতরাং ভাচারই ভোগ।

তম্ম চ নিত্তপ্ৰেৎ ॥ ১৬॥

আর চি বিট্জীবের তিজা বিহিতই ইন্দ্রির নিত্য-সম্ম বলিয়া িনিতাভাংী জাবই ভোকো। শরীর জীবের নিজ কর্মের ফলেই উপাৰ্চ্ছিত, স্নতরাং ইহাতে জীবেরই ভোগ নিতা অর্থাৎ নিয়মিত। এক জনের ধর্মাধর্মের ফলে উংপন্ন শরীরে অত্যের ভোগ হইতে পারে না। শরীর যাহার উপার্জিত, ভোগও তাহারই—এই নিয়মের বাতিক্রম হইতে পারে না।

শিগু। মুখ্য প্রাণ একটা, আর অন্য প্রাণ (ইন্দ্রিয়) এগারটা:। এই একাদশ প্রাণ কি মূখ্য প্রাণেরই বিভিন্ন বৃত্তি (অবস্থা) ?

ওরু। না, একাদশ প্রাণ মুখ্য প্রাণের বিভিন্ন অবস্থা নয়,

তে ইন্দ্রিয়াণি, তদ্ব্যপদেশাৎ অন্তত্ত্র শ্রেষ্ঠাৎ।। ১৭।।

মুখ্য প্রাণ ব্যতীত [খেষ্ঠাৎ অক্সত্র] সেই অপর একাদশ প্রাণ [ডে] ইক্রিয়ই [ইক্রিয়াণি], মুখ্য প্রাণের বিভিন্ন অবন্ধা নয়; যেহেতু শ্রুতি ये बकामन প्रान्तक (पृथा প्रान्तक नय) हेन्दिय प्राथा। श्रमान করিয়াছেন তিদ্বাপদেশাং। শ্রুতি কেবল ঐ একাদশ প্রাণকেই ইন্দ্রিয় বলিয়াছেন; ইহাতে প্রতিপন্ন হয় যে, মুখ্য প্রাণ হইতে 🗗 একাদশ প্রাণ ভিন্ন, পুথক বস্তু। 'ইহা হইতে প্রাপ্তা, মন ও সাম্যুদ্ধাস্থ্র ইল্ফিছা জনে" (ম: ২. ১. ৩)—ইত্যাদি শ্রুতিতে মুখ্য প্রাণকে অক্তান্ত ইন্দ্রির হইতে পুথকরণে দেখান হইয়াছে, হুতরাং মুখ্য প্রাণ ও ই ক্রিয়ণ্ডলি এক বস্তানয়।

শিষ্য। কিন্তু ঐ শ্রুতিতে ত মনকেও ইন্দ্রিয় হইতে পথক করিয়া 'দেখান হইয়াছে। অথচ মন একাদশ ইন্দ্রিয়ের মধ্যে একটা। স্থতরাং কেবল পথক করিয়া বলা হইয়াছে বলিয়াই যে মুখ্য প্রাণ ইন্দ্রির হইতে স্বভন্ত পদার্থ, তাহা স্বীকার করা যায় না।

ওর। হ্যা, মনকে ও মুখ্য প্রাণকে উদাহত প্রতিতে ইন্দ্রিয় হইতে পুথক করিয়া বলা হইলেও কেবল মনকে ইন্দ্রিয়ের মধ্যে একটা বলিয়া গণ্য করিবার হেতু এই যে, স্থতিতে মনকে ইদ্রিয় বলা হইয়াছে। ছতরাং সেই স্মৃতির বচন অমুদারে মন উক্ত শ্রুতিতে পুথকভাবে निषिष्टे इट्टाल उट्टारक टेन्डिय विनयार की कात कतिए इट्टार । কিন্তু কি শ্ৰুতি কোপাও মুখ্য প্ৰাণকে ইল্ৰিয় বলা হয় নাই। স্তরাং মুখা প্রাণের বেলায় শ্রুতিতে যেমন দেখান হুইয়াছে, ঠিক সেইরূপই বুঝিতে হুইবে, মনের বেলায় স্থতির সহিত সামঞ্জ করিয়া লইতে হইবে। স্বতরাং মুখ্য প্রাণ একাদশ প্রাণ হইতে পথক বস্ত।

আরু, শ্রুতি বাগাদি ইন্সিয়ের খালোচনা এক প্রকরণে (section) সমাপ্ত করিয়া নৃতন আর এক প্রকরণে মৃত্য প্রাণের আলোচনা করিয়াছেন। স্তরাং

(छन-टांग्टः । ১৮॥

#ित এই পৃথক আলোচনা ছারাও বুঝা যায় যে, एश প্রাণ অভাত প্রাণ হইতে পৃথক।

रिवनक्रभग्रां है।। ३०॥

ভারপর আবার মুখ্য প্রাণের সহিত অভাভ প্রাণের (ইত্রিয়ের) খভাবগত বৈলক্ষণাও (পার্থকাও) মধেষ্ট রহিয়াছে, সেই জন্মও

উভয়কে পৃথক লভীয় বলং উড়িছ। দেশ, বাগালি ইন্দ্রিয় নিজিয় হলালন্ত মুখা প্রাণকে পৃথবং ধক্যা সাধন করিতে দেখায়েয়ে (মেমন সদ্বাপতে। মুখা প্রাণে মেবল্লানই দেই টিকিয়া-খারে, ইন্দ্রিয় বিনেধ হলালের স্থানি করিয়ে বিনেধ হলালের হলালি বিষয় গাইও করে, মুখা প্রাণ কেরপ কিছু করে না। এইরূপ বছা বৈশক্ষণা থাকায় নির্দ্রিত হয় যে, মুখা প্রাণ ক ইন্দ্রিয়াণ এক পদার্থ নয়। তবে যত কিছু ক্রিয়া বা ক্ষাক্ষন, ভাহার মুগে এই মুখা প্রাণ কলি। ইন্দ্রিয়ানির ক্ষান্য এই মুখা প্রাণ কলি।

শিং এক টোটে হলংগটির অপলাচনা প্রসঙ্গে প্রতি প্রথমে থালি, হল ও মুলিকা এই দিন হলের স্পষ্টির বিষয় বলিল পরে বলিলে পরে বলিলে, এবন আমি এই তিন নেরছার (উক তিন কর্মা করিব লালিকা করিব লালিকার করে করিব, এবং সেই উদ্দেশ্তেই ইয়ানাম ও কলের বলাকের করিব লগাং শুল বস্তার স্থাই করিব, এবং সেই উদ্দেশ্তেই ইয়ানের এক একটাকে ক্রিকার ক্রিকার কিছু অংশ মিশাইয়া (এইরূপ স্ক্রেকাভূতের সহিত ক্ষে জল ও মুলিকার কিছু অংশ মিশাইয়া (এইরূপ স্ক্রেকাভূতের সহিত ক্ষে জায়িও মুলিকার কিছু অংশ, এবং ক্ষে মুলিকার সহিত ক্ষে জায় ও মুলিকার কিছু অংশ মিশাইয়া) তিনু

গাতোক প্রকাশ বিজেপে করিকে দেখা বার, উহা এক একটা বিশেষ নামে ও
বিশেষ থাকাবে প্রাথমিত হয়। নাম--বেমন, অয়ি, পাও, গৃহ ইত্যাদি। রেপা—
বেমন, ক্ষের কপ, পাওর কপ, বস্থাের রূপ ইত্যাদি। প্রস্কা ভূত একটা বিশেষ নাম্
ও বিশেষ কাকার বাবে হইকেই পুল হয়, ইহারই নাম ব্যাকর্পা অর্থাও বান্তা কর্পাইটার্

তিনটার সংমিত্রণে স্থল বস্তর স্পৃতি আরম্ভ করা হাউক" (ছা: ৬.৩.২) ।।
এই জ্বান্তি বাক্যে যে নামরূপ ব্যাকরণের (ব্যক্ত করার) অধাং
স্থান স্থান কথা বলা হইয়াছে, তাহা কে করে । জীব, না
প্রমেশ্ব ।

গুরু। সংজ্ঞা-মূর্ত্তি-ক্লপ্তিং তু

ত্রির্ংক্রতঃ উপদেশাং ॥२•॥

সংজ্ঞা অর্থাৎ নাম এবং মৃতি অর্থাৎ আকার বা রূপ ইহাদের কল্পনা । অর্থাৎ স্বান্ধীর বিলি তিনৃৎ করেন, তাঁহারই ত্রিপদেশাং]। যিনি অগ্নি, জল, ও মৃত্তিকা স্বষ্ট করিয়াছেন, তিনিই ত্রিপদেশাং]। যিনি অগ্নি, জল, ও মৃত্তিকা স্বষ্ট করিয়াছেন, তিনিই ত্রিক্তি প্রক্রের আরু করা হইয়াছে, এবং তিনিই নামরূপ ব্যাকরণ বাকির বলায় ব্রন্ধই সুল বস্তুরও প্রস্তা—ইহাই প্রতিপন্ন হয়। ঐ তিনভূতে বিবিষ্কারণে প্রবিষ্ট' হইলেও ব্রন্ধই ত্রিবৃৎকরণের—স্থুল স্কৃত্তির—কর্তা, বিশ্বান্ধারণে প্রবিষ্ট' হইলেও ব্রন্ধই ত্রিবৃৎকরণের—স্থুল স্কৃত্তির কর্তা। ইইলেও সেখন ব্রন্ধই হতি একেবারে স্বত্ত্র একটা কিছু নয় ত্রি নহে। জীব ও ব্রন্ধের ভেল), তথন ঐ সমন্ত স্কৃতিতেও ব্রন্ধী, ব্রন্ধই কর্তা। পর্বতাদি নামরূপ স্কৃত্তির বিব্যে ত কথাই নাই)। তারশ্ব, ব্রন্ধই ধ্যু স্কৃতিধি নামরূপ স্কৃত্তির বিব্যে ত কথাই নাই)।

^{়ি 🔸} এই প্ৰক্ৰিয়ার নাম <u>জিবুংকরণ। পাঁচটা ভূতের উক্লপ সংমিশ্ৰণের নাম</u> প্ৰক্ৰিয়াৰ। ছান্দোগ্যে অগ্নি, জল ও মৃত্তিক। এই তিনটা মূৰ্ত্ত ভ্ৰত্ত অবলধনেই স্বত্ত ব্ৰুক্তিয়াৰ্থস্থিতি হইবাছে। অস্তত্ত অমূৰ্ত আকাশ এবং বায়ুও অবল্যিত হইবাছে।

বলিয়াছেন,—"আকাশই (ব্ৰহ্ম) নাম্রপের নির্বাহক (প্রষ্টা) । ইত্যাদি (ছা: ৮.১৪.১)।

মাংসাদি ভৌমম্ যথাশব্দম্ ইতর্য়োঃ চ ॥২১॥

মাংসাদি পদার্থ [মাংসাদি] ত্রিব্ৎকৃত মৃত্তিকার বিকার [ভৌমম্], অন্ত তুইটারও [ইতর্যো: চ] অর্থাৎ অগ্নি এবং জলেরও এইরূপ বিকার আছে, তাহা যেরূপ শ্রুতিতে উক্ত আছে, সেইরূপই [যথাশস্থম] বৃঝিবে। শ্রুতি বলেন, ''অল্ল ভক্ষিত হইলে তিন ভাগে বিভক্ত হয়—উহার সর্বাপেক্ষা ফুলাংশ বিষ্ঠারূপে পরিণত হয়, মধ্যমাংশ মাংস, স্ক্রাংশ মন হয়'' (ছা: ৬.৫.১) *। ইহার তাৎপর্য এই যে, ত্রিব্ৎকৃত মৃত্তিকা-ধাতুই ধান্যাদি শস্যরূপে পরিণত হয়, এবং জীবকর্তৃক ভক্ষিত হইয়া বিষ্ঠা, মাংস ও মনের পোষক হয়। অন্ত তুই ধাতুরও এইরূপ বিকার জয়ে, তাহা শ্রুতাস্থলারে স্থির করা বায়। মৃত্র, রক্ত, প্রাণ—জলধাতুর কার্য; অন্তি, মজ্জা, বাক্য—তেজ্ঞ ধাতুর কার্য্য ইত্যাদি।

শিষ্য। আচ্ছা, ত্রিবৃৎকৃত প্রত্যেক ভূতে অপর ছুই ভূতের অংশও ত আছে। তবে এইটা জ্বল, এইটা অগ্নি, এইটা মৃত্তিকা— এক্লপ বলা ত ঠিক হয় না।

গুৰু। না, তাহাতে দোষ হয় না। প্ৰত্যেক ভূতে অশু দুই ভূতের অংশ থাকিলেও যাহা যে ভূত বলিয়া প্ৰসিদ্ধ অৰ্থাৎ যাহাকে বে ভূত বলা হয়, সেই ভূতে তাহার নিজেরই

[•] ভারতীর দর্শনে মনকেও জড় পদার্থ বনা হর। একমাত্র ব্রহ্ম ব্যতীত থাবতী। পদার্থই জড়। অবশু এই জড় ও চেতনের বিভাগও উপাধিক, অতএব অবিদ্যান্ত্রনিত এক ব্রহ্ম চৈতক্তই উপাধির পার্থক্যে মন, প্রাণ,মাটি,গাছ ইত্যাদি বলিরা প্রতীরমান হর।

বৈশেষ্যাৎ তু তদ্বাদঃ তদ্বাদঃ ॥২২॥

আধিক্য থাকাত্ব বৈশেষ্যাৎ । তাহার সেই নাম তিহাদঃ । দেওয়া হয়। যেমন, যাহা জল বলিয়া প্রসিদ্ধ, তাহাতে জলের ভাগই অধিক, অন্যান্য ভূতের ভাগ অপেকাকত কম, এই জন্ম তাহাকে क्रम वनाइ दकान दर्शय हरू ना।

📒 ['ভ্ৰাদঃ' শ্ৰুটী ছুইবার বলায় অধ্যায়টী শেষ হুইল, ইতাই খুঝিতে হইবে। প্রাচীনকালে এরপ নিয়ম ছিল]:

ভূতীয় অধ্যায়

প্রথম পাদ

শিষা। গুৰুদেণ ! আপনার কপায় বৃদ্ধিলাম, স্থীব ব্যতীত যাবতীয়
পদার্থই জীবের ভোগোণকরণ এবং সমস্তই ব্রহ্ম হইতে উৎপন্ন।
এক্ষণে জীব, এই দেহ পরিত্যাগ করিয়া কি প্রকারে কোণায় যায়,
কি প্রকারেই বা আবার জন্মগ্রহণ করে, তাহা আমাকে বলুন।

•

নুঞা বংস। শুতিবাকা আলোচনা করিলেই এই সব রহস্য বৃথিতে পারিবে। বৃহদারণাকের ৪.৪.১ হইতে ৪.৪.৪ প্র্যান্ত শুতি আলোচনা করিলে বুঝা যায়, জীব মৃত্যুকালে প্রাণ, ইন্দ্রিয়, মন, অবিদ্যা, কর্ম (ধর্মাধর্ম) ও জন্মান্তরীয় সংস্থারলাশির সহিত এই দেহ পরিভাগে করে। যুক্তিবারাও বুঝা যায় যে, জীব প্রাণ প্রভৃতির সহিতই দেহ পরিভাগে করে; কারণ, ভাহা না হইলে কর্মাফল ভোগ সহজে একটা নির্দিষ্ট ব্যবস্থার ব্যাঘাত হয়। প্রাণ, ইন্দ্রিয়, মন ইভাগি না থাকিলে ভোগ ইইবে কাহার ? জীব অন্তর্গে হৈতক্তমাত্র, ভাহার ভ কোন ভোগই নাই। স্ক্রোং মৃত্যুকালে জীব ক্ষেপ্রীর পরিবেষ্টিত হইরাই গ্রমন করে।

শিহা। জাব যধন এক দেহ প্রিডাাগ করিয়া জ্বনা দেহ ধারণ

তথাপনবাদ পাওটাও দশনে একজপ খডানিছ বলিয়াই গৃহীত হইবাছে, এবং
টিয়া প্রাণ করিছে দেৱপ চেটাও করা হয় নাই। অবস্থ প্রতিপ্রমাণই এ বিবরে
প্রসূতি গ্রমণ । বিশেষ, সর্বাস্থর খীকার না করিলে কর্ম্মণনের বাবস্থা, প্রমেশরের
অস্থপপ্রতিত ও দশরত ইতাকি বহু বিষয়েই অস্প্রতি উপস্থিত হয়।

করিবার উদ্দেশ্যে গমন করে, তথন সেই ভাবী দেহের উপাদানখরপ প্রকৃত্তের স্কাংশও কি সঙ্গে লইমা যায় ?

ভদন্তরপ্রতিপত্তে রংহতি সম্পরিষক্তঃ প্রশ্ননিরূপণাভ্যাম্ ।।১।।

জীব যথন একদেহ পরিত্যাগ করিয়া জন্য দেহ গ্রহণ করিবার উদ্দেশ্যে [তদন্তর প্রতিপত্তী] গমন করে, তথন দেহবীজ ভূতসংক্ষ পরিবেষ্টিত [সম্পরিষক্ত:] হইয়াই গমন করে [রংহতি], একথা শতির প্রশাধ উত্তর হইতে [প্রামনিরূপণাভ্যাম্] জানা যায়।

রাজা প্রবাহণ খেতকেতৃকে প্রশ্ন করিলেন (ছা: ৫.৩.৩.)—
"বে প্রকারে অপ্ [জঙ্গ] পঞ্চম আত্তিতে নিক্ষিপ্ত হইয়া পুক্ষ নামে
অভিহিত হয়, জাহা কি তুমি জান ?" খেতকেতৃ বলিলেন, "না,
ভগবন্"। তখন প্রবাহণ খেতকেতৃকে ব্যাইতে লাগিলেন
[ছা: ৫.৪-৯)—"ছালোক, মেঘ, পৃথিবী, পুক্ষ ও স্ত্রী—এই
গাঁচটি মনে কর অগ্নি। এই পাচ অগ্নিতে পাচটী আহতি দেওয়া
হব-শ্রতা , সোম (চক্র), বৃষ্টি, অল্ল ও রেত:"। ইহার তাৎপর্যা
এই বে, প্রাহ্নাম্ছ্র জীব ন্তন দেহ ধারণের জন্ম প্রথমে ছালোকে,
বেশান হইতে চক্রময় হইয়া মেঘে, মেঘ হইতে বৃষ্টিময় হইয়া পৃথিবীতে,
শুনিবা হইতে অল্ল (শক্ত)-ময় হইয়া পুক্ষে, পুক্ষ হইতে ভক্রময়
হিন্ধ আতি আগ্রমন করে। অর্থাৎ দেহবীগুভূত স্কল্প জল ণ ক্রমে

বিষা শব্দে জলকে বুখার, তাহা পরে বুখান ইইবে। বিষ্কুতে জল বলিতে কেবল হক্ষ জলাংশই নর, সমত ভূতের হক্ষাংশসম্টই

ক্ষিত্র করা বাগতে কেবল প্রাক্তলাংশই নয়, সমস্ত ভূতের প্রাংশনগরত বিষ্টু ইইবে, ভবে জলের আধিক। বশ্ত: কেবল জলের উল্লেখ আছে, ইহা পরে বিংদ-বিয়ে করা হইবে।

ক্রমে মাতৃগর্ভে জ্রণরূপে পরিণত হইয়া কালক্রমে ভূমিষ্ঠ হয় ও পুরুষ নামে আখ্যাত হয়। এই ব্যাখান হইতে ব্ঝা যায় যে, জীব মৃত্যুকালে ভূতস্ক্ষ পরিবেষ্টিত হইয়াই গমন করে।

শিষ্য। কিন্তু অন্ত এক শ্রুতিতে ত বলা ইইয়াছে যে, "যেমন জলোকা (জোক) এক তৃণ গ্রহণ করিয়া পূর্ব্ব গৃহীত তৃণ ত্যাগ করে, জীবও দেইরূপ দেহান্তর গ্রহণ করিয়া পূর্ব্বদেহ ত্যাগ করে" (বৃ: ৪.৪.৬)। স্বতরাং পূর্ব্বাক্ত প্রণালীর একটা বিরোধ বোধ ইইতেছে।

গুরু। না, বিরোধ কিছুই নাই। মৃত্যু যম্বণা এই দেহের প্রতি বে একটা মমত্বের অভিমান আছে, তাহা এবং জীবনের কার্যাকলাপ সকলই ভূলাইয়া দেয়। তথন পূর্ব্ব কর্ম্মংশ্লার উদ্দূর হইয়া ভাবিদেহ সম্বন্ধে একটা ভাবনা উৎপন্ন করে। অর্থাৎ তথন জীব এই দেহের সমন্ত ভূলিয়া গিয়া সঞ্চিত কর্ম সংস্থারের প্রভাবে ভাবিতে আরম্ভ করে, 'আমি অমৃক হইব', এবং ভাবিতে ভাবিতে তাহাতে একটা গাঢ় অভিনিবেশ হয়। ফলতঃ এরপ ভাবনাময় একটা দেহ, এই দেহ বর্ত্তমান থাকিতেই হয়। বৃহদারণ্যক শ্রুতি এই অবস্থা লক্ষা করিয়াই জনোকার দৃষ্টাস্ত দিয়াছেন।

দেহাস্তর গ্রহণ প্রণালী অনেকে অনেকরণ কল্পনা করেন। কিন্ধ কোনটীই শ্রুতির অনুমোদিত নম বলিয়া অগ্রাহ্ন। জীবংকালের অভিজ্ঞতার অতীত এই বিষয়ে শ্রুত্যুক্ত প্রণালী স্বীকার করা ছাড়া গতান্তর নাই।

শিষ্য। আচ্ছা, শ্রুত্ত প্রণালীতে কেবল জলেরই উল্লেখ দেখিতে পাই। অথচ আপনি বলিলেন, জীব সমস্ত ভূতস্ক্রের দারাই পরিবেস্তিত হইয়া দেহ ত্যাগ ক্রিয়া যায়।

ওক। ই্যা, শ্রুতি কেবল জলেরই উল্লেখ করিয়াছেন বটে, কিছ ঐ জন বলিতে অগ্নিও মৃত্তিকাকেও* গ্রহণ করিতে হইবে; ব্যারণ, ঐ জল

ত্যাত্মকহাৎ তু ভূমস্তাৎ।।২।।

ত্তি-আত্মক, অর্থাৎ জল, অগ্নি ও মৃত্তিকা এই তিন ভত-পুন্দের সমষ্টি [আত্মকবাৎ]; তবে [তু] জলের ভাগ বেশী বলিয়াই [ভ্রস্থাৎ] 🖛 তি কেবল জ্বলের উল্লেখ করিয়াছেন। অন্ত ভৃতের সংমিশ্রণ ৰাতীত কেবল জল কোন দেহ জনাইতে পারে না। দেহ যে সমুদার ভূতের সংমিশ্রণে উৎপন্ন, তাহা অস্বীকার করিবার উপায় নাই। বিল্লেষণ করিয়া দেখিলে দেখা যায়, শরীরে দ্রব বা তরল পদার্থের ভাগই বেশী। স্বতরাং শ্রুতি অপু শব্দে সমুদায় ভত-সুক্ষকেই নির্দেশ **করিয়াছেন, ইহা নিশ্চ**য়।

ভারপর দেখ, শ্রুতি বলিতেছেন, "জীবের দেহত্যাগ কালে মুখ্য-व्यान कीरतत अञ्चनभन करत, जनः मुगा-श्राप्त मरक मरक हे किद्रगण्य **অহুগমন করে" (বু: ৪.৪.২)। প্রাণ** আর কিছু নিরাশ্রয়ে গ্মন করিতে পারে না। প্রাণের যত কিছু গতি, তাহা একটা কিছু অবলম্বন বা আশ্রম করিয়াই হয়। স্বতরাং শ্রতিতে

প্রাণগতেঃ চ ।।৩।।

এই প্রাণের গতির উল্লেখ থাকায়ও ত্বির হয় যে, জীব ভৃতত্ত্ব পরিবেষ্টত হইয়াই পরলোক গমন করে।

^{*} हास्मार्गा अधि, अन ও मृखिका এই जिन ज्राउद मयाक्षरे आरमाहना आहि. সেই হন্ত অমূর্ত আকাশ ও বার এহনে উপেঞ্চিত হইয়াছে।

শিষা। কিছু শুভিত এরপ্র বলিয়াছেন হে, "তথ্ন এই মুড পুরুবের বাকোন্ডিয় অগ্নিতে, এবং প্রাণ বায়ুতে নয়প্রাপ্ত হয় (র: ১,২,১৬)। স্বস্তব্য বাক প্রভাতি ইচ্ছিয়

অগ্নি-আদি-গতি শ্রুতি ইতি চেৎ १—

অলল প্রভাত দেবতার গমন করে, এরপ শ্রুতির বলে [অল্লাদি-লাজিলাতেঃ প্রাণাদি জীয়েবর সভিজ হায় না, এরূপ **যদি বলি** | ইবি (5% Y--

3d ! া, ভাকেরংং ॥৪॥

না, সেরপ বলিভে পার না। কারণ বাগাদি ইন্দ্রিয়ের অগ্ন্যাদি দেবতায় গ্রনের যে উল্লেখ ক্ষতি করিয়াছেন, তাহা মুখা গ্রন নয়: भद्रश्व (मोर | आक्रायार । (मोर धर्य এहे क्रम ग्रहर कवि (ए. जे শুভিটা লোম স্কলের ও্যধিতে (শাক-শ্ব**ভীতে), কেশের** লনস্প্তিতে বহু বছুলুছে) পুন্নের কথাও বলিয়াছেন , কিন্ধু লোম ত একশাত আৰু সভা সভাই এব'ধ বা পাছে হাছ না। **এই হলে** প্রমান্ত্ ন্য - তাৰপৰ, প্ৰাণ এইল জীবের উপাধি, সেই উপাধি ছাড়িয়া **ভীব** চলিয়া লেলে ভা ভালের মেকেই ইইল। **স্বভরাং প্রাণাদির জীবের** স্থিত সমন না ইইলে দেহাতার ভোগ ইইতেই পারে না। অভ আত যুখন স্পষ্টই প্রাণাদির জাবের সহিত গ্রানের কথা বলিয়াছেন, এবং উহা ্যথন একান্তই আবেজক, তথন অগ্নি প্ৰভৃতিতে ইক্ৰিয়াদির প্ৰন্মুখ্য मद : इंक्ष्यितित व्याग्रामिएक शम्यानत कारभवा कहे (र. **बीविक्नाम** অথি প্রভৃতি দেবতা যে বাগাদি ইভিছের সাহায়। করেন, মৃত্যুকালে

चात्र সেত্রপ করেন না। এই কথাই শ্রুতি ভলিক্রমে বলিয়াছেন থে. ৰাগাদি ইন্দ্রিয় অগ্নাদি দেবভায় গমন করে।

শিষা। আচ্চা, প্রথম ফতের ব্যাখ্যায় যে পাচটী আছডির উল্লেখ করিয়াছেন, তাহার প্রথমটী হইল 'খদ্ধা'। তাহা হইলে জ্বলই পঞ্ম **মাহ**তিতে পুৰুষ নামে অভিহিত হয়—এ উক্তি সঙ্গত হয় কি প্ৰকাৰে? — প্রথম আহতি ত জল নয়, শ্রদ্ধা। সোম, বৃষ্টি, আর, রেত:— हेहामिश्राक वदः कल विनया मानिया मुख्या याय. काद्रुव এই श्रीनार्ड ৰদীয় ভাগ যথেষ্ট আছে। কিন্তু এদা হইল একটা মানসিক ভাব-বিশেষ। তাহার সহিত জলের ত কোন সংশ্রবই নাই : স্বতরাং

প্রথমে অশ্রবণাৎ ইতি চেং !---

. প্রথম অগ্নিতে [প্রথমে] জলের উল্লেখ না থাকায় [অপ্রবণাৎ] জলই পুরুষনাম লাভ করে, শ্রুতির এই উক্তি সম্বত বোধ হয় না, এরপ খদি विन हिंख (हर) १---

ন, তাঃ এব হি উপপত্তেঃ।।৫।।

না, সেরপ বলিতে পার না [ন] : খেহেতু [হি] প্রদা শব্দে জল্জ িছা এব ী বুঝিতে হইবে: কেননা, সেইরূপ বলিলেই শ্রুতির উল্ভি উপপন্ন হয় ভিপপত্তা। শ্তির প্রবাপর বাক্যের প্রতি লক্ষ্য করিলে প্রতীয়মান হইবে যে, শ্রদ্ধা শব্দের 'জল' অর্থ গ্রহণ কারলেই ব্লতির সামগ্রন্থ হয়। প্রশ্ন ও উত্তর দেখিয়া প্রহা শহের জল **অর্থ গ্রহণ করাই সমীচীন হয়, অন্তথ**ি শ্রুতিকে প্রতারক বলিতে হয়। বেছপ প্রান্ত উত্তরও তদ্মুদ্ধপ হয় (বিশেষতঃ যখন প্রান্ত বিষ্ উদ্ভর করিতেছেন)। তারপর দেখ, শ্রদ্ধানামক মানসিক ভাববিশেষ আর কিছু অগ্নিতে নিশিপ্ত ইইতে পারে না। শ্রুতিতে জল অর্থে শ্রমা শব্দের প্রয়োগও আছে (তৈ: দ: ১.৬.৮.১)। শ্রমা ক্ষা, দেহবীজ জনও ক্ষা—এই সাদৃত্য অবলম্বনে জল ব্ঝাইতে শ্রমা শব্দের প্রয়োগ হইয়াছে।

শিষ্য। কিছ শ্রুতিতে জলই কির্নুপে পুরুষ পদবাচ্য হয়, তাহা দেখান হইয়াছে; কিছু আপনি ত দেখাইলেন, জীব জ্বলাদি দেহবীজ্ব পরিবেষ্টিত হইয়। দেহত্যাগ করে এবং পরে সেই জীবই ক্রমে আকাশাদির ভিতর দিয়া গমন করিয়া ভূমিট হইলে পুরুষ নাম প্রাপ্ত হয়। স্থতরাং

অশ্রুতত্বাৎ ইতি চেৎ !—

শুন্তির ঐ প্রকরণে জীববোধক কোন শব্দ না থাকায় [অশুত্তাৎ], আপনার সিদ্ধান্ত ঠিক নয়, এরপ যদি বলি [ইতি চেৎ]—

গুৰু। ন, ইন্ট-আদিকারিণাং প্রতীতেঃ॥৬॥

না, এরপ বলিতে পার না [ন]; যেহেতৃ, যদিও ঐ শ্রুতিতে দাক্ষাৎভাবে জীববোধক কোন শব্দ পাওয়া যায় না, তথাপি 'যাহারা ইষ্ট (यজাদিতে দান), পূর্ত্ত (কুপ, পুক্ষরিণী প্রভৃতি প্রতিষ্ঠা) ইত্যাদি পূণ্য কর্ম করে, সেই সমস্ত জীবেরই [ইষ্টাদিকারিণাম্] চন্দ্রলোকে সমন হয়, এই অর্থ প্রতীয়মান হয় [প্রতীতেঃ]। চন্দ্রলোক গমন সম্বন্ধীয় শ্রুতিবাক্য সমূহ পর্যালোচনা করিলে স্পষ্টই বুঝা যায় যে, পূণা কর্মকারী জীব ভাবিদেহের বীজভূত জলাদির সহিত দ্যালিত হইয়া গমন করে, শুধু জ্বাদি গমন করে না।

শিষ্য। আচ্ছা, পুণাকর্মা জীব স্বত্বত কর্ম্মের ফল ভোগ করিবার জন্তই চন্দ্রলোকে গমন করে। কিন্তু সেই লোকে যে তাহাদের কোন ভোগ হইতে পারে, এমন ত মনে হয় না। কারণ, শ্রুতি বলেন, "এই চন্দ্র রাজা, সে দেবভাদের অন্ন (ভক্ষা), দেবভারা তাহাকে ভক্ষণ করেন" (ছা: ৫.১০.৪)। আবার, "যাহারা চন্দ্রলোক প্রাপ্ত হইয়া আন্ন হয়,দেবভারা তাহাদিগকে চন্দ্রের জায় আবাদন করিয়া ভক্ষণ করে" (র: ৬.২.১৬)। এই সব শুভি হইতে বুঝা যায় যে, যাহারা চন্দ্রলোকে যায়, তাহারা দেবভাদের ভোগ্য হয়। যাহারা নিজেরাই অস্তের ভোগ্য, ভাহাদের আবার ভোগ কি হইবে?

গুরু। না, চন্দ্রলোক প্রাপ্ত জীবের ভোগ হইতে বাধা নাই। ঐ যে দেবতাদের দারা 'ভক্ষণ' তাহা মুখ্য নয়, অর্থাৎ উহার অর্থ এইরূপ নয় যে, দেবতারা তাহাদিগকে চর্ব্বণ করিয়া গিলিয়া ফেলে; উহা

ভাক্তং বা অনাত্মবিত্বাৎ, তথাহি দর্শয়তি ॥৭॥

গৌণ [ভাক্তম্]। যেমন স্ত্রী, পুত্র, বন্ধু, বান্ধব লইয়া মন্থয় হথে বিহার করে, এই ভাবে যেমন স্ত্রী পুত্রাদিকে মহয়ের ভোগ্য বলা যায়, সেইরূপ চন্দ্রলোক গত লোকদিগকে লইয়া দেবতারা বিহার করেন—এই ভাবেই সেই জীবগণকে দেবতাদের ভোগ্য বলা হইয়াছে। পুণাকর্মের ফল ভোগ করিতেই জীব চন্দ্রলোকে যায়, ইহা শুভিই বলেন। সেই স্থানে যদি তাহারা দেবতাদের ভক্ষ্যই হয়, তবে শুভির উক্তিই বার্থ হইয়া যায়। স্থভরাং দেবতাদের দ্বারা ভক্ষণের অর্থ গৌণ, মুধ্য নয়। স্ত্রী পুত্রাদি মহবোর ভোগ্য হইলেও তাহাদেরও একটা ভোগ আছে। চন্দ্রলোকস্থ জীবেরও সেইরূপ। তাহাদিগকে দেবতাদের ভোগ্য এই জন্ম বল। ইইয়াছে যে, তাহারা আত্মজ্ঞান লাভ করে নাই [আনাত্মবিত্মাৎ], শুধু পুণাকর্মাই করিয়াছে। আত্মজ্ঞানবিহীন জীব যে দেবতার ভোগের সহায় হয়, তাহা শ্রুতিও দেখাইয়াছেন [তথাহি দর্শয়তি] (প্রঃ ৫.৪, বৃঃ ৪.৩.৩৩)।

শিষ্য । জাবাক ভাবে চন্দ্রলোকে যায়, তাংগ বুঝিলাম। একণে কংন, কি ভাবে আবার এ জগতে আনে, তাংগ বলুন।

ওজ। এ বিষয়ে শ্রুতি বলেন, ''দেখানে আথাং চক্রলোকে যতকাল পথাস্ত ক্মাক্ষন। হয়, ততকাল বাস করিয়া জীব যে পথে গিয়াছিল, সেই পথেই আবার ইহলোকে গমন করে। স্পাচারীরা ব্রাধাণানি খোনি এবং অসদাচারীরা কুরুরাদি যোনি প্রাপ্ত হয়' (ছা: ২.১০.৫-৭)।

শিষা। চন্দ্ৰলোকে কি সমন্ত কংশ্বেষ্ঠ ফল ভোগ শেষ ইইয়া গোলে ইহলোকে আগমন হয়, না কিছু কম থাকিতে থাকিতেই সেহান ইইতে প্তন হয়।

^{৬ক}্ কুতাত্যয়ে অনুশয়বান্ দৃ**ন্ট-শ্বৃতিভ্যা**ম্—

যে সমত পুণাকশের ফল ভোগ করিবার জন্ম চন্দ্রলাকে গমন হয়,
সেই স্থকতের শেষ হইলে [ক্লভাতায়ে], অবশিষ্ট কম্মরাশির সহিত
ভাব [অগ্লগ্রেন্ অফুল্য - কম্মের অবশিষ্ট ভাগ] ইংলোকে আগমন
কবে। একথা শার্ট ভাগতি ও খতি হইতে জানা যায় [দৃষ্ট-শ্বতিভাম;
দুট - শাতি]: মৃত্যু কালে ভাবের স্বিতি কর্ম্মরাশির মধ্যে কতকগুলি
কম্ম ফলসানের জন্ম উদ্ধান হয়, অবশিষ্ট কম্ম এই প্রবল কর্ম্ম সমূহ দারা
অবক্ষ থাকে। এই প্রবল কম্মস্ত্রে ফলই চন্দ্রলাকে ভোগ ইইয়া
যায়। ভারপর আবার আর কিছু ক্ম্ম উদ্ধান ইয়া জীবকে ইহলোকে
আনমন করে। ঐ উদ্ধান ক্মান্য ইইলে সং জন্ম হয়, অসং ইইলে
অসং জন্ম হয়। চন্দ্রলাকে যাবতীয় কর্মেরই ক্ষ্ম হয় না। কর্মের
ফল ভোগ ইইলেই ক্ষম হয়, তথা প্রায়শ্তিরাদি দ্বারা কিছু বিনষ্ট ইইতে
পারে বটে, এবং ভদজানে স্বাবহায় বিনষ্ট ইইতা যায় বটে, কিছু

চন্দ্রলোকে কয়েকটি নির্দিষ্ট পুণ্যকর্ম্মেরই ভোগ হইরা কর হয়, এবং সেখানে ভোগ ব্যতীত প্রায়শ্চিভাদি বা জ্ঞানালোচনা কিছুই হয় না, স্বতরাং অনেক সঞ্চিত কর্ম (পুণ্য ও পাপ উভয়ই) তথন জীবের ধাকে, সেই কর্মের প্রভাবে তাহাকে আবার জন্ম গ্রহণ করিতে হয়:

আর ; জীব

যথেতম্, অনেবম্।। ৮।।

বে ক্রমে চক্রলোকে যায় [যথেতম্], সেথান হইতে প্রভ্যাবর্ত্তন ঠিক সেইরূপ হয় না [অনেবম্], একটু বিশেষ আছে। অবরোহণ কালে 'ধ্ম' ও 'আকাশের' উল্লেখ দেখিতে পাই, কিন্তু তাহা আরোহণ কালে উল্লিখিত হয় নাই।

শিষ্য। আপনি বলিলেন, চন্দ্রলোক গত জীবের অবশিষ্ট কণ্মের (অমুশয়ের) প্রভাবেই বিশেষ বিশেষ জন্ম লাভ হয়। কিন্তু শ্রুতি ত দেখাইয়াছেন যে, সং বা অসং আচরণের অর্থাং চরিত্রের ফলেই সংবা অসং জন্ম হয় (ছাঃ ৫.১০.৭)। স্থৃত্রাং শ্রুতিতে কেবল

চরণাৎ ইতি চেৎ ! —

চরিত্রকেই সদসং জন্মের কারণ বলিয়া নির্দেশ করায় [চরণাং] অফুশ্র (অবশিষ্ট কর্ম, অর্থাৎ যে কর্মের ফল ভোগ হয় নাই) জন্মের কারণ নয়, একথা যদি বলি [ইতি চেং]?

গুৰু। ন, উপলক্ষণার্থা ইতি কাফাজিনিং ।। ৯।।
না, সেরূপ বলিতে পার না; কারণ, যে শুতিতে চরণ শব্দ ব্যবহৃত
ইইয়াছে, তাহা অনুশয় অর্থকেই লক্ষ্য করে [উপলক্ষণার্থা]। অগাৎ
চরণ শব্দে যদিও সাধারণতঃ চরিত্রই ব্যায়, তথাপি আলোচ্য স্থান

উহার অর্থ অফুশয় স্বীকার করাই সঙ্গত, ইহা আচার্য্য কার্ফাজিনির মত [ইতি কাফ'লিনিঃ]।

শিষা। কিন্তু শ্রুতিতে চরণ শব্দে আচার, চরিত্র বা শীলকে গ্রহণ করা হইয়াছে। এই মুখ্য অবর্থ পরিত্যাপ করিয়া উহার লাক্ষণিক অর্থ * (অর্থাৎ অনুশয়) গ্রহণ করিলে শ্রুভিতে চরিত্রবান

আনর্থকাণে ইতি চেৎ १—

হইবার যত উপদেশ আছে, তাহার আনর্থক্য উপস্থিত হয় বলিয়া আনর্থকাং লাক্ষণিক অর্থ স্বীকার করা সঙ্গত নয়, এরূপ যদি বলি ৷ ইতি চেৎ] ?—

ন, তদপেক্ষত্বাৎ ॥১৽॥

না, সেরপ বলিতে পার না িন ।; কারণ, আচার্য্য কার্যাজিনি বলেন, শ্রোত, মার্ত্ত থত কিছ কর্ম, তাহা চরিত্রবান লোকেই করিতে 🕟 পারে, অসদাচারী সে সমস্ত কর্মে অধিকারীই নয়। স্থতরাং কর্মের জন্ম চরিত্রেরও অপেক্ষা আছে তিদপেক্ষত্বাৎী। অবতএব শ্রুতির চর্লোপদেশ অনুর্থক নয়।

শিষ্য। কিন্তু এরূপ ব্যাখ্যায় ত বুঝা যায় যে, চরণ শব্দে কেবল স্দাচারই বোধ করায়, অথচ অফুশয় (অভুক্তফল কর্ম-স্মষ্টি) সং ও অসং উভয় মিশ্রিত।

গুৰু। ইা, তাহা সত্য বটে, সেই জন্ম

স্বকৃত-ছ্রন্ধতে এব ইতি তু বাদরিঃ ॥১১॥ আচার্য্য বাদরি [বাদরি:] বলেন যে [ইডি], ঐ চরণশঙ্গে

^{* &#}x27;তিনি গলায় বাস করেন'—এ ছলে গলা শক্ষের অর্থ ৰাশুবিক গলাতীর, সঙ্গার থাদ নর। এই অর্থ লাক্ষণিক।

সং ও অসং উভয় প্রকারের কর্মই [স্থক্ত-চ্ছুতে এব] বুঝায়। চরণ কিনা যাহা আচরণ করা যায়, সম্পাদন করা যায়, অর্থাৎ কর্ম। শ্রুতির তাৎপ্রাও এই যে, যাহাদের সদাচরণ সঞ্চিত আছে িরমণীয়চরণা: ী, তাহারা সৎ হইয়া জ্বের, আর যাহাদের অসদাচরণ সঞ্চিত আছে [কপুষ্চরণা:], তাহারা অসংযোনিতে জ্বে (ছা: ৫. ১০. ৭)। স্থতরাং চরণ শব্দে 'অভুক্তফল কর্মই' ব্রিতে হইবে।

শিষ্য। যাহারা যজ্ঞাদি পুণা কর্ম করে, তাহারা মৃত্যুর পরে চন্দ্রলোকে গমন করে। আবার

অনিষ্টাদিকারিণাম্ অপি চ শ্রুতম্ ॥১২॥

यादाता यक्कांनि भूगुकर्म करत ना, व्यथार भाभावाती जादारात्र अ [অনিষ্টাদি-কারিণাম অপি চ] চদ্রলোকে গমন হয়, একথা শ্রুতিতে পাওয়া যায় [শ্রুতম্]। বেমন, 'বে ক্রেন্ড এ লোক হইতে গমন করে, তাহার। সাক্রতেলই চন্দ্রলোকে যার" (কো: ১.২)। এই শ্রুতিতে কি পুণাকর্মা, কি পাপকর্মা নির্বিশেষে সকলেরই চল্রলোক প্রাপ্তির কথা বলা হইয়াছে।

গুরু। না, অনিষ্টকারীরা চক্রলোকে যায় না। চক্রলোকে গমন বিশেষ ভোগের জন্মই হয়। অনিটকারীর এমন কোন কর্ম নাই, যাহার ফল সে চক্রলোকে ভোগ করিতে পারে। চক্রলোকে কেবল স্কর্মের ফলভোগই হয়। স্বতরাং পাপাচারীর চক্রলোক-গ্রমন নিপ্রয়োজন। [কৌষীত্রি শ্রুতির "বে কেহ" এই কথার অর্থ ''যে কোন পুণ্য কর্মা'']।

শিষ্য। পাপাচারীরা তাহা হইলে কোথায় যায় ?

^{ওজ}। সংয**ননে তু অনুভূ**য় ইতরেষান্ আবোহ-অবরোহোঁ, তদ্পতিদর্শনাৎ ॥১৩॥

শত্যের অথাৎ যাহার। পুণাকণ করে না, তাহাদের [ইতরেষাম্]
যমলোকে বিধ্যমনে] আবোহণ করিয়া ঘমষাত্তনা ভোগা করার পর
[শ্রহুজ্য] দে স্থান ইইতে অবরোহণ অথাৎ পতন হয়। এইরূপে
তাহাদের মারোহণ ও অবরোহণ [আরোহাবরোহে] হয়। শ্রুতি
তাহাদের দেইরূপ গতিই প্রদর্শন করিয়াছেন [তদ্গতি-দর্শনাৎ]
(ক: ১. ২. ৬)।

সারন্তি চ।।১৪॥

মহ, বাদে প্রভৃতি শ্বতিকার অধিবাও বলিয়াছেন যে, পাপক্ষের ফলভোগ যুম্লোকে হয়।

অপি চ সপ্ত ॥১৫॥

আর ্ অপিচ ্র পৌরাণিকেরা পাপের ফল ভোগ ছত্ত সাভটা [সপ্ত] নরকের উল্লেখন করিয়াছেন। স্বতরাৎ পাপীরা চন্দ্রলোকে যায় না।

শিষা। কি শ্ব চিত্র গুপ প্রভৃতিই সেই সমন্ত নরকের কর্তা বলিয়া নিশিষ্ট ইইয়াছেন। অথচ পূর্বে বলিয়াছেন যে, পাপীরা যমলোকে যাইয়া মমের ইন্তে শান্তি পায়। নরকে গোলে ত চিত্রগুপ্ত প্রভৃতিই শান্তি দিতে গারে। সে স্থানে যমের কি **অধিকার** ও বিরোধের মীমাংসা কি পূ

🤒 । তত্রাপি চ তদ্ব্যাপারাৎ অবিরোধঃ ॥ ১৬॥

না, এজল কোন বিরোধ হয় না [অবিরোধ:]; কারণ সেই সব নবকেও [ভাত্রালিচ] যামেরই কড়য় [ভাডাপারাধ]। বিভিন্ন नवक यरमवरे अधिकाव जुका। यमकबुंक निवुक इहेबारे विज्ञाला প্রভৃতি বিভিন্ন নরক শাসন ও পরিচালন করেন। (যম রালা, চিত্রগুপ্তাদি তাঁহারই নিযুক্ত প্রতিনিধি বা কর্মচারী)। স্বভরাং নরকের উপর প্রধান কর্ত্ত যুমেরই।

শিষা। ঐতিতে এইরূপ একটা প্রশ্ন আছে, "তুমি কি কান, কিরপে চক্রলোক পূর্ণ হয় না?" (ছা: ৫.৩.৫)। এই প্রবের উত্তরে বলা হইয়াছে, যাহারা এই হুই পথের কোনটাতেই যাইবার र्याभा नमें. त्रहे नकन कुछ व्यागीत (जांग, मना हेजापि) सन्न भूनः পুন: জনামরণঘুক ভ ভীহা স্থান। সেই জন্ম চন্দ্রলোক পূর্ণ হয় না" (ছা: ৫. ১ -. ৮)। এই উত্তরে যে ছইটা পথের কথা বলা হইয়াছে, তাহার একটার নাম দেববান-যে পথে কডক প্রাণী বন্ধলোকে গমন করে, অপরটা পিত্যান—যে পথে কডক প্রাণী চন্দ্রলোকে গমন করে। এতথ্যতীত আর একটী তৃতীয় স্থানেরও উল্লেখ ঐ শ্রুতি করিয়াছেন। একণে বিশেষ করিয়া বলুন, কি রকম জীব জোন পুথে কোন স্থানে গমন করে।

😎। বেব্যান ও পিতৃযান এই তুইটা

বিদ্যা-কর্মণোঃ ইতি তু প্রকৃতত্বাৎ ॥১৭॥

ं ज्ञान ও পুণাকর্মের [বিদ্যাকর্মণো:] পথ; অর্থাং বাহার। জ্ঞানের সাধন করেন, তাঁহারা দেববান পথে ত্রহ্মলোকে গমন করেন, আর বাঁহার। যজাদি পুণা কর্মের অফুষ্ঠান করেন, তাঁহারা পিতৃযান পথে চন্দ্ৰলোকে উপনীত হন; এ'রুপ সিদ্ধান্ত [ইভি] এই অনুই করি যে, দেববান ও পিতৃবান প্রাপ্তির জন্ত জ্ঞান ও কর্মের প্রস্থাবনাই #তি করিয়াছেন প্রিকৃতভাৎী। তারপর #তি অবিশ্রান্ত-জন্ম-মরণমুক্ত তৃতীয় স্থানেরও উল্লেখ করিয়াছেন। ইহাতে বুঝা যায়, যাহারা জ্ঞান সাধনও করেনা, কিম্বা পুণ্যকর্মাফ্রানও করে না, শ্ববিৎ পাপাচারীরা তৃতীয়স্থান প্রাপ্ত হয়। সেই জন্য নিশ্চয় হয় ষে, পাপীরা চক্রলোকে যায় না, এবং সেই জনাই চক্রলোক পূর্ণ হয় না।

শিবা। কিন্তু কৌষীতকী শ্রুতি যে অবিশেষে সকলেরই চন্দ্ৰলোক প্ৰাপ্তির কথা বলিয়াছেন ?

গুৰু। না, ঐ শ্রুতির ভাৎপর্য্য এই যে, যে সমন্ত জীব চন্দ্রলোকে যাইবার যোগ্য, তাহার। সকলেই চল্রলোকে যায়, অন্য কোথাও নহে।

শিষ্য। আচ্ছা, শ্রুতিতে বলা হইয়াছে যে, পঞ্চম আছতিতে জল (অবাৎ ভৃততৃত্ব পরিবেষ্টিত জীব, ১ম সূত্র দ্রষ্টব্য) পুরুষ নামে অভিহিত হয়। স্থতরাং পুরুষ হইতে হইলে পাচটী আহুতির প্রয়োজন। অনিষ্টকারীরা যদি চক্রলোকে না যায়, তবে পূর্ব্বোক্ত প্রকারে পঞ্ম সংখ্যা পূরণ হয় না, কাচ্ছেই বলিতে হয়, তাহাদের ব্দর্মও হইতে পারে না।

গুরু। না, ঐ পঞ্চ আছতি কেবল পুণাকর্মা জীবের জন্মলাভের জনাই প্রয়োজন; ওরপ আহতি

ন তৃতীয়ে, তথা উপলব্ধেঃ।।১৮।।

তৃতীয় স্থানে [তৃতীয়ে] আবেশুক হয় না [ন], অর্থাৎ পাপীরা ষে তৃতীয়ন্থান প্রাপ্ত হয়, তাহার জন্ত আত্তির কোন প্রয়েজন হয় না: কারণ তৃতীয় স্থান প্রাপ্তির জন্ম এইরূপ ব্যবস্থাই তিথা] শ্রুতিতে নির্দ্দিষ্ট দেখা যায়, সাধারণত:ও সেইরূপই দেখা যায় [উপলব্ধে:]। শ্রুতি তৃতীয় স্থান সম্বন্ধে বলিয়াছেন যে, "ক্রমে আরু মরে, জ্বমে আরু মরে"।

ইহাতে বুঝা যায়, তাদৃশ জন্মলাভের জন্ম পাঁচটী আছতিই একান্ত আবশ্যক নয়। তারপর শ্রুত্যক 'পুক্রম' শব্দ দারা বুঝা যায়, ঐ আছতিসংখ্যা মহয় সহজেই নির্দিষ্ট। আবার ঐ শ্রুতি হইতে এমন কোন বাঁধাধরা নিয়মও পাওয়া যায় না যে প্রত্যেক জীবকে জন্মলাভের জন্ম পাঁচটী আছতির অভ্যন্তর দিয়া আসিতেই হইবে—আছতি না হইলে জন্মই হইবে না। শ্রুতি হইতে এইমাত্র বুঝা যায় যে, কতক জীব পাঁচটী আছতির ভিতর দিয়া আসিয়া পুক্ষ (Person) শব্দে অভিহিত হয় [অন্যজীব বিনা আছতিতেও জন্মলাভ করিতে পারে]।

এমন কি, মহুষা যোনি প্রাপ্তির জন্মও যে সব ক্ষেত্রে পাচটী আছিতিই প্রয়োজন, তাহাও নয়; কারণ পাচের কম আছিতির দারা জীবের জন্ম '

স্মৰ্য্যতে অপি চ লোকে।।১৯।।

এ লোকে [লোকে] স্থতিকারগণ স্বীকার করিয়াছেন [স্থয়তে]।
যেমন, জ্যোণের পঞ্চম আহুতি [মাতৃগর্ভে অবস্থান] হয় নাই, ধুইতামের
চতুর্থ ও পঞ্চম আছতি [শুক্রে ও মাতৃগর্ভে স্থিতি] হয় নাই। এইরূপ,
দীতা, জৌপদী ইত্যাদির দৃষ্টাস্ত আছে। লোকে বলে, বকী কেবল
মেঘগর্জন শুনিয়াই গর্ভিণী হয়, বকের সহিত মৈথুনের আবশুক হয় না।

मर्ना९ **।।**२०।।

দেখাও যায় [দর্শনাৎ চ] যে জরায়ুক্ক, অণ্ডজ, খেদজ ও উদ্ভিজ
এই চারি জাতির প্রাণীর মধ্যে খেদজ [যাহারা ময়লা হইতে জল্মে]
ও উদ্ভিজ্ঞ এই চুই জাতীয় প্রাণীর মৈথুন হয় না। হইলেও দেখা যায়
না। তাহাদের জন্ম সম্বন্ধে আহুতি সংখ্যা পাচটীই, এরপ ধরা বাধা
নিয়ম স্বীকার করা যায় না।

শিষা। আছো, শ্রুতি ত তিন কাতার প্রাণীর কথাই বলিরাছেন, অথচ আপনি বলিলেন, প্রাণী চারি কাতার (১) জীবজ, বেমন মহুবা, (২) অওজ, বেমন পন্দা, (৬) উদ্ভিজ, বেমন বৃক্ষ, (৪) বেদল, বেমন মশক। কিছু শ্রুতি বেদল প্রাণীর ত কোন উল্লেখ করেন নাই।
ক্ষা স্পাই উল্লেখ না থাকিলেও

তৃতীয়শব্দ-অবরোধঃ সংশোকজস্ম ॥২১॥

বেদল প্রাণীর [সংশোকজন] তৃতীয় শব্দের মধ্যে অর্থাৎ উদ্ভিক্ষের মধ্যে অন্তাব [তৃতীয়শন্দাবরোধ:] আছে। অর্থাৎ বেদল প্রাণীকে উদ্ভিক্ষের মধ্যেও ধরা যায় কেন না, উভয়েই উদ্ভেদ করিয়া জন্ম,—
একটা মৃত্তিক। ইউতে, অপরটা ক্লেদ (মহলা) ইইতে।, এই জাতুই
শ্রুতি কেবল তিন জাতির নামই করিয়াছেন।

ত্রপ্যাও যাহা আলোচনা করা গোল, তাহার সারম্ম এই যে—জ্ঞান-সাধক দ্বীর মৃত্যুর পরে দেবঘান পথে গমন করে, পুণাক্মা দ্বীর পিতৃ-যান পথে চন্দ্রলোকে যায়, কতক পাণী যমলোকে ঘাইরা যমঘাতনা ভোগ করিরা আবার জন্মগ্রহণ করে, কতক জীব ক্ল ক্ল ক্ল প্রাণীরূপে মরিঘাই আবার জরে। ইহা ছাড়া ইহজীবনেই যাহারা প্রকৃত আত্মজান লাভ করেন, তাহারা প্রম ব্রক্ষই হইয়া যান, তাহাদের স্বার কোন প্রকার গভি হয় না ।

শিষা। চল্লোক ইইতে অবতরণ প্রসক্ষেত্ত বলেন, "অনস্তর ভাহারা বধাগত পথে পুনরাগমন করে। প্রথমে চক্র হইতে আকাশে, আকাশ হইতে বাযুতে, বাযু হইতে ধুম হয়" ইভাাদি (ছা: ৫. ১০. ৫)।

[•] अ स्थरक विष्णु आलाहना जः एः ६, २, ७ अ कहा हहेबाह्य ।

এন্থলে যে আকাশাদি প্রাপ্তির উল্লেখ আছে, তাহা কি রক্মের প্রাপ্তি । চন্দ্রলোক ইইতে পতিত কীব কি আকাশ, বায়ু, ধুম, ইত্যাদিই ইইয়া যায়, না আকাশাদির সভ হয় । অর্থাৎ তাহারা আকাশাদির স্কল্প প্রাপ্ত হয়, না আকাশাদির সাদৃশ্য প্রাপ্ত হয় ।

গুরু। না, ডাহাদের আকাশাদির স্বরূপ প্রাপ্তি হয় না, কিও আকাশাদির

স্বাভাব্যাপতিঃ উপপত্তেঃ।।২২।।

সাদৃশ্য মাত্র প্রাপ্তি বিভাব্যাপতি:] হয়; বেহেতু সেরূপ হওয়াই যুক্তিযুক্ত [উপপত্তে:]।

চন্দ্রমণ্ডলে যে জলময় শরীর হয়, পুণ্যকণ্মের ফলভোগ হইয়া পোলে সেই শরীর সলিয়া গিয়া স্ক্রে আকাশের মত হয়। তারপর স্ক্রপ্ত লঘুবনিয়া বায়ুকর্ত্ব পরিচালিত হইয়া ধ্মাদির সহিত মিশ্রিত হয়। এইরূপে ক্রমে ধ্মাদিতে প্রবিষ্ট হয়। জীব যদি প্রথমে আকাশন্ত প্রাপ্ত হয়, তবে বায়ু আদি ক্রমে আরোহণের কোন অর্থই হয় না। স্ক্তরাং শ্রুতির তাৎপথ্য এই যে, জীব আকাশাদির সাম্য প্রাপ্ত হয় মাত্র।

শিষ্য। আছেন, ধ্যানাদি ভাব প্রাপ্তির পূর্ব্ব পর্যন্ত যে আকাশাদি ভাব প্রাপ্তি হয়, ভাহ। কি বহকাল ধরিয়া হয়, না শীঘ্র শীঘ্রই সম্পন্ন হয় ?

ওছ। ন অতিচিরেণ, বিশেষাৎ ॥২৬॥

আবাশ হইতে আরম্ভ করিয়া শাস্যাদি ভাব প্রাপ্ত হওয়া পর্যান্ত আবরেংগ দীর্ঘকাল ধরিয়া হয় না [নাতিচিরেণ] পরস্ক শীঘ্র শীঘ্রই সম্পন্ন হইয়া যায়; কারণ আকাশ হইতে আরম্ভ করিয়া শাস্যাদিতে সমনব্যাপার এবং শাস্যাদি ইইতে বাহির হওয়া এই তুই কার্যের বিশেষ

আছে [বিশেষাৎ], ইহা শ্রুতি দেখাইয়াছেন। শ্রুতি বলেন "ধান্তাদি হইতে বহির্গত হওয়া পূর্ব্বাসেকা বিশেষ কাষ্টকর"। ইহাতেই বুঝা যায়, আকাশাদি হইতে নিঃসরণ অল্লায়াসেই হয়, স্বতরাং সময়ও দে জন্ম বেশী লাগে না। কিন্তু ধান্তাদি হইতে নিঃস্ত হওয়া বিশেষ কইসাধ্য।

শিষ্য। আচ্ছা, ধ্যান্তাদিতে প্রবিষ্ট জীবের। কি ধান্তাদির কর্ত্বন, পেষণ ইত্যাদিতে তৃঃধ ভোগ করে ? অর্থাৎ ধান্তাদিভাব প্রাপ্ত হইয়া কি তাহারা ধান্তাদির স্থুথ ভাগী হয় ? অর্থাৎ সেই সব শক্তার অধিষ্ঠাতা জীব কি তাহারাই, না অন্ত জীবাধিষ্ঠিত ধান্তাদিতেই চন্দ্রলোকচ্যুত
জীবের প্রবেশ মাত্র হয় ?

ত্তক। অন্যাধিষ্ঠিতে পূৰ্ব্ববৎ অভিলাপাৎ ॥২৪॥

অন্ত জীব কর্তৃ ক অধিষ্ঠিত ধান্তাদিতেই [অন্তাধিষ্ঠিতে] চন্দ্রলোক-চাত জীবের প্রবেশমাত্র হয়, ধান্তাদি জীবরূপে তাঁহারা মৃথ্য জন্মলাভ করে না : যেহেতু পূর্বের বায় প্রভৃতির ন্যায় [পূর্ববং] ধান্যাদিতেও সংখ্রেষ (মিশ্রণ)—মাত্র হয়, ইহাই শ্রুতি বলিয়াছেন [অভিলাপাং]।

বায়, ধৃম ইত্যাদিতে ঘেমন সংশ্লেষ হয়, ধান্যাদিতেও সেইরূপ সংশ্লেষই হয় : যদি ধান্যাদিতে মুখ্য জন্ম খাকার করা যায়, তবে সেই ধান্যাদিরূপ দেহের নাশে সেই জাবের মৃত্যু হইল বলিতে হউবে। কিন্তু তাহা হইলে রেতঃসেক্তার (পিতার) সহিত যোগ হইয়া চন্দ্রচাত জীব মহায় দেহ প্রাপ্ত হয়, শ্রুতির এই দিদ্ধান্তের সহিত বিরোধ ঘটে। ধান্যাদিতে প্রবেশ যদি মুখ্য জন্মই হয়, তবে ধ্যাদি প্রাপ্ত হইয়া বেতঃসিক্ যোগে মহায় দেহ লাভ হয়, শ্রুতি এরূপ বলিবেন কেন ? স্কুতরাং ধান্যাদিতে প্রবেশ-মাত্র হয়, ধান্যাদিতে 'আমি,

320

আমার' ইত্যাকার কোন অভিমানও তাহার হয় না। কাজেই দে ্ধাক্তাদির হুথ হুংধের ভাগীও হয় না। অবশ্য এরূপ বলি না যে, শান্তাদি কোন জীবেরই ভোগায়তন (ভোগের জন্ত শরীর) নয়; তেবে যাহারা চন্দ্রলোক হইতে অবতরণ করে, তাহারা ধান্তাদিতে আত্মাভিমানী জীব নয়, তাহাদের সহিত ধান্তাদির সংশ্লেষ হয় মাত্র।

শিশু। কিন্তু চন্দ্রলোকচাত জীবই শস্তাদি হইয়া তুঃপ ভোগ করে, এরপও ত বলা যায়। কারণ যাহারা যজ্ঞাদি পুণাকর্ম করে, তাহারাই চক্রলোকে যায়। কিন্তু যজ্ঞাদি করিতে পশুহিংসাও করিতে হয়। তাহাতে অবশ্য তাহাদের পাপ হয়। সেই পাপের ফল আর কিছু চন্দ্রলোকে ভোগ করিতে পারে না. সেই পাপের ফল ধারাদিরূপে ভোগ হইয়া যায়। স্বভরাং ধাকাদিভাব প্রাপ্তিও মুগা জন্মই, যেহেতু ষজ্ঞাদি কৰ্ম

অশুদ্ধমু ইতি চেং-

অন্তদ্ধ, হিংদাদি পাপমিশ্র, এবং তাহার ফলভোগ করাও আবশ্যক— এরপ যদি [ইতি চেং] বলি ?—

न, भक्ति ॥२८॥

না, যজ্ঞাদি কর্মকে অশুদ্ধ বলিতে পার না [ন], কারণ, শাস্তই উহার বিধান দিয়াছেন [শকাৎ]। কোন কার্য্যে ধর্ম হয়, কোন কার্ষ্যে অধর্ম হয়, তাহা শান্ত ছাড়া জানিবার উপায় নাই। দেখ, যে দেশে, ষে कारन. ८य कात्ररन, याहा धर्म वनिया गना हय, क्रिक त्मरे कार्यारे जान দেশে, অন্ত কালে বা অন্ত কারণে অধর্ম বলিয়া পরিগণিত হইতে পারে। মুতরাং শাস্ত্র যথন যজ্ঞাদিতে পশু বধের বিধান দিয়াছেন, তথন তাহা माधादन मृष्टिष्ठ दिश्मा इहेरन् छाहार् कान नान हहेर् नारत ना। শিশু। আছা, ধাঞাদিভাব প্রাপ্তির পর কি হয় ?

৩৯। রেভঃসিগ্যোগঃ অথ।।২৬॥

ভারপর [অধ] যিনি রেত: ভাগে করেন অর্থাৎ পিতা, ভাহার সহিত যোগ হয়। শতাদি ভক্ষিত হইয়া রেত:রূপে পরিণত হয়। এখানেও দেখ, রেত:-দেকার সহিত সংল্লেষ মাজ হয়, জীবই স্বয়ং রেত:সেকা হয় না: ইহা হারাও বৃঝা যায়, ধাকাদির সহিত সংশ্লেষ মাজই হয়।

রেড:সেক্তার সহিত থোগ হওয়ার পরে যোনিতে নিক্ষিপ্ত হয়। ভারপর সেই চশ্রলোকচাত জীব

(यारनः भर्तीत्रम् ॥२१॥

যোন ২ইতে ভোগোপকরণ শরীর লাভ করে। এইরপে চন্দ্রলোক্যুত জীবের পুনরায় জন্মলাভ হয়।

তৃতীয় অধ্যায়

দ্বিতীয় পাদ

গুরু। একণে জীবের স্বপ্ন, স্বৃধ্যি ইত্যাদি আবস্থার জালোচনা করা যাউক।

স্বপ্ন

শিশু। স্বপ্লাবস্থায় যে সমন্ত পদার্থ অহুভূত হয়, তাহা কি সভা, না কালনিক ? "সে স্থানে (অর্থাৎ স্বপ্লে) রথ থাকে না, রথের বাহন অস্থ থাকে না, রান্তা থাকে না, অথচ রথ, অস্থ, রান্তা ত্রুষ্টি কেন্তে?" (বৃ: ৪.৩.১০) ইত্যাকার শ্রুতি হইতে ত মনে হয় যে, স্থপের কৃষ্টি কাগ্রৎ কৃষ্টির ন্থায়ই সভা। স্ক্তরাং বলিতে হয়

সন্ধ্যে স্মষ্টিঃ, আহ হি॥।।।

যথে [সংদ্ধা] • জাগ্রৎ অবস্থার ক্রায়ই সত্য স্ষ্টি হয় [স্টিঃ]; থেহেতু [হি] শ্রুতি সেইরূপই বলেন (আহ]।

নির্মাতারং চ একে পুত্রাদয়শ্চ।।২।।

আবার [5] কোন কোন বেদের শাথায় [একে] আত্মাকে কামের
ন্ত্রী বা নির্মাতা [নির্মাতারম্] বলা হইয়াছে। আর [চ] ও স্থনে
কামশব্দে পুত্রাদি কাম্য পদার্থই [পুত্রাদয়ঃ] বুঝায়। "ইন্দ্রিষণ
স্থাইলৈ যিনি বাঞ্চিত পদার্থ নির্মাণ করিয়া জাগ্রত থাকেন—"
(ক: ৫.৮) ইত্যাদি বাক্যে ঐ নির্মাতা বা ন্ত্রী পর্মেশ্র বলিয়াই
মনে হয়, কারণ ঐ স্থলে তাঁহার সম্বন্ধেই আলোচনা আছে। স্ত্রাং

জাগ্রৎ ও সুবৃত্তির সন্ধিত্বলে।

পরমেশ্বরই যথন স্বপ্ন পদার্থের স্রষ্টা, তথন স্বাপ্লিক পদার্থও জাত্রং পদার্থের আয়ই সত্য হইবে।

গুরু। না বংদ! স্বপ্লের সৃষ্টি জাগ্রাদবস্থার পদার্থ সকলের স্থায় সভ্য নহে, উহা

মায়ামাত্রং তু কার্ৎস্নেন অনভিব্যক্ত-স্বরূ**পত্বা**ৎ।।৩।। কেবল মায়াম্যী [মায়ামাত্রম্]; বেহেতু, জাগ্রদবন্থার পদার্থ সম্হের ষে সমস্ত স্বভাব, তাহা স্বপ্ন-পদার্থে সম্পূর্ণরূপে [কাৎস্নেন] অভিব্যক্ত হয় না [অনভিব্যক্তশ্বরূপতাং]। অন্ততঃ ব্যবহারিক হিসাবেও যে সমস্ত কারণে আমরা বস্তুর সত্যতা নির্দ্ধারণ করি, তাহার কোনটীই ম্বপু দৃষ্ট পদার্থে নাই। প্রথমত: মনে কর, স্বপ্নে একটা প্রকাণ্ড অট্রালিকা দেখিলে। এই ফুদ্র দেহাভান্তরে ওরূপ বৃহৎ অট্রালিকার স্থান সম্থলন হয় কি ৷ স্বপ্লাবস্থায় জীব দেহ হইতে বহিৰ্গত হইয়া বস্ত উপলন্ধি করে-এরপও বলিতে পার না। কেন-না, মনে কর-তৃমি এই গৃহে শয়ন করিয়া আছ। স্বপ্নে দেখিলে হিমালয়ে পরিভ্রমণ করিতেছ। এরূপ অল্ল সময়ে অতদুর যাওয়া কি সম্ভব ? আবার এমন স্বপ্নও হয়, যাহাতে প্রত্যাবর্তনই হয় না, স্বপ্নদৃষ্ট দূরদেশে থাকিতে थाकिट्ट अप्र जिम्मि गाम। अट्य यनि कीत म्यार्थ है त्नर हाफिया অন্তত্ত চলিয়া যায়, তবে যে ক্ষেত্তে প্রত্যাবর্ত্তন হয় না, সে স্থলে দেহ ত নিজ্জীৰ হইবার কথা,কিন্তু তাহাত হয় না। স্বতরাং স্বপ্নাবস্থায় জীব দেহ ছাডিয়া যায় না, ইহা নিশ্চিত। আবার দেখ, স্বপ্ন দেখিতেছ রাত্রে, অধ্চ মনে হয়, দিন। স্বপ্ন হয়ত পাঁচ মিনিট ব্যাপিয়া হইল, অধ্চ মনে হয় যেন পাচ দিন কাটিয়া গিয়াছে। স্বতরাং কাল সম্বন্ধেও স্বপ্নের সতাতা নাই। তারপর দেখ, স্বপ্লাবস্থায় ইন্দ্রিয়াণ নিচ্ছিয় থাকে,

অথচ মনে হয় যেন চক্রাদি ইন্দ্রিয় বেশ নিজ নিজ কাজ করিতেছে।
বিশেষতঃ স্বপ্রদৃষ্ট পদার্থ জাগ্রত হইলে মিথা। বলিয়াই প্রতীত হয়।
এমন কি, স্বপ্রেও সময়ে ঐ সমস্ত পদার্থ মিথা। বলিয়া বোধ হয়।
একটী মাহ্ব দেখিতে দেখিতে হস্তী হইয়া যায়, আবার সেই হস্তীই মূহ্র্ত্ত
মধ্যে একটী অট্টালিকায় পরিণত হয়—এরপ স্বপ্র কিছুতেই সত্য হইতে
পারে না। স্বতরাং স্বপ্রদৃষ্ট পদার্থ মায়া বা ইন্দ্রজাল ছাড়া আর কিছুই
নয়। উহা কেবল সংস্কার-সহায়ে অজ্ঞানের পরিণাম বা বিজ্ঞা মাত্র।
তবে স্বপ্র মায়ার বিজ্ঞাণ হইলেও উহা দ্বারা সময়ে সত্যের আভাস

বা ইঞ্চিত পাওয়া যায়। কেন-না স্বপ্ন ভবিয়াৎ শুভাশুভের

সূচকঃ চ হি শ্রুতেঃ আচক্ষতে চ তদ্বিদঃ।।৪।।

স্চক, যেহেতু; শ্রুভিও সে কথা বলেন [শ্রুভিঃ হি] এবং সম্বাত্তবিৎ পণ্ডিতেরাও [তিছিলঃ চ] সেরূপ বলেন [আচক্ষতে]। শ্রুভি বলেন, "কোন কাম্য কর্ম্ম সম্পাদন কালে স্থায়ে যদি স্ত্রীদর্শন হয়, তবে সেই স্থা দর্শনের ছারা সেই কাম্য কর্ম স্থানির ইইবে— ছানিও" (ছাঃ ৫.২.৯)। "সপ্রে কৃষ্ণবর্গ, কৃষ্ণনন্ত পুরুষ দৃষ্ট ইইলে সেই পুরুষ স্থান্দ্রীর বিনাশ স্চনা করে।" এই সব শ্রুভি বাক্য ও স্থাত্তব্বিদ্যাণের উক্তি ইইতে ব্রাঘায় যে, স্থা নিছে মিথ্যা ইইলেও ভবিশ্বং ঘটনার স্চক।

শ্রুতিতে যে স্বপ্নে রথাদির স্পষ্টির কথা বলা হইরাছে, তাহা বাস্তব স্পষ্ট অথে উক্ত হয় নাই। জীব সংস্কার বশে ও অবিদ্যার প্রভাবে ওরূপ এক একটা কল্পনা করে মাত্র। ঐ স্পষ্ট ব্রহ্মপ্রকরণে উক্ত হইলেও উহা ব্রহ্মের স্পৃষ্টি নয়, স্কীবেরই কাল্পনিক স্প্রিমাত্র। স্বপ্নাদি বিভিন্ন অবস্থায় জীবের স্বরূপ প্রদর্শন করিছা সে যে ব্রন্ধ ছাড়া আর কিছুই নয়—ইত ঐশ্বনে তাহাই প্রতিপন্ন করিয়াছেন। তবে সেই অপ্রের স্টেতেও সেই সক্ষনিয়ন্তাই অধিষ্ঠাতা বটেন। তাঁহার অধিষ্ঠান ব্যতীত জীব কোনরূপ কল্পনা করিতেও অক্ষন। ব্যবহারিক স্টেতে ও বাপ্রিক স্টিতে প্রধান পার্থকা এই যে, বাবহারিক স্টি একমাত্র ব্রন্ধজানেই মিধ্যা বলিছা প্রতিপন্ন হয়, আর আলিক স্টি প্রতিনিশ্বতই বাধিত হয়।

শিষা। সংজ্ঞা জীব ধ্যন ঈশ্বরের আংশ, তখন ভাছারও আবভা ঈশ্বরে মাত অক্তঃ কিছিং পরিমাণ ঐশ্বাশক্তি আছে। ক্লালিকেরও কিঞিং সাহিকাশক্তিও প্রকাশক্তি আছে। স্তরাং সেই ঐশ্বিকি শাকিব বলে জীব কথা সেতা সভাই র্থাদি ক্ষু কিরে, এরূপে ব্লাভি দোম কি শু

গুরু। লোক আছে: জাব ইম্ববের অংশ ইইকেও উভয়ের পার্থকাও ব্রেষ্ট ইম্বর হয়ন যে সংকল্প করেন, ভাহা ভানুহর্তেই সিদ্ধ হয়, কিন্তু জীব যাহা সকল করে, ভাহা করাচিথ কাথ্যে পরিণত হয়। ভাবের উন্ধ্যাশক্তি আছে বটে,

প্রাভিধ্যানাং তু তিরোহিতন্, ততঃ হি অস্ত বন্ধ-বিপর্যায়ো ॥৫॥

াক্ষ্ু তু তাহা আবদার আবরণে ভিরোহিড [ভিরোহিডম্] থাকে, কাষ্ট্রী ইইডে পারে না, অবিদ্যা দেই শক্তিকে ব্যক্ত হইডে দেয়না, ক্ষ্কবিষারাধো যখন প্রমান্তার থানের বারা [প্রাভি-ধ্যানাথ] দেই অবিদ্যার আবরণ ভিত্ত হয় যায়, অর্থাথ যথন 'আমি ব্রক্ষ্ণ ধ্যানযোগে এই জ্ঞান উদিত হয়, তথন জীবের ভিরবিছ জ্ঞানৈৰ্য্যশক্তি আপনিই প্ৰকাশ পায় এবং তথনই সে मर्क्स कियान् इषः। তৎ পূর্কে জীবের সাধ্য নাই যে সে স্থেপ্ত ওরপ অভুত অভুত পদার্থ মধার্থই সৃষ্টি করিতে পারে। এই জন্মই [ছি] জীবের [অন্য] বন্ধ এবং মোক্ষও [বন্ধ-বিপর্যায়ী] পর্মেশরের অধীন তিতঃ । পর্মেশরের স্বর্পজ্ঞানে মোক্ষ এবং শুরূপের অজ্ঞানে বন্ধ। যতদিন অজ্ঞান বা অবিদ্যা, ততদিনই শক্তির অবরোধ: জ্ঞান হইলে জীবের সর্বাপক্তিমতা মতঃই প্রকাশ পায়।

দেহযোগাৎ বা সঃ অপি ॥৬॥

সেই যে জ্ঞান ও ঐশ্বয়াশক্তির তিরোভাব, তাহাও [সো**ং**পি] षावात (महमयम बाकाय [(महत्यानाया] हथ। क्रीत्वत क्रान अ ঐশব্রিক শক্তি দেহ, ইন্দ্রিয়, মন ইত্যাদির সম্পর্কে অবরুদ্ধ থাকে। मिश्रामनारे कांत्रिए पांच बाकिल्य छाराव समन क्षकाम नारे. সেইরপ জীবের স্বাভাবিক শক্তিও অপ্রকট। জীব ও এদ বস্ততঃ चित्र हरेल्थ (महामिट्ड चिमानरे कीव्रक थर्स क्रिया तार्थ। স্থাতরাং দে সম্বন্ধাতে রথাদি সৃষ্টি করিতে পারে না। অভএব স্থপ याशा वा रेक्सकान हाफ़ा चाद कि इरे नश्।

হুষুপ্তি

निरा। चप्रहोन गार्जिखात्करे स्वृधि वरन। त्मरे खबदा উদেশ করিয়া কোন শ্রুতি বলেন, "জীব তথন হিতা নামক নাড়ীতে

শয়ন করে" (ছা: ৮.৬.৩)। কোন শ্রুতি বলেন, "জীব তথন পুরীতিতে (হৃদয়াভাস্তরে) শয়ন করে" (র:২০১১৯)। আবার কোন শ্রুতি বলেন, "জীব তথন প্রহ্মাত্মাহা বিশ্রামলাভ করে" (ছা: ৬.৮.১)। এরপ বিভিন্ন স্থান নির্দেশ করিবার উদ্দেশ্য কি ধ

পুর । শ্রুতি বস্ততঃ সুষ্পুতে বিভিন্ন স্থানের নির্দেশ করেন নাই। শ্রুতির তাংপ্যা এই থে,

তদভাবঃ নাড়ীযু তৎ-শ্রুতেঃ আত্মনি চ ॥৭॥

স্থের অভাব অধাৎ স্থ্পি [তদভাব:] নাড়ীতে [নাড়ীয়্],
পুরীততে এবং পরমাত্মাতে [আত্মনি চ] হয়; যেহেতু শ্রুতি
সেইরপই বলেন [তচ্চুডে:]; অথাৎ জীব স্থাপ্তির জন্ম 'হিতা'নামক
নাড়ীপথে 'পুরীততে' গমন করিয়া পরমাত্মায় বিশ্রামলাভ করে—
ইহাই শ্রুতির ভাৎপণ্য। দেব, শ্রুতি স্থাপ্তি সম্বন্ধে বলেন যে, "জীব
তখন ব্রহ্মসম্পন্ন হয়" (ছা: ৬. ৮. ১) [কিন্তু অজ্ঞানবীজ বর্ত্তমান
ধাকায় ব্রিতে পারে না যে, 'আমি ব্রহ্ম ইয়াছি'] এবং তখন
'এটা ওটা সেটা' ইত্যাকার ভেদজ্ঞানও লোপ পায়। এই সমন্ত শ্রুতির
উক্তি হইতে প্রতিপন্ন হয় যে, জীব স্থাপ্তি কালে পরমাত্মাতেই
অবস্থান করে, শ্রাড়ী, পুরীতৎ এই সব তাহার ঘারমাত্র।

^{*} স্বৃত্তিতে অজ্ঞান ব্যতীত অস্তান্ত উপাধি অপগত হয় বলিয়। জীবের য়য়প অনেকটা অনাবৃত হয়। এইজন্ত শান্তকারগণ জীবের য়য়প বৃঝাইতে বিশেষভাবে স্বৃত্তির আলোচনা করিয়াছেন। স্বৃত্তি ও সমাধি বা য়য়পে ছিতির মধ্যে পার্থকা এই বে স্বৃত্তিতে অক্তানরূপ উপাধি থাকে, সমাধিতে থাকে না।

তারপর, স্বৃপ্তির স্থান যে আত্মা, সে বিষয়ে কোন সন্দেহই নাই: কারণ,

অতঃ প্রবোধঃ অস্মাৎ ॥৮॥

আত্মাই সুষ্প্তি স্থান বলিয়া [অত:] শ্ৰুতি আত্মা হইতেই [অম্মাৎ] প্রবোধ [প্রবোধঃ] হয়—ইহা বলিয়াছেন। শ্রুতি দেখাইয়াছেন যে, জীব প্রমাত্মা হইতেই [নিদ্রাভঙ্গে] পুন: প্রবৃদ্ধ (জাগরিত) হয়—নাড়ী বা পুরীতৎ হইতে নহে। স্থতরাং এই উল্লি হইতে জানা যায় যে, জীব প্রমাত্মাতেই স্থপ্ত হয়।

শিষা। আচ্ছা, যে জীব স্থু হয়, দেই কি জাগ্ৰ হয়, না অন্ত কেই ?

গুরু। এরপ সন্দেহ কেন করিতেছ ?

শিষ্য স্বৃপ্তির অবস্থায় জীব বথন ত্রন্ধের সহিত মিলিত হইয়া ষায়, তথন দে-ই যে আবার উথিত হয়, তাহা বুঝি কিরূপে? ममुद्भारत मर्था এक विन् अन किनाम मिनाम, आवात এक विन् अन উঠाইनाम ; এক্ষণে এই জনবিন্দৃই যে সেই পুর্বের নিক্ষিপ্ত জনবিন্দু, ভাহাত দ্বির করা যায় না, হইতেও পারে, নাও হইতে পারে।

গুরু। না, বংস। যে স্থা হয়,

স এব তু কর্ম্ম-অনুস্মৃতি-শব্দ-বিধিভ্যঃ ॥৯॥

দে-ই [স এব তু] উথিত হয়, অত্যে নহে,—ইহা রুশ, অনুসৃতি; সাক্ষাৎ শ্রুতি বাক্য ও শাস্ত্রীয় বিধিবাক্য ছারা [কর্মানুন্মতি-শব্দবিধিভা:] নির্ণয় করা যায়। (১) দেখ, স্থপ্তির পূর্বের যে কর্ম অর্দ্ধমাপ্ত অবস্থায় থাকে, স্থপ্তিভঙ্গের পর সেই কর্মেরই অবশিষ্ট ভাগ অহুষ্টিত হইতে দেখা যায়। স্বপ্ত ও স্থোখিত ব্যক্তি যদি এক

না হয়, ভবে এরপ ইইতে পারে না! একের আরফ কর্ম শেষ করিতে অন্যের প্রবৃত্তি হইবে কেন্ ? (২) হপোথিত বাক্তি বে খারণ করে 'আমিট অমুক অমুক করিয়াছিলাম'—ইহা ঘারাও প্রমাণিত হয় যে দে-ই জন্ম ইইয়াভিল। (৩) এতি ম্পট্ট বলিয়াছেন যে, "যে যেজাবলপে হুপু হয়, সে সেই জীবলপেই উথিত হয়" (ছাঃ ७.२.०)। (s) जात्रभत्र, এकवात श्रश्च इटेलिट यनि खोरवत वास्त्रिय (identity) অনি ভিত হইয়া যায়, তবে কি কর্মবিধি ('এরপ এরপ করিবে'—ইত্যাকার পালের মাদেশ), কি জ্ঞানবিধি ('জ্ঞান লাভ করিবে'--ইত্যাকার শাস্ত্র: সমস্তই বার্থ হইয়া পড়ে। বস্তত: জলবিন্ত বাজিও নিশ্চয় করিবার কোন উপায় না পাকিলেও জাবের বাজিও নিদ্ধারণ করিবার উপায় যথেইই পাওয়া যায়। সামি, তুমি, রাম, ভাম, এইরূপ যে জীবে জাবে একটা পার্থক্য, ভাষা আমার, জোমার, রামের, শুমের এক একটা পুথক পুথক নিদিট উপাধি নিবন্ধনই হয়। এই উপাধি না থাকিলে (জাগ্রতানি সমত অবস্থানই) জীবে জীবে কোন পাৰ্থকাই থাকে না। একমাত্র আগ্রজ্ঞান ব্যতাত দেই উপাধিলয়ের বিতীয় পদা নাই। স্থতরাং কি क्षति. कि क्षात्रात्रात्रात, नव नमरवहे निष्कि छेशाधि खोरवज नरक नरकहे থাকে: ফলে হপ্তাথিত ব্যক্তি রাম, কি স্থাম এম্বপ সম্পেহের অবসরই হয় না। সৃষ্প্তিতে স্থল দেহ, ইদ্রিষ, মন ইত্যাদি উপাধির লয় হইলেও প্রত্যেক জীবের অঞ্জানবীজ্বপ উপাধি পূর্ববংই বর্তমান थाक, এवः ए।शत প্রভাবেই আবার প্রবোধ হয়, না इইলে পুন: প্রবেধই অসপ্তব হইত। আর জলবিন্দুর দৃষ্টান্তও ঠিক নয়। জ্ঞান विस्टब (र डाटव भृथक् कत्रा शाम, खीवटक किंह तम डाटव भृथक् कत्र। বছে ন:। প্রমাত্ম: তথাধি সম্পকে জীব বলিয়া ক্ষিত হন-

ইহা বারংবার বলিয়াছি, স্মরণ রাখিও। স্থতরাং যে স্বপ্ত হয়, সে-ই প্ৰবৃদ্ধ হয়, ইহা নিশ্চিত।

শিষ্য। সুৰ্চ্ছাকি ?

প্তরু। মুচ্ছা জাগ্রত অবস্থা নয়, কারণ তথন ইক্রিয়গণ নিজিয় থাকে ও চৈতন্তের কোন অভিব্যক্তি হয় না। মূর্চ্ছা রপ্নও নম, কারণ স্বপ্নে ইন্দ্রিয়গুলি নিজিয় থাকিলেও মন আপনার কাজ क्तिएक थारक। ইहारक मृज्यु वना यात्र ना, कावन मृष्टिक অবস্থায়ও প্রাণক্রিয়া চলিতে থাকে, শরীরের উত্তাপও বর্ত্তমান থাকে, এবং মৃতব্যক্তির শরীরে পুনরায় চেতনার সঞ্চার হয় না, কিন্তু মৃচ্ছিতের হয়। আবার মৃচ্ছাকে ঠিক হৃষ্প্তিও বলা যায় না, কেন-না च्युरक्षत मूथमञ्ज व्यमः, त्नज निभीनिष्, ५वः (मर निक्रम्भ शारक, শাসপ্রশাসও নিয়মিতভাবেই প্রবাহিত হয়; কিন্তু দীর্ঘকাল শাসক্দ হয়, দেহ অনেক সময় কম্পিত হয়, মৃচ্ছিতের মুধমণ্ডল বিকৃত হয়, নেত্রও উন্মীলিত থাকিতে পারে। স্বপ্ত ব্যক্তিকে অতি সহজেই জাগ্রত করা বায়, কিন্তু মৃচ্ছিতকে অতি কটেই চেতন করা যায়। ইন্দ্রিখাণ পরিপ্রান্ত হইলে স্থপ্তি আদে, মৃচ্ছা আঘাতাদি কারণে উৎপন্ন হব। এই জন্ম

মুশ্ধে অর্দ্ধদম্পপ্তিঃ পরিশেষাৎ॥১০॥ পরিশেষে [পরিশেষাৎ] বলিতে হয় যে, মৃচ্ছিত অবস্থায় [মুখে] ৰতৰটা সৃষ্ধ্যি-অবহা প্ৰাপ্তি, কডকটা অন্তান্ত অবহা প্ৰাপ্তি [অর্দ্ধসম্পত্তি:] হয়।

শিষ্য। সুষ্প্তি অবস্থার আলোচনা-প্রসঙ্গে আপনি বলিয়াছেন যে, এক ব্রহ্মই জাগ্রতাদি অবস্থাতে বর্ত্তমান থাকেন, তবে ঐ সমন্ত উপাধি (অবস্থা)নিবন্ধনই তাঁহাকে জীব বলা হয়। তাহা হইলে ত ব্রহ্ম অবস্থার অতীতরূপে এক প্রকার, আর অবস্থার সহযোগে অন্ত প্রকার, অর্থাৎ ব্রহ্মের ঘৃইটী রূপ—একটী অবস্থার অতীত, তাহাতে কোন প্রকার ভেদ বা বিশেষ নাই, অথও, নির্কিশেষ; অপর অবস্থার অধীন, স্বিশেষ। স্ব্বিস্থাহেন ও নির্কিশেষ ব্রহ্মের এই ঘৃই রূপই শ্রুতি প্রদর্শন করিয়াছেন। স্বত্তরাং শ্রুতিবলেই প্রমাণিত হয় যে, ব্রহ্ম অবস্থাভেদে উভয়রূপ—সর্থাৎ তিনি নির্কিশেষও বটেন, স্বিশেষও বটেন।

গুরু। না, বংস! একই বস্তু সবিশেষ ও নির্কিশেষ এরপ পরম্পর—একাস্তবিরুদ্ধ স্বভাবান্তিত ইইতে পারে না। অর্থাণ একই ব্রহ্ম বিশেষ বিশেষ রূপ (যেমন, মহ্যা, পশু, বৃক্ষ, লতা ইত্যাদি)যুক্ত এবং রূপাদিবিহীনও—এরপ ইইতে পারে না। কোন বস্তুর স্বরূপ সম্বন্ধে ওরূপ বিরুদ্ধ উক্তি প্রযুক্তই ইইতে পারে না। শুতির প্রামাণ্য যত বছই ইউক না কেন, ওরূপ বিরুদ্ধ উক্তি করিলে সেই শুতি প্রবাণ মাত্রে পর্যাবসিত হয়। তাদৃশ বিরুদ্ধ উক্তি ছারা ব্রহ্ম সম্বন্ধে কোন ধারণাই কাহারও ইইতে পারে না।

শিষ্য। আচ্ছা, একই সময়ে ও একই অবস্থায় একবস্ত বিরুদ্ধর্মান্থিত হইতে না পারিলেও বিভিন্ন অবস্থায় ওরপ হইতে বাধা কি? যেমন, একই ব্যক্তি জাগ্রৎ অবস্থায় একরপ, স্থপাবস্থায় অক্তরপ, সম্থাবস্থায় আবার আর একরপ। সেই প্রকার ব্রহ্মও অবস্থাভেদে ক্ষনও রূপাতীত (নির্কিশেষ), কথনও রূপবান্ (স্বিশেষ) হইতে পারেন।

গুল। ন স্থানতঃ অপি পরস্থা উভয়লিঙ্গম্, সর্বত্ত হি॥ ১১ ॥

না, অবস্থাভেদেও [স্থানতোংপি] পরম ব্রন্ধের [পরক্ত] সবিশেষ ও ও নির্বিশেষ এই উভয়স্বভাব [উভয়লিকম্] সতা হইতে পারে না [ন], থেহেতু [হি] সমন্ত শ্রুতিতেই [সর্বাত্র] ব্রন্ধকে নির্বিশেষ ব্রিয়া প্রতিপাদন করিবার অভিপ্রায় পরিস্কৃট।

উপাধি থাকিলেও বস্তুর যাহা সত্যিকারের স্থান, তাহার কদাচ ব্যতায় হইতে পারে না, হয়ও না। জ্বাপুশারপ উপাধির সহযোগে স্বচ্ছস্থরপ শাটিকথওকে রক্তবর্ণ বলিয়া বোধ হইলেও বাস্তবিক আর ঐ শাটিকথও রক্তবর্ণ হইয়া যায় না, উহার স্বচ্ছতা উপহিত অবস্থায়ও প্র্বাপর একরপই থাকে। রক্তবর্ণ বলিয়া যে প্রতীতি হয়, তাহা ভ্রম ছাড়া আর কি পু একগাছি দড়িকে একটা সাপ বলিয়াই মনে কর, কিম্বা একথানা লাঠি বলিয়াই মনে কর, দড়ি কিম্ব দড়িই থাকে। বস্তুর স্থারপ যাহা, তাহা অবস্থানভেদেও একই রূপে বর্ত্তমান থাকে, অবস্থার ভেদে যাহা ভিন্ন ভিন্ন হইয়া পরিবর্ত্তিত হয়, তাহা বস্তুর স্থারপ হইতে পারে না। স্থারপের পরিবর্ত্তন বা বিচ্নুতি মানে বস্তুটীরই ধ্বংস। পরমাত্মা বস্তুতঃ যাহা, সর্ব্ব অবস্থায় তিনি ভাহাই থাকেন, উপাধি যোগে যদি তাঁহাকে অন্তর্প মনে হয়, ভবে সেইরপ মনে হওয়া নিশ্চয়ই ভ্রম। স্বত্তরাং উপাধিযোগেও পরমার্থতঃ ব্রন্ধকে সবিশেষ ও নির্ধিশেষ—এই তুই স্বভাবাহিত বলা যায় না।

শিষ্য। আচ্ছা, ব্ৰেক্ষর তুইটা রূপই নাহ্ম সত্য নাহইল। কিন্তু তিনি যে কেবল নির্ধিশেষই, তাহা স্থির করেন কিরুপে? শ্রুতি ত উভয়রপের কথাই বলিয়াছেন। হুতরাং, ব্রন্ধের সবিশেষরপই সভ্য, নির্মিশের রূপ ভ্রম, এরপণ্ড ত বলিতে পারি। নির্মিশেষের প্রতি এত পক্ষপাত কেন? বিশেষ শুতি যখন নানা প্রকারে ব্রন্ধের ভেদ প্রদর্শন করিয়াছেন—ধ্যমন, চভূষ্ণাং ব্রন্ধ, বৌড়শকল ব্রন্ধ, বামনতাদি-গুণ্যুক্ত ব্রন্ধ, ব্রৈলোক্যম্বরীর ব্রন্ধ, বৈশ্বানর ব্রন্ধ ইত্যাদি। স্থতরাং নির্মিশেষের প্রতি প্রস্পাত

ন, ভেলৎ ইতি চেৎ ?

ঠিক নয় [ন]; যেহেতু, শুভিই নানা প্রকারে অক্ষের ভেদ বা স্বিশেষভাব প্রদর্শন করিয়াছেন [ভেদাং], এরপ যদি বলি [ইডি চেং]?

গুঞা বংস! শ্রুতি উভয়ন্তপের কথাই বলিয়াছেন বটে, কিন্তু
একট বসর ওরূপ উভয়ান্তক সভাব যুগন একান্তই অসম্ভব, তগন ঐ
উভয়ের একটাই সভা বলিয়া গ্রহণ করা ছাড়া গভান্তর নাই। একংশ কোনটা গ্রহণ করিব, ভাষা নিগহ করিতে হইলে ছুইটা বিষ্তের প্রতি
প্রক্ষা রাখিতে হইবে:—প্রথম সেখিতে হইবে, শ্রুতির ভাৎপর্যা কোন্
পক্ষে। খিতীয়তা, প্রইয় এই যে, সকল শ্রুতিই যুগন সমান প্রামাণ্য,
ভগন কোনটাকেই একেবারে পরিভাগে করা যাইতে পারে না। অথচ
ভূই জাভীয় শ্রুতি পরম্পরবিক্ষ কথা বলেন। একংশ ভাবিয়া দেখ,
শ্রুতি কি সভা সভাই একটা গোঁজামিল দিবার উদ্দেশ্রে ওরূপ বিক্র
উল্লি করিয়াছেন মুখনি গোঁজামিল দেওয়াই শ্রুতির উদ্দেশ্র হয়, ভবে
কি করিয়া আম্বা শ্রুতির প্রতি আশ্বানন ও প্রভাগনাই হইতে
পারি মু উহাকে যে উন্যত্তর প্রসাপ বলিয়াই গণ্য করিতে হয়।
কিন্তু শ্রুতিকে যুগন আম্বা চিরসভা ও স্ক্রেটে প্রমাণ বলিয়া শ্রীকার

করি, তথন নিশ্বয়ই শ্রুতি নির্দ্ধোষ—ইহাও অবশ্র শীকার করিতে হইবে। তাহা হইলে বিচার করিতে হইবে. শ্রুতি ওরূপ আপাত:-বিরুদ্ধ কথা কেন বলিলেন ? শ্রুতির গৃঢ় অভিপ্রায় কি ? শ্রুতি কোন্ পক্ষ প্রতিপাদন করিতে চান—সবিশেষ, না নির্কিশেষ ?

ভারপর বিবেচনা করু, সবিশেষ প্রতিপাদন করা শ্রুতির উদ্দেশ হইতে পারে কিনা। যদি স্বিশেষকে স্তার্রপে প্রতিপাদান করা শ্রুতির উদ্দেশ্য হয়, তবে নির্ব্বিশেষবোধক শ্রুতির গতি কি ? আর স্বিশেষ মিখ্যা এই তথা প্রতিপাদন করিবার জন্মই যদি স্বিশেষের অবতারণা হইয়া থাকে, তাহাতেই বা শ্রুতির লাভ কি? পক্ষান্তরে আবার বিবেচনা করু নির্বিশেষ প্রতিপাদন করায় শ্রুতির কোন বিশেষত্ব আছে কি-না, এবং তাহাতে স্বিশেষবোধক শ্রুতি অনুর্থক হইয়া পড়ে কি-না। মোটের উপর এমন একটা পন্থা আবিষ্কার করিতে হইবে, যাহাতে শ্রুতির ঐ আপাত:বিরোধের একটা ন্যায়সকত সামঞ্জন্য ও মামাংসা হইবে, অংচ উভয় জাতীয় শ্রুতির প্রামাণাও অব্যাহত থাকিবে।

এক্ষণে দেব, সবিশেষ অধাৎ ভেদ প্রতিপাদন করা শ্রুতির উদ্দেশ হইতে পারে না। কারণ ভেদ ত সকলে সর্বত্ত অফুভবই করিতেছে। #তির বিশেষ্ট্র এই যে, অজ্ঞাত বস্তু সহদ্ধে কিছু বিজ্ঞাপন করা, কিলা আতব্য সমূহে কিছু নূতন তথা প্ৰকাশ করা, অর্থাৎ যাহা অন্ত कान धकारत कानिवात छेभाव नाहे. छाहा विकासन करत विनवाहे #िव #िव, लामाना । विस्तव । एक यथन नर्सविष्ठि, नकरनरे ষ্পন ভেদকে সভ্য বলিয়া অফুভব করে, তখন শ্রুতি সেই ক্পার্ই পুনকজি করিয়া পণ্ডশ্রম করিবেন কেন । ভেদ বে সভা, ভাহা ভ আমরা প্রতাক্ষই কানিতে পারিতেছি। তাহা ব্যিবার ভর

আর শ্রতির শরণাপন্ন হইতে হইবে কেন ? স্বতরাং ভেদও সত্য, ইহা শ্রুতির প্রতিপাদ্য বলিয়া গ্রহণ করিতে পারি না। বিশেষতঃ 'ভেদও সত্য'—শ্রুতি যদি যথার্থ ই একথা বলেন, তবে নির্ব্ধিশেষবোধক "তিবাক্যসমূহের আনর্থক্য উপস্থিত হয়। অথচ নির্বিশেষ বা **মভেদই আমাদের নিকট নৃতন তথ্য, অন্য কোন প্রমাণের সাহায্যেই** এই তথ্য উপলব্ধি করিবার সম্ভাবনা নাই (প্রত্যক্ষাদি কোন প্রমাণই ভেদের বা সবিশেষের অতীত কোন কিছুর সন্ধান দিতে পারে না)। 🛎তি এই অভিনব তথা প্রকাশ করেন বলিয়াই শ্রুতির সার্থকতা। তবে সবিশেষ যে অনেক স্থলে সবিন্তারে বর্ণিত হইয়াছে, তাহাও সবিশেষের সত্যতা প্রতিপাদনের উদ্দেশ্যে নহে; সবিশেষ, অমুভৃতি সতা নয়, মিথাা, পরামার্থ তত্ত্ব নির্বিশেষ—এই উদ্দেশ্যেই সবিশেষের অবতারণা। অন্ত কথায়.—শ্রুতি বলিতে চান যে—আমরা সবিশেষ অহুভব করি সত্য, কিন্তু বান্তবিক উহা ভ্রমাত্মক। স্বিশেষ সম্বন্ধে এই তথাটীই আমাদের নিকট নৃতন এবং অক্স প্রমাণের অগমা। এই থানেই শ্রুতির বিশেষ সার্থকতা। স্বতরাং নির্বিশেষ প্রতিপাদন ও ও সবিশেষের মিথ্যাত্ব উদ্ঘাটন করাই শ্রুতির গৃঢ় অভিপ্রায়। শ্রুতির এই তাৎপর্যা গ্রহণ করিলেই উহার সার্থকতা রক্ষা হয় এবং সবিশেষ ও নির্বিশেষ উভয়বোধক শ্রুতিবাক্যসমূহেরও একটা স্থসমূত সামগ্রস্য হয়। স্বতরাং তুমি যে বলিয়াছ, সবিশেষ প্রতিপাদন করাও শ্রুতির উদ্দেশ্য হইতে পারে, ভাহা

ন, প্রত্যেকম্ অতদ্বনাৎ ॥ ১২ ॥

নর [ন], কারণ, প্রভ্যেক সবিশেষ বোধক শ্রুতিবাক্যেই— প্রত্যেকম্ বিংশ সবিশেষ নয় তাহা অর্থাৎ নির্বিশেষই স্ত্য বলিয়া

୫୯୭

নির্দ্ধারিত ইইয়াছে [অতহচনাৎ]। যেমন, "যিনি পৃথিবীতে তেকোময়, অমৃত্যয় পুরুষ, যিনি শরীরে তেজোময়, অমৃত্যয় পুরুষ, ইনিই সেই, যিনি এই আত্মা" (বুঃ ২.৫.১)। ইত্যাদি শ্রুতি পৃথিবী প্রভৃতি ভেদের উল্লেখ করিয়াও দক্ষে সঙ্গেই দেখাইয়াছেন, মূলে সমস্তই এক আত্মা অর্থাৎ অভেদ। যাহাকে আমরা ভেদ বা সবিশেষ বলিয়া গ্রহণ করি, শ্রুতি ভাহার বিশ্লেষণ করিয়া দেখাইয়া দিলেন যে, বস্ততঃ উহা সবিশেষ নয়, উহার পরমার্থ স্বরূপ নির্বিশেষ। এই উদ্দেশ্যেই স্বিশেষের এত বিস্তৃত বর্ণনা, ইহা শ্রুতিবাক্য একটু প্রণিধান করিলেই বৃঝিতে পারিবে। যাহাদের মঞ্চলের জন্ম শ্রুতির প্রবর্তন, ভাহারা পকলেই অর্থাৎ জীবমাত্রেই সর্ব্বকর্মে, সর্ব্ব চিস্তায় ভেদের একান্ত অধীন। সেই ভেদাভিভ্ত জীবকৈ কিছু বুঝাইতে হইলে ভেদের সাহায্যেই বুঝাইতে হয়। ভেদের গণ্ডীর ভিতরে থাকিয়াই ঐ গতী অতিক্রম করিতে হয়, তাহা ছাড়া উপায়ান্তর নাই। কিন্তু প্রিইজ্ঞ শ্রুতির তাৎপর্যাও ভেদপ্রতিপাদনেই, এক্থা বলিতে পার না। 🛚 এই তথ্য ক্রমে আরও পরিফুট হইবে 🕽।

ভেদজ্ঞান যে ঘথার্থ নয়, এবং অভেদই যে পরমার্থ সভ্য,

অপি চ এবম্ একে ॥ ১৩ ॥

ভাহা আবার [এবমপি চ] অনেক শ্রুতি [একে] ভেদজ্ঞানের নিশাচ্ছলে প্রতিপাদন করিয়াছেন। ঘেমন, ''ব্রহ্মত্বরপ নিশ্বলচিত্তে প্রতিভাত হয়। ইহাতে নানা অর্থাৎ ভেদ বিনুমাত্রও নাই। যে অন্ধকে ভেদষ্ক দেখে, সে পুন: পুন: মৃত্যুর অধীন হয়, অর্থাৎ ভাহার বন্ধনের আর বিরাম হয় না'' (ক: ৪.১১)—ইত্যাদি বহুঞ্তি স্পষ্টই ভেদের মিথ্যাত ও অভেদের সভাত প্রতিপন্ন করিয়াছেন।

সাকার ও নিরাকার উভয় বোধক শ্রুতিবাকা থাকা সাথেও সাকার ত্যাল করিয়া নিরাকারকেই কেন পরমার্থ বলিয়া ঘীকার করিতে হইবে, তাহার যুক্তি ভগবান্ সূত্রকার বলিতেছেন—

অরূপবং এব হি, তৎপ্রধানত্বাৎ ।। ১৪ ।।

র্ম র্পানিশ্রই [অর্পবদেব হি] ; যেহেতু, ত্রমপ্রতিপাদক সমস্ত জাতিবাকাই প্রধানভাবে জুলাদির্ছিত অন্ধই প্রতিপাদন করেন[া] [তংপ্রধানঝাং]। তাহাই শ্রতির তাৎপ্রা। "তত্ত্ব সমন্ব্রাৎ"—এই স্ত্রেও এই তথাই প্রতিপাদন করা হইয়াছে। নিরাকার এক্ষবোধক শ্তির মুখা বা প্রধান উদ্দেশ্যই হইল ব্রন্ধের স্বরূপ প্রকাশ করা। ফলতঃ উলাদের আর বিশেষ কোন উদ্দেশ্যই খুলিয়াপাওয়া যায় না। কিছ শাকারবোধক ঐতিবাকোর সেরপ কোন উদ্দেশ নাই। নিরাকারের স্তায় সাকারও ব্রহ্মের হরপ, এরপ বিরুদ্ধ কথা 🛎 ডি বলিতে পারেন না। মতরাং দাকারবোধক বাকোর উদ্দেশ্য ত্রন্ধের স্বরূপ প্রতিপাদন করা নয়, কিছু উপাসনার পদ্ধতি প্রদর্শন মাত্র, অর্থাৎ জীব যাহাতে সাকারের ভিতর দিঘাই নিরাকারে পৌছিতে পারে, ভাহার উপায ব'লয়া দেওয়া; ভাহাতেই ঐ সমস্ভ বাকোর সাথকভা। মোটের উপর কথা ইইল এই যে, সবিশেষ ও নির্বিশেষ যখন প্রস্পর বিরুদ্ধ. ত্র্বন উভ্যকেই স্তা বলিয়া গ্রহণ করা যায় না। আবার নির্কিশেবকে মিধা। বলিলে নির্ব্ধিশেষ প্রতিপাদক শ্রুতিবাকা বার্থ হইয়া যায়; তাহাদের আর কোন কাষ্টে থাকে না। কিছু প্রতির এক অংশ সতা, আর এক অংশ মিধাা—এরপ বলিলে শ্রুতির প্রামাণাই নই হয়। নির্কিশেষ-প্রতিপাদক বাক্যের হখন ত্রত্ব স্বত্তপ প্রতিপাদন ছাড়া আরু কোন সাধকতা নাই, তখন তাহাকে অবশ্ৰই সভ্য বলিয়া খীকার

করিতে হইবে। কিন্ত ভাহা হইলে প্রশ্ন হইবে, ভবে কি দবিশেষ বোধক বাক্য নিরথক ? ইহার উন্তরে বলিব, না শ্রুতিবাক্য কোনটীই নিরথক নহে। সবিশেষ মিখ্যা হইলেও সবিশেষবোধক শ্রুতিরও একটা সার্থকতা আছে।

প্রকাশবৎ চ অবৈয়র্থ্যাৎ ॥১৫॥

্যাহাতে সবিশেষ শ্রুতির বার্থতা না হয়, সেইজ্ঞ [অবৈষর্থ্যাৎ]
বন্ধকে আলোকের ক্রায় [প্রকাশবং] বৃঝিতে হইবে। অর্থাৎ, ধেমন
আকাশব্যাপী স্ব্যালোক গ্রাক্ষাদির সম্পর্কে চতুদ্ধান, গোল ইত্যাদি
নানাবিধ আকারে প্রতিভাত হয়, সেইরূপ নির্বিশেষ ব্রহ্মও পৃথিব্যাদি
উপাধির সম্পর্কে সবিশেষ বলিয়া বোধ হয়, বস্তুতঃ তিনি নির্বিশেষই—
এই তথ্য প্রকাশ করাতেই সবিশেষ শ্রুতির সার্থক্তা; এবং ইহা দারা
বন্ধের সত্য স্বরূপ অবধারণ করার সাহায় হয়।

শিশ্ব। কিন্তু একটু পূৰ্বেই ত বলিয়াছেন যে, উপাধি যোগেও বন্ধের উভয়রপতা দিছ হয় না (১১ ফুব্র)।

শ্রক। ই্যা, বলিয়াছি বটে, কিন্তু সেরপ বলার তাৎপ্য ব্রিতে পার নাই। তাৎপ্য এই যে, উপাধিযোগেও ব্রহ্মের উভয়রপতা সত্য হইতে পারে না। অর্থাৎ একাদশ স্ত্রের তাৎপ্র্য এই যে— "উপাধিসংযোগে ব্রহ্মকে যে সবিশেষ বলিয়া মনে না হয়, এমন নয়; তবে সেরপ মনে হইলেও সবিশেষত্ব ব্রহ্মের ষ্বার্থ স্বরূপ হইতে পারে না। উপাধির সম্পর্কে যে রূপের প্রতীতি হয়, তাহা উপহিত বন্ধর স্তিকারের স্বরূপ নয়, ভ্রম্মাত্র। স্তরাং উপাধিয়োগেও ব্রহের স্বরূপ যে সবিশেষ ও নির্ক্ষিশেষ উভয়াত্মক, তাহা বলা বায় নাই।

আহ চ তমাত্রম্॥১৬॥

শতিও বলিয়াছেন [আহ চ] বে, ব্রন্ধ চৈতন্ত্র ক্রাত্রম্ [তন্মাত্রম্], নির্বিশেষ, ভেদরহিত। যথা, "এক টুক্রা সৈদ্ধব লবণ, যেমন, কি ভিতরে, কি বাহিরে, সর্ব্বিত্তই লবণ ছাড়া আর কিছু নয়, উহা যেমন বাহাভান্তরহছিত নিরেট লবণ মাত্র, আত্মাও সেইরূপ বাহাভান্তরহছিত, পরিপূর্ণ, ভৈত্তভাত্রম, কেবল চৈতন্তমাত্র, চৈতন্ত ছাড়া তাঁহার আর কিছুই নাই" (৪. ৫. ১০)—এই প্রকার শ্রুতি স্পট্ট দেথাইয়াছেন যে, নিরবছিল্ল চৈতন্তর্ভই আত্মার সত্যিকারের রূপ।

সেই চৈতন্ত ছাড়া আত্মার যে দিতীয় কোন রূপ নাই, তাহা

দর্শয়তি চ, অথো অপি স্মর্য্যতে ॥১৭॥

শ্রুতিও দেখাইয়াছেন [দর্শয়তি চ], এবং [অথাে অপি] শ্রুতিও দেখাইয়াছেন [শ্রুয়াছেন]। সর্বান্ত্ত ভেদের উল্লেখ করিয়া শ্রুতি বলিতেছেন, "হাা, ভেদ বলিলাম বটে, কিন্তু সভ্য উপদেশ এই যে—ইহা নয়, ইহা নয়—অথাং ভেদ সভ্য নয়" (বৃ: ২.৩.৬)। আবার, "তিনি জ্ঞানাজ্ঞানের, বাক্যমনের অভীত" (ক: ১.৩)। শ্রুতিতে একটা স্থান্ধর আবায়িকা অবলম্বনে ব্রেলের যথার্থ স্থান্ধর করা হইয়াছে। বান্ধলী তাঁহার গুরু বাহ্বকে বলিলেন, "ভগবন্, আমাকে ব্রহ্ম সম্বন্ধে উপদেশ করুন"। গুরু কোনই উত্তর করিলেন না। বারংবার জিজ্ঞাসিত হইয়াও নিরুত্তরই রহিলেন। অবশেষে বলিলেন, "বংস! আমার নীরবতা ঘারাই ত আমি ব্রহ্মের যথার্থ স্থান্ধ শ্রুপ ভোমাকে বলিয়াছি। তুমি ব্রিত্তে পারিলে না? সে যে অথতৈকর্স, প্রজ্ঞান্ধন, কৈতক্তমাত্র, কোনজপ ভেদ যে ভাহাতে নাই, বাক্যঘারা তাঁহার স্থান্ধ প্রকাশ করিব কির্নেণ্ড বাক্য যাহা কিছু বলিবে, ভাহা ত

স্বই দৈত অবলম্বনেই। স্থতরাং ত্রন্ধের যাহা বরূপ, তাহা বাক্যে প্রকাশ করা যায় না"। স্থতিতেও বিশ্বরূপধর নারায়ণ নারদকে বলিতেছেন, "তুমি যে আমাকে রূপবিশিষ্ট দেখিতেছ, এ মায়া, আমার সত্যিকারের স্বরূপ তুমি দেখিতে পার না"। ইত্যাকার শ্রুতি ওঁ মৃতি হইতে নিৰ্দ্ধাবিত হইতেছে যে, ব্ৰহ্মেৰ সবিশেষ প্ৰতীতি ষথাৰ্থ নহে, নির্বিশেষত্বই পারমার্থিক। যেহেতু ব্রহ্ম নির্বিশেষ-স্বভাব,

অতএব চ উপমা সূর্য্যকাদিবৎ ॥ ১৮॥

সেই হেতুই [অতএব] আবার [চ] শ্রুতি উপমা_[উপমা] দিয়াছেন — জলসংগ্যের ভাষে [স্থাকাদিবৎ]। ঞতি বলেন, "যেমন স্থা এক হইলেও বহু জলপূর্ণ পাত্রে প্রতিবিদ্বিত হওয়ায় বহু বলিয়া ভ্রম হয়, সেইরূপ স্বপ্রকাশ জ্মাদিরহিত আতা প্রমার্থতঃ এক হইলেও উপাধিনিবন্ধন প্রতি শরীরে ভিন্ন ভিন্ন বলিয়া মনে হয়" (बः विः ১২)।

শিশু। কিন্তু এই জনসুর্বোর দৃষ্টান্তটী ঠিক বলিয়া বোধ হইতেছে না। জল একটা মূর্ত্ত অর্থাৎ দাকার পদার্থ, স্থ্যও মূর্ত্ত পদার্থ। আবার **ছাল হইতে স্**র্যা পৃথক্ এবং দূরে **অবস্থিত। স্থ**তরাং *ছালে স্*র্যোর প্রতিবিম্ব হইতে পারে। কিন্তু আত্মার কোন আকারই নাই, কারণ তিনি সর্বব্যাপী ও অঘিতীয়। স্থতরাং

অম্বুবৎ অগ্রহণাৎ তু ন তথাত্বম্।।১৯।। জলের মত [জম্বং] দিতীয় কোন পদার্থের (অন্তিত্ব স্বীকার না করায় [অগ্রহণাৎ] ওরপ [তথাত্ম] হইতে পারে না [ন], অর্থাৎ कन एर्रात पृष्टां छ । খাটে না—এরপ যদি বলি ?—

ওজ। না, এগ্রপ বলিতে পার না। দৃষ্টান্ত ও দার্টান্তিক (अर्थार याशास्क प्रदेश वृत्यिवात क्या मृहोस्त व्यवनयम कता हय, ভাষা, কথনও স্কাংশে স্মান হয় না। 'দেবদ্ভ সিংহের তুল্য পুরুষ'—ইহাতে কেহই এমন মনে করে না বে, দেবদভেরও একটা লেছ আছে, দেও পভ্যাংদ ভক্ষণ করে, বনে বাদ করে ইত্যাদি। ঘু'টা একটা সাধারণ গুণ বা অবস্থার সাদৃত্য থাকিলেই স্থ্রিদিত কোন বস্তর দ্রান্ত দিয়া লোকে ছুজেয়ি পদার্থকে সহজে বুঝিবার একটা উপায় করিয়া দেয়। দৃষ্টান্তের উপযোগিতা এইটুকুই। সেইরূপ শুতি যে জনপ্ৰাের দৃষ্টাত দিয়াছেন, ভাহাতে এমন মনে করা উচিত নয় যে, প্ৰস্তুত প্ৰয়ের মত একটা গ্ৰহ, আকাশে মুলিতেছে ইত্যাদি ইত্যাদি। দেখিতে হইবে, শ্রুতি ব্রশ্ন সংক্ষে কোনু তথ্য উন্থাটন করিবার জন্ম ঐ দ্রান্ত অবলখন করিয়াছেন। अভির অভিপ্রায় এই মাত্র যে, জলত্বণ উপাধির অন্তর্গত হওয়ায় এক অবিকৃত प्रा (४६न २७ ६ विक्रष्ट विकास (वास इहेरल व व क अ অবিকৃতই থাকে, সেইরপ অন্ধও নেহাদি উপাধির সম্পর্কে বছ ও বিক্ত বলিয়া মনে হয় মাত্র। স্তরাং দৃষ্টান্তখনে স্কাংশের সাদৃত্য গ্রহণ না করিছা বিবক্ষিত অংশমাত্রই গ্রহণ করা উচিত। **4**13.

র্দ্ধি-হাদভাক্ত্র্ অন্তর্তাৎ উভয়দামপ্রদ্যাৎ এবম্ ॥২০॥

উপাধির অন্তভাব বশতঃ, অধাৎ প্যাপক্ষে অল এবং ব্রহ্মপক্ষে দেহাদি উপাধিব (মায়িক) সম্পক থাকায় [অভভাবাৎ] বৃদ্ধি, এক ইত্যাদি অংশমাত্রই [বৃদিয়াসভান্তাম] অলক্ষ্যের দৃষ্টাত্তে জাতিব বিবন্দিত অংশ, সূচ্যের আকার, প্রকাশ, দুরত্ব, পুথক্ত_ি ইত্যাদি নহে। অর্থাৎ শ্রুতি দৃষ্টান্ত হারা এইটুকুই বুরাইতে চান ধে, জ্বলের হ্রাস, বৃদ্ধি, কম্পন, আলোড়ন ইত্যাদিতে যেমন কর্ব্যেরও कम्मनामि जम रव, त्मरेक्रम त्मरामि উপाधित वहच, व्यक्कच, विक्रि ইত্যাদিতে ব্ৰহ্মকেও বছ, বিকারশীল ইত্যাদি বলিয়া ভ্ৰম হয়, ব্ৰহ্ম বস্তত: এক ও অবিকৃতই থাকেন। ঠিক এই ভাবেই দৃষ্টাস্ক ও দারা স্থিকের একটা সামঞ্জ হয় বলিয়াই ডিভয়সামঞ্জাৎ ী এইরূপই িএবম বিশীকার করা উচিত। মিনে রাখিও, দেহাদি উপাধিও মায়িক, কাল্পনিক: উহাদেরও পরমার্থতঃ কোন সভা নাই ।।

দর্শনাৎ চ ॥২১॥

শ্রুতিও দেখাইয়াছেন যে, অবিকৃত প্রমাত্মাই দেহাদি উপাধিতে অন্ত:প্রবিষ্ট আছেন। যথা, "বিপদ, চতুম্পদ সর্ববিধ প্রাণী স্বাষ্ট করিয়া তিনি আত্মারূপে ভাহাতে প্রবেশ করিলেন" ইত্যাদি (द: २.৫.১৮)। ञ्चा दाः कंगण्टर्गत मुहारस टकान त्माव नाहे।

অতএব শ্বির হইল, ব্রহ্ম কেবলমাত্র নির্বিশেষ, সবিশেষ ও নিব্বিশেষ উভয়াত্মক নহেন।

निया। उक्त निर्दित्यव, देश वृद्धिनाम। किन्नु निर्दित्यव यात्रा, তাহা ত একরণ নিংমরণ শৃত্য বলিয়াই মনে হয়। বিশেষতঃ वृहमंत्रियाक अधित अकृषि वारका स्वन अहे जस्मह जात्र अकृष्टर ৰ্ববিষা ভোলে। ব্ৰহ্মশ্বৰূপ নিৰ্ণয় প্ৰাপৰে ঐ শ্ৰুভি বলেন, "ব্ৰহ্মের ছইটী রূপ—এক মৃর্ত্ত, অপর অমূর্ত্ত" (বৃ: ২.৩.১)। ক্রমে শ্রুতি मूर्ख ७ चमूर्ख क्र कि, जाश (मधारे जिह्न-मृजिका, क्रम ७ चित्र, এই ভূতত্ত্বয় মূর্ত্তরূপ, আর বায় ও আকাশ অমূর্ত রূপ। তারপর এই क्र अवस मचर नाना कथा विनया व्यवस्था अधि विन्ना "इहाव

পরের কথা, অর্থাৎ এ পর্যান্ত যাহা বলা হইল, তাহা অপেকা শ্রেষ্ঠ উপদেশ इहेन এই यে, "এ नम्न, এ नम्न तिि ति ति ।"। অর্থাৎ সমূলায় রূপ প্রপঞ্ক ত্রেক্সের যথাথ স্বরূপ নয়, ত্রন্ধের যাহা যথার্থ স্বরূপ, তাহা ঐ রূপ প্রপঞ্চের স্বতীত। রূপ প্রপঞ্চ সাধারণ দৃষ্টিতে সত্য বলিয়া বোধ হইলেও পারমার্থিক দৃষ্টিতে সভা নয়, সেইজন্ম বহাকে বলা হয় "সভোর সভা"। যেহেত তদপেকা খেঠ আর কিছুই নাই, দেইজ্বত তিনিই কেবল দ্বস্ত্রপে পরম সভা। শ্রুতির অর্থ এইরূপ বলিয়াই বোধ হয়। কিন্তু শ্রুতি তুইবার 'এ নয়', 'এ নয়' এইরূপ নিষেধ করিয়া কোন কোন বস্তুর অনন্তিম জ্ঞাপন করিতেছেন, তাহা ঠিক বুঝিতে পারিতেছি না। আপাততঃ ত মনে হয় যে, ছুইটা নিষেধ ছারা ব্রহ্ম এবং রূপ প্রপঞ্চ উভয়েরই নিষেধ করা হইয়াছে; অর্থাৎ ব্রহ্মও নাই, রূপ প্রপঞ্চ নাই—শ্রুতি যেন এইরূপ বলিতে চান বলিয়া মনে হয়: কিন্তু রূপপ্রপঞ্চ ত প্রতাফ্ষসিদ্ধ। তাহার নিষেধ (তাহা নাই, এরপ উক্তি) বিরূপে হইবে ? বরং এন্স নাই, এরপ নিষেধ সম্ভব হইতে পারে, কারণ ব্রহ্ম নিবিবশেষ, ফলে তাদৃশ ব্রহ্ম বস্ততঃ বাক্য মনের অংগাচর। আর হাহার সম্বন্ধে কিছু বলাও যায় না, যাহাকে চিন্তা করাও যায় না, তাহা ত একরূপ নাই-ই।

গুরু। নাবংস! তুমি ঠিক বুঝিতে পারিতেছ না। বাক্য ও মনের অগোচর বস্ত ভোমার কাছে নাই, একথা সভ্য বটে। ভোমার কাছে যাহা আছে, অর্থাৎ যতটা তোমার জ্ঞানের বিষয় হয়, ≄তিও যদি তভটাই বলেন, তবে আবার ঐতির বিশেষত্ কি ? তুমি যাহ। জান না, কিংব। প্রত্যক্ষাদি প্রমাণের সাহায্যে যাহা জানিতে পার না, এমন কোন নৃতন তথা আছে এবং সেই তত্ত কিরপে জানা যায়, শ্রুতি সেরপ উপদেশ দেন বলিয়াই শ্রুতির বিশেষত্ তাহাতেই শ্রুতির প্রামাণা, তাহাই শ্রুতির শ্রুতির। শ্রুতি বন্ধের নিষেধ করেন নাই, বরং রূপপ্রপঞ্চ নিষেধ করিয়া ব্রহ্মকেই প্রতিষ্ঠিত করিয়াছেন। রূপপ্রপঞ্চের নিষেধের অর্থও এই নয় যে, উহা একেবারেই নাই, আকাশকুত্মের লায় অগীক। ঐ নিষেধের অর্থ এই যে, তুমি যেভাবে রূপপ্রপঞ্চ দেখিতেছ-অর্থাৎ তুমি ষে ইহাকে সভ্য বলিয়া মনে করিতেছ—বাত্তবিক ইহা ভা নয়--অর্থাৎ ইহা সভা নয়, মিথা। ইহাই শ্রুতির তাৎপ্রা। #তি কুতাপি ত্রন্ধের নিষেধ করেন নাই, করিতে পারেন না। ব্রদা প্রতিপাদন করিবার উদ্দেশ্যেই শৃতির প্রবৃত্তি। আলোচ্য শ্রুতিও প্রথমেই এই বলিয়া আরম্ভ করা হইয়াছে, ''ভোমাকে ব্রহ্ম কি. তাহা বলব" (বু.২.১.১)। শ্রুতি স্বয়ং সেই ব্রন্ধেরও নিষেধ করিয়াছেন, ইহা একাস্ত অসম্ভব। তারপর দেখ, ত্রহ্ম ও রূপপ্রপঞ্চ সবই যদি শ্রুতি নিষেধ করিবেন, তবে ত শূক্তবাদই ঐতির প্রতিপাদ্য হইয়া পড়ে। কিন্তু কিছুই নাই (শুক্তবাদ) এরপ হইতে পারে না। কিছুই নাই, এ তত্ত্ব যাহার নিকট প্রতিভাত হইতেছে, সে অবশুই আছে। স্থতরাং শুন্যবাদ একটা কথার কথা মাত্র। সর্ক্রবিধ নিষেধের মূলে একটা অন্তিরবান্ পদার্থ থাকিবেই। সেই অন্তিরবানের ষ্মবলম্বনেই নিষেধের প্রবৃত্তি হইতে পারে। স্থতরাং শ্রুতির নিষেধদ্বয় ব্রহ্ম ও রপপ্রপঞ্চ উভয়ের অনন্তিত্ব বা মিধ্যাত্ব খ্যাপনের অভিপ্রায়ে নয়, ইহা নিশ্চিত। আর ব্রন্ধ প্রতিপাদন করাই যথন সমস্ত শ্রুতির উদ্দেশ্য, তথন বন্ধও নিষিদ্ধ হয় নাই, ইহাও নিশ্চিত। ফলে স্থির হয় যে, উক্ত শ্রুতিতে রূপপ্র**পঞ্**ই নিষিদ্ধ হইয়াছে। সেই কথাই স্ত্রকার বলিভেচেন.

প্রকৃত-এতাবত্বং হি প্রতিষেধতি ততঃ ব্রবীতি চ স্থৃয়ঃ ॥২২॥

#তি এয়াবং যাহ। প্রস্তাবিত হইয়াছে প্রিকৃতৈ হাবন্ধনা (অর্থাৎ ৈ এক্ষের মূর্ত ও অমূর্ত রূপ্রয়) ভাহাই ("নেভি নেভি'' বলিয়া) নিষেধ করিতেছেন প্রিতিবেধতি], নিষেধ করিয়া আবার চি] 'ইহা হইতে ্ভিডঃ] অধিক [ভয়ঃ] আছে' ইহাও বলিয়াছেন বিবীতি । অৰ্থাৎ শুতির তাৎপ্রা এই যে, কি মুগু রূপ, কি অমুর্ত্তরূপ কিছুই অন্ধের সত্যিকারের স্বরূপ নয়, স্তিাকারের স্বরূপ ধাহা, ভাহা এ উভয়াতিরিক, তাহাই সভোর সভা।

শ্রুতি ব্রদ্ধকে বাকা মনের অগোচর বলিয়াছেন সভা, কিন্তু ভাগতে এফা নাই-ই, এরপ মনে করিবার কোন কারণ নাই। খ্রুতি সমল্য জপপ্রপঞ্জের মিধ্যাত খ্যাপন করিয়া বলিলেন, "এই দব প্রপ্রের অভীত পরম পুরুষ আছেন" (বু: ২.৩.৬)। "ভিনিই চরম সতা" (বঃ ২.১.২•)। স্বতরাং শ্রুতি ব্রন্ধের নিষেধ করেন নাই 🕕

শিগ্ন। আছে।, যদি প্রপঞ্চাতিরিক্ত ত্রন্ধ বলিয়া কিছু থাকে, ভবে তাঁহাকে জানা যায় না কেন গ

তৎ অব্যক্তম আহ হি॥ ২০॥ হেতেড় [হি | ৺ভিই বলেন [আহ] যে, ভিনি ডিং] অবাজ [অব্যক্তম], অর্থাৎ কোনও ইন্দ্রিয়ের ছারা **অমূ**ভূত হটবার অযোগ্য। হিনি সমন্ত জানের সাকী, তাঁহাকে কোনু ইক্সিয়ের সাহায়ে জানিবে ! একমাত্র 🛎তি বাডীত তাঁহার স্বরূপ অবধারণের দ্বিতীয় উপায় নাই।

অপি সংরাধনে প্রত্যক্ষ-অনুমানাভ্যাম ॥ ২৪ ॥ তবে অপি আরাধনা ধারা অর্থাৎ ধ্যানধােলে [সংরাধনে] নেই অবাক্ত, প্রপঞ্চাতীত পরমাত্মা বোলিগণের চিত্তে প্রকাশিত इन—हेश প্রতাক (अठि) ও অহমান (वि७) इहेट काना तात প্রিত্যকামুমানাভ্যাম । শ্রুতি বলেন, "ব্যক্ত ইন্দ্রিয়গণ্ডে বহিম্পীন করিয়া স্ট করিয়াছেন, সেইজন্ত তাঁহারা বহিঃ পদার্ধই দেখে, অস্তরাত্মাকে দেখিতে পায় না। তবে কোন কোন প্রশাস্তচিত্ত মোকার্থী সাধক ইন্দ্রিয়ের হার ক্রম করিয়া অক্সরাত্মাকে দেখিতে পান" (ক: ৪.১)। স্বতিও বলেন, "যোগীরা সেই সনাভন ভগবানকে দেখেন' ইত্যাদি।

मिश्र । प्याच्छा, यांगीता शानवत्म भत्रमाणात्क (मर्थन, हेश यक्ति সভা হয়, তবে একজন খ্যাতা (যিনি খ্যান করেন), আর একজন ধ্যেষ (বাহার ধ্যান করা হয়)--এই ছুইজন থাকায় ধ্যেয় প্রমান্তা ছাড়া অন্ত একজন আছে, ইহাও স্বীকার করা হয়। কিন্তু ডাহা হুইলে ভ ব্ৰন্ধের অন্বিভীয়ত্ব থাকে না।

থাক। আরাধা ও আরাধক ভাব খীকার করিলেও ত্রন্থের একত্বের হানি হয় না:

প্রকাশাদিবৎ চ অবৈশেষ্যম্, প্রকাশন্চ কর্মণি অভ্যাসাৎ ॥ ২৫ ॥

দুৰ্ব্যালোক প্ৰভৃতির স্থায় [প্ৰকাশাদিবং] ত্ৰন্ধ ৰে নিৰ্কিশেৰ অর্থাৎ সর্ববিধ বিশেষ বা ভেদ রহিত, তাহা [অবৈশেষাম] দ্বির हत । प्रशासनाक, जाकान किया प्रशा त्यमन चछः এक इहेरनथ भवाकाषि, घटाषि किया विভिन्न जनभाजापि উপাধিতে वह विनदा প্রতিভাত'হয়, জ্যোতিঃস্বরূপ প্রমাত্মাও [প্রকাশক] সেইরূপ

ধ্যানাদি কর্মনপ উপাধিতে [কর্মণি] বছ বলিয়া প্রতিভাত হন মারে, বস্তুত: তিনি একই, তাঁহার আর কোন বৈশেষ্য বা পার্থক। নাই—একথা শ্রুতির পুন: পুন: অভেদ উক্তি হইতে [অভ্যাসাৎ] দ্বির করা যায়। "তুমিই সেই," "আমিই ব্রদ্ধ" ইত্যাকার বছ শ্রুতিই আত্মৈক্ত প্রতিপাদন করিয়াছেন।

স্তরাং যেহেতু অভেদই পারমার্থিকও বাভাবিক এবং জে অবিদ্যাকল্পিড, উপাধিক,

অতঃ চ অনত্তেন তথা হি লিঙ্গম্।। ২৬।।

সেই হেতুই [অতঃ চ] জ্ঞানের হারা অজ্ঞান বিনষ্ট করিয়া জীব

জনত্তের সহিত অর্থাৎ প্রমাত্মার সহিত [অনত্তেন] ঐক্য প্রাহ

হয়; কারণ শুতি সেইরপই [তথা] নিদর্শন [লিলম্] দিয়াছেন। শুতি
বলেন, "যে এই প্রব্রহ্মকে জানে, সে প্রব্রহ্মই হয়" (মৃ: ৩.২.৯.)

ভেদ যদি পারমার্থিক হইত, তবে জ্ঞানের ফলে প্রম ব্রহ্ম হাওয়া কোন মতেই সম্ভব হয় না। জ্ঞানের হারা লান্তিরই বিনাশ

হইতে পারে, প্রমার্থ সত্যের লয় হইতে পারে না। স্কৃত্রাং ভোলান্তিমাত্র, অভেদই প্রমার্থ।

(কোন কোন ঐতিবাক্যে জীব ও ব্রন্ধের ভেদ উল্লিখিত হইয়াছে বহুদ্বলে আবার অভেদই প্রতিপাদিত হইয়াছে। কেহ কেহ এই উভয় প্রকার উপদেশের এইরূপ ব্যাধ্যা করেন:—

^{*} বে'কোন বন্ধ আত হইবার যোগ্য, তাহাই আলাতিরিজ । ক্তরাং আলাফ লানা অসম্ভব। তবে আলুজান দদের অর্থ আলা সক্ষীর আভ ধারণার বিনাম নাত্র, কাজেই আলাকে বা ব্রহ্মকে জানা বানে ব্রহ্ম হওয়া—যদিও এই হেওয়া একটা নৃত্য কিছু হওয়া নয়, আলা চিরকাল সত্য সত্য বাহা, তংকরসেই প্রকাশ পাওয়া সাত্র।

উভয়ব্যপদেশাৎ তু অহি-কুগুলবৎ।। ২৭।।

যেহেতু ভেদ ও অভেদ উভয় প্রকারের উপদেশই শ্রুতিতে আছে, শেই হেড় [উভয়বাপদেশাৎ] উভয় প্রকার শ্রুতির দার্থকতার জ্ঞা বলিতে হইবে যে, তত্ত্ব হইল—সর্প ও সর্পকুগুলীর মত (অহিকুগুলবং). অর্থাৎ দর্প হিদাবে—কি প্রদারিত আফুতি, কি কুণ্ডলাকৃতি উভয়ই এক, প্রসারিত-দেহ দর্পও দর্প, কুণ্ডলাকৃতি দর্পও দর্প; আবার প্রসারণ ও সঙ্কোচন হিসাবে বহু। ঠিক এইভাবে ব্রহ্মরূপে স্বই এক, আবার জীব, ব্রহ্ম ইত্যাদিরপে বছ। স্বতরাং ভেদ ও অভেদ উভয়ই সভা।

প্রকাশ-আশ্রয়বৎ বা তেজস্থাৎ ॥ ২৮ ॥ . অথবা বা] আলোক ও আলোকের আশ্রয় সূর্যা যেরূপ তেজ হিসাবে [তেজভাৎ] এক, আবার আলোক ও স্থা রূপে ভিন্ন, সেইরূপ আলোক ও কুর্য্যের স্থায় [প্রকাশাশ্রয়বৎ] জীব ও ত্রন্ধের ভেদ এবং অভেদ উভয়ই ব্যাখ্যাত হইতে পারে।)

কিছ এরপ ব্যাখ্যার দোষ এই যে, ভেদ যদি সভাই হয়, ভবে ৰোল কালেও তাহা হইতে নিছতি পাইবার স্ভাবনা নাই। বস্ততঃ ভেদই হইল বন্ধন। স্বভরাং ভেদ সভ্য হইলে সমুদায় মোকশান্তকে ব্যর্থ বলিতে হয়। কারণ বন্ধন বা ভেদ সভ্য বলিয়া মোক্ষ কোনকালেই হইতে পারিবে না। এই জন্ম পূর্কোক্ত উভয়প্রকারের বাাখ্যাই অসমীচীন। অতএব বলিতে হইবে,

পূर्ववर वा ॥ २৯ ॥

পুর্বের যেরপ বলা হইয়াছে, সেইরূপই [পূর্ববৎ বা] সত্বত ব্যাখ্যা; শ্বর্থাৎ ২৫ স্থাত্তে যেরপ বলা হইয়াছে, তাহাই সমীচীন।

<u>श्रिक्षिं हु। ७० ॥</u>

আর [চ] শ্রুতি পরমাত্ম। ভিন্ন অন্ত সমত্তের নিষেধ করিয়াছেন বলিয়াও [প্রতিবেধাৎ] বলিতে হইবে ধে. ভেদ উপাধি-নিব্দন, অভেদই পারমাধিক।

শিষা। ২২ ক্রেবন। হইয়াছে বে, বন্ধ প্রণঞ্চতীত, স্ক্রেষ্ঠ, চরম বস্তু। কিন্তু

পর্ম অতঃ সেতু-উন্মান-সম্বন্ধ-ভেদব্যপদেশাৎ ॥ ৩১ ॥ এই ব্ৰহ্ম হইতেও বিভঃ বৈষ্ঠ কেহ [পরম] আছেন বলিয়া বোধ হয় : কারণ শ্রুতি এই এম সংখে সেতু, উন্মান, সম্মান ও **८**ञ्चटम्ह्य উक्षिथ क्रियाह्म [त्रुगानमय्ब्राडम्यापामार]। (১) দেতৃর উল্লেখ, বেমন—'বিনি আত্মা, তিনি বিধার ক দেতু" (ছা: ৮.৪.১)। ইহাতে মনে হয়, লোকে বেমন সেতুর (পুল) সাহায়ে অপর পারে গমন করে, সেইরূপ এক্সরূপ সেতু অবলঘনে অন্ত কিছু পাওয়া যায়। (২) 'উরান', যথা--"ত্রদ্ধ চতুপাদ, অইকুরবিশিষ্ট এবং বোডকনাত্মক" [কলা - খংশ] ইত্যাদি শ্রতিতে এন্ধের **এक** हो। পরিমাণ উক্ত হইখাছে । বাহার একটা নিদ্ধি পরিমাণ আছে. অর্থাং বাহার সম্বন্ধে বলা বার যে, 'ইছা এতটা বড়', তাহা অবক্সই পরিচ্ছির, সীমাবদ্ধ গণ্ডীর মধ্যে আবদ্ধ, এবং ডাছা হইলে ডাছা ভাডা षष्ठ किइंश खरण चाहि। (०) खारात झिंछ त्रशहेराहिन त्र स्युधिकारम कीरवद महिछ उत्भव मश्च हव। हेशए जन्ममान कवा शाब (र, तक वाणीण व्यञ्ज भमार्थन (भीव) व्याद्ध, बाहाब महिलं ব্রন্ধের সংখ হয়। (৪) তারণর আবার এতি "আদিতা পুরুষ"

(ছা: ১.৬.৬), "অকি পুরুষ" (ছা: ১.৭.৫) ইত্যাদিরণে নানা-बक्राय बाक्षत कथा विनिधाहिन (जिन्)। हेहार्ज्य मन् रुव, ব্ৰহ্ম ভিন্ন অন্ত ভল্ম আছে; কারণ, ঐ ভেদে ব্ৰহ্মকে স্সীম বলিয়াই খীকার করিতে হয়; আর যাহা সদীম, তাহা অন্ত কিছু বারাই শীমাবত। স্বতরাং এই চার কারণে ত্রন্ধাতিরিক্ত পদার্থের অভিতেও ্ৰতি ত্বীকার করেন বলিয়া মনে হয়।

। না, বংস। এল ছাড়া অলু কোন পদার্থ বা তত্ত্ব নাই। ত্রম হইতেই যাবতীয় পদার্থের উদ্ভব, তাহাতেই অবস্থান ও লয় হয়। হুতরাং কোন কিছুই ব্রহ্মাতিরিক্ত নয়—এ সিদ্ধান্ত পূর্বেই স্থাপন করা হইয়াছে। 'এক বিজ্ঞানে সর্ব্ধবিজ্ঞান' রূপ ঐতির প্রতিপাদ্য বিষয় বারাও এক্ষের অবিতীয়ত দিদ্ধ হয়। শ্রুতি এক্ষ ছাড়া অক্ **কিছুর অন্তিত্ব কুত্রাণি স্বীকা**র করেন নাই। তুমি **শ্রুতির** সেতৃ প্রভৃতি শব্দের তাৎপর্য্য ভূল বুঝিয়াছ। পরমাত্মাকে সেতু বলা **ट्रेशा**क

मामाचा ९ वृ ॥ ७२॥

কেবল সেতৃর সহিত একটা বিষয়ের সাম্য আছে বলিয়া। পূর্ব্বেই বলিয়াছি, দৃষ্টাম্বের সকল গুণ লক্ষ্য করিরা কোথাও দৃষ্টাম্ব দেওয়া হয় না। সেরপ হইলে ব্রন্ধকে সেতৃর মত ইটক লৌহাদি নিশ্বিতও বলিতে হয়। স্রুতির তাৎপর্য্য এই নাত্র যে, লৌকিক সেতু বেমন উভয় পারের মধ্যে একটা সম্ভ ভাপন করিয়া উভয়ের সীমা নির্দেশ করে. বন্ধও দেইরপ বন্ধাতের যাবতীয় পদার্থের (গ্রহ, নক্ষা, মহুয়, পভ ইত্যাদির) আপন আপন সীমাবা গণ্ডীর মর্ব্যাদা রক্ষা করিয়া সমুদার পদাধকৈ ধারণ করিয়া আছেন। ত্রদ্ধ ব্যতীত অন্ত কিছুও আছে, ইহা দেখান শ্রুতির উদ্দেশ্য নয়।

আর ব্রন্ধকে যে 'পাদ (অংশ) বিশিষ্ট' বলা হইয়াছে, ভাহাতেও বন্ধ ছাড়া অন্তের অন্তিত প্রমাণিত হয় না। বন্ধকে

वृद्धार्थः भाषवर ॥००॥

भागविनिष्ठं [भागवर] वना श्रेशाह्य উপাসনার জন্ম [বৃদ্ধার্থ:]। অনম্ভ পরমাত্মায় যাহার। মন:দংযোগ করিতে পারে না, সেই সমন্ত সাধ্বের ক্রমিক ধ্যানের জন্ম ব্রন্ধের পাদাদি কল্পনা করা হইয়াছে।

আর 'সম্বন্ধ' ও 'ভেদে'র উল্লেখেও পরমাত্মা ব্যতীত অন্যের সম্ভাব প্রমাণিত হয় না। 'সম্বন্ধ' ও 'ভেদে'র উল্লেখ

স্থানবিশেষাৎ প্রকাশাদিবৎ॥ ৩৪॥

অস্তঃকরণ প্রভৃতি উপাধি বিশেষ অবলম্বনেই [ম্বানবিশেষাৎ] করা হইয়াছে। যেমন স্থ্যাদির আলোক প্রিকাশাদিবৎ বিক ও ব্যাপী इटेरल अराका नि छे भाषित महस्क वह अ मी भावक विनिधा त्वाध हत्र. শেইরূপ বৃদ্ধি প্রভৃতি উপাধির সম্পর্কেই ভেদেজ্ঞান হয়, সেই **উ**পাধির উপশ্যে এক অধৈত জ্ঞানম্বরপতাই প্রকাশিত থাকে—এই ভাব লক্ষা করিয়াই শ্রুতি হুবুপ্তিতে জীব ত্রন্ধের সম্বন্ধের কথা বলিয়াছেন, এবং সেইরূপ উপাধির ভেনেই প্রমাত্মার ভেন শ্রুতি প্রদর্শন করিয়াছেন. স্বন্ধপাত ভেদ প্রদর্শন করেন নাই।

উপপজেঃ ह ॥ ७৫ ॥

উপাধি সম্পর্কেই যে সম্বন্ধ ও ভেদের বর্ণন, স্বরূপতঃ এ সব কিছুই নয়, ইহা যুক্তিসকতও বটে। 'হুযুগ্তিতে জীব আপনার স্বরূপ প্রাপ্ত হয়'— শ্রুতির এই উক্তিতে এবং অধৈত প্রতিপাদক অসংখ্য শ্রুতিবাক্য इटेंट्ड **न्न्नहेटे त्या शाय ८४, ट्डिम्मक्क উ**लाधि-निरस्कन, लावभाषिक नर्छ।

বন্ধ চাড়া যে অক তথ নাই, তাহা

তথা অন্যপ্রতিষেধাৎ ॥ ৩৬ ॥

শ্রুতির অন্ন ভরের স্পষ্ট নিষেধ উক্তি বারাও তিথান্যপ্রতিবেধাৎ] স্থিরীকৃত হয়। শ্রুতি স্পষ্টই বলিয়াছেন, "এমন কিছু নাই, যাহা ব্রহ্ম হইতে পর" (খে: ৩.২)।

অনেন সর্ব্যতত্ত্বম্ আয়ামশব্দাদিভ্যঃ ।। ৩৭ ॥

এই কারণে—অর্থাৎ সেতৃ প্রভৃতির উল্লেখ দৃষ্টে যে সন্দেহ হুইয়াচিল, তাহার নিরাস এবং ব্রন্ধাতিরিক্ত বস্তুর নিষেধ দারা---ি খনেন] ব্ৰহ্ম যে সৰ্ববাশী তাহাও [দৰ্মণত্তম] দিদ্ধ হয়। সেতৃ প্রভৃতির মুখ্য অর্থ স্বীকার করিলে এবং ব্রন্ধাতিরিক্ত পদার্থের অব্দিত্ব স্বীকার করিলে ত্রন্ধ অবশ্যই তদ্যারা সীমাবদ্ধ বা পরিচ্ছিন্ন হইবেন, এবং তাহা হইলে ত্রন্ধের সর্বব্যাপিত্বের হানি হয়। স্থতরাং পূর্ব্বোক্ত স্ত্রন্বয়ের দারা ত্রন্ধের সর্ব্বগতত্বও প্রতিষ্ঠিত হয়। সেই সর্ব্বগতত্ব আবার শাস্ত্রোক্ত 'আয়াম' (ব্যাপ্তি) প্রভৃতি শব্দ হইতে [আয়ামশকাদিভ্য:] জান। যায়। শ্রুতি বলেন, ''ইনি আকাশের স্থায় সর্ব্বগত ও নিত্য "(ছা: ৩.১৪.৩)। শ্বৃতি বলেন, "তিনি সর্ব্বগত, ন্থির ও অচল" (গী: ২. ২৪)—ইত্যাদি।

শিষা। এক ধদি নির্কিশেষ, নির্কিকার চৈত্যুমাত হন, তবে জীবের কর্মফল বিধান করে কে ? সমন্ত কর্মের ফলই আর কিছু স্ন্য সদ্য লাভ হয় না, জন্ম জন্মান্তরেও কশ্বের ফল ভোগ হইতে পারে। সেই ফলদাতা কে? ব্ৰহ্ম নিশ্চয়ই ফলদান করেন না, কারণ তাঁহার কোন প্রয়োজনই নাই, তিনি নির্বিকার, নিজিয়, স্থাণুর (ভ্রন্ত) ভায়

মচল, ঘটল। কর্ম সমাপ্ত হইরা গেলেই তাহার মাজিছের লোপ হয়, হতরাং কর্ম গায়ং কালান্তরে কোন ফল উৎপন্ন করিতে পারে না। বে নিঘেই নাই, সে আবার মাজ কিছু উৎপন্ন করিবে কিন্ধপে? ফল কর্মাহার্চানের সঙ্গে হয়, কিছু কর্মকর্ত্ত। কালান্তরে তাহা ভোগ করে—একথাও বলা যায় না। কারণ, ভোগের নামই ফল। যতক্ষণ ভোগ না হয়, ততক্ষণ কর্মের আবার ফল কি । জ্যোতিটোম যাপ করিলে স্থাফল হয়; এই ফলের মার্থ ত এই বৃষ্ধি যে, যক্ষকর্তা স্থাস্থ ভোগ করেন। স্তরাং ভোগ মারম্ভ হইবার পূর্ব্ধ মৃহূর্ত্ত পর্যান্ত ফল হয়ই না। কার্মেই বৃষ্ধিতে পারিতেচি না, ক্রম্মের ফল কির্নেণ উৎপন্ন হয়।

গুরু। দেখ, পরমত্রন্ধ পারমাথিক হিসাবে নির্বিশেষ নির্বিশারনিক্রিয়, নিত্য-শুদ্ধ-মৃক্ত-শুভাব বটেন, কিন্তু ব্যবহারিক দৃষ্টিতে
তাঁহাকে সগুণ, সবিশেষ, সক্রিয় বলিতেই হইবে। কর্ম্মের ফল
ব্যবহারিক জগতেরই, স্বভরাং তাহার ব্যবহারি ব্যবহারিক ভাবেই
হয়। পারমাথিক দৃষ্টিতে স্টেই নাই, কর্মফল ত দ্রের কথা।
ব্যবহারিক জগতের যাবতীয় ব্যবহা ব্যবহারিক দৃষ্টিতেই করিতে হয়।
ইহার সহিত পারমাথিক দৃষ্টির বিনিময় করিয়া ভূল করিও না।
ব্যবহারিক দৃষ্টিতে এই ব্রদ্ধাণ্ডের একজন জন্মর আছেন। তাঁহার
লাসনেই সংসার চলিতেছে;

ফলম ্অতঃ উপপত্তিঃ।। ৩৮ ।। এই দ্বর হইডেই [ছাডঃ] কর্মক [ফাম্] উৎপন্ন হয়; কেন-না, দ্বাংকে ফলদাতা বলিলেই সমন্ত উপপন্ন হয় [উপপত্তিঃ]। তিনি

[°] এই সমন্ত বিচার ট্রন্থ রচ্ছতে সর্পের আকৃতি প্রকৃতি বিচারের মন্তই। ঐ সর্প সবজে যেমন বিচার হইতে পারে যে, সর্গটী কাল, কি হল্দে, চার হাত লখা, না তিন হাত, কণা আছে, কি নাই ইয়াদি, বাবহারিক বিচারও এইরপ।

ममत्त्रत अक्षाक, डांशात अक्षाक जायह यावजीय कार्या निकार इटेरजह, তিনিই স্মষ্ট, স্থিতি ও সংহারের একমাত্র চরম কর্ত্তা, তিনিই দেশকাল দর্ববিষয়ে অভিজ্ঞ, সতরাং দেশকালাদিভেদে ভিত্র ভিত্র কর্মের ফল একমাত্র তাঁহার পক্ষেই দেওয়া সম্ভব, অত্যের পক্ষে নহে।

শ্রুত্রাৎ চ।। ৩৯ ॥

अधिक जेनद्राक्टे कनमाजा वनियाद्या । यथा, "हिन्हे जन्न मान क्रावन, हेनिहे धनमान क्रावन" (व: 8.8.38) हेकामि।

किस---

ধর্ম্মং জৈমিনিঃ অতঃ এব ॥ ৪০ ॥ भाष्टार्था देविमिनि दिविमिनिः । ४५ वर्षार यागयकाणि व्यष्टश्रीनदक्ष [ধর্মম] ফলদাতা বলেন, এবং পূর্ব্বোক্ত কারণ বারাই [অভএব] খমত খাপন করেন, অর্থাৎ তিনি বলেন যে, এতি ও বৃক্তি (উপপত্তি) তাঁহার মতের সমর্থন করে । শ্রুতি বলেন "ম্বর্গ কামনায় বঞ করিবে"। ঐতির এই বিধি হইতে বুঝা যায়, যজাই অর্গরূপ ফল দান করে। তবে তুমি যে বলিয়াছ, কর্ম মাত্রেই প্রত্যক্ষবিনাশী, মুডরাং কালান্তরে অভাবগ্রন্ত হওয়ায় সে কিছু উৎপন্ন করিতে পারে না—তাহা সভা। কিছু ঐতিবাকাত অন্তথা হইতে পারে না। ছভরাং যুক্তির সহিত শ্রুভির যথন একটা আপাতঃবিরোধ দেশ ৰাইভেছে, তথন যুক্তির অমন একটা ব্যবস্থা করা প্রয়োজন, যাহাতে নেই যুক্তি ঐতির প্রতিকৃল না হইয়া অনুকৃলই হয়। এবং দেই উদেখ্যে বলা উচিত বে, কর্ম স্বয়ং বিনষ্ট হইবার পূর্ব্বেই কর্মকর্ত্তাতে এমন একটা শক্তি (বাহার নাম দেওরা বাইতে পারে তাপুর্ব্ধ) উৎপন্ন করিয়া যায়, যাহার প্রভাবে কর্ত্তা বহুকাল পরেও স্থীয় কর্মের ফলভোগ ৰবিতে পারে। সেই 'অপূর্বাই' কর্মের সৃষ্ম চরমাবত্বা, বিদ্বা ফলের

বীজ। এইরপ না বলিয়া ঈশরকে ফলদাতা বলিলে ঈশর পক্ষপাতী ও নির্দিয় হইয়া পড়েন, এবং শ্রুত্যুক্ত যজ্ঞাদি কর্মেও লোকের প্রবৃদ্ধি হইতে পারে না, ফলে সে দব নির্থক হইয়া পড়ে। স্থতরাং ধর্মক (কর্ম) ফলদাতা, ঈশর নহেন। ইহা হইল আচার্য্য জৈমিনির মত।

পূর্ব্বং তু বাদরায়ণঃ, হেতুব্যপদেশাৎ ॥ ৪১ ॥ **किंड** [जू] श्वकात वानतायणः [वानतायणः] शृत्कीक मण्डे; ব্দর্থাৎ ঈবরই ফলদাত। এই মত [পূর্ব্বম্] সমর্থন করেন; যে হেডু #তি, শ্বতি দৰ্শব্ৰ ঈশব্ৰকে ফলের 'হেতৃ' বলা হইয়াছে [হেতৃবাপ-(त्या॰)। अपन कि, जेयद (इ दकवन फन्नान क्रांत्रन, जाहा नय, ममख কর্ম করানও বটে—শ্রুতি শ্বতির ইহাই সিদ্ধান্ত। তবে ঈশ্বর কর্ম-निवर्णक रहेश (बक्हाठावी जारव कन तन ना, हेश छ कि । कर्म অমুদারেই তিনি জীবকে নিয়ন্ত্রিত করেন, এবং তাহার ফলও প্রদান করেন। ("কৃত-প্রয়ত্বাপেক"—ইত্যাদি সূত্র স্তর্ভর্য, ২—৩—৪২)। স্বতরাং তাহার পক্ষপাতিত বা নির্দ্যত হয় না। এইরপ বলিলে মঞাদি কর্মের বিধানও নির্থক হয় না। না হইলে কর্ম স্বয়ং ফল উৎপন্ন করে—ইহা অসম্ভব। কশ্ম দয়ং জড়, অচেতন, তাহা চেতনের সাহায় ভিন্ন সাধীনভাবে কিছুই করিতে পারে না, ইহা ত প্রত্যক্ষ-সিদ। আরও দেধ, যজ্ঞাদিকর্ম যদি স্বাধীনভাবে কিছু উৎপন্ন করিতেই পারিত, তবে আর ঘল্লে দেবতাদের অমুগ্রহ লাভের প্রার্থনার কি প্রয়োজন ? অপচ যজ্ঞে দেবতাকে সম্ভষ্ট করিয়াই ফুল পাওয়া যায়। ইহার ঘারা প্রমাণিত হয় যে, চেতনের সাহায়্য বাতীত ফল উংপর হইতে পারে না। আর ঈশরচৈত্রই সমস্ত চেতনের মূল, দেই এক চৈত্তুই সর্বত বিরাজিত—ইহা বহুবার প্রদর্শন করিয়াছি। স্বতরাং মৃলে সেই ঈশ্বরই দর্ব্ব ফলদাতা—ইহা নিশ্চিত।

তৃতীয় অধ্যায়

তৃতীয় পাদ

শিষ্য। গুরুদের। আপনার কুপায় ব্রিলাম বে, জীব ও এক্ষেবজ্তঃ কোন ভেদ নাই, কেবল মায়া বা অজ্ঞানাদ্ধকারে এই তত্ত্ব আবৃত আছে বলিয়া জীব নিজের স্বরূপ ব্রিতে পারে না। এক্ষণে কুপা করিয়া বল্ন, কিরূপে সেই অজ্ঞানাদ্ধকার বিদ্রিত হইয়া আত্ম-তত্ত্ব প্রকাশ পাইতে পারে।

গুরু। বংস! দেখ, মানসিক শক্তির তারতম্যে কেই বেশী বোঝে, কেই কম। যাহার চিস্তাশক্তি যত তীক্ষ ও যত বিশুদ্ধ হয়, সেতত অধিক ব্ঝিতে পারে। জ্বন্ন জ্বনাস্তরের সংস্কারের আবেষ্টনে আমাদের চিস্তা শক্তি নিতাস্ত থর্ক হইয়া পড়িয়াছে, এবং মনে মালিক্ত জ্বিয়া গিয়াছে, স্ক্তরাং অসীম, অনস্ত, বিশুদ্ধ আত্মতত্ব আমারা ধারণা করিয়া উঠিতে পারি না। যাহাতে আমাদের চিস্তা শক্তি প্রসার লাভ করে ও মলিনতা দ্র হয়, তাহার জ্বন্ত সাধনার আবেশ্রক, কেবল পুত্তক পাঠে বা বক্তৃতা শুনিয়া তাহা হয় না। সাধনার বলে চিত্ত শুদ্ধ হইলে আ্বাত্ব আপনা হইতেই প্রকাশ পায়।

সকল মন্থব্যের শক্তি সামর্থ্য, ক্লচি, পারিপার্শ্বিক অবস্থা আর কিছু
একর্মপ নয়। সেই জন্ম শাস্ত্র সাধনার জন্ম বিভিন্ন প্রণালীর উপদেশ
করিয়াছেন। তৃইটী লোকের মনের অবস্থা, ক্লচি, সামর্থ্য ইত্যাদি যথন
একর্মপ নয়, তথন উভয়ের সাধন-প্রণালীও অবশ্য ভিন্ন ভিন্ন হওয়াই
উচিত। অবশ্য ধাহারা গতামুগতিক, ভাহারা যে কোন একটা ঢং

অবলঘন করিয়া সাধকরঞ্জ হইতে পারেন, কিছ যাহারা প্রকৃত সাধনাভিলাবী প্রারম্ভেই নিজেদের বিশিষ্টতা বুরিতে পারিয়া বিশিষ্ট সাধনমার্গই অবলঘন করেন। কিছু সাধারণ মাছবের এমন শক্তি নাই যে,
কোন্ প্রণালীতে সাধন করিলে তাহার প্রকৃত কল্যাণ হইবে, তাহা
সে নিজেই নির্ণয় করে। ফলতঃ, প্রকৃত আত্মক্ত পুকুব বাতীত কেইই
তাহা নির্ণয় করিতে সক্ষম নহে। স্কুত্তরাং সাধনেজুকে একান্তভাবে
সম্প্রকৃর শরণাপন্ন হইতে হয়। তিনিই তাহার কল্যাণের পথ প্রদর্শন
করিয়া দেন। যে সাধক যেমন অধিকারী, সম্প্রক তাহাকে তদস্কর্প
পথে পরিচালিত করেন। সাধক এক বা একাধিক সাধনা বা উপাসনা
প্রতি অবলঘন করিয়া ক্রমে আত্মতত্ব উপলক্তি করেন।

সমন্ত শ্রুতি ব্রন্ধ বা আত্মন্ত ব্রাইতেই প্রাবৃদ্ধি, এবং ভজ্জন্ত বিভিন্ন শ্রুতি বিভিন্ন প্রবাদী অবস্থন করিয়াছেন। কোথাও স্থা, কোথাও আকাশ, কোথাও প্রাণ ইত্যাদি প্রভীক্ষ অবস্থনে শ্রুতি আত্মন্ত ব্রিবাধ দক্ত উপদেশ করিয়াছেন। এ সমন্তই ব্রন্ধনানের বিভিন্ন প্রবাদী। সেই দক্ত ইহাদিগকে এক এক প্রকারের ক্রিস্ক্রো বিভিন্ন বিশাসনা বলা হয়। যেমন, 'প্রাণ বিদ্যা'—প্রাণ শক্তির বিভিন্ন বিশাশ করিতে করিতে ক্রমশঃ মহাপ্রাণ বন্ধশক্তর জ্ঞান হয়। 'বৈধানর বিদ্যা"—ছালোক তাহার মন্তক, চন্দ্র স্থা তাহার চন্দ্র, পৃথিবী তাহার পাদ ইত্যাদিরপে ধ্যান করিতে করিতে বিশ্ববাদী নারায়ণের ধারণা সহজ হইয়া যায়। এই প্রকার বছবিধ উপাসনা বা বিদ্যার উপদেশ শ্রুতি করিয়াছেন। ভাহা অবলহন করিলেই আয়ুতত্ব অবগত হইতে পারিবে।

পিয়া। কি**ছ** প্রতিতে এমন কতকগুলি বিদ্যা বা উপাসনার উল্লেখ দেখিতে পাওয়া যাচ, যাহা এক বেদাস্থে (উপনিবদে) এক রকমে বর্ণিত, আবার অন্ত বেদান্তে অন্য রকমে। বেমন, বাজসনেরী উপনিবদেও প্রাণবিদ্যার বর্ণনা আছে, আবার ছান্দোগ্যেও আছে। একণে জিজ্ঞাস্য—এইরপ বিভিন্ন বেদান্তে বর্ণিত বিদ্যা কি এক, না বিভিন্ন—অর্থাৎ একই বিদ্যা কি বিভিন্ন বেদান্তে বর্ণিত, হইরাছে, না ভিন্ন ভিন্ন বেদান্তে ভিন্ন ভিন্ন বিদ্যা বর্ণিত হইরাছে?

अक । मर्द्यादमास्त-श्राञ्जास् (ठामनामि-व्यविष्णसार ॥)॥

गमस्य दिनास्त (উপनियदम) श्राञ्जीयसान व्यर्शः वर्गिष्ठ श्राणामि

विशा [मर्द्यादमास्त-श्राञ्जासम्] अकहे, व्यर्शः अकहे विष्णा जित्र जित्र दिनास्त वर्गिष्ठ हहेशास्त ; त्यरहण्, विश्वि, कन हेणामि विश्वस दिनान दिनास्त वर्गिस्त वर्गित वर्षे वर्षे वर्षे वर्षे वर्षे क्षेत्र नाहे [तिमनामाविष्णसार]।

तिमना मस्त्र वर्षे विश्व वर्षे त्यस्त—"अहेत्रत जेशामना कतिद्व,"
"अहेत्रत्य कानिद्व" हेणामि । अहे विश्ववाका मर्द्यदमास्त्रहे अकत्रम ।

केममनात क्ष्मस्त अक विश्व वर्षे विश्व वर्षे हेण्यस्त अकत्रम — एत्य वर्षे वर्ये वर्षे वर्षे वर्षे वर्षे वर्षे वर्षे

পিব্য । কিন্তু — ভেদাৎ ন ইতি চেৎ !—

্ট্টিএইরপ ওণ-ডেদ আছে বলিয়া [ভেদাৎ] বিভিন্ন বেদান্তে বণিত বুদ্ধা এক নয় [ন], এরপ যদি [ইতি চেৎ] বলি ৷—

বৈদৰ কোৰ হলে উপাদ্যোৰ ছুইটা ৩৭ অবলম্বনে উপাদৰা, কোনহলে ভিনট

🥦 ন, একস্যাম্ অপি ।। ২ ।।

না, এরপ বলিতে পার না [ন]; কারণ, এক বিদ্যাতেও [একস্যামপি] ওরপ গুণভেদ থাকিতে পারে। ওরপ অবাস্তর গুণ ভেদ যে
ছলে আছে, সেছলে যে বেদাস্তে কম গুণের উল্লেখ আছে, তাহাতে
অন্য বেদাস্তোক্ত অধিক গুণের যোগ করিয়া অরতার পূরণ করিলেই
চলিতে পারে (৫ম প্রে এইবা)। বহু অংশে যখন অভেদ রহিয়াছে,
তখন গুই একটা অবাস্তর খুটিনাটার ভেদে বিদ্যার ভিন্নতা বলা সম্বভ
নয়। আর ভিন্ন লোককে উপদেশ দিতে হইলে একই বিষয়ের
একটু এদিক গুদিক করিয়া বলিতেও হয়, তাহাতে সেই বিষয়টারই
ভেদ হইয়া যায় না।

শিষ্য। আচ্ছা, বিভিন্ন বেদান্তে উপদিষ্ট বিদ্যা যদি একই হয়, তবে যিনি এইরপ একটা বিদ্যার অস্থ্র্টান করিবেন, তাঁহাকে সেই বিদ্যার যাবতীয় আফ্র্যন্তিক ব্যাপারও অবশ্য অস্থ্র্টান করিতে হইবে। এক্ষণে অথর্কবেদীয় মৃপ্তকোপনিষদে যে ব্রন্থবিদ্যার উপদেশ আছে, তাহার সম্বন্ধে ঐ বেদান্ত বলেন যে, যাহারা শিরোব্রত (মন্তকে অগ্নিপাত্র ধারণরপ এক প্রকার ব্রত) অস্থ্র্টান করিয়াছে, কেবল তাহারাই ঐ ব্রন্থবিদ্যার অধিকারী, অন্যে নহে। ইহাতে বুঝা যাইতেছে, ঐ শিরোব্রতটা ব্রন্থবিদ্যার অপভৃত। অথচ ঐ ব্রত অথর্কবেদী ছাড়া অন্য কেহ অস্থ্র্টান করে না, করার বিধিও নাই। কিন্তু একজন সামবেদী যদি ঐ ব্রন্থবিদ্যার অস্থ্র্টান করিতে ইচ্ছুক হয়, তবে সে তাহা পারিবে না, কারণ ব্রন্থবিদ্যার অল শিরোব্রত সে অস্থ্র্টান করে হাই। হতরাং তাহার জন্য নিশ্রুই নৃতন রক্ষ্যের ব্রন্থবিদ্যার বিধান করিতে ইট্রে। কাজেই স্ক্র বেদান্ত্রে একই বিদ্যা, ইহা কির্পে বলেন প

श्वकः। तन्य, औ त्व नित्राबङ, উहा विन्ताद अन्न नय, त्वना-

ধ্যেনেরই অন্ব. অর্থাৎ শ্রুতি ও স্থলে এই মাত্র বলিয়াছেন যে, যাঁহারা শিরোত্রত অমুষ্ঠান করিয়াছেন, তাঁহারা মুগুক উপনিষৎ পাঠ করিবেন। ইহাতে বুঝা যায়, শিরোত্রতটা পাঠের জন্যই অন্নতেম, বিদ্যার জন্য নহে। স্বভরাং শিরোব্রভটা

স্বাধ্যায়দ্য তথাত্বেন হি দ্যাচারে অধিকারাৎ চ. সববৎ চ তৎ-নিয়মঃ ॥ ৩॥

স্বাধ্যায় অর্থাৎ বেদপাঠের [স্বাধ্যায়স্ত] অঙ্গরপে উক্ত হওয়ায় [তথাত্বেন] বিদ্যার ভেদ জন্মাইতে পারে না। আবে চি । 'সমাচার' নামক এছে [সমাচারে] এই শিরোত্রতকে অধ্যয়নের অঙ্গরূপে স্পষ্ট নির্দেশ করা হইয়াছে। মুওক অধ্যয়নের অধিকার এই ব্রতামুগ্রানকারীরই আছে-এরপ অধিকার নির্দেশ হইতেও [অধিকারাৎচ] শিরোত্রতের অধায়নামত নির্দারিত হয়। মুত্তক পাঠ করিতে হইলে শিরোব্রত করিতে হইবে, এই নিয়মটা আবার তিরিয়মশ্চী 'সবের' ন্যায় সিববংী। অর্থাৎ সূর্যাসমন্ত্রীয় সাত প্রকার সবের (হোম) সহিত কেবল অর্থর-বেদীয়দিগের এক অগ্নিরই সম্পর্ক, অন্তবেদীর অগ্নিত্তয়ের সহিত উহাদের कान मुम्लक नाहे. अखदा: बे 'मव' अथर्कादमी एउताहे अक्ष्मीन कार्यन. **অন্তে** নহে; সেইন্ধপ শিরোব্রডটিও মৃত্তক অধ্যয়নের সহিতই সম্পর্কিত, বিদ্যার সহিত ভাহার কোন সংস্রব নাই। স্পতরাং ভাহাতে বিদ্যার ভেদ হয় না।

> **শ্রুতিও** বিদ্যার অভেদ দৰ্শয়তি চামা

প্রদর্শন করিয়াছেন। যেমন, "সমন্ত" বেদ যাহার বিষয় বলেন" (क: २.১৫) — रेजामि। रेशांख निर्दातिक रह तम्, मर्कादमात्क একই ব্রন্ধবিদ্যা প্রতিপাদিত হইয়াছে, বহদেবতার বিভিন্ন উপাসনা বিভিন্ন বেদান্তে উপদিষ্ট হয় নাই।

অতএব, যেহেতৃ বিভিন্ন বেদান্তে বর্ণিত এক নামের উপাসনা বা বিদ্যার (যেমন বৃহদারণাক ও ছান্দোপ্য উভয় বেদান্তে বর্ণিত ''পঞ্চাগ্রিবিদ্যা'') কোন পার্থকা নাই, ইহা প্রমাণিত হইল, সেই হেতৃ এক বিদ্যা প্রসলে বিভিন্ন উপনিষ্টে উক্ত যত কিছু আছ্যকিক ব্যাপার, তৎসমন্তই এক্ত

উপদংহারঃ অর্থাভেদাৎ, বিধিশেষবৎ সমানে চ॥ ৫।। সংগ্রহ ডিপসংহার: বিবিতে হয়, কারণ তাহা হইলেই উপাসনাত্মপ বস্তুর অভিন্নতা দিছ হয় [অর্থাভেদাৎ], অর্থাৎ এক উপাসনা প্রসঞ্চে ८४ ८४ ऋ म याहा कि हू नुष्ठन कथा आह्न, ष्रश्मभूमाम अक्तिष कतिमाहे উপাসনাটীর পূর্ণাছত সাধিত হয়। পূর্বামীমাংসায় সিদ্ধান্ত করা হইয়াছে বে. একই যাগ (যেমন অগ্নিহোত্ত্ৰ) যদি বিভিন্ন শাখায় বিহিত্ত থাকে, তবে ঐ যাগটী সর্বশাখার পক্ষেই সমান বলিয়া ঐ বিধির মাবতীয় আমুবলিক ব্যাপার (অপ) একত সংগৃহীত করিয়া একটা পূর্ণ ঘাগের অমুষ্ঠান করিতে হয়, অর্থাৎ বিভিন্ন শাধার বিধি যদি এক হয়, ভবে ঐ বিধিপ্রসঙ্গে সর্বাশাখোক্ত যাবতীয় অক্টের একটে সমাবেল করিতে হয়। হয়ত অগ্নিহোত্র যাগ প্রসঙ্গে এক শাখায় একটা ব্যাপার উল্লিখিত হয় নাই, কিছ শাধান্তরে হইরাছে। বিনি বে শাধা चल्नारवरे चित्रराख कविरवन, छाराक के वानावरी अचलेन করিতে হইবে। সেই বিধির সমন্ত অন্দের একত্র সমাবেশের স্থায় [विधित्मववर] विভिन्न त्वमारच विभिन्न विमा धक इहेल [नमात्न] ঐ বিদ্যার প্রসঙ্গে উক্ত যাবতীয় অক্ষের একতা সমাবেশ করা উচিত। श्रुष्टबाः (मधा तम (म, विजिध विमात्य विभि इहेला छेनामूना

वा विषा जिल्ला निश्च नय। তবে সর্ববিত্ত যে এই নিয়ম, তাহা নয়। "প্রাণোপাসনার" বর্ণনা আছে ৷ ঐ উপাসনার নাম এবং উদ্বেশ্ন এক . হইলেও বুহদার্ণাকোক প্রাণোপাসনা হইতে ছান্দোগ্যোক প্রাণোপাসনা পুথক বলিয়া স্বীকার করা উচিত। যেহেত বুহদারণ্যকে যে প্রণালীতে ल्यारिंगाना कतिवात विधान चार्छ, हास्मारिंग रमक्रे लेवानीत বিধান নাই। স্থতরাং

অন্যথাত্বং শব্দাৎ ইতি চেৎ ?---

শ্রুতি হইতেই [শব্দাৎ] প্রমাণিত হয় যে, এক বেদান্তে বিহিত উপাসনা অপর বেদান্তে বিহিত উপাসনা হইতে পৃথক [অক্সথাত্ম], এরপ যদি [ইতি চেৎ] আমি বলি, তবে তুমি হয়ত বলিবে যে, "আপনি ওরপ বলিতে পারেন

न, অবিশেষাৎ ॥ ७ ॥

না [ন | ; কারণ ঐ উভয় বেদান্তে প্রাণোপাসনার কোন বিশেষ নাই [অবিশেষাৎ]। উভয়ত্রই একই উদ্দেশ্যে প্রাণোপাসনার বিধান রহিয়াছে, এবং বহু অংশেই এক্য আছে। সামাক্ত এক আধটু প্রণালীর অনৈক্যে উপাসনা ভিন্ন মনে করা সঙ্গত নয়, একথা আপনিই প্রথমে প্রমাণ করিয়াচেন"-

কিছ ভোমার ওরপ বলা ঠিক

न रा श्रकत्रगरङ्गार भरतावतीयुखानिवर ॥ १ ॥ नम् [न]; अञ्चल উপাদনার ভেদই স্বীকার করিতে হইবে; বেংহতু, উভয় বেদাস্তে প্রকরণের (subject-matter, topic) ভেদ রহিয়াছে [প্রকরণভেদাৎ], অর্থাৎ বুহদারণাকে বে ভাবে প্রাণোপাসনার বর্ণনা আরম্ভ করা হইয়াছে, ছান্দোগ্যে সে ভাবে হয় নাই। বুহদারণ্যকে সমগ্র 'উদ্গীথ'কে (উদ্গীথ—এক একার বৈদিক গান) প্রাণদৃষ্টিতে উপাসনা করিতে বলা হইয়াছে, কিন্তু ছান্দোগ্যে ঐ উদ্গাপের একটীমাত্র অংশ (পদ বা কলি) ওঁকারেই প্রাণদৃষ্টির বিধান আছে। স্থতরাং ঐ উভয় বেদাস্ভোক্ত উপাসনা এক নয়। এইরূপ নাম এক হইলেও যে, উপাসনার ভেদ হইতে পারে, তাহার দৃষ্টান্তঃ—ছান্দোগ্যোপনিষদের প্রথম অধ্যায়ে প্রথম হইতে সপ্তম খণ্ড প্রয়ম্ভ একবার উদ্দীধোপাসনার কথা আছে, আবার অষ্টম খণ্ডেও গল্পক্তলে উদ্গীথোপাসনা বণিত আছে। কিন্তু প্রথম সাত থতে উদ্গীথের অংশ ওঁকারকে প্রাণদৃষ্টিতে উপাসনা করিতে বলা হইয়াছে, এবং অষ্টমখণ্ডে উণ্দীথকে ব্রহ্মদৃষ্টিতে উপাসনা করিতে বলা হইয়াছে; অধিকন্ত এই উদ্গীণকে 'পরোবরীগান' (পর = জোষ্ঠ, বর = এেট, পরোবরীয়ান = যাহ। অপেকা জোষ্ঠ ও শ্রেষ্ঠ কিছু নাই), 'অনস্ত' প্রভৃতিশব্দেও অভিহিত করা হইয়াছে। এম্বলে পরোবরীয়ন্তাদি গুণবিশিষ্ট উদ্গীথ উপাসনা যেমন প্রথমোক উপাসনা হইতে পৃথক (যদিও নাম এক) সেইরূপ পরোবরীয়ন্তাদির ভায় [পরোবরীয়স্থাদিবৎ] ছান্দোগ্যোক্ত প্রাণোপাসনাও বুহদার্ণ্যকোক্ত व्यापाभामना इहेट्ड भूथक।

শিষা। কিন্ত

সংজ্ঞাতঃ চেৎ ?

সংজ্ঞা অথাৎ নামের ঐক্য থাকায় উপাসনাও এক, এরূপ যদি বলি १—
গুরু। ততুক্তম্, অস্তি তদপি ॥ ৮॥

ना, रमक्रम विल्ए भात्र ना ; कात्रण, नाम এक इटेरल विकास एकत

হইতে পারে, তাহাত ইত:পূর্বেই বলিলাম [তত্ত্তম্]। যেন্থলে ভেদ স্বীকৃত, (যেমন, পরোবরীয়স্তাদিন্তলে) সেম্বলেও নামের ঐক্য [তদপি] আছে | অন্তি]। স্থতরাং নামের ঐক্য থাকিলেই যে স্বিব্রে উপাসনারও ঐক্য হইবে, এমন কোন নিয়ম নাই।

শিশ্র'। ছান্দোগ্যে ওঁকারকে উগদীথশব্দে বিশেষিত করা ইইয়াছে— ইহার সার্থকতা কি পূ

গুল্প। ইহার সার্থকতা এই যে, ওঁকার সর্ববেদেই আছে, উহা সর্ববেদেসাধারণ। কিন্তু যথন প্রাণদৃষ্টিতে উপাসনা করিতে হইবে, তথান উদ্গীথশব্দে বিশেষিত ওঁকারেই প্রাণদৃষ্টি করিতে হইবে, মর্ব্বসাধারণ ওঁকারে নয়। প্রাণোপাসনার জ্বল্য উদ্দীথ শব্দবারা বিশেষিত ওঁকারই প্রশন্ত—শ্রুতি এইরূপ বলিতে চান, কাজেই ওঁকার যথন

বাপ্তেঃ চ সমঞ্জসম্।। ১।।

সর্ব্ধ বেদেই ব্যাপ্ত হইয়া আছে [ব্যাপ্তেঃ] তথন অভিনমিত প্রাণোপা-সনার জন্ম ও কারকে উদগীধ শব্দে বিশেষিত করিলেই সকলের সামঞ্জ্য হয় [সমগ্রসম]।

শিষা। বাজসনেয়ী, ছান্দোগা ও কৌষীতকী এই তিন উপনিষদেই "প্রাণাবিদ্যার" বর্ণনা আছে। সর্ব্বএই প্রাণকে অন্যান্ত ইন্দ্রিয় অপেক্ষা জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ বলা হইয়াছে। কিন্তু ছান্দোগ্য ও বাজসনেয়ী উপনিষদে বাগাদি ইন্দ্রিয়ের যে সমন্ত গুণ, তাহাও প্রাণেরই গুণরূপে প্রদর্শন করা ইইয়াছে, কিন্তু কৌষীতকীতে ঐ কথাটী বলা হয় নাই। অর্থাৎ কৌষীতকীতে বাগাদি ইন্দ্রিয়ের গুণও প্রাণেরই গুণ—এরূপ কোন

কথা নাই। একণে জিজান্ত এই যে, কৌষীতকীর এই প্রাণবিদ্যায়ও কি বাগাদির গুণ যোজনা করিতে চ্টবে ?

^{ওরু।} সর্ব্ব-অভেদাৎ অন্যত্ত ইথে।।১•।।

বাগাদির এই সমন্ত গুণ (যাহা ভালোগ্যে ও বাজদনেরীতে উক্ত ইইয়াছে) [ইমে] অন্য উপনিষদে অর্থাৎ কৌবীতকীতেও [অক্সত্র] যোজনা করিতে হইবে; কারণ সর্বব্যই অর্থাৎ উক্ত ভিন উপনিষদেই বিদ্যার অভিন্নতা [সর্ব্বাভেদাৎ] আছে। বিদ্যা যথন সর্ব্বত্রই এক, তপন একস্থলে যে গুণের উল্লেখ নাই, তাহা অস্ত স্থল ধইতে আনিয়া পুরণ করিতে হইবে (৫ম স্ত্রে দুইবা)।

শিষা। আচ্চা, আনন্দ্ররপ, বিজ্ঞান্তন, সর্বব্যাপী, সর্বাত্মক, সত্যত্বরূপ ইন্ড্যাদিরপে রক্ষের যে সমন্ত গুণের উল্লেখ আছে, তাহার সমন্ত
ভূলিই এক স্থানে কথিত হয় নাই। কোন উপনিবদে তুইটা, কোথাও
তিনটা ইন্ডাদিরপে বিভিন্ন উপনিবদে 'আনন্দরপথাদি' ওপের উল্লেখ
করা হইগাছে। এক্ষণে কিজ্ঞান্ত এই যে, রক্ষোপাসনায় ঐ সমন্ত গুণের
এক্ত স্থাবেশ করিলা ধ্যান করিতে হইবে, না. যে উপনিবদে যে ক্ষ্টা
গুণের উল্লেখ আছে, কেবল সে ক্ষ্টি গুণ অবলম্বনেই পৃথক পৃথক্
উপাসনা করিতে হইবে ?

শুৰু। আনন্দাদ্য়ঃ প্ৰধানস্য ॥১১॥

আনন্দরণত প্রভৃতি [আননাদয়:] এক্ষের শ্বরণ প্রতিপাদক বত কিছু গুণ শ্রুতিতে উক্ত হইয়াছে, তৎসমন্তই এক্ষের [প্রধানক] গুণরূপে এক্যিত ক্রিয়া উশাসনা ক্রিতে হইবে, কারণ একই এক স্বর্ধ- বেদান্তের প্রতিপাদ্য। এক বেদান্তে সাক্ষাৎভাবে চুটী একটি গুণের উল্লেখ না থাকিলেও তাৎপর্যবশে বৃথিতে হইবে বে, ঐ গুণগুলি প্রত্যেকেই ব্রন্ধের স্বরূপ প্রতিপাদন করে। স্থতরাং ব্রন্ধোপাসনায় সকল গুলিই সংগৃহীত হইবে। এই হইল ব্রন্ধের স্বরূপ প্রতিপাদক গুণ সমন্তে। কিন্তু অধিকারিবিশেষের বৃথিবার বা উপাসনার স্থবিধার শুল যে সমন্ত গুণের উল্লেখ আছে, তাহা সর্ব্যার সংগৃহীত হইবে না। বেমন, তৈভিরায়কে বলা হইয়াছে, "প্রিয় তাঁহার (ব্রন্ধের) শিরঃ—মন্তক, মোদ দক্ষিণ পক্ষ, প্রমোদ বাম পক্ষ—"(তৈ: ২.৫; ৩। এই সমন্ত

প্রিয়শিরস্থাদি-অপ্রাপ্তিঃ, উপচয়-অপচয়ে হি ভেদে ॥১২॥

প্রিয়শিরভাদি গুণ, যাহা ব্রহ্মসম্বদ্ধে বলা হইয়াছে— ব্রক্ষোপাসনায় সর্ব্ব ভাহাদের প্রাপ্তি নাই, অথাৎ ভাহাদের গ্রহণ করিতে হইবে না [প্রিয়শিরভাদ্যপ্রাপ্তি:]; যে হেডু [হি], ঐ সমন্ত গুণ বা ধর্ম ছির নহে, উহাদের হ্রাস বৃদ্ধি [উপচ্যাপচয়ে] আছে, অর্থাৎ প্রিয়, মোদ, প্রমোদ ইভাাদি ধর্ম আনন্দের কমবেশী তীব্রভার উপর নির্ভর করে বলিয়া ছির নহে, বিকারী; এবং এইরূপ অছির বা বিকারী ধর্ম হৈভেই (ভেদেই) সম্ভব হয়, অর্থাৎ যাহার ঐরপ ধর্ম আছে, সে নিজেও বিকারী। কিন্তু ব্রেহ্ম কোনরূপ ভেদ বা বিকার নাই; স্থভরাং প্রিয়াদি তাঁহার হরূপ গত ধর্ম হইতে পারে না। এবং এইজ্বন্ত ব্রহ্মোপাসনায় ঐ সমন্ত ধর্মের এক্তে সন্ধিবেশ হয় না,

^{` *} অভীট্ট বন্ধৰ ধৰ্ণনে বে আনন্দ, ভাছার নাম 'প্রিয়', লাভে বে আনন্দ ভাছার দাম 'যোহ', ভোগে বে আনন্দ ভাছার নাম 'প্রমোহ'—এইসব একই আনন্দের বিকৃতি, ভারতমা, কমবেশী ভাব।

কেবল যে স্থলে ঐ সব ধর্ম্মের উল্লেখ আছে, সেই স্থলেই ভাহাদের উপযোগিতা, অহাত্র নহে।

ইতরে তু অর্থসামান্তাৎ ॥১৩॥

প্রিয়শিরস্থাদি ভিন্ন অক্যান্ত আনন্দর্রপতাদি ধর্ম [ইতরে] কিছ [তু] ব্রেলের সহিত সমানাত্মক বলিয়া [অর্থসামান্তাৎ], অর্থাৎ সে সমস্ত ধর্ম ব্রেলের স্বরূপ প্রতিপাদক বলিয়া সমস্ত ব্রহ্মবিদ্যাতেই উপধােগী এবং সংগৃহীত ও হয়।

শিশু। কঠ উপনিষদে বলা হইয়াছে, "ইন্দ্রিয় অপেক্ষা অর্থ (বিষয়)
পর (শ্রেষ্ঠ), অর্থ অপেক্ষা মন পর …" এইরূপে ক্রমে দেখান হইয়াছে,
"পুরুষ অপেক্ষা পর কিছুই নাই, পুরুষই পরাকার্চা, চরম, গডি" (কঃ
৩. ১০-১১)। এছলে জিজ্ঞাত এই যে, শ্রুতিতে কি অর্থাদির পরত্ত
জ্ঞোহ বলিয়া উপদিষ্ট হইয়াছে, না কেবল পরমপুরুষই সর্বশ্রেষ্ঠরূপে
জ্ঞাতব্য
শ্রুতি কি কেবল ব্রহ্মকেই সর্বশ্রেষ্ঠরূপে জ্ঞানিবার
কৌশলস্বরূপ অর্থাদির পরত্ব প্রদর্শন করিয়াছেন, না ইন্দ্রিয়, অর্থ, মন,
বৃদ্ধি ইত্যাদি পর পর শ্রেষ্ঠ —এ তথ্য ও জ্ঞানিতে বলেন ? •

গুরু। না, শ্রুতি অর্থাদির পর পর প্রাধান্ত জানাইবার জ্ঞন্ত ওরূপ উপদেশ করেন নাই, তবে ঐ ক্রমে

আধ্যানায় প্রয়োজনাভাবাৎ॥১৪॥

পরম পুরুষের ধাান করিবার ভন্ত [আধ্যানায়] অর্থাৎ উক্তক্রমে ভাবনা করিয়া সর্বপর পুরুষের জ্ঞান লাভ করিবার জন্তই শ্রুতি ওরুপ

^{*} প্রক্রে অভিসন্ধি:—এইখনে অর্থাদিবিদ্যা ও পুরুষবিদ্যা এই ছুইটা ব্রিভিন্ন বিদ্যা ব্যবিভ ক্টরাছে, না. একটা।

উপদেশ করিয়াছেন, অর্থাদির পরত প্রতিপাদনের জন্ত নয়, কারণ অর্থাদির পরত্ব জানিবার কোন প্রয়োজন নাই প্রয়োজনাভাবাৎ]। व्यर्शानित পत्रव कानिया कान कन नारे, भत्रव भत्रभभूक्षरक कानितनर মোক্ষরণ ফল হয়, স্থতরাং শ্রুতির তাৎপর্য্য পরপুরুষের জ্ঞান বিষয়ে. অর্থাদির পরত বিষয়ে নহে।

ঐ শ্রুতি যে পুরুষেরই জ্ঞানলাভের উদ্দেশ্যে, তাহা ঐ শ্রুত্যুক্ত

আত্মশব্দাৎ চ ॥১৫॥

'আআ' এই শব্দ হইতেও [আআশ্বনাৎ]জানা ঘায়। শ্রুতি ঐ পুরুষ সম্বন্ধে বলিতেছেন, ''ইনি সমস্ত ভূতে গৃঢ় আভ্না— (সাধারণ জ্ঞানে) প্রকাশিত হন না, কিন্তু সুক্ষদশীর শ্রেষ্ঠতম স্মাবুদ্ধিতে দৃষ্ট বা প্রকাশিত হন" (ক: ৩.১২)। এই শ্রুত্যংশ হইতে বুঝা ঘাইতেছে যে, ঐ পুরুষ বা আত্মা অত্যন্ত হজেম, কেবল ধ্যানাদি ছারা বিশুদ্ধীকৃত বুদ্ধিরই গম্য, তাহা ছাড়া আর সমন্তই অনাত্মা। এই আত্মার সাক্ষাৎকার করাই সর্ববপ্রধান কর্ত্তব্য মতরাং অর্থাদির জ্ঞান উপদেশ করা যে শ্রুতির অভিপ্রায় নয়, তাহা ঐ পুরুষকে আত্মান্ধপে প্রদর্শন করাতেও স্থিরীক্বত হয়।

শিষা। ঐতরেয় উপনিষদে আছে, "সৃষ্টির পূর্বের এই সমস্ত (দৃষ্ঠ পদার্থ) একমাত্র আত্মাই ছিল, অন্ত কিছুই ক্রিয়াশীল ছিল না। তিনি 'আমি লোক সকল স্ক্রন করিব' এইরূপ ভাবনা করিয়া বর্গ, অন্তরীক্ষ, মর্ত্ত্য, পাতাল-এইসব লোক সৃষ্টি করিলেন" (ঐ: ১.১-২)। এন্থলে এই আত্মা কি পরমাত্মাই (ব্রহ্ম), না সৃষ্টি-কর্তা ব্রহা গ

ওক। একলে আত্মা-শব্দে

আত্মগৃহীতিঃ ইতরবৎ উত্তরাৎ ॥১৬॥

অস্তান্ত সৃষ্টি বাক্যের স্থায় [ইডরবং] পরমাত্মাকেই গ্রহণ করিতে হটবে [আত্মগৃহীডি:]; যেহেতু শ্রুডির পরবর্তী বাক্য হটতে [উত্তরাং] বুঝা যায় যে, ঐ আত্মা-শব্দে পরমাত্মাকেট লক্ষ্য করা হইয়াছে। "সেই এই আত্মা হইতে আকাশ উৎপন্ন হইল" (তৈ: ২.১.১)—ইড্যাদি সৃষ্টিবাক্যে যেমন পরমাত্মা আত্মা-শব্দের লক্ষ্য, সেইরপ "ডিনি এই সব লোক সৃষ্টি করিলেন" ইড্যাদি আলোচা সৃষ্টিবাক্যেও পরমাত্মারই বোধ হয়।

শিষা। কিছু আলোচা ছলে শ্রুতি যদি পরমাত্মাকেই স্প্টিকর্তা বলিতেন, তবে আকাশাদি মহাভূতের স্প্টেরই উল্লেখ থাকিত, ম্বর্গাদি লোকস্প্টের উল্লেখ থাকিত না। কারণ অক্সান্ত শ্রুতিতে দেখিতে পাই, পরমাত্মা হইতে প্রথমে আকাশাদি মহাভূতেরই স্প্টি হয়, এবং শ্রুতি প্রমাণে জানা যায় যে, মহাভূতেরই বিশেষ বিশেষ সন্ধিবেশ ছারা ব্রহ্মা (প্রশ্রাপতি) স্বর্গাদি লোক স্প্টি করেন। স্ক্রবাং

অন্বয়াৎ ইতি চেৎ !---

প্রাপর বাক্যের সমন্ধ হইতে [অবহাৎ] বুঝা যাইতেছে বে,
আলোচা হলে আত্মা-শন্দে পরমাত্মাকে না ব্রাইরা ব্রন্ধাকেই
ব্রাইতেছে—এরপ যদি [ইতি চেৎ] বলি !— •

গুরু। নাবংস! লোকস্টির সহিত আংলোচ্য শ্রুতির সম্ম ধাকিলেও ব্রহ্মাকে গ্রহণ না করিয়া প্রমাত্মার গ্রহণ

স্যাৎ অবধারণাৎ ॥১५॥

হুইতে পারে [স্থাৎ]; কারণ, আলোচ্য শ্রুতিতেই "উৎপত্তির পূর্ব্বে একমাক্র আত্মাই ছিলেন" (বৃ: ১.৪.১), এইরূপ 'অবধারণ' আছে বলিয়া [অবধারণাৎ] ঐ আত্মা-শব্দে প্রমাত্মা ছাড়া আর কাহাকেও গ্রহণ করা যায় না। শ্রুতি প্রথমেই বলিলেন, "আত্মা ছাড়া আর কিছুই ছিল না"—ইহাতেই বুঝা যায় যে, ঐ আত্মা পরমাত্মা ব্যতীত আর কেহই নয়। এরপ 'অবধারণ' । অক্স স্ব নিষেধ করিয়া একমাত্র বস্তুর অন্তিত্ব ঘোষণা) পরমাত্মার পক্ষেই 'হইতে পারে, যেহেতু তিনিই সর্বকারণ-কারণ। প্রজাপতি অন্ধা দিশ্র স্টের তুলনায় আদি পুরুষ হইলেও তিনি চর্ম নহেন, তিনিও প্রায়ং ব্রহ্ম হইতে উৎপন্ন। স্থাতরাং তাঁহার সম্বন্ধে বলা যায় না যে, স্ষ্টির পূর্বে তিনি ছাড়া আর কোন কিছুই ছিল না। তবে আলোচা #তিতে যে লোকস্টির কথা দেখিতে পাই, তাহার তাৎপ্র্য এই বে, পরমাত্মা মহাভুত স্থান্ট করিয়া পর্গাদি লোকের সৃষ্টি ৰবিলেন। এইব্ৰপ ব্যাখ্যা কবিলেই শ্ৰুতির পূৰ্ব্বাপর সামঞ্চ थादक।

[ি] শিষ্য। ছান্দোগ্য ও বৃহদারণ্যক উপনিষদে প্রাঞ্জিদ্যার শাস্ত্র পরে আচমন করিতে হয় এবং এ আচমনীয় জলকে প্রাণের আচ্চাদন বস্ত্ররূপে চিস্তু **করিতে হয়। একণে জিজ্ঞান্ত এই খে, ঐ খলে কি শ্রুতি আচমন**

করা এবং জ্বলকে আচ্ছাদনরূপে চিস্তা করা—এই উভয়েরই বিধি দিয়াছেন, না একটীর ?

গুরু। না, ওন্থলে আচমনের বিধি নাট, আচমন শ্বতি ও সদাচার হইতেই প্রাপ্ত, অর্থাৎ আচমনের বিধি শ্বতিশাস্ত্রেই দেওয়া হইয়াছে, এবং প্রত্যেক সজ্জনই আচমন করিয়া থাকেন; স্থতরাং সে বিষয়ের উপদেশ করা শ্রুতির নিম্প্রয়োজন। অপ্রাপ্তবিষয়ে উপদেশ করাই শ্রুতির কার্য্য। স্থতরাং আচমনীয় জলকে প্রাণের আচ্ছাদনরূপে চিস্তা করিতে হইবে, এইরূপ

কার্য্যাখ্যানাৎ অ-পূর্ব্বম্ ॥ ১৮॥

কর্ত্তব্যের উল্লেখ থাকায় [কায্যাখ্যানাৎ] উহাই অহুক্ত-পূর্ব্ব [অপূর্ব্বম্], অর্থাৎ ঐ কর্ত্তব্যটী ইতঃপূর্ব্বে আর কোথাও উপদিষ্ট হয় নাই। সেইজ্ব্য নির্দ্ধারিত হয়, শ্রুতি এইরূপ চিন্তারই বিধান করিয়াছেন, আচমনের নয়। তাৎপ্যা এই যে, আচমন প্রাণবিদ্যার অঙ্গ নয়, জলকে আচ্ছাদন রূপে ভাবনা করাই বিদ্যার অঞ্গ।

শিষ্য। বাজসনেয়ী শাখার তৃইস্থলে (অগ্নিরহস্তে ও বৃহদারণ্যকে)
শাক্ষিল্য বিল্পা বর্ণিত হইয়াছে। তন্মধ্যে একস্থলে বলা
হইয়াছে, "আত্মা মনোময়, প্রাণ-শরীর, দীপ্তিস্করণ—"। অক্সন্থলে
এই সব গুণ ছাড়া আরও কয়েকটা বিশেষণের উল্লেখ আছে। এস্থলে
সংশয় হইতেছে যে, ঐ উভয় স্থলে বিদ্যা এক, কি ভিন্ন। বিভিন্ন
শাখায় যদি ওরূপ কম বেশী গুণের উল্লেখ থাকিত, তবে বিদ্যার ঐক্য
স্থীকার করিতে বাধা ছিল না; কারণ এক এক শাখা এক এক
লোকের জন্ম নিদিষ্ট, কিন্তু এক শাখাতেই যখন তুইবার বর্ণনা আছে,

তখন পুনরুক্তি দোষ পরিহারের জন্ম অবশুই বলিতে হয়, বিদ্যাও ভিন্ন এবং সেইজন্ম একস্থলে কথিত গুণ অন্তস্থলে যোজনা করিবারও প্রয়োক্তন নাই।

श्वकः। ना. अञ्चल विमा जिन्न नय.

্সমানে এবঞ্চ অভেদাৎ ॥১৯॥

এক শাখাতেও [সমানে] এইরূপ [এবঞ্চ] বিদ্যার ঐক্য ও শুণের সংগ্রহ হইবে ; যেহেতু উভয়ন্থলেই উপাস্থের অভিন্নতা রহিয়াছে [षराजनार]। पश्चित्रहरण रा माखिनाविना।, वृह्नावनारक अथरम মনোময়ত্বাদি গুণ দৃষ্টে দেই শাণ্ডিল্যবিদ্যারই প্রভ্যভিজ্ঞা হয় (চেনা যায়): তারপর তাহাতে অক্যান্স গুণের উল্লেখ দেখা যায়। স্থতরাং মনোময়তাদি গুণের বিধি বুহদারণাকে করা হয় নাই (ঐ বিধি পূর্কেই অগ্নি রহস্তে কর। হইয়াছে), অগ্নিরহস্তোক্ত গুণের উল্লেখমাত করিয়¹ वृष्ट्रमात्गाक छेशारक ज्यथाय भाष्टिनाविनााक्रां किनाशैया नितनत. भरत অক্তান্ত গুণের বিধান করিলেন। স্বতরাং পুনক্ষজি দোষ হয় না. এবং বিদ্যারও ঐক্য হয়।

শিষ্য। বুহদারণ্যকে সভ্য-ভ্রক্ষের উপাদনার বাবস্থা আছে। ঐ প্রসঙ্গে শ্রুতি একবার আদিত্যমণ্ডলে সভাব্রন্ধের ধ্যান করিতে বলিয়াছেন, এবং সেই আদিত্যমণ্ডলের পুরুষের শাস্ত্রীয় গুছ নাম বলিয়াছেন 'অহ:'। আর একবার দক্ষিণচক্ষতে স্তাত্রন্ধের ধ্যান করিতে বলিয়া তাঁহার শাস্ত্রীয় গুহু নাম বলিয়াছেন 'অহম'। স্থতরাং

সম্বন্ধাৎ এবম অন্তত্তাপি ॥২০॥

এক উপাস্থ সভাবন্ধের যথন উভয়ত্তই সমন্ধ আছে [সমন্ধাৎ]

অর্থাৎ উপাক্ত র্থন উভয় সলেই এক সভাব্রন্ধ, তথন শাণ্ডিলাবিভার खन मः शहर काम जियम] 'षहः । षहम' এই ছুইটা नाम्बद (यनाम्ध একটিকে অন্তর। অন্তরাপি । সংযোজিত করা উচিত বলিয়া মনে হয়, অর্থাৎ আদিতা মতুলত্ব পুরুষের নামও 'অহ:' এবং 'অহম' এই ছুইটাই. এবং চকুত্ব পুরুষের নামও 'মহম' ও 'অহ:'--এই ছুইটাই।

ন বা বিশেষাৎ ॥২১॥

না, বিদ্যা এক হটলেও উভয় নাম উভয় স্থলে সংগৃহীত হইবে না িন ব:]: কারণ, আদিতাও চকুরণ স্থানভেদে উপাস্থও পুথক িবিশেষাং ী। যদিও বস্তুতঃ এক সত্যবন্ধই উভয়ন্থলে উপাশু, एशानि (य अधिक्रीति जाहात উপामन। कता हश, जाहात । उत्म উপাক্ষেত্রও ভেদ স্বীকার করিতে হয়। একটা আধার অবলম্বনে উপাদনা করিলে বস্তুত: উপাত্মের ভেদ না থাকিলেও স্থানকত একটা ভেদ মানিয়াই ওরপ উপাসনা অবলম্বন করা হয়। স্বতরাং, ওরপ উপাদনায় আধার যেমন ভিঃ ভিঃ, দেইরূপ নামও যথানির্দ্ধিষ্ট বলিয়াই গ্রহণ করা উচিত, পরস্পরের সহিত বিনিময় বা সংযোজন করা সঙ্গত নয়—অধাং আদিতামওলত সতাত্রভের ধ্বন উপাসনা করা হটবে, তখন তাঁহাকে 'অহ:' নামেই 'অভিহিত করিতে হটবে, 'অহং' নামে নয়: এইরপ চকুত্ব সভাবন্ধকেও কেবল অহং নামেই অভিহিত করিতে হইবে। ডিপাসনাকালে একবার এ শ্বানে, আবার ও স্থানে, একবার এ নামে, আবার ও নামে ধান করিলে চিত্তের विक्म्पिहे ह्या।

দর্শয়তি চ ॥২২॥

আর, শ্রতিও এই কথাই প্রদর্শন করিয়াছেন প্রতি ঐ উপাসনা

প্রসঙ্গে আদিত্য-পুরুষ ও চাক্ষ্য-পুরুষের সারপ্য (পরস্পরের রূপ-সাদৃত্র) দেখাইতে প্রয়াস পাইয়াছেন। যদি ঐ স্থলে ঐ নামৰ্যের উভয় স্থান সংগ্রহ করিতে হইবে, শ্রুতির এইরূপ অভিপ্রায় হইত, তবে দে অভিপ্রায় «ম স্তের রীতিতেই দিদ্ধ হইতে পারিত, তব্দক্ত এতির আর পূথক প্রয়াস স্বীকার করিবার প্রয়োজন হইত না। কিছু স্রতি यथन विराम भारत এই ছলেই माजभा रामधाहरू श्रीवान कविवाहन. ज्यन विवार इहेरव (य. ०म न्यूटबर ती जि । **म्यूटल श्रासा** नहा স্থাতরাং ঐ নামব্যের একতা সংগ্রহ হইবে না।

শিशा तानायनीय भाषात शिनकारण (शिन-विधित नम्, নিষেধও নয়, এরপ সাধারণ বাকা) কথিত আছে, "ব্রন্ধে সর্কোৎকট বীষা সমূহ সঞ্চিত ছিল, প্রথমে আদি পুরুষ ব্রহ্ম সমন্ত ত্নালোকে বাাপ্ত ছিলেন" ইত্যাদি। ব্রন্ধের এইরূপ বীর্হাসেক্সার ও হ্ল্যুকোকব্যাপ্তি গ্রভৃতি বিভৃতি কোন উপাসনাবিশেষের প্রসক্ষে বলা হয় নাই। স্কৃতরাং মনে হয়, এক্ষের এই সাধারণ বিভৃতি সমূহ সমন্ত উপাসনাতেই স্ক্লিত করিতে হইবে।

গুরু। না, ঐ সমন্ত বিভৃতি যে শ্বলে উক্ত হইয়াছে, কেবল সেই चल्टे हिन्द्रनीय, नर्स्त (जनान উপामनाय) नरह, ज्रथार

সম্ভূতি-ছাব্যাপ্তি-অপি চ অতঃ ॥২খ।

• বার্ষ্যসম্ভার ও ছালোকবাাপ্তি প্রভৃতি ব্রন্ধবিভৃতিও [সম্ভ ডি-ছাব্যাপ্তাণি চ] এই কারণেই [অভ:] অর্থাৎ পূর্ব্ব স্ত্রোক্ত কারণেই, **ब्लिंग** रा द्वान डेक श्रेषार्छ, त्रारे द्वानरे निवस शाकित, अन উপাসনায় সংযোজিত হইবে না। জ্বদ্বাদি কৃত্ৰ স্থানে যে সমন্ত উপাসনার বিধি আছে, তাহাতে ত্বালোকরাাপ্তি প্রভৃতি বিভৃতির চিন্তা। করা অসম্ভব। বীর্ষাসম্ভারও ত্বালোকরাাপকের সহযোগেই উক্ত হইয়াছে বলিয়া হলয়াদি স্থান অবলম্বনে যে সমস্ভ উপাসনা, তাহাতে সংগৃহীত হইবে না। স্বতরাং উপাসনার স্থানের পাথকা হেতু সম্ভৃতি প্রভৃতি বিভৃতির সর্বত্র সংগ্রহ হইবে না। অবশ্র কোন কোন উপাসনায় স্থানের উল্লেখ নাই; না থাকিলেও এক জাতীয় গুণের সহিত অক্ত জাতীয় গুণের পার্থকা দ্বারাই উপাসনার পার্থকা স্বীকার করা হয়, না হইলে সমপ্ত উপাসনাতেই, সাক্ষাং সম্বন্ধেই হউক, কি পরম্পরাক্রমেই হউক, একমাত্র ব্রন্ধাই উপাস্থা। সেইভাবে দেখিতে গেলে সমপ্ত উপাসনাই এক বলিতে হয়। কিন্তু বিভিন্ন সাধকের শক্তি-সামর্থা, কচি, অবস্থা অনুসারে উপাসনাধ অবশ্র ভিন্ন রূপ হইবে, সকলের পক্ষে একরপ উপাসনা হইতে পারে না। আর, উপাসনার পার্থকা গুণের পার্থকা দ্বারাই নির্ণাত হয়। জিণ-বিভিন্ন জাতীয় গুণ, আদিত্য মণ্ডলাদি স্থল ইত্যাদি]। স্বভরাং সম্ভ তি প্রভৃতি বিভৃতি সর্ব্ববিধ উপাসনায় উপযোগী নহে।

এইরপ আবার ছান্দোগ্য ও তৈত্তিরীয় উপনিষদে প্রুক্তহাবিত্যা নামে এক বিভার বর্ণনা আছে। উপাসক আপনাকে নিদ্দিষ্ট প্রশালীতে ব্রন্ধরণে ভাবনা করিবেন ইহাই পুরুষবিভা। এই

পুরুষবিভায়াম্ অপি চ ইতরেষাম্অনাম্নানাৎ।।২৪।। া

পুরুষবিভাতেও [পুরুষবিদ্যায়ামপি চ] ছালোগ্যে যে সমস্ত গুণ বা ধর্মের উল্লেখ আছি, সেই সমস্ত ধর্মের [ইতরেয়াম্] তৈজিরীয়কে উল্লেখ না থাকায় [অনামানাৎ] ঐ চুই স্থলের বর্ণিত বিদ্যা এক নয়, এবং সেই জন্ম গুণের সংযোজনাও হইবে না। ঐ উভয় বিদ্যার

ষ্পলেরও পার্থক। আছে: - তৈজিরীয়কে পুরুষবিদ্যার ফল ব্রহ্মমহিমা-প্রাপ্তি. ছান্দোগ্যে শতবর্ষ আয়। এইরূপ গুণের ভেদ ও ফলের ভেদে বিদ্যা ভিন্ন বলিখা নিৰ্ণীত হয়।

শিষা। অথর্ববেদীয় উপনিষদের প্রারম্ভে কয়েকটী মন্ত আছে। থেমন, "রে দেব! তুমি আমার শত্রুর সম্মশরীর বিদীর্ণ কর। তাহার ছদয় বিদ্ধ করিয়া শিরা সকল ছিন্ন করিয়া মন্তক থণ্ড থণ্ড করিয়া ফেল-" ইত্যাদ। এই সব মন্ত্র কি উপাসনার অল ?

গুরু । না, ঐসব মন্তের উপাসনার সহিত কোন সমন্ধ নাই : বেধাদি-অর্থ-ভেদাৎ ॥ ২৫॥

বেহেতু হার্যবেধ প্রভৃতি মন্ত্রের অর্থ উপস্নার অর্থ হইতে ভিন্ন অর্থাৎ উপাসনার সহিত "হৃদয়ং প্রবিধ্য" ইত্যাদি মন্ত্রের কোন অর্থ সঙ্গতি হয় না। ঐ সমন্ত মন্ত্র আভিচারিক ক্রিয়ার উপযোগী, শুক্রনাশ বা অমঙ্গল দূরীকরণ উহাদের উদ্দেশ্য। আর উপাসনার উদ্দেশ্য হইল ব্রহ্মসাক্ষাৎকার। স্কুতরাং ঐ সব মন্ত্র্বারা উপাসনার কোন সাহায্য হয় না ৷ তবে উপনিষদে ঐ সব মন্ত্র এইজন্ম উক্ত হইয়াছে যে, ঐ সব কর্ম অরণোই অমুষ্ঠিত হয়, আর উপনিষদও বানপ্রস্থাবলয়ীর भाश ।

শিষা। ঐতির এক শাখায় আছে, "জ্ঞানী তখন (মৃত্যুকালে) পাপপুণা পরিত্যাগ করিয়া বিশুদ্ধ হ্ন এবং পর্মত্রন্ধের সহিত এক হইয়া যান" (ছা: ৮.১৩.১): এই স্থলে কেবল পুণা ও পাপের পরিত্যাগের উল্লেখ আছে। আবার অন্ত শাখায় আছে, "পুল্রের। তাহার ধনাদি গ্রহণ করে, বরুরা তাহার পুণ্য এবং শক্ষরা তাহার পাপ গ্রহণ করে"। স্বস্তুত্র স্থাবার বলা হইয়াছে, "জ্ঞানী তবন জ্ঞান-প্রভাবে স্থাক্ত, ছাছত উভয়ই পরিভাগে করেন। তাহার প্রিয় জ্ঞাতিরা স্থাক্ত এবং বিষেষ্টারা ছাছত গ্রহণ করে" (কো: ১.৪)। এইরপ কোন কোন শ্রুতিতে কেবল পাণপুণ্যের পাল্লিভাগিত পাল্লী উল্লেখ আছে, কোন শ্রুতিতে আবার পাণপুণ্যের শক্ষ্য ও স্থাহৎকর্ত্তী প্রাহ্রেশ রুতি উল্লেখ আছে, বেশ্ব আছে। এক্ষণে ম্বিজ্ঞান্ত এই যে যে গ্রলে কেবল ভাগির ক্ষাই আছে, সেগ্রেলন কি 'গ্রহণের' সংযোজনা করিতে হুটবে

अका हा।,

হানো তু উপায়নশব্দশেষত্বাৎ

কুশা চহল্দঃ-স্ততি-উপগানবং, ততুক্তম্ ।।২৬।।
বেশ্বলে কেবল ত্যাগের কথা আছে [হানৌ, হানি – তাাগ]
দেশ্বলেও গ্রহণের ঘোজনা করিতে হইবে; যেহেতু গ্রহণ কথাট্ট
ত্যাগের উপর একান্ত নিউর করে [উপায়নশন্দশ্যতাং, উপায়ন'– গ্রহণ
অধাং ত্যাগ না হইলে গ্রহণ হইতে পারে না, এবং ত্যাগ ও গ্রহণ
পরম্পর সাপেক। ভ্যাগের কথা হইলে শভাবতঃই গ্রহণের কথাই
মনে জাগে। স্কত্যাং বেশ্বলে গ্রহণের উল্লেখ নাই, কেবল ত্যাগের
উল্লেখ আছে, সেহগেও অন্ত শ্রুতাক গ্রহণ কথার যোগ ক্রির্থ
শভিবাক্যের পূরণ করিতে হইবে। কুশা, ছন্দ্র; ছতি ও উপ্রার্থে
মত [কুশাক্তন্দলভুগুণগানবং], একথা প্রে মীমাংসাতেও উর্থ
ইইয়াছে [তত্তকম্]। কোবীতকীতে 'কুশা' নামক কাঠখণ্ড বিশেষে
সংগ্রহের কথা আছে, কিন্তু 'কুশা' কোন্ কাঠনির্মিত হইবে, তাহাঁ

বিশেষ উল্লেখ নাই। কিন্তু অন্ত শ্রুতিতে বলা হইয়াছে, ভুমুর গাছের ছাৰ্চ বারা কুশা নির্মিত হয়। এই ছলে পূর্ব্বোক্ত সাধারণ উক্তি দ্বিবর্তী বিশেষ উক্তিবারা পূরণ করা হয়। এক ঐতিতে ছন্দোবদ্ধ ষ্ট্রীৰ্থনা করিবার বিধান আছে, কিন্তু কোনু ছন্দ তাহা বিশেব করিয়া ৰ্নীহিয় নাই। সেম্বলেও অফ্ট শ্ৰুতাক্ত 'দৈব' নামক ছন্দ অবলয়ন কর। হয়। এক শ্রুতিতে 'ষোড়নী' নামক যজ্ঞপাত্তের স্থতি করিবার ব্যবস্থা আছে, কিন্তু কোন সময় করিতে হইবে, ভাহার কোন উল্লেখ নাই। অক্ত শ্রুতিতে বলা হইয়াছে, 'সুর্য্যোদয়ে ষোড়শীর স্বৃতি করিবে'। এন্থলেও পূর্কোক্ত শ্রুতি পরবর্ত্তী শ্রুতিবারা পূরণ করা হার। আবার এক শ্রুতিতে যজে গান করিবার বাবস্থা আছে, কিন্তু <mark>টীর্ন্নন পুরোহিতের মধ্যে কে কে গান করিবে, তাহা বিশেষ করিয়।</mark> **লি**্হয় নাই। অন্য এক শ্রুতিতে বলা হইয়াছে, 'অধ্যুগ্ৰ গান 📆 বৈন না'। ইহাতে স্থির হয়, অধ্বয় চাড়া আর তিন জন গান ব্রিবৈন। এইরূপ এক শুতিতে যে টুকু অপ্রণ থাকে, অন্য শুতি ইড়ি সেই টুকু পূরণ করিবার নিয়ম আচার্য্য জৈমিনি তাঁহার **ুর্নিমীমাংসায় স্থাপন করি**য়াছেন। সেইরূপ যেন্থলে কেবল ভাাগের বিষ্ঠিৰ আছে, সেম্বলে অন্যশ্ৰত্যক গ্ৰহণের যোজনা করিয়া বাকাপ্রণ ব্রিতৈ হইবে।

বিবা। শ্ৰতির এক শাধায় বলা হইয়াছে বে, জানী দেহত্যাপ ব্রিব্রিলেব্যান পথে অগ্রসর হইতে থাকেন, ক্রমে 'বির্লা' নামক ক্রিডিক্রম করিয়া পুণাপাপ ভাাগ করেন (কো: ১.৪)। এছলে 🌉 🕳 এই বে, জানীর পুণাপাপ ত্যাগ দেহত্যাগদময়েই হয়, না পরে

ত্তর। সাম্পরায়ে তর্ত্তব্যাভাবাৎ তথা হি **অন্যে ॥২**৭॥ '

দেহত্যাগকালেই [সাম্পরায়ে] হয়; কারণ দেহত্যাগ হইয়া গেলে পাপপুণ্য দ্বারা লাভ করিবার কিছুই থাকে না [তর্ত্তব্যাভাবাৎ]। অক্তশ্রুতিও জিক্তো সেইরপই [তথাহি] বলেন। সাধক যথন জ্ঞানলাভ করেন, তখন সেই জ্ঞান প্রভাবে তাঁহার যাবতীয় সঞ্চিত ও ভবিষ্যৎ কর্ম (পুণাপাপ) বিনষ্ট হইয়া যায়। কেবল প্রারনকর্মের বশে দেহ কিছুকাল বিধৃত থাকে। দেহত্যাগের সঙ্গে সঙ্গেই তাঁহার প্রারন্ধর্মও বিনষ্ট হইয়া যায়। জ্ঞানের ফল ব্রন্মপ্রাপ্তি। দেহত্যাগন্ধণ হইতে ব্ৰদ্মপ্ৰাপ্তিকণ পৰ্য্যন্ত (অথবা বিব্ৰদ্ধা নদী গমন পৰ্য্যন্ত) দেবযান পথ অতিক্রম করিতে যেটুকু সময়, সেই সময়ের জ্বল পুণ্য বা পাপ থাকিবার কোন প্রয়োজনই নাই। পুণা বা পাপের ফলভোগ তথন নিশ্চয়ই হয় না; কারণ দেহাদিতে আত্মাভিমানী পুরুষেরই ভোগ হইতে পারে, কিন্তু দেবযান পথের যাত্রীর তাদুশ অভিমান না থাকায় তাঁহার আর কি ভোগ হইবে ? স্বতরাং দেহত্যাগের পরে পুণ্য পাপের ষ্ঠিত্রের কোনই প্রয়োজন দেখা যায় না। বিশেষ সুর্য্যোলোকে अक्षकाद्वत भछ, ज्ञानांत्नादक नभूनाय भूगाभाभत्रहे विनय हहेया याय। হতরাং দেহত্যাগের সময় জ্ঞানীর কোন পুণ্যপাপই থাকে না – ইহাই যুজিসিদ্ধ। তবে ছলবিশেষে যে বিরহ্বা নদী অতিক্রমের পর পুণ্ পাপ ত্যাগের কথা বলা হইয়াছে, তাহার অর্থ এই যে, 'থেহেতু জ্ঞানী বিরজা নদী অতিক্রম করিতে সমর্থ হন, সেইহেতু বুঝিতে হইবে ধে, তিনি সমন্ত পুণাপাপও পরিত্যাগ করিয়াছেন'; অভিপ্রায় এই যে, वित्रमा (८४ नहीट एकानज्ञ प्रमः वर्धा मिन्छा नाहे) नही উত্তরণ বারা ইহাই প্রমাণিত হয় যে, জ্ঞানীর পাপ পুণ্য দেহত্যাগ-

কালেই ক্ষম হইয়া গিয়াছে। অত্য শ্তিও বলেন যে, দেহ ত্যাগের সঙ্গে সঙ্গেই জ্ঞানীর পাপ পুণােরও ত্যাগ হইয়া যায়।

আবার বিবেচনা করিয়া দেখ, পাপ পুণ্যের ক্ষয় হয় কিসে? যমনিয়মাদি অমুষ্ঠান পূর্ব্বক জ্ঞানলাভ করিলেই পাপপুণ্যের ক্ষয় হয়। অর্থাৎ পুণাপাপ ক্ষয়রূপ কার্য্যের [effect] কারণ [cause] इहेन यमनियममहकू छ छान। कात्र थाकित्न कार्या इहेरवह । কারণ আছে, অথচ কার্য্য হইতে বিলম্ব হয়, এরপ কদাচ হয় না। এক্ষণে দেখ, যে সাধক যমনিয়মাদি অমুষ্ঠান পূর্বক জ্ঞান অর্জন করিয়াছেন, তাঁহার পাপপুণ্য ক্ষয় তন্মুহুর্ত্তেই হয়। অবশ্য প্রারন্ধবশে কিছুকাল দেহ থাকিতে পারে, কিন্তু সঞ্চিত ও ভবিষ্যৎ পুণ্য পাপ দেই মুহুর্ত্তেই বিনষ্ট হইয়া যায়, ইহা সর্কবাদি-সমত ও যুক্তিযুক্ত। আর দেহ ত্যাগের সঙ্গে সঙ্গে প্রারন্ধ ক্ষয়প্রাপ্ত হয়। স্থতরাং দেহ ত্যাগের পরে অর্দ্ধথে পাপপুণ্যের ক্ষয় হয় বলিলে কারণ দত্তেও কার্য্য হয় না, এইরূপ অযৌক্তিক মত মানিতে হয়, এবং উক্ত উভয় প্রকারের শ্রুতিরও পরস্পর বিরোধ ঘটে। বিশেষ. ষমনিয়মামুষ্ঠানপূর্ব্বক জ্ঞানার্জন দেহ থাকিতেই সম্ভব। সাধক তথনই ইচ্ছামুরপ দাধন করিতে পারেন, দেহত্যাগের পরে নয়। স্থতরাং শাধক দেহত্যাগের পূর্ব্বেই

ছন্দতঃ উভয়-অবিরোধাৎ ॥ ২৮ ॥

ইচ্ছাহুরূপ [ছন্দত:] সাধন করিয়া পাপপুণ্য ক্ষয় করেন, এইরূপ বলিলেই কার্য্যকারণের এবং উভয় প্রকার শ্রুতিরও সঙ্গতি হয় [উভয়াবিরোধাৎ]।

ি শিষ্য। কোন কোন শ্রুতিতে বলা হইয়াছে, "মৃত্যুর পর জ্ঞানীর

দর্কবিধ পাপপুণা বিনাশপ্রাপ্ত হয় এবং তিনি দেবযান পথে গমন করেন।" কিন্তু কোন কোন শাতিতে কেবল পাপপুণা বিনাশের কথাই আছে, দেবযান পথে গমনের কোন উল্লেখ নাই। একণে ক্রিজাল এই যে, ঐ দেবযান পথে গমন কি নির্কিশেষে সকল জ্ঞানীরই হয়, না ফাহারও কাহারও হয় ? অথাং যে ব্যক্তি যে শ্রুভির অন্থলরও করে, সে কি তদক্ষারে, হয় দেব্যান পথে, না হয় অন্থ পথে, গমন করে ?

छक्। ना, नकल्लहे **(हर्यमान भर्य गांध ना,**

গতেঃ অর্থবন্ধ উভয়থা, অত্যথা হি বিরোধঃ ॥ ২৯॥

উভয় রকমেই [উভয়ধা] গতি বা ব্যবস্থাহয়, অর্থাৎ কোন কোন জ্ঞানী দেব্যান পথে গমন করেন, কেহ বা করেন না। এইরূপ ব্যবস্থা স্থাকার করিলেই দেব্যান পথে গতির [গড়ে:] সার্থকড়া [অর্থবস্থা রক্ষাহয়। না ইইলে [অন্তথা] একটা বিরোধ [বিরোধ:] উপস্থিত ইয়। এক শুতি বলেন, "জ্ঞানী সমন্ত পাপপুণা বিধৃত করিয়া (ঝাড়িয়া ফেলিয়া) নির্থন ও প্রমন্ত্রন্ধ হন" (মৃ: ৩.১.৩)। যিনি নির্ধন (স্কাবিধ মালিতশ্ত, পরম ভ্রম, নিরুপাধিক) ও প্রশ্বরূপ, তাহার আবরে গমন কি? তাহার গম্বর প্রদ্ধা ত তিনি জ্ঞানলাভের সঙ্গে সংক্রই প্রাপ্ত হইয়াছেন। তাহার আর গমন করিবার প্ররোধন কি, স্ক্রাবনাই বা কোথায় ? তিনি বে তথন স্ক্রাণী হইয়া গিয়াছেন। স্তরাং সকলেই অবিশেষে দেব্যান পথে গ্রমন করে, একথা বলিলে উক্ত শ্রুতির সহিত বিরোধ ঘটে।

पात, (कह मिवरान भाष गमन कार्यन, तकह कार्यन ना, हेश

উপপন্নঃ তৎ-লক্ষণার্থ-উপলব্ধেঃ লোকবৎ ॥৩०॥

ষুক্তিযুক্তও বটে [উপপন্ন:]; যেহেতু, যে সমস্ত কারণে দেবযান পথে গতি হইতে পারে, সেই সমন্ত গতির কারণ [তল্লক্ষণার্থ-] সগুণ-বিদ্যা সম্পর্কেই উল্লিখিত দেখা যায় ডিপলরে: । যে সব ছলে সগুণ ব্রহ্মের উপাদনা বর্ণিত আছে. সেই দব স্থলে ঐ উপাদনার যে ফলের নির্দেশ করা হইয়াছে, তাহা এক স্থান হইতে অন্ত স্থানে গমন করিয়াই পাওয়া যায়। যেমন, "প্র্যান্ত-বিদ্যায়" (প্র্যান্ত পালক) উপাসক প্র্যাহ্ম আরোহণ করেন, প্র্যাহ্মন্ত ত্রন্ধের সহিত কথোপক্থন করেন, বিশিষ্ট গন্ধাদি প্রাপ্ত হন-ইত্যাদি বহুবিধ ফল শ্রুত হয়। এই সব স্থানাস্তরে গমন করিয়াই লাভ করা যায়। স্থতরাং বাঁহারা সগুণ ব্রহ্মের উপাসনা করেন, তাঁহাদেরই দেব্যান পথে গতি হয়, এবং তাঁহাদের সম্বন্ধেই গতি-শ্রুতি সার্থক। আরু নিগুণোপাসক যথন জ্ঞানেন যে, আত্মাতিরিজ্ঞ বস্তু নাই, তথন ত তিনি পূর্ণকাম হইয়া যান, এই শরীর থাকিতেই তাঁহার সমন্ত পাপপুণা ক্ষয় হইয়া যায়, তিনি কেবল প্রারক কর্ম ক্ষের জ্বল্প দেহধারণ করেন। ভোগ ছারা সেই প্রারন শেষ হইয়া গেলে তিনি কুতকুতার্থ হন, তাঁহার পাইবার আর কিছুই থাকে না; স্থতরাং তাঁহার পক্ষে গতি শ্রুতির কোন দার্থকতাই নাই। এইরূপ বিভাগ, অর্থাৎ কেহ দেবয়ানে গমন করেন, কেহ করেন না, এরপ বিভাগ লৌকিক ঘটনার মত লোকবং। যেমন, দেশান্তর পাইতে হইলে গমন করিতে হয়, কিন্তু রোগমূজি পাইতে হুইলে গ্রমনের কোন প্রয়োজন হয় না, সেইরপ যিনি স্তুণোপাসনা ্বারা কিছু পাইতে চান, তিনি দেব্যানে গ্রমন করেন, আর যিনি কেবল ছবরোগ মুক্তি কামনা করেন, তিনি এই দেহ সত্তেই তাহা লাভ করেন, তাঁহাকে আর কোথাও যাইতে হয় না। [চতুর্থ অধ্যায়ে এ-বিষয়ের বিস্তত আলোচনা করা যাইবে]।

শিয়। কিন্তু কোন কোন সগুণ বিদ্যাতে দেবধান পথে গ্রমনের উল্লেখ নাই। সেই সব বিদ্যা অবলম্বন করিলেও কি ওরূপ গতি হয় ? গুরু। যে-সব বিদ্যাতে গতির উল্লেখ আছে, কেবল সেই সেই বিদ্যাতেই গতি নিয়মিত, অন্ত বিদ্যাতে সেইরূপ গতি হয় না—এরূপ কোন নিয়ম নাই;

অনিয়মঃ সর্বাদাম্ অবিরোধঃ শব্দানুমানাভ্যাম্ ।। ৩১ ।।
সমস্ত সন্তণ বিদ্যারই [সর্বাদাম্] ফল দেবধান পথে গতি, অর্থাং
যে কোন সন্তণ বিদ্যা অবলম্বন করিলেই দেবধান পথে গতি হয় যে
বিদ্যা প্রসঙ্গে তাদৃশ ফল উল্লিখিত হইয়াছে, কেবল সেই বিদ্যা
অবলম্বন করিলেই দেবধানে গতি হয়, অন্ত বিদ্যা অবলম্বন করিলে
হয় না, এরূপ কোন নিয়ম নাই [অনিয়মঃ]। এইরূপ ব্যবস্থা স্বীকার
করিলেই কোনরূপ বিরোধ হয় না [অবিরোধঃ] এবং এই ব্যবস্থাই
শ্রুতি (শব্দ) ও স্মৃতির (অন্থমান) অন্থমোদিত [শব্দান্থমানাভ্যাম্]।
শ্রুতি এক স্থলে 'পঞ্চাগ্রিবিদ্যার'' অনুশীলনপরায়ণ সাধকের দেবধান
পথে গতির উল্লেখ করিয়া সঙ্গে সঙ্গেই বলিয়াছেন যে, অন্ত বিদ্যার
অনুশীলন করিলেও দেবধানে গতি হয়। স্মৃতিও তাহাই বলেন।
স্তরাং শ্রুতি ও স্মৃতির তাৎপর্যো ব্রাধায় যে, যে কোন ব্যক্তি যে
কোন সন্তণ বিদ্যার অনুশীলন করেন, তিনিই দেবধান পথে গমন
করেন।

শিবা। আক্রা, যিনি আত্মজ্ঞান লাভ করিয়াছেন, তিনি বর্ত্তমান

দেহপাতের পর পুনরায় দেহ ধারণ করেন কি? যদিও বুঝি যে, আত্মজ্ঞান লাভ করিলে আর কিছু কাম্য থাকে না, স্থতরাং দেহধারণ করিবারও কোন আবশাক হয় না, তথাপি ইতিহাস ও পুরাণে দেখা যায় যে, অনেক জ্ঞানী ঋষি পুনরায় দেহ ধারণ করিয়াছিলেন। বেমন, অপাস্তরতমা নামক জনৈক ব্রদ্ধজ্ঞ ঋষি বিষ্ণুর আদেশে দ্বাপর ও কলির সন্ধি সময়ে ক্লফ্ছিপায়ন (ব্যাস) নাম ধারণ করিয়া জন্মগ্রহণ করিয়াছিলেন: ব্রহ্মার মানসপুত্র ঋষি বশিষ্ঠ নিমি রাজার শাপে দেহ ত্যাগ করিয়া ত্রন্ধার আদেশে পুনরায় জন্মগ্রহণ করিয়াছিলেন; ভৃত্ত প্রভৃতি কতিপয় ঋঘি বফণের যজ্ঞে পুনর্জন্ম গ্রহণ করিয়াছিলেন , এইরূপ সনৎকুমার, দক্ষ, নারদ প্রভৃতি অনেকানেক মুনি ঋষি পুনর্দেই ধারণ করিয়াছিলেন বলিয়া শুনা যায়। ইহারা সকলেই ব্রন্ধন্ত বলিয়া বিদিত। যদি ত্রন্ধজ্ঞরও পুনর্জন্ম হয়, তবে ত্রন্ধবিদ্যার আর বিশেষত্ব কি ?

গুরু। না বংদ! অগজের আর পুনর্জন হয়না। তবে যে অপান্তরতমা প্রভৃতি ঋষির পুনজন্মের কথা শুনা যায়, তাহা বাস্তবিক সাধারণ জীবের জন্মের ত্যায় নহে। ঐ সমন্ত ঋষিরা এক একটা উদ্দেশ্য বা অধিকার (Mission, যেমন বেদ প্রচার) লইয়া জন্ম গ্রহণ করেন। ব্রন্ধজ্ঞান উৎপর হইলেও ঐ 'অধিকার' শেষ না হওয়া পর্যান্ত তাঁহারা জীবন্মক্তাবস্থায় বর্ত্তমান থাকেন, অথবা কেবলমাত্র ঐ 'অধিকার' বা কর্ত্তব্য সম্পাদনের জ্যুই এক বা একাধিক জ্মুগ্রহণ করেন। তাঁহাদের ঐ 'অধিকার' প্রারদ্ধ কর্মের লায়। বেমন, কোন সাধক ব্ৰহ্মজ্ঞান লাভ করিয়াও প্রারন্ধ শেষ না হইলে জীবনুক্ত অবস্থায় দেহ ত্যাগ কাল পর্যান্ত স্পরীরে অবস্থান করেন, সেইরপ অপান্তরতমা প্রভৃতি ব্রন্ধজ ঋষিরাও নিজ নিজ প্রার্ক্ত্ল্য 'অধিকার' শেষ করিবার জন্ম আবশ্রকমত জন্মগ্রহণ করেন। এরপ জন্মগ্রহণে

তাঁহাদের কোন বন্ধন হইতে পারে না, কিংবা ইহাতে অক্সজ্ঞানেরও নিফ্লতা হয় না। সেইজ্লুই সুক্রবার বলেন

যাবদ্ধিকারম্ অবস্থিতিঃ আধিকারিকাণাম্।। ৩২ ।।
বেদপ্রচারাদি বিশেষ বিশেষ অধিকারে (mission) নিযুক্ত ঝবিদের
[অংদিকারিকাণাম্], মতকাল পর্যান্ত দেই অধিকার শেষ না হয়,
ততদিন পর্যান্ত [মাবদ্ধিকারম্] এক বা একাধিক দেহে অবস্থান
[অবন্ধিতিঃ] হয়। তাহারা তবজ্ঞান লাভ করিয়াও কেবলমাক্র
আপন আপন 'অধিকার' সমান্তির জন্মই দেহ ধারণ করেন; 'অধিকার'
সমাপ্ত ইইলে 'কৈবলা' প্রাপ্ত হন।

শিয়া। "আনন্দাদয় প্রধানশ্রু" (১১ স্থা) এই স্তের বলিয়াছেন যে, আনন্দরপথ প্রভৃতি যে সমপ্ত গুণের উল্লেখ ধারা ব্রহ্মের শ্বরণ নির্দরণ করা হইয়াছে, সেই গুণগুলি সমন্তই একরা সন্ধিবেশিত করিয়া ব্রহ্মের উপাসনা করিতে হয়। কিন্ধ অনেক প্রাতিতে আবার ব্রহ্মমহছে গুণের নিষেধ করাও হইয়াছে। যেমন, বৃহদারণ্যকে আছে, "হে গাণি! প্রক্রেরা বলেন, এই ত্রহ্মেন্ত্র (যিনি ক্ষরিত, বিকৃত হন না, সক্ষরণারে একইরূপে অবস্থান করেন, সেই নির্ম্বিকার ব্রহ্ম) শ্বুল নহেন, শুল নহেন, রুল নহেন, দীর্ঘ নহেন" (বৃং ৩.৮.৮)। আবার মৃত্তকোপনিষ্ বলেন, "তাহাই পরাবিদ্যা, যাহা ধারা সেই ত্রহ্মেন্ত্র আত হয়। সেই অক্ষরকে দেখা যায় না, ধরা যায় না, তাহার কোন গোজ নাই, বর্ণ নাই" (মৃং ১.১৫)। এই সমন্ত ত্রহ্মেন্ত্র বিশেষ গুণের নিষেধ করা হইয়াছে। একলে বিক্রান্ত এই যে, যে শ্রুভিতে হুইটা একটা গুণের নিষেধ আছে, সেই শ্রুভাক্ত

আক্ষরবিদ্যাতে কি অন্ত শ্রুত্তক অক্ষর বিদ্যা হইতে দেখলে উক্ত অপরাপর যে সমন্ত গুণের নিষেধ করা হইয়াছে, তাহাও সংগ্রহ করা হইবে, না যে খলে যে কয়টা গুণের নিষেধ আছে, কেবল সেই কয়টা নিষেধ অবলম্বনেই এক একটা শ্রুতিতে এক একটা শ্রুত্ববিদ্যা হইবে ?

গুরু। অক্ষরধিয়াং তু অবরোধঃ দামান্য-তদ্ভাবাভ্যাম্ । উপদ্বৰ্থ, তহুক্তম্।। ৩৩।।

সমত অক্রবিদ্যারই [অক্রধিয়াম্] একস্থলে সংগ্রহ [অবরোধ:] করিতে হইবে, অর্থাৎ অক্ষরবিদ্যা প্রদক্ষে সমুদায় শ্রুতিতে হে যে নিষেধ আছে, সেই সমস্ত নিষেধই একত্র সংগৃহীত করিয়া একটা পূর্ণাঙ্গ অক্ষরবিদ্যা হইবে। যেহেতু, প্রত্যেক শ্রুতিতেই ব্রহ্মপ্রতিপাদন করিবার প্রণালী (নিষেধমুথে ত্রন্ধনির্দারণ) সমান এবং ত্রন্ধভাবও (অক্সর ব্রহ্ম) সর্বর্তই এক [সামান্ত-তদ্তাবাভ্যাম্]। অর্থাৎ যেহেতু ব্ৰহ্ম ও ব্ৰহ্ম প্ৰতিপাদন প্ৰণালী সৰ্বব্ৰই এক ও এক্ব্ৰপ, সেইছেত্ একফলের নিষেধ অক্তর্তাও নীত হইবে। এইরূপ নীত হইবার দৃষ্টান্ত 'উপসদ' [ঔপসদবং]। 'উপনদ' নামে একটি আহুষদ্ধিক যাগ আছে। তাহাতে পুরোডাশ (একপ্রকার পিঠা) উৎসর্গ করিবার যে মন্ত্র, তাহা দামবেদেই আছে। কিছু যজুর্বেদের পুরোহিত অপ্রয়ু ঐ সামবেদীয় মন্ত্র পাঠ করিয়াই পুরোভাশ উৎসর্গ করেন। এন্থনে ধেমন একবেদের মন্ত্র অন্ত বেদে গৃহীত হয়, সেইরূপ অকরবিন্যা বিষয়ক নিষেধবাক্যও বিভিন্ন শ্রুতিতে গৃহীত হইবে। এইরূপ একস্থান हरें जन्म निर्मा याहेवात त्रीं दिन्निन भूर्सभी माध्या ह প্রতিপাদন করিয়াছেন িত্রক্র ।।

শিয়। মৃওকোপনিষদের একটা মন্ত্র এই—"একই বৃক্ষে (শরীরে) ছইটা পক্ষী (জীবাত্মা ও পরমান্ত্রা) পরক্ষর সংগ্রভাবে একসঙ্গে বাস করে। তাহাদের একটা (জীব) সাত্ব ফল (কর্মফল) ভক্ষণ করে, অন্তাটা (পরমান্ত্রা) কিছু ভোগ না করিয়া কেবল প্রকাশমান থাকেন" (মৃ. ৩.১.১)। আবার কঠোপনিমদে আছে, "ব্রদ্ধজ্ঞেরা বলেন, 'আলো ও ছায়ার ভায় তুইজন (জীবাত্মা ও পরমাত্মা) হকর্মের লোকে (দেহে) ঋত পান করেন, অর্থাৎ কর্মফল ভোগ করেন, এবং উহারা ওহাতে (বৃদ্ধি বা অতঃকরণে) প্রবিষ্ট আছেন" (কঃ ৩.১)। এই ছই শ্রুতিতে তুইরকমের বিদ্যা বর্ণিত হইয়াছে বলিয়া মনে হয়, কারণ মৃওকে একজনকেই ভোক্তা বলা হইয়াছে, আর কঠে তুইজনকেই ভোকারপে নিদ্দেশ করা হইয়াছে।

গুরু। না, একই বিদ্যা ঐ ছুই শ্রুতিতে বিবৃত করা হইয়াছে,

ইয়ৎ-আমননাৎ ॥ ৩৪ ॥

কারণ, ঐ উভয়্ঞাতিতে যাঁহাকে জেয়রূপে বৃঝান ইইয়াছে, তিনি একই, তবে তাঁহার ধিত নাত্র উক্ত ইইয়াছে [ইয়দামননাৎ], অর্থাৎ তিনি 'এমন এমন ভাবে অবস্থান করেন' এইটুকু দেখানই ঐ তৃই শুতির উদ্দেশ্য। অহ্যকথায় জীবাআরিপেও তিনিই বর্ত্তমান, এই তথা প্রকাশ করাই ঐ উভয় শ্রুতির অভিপ্রায়। অদ্বিতীয় পরমেশরকে প্রতিপাদন করাই ঐ উভয় শ্রুতির ম্থা উদ্দেশ্য। উদ্ধৃত বাকোর পূর্কেও পরে অদ্বিতীয় পরমাআর বিষয়ই আলোচিত ইইয়াছে, মধ্যে হঠাৎ দ্বিতীয় বস্তার অবভারণা করা হইয়াছে, এরূপ কল্পনা করা যাই না। কঠ শ্রুতিতে যে পরমাআকেও ভোকা বলা ইইয়াছে, তুরো বাহুবিকই তাঁহারও ভোগ হয়, ইহা প্রতিপাদনের জন্ম নয়, তবে

জীবসাহচর্য্যে অর্থাৎ জীবরূপ উপাধির সম্পর্কে যেন তাঁহারও ভোগ হয় বলিয়া বোধ হয়, এইটক দেখাইবার জ্বন্ত । আর, জীবেরও যে পথক নিৰ্দেশ, তাহাও বস্তুতঃ ব্ৰহ্ম ছাড়া জীবনামক স্বতন্ত্ৰ একটা পদার্থের অভিন প্রতিপাদন উদ্দেশ্যে নহে, বরং জীব ব্রহ্মাতিরিক্ত নহে, এই অভিপ্রায়েই ব্রন্ধের সঙ্গে সঙ্গেই জীবের উল্লেখ করা হইয়াছে। স্থতরাং ঐ উভয় শ্রুতি একই বিদ্যা উপদেশ করিয়াছেন।

শিল্য। বুহদারণাক উপনিষদে (৩.৪.১, ৩.৫.১) উষন্ত প্রশ্ন করিলেন, "বে আত্মা সর্বান্তর, তাঁহার বিষয় আ্মাকে উপদেশ করুন"। যাজ্ঞবন্ধা উত্তর করিলেন, "খাণা প্রাণদারা প্রাণন (খাসপ্রখাসাদি) করেন, তিনিই তোমার সর্ত্রাক্তর আত্মা" ইত্যাদি। তৎপরে কহোল আবার ঠিক একইরূপ গ্রশ্ন করিলে, যাজ্ঞবন্ধ্য এই বলিয়া স্কান্তর আত্মার লক্ষণ নির্দেশ করিলেন, ''বাঁহা ভোজনেচ্ছা, পানেচ্ছা, শোক, মোহ, জরা ও মৃত্য অতিক্রম করিয়া বর্তমান আছেন"---ইত্যাদি। এম্বলে উষম্ভ ও কহোল উভয়ের প্রশ্ন ঠিক একরূপ হইলেও উত্তর বিভিন্ন প্রকার। স্বতরাং মনে হয়, যাজ্ঞবন্ধ্য ছুই জ্নকে ছুই প্রকারের আত্মার উপদেশ করিয়াছেন, এবং তাহা হইলে ফলে ঐ স্থলে তুইটা বিদ্যাই বর্ণিত হইয়াছে বলিতে হয়।

গুরু। নাবৎস, একই বিদ্যা উভয়কে ভাষার একট তারতম্য করিয়। বুঝান হই াছে। উভয়েই এক সর্ব্বান্তর আত্ম। সম্বন্ধে জানিতে চাহিলেন, किन्ध जाजानी याळवद्या पृष्टे जाजानश्रदस वार्था। कतिलान. ইহা কথন ও সঙ্গত হয় না। বিশেষ এক দেহে কথনও তুইটী 'সর্বান্তর' (স্কাপেকা আন্তর--innermost) আত্মা হইতে পারে না। একটারই मर्कारभका पछत्र इहेर्ड भारत। छ्डताः हेहा प्रवशाह सौकार्या (य.

হস্তরা ভূতগ্রামবৎ কাজনঃ।। ৩৫।।

একই আজার [বায়ন:] সর্বান্তর হ [অন্তরা] উভযের প্রান্তর উত্তরেই দেখান ইইয়াছে, স্কুডরাং বিদ্যাপ্ত উভয়ন্থলেই এক। ইহাক দৃটান্ত ভূতসমূহ [ভূতগ্রামবৎ]। পকভূতে নির্মিত এই শরীরে প্রত্যেকটা ভূতের অপর সক্ষম অপেকা অন্তর্গ্তর হুইতে পারে না। ডবে মৃতিকা অপেকা অন্ত অন্তর (স্কুল), লল অপেকা তেল অন্তর—এইরপ এক একটা ভূতের আপেক্ষিক অন্তর্গ্ত থাকিলেও 'সর্ব্রান্তর' (স্কুডন) একটাই, সেইরপ সর্বান্তর আত্মাপ্ত ভূইটা থাকিতে পারে না। প্রবাহ বাজ্ববা উভয় স্থলেই একই সর্ব্যান্তর আত্মার উপদেশ করিয়াছেন, ইহা নিশ্চন।

শিখা। কিন্তু

অগ্যথা ভেন-অনুপপত্তিঃ ইতি চেৎ !—

উক্ত ছই স্থলে বিদ্যার ভেদ খীকার না করিলে [অক্তথা] এইরপ বার বার একই বিদ্যার উপদেশ করিবার সাথকতা কি ? একই বিষয়ের পুনকক্তি নিশ্পয়েয়ন। কিছি যেহেতু ঐরপ পুনক্তি করা হইয়াছে, সেইহেতু বলিতেই হইবে সে, বিদ্যাও নিশ্চয়ই ভিন্ন ভিন্ন। কাজেই বিজ্ঞার ভেদ গাঁকার না করিলে ঐরপ পুনক্তি [ভেদ-] সম্বত হয়ন [অকুপ্পতিঃ]—এরপ্রদি [ইতি চেহ] বলি দ—

ওজ। নাবংস । একট বিষয়ের পুনক্ষারের করিলেই যে সর্বের গুডন গুডন বিষয়ের অবভারণা করিয়াই করিছে হয়, এমন কোন নিয়ম নাই। "অমুক যজ করিবে" এইরপ বিধানবাকা একবার বলিলেই যথেট, কারণ বিধির সাধকভাই হইল লুক্তনা কিছু করিছে বলা, ভাগা একবার বলিলেই হয়। ভিতীয়বার বলিলে ভাহার ন্তনত্ব থাকে না, স্তরাং সেরপ কোন পুনক্ষজি হইলে বিধির ভেদই দির হয়। কিন্তু বে বাকা শুধু বিধি নির্দেশ করিয়াই কান্ত হয় না, পরস্ক কোন বস্তর স্বরূপ ব্ঝাইবার উদ্দেশ্যে প্রযুক্ত হয়, তাহা যতকণ না বোদ্ধার হৃদয়কম হয়, ততক্ষণ পর্যান্ত নানা ভাবে পুনঃ পুনঃ উক্ত হইলেও বস্তর পার্থকা হয় না, একই বস্ত বিভিন্নভাবে বুঝান হয় মাত্র।

উপদেশান্তরবং ॥৩৬॥

থেমন, ছান্দোগ্য উপনিষদে উদালক খেতকেতৃকে 'তল্বমদি—
তাহাই তৃমি' এই একই বাক্য নয়বার উপদেশ করিল্লাছন। তথাপি
সেহলে বিদ্যার ভেদ হইয়াছে, এমন কথা কেহ বলে না। জ্ঞাতব্য
বস্তু এক হইলেও ঐ বিষয়ে শিষ্যের বৃদ্ধির তারতম্যাহসারে বিভিন্ন
রক্মের আশ্বা বা সন্দেহ উপস্থিত হইতে পারে; গুরু বিভিন্ন উপায়ে
সেই সমন্ত সন্দেহ নিরাকরণ করিয়া যে ভাবে শিষ্যের বৃদ্ধিতে তথ্
সংপ্রতিষ্ঠিত হয়, তাহারই ব্যবস্থা করেন, এবং সেইজ্যু একই তথ্
বার বার বির্ত হইলেও কোন দোষ হয় না। আলোচ্য ছলে উষ্য
ও কহোলের প্রশ্ন এক হইলেও তাহাদের বৃদ্ধিবার পদ্ধতি স্বত্ম, সেই
ক্যু উত্তরও একটু স্বত্মভাবেই করা হইয়াছে, তাহাতে বিদ্যার
ভেদ স্বীকার করা সৃষ্ঠ নয়—একই স্ক্রান্তর আত্মা উভয়কে তৃইভাবে
বৃদ্ধান হইয়াছে মাত্র।

শিষা। ঐতরেষ শাধীরা এইরপে স্থামগুলত্ব পুরুবকে ধ্যান করিবেন—"আমিই ইনি, ইনিই আমি"। জাবালেরাও "হে ভগবতি দেবতে। আমিই ভূমি, ভূমিই আমি" এইরপ বাতিহার কর্ষাৎ আমি ও তুমির পরস্পার বিনিময়াত্মক ভাবনা করিবেন, এইরপ উপনেশ অছে। কিন্তু এম্বলে জিজ্ঞান্ত এই যে, উপাসক কি সত্য-সত্যই আপনার সহিত উপান্ত দেবতার বিনিময়াত্মক ভাবনা করিবে (অর্থাৎ উপসক্ষ উপান্ত এবং উপান্তও উপাসক, এইরপ উভয়ভাবে চিন্তা করিবে), না কেবল আপনাকেই উপান্তরণে ভাবনা করিবে ?

গুৰু। ব্যতিহারঃ বিশিংষন্তি হি, ইতরবৎ ॥৩৭॥

বিনিময়ায়ক ভাবনাই [ব্যতিহারঃ] করিতে হইবে, কারণ [হি] শুতি বিশেষ করিয়। ব্যতিহারই নির্দেশ করিয়াছেন [বিশিংষস্তি] 'উপাসকই উপাশু'—মাত্র এইটুকু ভাবনা করিতে হইবে, ইহা স্বীকার করিলে শুতির ওরূপ বিশেষ উজির (আমিই তুমি, তুমিও আমি) কোন সার্থকতা থাকে না। 'সত্যকাম', 'সত্যসন্ধর' ইত্যাদি ঈশ্বরবোধক ওণসন্হ বেমন অক্যান্য শ্রতিতে ধ্যানের নিমিত্ত উপদিষ্ট হইয়াছে, বেয়নের সেইরূপ [ইতরবং] ধ্যানের নিমিত্তই 'ব্যতিহার' উপদিষ্ট হইয়াছে।

শিষ্য। আচ্ছা, উপাদক যদি আপনাকে ঈশ্বর বলিয়া ভাবনা করে, তবে তাহার উৎক্য সাধিত হয়। কিন্তু ঈশ্বরকেও যদি সামান্ত জীবরূপে ভাবনা করা হয়, তবে ত ঈশ্বরকে নিকৃষ্ট ও ছোট করা হয়।

গুরু। না, বংস! উক্ত শ্রুতিতে ঈশ্বর বড়, কি উপাসক বড়, তাহা নির্দারণ করিবার কোন প্রয়াস নাই। উক্ত শ্রুতি কেবলমাত্র কি ভাবে ধ্যান করিতে হইবে, তাহাই প্রদর্শন করিয়াছেন। অবশ্র ঐরপ ব্যক্তিহারে উপাশ্র ও উপাসকের অভিন্নতা দৃঢ়তর হয় বটে, কিন্তু তাহা আহ্বৃধিক, মৃথাভাবে শ্রুতি মাত্র ধ্যানের পদ্ধতিই নির্দারণ করিয়াছেন। সত্যকাম, সত্যসন্ধন্ন ইত্যাদি গুণ যে ঈশ্বর সহত্রে উপদিই ইইয়াছে, তাহারও তাৎপ্র্যা এই মাত্র যে, উপাসক

ঈশ্বকে ঐ ভাবে ধান করিতে করিতে ক্রমে তাঁহার যথার্থ স্কুপ উপলব্ধি করিতে পারেন; ইহাতে শ্রুতি ঈশ্বরকে পরমার্থতঃ স্তাকামাদি গুণবিশিষ্ট বলিয়া প্রতিপাদন করেন, এরূপ মনে করিও না। স্বতরাং আলোচ্য স্থলে ব্যতিহারাত্মক ধ্যানই অবলম্বনীয়।

শিষ্য। বাজদনেয়ি ত্রান্ধণে "যিনি এইরপে এই মহৎ, পূজনীয়, প্রথমজ, স্তাম্বরূপ রধ্বের উপাসনা করেন" (বু: ৫, ৪. ১) ইত্যাদি ক্রমে সভ্যবিদ্যা নামৰ এৰ উপাসনা বিহিত হইয়াছে। পরে আবার ঐ শ্রুতিতেই বলা হইয়াছে যে, "দেই যে (পূর্ব্বোক্ত) সত্যু, তাহাই এই আদিত্য, সেই সতাই এই আদিতামওলম্ব পুরুষ, সেই সতাই দক্ষিণ চন্দ্ৰতে অবস্থিত পুরুষ'' (বুঃ ৫.৫.২) ইত্যাদি। এস্থলে জিজ্ঞান্ত এই যে, পূর্ববাক্যে যে সত্যবিদ্যার বিধান করা হইনাছে, পরবত্তী বাক্যেও কি সেই সত্যবিদ্যারই উপদেশ করা হইয়াছে, ন। পুথকু রক্ষের এক সভ্যবিদ্যা আলোচিত হইয়াছে ?

গুরু। সা এব, হি সত্যাদরঃ ॥৩৮॥

সেই পূর্বে বাক্যোক্ত সত্যবিদ্যাই [সা এব] পরবর্ত্তী বাক্যেও উপদিষ্ট হইয়াছে; যেহেতু [হি], পূর্ব্বোক্ত সত্যাদি গুণই [সত্যাদয়: ্র পরবর্ত্তী বাক্যে পুনরুল্লেথ করিয়া শ্রুতি স্পষ্টই দেখাইয়াছেন যে, উভয়বাকো বিদ্যা একই।

বিষ্য। কিন্তু উভয়ন্থলে উপাসনার যে ফলের উল্লেখ আছে, তাহা ত একরপ নয় ?

- গুরু। তাহা না হইলেও, বিদ্যার বান্তবিক কোন ভিন্নতা স্বীকার করা যায় না। সভ্য উপাসনার প্রধান বা মুখ্য ফল যাহা, ভাগ

উভয় স্থলেই এক, যেটুকু ইতরবিশেষ দেপান হইয়াছে, তাহ। উপাসনার অন্নবিশেষের ফল। এইস্কপ **আত্**ষঙ্গিক ফলের ভিঞ্জায় বিদ্যার বস্ততঃ ভেন্সাদিত হয় না।

শিষ্য। ছান্দোগো বলা হইয়াছে, "হৃদয়াভান্তরে যে কুন্ত পদ্মাকার গৃহ আছে, তাহাতে সুন্ধ যে অন্তরাকাশ, তাহাই আত্মা—তিনি নিশাপ, জরা-মৃত্যু-শোক-কুংপিপাদাদিরহিত, সাভ্যুক্তাম, সত্যু সহয়—" (ছা: ৮.১. ১-৫)। আবার বৃহদারণাকে দেখিতে পাই, "দেই এই মহান্ জন্মানিরহিত আত্মা, যিনি ইক্রিয়সমূহে বিজ্ঞানম্য, হৃদয়ের অভ্যন্তরম্ব আকাশ, তিনি সংক্রিয়ন্তা" (বৃ: ৪.৪.১২)। এই ছুইন্থনের বিদ্যা কি এক, না ভিন্ন প

ন্তক। উভয়স্থলে একই বিদ্যা প্রদর্শিত হইয়াছে, এবং কামাদি ইতরত্র তত্র চ আয়তনাদিভ্যঃ ॥ ৩৯॥

একস্থান (ভাল্লোগো) উক্ত সভাকাম প্রভৃতি ধর্ম বা গুণ [কামাদি]
এনাত্র (বৃহদারণাকে) [ইতরত্র], এবং বৃহদারণাকোক্ত গুণও
ভাল্লোগো [তত্র চ] সংযোজিত করিতে হইবে; থেছেতু, উভয়
শুভিতেই স্থান প্রভৃতি একই [আয়তনাদিভাঃ]। উভয়স্থলেই হৃদয়সম্পর্কে পরমেশরের বর্ণনা করা হইয়াছে, উভয়তই তাঁহাকে লোকনিম্নতা বলিয়া নির্দেশ করা হইয়াছে; এইরূপ উভয়স্থলে বহুসাদৃশ্য বিদ্যমান, তবে বিশেষ এই মাত্র বে, ছাল্লোগ্যে 'ধ্যেয়'রূপে, আর
ব্রুলাবণাকে 'জেত্র'রূপে একই পরমেশ্বর উপদিষ্ট ইইয়াছেন। স্ক্তরাং
বিদ্যা একই, এবং সেইজন্ত এক স্থানের গুণও অন্তত্র সংয়োজিত করা
উচিত :

শিষা। ছান্দোগা উপনিষদে বৈশানর উপাসনা প্রসকে কথিত হইয়াছে যে, যে অল প্রথমে আহারের লক্ত উপস্থাপিত করা হয়, ভাহা হোমের জন্ম, অর্থাং ভাহা ধারা হোম করিতে হইবে। অবশু এই হোম অগ্নিতে আহতি নিক্ষেপ করা নয়, পরস্ক **ट्याका अध्यम किकिश खन्न গ্ৰহণ করিয়া "প্রাণাম স্বাহা" এই** মদ্রোচ্চারণ করিয়া মূথে দিবেন। এইরূপ অপানাদি অপর চারিটা প্রাণের উদ্দেশ্যে চারিটি গ্রাস মুধাভাতরে আহতি দিবার বাবস্থা আছে। এইরপ হোমের নাম বলা হইয়াছে 'প্রাণাখ্রিভোত্র'। বৈখানব-উপাসক ভোজনকালে এই অগ্নিহোত্ত করেন। একণে ভিজ্ঞাস্য এই যে, এই অগ্নিহোত্তের কোনকালে লোপ হইতে পারে কি না ? আপাততঃ মনে হয় যে, সাধারণ অগ্নিহোতা প্রত্যেহ অন্তটান করা সম্ভব হইলেও, অস্ততঃ উপবাস্দিনে ভোক্ষনপ্রবার অভাবে এই অগ্রিটোত সম্পাদন করা যায় না। কিন্ত

আদরাৎ অলোপঃ॥ ৪০॥

শ্রতি এই অগ্নিহোত্তের প্রতি যথেষ্ট সমাদর দেখাইয়াছেন বলিয়া [আদরাৎ] কদাপি ইহার লোপ করা সম্বত নহ [অলোপ:]। সাধারণত: অতিথিভোজন সর্বাগ্রে করান হয়, পরে গৃহত্ব নিজে ভোলন করেন। কিছ এই অগ্নিহোত্ত-সম্পর্কে শ্রুতি বলেন হে, অতিথিভোজনের পূর্বেই বৈখানরোপাসক আহার করিবেন। ইহাতে বুঝা যায়, শ্রুতি এই অগ্নিহোত্রকে কভটা স্থান করেন। এ হেন অগ্নিহোত্তের কিছুতেই লোপ করা উচিত নয়, স্থতরাং উপবাসনিনেও আর না হইলেও ফলমুল বা একান্ত পক্ষে একটু জুলছারা এই अधिद्शाख मन्नामन कता दिएवर दनिया मन द्रश्।

গুরু। নাবংস,

উপস্থিতে অতঃ তদ্বচনাৎ॥ ৪১॥

ভোজ্যবস্ত উপস্থিত হইলে [উপহিতে] অর্থাৎ সমূথে স্থাপিত হইলে সেই ভোজ্যবস্ত হইতে [অতঃ] প্রথম গ্রাস গ্রহণ করিয়া প্রাণাগ্নিহোত্র করিবে; যেহেতু, শ্রুতি উপস্থিত অন্নের প্রথম গ্রাসকেই অগ্নিহোত্রের জন্ম নির্দেশ করিয়াছেন [তহ্বচনাৎ]। স্বতরাং যেদিন কোন থাদা গ্রহণ করা না হয়, সেদিন হোমন্তব্যের অভাবে হোমও হইতে পারে না। কাজেই উপবাস দিবসে ঐ অগ্নিহোত্রের লোপও দোষাবহ নহে। বিশেষ এই অগ্নিহোত্র নিত্যসম্পাদনীয় অগ্নিহোত্র নন্ন, কেবল উহার সদৃশমাত্র। আর তৃমি যে সমাদরের কথা বলিয়াছ, তাহা ভোজন প্রথমে করিতে হইবে, এইটুকু দেখাইবার জন্ম।

শিষা। যজ্ঞাদি কর্ম সম্পর্কে কতক উপাসনার ব্যবস্থা আছে। উহাদিগকে "ক্ষাঙ্গ উপাসনা" বলা হয়। ঐ সব কর্মাঙ্গ উপাসনা কি অবশুক্তব্য, না ইচ্ছাধীন ?—অথাৎ যজ্ঞাদি কর্ম করিতে হইলে ঐ সম্পর্কে যে উপাসনা বিহিত হইয়াছে, তাহা করিতেই হইবে, এরপ কোন নিয়ম আছে কি । না, যজ্ঞকর্ত্ত। ইচ্ছা করিলে ঐ উপাসনা নাও করিতে পারেন ?

ভিজ। তরিধারণ-অনিয়মঃ তদ্কেঃ পৃথক্ হি অপ্রতিবন্ধঃ ফলম্।। ৪২।।

কম্মের সম্পর্কে যে উপাসনার বিধান আছে, তাহার [তৎ] অবশ্যকতব্যতা[নিজারণ] সম্বন্ধে কোন নিয়ম নাই [অনিয়ম:], অর্থাৎ ঐরপ উপাদনা কর্ত্তার ইচ্ছাধীন মাত্র; যেহেতু, শুভিতে ঐরপ উপাদনা করা ও না-করা উভয় প্রকারের উল্লেখই দেখিতে পাওল যায় [তদ্ষ্টে:]। শুতি বলেন, "যাহারা এইরপ উপাদনা করে, এং যাহারা এইরপ উপাদনা করে না, তাহারা উভয়েই কর্ম করিয়া থালে" (ছা: ১.১.১০)—অর্থাৎ উপাদনা না করিলেও কর্মের ব্যাঘাত হয় না। শুতরাং শুতিই দেখাইতেছেন যে, ঐরপ উপাদনা না করিলেও নল কর্মের কোন অঙ্গহানি হয় না। শুতির এরপ বলিবার কারণ ই যে [হি], কেবল কর্মের (অর্থাৎ উপাদনার হিত কর্মের) মল এবং উপাদনার ফল পৃথক্ [পৃথক্]। উপাদনার সাইত ক্যাহেন্তালের ফল 'অপ্রতিবন্ধ'—অর্থাৎ উপাদনার সহিত ক্যাহেন্তালের কোনরপ প্রতিবন্ধ (কর্মের সফলতার কোন ব্যাঘাত) হওলার মন্তাল থাকে না [অপ্রতিবন্ধ: ফলম্]। স্থতরাং উপাদনার ফল যুগন হিল, তথন সেই উপাদনা কর্মের অঙ্গ নয়, ফলে তাহার অবশ্যক্ষর্থাত ও নাই।

শিষ্য। দেহের অভ্যন্তরে অবস্থিত ইনিয়ানির মধ্যে ক্রান্তি লাভ ক সর্বব্যেষ্ঠ বলিয়াছেন। আবার বহিজ্ঞাতে বিদ্যুলন অনিভাটের মধ্যে বায়ুকে সর্বপ্রেষ্ঠ বলিয়া নিদ্দেশ করিয়াছেন। এবং বহুত ত এই প্রাণ ও বায়ুকে অভিন্ন বলিয়া প্রতিপাদন করিয়াছেন। ল প্রাণ ও বায়ু তর্বহিদাবে একই হয়, তবে একমাত্র প্রাণের ভলালন করিলেই বায়ুরও উপাসনা করা হয়। ফলে নাড়াইতেছে এই বর, আধ্যাক্সিক প্রাপেনার উপাসনা ও আধ্রিটিদ্রিকিন বাস্থার উপাসনা অভিন্ন।

গুরু। না, বংস! যদিও তত্তহিসাবে বালুভ আল এফট, তুল প্র

আধ্যাত্মিকভাবেই প্রাণের উপাসনার বিধান করা হইয়াছে, এবং আধিদৈবিকভাবেই বায়র উপাসনার বিধান হইয়াছে। স্বতরাং তবহিসাবে প্রাণ ও বায় এক হইলেও উপাস্যভাবে উভয়ে ভিয়, কাজেই উপাসনাও ভিয়ভাবেই করিতে হইবে। ইহার দৃষ্টান্ত —

প্রদানবৎ এব তহুক্তম্।। ৪০।।

বেমন একই অগ্নিহোত্র যাগ প্রাংতকালে ও সায়ংকালে তুই সময়েই করিতে হয়, সেইরপ একতত্বের উপাসনাও ছুইভাবেই করিতে হইবে। অথবা হেমন, ইন্দ্র এক হইলেও 'অধিরাক্র' ইন্দ্রের উদ্দেশ্যে পৃথক্ হবিঃন প্রদান করা হয়, সেইরূপ [প্রদানবং] এছলেও হইবে। তত্ব এক হইলেও যে তাহঃর বিভিন্ন গুণ বা অবস্থা অহ্নারে বিভিন্ন রক্মের আরাধনা হইতে গারে, তাহা [তং] প্রেমীমাংসায় (৩.০.৪২) নির্দারিত হইমাছে [উক্ম]।

শিষ্য। বাজসনেথি ত্রাধ্বনে কতকগুলি অগ্নির নাম উল্লিখিত নেখিতে পাই। যেমন, বাক্চিং অগ্নি, প্রাণচিং অগ্নি, চকুল্ডিং অগ্নি, কম্মচিং অগ্নি। বাক্চিং অথাং বাক্যমারা নিশার বা উৎপাদিত, এইরপ অক্সান্ত অগ্নিরও ব্যাগ্যা করা ঘাইতে পারে। একণে বিজ্ঞাস্য এই যে, এই সকল অগ্নি কি কোন যক্ত করিবার জন্ত করিত, না উপাসনার জন্ত ? অথাং এরপ অগ্নির কল্পনা করিয়া কোন যক্ত অস্থান করিতে হয়, কিখা কেবল ধ্যানের জন্ত ঐ সব অগ্নির কল্পনা করা হুইয়াছে ?

গুৰু। যে প্ৰদক্ষে ঐ সৰ অগ্নির উল্লেখ আছে, ভদকুসারে

উহাদিগকে ক্রিয়ার অব্ধ অর্থাৎ যজ্ঞের অগ্নি বলিয়াই মনে হয়;
কিন্তু বাশুবিক উহারা ক্রিয়ার অব্ধ নয়, পরস্তু ধ্যানের জন্মই করিত অর্থাৎ ঐ-সকল অগ্নির কেবল মনে মনে ভাবনাই করিতে হয়,
উহাদের সাহায্যে কোন যাগ্যক্ত করিতে হয় না। যজ্ঞের অগ্নি
ইইতে উহারা অভন্তরক্ষের করিত অগ্নিমাত্র,

লিঙ্গভূয়স্তাৎ—

বেহেতৃ, ঐ সমন্ত অগ্নিকে যজ্ঞাগ্নি হইতে স্বতন্ত্র বলিয়া বীকার করিবার বহুতর লিক (স্বতন্ত্রতাবোধক চিহ্ন) আছে। অর্থিৎ এই সমন্ত অগ্নি যে স্বতন্ত্র রকমের অগ্নি, তাহা শ্রুতি উহাদের সহজে যে সমন্ত কথা বলিয়াছেন, তাহাতেই স্পাঠ বুঝা বায়। আর

তৎ হি বলীয়ঃ তদপি ॥৪৪॥

সেই সমন্ত 'লিক' [তৎ] অর্থাৎ স্বতন্ত্রতাবোধক চিহ্ন প্রকরণ স্বেশন প্রবল [বলীয়ঃ]; অর্থাৎ অর্থ-নির্নির্ব্যাপারে প্রকরণ (context) স্বেশন 'লিক্টের' শক্তি অধিক। একথাও [তরপি] প্রমীমান্দের বিশ্বীকৃত হইয়াছে। স্বতরাং প্রকরণ অহুসারে ঐ সমত অ্রাধ্বে ম্ফ্রান্স্পর্কীয় বলিয়া বোধ হইলেও উহাদের স্বতন্ত্রতাবেশনক মৃত্যুত্রতার উহাদিগকে স্বতন্ত্রত্রকমের অগ্নিই বলিতে হইবে।

শিষ্য। কিন্তু যে প্রকরণে এই সমন্ত অগ্নির উরের আছে, তাংতে ক্রিয়াময় যাগেরই আলোচন। আছে। বাক্চিৎ প্রভৃতি অগ্নি—

পূর্ববিকল্প: প্রকরণাৎ স্থাৎ ক্রিয়া মান্যবহু ॥৪৫॥ প্রথমান্ত সাধারণ ষজ্ঞাগ্রিই বিকল্প অর্থাৎ ওচ্চাপ্রচেদ্যার [জ্বি-বিকল্প:], বেহেতু, প্রকরণটা ক্রিয়াম্ম যজেরই জ্বেচাড্যা ক্রিয়ায় বিজেব (১০০চাড্যা ক্রিয়ার প্রকরণাৎ), ভাহাতে হঠাৎ মন:ক্ষিত অগ্রির ইয়া বিভাগ্য হতা ১৯৯।

অতএব বলা উচিত যে, এই বাক্চিং প্রভৃতি অগ্নিও ক্রিয়ারই অদ
[ক্রিয়া স্যাং]। ইহার দৃষ্টান্ত, মানসগ্রহ [মানসবং]।—এতিতে
বারদিনব্যাপী একটা যাগের বর্ণনা আছে। তাহাতে বলা হইয়াছে যে,
দশম দিনে প্রজ্ঞাপতির উদ্দেশে, পৃথিবীরূপ পাত্রে সম্ভর্মপ সোমরসের
স্থাপন, ভক্ষণ ইত্যাদি করিতে হইবে। এই সমন্ত ব্যাপার কেবল
মনে মনেই চিতা করিতে হয়। এই সব ব্যাপার মানস হইলেও যজেরই
অধীভূত এবং সেইজন্ম উপাসনার মধ্যে গণ্য হয় না। সেইরূপ
বাক্চিং প্রভৃতি বাত্তবিক অগ্নি না হইলেও যজের সম্পর্কেই মনে মনে
চিত্তনীয়, অতএব ক্রিয়ারই অগবিশেষ, স্বতন্ত্র উপাসনার বিষয় নয়।

আবার শ্রুতি স্বয়ং পূর্ব্বোক্ত যুজ্ঞাগ্নির ধর্ম এই সমস্ত মানস অগ্নিতেও

অতিদেশাৎ চ ॥৪৬॥

প্রযুক্ত করিয়াছেন—এইজক্তও মনে হয়, ঐ সমন্ত অগ্নি ক্রিয়ারই (বাহায়সানের) অঙ্গ।

ওক। না,

বিদ্যা এব তু নির্ধারণাৎ ॥৪৭॥

ক অগ্নিওলি উপাসনা স্কর্পই [বিদ্যা এব], কারণ শ্রুতি এই কথাই নিশ্চম করিয়া বলিয়াছেন [নিধারিণাং]। শ্রুতি বলেন, "প্রেলিক অগ্রিসকল (বাক্চিং প্রভৃতি) নিশ্চমই 'বিদ্যাচিত' অর্থাং চিন্তাপ্রস্ত।" "এইসব অগ্নি জানীর বিদ্যা বা ধ্যানের দ্বারাই স্থাপিত হয়।"

তারপর, ৪৪ ক্রে যে সমন্ত লিঞ্চের কথা বলা হইয়াছে, তাহা

দৰ্শনাৎ চ ॥৪৮॥

দেখিলাও নির্মারণ করা যায় যে, এইসব অগি উপাসনার জন্মই, যাগাছ-হানের সহিত ইহাদের কোন সম্পর্ক নাই। হাা, প্রকরণটী অবশু যজ্ঞসম্বন্ধীয়ই বটে, কিন্তু তাহা হইলেও কেবল সেই প্রকরণবলে ঐ সব অগ্নির যজ্ঞাদতা নির্দ্ধারণ করা যায় না। কারণ, প্রকরণ অপেকা

শ্রুত্যাদিবলীয়স্থাৎ চ ন বাধঃ ॥৪১॥

শ্রুতি', 'লিক' ও 'বাক্যের' বলবতা অধিক বলিয়া শ্রুত্যাদিবলী হয়ং। একমাত্র প্রকরণ ঐ সব অগ্নির ধ্যানার্থতার বাধা জন্মাইতে পারে না [ন বাধঃ]। 'শ্রুতি' হইল এমন শব্দ, যাহা অত্য কিছুর অপেক্ষা না করিয়া স্বয়ংই সাক্ষাৎভাবে অর্থবাধ করায়— যেমন, ''এই সমস্ত অগ্নি কেবলই বিদ্যাচিত অর্থাৎ উপাসনাস্বরূপ, তাহা ছাড়া আর কিছুই নয়।' এই বাক্যে শ্রুতি স্বয়ং সাক্ষাৎভাবে ও অতি স্পষ্ট করিয়া ঐ অগ্নিগুলিকে উপাসনা সম্পর্কিত বলিয়াছেন। তারপর 'লিফ'— যেমন, "সম্দায় প্রাণী সর্বাদা এই অগ্নিসমূহের স্থাপনা করিতেছে"। যজ্ঞসম্পর্কিত অগ্নি সর্বপ্রাণী কর্ত্বক সর্বাদা স্থাপিত হয় না; স্বতরাং এই উক্তি দ্বারা ব্রা যায়, ঐ অগ্নিগুলির সহিত আগ্রন্থানিক যজ্ঞের কোন সম্পর্ক নাই। আর বাক্য— যেমন, ''ধ্যানের দ্বারা অর্থাৎ মনে মনে উপাসক ঐ সব অগ্নি স্থাপনা করেন''। 'শ্রুতি' 'লিশ্ব' ও 'বাক্য'—এই তিনই প্রকরণ অপেক্ষা বলবান, অর্থাৎ অর্থ-নির্ণয় করিতে প্রকরণ অপেক্ষা এই তিনটিই অধিক সহায়ক—ইহা পর্ব্ব শীমাংসায় বিশেষভাবে দিলান্ত করা হইয়াছে।

তারপর, এইসব অগ্নি সধদে শ্রুতি বলিতেছেন, "মনে মনেই এই সমত্ত অগ্নির সংগ্রহ করা হয়, মনে মনেই উহাদের স্থাপনা করা হয়, মনে মনেই তবস্তুতি করা হয়… অধিক কি যজ্ঞসম্পাদনের যতকিছু ব্যাপার সমস্তই মনে মনে, বাহিরে নয়"। যজ্ঞসাধনের যাবতীয় ব্যাপারই যথন মান্সিক, তথন এই সমন্ত

ষ্মগ্রিকে কিছুতেই বাহাত্মহানের সম্পশ্চিত বলা যায় না। স্থতরাং সিদ্ধান্ত এই যে,—

অনুব্যাদিভ্যঃ প্রভাতর-পৃথক্ত্বং দৃষ্টশ্চ ততুক্ত্ম্ ॥৫০॥

হজ্ঞদশ্ধিত অগ্নিস্থাদাদি যাবতীয় ব্যাপার (অম্বন্ধ) মানসিক
বলিয়া এবং প্রোক্ত শুভি, লিছ, বাক্য প্রভৃতি কারণে [অম্বন্ধাদিভাঃ]
আলোচ্য অগ্নিসম্হকে খতর রক্ষের অগ্নিই বলিতে হইবে; কেবল
উপাদনাগ্রই উহালের প্রয়োজন, কোনরূপ বাহ্য হজ্ঞামুঠানে নয়। কিয়ার
প্রসদে উক্ত হইলেও যেমন 'শাভিলাবিদ্যা', 'দহরবিদ্যা', ইত্যাদিকে
কিয়া হইতে পৃথক্রপেই খীকার করা হয়, সেইরূপ [প্রজান্ধরপূথাভাবং, প্রজা—বিদ্যা, প্রজান্ধর — শাভিলা প্রভৃতি অন্যান্ধবিদ্যা] এই
অগ্নি সকলকেও িয়া হইতে পৃথক্রপেই গ্রহণ করিতে হইবে। আবার
এরপও দেখা যায় [দৃইশ্চ] যে, এক প্রকরণে উক্ত হইলেও কেটী যাগ
মূল হজ্ঞ হইতে পৃথক্, খতপ্থ। যেমন, রাজ্যুয় হজ্ঞপ্রকরণে উক্ত
হইলেও 'আবেষ্টি' নামক যাগটা রাজ্যুয়্যজের অঞ্চ নয়, কিছ্ক
কেটী খতপ্র যাগ কইসব বিষয় প্রামীমাংসায় প্রতিপন্ন করা
হইয়াছে [ভহ্নেম্]।

১৫ প্রে ব্রিঘাছিলে যে, পৃথিবীরপ পাতে সম্ভ্রমণ সোমরস গ্রহণ ইডাদি ব্যাপার মানসিক ইইলেও জিয়াময় যভেরই অঞ্চ, সেইরপ আলোচ্য স্থলেও মনশ্চিং আছুছি অগ্নি মনে মনে সম্পন্ন ইইলেও জিয়ারই সংখ্যক, স্ত্রেরক্ষের অগ্নিমা। কিন্তু

ন সামাতাৎ অপি, উপলক্ষেঃ, মৃত্যুবং, ন হি লোকাপতিঃ ॥৫১॥ এজন সামা ধাৰিলেও [সামানাদপি] মন্তিং প্ৰভৃতি **অ**থিকে ভিষার

অঙ্গ বলা যায় না [ন] ; কারণ, পূর্ব্বোক্ত শ্রুতি, বাক্য ইত্যাদি কারণে ইহাদের স্বতন্ত্রতাই বুঝা যায় [উপলব্ধেঃ]। তুইটা বস্তুর এক স্বংশে সাম্য থাকিলেই যে উহারা স্বাংশে সমান হইবে, এমন কোন নিয়ম হইতে পারে না। বেমন, শ্রুতির একস্থলে অগ্নিও সুর্যামণ্ডলম্ভ পুরুষকে লক্ষ্য করিয়। 'মৃত্যু' শব্দের প্রয়োগ করা হইয়াছে, তথাপি অগ্নি ও সূর্যামণ্ডলম্ব পুরুষ সর্বাংশে সমান নয়। এন্থলেও 'মানসিক' শব্দটা ঐ 'মৃত্যু' শব্দের ক্সায় [মৃত্যবং]। ইহাতে মন-িচং প্রভৃতি অগ্নির ক্রিয়াসতা দিদ্ধ হয় না। "এই লোকই অগ্নি, স্যা ইহার সমিধ"—ইত্যাদি স্থলেও যেমন একভাবে লোক (বিশ্ব) ও অগ্নির সাম্য দেখান হইলেও বস্ততঃ লোক সত্য সত্যই অগ্নি হইয়া যায় না নি চ লোকাপতি: , দেইরূপ মন¹ চং প্রভৃতি **অগির ক্রিয়াম্য অগ্নির স্থিত কত**ক সাম্য কল্লিত হইলেও বস্তুত: উহারা ক্রিয়াম নহে, উপাস্কের ধাানের क्छरे উराभित्र दक्षना।

আরও দেখ, আলোচ্য শ্রুতির পরবর্ত্তী ব্রাহ্মণবাক্যে ক্রিয়াম্য ুবাগের ফল হইতে মনশ্চিতাদি অগ্নির সাহায্যে ভাবনাময় যে যাগ করিতে হয়, তাহার ফল পুথকু বলিয়া নিদিষ্ট হইয়াছে। স্থতরাং এই

পরেণ চ শব্দস্য তারিধ্যম্, ভূরস্তাৎতু অনুবন্ধঃ ॥৫২॥ পরবর্তী বাক্য ঘারাও [পরেণ চ] মনশ্চিতানি শব্দের [শক্ষ] তাদুশভাব [তাছিধাম], অর্থাং তাহারা যে কেবল উপাসনার ভতুই উক্ত একথা, নিণীত হয়। তবে [তু] ক্রিয়াম্য অগ্নির প্রকরণে एव इंशास्त्र मिल्लिम [अम्बद्धः] कता इहेगाहि, छाहात कारन **ध**रे (य, मानम शार्गत (र सम्ख वार्गात, ভाशां किंधिकाः महे ক্রিয়াময় যাগের অফুরপ [ভূরত্বাং]। স্থতরাং দিদ্ধান্ত ইইল এই যে, এই অগ্নিগুলি কেবল উপাসনার জন্ত, কোন ক্রিয়া সম্পাদনের জন্ম নহে।

[শিগ্র। গুরুদেব ! আপনি সিদ্ধান্ত করিলেন যে, মনশ্চিৎ প্রভৃতি অগ্নি উপাদক মনে মনেই নিস্পান করিবেন, শারীরিক ক্রিয়ার সহিত উহাদের কোন স্থন্ধ নাই। উপাসনা একরূপ মানসিক ব্যাপার, কোন বিষয়ের অনুচিন্তনের নামই উহার উপাসনা, এবং ভিন্ন, ইহাই আপনার বক্তবা। কিন্তু যিনি উপাদনা করেন, তিনি কি বস্তুত: শরীর হুইতে ভিন্ন থ ধনি তিনি বস্তুত: শরীরাতিরিক্ত হন, তাবে আপনার ওরূপ উল্লি সঙ্গত হয় বটে। অবশু এ যাবৎ যত কিছু আলোচনা হুইয়াছে, তাহাতে নিঃসন্দিগ্ধরূপেই ব্রিয়াছি যে, আত্মার স্থিত শ্রীরাদির স্ত্যিকারের কোন সম্পর্ক নাই। ক্রত: এই তথা উল্থাটন করিয়া জীবাত্মা ও প্রমাত্মার ঐক্য[া] প্রদর্শন করিতেই সময় বেদান্ত শাস্ত্র প্রযুবসিত। আপনিও বহু-প্রকারেই ব্যাইয়াছেন যে, আতা প্রমার্থত: দর্কবিধ উপাধিরহিত এবং চির্হালই একভাবে বর্ত্ত্যান। কিন্তু যাহাকে উপাসনা করিতে বলা হয়, ভাষাকে অবশু সোণাধিক বলিয়াই স্বীকার করা হয়। হৈত্র (consciousness), শ্বতি ইত্যাদি যাহার হয়, সেই উপাদনা করিতে পারে। কিন্তু এই চৈত্তাদি কাহার ? শরীরের, না শরীরাতিরিক্ত কাহারও ৷ যদি শরীরেরই এই সম্ভ ধর্ম হয়. তবে উপাদনা মানসিক, শারীরিক নয় এরপ বিভাগ করা নিপ্রয়োজন, কারণ বাহা মানসিক, তাহাও মূলতঃ শরীরেরই ধর্ম, আর তাহা

হইলে শরীরের নাশের সজে সংগ্রই উপাসকেরও নাশ হইয়া যাওয়ায় উপাসনার ফলভোগ করিবার আর কেহ থাকে না। যদি দেহনাশের সঙ্গে সঙ্গেই সব শেষ হইয়া যায়, তবে বেদাস্তাদি শাল্পের আলোচনাও নিক্ষল বলিতে হয়। দেহাতিরিক্ত আত্মার অন্তিত্বের উপরই সমুদায় শাস্ত্র দণ্ডায়মান। এই মূল সত্য মানিয়া লইয়াই এ পর্যান্ত যত কিছু বিচার আলোচনা করা হইয়াছে। কিন্তু প্তকার ব্যাস এঘাবং এই সভাটা প্রতিপাদন করিবার উদ্দেশ্যে কোন বিশেষ কৃত্র লিপি-বন্ধ করেন নাই। আর এ যাবং আশমরা বিশেষভাবে ব্রন্ধ সংদ্যেই নানা রকমের আলোচনা করিয়াছি। ত্রদ্ধ এরপ, না ওরপ—ইহার তথ্য নির্দ্ধারণ দেহাভিরিক্ত আত্মার অন্তির বা অনন্তিত্বের উপর তেমন নির্ভর করে না। কিন্তু 'এমন এমন উপাসনা করিবে'—এই কথা বলিলেই যাহাকে উপাসনা করিতে বলা হইল, ভাহার সম্বন্ধে বিশেষ জানা আবশ্যক হইয়া পডে। বদিও এ যাবং নানা প্রকারে আত্মার দেহাতিরিজতা প্রদর্শন করিয়াছেন, তথাপি এই উপাসনার আলোচনা প্রদক্ষে স্থেকারের অভিমত জানিতে বিশেষ কৌতৃহল হইতেছে।

গুরু। বংসা এসম্বন্ধে

একে আতানঃ শরীরে ভাবাৎ ॥৫৩॥

একদল লোক (একে) অর্থাৎ চার্ব্বাক্যতাবল্ধীরা বলেন, আত্মার [আত্মঃ] দেহ ছাড়া পৃথক অভিত্ব নাই, কারণ শরীর থাকিলেই [শরীরে] আত্মার অতিত [ভাবাৎ] বুঝা যাহ, না थांकित्न नय। हैराता दानन, त्रहरे आजा, त्रह छाजा आजा বলিয়া একটা পৃথক্ পদার্থ কিছু নাই। প্রাণ-ক্রিয়া, চৈতভা (consciousness), স্বৃতি প্রভৃতি গুণ, যাহা শরীরাতিরিক্ত কোন

কিছুর বলিয়া বলাহয়, ভাগে বাওবিক শরীরেরই ধর্ম। মুক্তিকা, ব্দল, অন্নি ইত্যাদি ভূতের সংমিখনে এই শরীর উৎপন্ন হয়। শতারের উপ্রেম্ভত এই সমও প্রার্থে পুরুক্তাবে চৈডক্ত দেখা যায় না বটে, কিন্তু এওলি একত্র মিলিত হইলেই একটা চৈড্লাগুণ উংপর হয়: যেমন, চুণ কিখা বাহের কোনটাই লাল না হইলেও ছটা মিশাইলেই লালবর্ণের উৎপত্তি হয়। এই কৈভজ্যওপ-সান্ত্রত প্রেক্তান্ত ভ্যাত্রা। মৃত্যুর সঙ্গে সংশ্বই তাহার সব শেষ হর্য। যায়; পুর্ণ, নরক, প্রলোক, বন্ধ, মোক, এসব নিছক কল্পনা-মার। ইতাদের মাজ এই প্রকার—একটা প্রদীপের অগ্নিও ভাষার অংলো। অগ্নি হতকৰ থাকে, আলোও ঠিক ততক্ষণই থাকে: ব্যাহ্নতে অনিমাপিত হয়, আলোও তনাংঠেই অন্তর্হিত হয়। हिक दहेशालहे (मधा धारा, घटकन (मह बादक, एएकन आनमांकि, হৈতত, বা যাহা কিছু তথাকথিত আত্মার ধম বলিয়া ক্থিত হয়, স্বই থাকে, আর দেহপাতের সঙ্গে সঞ্চে এই স্মত্ই অন্তর্হিত হয়। क्ष्यराः स्मया याने एक छ. देह एक मिन मम्बर्टे दमस्य खन वा धण, जनः (मश्राक्षाब्ददर्गे दिमागान, वाहित्व हेशामव कानहे प्याद्य মটো। ইহাই বুংল দেহা এবাদীয় মত।

অংশে দেৱের সহিত অভিন, অন্য দেইই আলা, একথা

ব্যতিরেকঃ তদুভাবাভাবিত্বাৎ ন ছু উপলব্ধিবৎ ॥৫৪॥ কিন্তু । ইইডেই পারে না [ন]। বরং দেই ইইতে আগ্রার িল্লাট (ব্যালিরেক:) মুজিনস্থান, কারণ, দেহ থাকিলেও िएहार-े पाराप्त त्रराज्**वारीता त्राह्य ४म वर्षांना, त्राहेमव** প্রাণন-জিফ, অন্তব করিবার শক্তি প্রভৃতি **থাকে না [অভাবিত্বাৎ] ৷** মৃতদেহে ইহার কিছুই থাকে না, অথচ দেহটা পড়িয়া থাকে। অমৃভবশক্তি প্রভৃতি যদি দেহেরই ধর্ম হইত, তবে দেহ থাকা গতেও এই সকলের অভাব হয় কেন। ইহাতেই বুঝা যায়, এ সব দেহাতিরিক্ত অন্ত কিছুর, দেহের নর। সেই অতিরিক্ত কিছু, যাহাকে আশ্রয় করিয়া এই প্রাণ-ক্রিয়া, বিষয়োপলন্ধি ইত্যাদি হয়, তাহাই প্রকৃত আত্মা। বেহাত্মবাদীরাও স্বীকার করেন যে, হে পদার্থ বিষয়ের উপলব্ধি করে, তাহা বিষয় হইতে পৃথক্, সেইরুপ উপল্কিম্বরূপ আত্মাও দেহাদিকে উপল্কি করে বলিয়া দেহানি হইতে অবশ্বই পূথক [উপন্ধিবং]।

যতকাল দেহ থাকে, ততকাল রূপ প্রভৃতি দেহের ধর্ম থাকে ধাকুক, কিন্তু প্রাণ-ক্রিয়া, অমুভৃতি ইত্যাদি দেহসত্তেও মৃতাবস্থায় থাকে না। আবার ইহাও দেখা উচিত যে, দেহের ধর্ম রূপ প্রভৃতি অক্টেও প্রত্যক করিতে পারে, কিন্তু অমুভূতি, খুতি ইত্যাদি অন্তের প্রত্যক্ষ হয় না, কেবল আত্মদৃষ্টান্তে অপরেরও ঐ সব আছে, এরপ অমুমান করা হাষ মাত্র। অমুভৃতি প্রভৃতি যদি দেহের ধর্মই হয়, তবে দেহের সঙ্গে সংখ ইহাদেরও অপর কর্ত্ত প্রত্যক্ষোপলি না হইবে কেন ? ভারপর, জীবিতাবস্থায় অহুভৃতি ইত্যাদি থাকে, ইহা নিশ্চিত হইলেও মৃতাবস্থায় · এণ্ডলি একেবারেই লুপ্ত হইমা যায়, এরপ নিশ্চয় ত করা মায় নাঃ একটা সন্দেহ হইতে পারে বটে যে, মৃতাবস্থায় এসব থাকে, কি-নাঃ থাকিলে ব্যাত্তি পারিভাম একথা বলা যায় না, কারণ জ্ঞাবিভাবস্থায়ও এ সব অক্টের প্রত্যক্ষ হয় না, কেবল উহাদের অস্তিত্ব অফুমান করা হয় মাত্র। নিজিতাবস্থায় অমুভূতির কোন কার্য্য দেখা হাছ ন', তা বলিয়া তথন অফুভূতি একেবারেই বিনষ্ট হইয়া যায়, এক্লপ ত কেহ वरन ना। এ:कवारत विनष्टे इहेश शिल भूनताम **উ**हात উह्नद इस्का

ত অসম্ভব। সেইরপ মৃতশ্রীরে অমুভূতি থাকেই না, এরপ নিশ্চয় করা অসম্ভব। তারপর মৃত বা নিলামগ দেহে অমুভূতি থাকেই না— এরপ স্বীকার করিলেও উহাকে দেহের ধর্ম বলা যায় না, কারণ দেহ ত তথনও বর্তুমানই থাকে। স্বতরাং দেখা যাইতেছে যে, দেহ থাকা সব্বেও যথন অমুভূতির প্রকাশ সময়ে সময়ে হয় না, তথন নিশ্চয়ই উহা দেহের ধ্যা নয়।

ভারপর দেখ, যিনি অন্তর করেন, তিনি যাহা অন্তর করেন, তাহা হইতে অবগ্রই পৃথক হইবেন। দেই অন্তর-শক্তি দেহের ধর্ম হইলে কথনও দেহ অন্তরে আদিত না। অগ্রির দর্ম উফতা কথনও অগ্রিকে দয় করে না। চৈততা যদি পৃথিব্যাদি ভূতের ধর্ম বা স্মিনিত শক্তিই হয়, তবে কথনও তাহা পৃথিব্যাদি ভূতকে উপলব্ধি করিতে পারিত না। কিন্তু চৈততা বাহা, আভ্যন্তর সমস্ত পদার্থই অন্তর করে। মৃতরাং এই চৈততাশক্তি নিশ্চয়ই যাবতীয় ভূত ও ভৌতিক পদার্থ হইতে স্বতম্ব।

আর, দেহ থাকিলে চৈততা থাকে, না থাকিলে থাকে না, আতএব চৈততা দেহের ধম—এ কোন যুক্তিই নয়। অন্ধকার গৃহে প্রদীপ থাকিলে বস্তর উপলব্ধি হয়, না থাকিলে হয় না, আতএব উপলব্ধি প্রদীপের ধর্ম—এরপ অন্তুত কথা ত কেহ বলে না। এই দৃষ্টান্ত অহুসারে বিষয়ের উপলব্ধি ব্যাপারে দেহ প্রদীপের তায় একটা উপকরণ মাত্র—একথা বলাও অসম্ভত হয় না। স্ত্রাং এই সমস্ত মুক্তি, নিজ নিজ অন্তুত্ব ও শাস্ত্রবাক্য হইতে সিদ্ধান্ত হয় যে, আহা দেহ হইতে ভিন্ন। ফল কথা, সমুদায় শাস্তই দেহাতিরিক্ত আহার অভিত্তই প্রমাণ করে, স্ক্তরাং এ বিষয়ে বিশেষ বলা বাহলাসাত্র।

যাহা হউক, এক্ষণে উপাসনার বিষয়ই আলোচনা করা যাউক। সে সম্বন্ধে যদি ভোমার আরও কিছু জিজাস্ত থাকে, তবে বল।

শিশ্য। 'উদ্দীথ' সামগানের একপ্রকার বিভাগ। কিন্তু 'উদ্দীথ' সকল বেদের সকল শাথায় একরপ নয়, উচ্চারণাদির ভেদে ভিন্ন ভিন্ন বেদশাথায় উদ্দীথও ভিন্ন ভিন্ন বিলয়া বোধ হয়। যজ্ঞান্থপ্রানকালে এই উদ্দাথি অবলম্বনে উপাসনা করিবার ব্যবস্থাও কোন কোন শাথায় করা হইয়াছে। এই উদ্দাথির মত আরও অনেক প্রকার যজ্ঞাঙ্গের বিধান বেদে আছে। এ যজ্ঞাঙ্গগুলিও এক এক শাথায় এক এক রক্ষর বিলয়া মনে হয়, এবং উদ্দাথির ত্যায় এইরূপ যজ্ঞাঙ্গ অবলম্বনে উপাসনার ব্যবস্থাও কোন কোন শাথায় করা হইয়াছে। এফণে জিজ্ঞাত্য এই যে, এইরূপ উদ্দাথাদি কর্মান্থ সম্পর্কিত উপাসনা কি যে শাথায় বিহিত হইয়াছে, কেবল সেই শাথাতেই নিবদ্ধ থাকিবে, না অন্যান্ত শাথায় উক্ত উদ্দাথাদি যথন ভিন্ন ভিন্ন, তথন তৎসম্পর্কিত উপাসনাও কেবল যে শাথায় বিহিত হইয়াছে, সেই শাথায়ই নিবদ্ধ থাকিবে, অন্ত শাথোক্ত উদ্দাথাদির সহিত এ উপাসনার কোন সম্বন্ধ থাকিতে পারে না—আমার ত এইরূপই মনে হয়।

खका ना, वरम!

অঙ্গাববদ্ধাঃ তুন শাখান্ত হি প্রতিবেদম্।।৫৫।।
কর্মাঙ্গের সম্পর্কিত ঐ সমস্ত উপাসনা [অঙ্গাববদ্ধাঃ] কিন্তু [তু]
যে যে শাখায় বিহিত হইয়াছে, কেবল সেই সেই শাখায় [শাখান্ত]
নিবদ্ধ থাকিবে না [ন], পরন্ত প্রত্যেক বেদের প্রত্যেক শাখায়—
যে স্থলেই ঐ কর্মাণ্ডের উল্লেখ আছে, সেই স্থলেই [প্রতিবেদম্]

ঐকণ উপাদনা করিছে ইইবে; বেছেড় [হি] সামাল উচ্চারণাদির বৈষ্মা পাকিলেও উদ্যোগাদি কথাক সমত শাখাতেই এক, স্বতরাং দেই উদ্যাপাদি অভের অবলখনে যে উপাদনার বিধান আছে, তাহা সর্বঅই কন্তনা। অতএব এক শাখায় কথিত উদ্যীথাদিতে অলু শাখায় বিহিত উপাদনার সংযোগ করিলে কোন বিরোধ হয় না।

मञ्जानिवर वा अविद्रावश ॥ १८।।

অধবা [বা] খেমন, কোন একটা হজের প্রয়োজনীয় মন্ত্রাদি এক শাধায় মান উব্ধ ইইলেও অ্যানা শাধায় বিহিত সেই হজাম্প্রান কালে প্র্য়োক্ত মন্ত্রাদিরই যোজনা করিতে হয়, সেইরপ [মন্ত্রাদিবং] কর্মাদ উচ্চীথাদি সম্পর্কে বিহিত উপাসনাও প্রত্যেক শাধায়ই সম্পাদন করিতে ২০, ভাষাতে কোন অস্কৃতি হয় না [অবিরোধঃ]।

শিক্ত। গুঞ্চনের ছান্দোগা উপনিষ্টের (•.১১) বৈশ্রনাক্র ভিশাস্থাকা স্থাকে আমার কিছু জিজ্ঞান্ত আছে। ঐ ছলে দেখিতে পাই, প্রমার্থাকে 'বৈশানর' দপে উপাসনা করিবার বিধান করা ইইয়াছে। এই উপাসনায় ধর্ম, ক্ষা, আকাশ, জল, পৃথিবী ইত্যাদিকে ঐ বৈশানর আত্মার অলপ্রতাধরণে ধ্যান করা হয়। ক্রিভ্রন ঠাহার শরীব, ঘর্মলোক তাঁহার মন্তক, ক্ষা তাঁহার চকু, বায়ু তাঁহার প্রাণ, আকাশ তাঁহার দেহের মধ্যভাগ, জল তাঁহার মূ্ত্রাশন্ত, পৃথিবী তাঁহার পাদ। এ ছলে জিঞ্জান্ত এই যে, এই ক্রৈলোকাশ্রীর বৈশানর আত্মার প্রত্যক্ত অল প্রত্যক্ত অবলখনে পৃথক্ পৃথক্ উপাসনা করিতে হইবে, না ক্রিভ্রন-শরীর সমগ্র বৈশানরের উপাসনা করিতে হইবে, এই উপাসনা-পৃথতির প্রথম ভাগ আলোচনা করিলে

মনে হয়, অংশের উপাসনাই শ্রুতির অভিপ্রেত: ঐ রুষ্ট্রুত পাই, প্রাচীনশাল, উপম্ভাব প্রভৃতি ভয়ন্ত্রন ক্ষি বৈহান ইল্ফ যথার্থ বীতি জানিবার জ্বনা কেক্যুরাজ অবপ্তির নিং দ করিয়াছিলেন। অবপতি প্রত্যেককে নিজ নিজ বৈশ্বনাইশন পদ্ধতি বিষয়ে ভিজ্ঞাসা করিলে কেই বলিলেন, 'আমি চুক্তের বৈশ্বানর জ্ঞানে উপাসনা করি," কেছ বলিলেন, "আহি হল্টা বৈখানর জানে উপাসনা করি"—ইত্যাদি। অরপতি হলে "আক্রাবেশ, কিন্তু ও সমস্ত বৈশানর আত্মার এক একট কলা भारत दकान व्यक्तित उभागना कति कि कि कि इस उपार रोग व একজনকে বলিলেন, "তুমি যেরপ উপাসন। কর, ডাংগে स्ट যাহা হউক, আমার কাছে আসিয়া ভালই করিয়াছ, না আদে কা বিশেষ অমঙ্গল হইত"। এই বলিয়া পরে তিনি স্মগ্র বৈশন ইংশ कतिलान । এই আখ্যায়িका नृष्टि भरन इद्य (२, रिकास केन्य আংশিকভাবেও করা যায়, এবং সমগ্রভাবেও বরা হায়, কার্যান প্রকার উপাসনারই পুথক পুথক কল বর্ণিত হইরাছে

গুৰু। নাবংসাজী গুরে

ভূমঃ ক্রত্বৎ জ্যায়ত্ত্ম তথা হি দাহিতি 🕒 সমস্ত অহ প্রত্যেক বিশিষ্ট পূর্ণ বৈশানবেরই (ভূম:) প্রাং^{ক্র}্ট^{্ট} লক্ষিত হয়, অর্থাং ঐ বৈশানর উপাদনার বিংর*ে : : চা*ল্ট देवचानदवव अःभवित्यस्य উभामना अत्यका महाद्र हे^{न्या} প্রধান ও শ্রেষ্টরূপে বিবৃত করা হইয়াছে। একট 🕾 🧺 স্তে স্থে আরও তুই চারিটা অধ্যাপের অমুহান হর 🤼 💐 সম্ভ অখ্যাগের সহিত প্রধান বাগটা অফুটত হইং এক ব পূর্ণযাগ হয়, দেইরূপ [ক্রুবং] বৈশানর উপাসনাও সম্দায় আংশিক উপাসনার সমষ্টিতে সমগ্রভাবে অনুষ্ঠিত হইলেই পূর্ণতা প্রাপ্ত হয়।
ক্রুতি এই সমগ্রেব উপাসনারই প্রাধান্ত দেখাইয়াছেন [তথাহি দর্শয়তি]।

দেখ, অশ্বপতি অপ্নবিশেষ উপাসনার পৃথক্ ফল দেখাইয়াছেন সত্য, কিন্তু সঙ্গে সঙ্গেই বলিয়াছেন যে, ঐ আংশিক উপাসনা ঠিক নয়, উহাতে অমপ্লল হয়। স্বতরাং সমগ্রেরই উপাসনা করা উচিত, তাহাতে আংশিক উপাসনার ফল ত হয়ই, উপরস্ক পূর্ণ উপাসনার একটা বিশেষ ফলও হয়। অশ্বপতির বাক্যে স্পষ্টই বুঝা যায় যে, তিনি আংশিক উপাসনা অনুমোদন করেন না। সমগ্রের উপাসনাই তাহার অনুমোদিত, এবং শ্রুতিও ইহা দেখাইবার জ্লুই ঐ আখ্যায়িকার অবতারণা করিয়াছেন।

শিক্ত। আছো, বৈশানর আয়ার এক একটা অপ অবলম্বনে পৃথক্
পৃথক্ উপাসনার পৃথক্ পৃথক্ ফল থাকা সত্ত্বেও সমগ্র উপাসনাই কর্ত্বর।
তাহা হইলে এই রীতি অনুসারে শুভিতে যে নানা রকমের উপাসনা
বর্ণিত হইয়াছে, তাহাদের সকলের উপাসা একমাত্র ঈথর, এইজন্ম স্মৃদায়
উপাসনা মিলাইয়া একটা পরিপূর্ণ উপাসনাই কি শুভির অভিপ্রেত

অথাং শুভিতে শান্তিলাবিদ্যা, দহরবিদ্যা, সত্যবিদ্যা ইত্যাদি মত
কিছু উপাসনা বর্ণিত আছে, সেই সকলগুলি মিলাইয়া একটা পরিপূর্ণ
ঈশবরোপাসনা করাই কি শুভির অভিপ্রেত

?

ওক। না বংস। উপাস্য বস্ততঃ এক হইলেও ঐ সমস্ত উপাসনা মিলিয়া একটী সমগ্র উপাসনা হয় না, কিন্তু উহারা

नाना भकाि पिडिना ।। १४।।

প্থক্ পৃথক্ [নানা] উপাসনাই বটে, কারণ, শ্রুতি এক একটা

উপাসনা এক এক জাতীয় শব্দ প্রয়োগ করিয়া বিধান করিয়াছেন. প্রত্যেক উপাদনা পদ্ধতিতেই উপাস্থের পৃথক পৃথক গুণের নির্দেশ করিয়াছেন, এবং এক এক উপাদনার এক এক রকম অবাস্তর ফলের নির্দেশ করিয়াছেন: এই সমন্ত শব্দ, গুণ ও ফলের ভিন্নতায় িশবাদি-ভেদাৎী উপাসনারও ভিন্নতা সাধিত হয়। একমাত্র ঈশরই দর্বত উপাস্থা, একথা ঠিক বটে, কিন্তু দর্বত দ্যানরপে উপাস্থা নহেন। একই পরমেশ্বকে নানাভাবে উপাদনা করা ঘাইতে পারে—এই তত্তই শ্রতি নানা উপাসনা প্রণালী বর্ণনা করিয়া প্রকাশ করিয়াছেন। স্বতরাং যত রকম উপাদনা প্রণালী বর্ণিত আছে, তাহা একত্রিত করিয়া একটামাত্র উপাসনা পদ্ধতি স্থির করা শ্রুতির অভিপ্রায় নয়, তাহার কোন প্রয়োজনও নাই। সকলের পক্ষেই একরকমের উপাসনা অতি হাসাকর ব্যাপার। সামাতা সদি হইতে আরম্ভ করিয়া রাজ্যক্ষা প্রয়ন্ত সমস্ত রোগেই একটা ঔষধের বাবস্থা, কিম্বা পাঠশালার সর্ব্ব নিয়ন্ত্রেণী **ুইতে বিশ্ববিদ্যালয়ের শেষ শ্রেণী পর্যান্ত একই পাঠ্য নির্দ্ধারণ কোন** বিদ্ধমান ব্যক্তিই করেন না।

শিষা। আছো, শতিতে নানা রকম উপাদনা প্রণালী বর্ণিত হইয়াছে। ব্ৰদ্মজ্ঞান লাভ করিতে হইলে কি এক এক করিয়া স্ব প্রণালীতেই উপাসনা করিতে হইবে ?

গুৰু। না, বংস। শ্ৰুতিতে ব্ৰদ্মান লাভের জন্ম বহুবিধ উপাসনা প্রণালী বর্ণিত হইলেও এই সমস্ত উপাসনার

বিকল্পঃ অবিশিষ্ট-ফলত্বাৎ ॥৫৯॥

ফল যথন একই, অর্থাৎ সাক্ষাৎভাবেই হউক, কিম্বা পরম্পরাক্রমেই হউক, সমস্ত উপাসনার ফলই ব্ধন ব্রন্মপ্রাপ্তি, তথন [অবিশিষ্ট- ফলতাং] একের অধিক প্রণানী অবসহন করিবার কোনই প্রয়োজন নাই; পরন্ধ যাহার যেটী ইচ্ছা, সে সেইটাই অবস্থন করিতে পারে [বিকল্প:]। বিলেহত:, এটা ছাডিয়া ওটা, ওটা ছাড়িয়া আর একটা, কিয়া এক সজে তুই ভিনটা প্রণালী অবলহনে উপাসনা করিলে চিত্তের চাঞ্চাই উপন্থিত হয়। চিত্তন্থির না হইলে ব্রহ্মতত্ত প্রকাশিত হওয়া অসপ্র। অতএব ইচ্ছাস্থ্যারে যে কোন একটা উপাসনার প্রণালী অবল্পন করিয়া যুক্তান না উপাধ্যের সাক্ষাৎকার হয়, তত্তিনি ত্রহাতেই নিবিষ্ট পাকা উচিত।

যাহা হউক, এ যাবং যে সমল্প উপাদনার বিষয় আলোচনা করা গেল, তাহা কিন্ধ ব্রদ্ধ সাক্ষাংকার উদ্দেশ্যেই বিহিত। আর এক গালীয় উপাদনা আছে, যাহাদিগকে বলা হয় ক্রাক্রা উপাদনা আছে, যাহাদিগকে বলা হয় ক্রাক্রা উপাদনা ব রিয়া যে সমল্ভ উপাদনা করা হয়, তাহাদিগকেই কাম্য উপাদনা বলে; যেমন, "যিনি থায়কে দিক্সমূহের বংসক্ষপে উপাদনা করেন, তিনি পুল্লাক পাননা" (ছাঃ ৩.১৫.২)। এই সমপ্ত কাম্য উপাদনার একটাতেই রভ থাকিতে হইবে, এমন কোন নিয়ম নাই।

কাম্যাঃ তু যথাকামং সমূচ্চীয়েরন্, ন বা, পূর্বহৈতু-অভাবাৎ ॥৬•॥

পরত্ব বিষয়ে কামা উপাসনা (কাম্যা:) উপাসকের ইচ্ছাত্মপারে [যথাকামম্] অনেকগুলি এক সকে অনুষ্ঠিত হইতে পারে [সম্কীয়েরন্], কিছা [বা] নাও হইতে পারে [ন], অর্থাৎ উপাসক যদি পাচ রক্ষের ফলের কামনা করেন, ভবে পাঁচ রক্ষেরই উপাসনা করিবেন, আর না হয় একটা ফলের কামনা করিলে একটা

উপাসনাই করিবেন, যেমন তাঁহার ইছে।। কারণ, এই সমন্ত উপাসনার উদ্দেশ্য পৃথক পৃথক (বিশিষ্ট) ফল লাভ করা, পূর্ব্বোক্ত ব্রহ্মসাক্ষাৎকার-রূপ অবিশিষ্ট ফল এই সব কামা উপাসনার উদ্দেশ ন্তু, স্থতরাং দেই হেতৃর অভাবে প্রিহেত্তাবাৎ বৈই সমন্ত কাম্য উপাসনা ইচ্ছাতুদারে এক দঙ্গে চুইতিনটিও করা যায়, নাও করা যায়। যার যেমন ফলের কামনা, সে সেইরূপ করিবে।

শিয়া। গুরুদের ! শ্রুতিতে দেখিতে পাই, এক একটী যজের বহুবিধ আফুষঙ্গিক অফুষ্ঠান বিভিন্ন বেদে উক্ত হইয়াছে। ঐ ফুটী করিতে হইলে সর্ববেদোক্ত তাবৎ অম্বের সহিতই অমুষ্ঠান করিতে इय। আবার ঐ সমস্ত অঙ্গ অবলয়নে নানারকম উপাসনারও উল্লেখ আছে। অবশু এই সমন্ত উপাসনাও কাম্য। তথাপি অঙ্গের আশুয়েই উহাদের বিধান, স্বতন্ত্রভাবে ঐ সম্প্ত উপাসনা করা যায় না। অবওনি সকলই যথন একযোগে করিতে হয়, তথন ঐ উপাসনাও সকল গুলিই এক দক্ষে করা উচিত বলিয়া মনে হয়। স্থতরাং

অঙ্গেয়ু যথাগ্রায়-ভাবঃ ॥৬১॥

অঙ্গের আশ্রিত উপাসনা সম্বন্ধে [অঙ্গেম্বু] সবগুলিই একসংস অমুষ্টিত হইবে, কিম্বা ইচ্ছামুসারে এক বা একাধিক (কিম্বা একটিও ন:) অম্ষ্ঠিত হইবে, এরপ প্রশ্নের উত্তর ত এইরপই মনে হয় বে,—এ শমন্ত উপাসনার আশ্রয় (অঙ্গ) যে ভাবে অফুষ্টিত হয় (অর্থাং সবগুলিই এক সঙ্গে) উহারাও সেই ভাবেই অফুষ্ঠিত হইবে [যথাপ্রয়-ভাব:]

ভাবার, শ্রুতি অঙ্গগুলির অনুষ্ঠান করিতে যে ভাবে বিধান

দিয়াছেন, ঐ সমন্ত উপাসনার বিধানও সেই ভাবেই দেওয়া হইয়াছে। স্বতরাং

भिएकैः ह ॥ ७२ ॥

শ্রুতির এই এক রকমের অনুশাসন দেখিয়াও শিষ্টে: চ ী স্থির হয় যে, অঙ্গের মতই উপাসনাও এক সঙ্গে অনুষ্ঠিত হইবে।

তারপর, "উল্গাথ যদি উপাতার (সামবেদের পুরোহিত) স্বরের লোষে ছাই বা ভাই হয়, তাহা হাইলে হোতার (যজকেনের প্রোহিত) ভোত্তে তাহার আবার সমাহার অর্থাৎ সংশোধন হইতে পারে" (ছা: ১.৫.৫)—এই বাক্যে দেখা যায় যে, উপাসনাগুলি ভিন্ন ভিন্ন বেদে বিহিত হুইলেও উহারা প্রস্পর সংশ্লিষ্ট এবং একটা অন্যূটার উপর নির্ভর কবে। স্বতরাং এই

স্মাহারাৎ ॥৬৩॥

সমাহার দৃষ্টেও বুঝা ঘায় যে, সর্ববেদোক্ত উপাসনা এক সঙ্গে অহুষ্ঠিত হইতে কোন যাধা নাই।

আবার, ওঁকার সক্ষবিধ উপাসনারই আশ্রয়, তিন বেদেই ওঁকার 'माधादा छ।' अर्था पर्वादाताक উপामनाम्हे उँकादात सान आह्न, ওকার না হইলে কোন বেদের কোন উপাসনাই হয় না।

গুণ-সাধারণ্যক্রতেঃ চ ॥৬৪॥

শ্রুতির এই সর্ব্বসাধারণ গুণ (সর্ব্ববেদের সর্ব্ববিধ উপাসনার আশ্রম স্কুপ ওঁকার) দেখিয়াও নির্ণয় করা যায় যে, সেই ওঁকারের আহিত সমন্ত উপাসনাই একযোগে অমুষ্টিত হইতে পারে।

ভফ। না বংদ, ঐ অলাহিত উপাসনা সম্ভ ওলিই এক স্থে অভ্নয়ন করিতে হইবে, এমন কোন নিয়ম

ন বা, তৎ-সহভাব-অশ্রুতঃ॥৬৫॥

নাই নিবা]: যেহেত, সেই সমস্ত তিং] উপাসনার এক সঙ্গে অফুষ্ঠান [সহভাব] হইবে, এমন কোন শ্রুতিবাক্য নাই [অশ্রুতেঃ]।

যজ্ঞের অদ সমূহ একসদে অভুষ্ঠিত হইবে, এরূপ শ্রুতিবাক্য থাকিলেও তাহাদের আশ্রিত উপাসনাগুলিও একযোগে অনুষ্ঠান করিতে হইবে, এমন কোন শ্রুতিবাকা নাই। যজের অপ এবং অঙ্গান্ত্রিত উপাদনা, এতত্ত্তহের অনেক পার্থকা ৷ অঞ্গুলি অমু্গ্লিত না হইলে যজ্ঞই অপর্ণ থাকে। উপাসন কিন্তু বিশেষ ফলের অভিলায থাকিলেই, কিম্বা প্রধান যাগের স্ফলতায় নিঃসন্দেহ হইবার জন্মই কর্ত্তব্য (বাঃ দৃঃ ৩.৩.৪২ দ্রষ্টব্য)। স্থাতবাং দেখা যাইতেছে, অঙ্গুলি যজ্ঞ সম্পাদনের জন্ম একান্ত আবশ্যক, এবং সেইদন্য তাহাদের সবগুলিই এক সঙ্গে করা উচিত। কিছু উপাসনা না করিলেও মজ্ঞ সম্পন্ন হইতে বাধা নাই। স্থতরাং মজের বা মজাঙ্গের বিধি ছারা উপাদনার অহুষ্ঠান নিয়মিত হইতে পারে না। ঐ দমন্ত উপাসনা করা-না-করা মজকর্তার ইচ্ছাধীন, হুতরাং ঐ গুলি সমন্তই করিতে হইবে, এমন কোন নিয়ম হইতে পারে না।

আর.

দর্শনাৎ চ ॥৬৬॥

শ্রুতিতেও দেখা যায়, ''ব্রদা (ঋত্বিকবিশেষ) যদি এইরপ জ্ঞানবান হন, তবে তিনি অন্ত স্কল ঋতিককে রক্ষা করিতে পারেন" (हा: 8,54.50)। এই वाका इटेट म्लहेट तुसा यात्र (य. এই न्यर উপাসনার জ্ঞান যে প্রত্যেক ঋত্বিকেরই থাকা একান্ত আবহুক. ভাহা নহে। ফলে ঐ সমন্ত উপাসনা কর্তার ইচ্ছাম্ভই অফুট্যে।

তৃতীয় অধ্যায়

চতুর্থ পাদ

শিষা। ওলনেব। আপুনার কুপায় বৃথিলাম যে, সমগ্র বেদান্তশংগ্রই আগ্রিজানের উপদেশ করিয়াছেন, অথাং যে কোন উপায়ে
আগ্রিজান লাভ কর—ইহাই সমুদায় উপনিষদের সার উপদেশ। এই
আগ্রেজান লাভের কি ফল, সে সংয়ে আচায়ানিগের অভিমত ভানিতে
আগার বিশেষ কৌত্রল ইইতেন্তে: কুপা করিয়া বিবৃত ক্রুন।

শুক। বংস। ছবি ধর্ম, পর্য, কাম ও মোক্ষ এই চারটার এক বা একাধিক উদ্দেশ লইনা কর্মে প্রস্তুত্ত হয়। এই চারটা ছাড়া মান্থবের মন্ত কোন আকাজিছত বস্তু নাই। ইহাদিগকে পুত্রভহাতি বলে করেব পুক্ষ এই সকলের প্রাণী। ইহাদের মধ্যে আবার মোক্ষকে পরম পুক্ষরে বলা হয়, কারব সমন্ত প্রাথনা বা আকাজ্যার এইগানেই নির্ভি। এইনী লাভ করিলে পুক্ষের আর অন্য কোন বস্তু লাভ করিবার প্রস্তুত্তি থাকে না, ইহাই চরম লাভ। এই পরম পুক্ষরে অরপতাকি পদার্থ, কি উপায়েই বা উহা লাভ করা মান্ত সে সম্বন্ধ আনে মতভেদ আছে। ক্রমে এ স্থকে আলোচনা করা যাইবে।

পুরুষার্থঃ অতঃ শব্দাৎ ইতি বাদরায়ণঃ !।১।।

আচাষ্য বাদারহণ [বাদরাহণঃ] শুভি প্রমাণ বলে [শকাৎ] শৈলাস্ত করেন যে [ইভি], উপনিষত্ত আজ্ঞান হইভেই [অভ:] পর্ম-পুক্ষার্থ-সিদ্ধি (পুক্যার্থ:] হয়। শুভি বলেন, "আজ্ঞ ব্যক্তি সমুদায় শোক অতিক্রম করেন" (ছা: ৭.১.৩); "হিন পরমাত্মাকে জানেন, তিনি পরমাত্মাই হন" (মৃ: ৩.২.২): "ব্ৰদ্ধজ্ঞ প্ৰমাৰ্থ প্ৰাপ্ত হন" (তৈ: ২.১.১) ইত্যাদি। এইৰূপ বহ শ্ৰান্ত ম্পাষ্ট উক্তি হইতে ভগবান বাদরায়ণ শিক্ষান্ত করেন যে, একমাত্র আত্মজান প্রভাবেই পুরুষের চরম দিদ্ধি লাভ হয়; আছ্মান লাভ করিয়া পরমার্থ প্রাপ্তির জ্বল্য অক্স কেন প্রকার সাধ্যেরট প্রয়োজন হয় না। আঅজ্ঞান বহুং বতন্তভাবে অক নির্পেক ইইট পরমার্থ প্রাপ্ত করায়। বস্তুত: আত্মজানই পরম পুরুষার্থ, ইংবেট নাম মোক্ষ, ইহাই নি:খেষ্স প্রাপ্তি, আত্মজানই আত্মজানের কল-উহাতেই সহ্ববিধ কামনার (বন্ধের) নিবৃত্তি, পরম কলাণে, চলম শান্তি। (ক্রমশ: এই তথা আবও পরিশুট হইবে)।

পক্ষান্তরে আচাধা জৈমিনি বলেন যে, সমগ্রবেদ 'কর্ম' (যাগ বজ ছাড়। আর কিছুই উপদেশ কংখন না। 'অমুক অমুক হত অচুদ্দে कवित्व' हेहाहे (वापत मात छिलामा। (महे मुम्छ विभिक्क क्ष অমুষ্ঠান করিতে হইলে নানাবিধ সাম্গ্রী (ধারু, যব, কুশ ইতার্লে। এবং অনেকানেক মন্ত্র, ক্রম, পদ্ধতি ইত্যাদিও আবহুক হয়-আবার বিনি ঐ কথ করিবেন, তিনি যে কেবল বর্তমান গেংই আবদ্ধ নন, দেহ ছাড়াও যে তাহার অভিত আছে, এরণ জান काइन थाक। अध्याखन। काइन, विकिक काध्यत्र कल हेर और नि হইয়া প্রাহই পরলোকে হয়; ফুডরাং মরণের পর ফল ভেল করিবার জ্ঞা কম্মকর্তার অভিত্ যদি না থাকে, তবে কাহতেও ৰূপে প্ৰবৃত্তি হইতে পারে না। অতএব যিনি বৈদিক কমানুহ'ন করিবেন, তাঁহার দেহের অতিবিক্ত আত্মা আছেন, এরণ জ্ঞান শাক একাস্ত প্রয়োজন। উপনিষং যে আত্মজানের উপদেশ করিয়াছেন. তাহা এই উদ্দেশ্যেই, অর্থাৎ কর্ণাকর্ত্তা বর্ত্তমান দেহেই আবদ্ধ নন, দেহাতিরিক্ত ভাবেও তিনি আছেন ও থাকিবেন, অতএব তিনি পরলোকেও যাগ যজের ফল ভোগ করিতে পারিবেন, এই সত্যটি বলিয়া দিয়া কর্ম্মে প্রবৃত্ত করানই উপনিবদের উদ্দেশ ৷ অভ কথায়, উপনিবছও পরোক্ষভাবে কর্ম্মেরই উপদেশ করেন। উপনিবছক আব্দ্রজানের বছরে কোন ফল নাই, উহা কেবল কর্ম্মানসাদনের জ্ব্য অভ্যাবশুক একটি সহায় মাত্র। আব্রজ্ঞান কর্ম্মেরই 'শেষ', পুরক (supplement , আব্রজ্ঞান হারা কর্ম্মের পূর্বতা হয় মাত্র। ছত্ত দিয়া উহাকে শুরু প্রথমে মন্ত্র পাঠ করিয়া ঐশন্তে জলের ছিটা দিয়া উহাকে শুরু করিয়া লওয়া হয়। এই জল প্রোক্ষণ হারা শস্তের 'সংস্থার' করা হয়। সেইরপ ধাত্যাদির মত যজে কর্ত্তারপ প্রয়োজন। উপনিবছ উপদিষ্ট আব্রজ্ঞান হারা কর্ম্মের হয়। স্থতরাং আব্রজ্ঞান কর্মেরই

শেষত্বাৎ পুরুষার্থবাদঃ যথা অন্যেষু ইতি জৈমিনিঃ।।২।।

অদ্ধ বলিয়া [শেষহাৎ] উহার যে সমস্ত ফল শ্রুতিতে উক্ত ইইয়াছে, তাহা যজকভার স্থাতিমাত্র [পুক্ষার্থবাদঃ], বাত্তবিক আত্মানের স্বতন্ত্র কোন ফল নাই; যজের যে ফল, আত্মজানও সেই ফল সম্পাদনে সাহায্য করে বলিয়া সেই ফলেরই আংশিক উৎপাদক মাত্র। যজের স্বত্য প্রয়েজনীয় দ্বেয়ের (ধাতাদির) 'সংস্কার' করিলে এক একটা ফল হয় এলপ উক্তি শ্রুতিতে থাকিলেও বস্তুতঃ যেমন ক সব ফল হয় না, উহা যেমন কেবল ক সমস্ত শ্রেরের 'সংকার' যহাতে লোকে করে, তাহার জন্ম প্রলোভন প্রদর্শন মাত্র, সেইরপ

[যথা অন্তেষু] আত্মজ্ঞানেরও যে সমস্ত ফলঞাতি আছে, তাহাও প্রলোভন মাত্র—ইহা । ইতি । আচার্য্য জৈমিনি । জৈমিনিঃ । বলেন ।

শিষা। আচ্ছা, যজ্ঞ কর্তা মৃত্যুর পরেও থাকিবেন, কেবল মাত্র এইটকু জানিলেই তাঁহার কর্মে প্রবৃত্তি হইতে পারে। কিন্তু শ্রুতিতে আত্মাকে নিতা, শুদ্ধ, বৃদ্ধ, মৃক্তা, নিম্পাপ ইত্যাদিরণে বর্ণনা করা হইয়াছে। যিনি আত্মাকে এইরূপে জানেন, তাঁহার পক্ষে যক্তকম কেন, কোন কমেই প্রবৃত্তি হউতে পারে না। স্থতরাং এরগ আত্মজ্ঞান কর্মের সহায় না হইল বরং প্রতিবন্ধকই হইয়া দাড়ায়। বিশেষ, শ্রুতিতে স্পষ্ট করিয়াই বলিয়া দেওয়া হইয়াছে যে, যিনি আত্মজান লাভ করেন, তাঁহার সমস্ত কর্মেরই ক্ষয় হইয়া যায়।

গুরু। হাা, তুমি যাহা বলিলে, তাহা ঠিকই। ভবে জৈমিনি বলেন যে, শ্রুতিতে আত্মার ঐরূপে বর্ণনা কেবল তাহার প্রশংসাথ চাটবাক্য মাত্র। বাস্তবিক আত্মা চিরকালই কর্তা, ভোক্তা (সংসার।, empirical) এবং উপনিষৎও আত্মার সম্বন্ধে ইহার অধিক কিছু বস্তুতঃ বলেন না।

তারপর, (জৈমিনির মতে) আত্মজান যে কর্ম করিবার জন্মই প্রয়োজন, তাহা আত্মজানী পুরুষদের

আচারদর্শনাৎ ॥৩॥

আচরণ দেখিয়াও নির্দারিত হয়। জনক ছিলেন আত্তর রাজ্যি. তিনি যজ্ঞ করিতেন। উদালক ছিলেন আত্মজ্ঞ গৃহস্থ মহিখি, তিনি নিজ পুত্রকে আত্মজ্ঞান উপদেশ করিয়াছিলেন। এ সমন্ত শ্রুতিরই কথা। স্বতরাং আত্মজানীরাও যথন যজ্ঞাদি কর্ম, এমন কি গৃহস্তের কর্ত্তব্যও, সম্পাদন করিতেন, তথন নিশ্চয় করা যায় যে, আগ্রক্তান

স্থাং প্তয়ভাবে কোন ফল আহলন করে না। কেব**ল আ**নেই পুরুষার্থ সিদ্ধি ইইড, তবে জনক প্রভৃতি ক্থনও বহু আয়াস মজ্ঞাদি কথে প্রবন্ধ হইতেন না।

জ্ঞান যে কর্ম্মের অঞ্চ.

তৎ-শ্রুতঃ ॥ ৪ ॥

ভাগা হৈ। এতি ইইভেও জানা যায়। যেমন, ভাইত্তাল ও উণাসনার সহিত যে কম করা হয়, তাহ। বিচ ফলনায়ক হয়"(ছা: ১.১.১•)। "জ্ঞান ও কথা উছয়ে মিলিড হট পরসোক প্রস্থিত জীবের ফলারম্ভ করে" (বু: ৪.৪.২) ইত্যার্থি काम ७ वस्पद दहे

मभगावस्यार्था । ।

এক সংখ্যত জীবের সহল্মন করিয়া ফল প্রদানের কথা হইছে বকা যায় যে, জান ও কম উভয়ে মিলিত ইইয়াই কল প্ৰসৰ করে কেবল জান কিছই করে না।

ভারপর, বৈদিক ঘঞাদিও খিনি বেদ অধ্যয়ন করিয়া ভারা াম্ব ব্রিয়াছেন, তম্ন

ত্ৰতঃ বিধানাথ 🖟 ৬ 📙

्रमहरूत (१७५७:) ऋकुहै विश्वास कवा इ**हेशाइ विवा** े विधामार । अभागित इश्व ८४, द्वरम्ब अर्थ द्वाध--- अञ्चव आध--জানেও—কাম অভুগানের জন্তই প্রয়োজন, উহার মতম কোন ফল নাই। অব্যাস, আজাবন কম করিতেই হইবে—শ্রুতি এরপ

নিয়মাৎ চ।। 9।।

নিৰ্ম করিয়াছেন বলিয়াও জানকে কম্মের অফ ছাড়া মার বলা বায় না। শ্রুতি বলেন, ''কম্ম প্রায়ণ ইইয়াই শত বংসব বিজ থাকিবার ইচ্ছা করিবে''(ই:২)—ইত্যাদি।

্ৰিছেশ যুক্তি প্ৰদৰ্শন করিয়া আচাথ্য জৈমিনি সিদ্ধান্ত করেন ্লোনের স্তম্ভ কোন ফল নাই, উহা কৰ্মেবই অঞ্মাতা।

কিছ শ্রুতি যে কেবল সংসারী (empirical), কর্ত্তা ও ভোজ। বিষয় উপদেশ করিয়াছেন, তাহা নহে, তাহা ছাড়া অ-সংসারী, বিশ্ব অ-ভোজ। আগ্রারও বছল উপদেশ শ্রুতি করিয়াছেন

বিশেষ উপদেশের বলে [অধিকোপদেশাৎ] আচার্যা বাদরাহনের বিশেষ উপদেশের বলে [অধিকোপদেশাৎ] আচার্যা বাদরাহনের বাদ্রারাবণ্ড] মতই সমীচীন [এবম্], থেহেতু এই বিশেষ বিশাষ প্রতিষ্ঠ প্রথান বক্তব্য বলিয়া দেখা যায় [তদর্শনাং]। বিশাষে বিদি কেবল দেহের নাশেও অন্তিম্বশীল, কঠা ও কম্বার ভোগকারী সংসারী আত্মারই উপদেশ থাকিত, তাহা হইলে বাজানের যে সমন্ত ফল বর্ণিত আছে, তাহা প্রশংসার ক্রোভন বাক্য মাত্র বলিয়া স্বীকার করা ঘাইত। কিন্তু বেশাফ ক্রোভন বাক্য মাত্র বলিয়া স্বীকার করা হইয়াছে, তাহা সাধার বিশাষ করার বিশাষ প্রতিষ্ঠ তাহাই জীবের স্বিজ্ঞারের রূপ; কর্ত্য, ভোকৃষ করা ক্রিতে তাহাই জীবের স্বিজ্ঞারের রূপ; কর্ত্য, ভোকৃষ কোন কিছুই তাহার ধর্ম হইতে পারে না। জীবান্মার প্রকৃত স্বক্ষ বিশাস্থ ছাড়া আর কিছুই নয়, এই তথ্য প্রভিগ্যান করাই ব্যাহার ক্রিত স্বক্ষ ব্যাহার ছাড়া আর কিছুই নয়, এই তথ্য প্রভিগ্যান করাই

যে সমগ্র বেদান্তের সকাপ্রধান উদ্দেশ, ভাষা প্রত্যেক নিরপেক্ষ শ্রুতিজ্ঞ ব্যক্তিই নিঃদঙ্গেচে স্বীকার করিবেন। এরূপ প্রমাত্মার সহিত অভিন্ন আত্মাকে জানিতেই শ্রুতি সহস্রবার উপদেশ করিয়াছেন। ঈদৃশ উপদেশকে চাট্-বাক্য মাত্র বলিয়া উড়াইয়া দেওয়া ধৃষ্টতার চূড়ান্ত এবং তাহাতে প্রকৃত পক্ষে সমগ্র উপনিষৎ-শাস্ত্রই উড়াইয়া দেওয়া হয়। আর, উপনিবহুক্ত আত্মজান মাহার হয়, তিনি নিশাপ, নিলিপ্ত, উদাসীন, তাহার পক্ষে কমে প্রবৃত্ত হওয়া একেবারেই অসম্ভব। ঐতিতে সংসারী আত্মার সমম্ভে বর্ণনা আছে সত্য, কিন্তু একট বিচার করিলেই দেখা ভাইবে যে, সংসারী আত্মার পারমার্থিক স্বরূপ প্রদর্শন করিবার উদ্দেশ্যই উহার অবতারণা। বান্তবিক সর্বব্রই শ্রুতির উদ্দেশ্য জীবের যথার্থ স্বরূপ নির্দারণ করা। শ্রুতির উপদেশের সার মাথ এই যে, প্রমাত্ম-স্বরূপ্ট জীবের ব্যাথ হরণ, জীবত উপাধিকৃত: সেই ম্বরূপ কর্মের অঙ্গ হওয়। দূরে থাবুক, উহা কর্মের একান্তই বিরোধী। যাহা হউক, এমধনে বিশেষ বলা বাছলা মাত্র: জৈমিনির মত গ্রহণ করিলে সমূলরে উপনিষ্থ শাস্ত্রই মিথ্যা হইয়া দাড়ায়।

ভারপর, জৈমিনি যে আত্মজানীরও কর্মে প্রবৃত্তি হয়, ইহার দ্ভান্ত দেখাইয়াছেন, দে স্থকে বলা যাইতে পারে যে,

जुलाः जुल्लांनम् ॥ क ॥

আগ্রেজের আচরণ দশন [দর্শনম্] উভয় পক্ষেই সমান [তুলাম্]। শান্ত, আত্মজ্ঞের কমে প্রবৃত্তি ও নিবৃত্তি উভয়ই প্রদর্শন করিয়াছেন। শতি বলেন, ''আমিই এফ, এইরূপ জ্ঞান যাহার স্বপ্রতিটিত হইয়াছে, তিনি আর কোন কামনায় শরীর ধারণ করিবেন ?" এইরূপ বহু শ্রতি আত্মজ্ঞের সহবাবধ কম, এমন কি শরীর ধারণ প্রয়ন্ত, নিপ্রয়োজন ও অবন্তব বলিয়াছেন। বস্ততঃ জনকাদি আত্মজ পুরুষেরাও যে কম করিয়াছিলেন বলিয়া শাল্তে কথিত হইয়াছে, তাহাতেও আত্মজ্ঞানের কর্মান্থত সিদ্ধ হয় না। তাঁহারা কোন ফলের कामना कतिया निम्हयरे के मव कभाश्रष्टीन करतन नारे, निकामजार्व, লোক শিক্ষার উদ্দেশ্যেই ভাঁহাদের কর্মের প্রবৃত্তি; নতুব। ভাহাদের আমিত্বের অভিমান লোপ হওয়ায় জৈমিনি যেরপ কখের কথা বলিয়াছেন, সেরূপ ক্ম করা তাহাদের পক্ষে একান্তই অনাব্ছক ও অসম্ভব।

আবার, "জ্ঞানের সহিত যে কম্ম করা হয়, ভাহা অধিক ফলপ্রদ হয়"--এই শ্রুতি বাক্য উদ্ধৃত করিয়া যে জ্ঞানের ক্র্মাণ্ডা প্রমাণ করিবার চেটা করা হইয়াছে, তাহাও

অদার্কাত্রিকা ॥ ১০ ॥

मस्विता। मधस्य अयुक्त श्रहेर्क भारतमा। के वाका छेत्रनांप উপাসনার প্রসঙ্গেই উক্ত হইয়াছে। প্রতরাং অক্তান্য বিদ্যার সহিত উহার কোন সম্পক নাই। অতএব সর্বতেই জ্ঞান কম্মের অস্ব, এরপ সাধারণ নিয়ম করা ছঃসাহস মাত।

তারপর, কর্মবাদী 'জ্ঞান ও কর্ম একসংগ ফল প্রস্ব করে' ইত্যাকার যে শ্রুতি উদ্ধৃত করিয়াছেন, তাহাও

বিভাগঃ শতবং।। ১১ ।।

একশত মুলা ছুই জনকে ভাগ করিয়া দেওয়ার মত [শতবং] বিভাগক্রমে গ্রহণ করা উচিত [বিভাগ:]। "হুই জনকে একশত

মুদা দাও" বলিলে খেমন ভাগ করিয়া পঞ্চাশ মুদ্রা এক জনকে এবং প্রাণ মূলা অক্সজনকে দেওয়া হয়, সেইরূপ "জ্ঞান ও কর্ম প্রলোকে গমনোদাত পুরুষের অফুগমন করিয়া ফল প্রস্ব করে" এই বাকোরও বিভাগক্রমে অর্থ করা প্রয়োজন, অর্থাৎ ঐ বাকোর 'জ্ঞান এক জানের অফুসরণ করে, কর্মা অন্ত জনকে অফুসরণ করে', এইরপ অর্থ গ্রহণ কথাই স্মীচীন : কারণ জ্ঞানের ফল ও কর্মের ফল অভাও বিভিন্ন যে স্থল হইতে ঐ বাকা উদ্ধত করা হইমাছে, দেই স্থলেই কম ফল প্রাথী ও মোক্ষার্থীর পুথক পুথক নির্দ্ধেশ করিয়া জান ও কর্মের ফলবৈষমা স্পষ্টভাবেই নিন্ধারিত হইয়াছে।

তারপর, 'কম অন্ধানের তিনিই অধিকারী, যিনি বেদ অধ্যয়ন করিয়া তাহার অর্থ ব্রিয়াছেন' এইরূপ শাস্ত্র বাক্য হইতে জ্ঞান কর্মেবই সহায়ক মাজ, এরণ সিদ্ধান্তে উপনীত হওয়া থায় না; কারণ এ শাস্ত্র বাকা ভাষাকে উদ্দেশ করিয়াই বলা হইয়াছে,

অধ্যয়নমাত্রবতঃ ।৷ ১২ ৷৷

বাহার কেবল বেদের অধায়নই ইইয়াছে। যিনি বেদ অধায়ন করিয়া কি ভাবে কম করিতে হয়, তারা জানিয়া লইয়াছেন, ডিনিই কম্মে অধিকারা, উপনিষদে যে আজাজান উপদিষ্ট হইয়াছে, ভাহ লানিবার ভাষার কোনই প্রয়োজন নাই। সেই আত্মজানের প্রয়োজন কথ্যের অনুষ্ঠানে নয়, বরং কর্মের ক্ষয়সাধনে।

তারপর, আজীবন কম করিতেই ইইবে, এই যে নিঃম, ভাহা জানার জন্ম

ন, অবিশেষাৎ ॥১৩॥

नय [न]; त्रार्ड्ज, ज्ञानी पद्धानी निर्दिश्यार्थहे के वाकाि छेक

হইয়াছে [অবিশেষাৎ]। স্থতরাং ঐ একটা সাধারণ কথা হইতে জ্ঞানীকেও কর্ম করিতেই হইবে, এমন কোন নিয়ম স্বীকার করা যায় যায় না। (শান্ত ও যুক্তি প্রয়োগে নির্ণয় করা যায় যে, জ্ঞানীর পক্ষে কর্মত্যাগই স্বাভাবিক)।

"কর্ম করিয়াই শত বংসর জীবিত থাকিতে ইচ্চা করিবে"—এই বাকা অবশ্য জ্ঞানীকে লক্ষা করিয়াই বলা হইয়াছে. কিন্তু তথাপি এম্বলে শ্রুতি যে জ্ঞানীকে কর্ম করিতেই উপদেশ দিয়াছেন, এরপ মনে করিবার কোন কারণ নাই। ঐ শ্রুতির তাৎপর্যা এই যে, জ্ঞানী লোকশিক্ষার জন্ম করিতে পারেন, তাহাতে তাঁহার বন্ধন হইবে না, কারণ বন্ধনের মূল অজ্ঞান তাঁহার বিনষ্ট হইয়াছে। স্বতরাং ঐ বাকো জ্ঞানের

স্তুতয়ে অনুমতিঃ বা ॥১৪॥

মাহাত্ম কীর্তনের জন্ম ি স্তত্যে বিশ্ব করিবার অনুমতি [অনুমতি] দেওয়া হইয়াছে মাত্র, বস্তত: জ্ঞানীকে কর্ম করিতেই হইবে, এরপ নিয়ম স্থাপনের উদ্দেশ্যে নয়। অর্থাৎ জ্ঞানীর নিজের কোন প্রয়োজন না থাকিলেও যতদিন তিনি জীবিত থাকিবেন, ততদিন তিনি নিজ্জা হইয়া বসিয়া না থাকিয়া লোকশিক্ষার জন্ম তাঁহার কর্ম করাই উচিত-ইহাই ঐ বাক্যের তাৎপর্যা।

জনক প্রভৃতি যেমন জ্ঞানলাভ করিয়াও কর্ম করিয়াছেন, সেইরপ

কামকারেণ চ একে ॥১৫॥

অনেক জানী [একে] আবার [চ] সমুদায় কাম্যকর্ম পরিত্যাপ করিয়া কামকারেণ বিজ্ঞাত্পতিষ্ঠ ইইলা অবস্থান করিতেন, এরপ শ্রুতিও আছে।

বিশেষ, জ্ঞানের ফল যেম্টুর্তে জ্ঞান হয়, সেই ম্টুর্তেই লব হয়, কম্ফলের মত তাহা কালান্তরে হয় না, স্তরাং জ্ঞান কর্মের অক একথা বলা যায় না। আর জ্ঞানের ফলশ্রুতি যে মিথ্যা প্রলোভন মাত্র, এরপ বলাও গুইতা মাত্র, প্রত্যক্ষ অনুভূত বস্তকে মিথ্যা বলা বাতুলতা ভিন্ন আর কি?

ভারপর, কর্মে অধিকার লাভ করিতে হইলে 'আমি কর্ম করিতেছি,' 'এই কর্মের এই ফল হইবে'—ইত্যাকার যাবতীয় অভিসন্ধিই জ্ঞানোদয়ে মিথা৷ বলিয়৷ অমুভূত হয়, এবং ফলত: জ্ঞান ভাদশ অভিসন্ধির

উপমৰ্দ্ধং চ ॥১৬॥

লয়ই সম্পাদন করে; স্তরাং জ্ঞানীর আর কর্ম করিবার প্রবৃত্তি বা সামর্থ্যই থাকে না।

ভারপর.

উর্দ্ধরেতঃস্থ চ—

আবার [চ] 'সয়াস' নামক চতুর্থ আশ্রমে [উর্দ্ধরেত: ফ্] জ্ঞান হয়—এইরপ শ্রুতিবাক্য আছে। একলে দেখ, এই আশ্রমে কোনরপ কর্মেরই বিধান নাই, ফলত: ব্রহ্মচর্য্য, গার্হস্ত্য ও বানপ্রস্থ এই তিন আশ্রমে বিহিত সর্ব্ধবিধ কর্মত্যাগ করিয়া একমাত্র জ্ঞানালোচনাই সয়্যাসাশ্রমের একমাত্র কর্ম্ম; স্বতরাং জ্ঞান কর্মের অঙ্ক হইবে কি প্রকারে ?

শিশু। কিন্তু উর্দ্ধরেত: বা সন্ন্যাস নামক কোন আশ্রম যে আছে, ভাহার প্রমাণ কি ?

গুক। কেন,

শব্দে হি ॥১৭॥

শ্রুতিতেই ঐ আশ্রমের উল্লেখ আছে। "বাঁহারা অরণ্যে শ্রুদ্ধক তপশ্চর্য্যা করেন" (ছা: ২.২৩.১) ইত্যাদি শ্রুতিবাক্যে সন্ন্যাসাশ্রমের উল্লেখ রহিয়াছে।

শিশু। কিছু আচার্য্য জৈমিনি বলেন যে, শ্রুতিতে সন্মাসাশ্রমের কোন ব্রিপ্রাক্ত * নাই। উপরি উদ্ধৃত শ্রুতিবাক্যে সন্মাস আশ্রমের

পরামর্শং জৈমিনি: অচোদনা চ, অপবদতি হি।।১৮।।

কেবলমাত্র 'উল্লেখ' [পরামর্শম্] করা ইইয়াছে, কিন্তু [চ] কোন বিধান করা হয় নাই [অচোদনা], পক্ষান্তরে শ্রুতি ঐ আশ্রমের বরং নিলাই করিয়াছেন [অপবদতি হি], জৈমিনি এইরূপ বলেন [জৈমিনি:]। ১৭ সূত্রে উদ্ধৃত শ্রুতিবাক্য হইতে এমন ব্রা যায় না যে, ঐ শ্রুতি 'সয়্যাস আশ্রম অবলমন করিবে' এরূপ 'বিধি' দিয়াছেন। ওম্বলে 'কেহ কেহ ওরূপ করিয়া থাকেন' এইমাত্র বলা হইয়াছে। তবে শ্রুতি অবশ্র বলিয়াছেন যে, ত্রদ্ধার্চর্যা, গার্হস্থা ও বানপ্রস্থ এই তিন আশ্রমনিহিত কর্ম সম্পাদন করিয়া যে ফল পাওয়া য়য়, তাহা চিরস্থায়ী হয় না, কেবল ত্রন্ধে অবস্থান করিলেই চিরন্থির ফল লাভ হয়। কিন্তু এই উক্তিতেও সয়্যাসের কোন 'বিধি' অন্থমান করা যায় না, শ্রুতি কেবল ত্রন্ধনিষ্ঠার প্রশংসার জন্মই ওরূপ বলিয়াছেন। ঐ বাক্যে বন্ধানিষ্ঠা প্রশংসার জন্মই ওরূপ বলিয়াছেন। ঐ বাক্যে বন্ধানিষ্ঠ শ্রুতি বিধান করেন নাই, উল্লেখমাত্র জাত্রে বিধান করেন নাই, উল্লেখমাত্র

 [&]quot;অমুক করিবে"—এইরূপ আদেশ বাক্যের নাম'বিধি'। 'এটা এমন' বা 'এমন এমন করা হয়'—এইরূপ বরুপকখনের নাম 'পরামশ' বা 'অনুবাদ'। 'বিধি' অবশু-পালনায়, অনুবাদ ঐ আদেশের পোষক মাত্র।

করিয়াছেন। কৃতিশারে স্থাস আশ্রমের 'বিধি' আছে বটে, এবং মহাপুঞ্যরা স্থাস অবলধন করেন, এ কথাও সভ্য বটে, কিন্তু প্রতিতে 'এই আশ্রম অবলধনীয়' এমন কোন 'বিধিবাকা' নাই। পক্ষাপ্তরে শুভি বলেন "বেদাধাপক গুরুকে দক্ষিণা প্রদান করিয়া বংশবিভার অব্যাহত রাগিবে, কথনও বংশবিভেদ করিবে না" (তৈ: ১.১১.১)। "পুত্রহীনের অর্গাদিলোক হয় না, অপুত্রক লোক প্রভূল্য"—ইত্যাদি বাক্যে স্থাসীর নিশাই করা হইয়াছে। স্ভ্রমং ছৈমিনির মতে স্থাস অবলখন করা অস্কৃতি, গৃহস্থাদি আশ্রমে থাকিয়া যাগ্যজ্ঞের অস্ক্রান করাই মন্থ্যের একমাত্র কর্ত্ব্য। স্থ্যাস অবলখন কি স্ত্য স্তাই অক্ত্র্ব্য থ

শুরুণ বংস্!

অনুষ্ঠেয়ম্ বাদরায়ণঃ সাম্যক্তেঃ ॥১৯॥

অচাষা বাদরাহন [বাদরায়ণ:] বলেন, গাইন্থাদি আশ্রমের ন্যায় সন্নাদাশ্রমণ অবলধনীয় [অফ্টেয়ন্], কারণ উদাহত শ্রুতি ব্রহ্মধাদি চারি আশ্রমেরই সমানভাবে উল্লেখ করিয়াছেন [সামাশ্রডে:]। উদাহত শ্রুতিতে ব্রহ্মাদি যে ভাবে উল্লিখিত হইয়াছে, সন্নাদণ সেই ভাবেই উল্লিখিত হইয়াছে। এই সামান্ত উল্লেখমাত ছারাও নির্ণয় করা যায় যে, সন্নাদাশ্রমণ ব্রহ্মাদির ক্যায় শ্রুতির অফ্যোদিত; এফ্লে উহার স্পাইতঃ বিধান না থাকিলেও অন্তক্ত নিশ্চয়ই আছে—এরপ অফ্যান করা অসকত নয়, না হইলে সন্নাদের ন্যায় অন্তান্ত আশ্রমণ্ড বিহিত হয় নাই, একথাও শ্বীকার করিতে হয়।

একটা শ্রুতি আছে, ''তাহার নীচে সমিধ স্থাপন করিবে। দেবতার উদ্দেশ্যে উপরি প্রান্ত্রপ ক্রিভিত্তে তেই'। এই বাকোর বিচার

প্রসঙ্গে জৈমিনিই তাঁহার পূর্বে মীমাংসায় সিদ্ধান্ত করিয়াছেন যে, 'উপরি ধারণ করিতেছে'—এই অংশে স্পষ্ট বিধি না থাকিলেও ঐ অংশকে বিধি বাক্য বলিয়াই স্বীকার করিতে হইবে। জৈমিনি একটি সাধারণ নিয়ম হীকার করিয়াছেন এই যে, শ্রুতিতে যদি এমন কোন কর্মের উল্লেখ মাত্র থাকে, যাহা অন্যত্র 'বিহিত' হয় নাই. তবে সেই উল্লেখ মাত্রকেই বিধিদ্ধপে স্থীকার করিতে হইবে—যদিও ঐ উল্লেখ বিধি বোধক কোন শব্দ না থাড়ুক। 'উপরি ধারণ ব্যাপার' অন্য কোন স্থলে বিহিত হয় নাই, কেবল ঐ বাক্যেই প্রথম উল্লিখিত হইয়াছে, স্বতরাং 'অ-পুর্বা' বলিয়া ইহাও একটা বিধি বাকা, অর্থাৎ 'উপরি ধারণ করিতেছে' ইহার অর্থ 'উপরি ধারণ করিবে'। এই নিয়ম অমুদারে আমাদের আলোচ্য শ্রুতিক্তেও এই

विधिः वा धात्रगवर ॥२०॥

'ধাবণের' মত [ধারণবৎ] সন্মাসাশ্রমেরও বিধি [বিধির্কা] স্বীকার করা যাইতে পারে। অন্য কোন স্থলে সন্ন্যাস আশ্রমের विधि (मथा ना शिला व यथन এই ছलाई अथम खेहां न खेला कता হইয়াছে, তথন জৈমিনির সিদ্ধান্ত অনুসারে উহাকেই বিধি বলিয়া স্বীকার করা সঙ্গত।

তারপর, যদি স্বীকার করাও যায় যে, ত্রন্ধনিষ্ঠার প্রশংসার জনাই বালচর্য্যাদি আশ্রমের উল্লেখ করা হইয়াছে, কোন আশ্রমের বিধির জন্য নয়, তাহা হইলেও 'ব্রন্ধনিষ্ঠা করা উচিত'-এরূপ একটি বিধি ঐ বাক্য হইতেই গ্রহণ করা যায়। কারণ জৈমিনিই প্রদর্শন করিয়াছেন যে, যাহার প্রশংসা করা হয়, ভাহার বিধানও করা হইতেছে বুঝিতে হইবে।

তারপর বিচার করিয়া দেখ, এই ব্রহ্মনিষ্ঠা বা ব্রহ্মসংস্থা কোন্
আশ্রমের জন্য বিহিত। 'ব্রহ্মসংস্থা' শব্দের অর্থ হইল—অন্য কিছু
না করিয়া, জন্য কিছু না ভাবিয়া একমাত্র ব্রহ্মধানেই নিমগ্ন থাকা।
এরপ ব্রহ্মনিষ্ঠা গাহ স্থাদি আশ্রমে অসম্ভব। গৃহস্থাদি নিজ নিজ
আশ্রম বিহিত কর্ম পরিত্যাগ করিলে প্রত্যবায়ভাগী হয়। কিন্তু
পরিব্রান্তক বা সন্ন্যাসীর জন্য কোন কর্তব্যেরই বিধান নাই। কেবল
তাহার পক্ষেই ব্রহ্মসংস্থা যথাযথ পরিপালিত হইতে পারে। স্থতরাং
সন্ম্যাসাশ্রম যে শ্রুতিবিহিত নয়, এ কথা বলা যায় না। বস্ততঃ
শ্রুতি সাক্ষাৎ ভাবেই সন্ন্যাস্থাশ্রমের বিধান করিয়াছেন; যথা:—
"ব্রহ্মচর্য্য সমাপ্ত ক্যিয়া গৃহস্থ হইবে। গাহ স্থোর পরে বানপ্রস্থ
অবলম্বন করিবে, অনস্তর প্রব্রদ্যা (সন্ন্যাস) করিবে; অথবা যদি
ব্রহ্মচর্য্য কালেই বৈরাগ্য জন্মে, তবে সেই আশ্রম হইতেই প্রব্রদ্যা
করিবে, অথবা গার্হস্থা হইতে, কিন্তা বানপ্রস্থ হইতে (অর্থাৎ যথনই
বৈরাগ্য হইবে, তথনই) প্রব্রদ্যা করিবে" (জাঃ ৪)। সন্ম্যাসাশ্রমের
বিধান জন্যান্য শ্রতিতেও আছে। স্থতরাং উহা শাস্ত্রসিদ্ধ।

অতএব দেখা গেল, জ্ঞান কর্মের অঙ্গনয়, উহাই স্বয়ং স্বতন্ত্রভাবে পরম পুরুষার্থ প্রদান করে।

শিষা। গুরুদেব ! এক জাতীয় শ্রুতিবাক্য আছে, যাহ। উদ্যৌথানি যজাকের প্রশংসার্থ, কিহা ঐ ভাবে উপাসনা করিবার বিধানার্থ, তাহা ঠিক ব্ঝা যায় না। ধেমন, একস্থলে উদ্যৌথকে সর্বশ্রেষ্ঠ রস (সার পদার্থ] রূপে নির্দেশ করিয়া বলা হইয়াছে "এই উদ্যৌথ পরম্বার প্রতীক (symbol) বলিয়া পরম্ এবং প্রমাত্মার ন্যায়

উপাস্য" (ছা: ১.৬.১)—ইত্যাদি। এই প্রকার বাক্য উল্গীথ প্রভৃতি কর্মাঙ্গের

স্তুতিমাত্রম উপাদানাৎ ইতি চেৎ ?—

অবলম্বনে উক্ত হইয়াছে বলিয়া [উপাদানাৎ] কেবল মাত্র প্রশংসার্থই [স্তুতিমাত্রম] — এরপ বলা যায় কি [ইতিচেৎ] ?—

ন, অপূর্ব্বত্বাৎ ॥২১॥

না, ওরূপ বলা সঙ্গত নয়, [ন]; কারণ এরপ কথা পূর্বে কোথাও বলাহয় নাই [অপৃৰ্ব্বত্বাৎ]। পূৰ্ব্বে যদি বিধিজ্ঞাপক কোন কথা থাকে, তবেই পরবর্ত্তী বাক্যকে উহার পোষক বা স্তাবক বলিয়া স্বীকার করা যায়। কিন্তু আলোচ্য স্থলে সেরপ কোন বিধি ইতঃপূর্ব্বে উক্ত হয় নাই, স্থতরাং এই সকল বাক্য 'অপূর্ব্ব' বলিয়া উপাসনার বিধানই উহাদের উদ্দেশ্য বলিতে হইবে।

তারপর, "উদগীথ উপাসনা করিবে" (ছা: ১.১.১.) ইত্যাদি

ভাব-শব্দাৎ চ ॥২২॥

স্পষ্ট বিধিবোধক শব্দ আছে বলিয়াও উদ্গীথাদি শ্রুতি উপাসনারই বিধায়ক, উদ্গীথাদির প্রশংসার্থ নহে, একথা স্বীকার করিতে হইবে।

শিষ্য। অশ্বনেধ যজ্ঞ কয়েক দিন ধরিয়া অমুষ্ঠিত হয়। অমুষ্ঠানের মাঝে মাঝে পুরোহিতেরা স্তোত্ত গান ও আখ্যায়িকা পাঠ করেন। যজ্ঞে দীক্ষিত রাজা পুত্র ও মন্ত্রী প্রভৃতি পরিরত হইয়া উহা প্রবণ করেন। ষজ্ঞের এই ব্যাপারটিকে "পারিপ্লব" বলে। বেদান্তেও তত্তভান উপদেশ कारन ऋरन छलाथारात्र व्यवजात्रना क्रा इहेग्राह्म। (यमन,

"ধাজ্ঞবন্ধ ঋষির হুই দ্রা ছিলেন—নৈত্রেয়া ও কাত্যায়নী" (রু: ৪.৫.১),
"পৌরায়ণ জানশ্রতি নামে এক রাজা ছিলেন। তিনি শ্রন্ধা পূর্বক
প্রস্তুর দান করিতেন, বহু লোককে ভোজন করাইতেন" (ছা: ৪.১.১)
ইত্যাদি। বেদাপ্তের এই সমস্ত আ্যায়িকা কি পারিপ্রবের জন্য,
না আ্যায়িকা অবলহনে যে জ্ঞানোপদেশ করা হইয়াছে, তাহা যাহাতে
সরস ও স্থাবোধ্য হয়, সেই জন্য ? যদি পারিপ্রবের জন্যই হয়, তবে,
'পারিপ্রব' যেমন কংমন্ম (যজের) অল, ঐ আ্যায়িকা গুলিকে
সেইজপ ক্মান্সই বলিতে হয়, ফলে ইহাত বলিতে হয় যে, বেদান্তশাস্ত্র
প্রধানভাবে ক্মই প্রতিপাদন করে। আর যজের আ্যায়িকাও
আ্যায়িকা, বেদান্তের আ্যায়িকাও আ্যায়িকা; স্ক্রাং এই সক্
উপাস্যান

পারিপ্লবার্থাঃ ইতি চেং ?

পারিপ্রবের জনাই—এরপ বলিতে পারি কি ?

🐃। ন, বিশেষিতাৎ ॥২৩॥

নং, এই উপাধ্যানগুলিকে পারিপ্লব রূপে গ্রহণ করা যায় না [ম]: মেহেতু পারিপ্লবে কোন্ কোন্ উপাধ্যান উপযোগী, তাহা শুভি বিশেষ করিয়া নির্দেশ করিয়া দিয়াছেন [বিশেষিতভাং]। উপাধ্যান হইলেই যে ভাহা পারিপ্লবের জন্য, এমন কোন সাধারণ নিয়ম নাই। বরং বিশেষ বিশেষ উপাধ্যানই পারিপ্লবের জন্য নির্দিষ্ট আছে। বেদান্ডোক্ত উপাধানগুলি পারিপ্লবের জন্য নির্দিষ্ট নয়।

স্তরাং এই সমন্ত আখ্যায়িক। অবলম্বনে যে জ্ঞানোপদেশ আছে, তাহার পহিতই ইহাদের সহন্ধ, কোন কর্মের সহিত নহে।

তথা চ একবাক্যতা-উপবন্ধাৎ ॥২৪॥

তার পর [তথাচ] এই সব আখ্যায়িকা এবং তববলম্বনে উপনি ই জ্ঞান—এই উভয় মিলিত করিয়া একটি সম্পূর্ণ তত্ত্বুঝানই প্রতির উদেশ্য বলিয়া [একবাক্যতোপবদ্ধাং] এই আধ্যায়িকা গুলিকে ক্মাৰ্রণে এহণ করা স্বত হয় না। ইহাদের উদ্দেশ হইল জ্ঞান বিষয়ে খোডার একটা ফুচি উৎপাদন এবং তবটি সহজে ফুদুগুমা করান।

শিষ্য। গুরুদের । আপনার উপদেশে বৃঝিলাম, আত্মজ্ঞান হইলেই পরম পুরুষার্থ লাভ হয়। যদি তাহাই হয়, তবে আর গাইছা বিহিত ক্রিয়াকলাপ করিবার কি প্রয়োজন গ

গুরু। হা। বংস ! যেহেতু আত্মজানেই পরম পুরুষার্থ লাভ হয়,

অতএব চ অগ্নি-ইন্ধন-আদি-অনপেকা।।।২৫।।

সেই হেতু [অতএব চ] অগ্নিরকা ∗ প্রভৃতি আশ্রম বিহিত কম না করিলেও চলে [অগ্লীন্ধনাদ্যনপেক্ষা]। জ্ঞানই মোক্ষের হেতু বলিয়া আশ্রমবিহিত কর্ম না করিলেও জ্ঞানের ফল মোক্ষ লাভের কোন বাধা হয় না।

শিষ্য। তবে গার্হস্থানি আশ্রম বিহিত কর্ম কি একেবারেই নিরথক গ

গুঞ্চ। না,

প্রাচানকালে গৃহস্থকে হোনায়ি প্রজ্বিত রাধিয়া প্রত্যাহ হোন করিতে **१**३७।

সর্ব্বাপেকা চ যজ্ঞাদিশ্রুতঃ অশ্ববৎ ॥২৬॥

ঐ সমন্ত কর্ম্মেরও প্রয়োজন আছে [সর্বাপেক্ষা চ], যেহেতু, শ্রতি বলেন, "যজ্ঞাদি দারা আত্মাকে জানিতে ইচ্ছা করেন" (বুঃ ৪.৪. ১২) [যজ্ঞাদিশ্রতে:]। জ্ঞানলাভ হইলে কর্মের কোন প্রয়োজনীয়তা না থাকিলেও জ্ঞানের প্রকাশে অবশ্রুই উহার যথেষ্ট প্রয়োজনীয়তা ष्पाद्ध। ष्य द्रथ वहत्तरे नियुक्त हय, द्रक्ष श्रात्म हय ना. त्मरेक्ष ি অখবং বিশ্ব জ্ঞানের উৎপত্তিতে সাহায্য করে বটে, কিন্তু জ্ঞানের ফল মোক্ষ প্রদানে সাক্ষাৎভাবে উহার কোনই উপযোগিতা নাই। কার্ছ, অগ্নি, প্রভৃতির সাহায্যে অন্ন প্রস্তুত হয় বটে, কিন্তু কাষ্ঠাদিদারা ক্ষুধার নিবৃত্তি হয় না. অল ঘারাই তৃপ্তি হয়। সেইরূপ যজ্ঞাদি কর্ম জ্ঞানোৎ-পত্তির সাহায্য করে বটে, কিন্তু জ্ঞানেই মোক্ষরূপ প্রমাতৃপ্তি লাভ হয়। জীবনের উদ্দেশ হইবে জ্ঞান লাভ করা, কারণ তাহাতেই পরমা শান্তি। দেই উদ্দেশ্য দিদ্ধির জন্ম যে কোন কর্ম প্রয়োজনীয় বোধ হইবে, তাহাই অন্তর্চান করিবে। কিন্তু জ্ঞান লাভ হইলেও অগ্নিরক্ষা করিতেই হটবে, এমন কোন নিয়ম হইতে পারে না, কারণ তথন কর্মছারা লাভ করিবার আর কিছুই থাকে না। জ্ঞানাথীর পক্ষে যজ্ঞাদি কর্ম্মের উপকারিতা এইমাত্র যে, উহাদারা ক্রমশঃ তাহার চিত্তত্তি হয় এবং ন্তক চিত্তেই আত্মতত্ব প্রকাশিত হয়। দেথ, একটা নিয়মের ভিতর না থাকিলে কেহই মনকে সংযত করিতে পারে না। আশ্রম বিহিত কর্ম সেই নিয়ম। উহাতে ত্যাগ, বৈরাগ্য, সংযম ইত্যাদি শিক্ষা হয়। স্বতরাং যজ্ঞাদি কর্মাণ নিরর্থক নয়, উহা জ্ঞানের অহিব্রহ্ম সাধন, আর শম, দম, উপরতি প্রভৃতি জ্ঞানের আন্তর্ভ্রহ্র সাধন।

শিয়। আচ্ছা, আপনি বে বলিলেন, যক্তাদি জ্ঞানোৎপত্তির সহায়

বলিয়া তাহাও অন্নষ্ঠান করা উচিত; কিন্ত "জ্ঞানলাভের জন্ম যজাদির অনুষ্ঠান করিবে"—শ্রুতিতে এরপ কোন বিধিবাক্য ত পাওয়া যায় না। "যজ্ঞাদি দ্বারা ব্রাহ্মণেরা আত্মাকে জানিতে ইচ্ছা করেন"—এ বাকাট বাস্তবিক বিধিবাক্য নয়, জ্ঞানের প্রশংসার্থই উহা প্রযুক্ত অর্থাৎ 'জ্ঞান এমন পদার্থ যে যজ্ঞাদির দ্বারাও লোকে উহা লাভ করিতে চেষ্টা করে?—ইহাই ঐ বাক্যটির তাৎপ্র্যা।

গুরু। না, বংস! ঐ বাক্যটি শুধু প্রশংসার্থ নয়। যদিও সাক্ষাৎ ভাবে বিধি বুঝাইতে পারে, এমন শব্দ ঐ বাক্যো নাই,

> শমদমাদি-উপেতঃ দ্যাৎ তথাপি তু, তদ্বিধেঃ তদঙ্গতয়া তেষাম্ অবশ্য-অনুষ্ঠেঃত্বাৎ ॥২৭॥

তাহা হইলেও [তথাপি তু] 'জ্ঞানার্থী শমদমাদিযুক্ত হইবে' [শমদমাদ্যপেতঃ স্যাৎ] এইরূপ বিবি যখন শ্রুতি করিয়াছেন এবং যজ্ঞাদি অমুষ্ঠান যখন ঐ বিধিরই [তরিধেঃ] পোষক [তদদ্বমা]—যজ্ঞাদি অমুষ্ঠান চিত্তগুদ্ধি হয় ফলে উহা শমদমাদিরই সহায়, শমদমাদি সিদ্ধির নামই চিত্তগুদ্ধি—, এবং জ্ঞানের জন্ম যখন শমদমাদি অবশুই অমুষ্ঠেয় [তেযামবশ্রামুটেয়বাৎ], তথন জ্ঞানের জন্ম যজ্ঞাদির অমুষ্ঠানও শ্রুতির অমুমাদিত, ইহা বেশ বুঝা যায়। শ্রুতি জ্ঞানলাভের জন্ম বিশেষ ভাবে শমদমাদি অমুষ্ঠান করিতে উপদেশ করিয়াছেন। শমদমাদি সাধনের উদ্দেশ্য চিত্তগুদ্ধি লাভ করা। যজ্ঞাদির ঘারাও চিত্তগুদ্ধি হয়, স্বতরাং যজ্ঞাদি বস্ততঃ শমদমাদি সাধনেরই সহায় বলিয়া উহাও শ্রুতিন্দ্ধিত, এ বিষয়ে কোন সন্দেহ নাই।

তারপর, 'যজ্ঞাদির দারা আত্মাকে জানিবে', এরপ স্পষ্ট বিধিবাক্য না থাকিলেও "বালণেরা যজ্ঞাদির দারা আত্মাকে জানিতে যত্ন করেন," এই বাক্যে যজ্ঞের সহিত জ্ঞানের একটা সম্বন্ধ শুভি দেখাইয়াছেন, সে বিষয়ে সন্দেহ নাই। আর এরপ সম্বন্ধের কথা পূর্বের শুভিতে কথনও উল্লিখিত হয় নাই। স্কুরাং "অপুরু" বলিয়া এখানে বিধিও শ্বীকার করা যায়।

অত এব দেখা গোল, জানলাভের জন্ম শমদমাদি অন্তর্গ সাধন, বজাদি বহিরদ সাধন, এবং জ্ঞানোংপত্তির জন্ম বজাদিরও অনুষ্ঠান করা কটবা—যদিও জ্ঞানের ফল মোক্ষে হজ্ঞাদির সাক্ষাং সহয়ে কোন উপযোগিতাই নাই এবং জ্ঞানলাভের পর কোনরূপ কর্মেরও প্রয়োভ্রা

শিছে। প্রাণবিদ্যার প্রসদে ভাতি বলেন যে, প্রাণোপাসকের অভক্ষা কিছুই নাই (ছা: ৫.২.১)। জ্ঞানাথী সক্ষণ শ্মদমাদি সাধন করিবেন, এই যেমন জ্ঞতির বিধি, সেইরূপ প্রাণোপাসকও অভক্ষা ভক্ষণ করিবেন, ইয়াও কি জ্ঞতির বিধি পূ

ওক। নাবংস ! শ্রুতি সক্ষ্রিধ বস্তুই নির্বিচারে ভক্ষণ করিবার বিধি দেন নাই।

সর্ক-অন্ন-অনুমতিঃ চ প্রাণাত্যয়ে, তদর্শনাৎ ॥২৮॥

তবে এশ যার যায়, এমন অবস্থা ইইলে [প্রাণাতায়ে]সর্কবিধ খাদ্যই জতি অন্ধানন করেন [সক্ষামান্তমতিঃ]; যেহেতু চাক্রায়ণ ঋষির উপাধ্যানে সেইরপই দেখা যায় [তদ্ধনাথ]।

চাফোরণ ঋষি প্রাণ সহট উপস্থিত হওয়ায় এক মান্ততের উচ্ছিষ্ট আয় ভক্ষণ করিয়াহিলেন, কিন্তু সে জল দিলে ঋষি তাহা পান করিলেন না, এবং বলিলেন, "এই অয় না হইলে আমার প্রাণবিয়োগ হইত, সেইজ্ঞ

ভোমার উচ্ছিষ্ট ভক্ষণ করিলাম, কিন্তু জ্বল অন্তর স্থলভ, স্তরাং তোমার প্রদত্ত জল আমি গ্রহণ করিব না" (ছা: ১.১ .. ৪)। এই দ্টান্তে শ্রুতির অভিপ্রায় স্পষ্টই ব্যক্ত ইইতেছে যে, কেবল প্রাণ দৃষ্ট উপস্থিত হইলেই যে কোন খাদ্য গ্রহণ করা যায়, নতুবা অবৈধ আহার গ্রহণ করিতে শ্রুতি কুত্রাপি বিধি দেন না। প্রাণোপাদকের নিকট ষে কোন বস্তুই অন্ন, একথার তাৎপর্য্য এই যে, তিনি ঐ রপই ভাবনা করেন, তিনি সর্ব্বিই প্রাণের খেলা দেখিতে অভ্যাস করেন, তাঁহার দৃষ্টিতে বুক্ষনতা, পশুপক্ষী, নরনারী, তুণগুলা যাবতীয় পদার্থই এক প্রাণশক্তির ম্পন্দনমাত্র, এক মহাপ্রাণ সমূদ্রের আবর্ত্ত-তরঙ্গ-বুদবুদমাত্র, তিনি যাহা কিছু গ্রহণ করেন, তাহা ঐ মহাপ্রাণ দাগরেই নিক্ষেপ করেন। তাঁহার বৃদ্ধিতে ভক্ষণের অর্থ প্রাণে আছতি, প্রাণ সমূদ্রের বদবদাদির প্রাণেই বিলয়-স্তরাং প্রাণোপাসকের অভক্ষ্য কিছুই নাই, একথার অর্থ এই নয় যে, তিনি গাছ পাথর বিষ্ঠামূত্র সুবই ভক্ষণ কবেন।

বস্তুত: প্রাণসন্ধট উপস্থিত না হইলে সর্বাল ভক্ষ্যাভক্ষ্য বিচার করা একান্ত কর্ত্তব্য। তাহা হইলেই যে সমন্ত শাস্ত্রবাক্য বিশেষভাবে ভক্ষ্যাভক্ষ্য বিচারের উপদেশ করিয়াছেন, তাহাদের কোনরূপ

অবাধাৎ চ ৷৷২৯॥

আনর্থক্য উপস্থিত হয় না। বিশেষ আহার ভদ্ধি হইলে চিত্তভদ্ধি হয়, চিত্ত দ্বি হইলে তত্তলান প্রকাশ পায়-এই পরম্পরারও কোন ব্যাঘাত হয় না।

তারপর আবার, কি জানী, কি অজানী সকলেই আপংকালে যে কোন খাদ্য গ্রহণ করিতে পারে, এ ব্যবস্থা

অপি চ স্মৰ্য্যতে ॥ २०॥

শুতি শাস্ত্রেও দেওয়া হইয়াছে—

শব্দঃ চ অতঃ অকামকারে ॥৩১॥

এইজ্যুই আবার [অত: চ:] স্বেচ্ছাহার নিবারণ উদ্দেশ্যে অকামকারে] শ্রুতির বাকাও দেখা যায় শিক: । যেমন, "আকাণ স্বরা পান করিবে না" ইত্যাদি শ্রুতি ও মুতিবাক্য হইতে জানা যায় যে, কেবল প্রাণসন্ধট উপস্থিত হইলেই যে কোন খাদ্য গ্রহণ করা যায়, ভাহা ছাড়া দব দময়েই বিচার করা দাধকের পক্ষে একান্ডই প্রয়োজন। এমন কি, যিনি আত্মজ্ঞান লাভ করিয়া সমস্ত বিধি নিষেধের অতীত হইয়াছেন, তাঁহাকেও অন্ততঃ লোকশিক্ষার জন্ম এই নিয়ম পালন করা উচিত। তারপর দেখিতে গেলে তাদৃশ সিদ্ধ পুরুষের পক্ষে কোনরূপ অনাচার করা সম্ভবই নয়; কারণ, তিনি উহাতে একাস্তই অনভ্যস্ত। (অনাচার ও উচ্ছু এলতার ভিতর দিয়া কেহ কথনও প্রমার্থ লাভ ক্রিতে পারে না)। জ্ঞান লাভের পর তাহার নৃতন কোন কর্ম হয় না, প্রারন্ধবশে পূর্বাভ্যাস মত কর্ম করিয়া যান মাত্র। জীবস্মৃক্ত পুরুষ যদিও বলবৎ প্রাক্তন বশে কোনরূপ অনাচার করিয়াও ফেলেন, তবে তাহা অন্তের অহুসরণীয় নহে, কিঘা সেই জন্ম অনাচার পালনের বিধিও শাস্ত্র সম্মত, এরপ বলা যায় না। অতএব, প্রাণোপাসকও ভক্ষ্যাভক্ষ্য বিচার क्त्रिद्वन ।

শিষ্য। ২৬ হতে নির্দারিত হইয়াছে যে, গার্হস্থাদি আশ্রমের ভুকু বিহিত যজ্ঞাদি কর্ম জ্ঞানোৎপত্তির সহায়। তাহা হইলে যে ব্যক্তি জ্ঞান লাভের ইচ্ছক নহে, অপচ আশ্রমী, সে জ্ঞানের সহায় আশ্রম কর্ম্মের অনুষ্ঠান করিবে, কি না ?

গুফ। বিহিত্তাৎ চ আশ্রম-কর্ম্ম অপি ॥ ৩২ ॥

বেহেত গাইস্থাদি-আশ্রম-ধর্মাবলম্বীর (দে জ্ঞানার্থী হউক, বা না হউক) জন্ম বিহিত হইয়াছে [বিহিতবাণ], সেইহেতু আশ্রম কর্মও আশ্রম-কর্মাপি । তাহার অবশ্য অনুষ্ঠেয়। শাস্ত ব্ধন আশ্রমীর জন্ম তা সমন্ত কর্মের বিধান করিয়াছেন, তথন তাহার উহা অবশু অমুষ্ঠান করা কর্ত্তব্য।

निया। किन्न २७ एट्टा वना इटेग्नाइ (य. এই সমন্ত यজ्जानि कर्मा জ্ঞানের সহায়, স্বতরাং যে জ্ঞান চাহেনা, তাহার এই সব কর্ম করা নিবর্থক।

গুরু। না, নির্থক হইবে কেন? শান্ত যথন ঐ সমন্ত কন্ম অমুষ্ঠান করিতে আদেশ করিয়াছেন, তথন অবগুই উহার একটা ফল আছে। কোনরপ ফল কামনা না থাকিলেও আশ্রমীর জন্ম বিহিত কর্ম সকল করিতে করিতে ক্রমশঃ চিত্ত দ্বি হয় এবং ক্রমশঃ জ্ঞানাকাজ্জা জাগিয়া উঠে। কর্ম না করিয়া মাতুষ থাকিতেই পারে না, স্থতরাং উচ্ছ খ্রলভাবে কর্ম না করিয়া একটা নিয়মবন্ধ প্রণালীতে কর্ম করাই যে দর্বথা বাঞ্ছনীয়, তাহা বিচারশীল ব্যক্তি মাত্রেই ব্ৰিতে পারেন। অতএব কোনরপ ফলকামনা না থাকিলেও আশ্রমীর বিহিত কর্ম অবশ্য অমুষ্ঠান করা উচিত (২৬ সূত্র দ্রষ্ট্রা)।

সহকারিত্বেন চ।। ৩৩।।

আর [চ] জ্ঞানের সহকারিরপে ত সহকারিত্বন] ঐ সকল কর্ম করিতেই হয়-ইহা ২৬ সূত্রেই নিদ্ধারিত হইয়াছে।

শিধা। আভা, জ্ঞানের সহকারিকপে যে যে কর্ম করা বিধেয়, ত্রং শুধু অংশ্রেমীর যে যে কম কর্ত্তব্য, এই উভয় কি ভিন্ন জাতীয়, মান্ত সম্প্ৰত কথা জ্ঞানের সহয়েজ্ঞাপ বিহিত, সেই সমন্ত কৰ্মই কেবল-আল্লার জ্ঞার বিভিন্ন ?

ন্তক। জ্ঞানের সহকারিজপেই হউক, কিলা কেবল আত্রম धश्वतु(ल्डे इ.टेक.

সক্রথাপি তে এব উভয়লিঙ্গাৎ ॥ ৩৪ ॥

স্ক্রপ্রকারেই সিক্রপাপি । সেই এক জাতীয় কর্মই তি এব] বিহিত: মেহেড়, এতি ও হৃতি উভয় শাস্ত্রই এই সিদ্ধান্তের অমুকুল িউভয়লিলাম]। শতি জ্ঞানের সহায়গ্রপে যে সমন্ত যজাদি অফুষ্ঠান করিতে উপদেশ দিয়াছেন, সেই মজ্ঞাদি সাধারণ, কেবল জ্ঞানের উল্লেখ্য কোন বিশেষ বিশেষ কর্মের নির্দেশ শাস্ত করেন নাই। অতিও সাধারণ কথাকেই জ্ঞানের সহায় বলিয়াছেন।

थात, त्करन यञ्जामि कम त्कन, उन्नहगामि माधन जातार-প্রির সহায়, ইহাও শ্রুতির উপদেশ। শ্রুতি

অনভিভবং চ দর্শগ্রতি ।। ৩৫ ।।

দেখাইয়াছেন [দর্শয়তি] যে ব্রহ্মচ্য্যাদি সাধন সম্পন্ন ব্যক্তি কোন কিছতে অভিভৃত হইয়া পড়েন না [অনভিভবম্]। শ্রুতির তাংপ্র্যা এই যে, একচ্যাদি আশ্রম কম্বও সাধককে জ্ঞানলাভের সহায়তা করে।

শিষা। আশ্রম কর্ম জ্ঞান লাভের উপায়, ইহা ব্রিলাম। কিন্ত

যিনি কোনও আশ্রম অবলম্বন করিতে পারেন নাই (যেমন এক ব্যক্তি ব্রহ্মচর্যা সমাপন করিয়াছেন, অথচ স্থযোগের অভাবে বিবাহ করিয়া গৃহী হইতে পারিতেছেন না. অথবা যেমন এক জ্বন পত্নী বিয়োগের পরে আর দিতীয় দারপরিগ্রহ করিলেন না—এই প্রকার ্ব্যক্তিকে বিপ্রুব্র বলে), অথবা নিতান্ত দরিক্র বলিয়া আশ্রম বিহিত কর্ম করিতে অক্ষম—এমন লোকেরও কি জ্ঞানে অধিকার আছে ?

শুক। কেন থাকিবে না? কোনও এক আশ্রমে প্রবিষ্ট না হইয়া

অন্তরা চ অপিতু তর্দুষ্টেঃ।। ৩৬।।

অন্তরালে অর্থাৎ ছই আশ্রমের মধ্যে বাঁহারা অবস্থান করেন, তাঁহারাও [অস্তরা চাপিতু] জ্ঞানে অধিকারী, কারণ শ্রুতি, শ্বুতি, ইতিহাসাদিতে এরূপ লোকও যে ব্রন্ধক্ত হইয়াছেন, তাহা দেখা যায় [তদ্বে:]।

কোনও আশ্রমে না থাকিলে দেই আশ্রমবিহিত কর্মে অধিকার থাকে না সত্য, তথাপি বর্ণ-ধর্ম (ব্রাহ্মণাদি বর্ণের কর্ত্তব্য), সন্ধ্যা-वन्सनापि, मान, धान हेलापिट अकलात्रहे अधिकात आहि। पतिज হইলেও পূজা, উপবাস, জপ ইত্যাদি সকলেই করিতে পারে। ञ्चार देवन लाक (कन खात्नत अधिकाती इहेरवन ना ? देतक, বাচক্রবী প্রভৃতি বিধুর এবং দরিদ্র হইয়াও ত্রন্মজ্ঞ হইয়াছিলেন—ইহা শ্রুতিই বলিয়াছেন।

আর, সম্বর্ত প্রভৃতি ঋষি কোনরূপ আশ্রমকর্ম না করিয়াও জ্ঞান-লাভ করিয়াছিলেন, একথা

অপি চ স্মর্যাতে ।। ৩৭ ॥

শ্বতি শাস্ত্রে উক্ত হইয়াছে।

আর. জপ, তপ, উপবাস, দেবার্চনা ইত্যাদি কর্ম জ্ঞানের বিশেষ অনুকল, যে-কোন ব্যক্তি ইহার অনুষ্ঠান করিতে পারে।

বিশেষ-অনুগ্ৰহঃ চ॥ ৩৮॥

এই সমস্ত বিশেষ বিশেষ কর্মছারাও "বিধুর' কিম্বা দরিদ্রের প্রতি জ্ঞানের অমুগ্রহ হইতে পারে। স্বৃতি বলেন, "ব্রাহ্মণ একমাত্র জপের বারাই সিদ্ধি লাভ করিতে পারেন, ইহাতে কোনই সংশয় নাই। তিনি অন্ত কোন কর্ম করুন, বা না করুন, তিনি সর্বত্ত আত্মদর্শী ব্ৰাহ্মণ বলিয়া বিদিত হন।"

অতঃ তু ইতরৎ জ্যায়ঃ, লিঙ্গাৎ চ॥ ৩৯॥

তবে [তু] কোন আশ্রমে না-থাকা অপেকা [অতঃ] কোন-না-কোন আশ্রমনিষ্ঠ হইয়া থাকা [ইতরৎ] ভাল [জ্যায়ঃ], কারণ শ্রুতি উভয়ই এরপ ভাব প্রকাশ করেন [লিঙ্গাৎ চ]।

আশ্রম অবলম্বন করিয়া জীবন্যাত্রানির্বাহ করিলে সেই আশ্রম-বিহিত কর্ম দারা জীবন স্থানিয়ন্তিত হয় এবং তাহাতে জ্ঞানের বিশেষ সহায়তা হয়; স্বতরাং আশ্রমে অবস্থান করা যে ভাল সে বিষয়ে मत्मश् कि ?

[🛂] এক । আছে।, যিনি একবার সন্ন্যাস আতাম গ্রহণ করিয়াছেন, তিনি যদি মনে করেন যে, তাঁহার পাইস্থাদি ভাল রকম অুষ্ঠিত হয় নাই, অথবা যদি তাঁহার গৃহস্থ ধর্মাদি আচরণ করিবার প্রবৃত্তি জন্মে, তবে কি তিনি আবার নীচের আশ্রমে ফিরিয়া আসিতে পারেন ?

ঙ্ক। তদ্ভুতস্থ তুন অতন্তাবঃ, জৈমিনেঃ অপি, নিয়ম-অতদ্ৰূপ-অভাবেভাঃ॥ ৪০॥

একবার সেরূপ হইলে অর্থাৎ সন্মাস আশ্রম অবলম্বন করিলে [তদ্ভতশু] কিন্তু [তু] তাহা ত্যাগ করিয়া নীচের আশ্রমে নামিয়া আসা [অতন্তাব:] যায় না [ন]; যেহেতু—শান্ত সন্মাসাত্রমে আরো-হণেরই নিয়ম করিয়াছেন [নিয়ম-], কিন্তু নামিয়া আসার কোন নিয়ম করেন নাই [-অভজ্রপ-] এবং কোন সন্ন্যাসী সেরপ করিয়াছেন বলিয়াও শুনা যায় না [-অভাবেভাঃ]; আচার্য্য জৈমিনিরও এই মত িজমিনেরপি । শাস্ত্র নিয়ম করিয়াছেন, "শিষ্য গুরুগৃহে অত্যন্ত ক্ট্রসাধ্য কর্মদ্বারা আপনাকে ক্ট্রস্থ করিয়া অরণ্যে গমন করিবেন. অর্থাৎ সন্ন্যাস অবলম্বন করিবেন-ইহাই শান্তানির্দিষ্ট পরা। তাহা হইতে আর গার্হস্থাদি আশ্রমে প্রত্যার্ত্তন করিবেন না-ইহাই শান্তের নিগৃঢ় মর্ম্ম' (ছাঃ ২.২৩. ১)। এই হইল নিয়ম শাস্ত। আবার, ব্রহ্মচর্যা, গার্হস্তা ইত্যাদিক্রমে সন্ন্যাসাশ্রমে আরোহণের যেমন শান্তীয় বিধি আছে, সেরপ সন্মাস হইতে অবরোহণের (নামিয়া আসার) কোন শাস্ত্রবাক্য নাই। তারপর, ধর্মতত্ত্ত্ত কোন ঋষি কোন কালে সন্মান ত্যাগ করিয়া নীচের আশ্রমে ফিরিয়া আসিয়াছেন. এরপ কুত্রাপি উল্লেখন্ড নাই। স্থতরাং সন্মাস আশ্রম ত্যাগ করিয়া গাহ স্থাদি আশ্রমে নামিয়া আসা শাস্ত্রসঙ্গত নয়।

তারপর, 'আমি গাহ স্থাশ্রম ভালরপ অফুঠান করিব'—এরপ প্রবৃত্তিও প্রশংসনীয় নয়। যিনি যে আশ্রমে আছেন, তাহাই যথা-শক্তি অফুসরণ করা তাহার ধর্ম, এবং তাহাতেই তাঁহার কল্যাণ। শাস্ত্র বলেন, ''স্কাঙ্গন্তনর পরধর্ম অপেকা অসম্পূর্ণ স্থাম শোস্তুঃ'' (গাঁ. ৩. ৩৫)। দেশ, নিষ্টাই সিদ্ধির মূল। নিষ্টাপুর্ব্বক ষে-কোন সংক্ষম কর না কেন, তাহাতেই ভোমার মঞ্চল। আজ এটা, কাল ৬টা—এরপ অবাবন্ধিত চিত্তের কোন কিছুই লাভ হয় না। আমি এইটাই ভালরপে করিতে পারি, এতএব এইটাই আমার করা উচিত, ধ্যারাছো এরপ প্রবৃত্তির লাসংহর স্থান নাই। কিলে ভোমার স্থিতিকাবের মঞ্জ হইবে, ভাহা তুমি জান না, জানিলে তুমি মূক্ত। (ধ্যায়া ভবং নিহিতং ওহায়ম্)। এমতাবস্থায় শাস্ত্র ওঞ্জ ভোমার জন্ম থেরপ বাবস্থা করেন, ভোমাকে ভাহাই সাধ্যাম্পারে পারন করিতে ইইবে—ইহা ছাড়া গতান্ধর নাই। ভারপর যিনি আসক্তির বংশ গৃহস্থাশ্রমে ফিরিয়া আসিতে চান, তিনি ত সেই মৃহত্তেই পতিত হন। তাহার সেই কাগ্য শাস্ত্র কিরপে অনুমোদন করিবে পু স্কৃত্রাং সন্ন্যাস আশ্রম হইতে অবরোহণ অসঞ্জত—ইহাই শাস্ত্রিকরস্থা।

শিষ্য। তুই রক্ষের ব্রহ্মচারী আছেন। কেই কেই নির্দিষ্ট কাল প্যান্ত গুরুস্মীপে বাস করিয়া অধ্যয়ন করেন। অধ্যয়ন সমাপ্ত ইবল গুরুস্ফীপে বিলা গৃহে প্রভাগিমন এবং বিবাহ করিয়া গৃহস্ত হন। ইহাদিগকে বলা হয় "উপকুর্ব্বাণ" ব্রহ্মচারী। আবার কেই কেই যাবজ্জীবন গুলগৃহে অবস্থান করিয়া অধ্যয়নাদিতে রও থাকেন; ইহাদিগকে বলা হয় দৈতিক। একণে জিজ্ঞাসা করি, নৈষ্টিক ব্রহ্মচারী যদি অনবধানতা বশতঃ ব্রহ্মচায়া ভঙ্গ করেন, ভবে কোনকপ প্রায়শিত করিয়া আবার শুদ্ধ ইইতে পারেন কি?

ওক। না, নৈটিক ব্ৰহ্মচারী যদি একবার ব্ৰহ্মচ্য্য ভক্ষ করেন, ভবে তাঁহার আর কোন প্রায়শ্চিত্র নাই।

শিষ্য। কেন, পূর্বমীমাংসায় অধিকারনির্ণয়প্রসঙ্গে বন্ধচর্যাভন্থের এক প্রায়ন্চিত্তের ত উল্লেখ আছে ?

গুরু। হাা, আছে সত্য, কিন্তু সে প্রায়শ্চিত্ত নৈষ্টিকের জন্ম উপকুর্বাণের জন্ম। যে প্রায়ন্চিত্তের বিধান আছে, তাহা অফুষ্ঠান করিতে হইলে গর্মভ বধ করিয়া তাহা দারা অগ্নিতে আহতি দিতে হয়। সেই জন্ম অগ্নিসংগ্রহ এবং অগ্নিস্থাপনও ব্রিতে হয়, আর তজ্জ্য স্ত্রীগ্রহণও আবশ্যক। স্বতরাং নৈষ্টিক ব্ৰহ্মচারীকে যদি অগ্নিস্থাপন ও স্ত্রীগ্রহণ করিতেই হইল, তবে ত তাঁহার নৈষ্ঠিক ব্রতেরই অবসান হয়। অতএব

ন চ আধিকারিকম্ অপি, পতন-অনুমানাৎ, তৎ-অধোগাৎ 118১

'অধিকার লক্ষণে' উক্ত প্রায়ন্তিতও [আধিকারিকমপি] নৈষ্টিকের জন্ম [ন]; কারণ, খুতি বলেন, নৈষ্টিকের পতন অপ্রতিবিধেম, অর্থাৎ একবার পতন হইলে আর উদ্ধারের উপায় নাই পিতনামুমানাং। আর বন্ধচর্যা ভন্নের যে প্রায়শ্চিত্ত উক্ত হইয়াছে, তাহাও নৈষ্টিকের পক্ষে সম্ভব নয় [তদযোগাৎ]। শাস্ত্র বলেন, "যে ব্যক্তি নৈষ্টিক ধর্মে মারোহণ করিয়া আবার তাহা হইতে চ্যুত হয়, এমন কোন প্রায়ন্চিত্ত দেখিনা, যদারা সেই আত্মঘাতী শুদ্ধ হইতে পারে"। শিরুষ্টেদের যেমন চিকিৎসা নাই, নৈষ্ঠিক ব্রত ভঙ্গেরও তেমন প্রায়শ্চিত্ত নাই :

উপপূর্কাম্ অপি তু একে ভাবম্, অশনবৎ,ততুক্তম্।।৪২।। ভবে [অপিতু] কেহ কেহ [একে] বলেন, নৈষ্টিক ব্ৰভ ভঙ্গেরও প্রায়শ্চিত আছে [ভাবম্], কারণ (তাঁহারা বলেন) নৈষ্টিক ব্রন্ধচারীর গুরুপত্নী প্রভৃতি ব্যতীত অশুস্ত্রীতে ত্রন্ধচর্যের লোপ হইলে 'উপপাতক' হয় [উপপ্র্ম্ম], মহাপাতক হয় না। উপপাতকের প্রায়শ্চিত্ত আছে। তারপর, ত্রন্ধচারী ভ্রমক্রমে মদ্যমাংসাদি নিষিদ্ধ বস্তু ভক্ষণ করিলে যেমন তাহার উপপাতক হয়, কিন্তু প্রায়শ্চিত্ত করিলেই শুদ্ধ হইতে পারে, সেইরপ [অশনবং] গুরুদারাদি ভিন্ন অশুস্ত্রীতে ত্রন্ধচর্য্য স্থালিত হইলে, নৈষ্টকের 'উপপাতক' হয় বলিয়া তাহার প্রায়শ্চিত্ত আছে। ইহা কৈমিনিও প্র্মীমাংসায় বলিয়াছেন, [তত্তুক্ম]। শাস্ত্র যে শপ্রায়শ্চিত্ত দেখিনা', এরপ কথা বলিয়াছেন, ইহার উদ্দেশ্য এই যে, ত্রন্ধচারী যেন প্রাণপণ চেষ্টায় স্বীয় ত্রত রক্ষা করিতে য়ত্ব করেন। প্রায়শ্চিত্ত যে একেবারেই নাই, ইহা এই শাস্ত্র বাক্যের তাৎপর্য্য নয়। বানপ্রস্থী ও ভিক্ষর (স্র্য়াসী) সম্বন্ধেও এইরপ ব্যবস্থা।

বহিঃ তু উভয়থাপি স্মৃতেঃ আচারাৎ চ।।৪'।।

তবে [তু] নৈষ্টিকাদির ব্রহ্মচর্য্য স্থালন মহাপাতকই হউক, আর উপপাতকই হউক উভয়থাই [উভয়থাপি] তাহারা দাধুসমাজের বহিভূতি [বহিঃ]; কারণ, স্মৃতি শাস্ত্র এবং সজ্জনের ব্যবহারে এইরূপ ব্যবস্থাই দেখা যায় [স্মৃতেঃ আচারাৎ চ]। কোন দাধু ব্যক্তি এইরূপ ভ্রষ্টাচারীর সহিত একযোগে কোন যজ্ঞাদিও করেন না, কিম্বা তাহার সহিত বৈবাহিক সম্বন্ধ ইচ্ছা করেন না।

শিশু। গুরুদেব ! যজ্ঞের আরুষ্পিক যে সমন্ত উপাসনা, তাহা কি যজ্মানই করিবেন, না ঋত্তিক্ (পুরোহিত) করিবেন ?

^{গুরু।} স্বামিনঃ ফলশ্রুতঃ ইতি আত্রেয়ঃ॥৪৪॥

আচার্য্য আত্রেয় [আত্রেয়:] বলন যে [ইতি], ঐরপ উপাসনা যজ্ঞের অধিকারী যজমানেরই [স্বামিনঃ] কর্ত্তব্য, কারণ যজমানই

সম্পূর্ণ যজ্ঞের ফলভাগী বলিয়া উপাসনার যে ফল শ্রুতিতে উক্ত হইয়াছে, দেই ফলও তাহারই প্রাপ্য, স্বতরাং উপাদনাও তাহারই উচিত। কিন্তু

আর্থিজ্যম ইতি উড়ুলোমিং, তথ্মৈ হি পরিক্রিয়তে।।৪৫।।

खेड्रांगि नामक षाठाया [खेड्रांगिः] वरनन (य [इंचि], अ উপাদনা ঋত্বিক অর্থাৎ যজে নিযুক্ত পুরোহিতেরই [আত্বিজাম] কর্ত্তব্য, কারণ [হি] উপাদনার ফললাভের জ্বন্ত [তথ্ম] ঋতিক্ দক্ষিণাদি দারা ক্রীত হন [পরিক্রীয়তে]। ঋত্বিক্রগণ দক্ষিণাদির বিনিময়ে যজমানের কার্য্য করিয়া দিবেন, এই সর্ত্তে নিযুক্ত হন, স্থতরাং সম্পূর্ণ যজ্ঞ (উপাসনার সহিত) তাঁহাদেরই কর্ত্তব্য। যজ্ঞের অক্সান্ত অঙ্গের ফলও যেমন যজমানের, উপাসনার ফলও তেমন তাঁহারই (তিনি স্বয়ং উপাসনা না করিলেও)।

শ্রেতঃ চ।।৪৬।।

শ্রুতিও ঐড়লোমির মত সমর্থন করেন (ছাঃ ১. ৭. ৮-৯)।

শিষ্য। বুহদারণাক উপনিষদের একস্থলে আছে, "বান্ধণ 'পাণ্ডিত্য' লাভ করিয়। 'বালক'ভাবে অবস্থান করিবেন। 'বাল্য' ও 'পাণ্ডিতা' স্থিরতর্রূপে অধিগত হইলে পরে 'মনি'। 'মৌন' (= মনির কার্য্য-মনন, নিদিধ্যাদন অর্থাৎ "আমিই ব্রহ্ম" নিরস্তর এইরূপ ধ্যান) এবং অ-মৌন (অর্থাৎ বালা ও পাণ্ডিতা) লাভ করিয়া তিনি যথার্থ বাহ্মণপদবাচ্য (বাহ্মণ = যিনি বহ্মকে জানেন) হন" (বু: ৩. ৫. ১)! 'পাণ্ডিত্য' শব্দে এন্থলে শাস্ত্র ও গুরুবাক্য জনিত ''আমিই ব্রদ্ধ'

ইত্যাকার বৃদ্ধি; এবং 'বালা' শদে বালকের সরলতা বুঝাইতেছে। এই শুতি বাজ্যে 'মুনি' হইবার, অথাৎ সতত মনন করিবার, বিধি দেওয়া হইয়াছে কি না ঠিক বৃদ্ধিতে পারিতেছি না।

ওক। পাতিতা যেমন অঞ্জনে লাভের সহকারি কারণ, মননও সেইরূপ জানেরই (বিশেষভাবে অফুভৃতির) সহকারী।

সহকার্য্যন্তরবিধিঃ পক্ষেণ তৃতীয়ং তদ্বতঃ বিধি-আদিবৎ ॥৪৭॥

এই দহকারিটারও বিধি প্রতিবাক্যে করা হইয়াছে [সহকার্যন্তর-বিধি:]। তারে খিনি সংধানণভাবে জ্ঞানলাভ করিয়াছেন, অথচ ভেদ জ্ঞান প্রবল থাকায় প্রত্যক্ষ অস্তৃতি হইতেছে না, তাহার [তছত:] পকেই পিকেন] এই মনন তৃতীয় বিধি [তৃতীয়ম্] (পাণ্ডিত্য প্রথম বিধি, বাল্য খিতায় বিধি)। প্রবিধীমাংসায় নির্দ্ধারিত হইয়াছে যে, অগ্রিহাগন প্রভূতির বিধি দশপূর্ণনাসাদি মুখ্য যাগবিধির অঙ্গীভূত, সেইরপ [বিধ্যানিবং] এস্থলেও মৌন অবলম্বন করিবার বিধিটী "ব্রদ্ধাক জানিবে" এই মুখ্যবিধির অঙ্গীভূত। দর্শপূর্ণনাস নামক যাগ করিতে হইলে অগ্রি স্থাপন করিতেই হয়, স্বতরাং অগ্রিম্থাপনের বিধি ক্ষিষ্টতঃ না থাকিলেও ঐ মুখ্য যাগের বিধিতেই উহা অন্তর্নবিষ্ট (implied) আছে বুঝিতে হইবে। সেইরপ উদ্ধৃত শ্রুতিবাক্যে 'মুনি হইবে' এইরপ ক্ষান্ত বিধি বাক্য না থাকিলেও ব্রন্ধকে জানিতে হইলে মনন একান্ত আবশ্রুক বিদি বাক্য না থাকিলেও ব্রন্ধকে বিধির ম্বারাই করা হইয়াছে ব্রিতে হইবে। আর মৌন উদ্ধৃত বাক্যে 'অপুর্ব' বলিয়া বিহিতই হইয়াছে বলিতে হইবে।

ভাব এই মৌন গৃহস্থাদি আশ্রমে সম্ভব হয় না, কারণ অবিচ্ছির-

ভাবে 'আমিই ব্রহ্ম' এরপ সম্প্রচিন্তনের নামই মৌন, গৃহস্থাশ্রমের কর্ত্তবাহালোর মধ্যে সভত ধ্যান সম্ভব হয় না। যাহার প্রবল ভেদ-জ্ঞান রহিয়াছে, জ্ঞান প্রতিষ্ঠার জন্ম তাহাকে মৌন অবলম্বন করিতেই হয়। স্বতরাং 'মৌন' বিশেষ ভাবে সন্মাস আশ্রমের জন্মই বিহিত, এবং মৌন শব্দে সন্মাসকেও লক্ষ্য করা হয়। [ইহাভেও প্রমাণিত হয় যে, সন্মাসাশ্রম শ্রুতিসিদ্ধ, ১৯—২০ স্ত্র দ্রেইবা]।

শিষ্য। [আচ্ছা, ছান্দোগ্য উপনিষ্ধ ব্রহ্মচর্য্যের পর গাহ স্থাতামের কর্ত্তব্য নির্দেশ ক্ষিয়াই ক্ষান্ত হইয়াছেন, সন্নাদ আত্রমের কোন উল্লেখ করেন নাই, ইহার তাৎপর্য্য কি ?

গুরু। ছান্দোগ্য যে

কৃৎস্নভাবাৎ তু গৃহিণা উপসংহারঃ ॥৪৮॥

গৃহস্থাশ্রমের দারাই [গৃহিণা] প্রস্তাব শেষ করিয়াছেন [উপসংহার:] তাহার কারণ, গৃহস্থাশ্রমে দকল আশ্রমের ভাবই কিছু না কিছু আছে [ক্রংস্কভাবাং]। বহু আয়াদ দাধ্য যাগ্যজ্ঞাদি ত গৃহীর কর্ত্তবারূপে নিদিষ্ট আছেই, অধিকস্ক অভাভ আশ্রমের অধ্যয়ন, অহিংদা, ইন্দ্রিয়সংযম, ধ্যানধারণ। ইত্যাদিও তাহার কর্ত্তব্য। গাহ স্থের এই বিশেষ্ড প্রেদ্রশনের জ্বভাই ছান্দোগ্য গৃহীর কর্ত্তব্য বিবৃত করিয়াই প্রস্তাব শেষ করিয়াছেন।]

गाश रुष्टेक,

মৌনবৎ ইতরেষামপি উপদেশাৎ ।।৪৯॥

মৌন যেমন শাস্ত্রাস্থােদিত, তেমন [মৌনবং] ব্রশ্কচর্ধ্য, বানপ্রস্থ ইত্যাদিরও [ইতরেষামণি] উপদেশ আছে বলিয়া [উপদেশাং] তাহাও শাস্তাস্থােদিত। শিষ্য। আচ্ছা, বৃহদারণাক শ্রুতিতে যে জ্ঞানীকে বালকভাবে অবস্থান করিবার উপদেশ দেওয়া হইয়াছে, তাহা কি বালকের মত যথেচ্ছাচার, উদ্দেশহীন লীলা, বিষ্ঠাম্ত্র লেপন ইত্যাদি, না বালকের সরলতা, অভিমানশৃষ্ঠতা, ইন্দ্রিয়বিকাররাহিত্য ইত্যাদি ?

গুরু। বাল্য শব্দে দ্বিতীয় প্রকারের অর্থই ব্ঝিতে হইবে। 'জ্ঞানী বাল্যে অবস্থান করিবেন', ইহার অর্থ এই যে, তিনি নিজের মহিমা

অনাবিস্কুৰ্ব্বন্ অন্বয়াৎ।।৫।।।

উদেঘাষণ না করিয়া [অনাবিদ্র্বন্] বালকের ন্যায় নিরভিমান ও সরল হইবেন। বাল্যশব্দের এই অর্থ গ্রহণ করিলেই পূর্বাপের সঙ্গতি থাকে [অন্তয়াৎ] (৩১ সূত্র দ্রন্তব্য)।

শিষ্য। গুরুদেব! "সর্বাপেক্ষা চ মজ্ঞাদিশ্রুতে?"— এই স্ত্র হইতে আরম্ভ করিয়া এয়াবৎ কি উপায়ে জ্ঞান লাভ হইতে পারে, তাহার সাধন প্রণালী বিবৃত করিয়াছেন। এই সমস্ত সাধন অবলম্বন করিলে এই জন্মেই কি জ্ঞান উৎপন্ন হয়?

গুরু। দেখ বংস! এ বিষয়ে নিশ্চয় করিয়া কিছু বলা যায় না।
কেহ এই জন্মেই জ্ঞানলাভ করিব, এরপ তীব্র সঙ্কর করিয়া সাধনায়
প্রবৃত্ত হয়। কেহ বা হচ্ছে, হবে, এই ভাবে একটু একটু করিয়া অগ্রসর
হয়। যাহার সাধনের তীব্রতা যত অধিক, সে তত শীঘ্র শীঘ্র ফললাভ
করে। কিন্তু এমনও দেখা যায় যে, কেহ বহুকাল কঠোর সাধনে
প্রবৃত্ত থাকিয়াও জ্ঞানলাভ করিতে পারিতেছেন না, আবার কেহ বা
সামাল চেষ্টাতেই সিদ্ধিলাভ করেন। ইহার কারণ কি ? তীব্র সাধন
বিত্ত যিনি জ্ঞানলাভ করিতে পারিতেছেন না, নিশ্চয়ই তাঁহার জ্ঞানোৎ-

পত্তির একটা প্রতিবন্ধক রহিয়াছে বুঝিতে হইবে। সেই প্রতিবন্ধক আর কিছুই নহে –হয়ত জন্মান্তরের কোন এক প্রবল কর্ম ফলোনুথ হইয়া জ্ঞানোৎপত্তির বাধা জন্মাইতেছে। কর্মের ফল কথন কি ভাবে আত্মপ্রকাশ করিবে, তাহা কে বলিতে পারে ? সাধনের শক্তি অপেকা यिन करनामुथ कर्त्मात भक्ति अधिक हम, তবে यक्का ना त्रहे कर्माकन নিঃশেষ হয়, ততক্ষণ সাধককে অপেক্ষা করিতেই হয়। স্থতরাং সাধনার ফল জ্ঞান

ঐহিকমপি অপ্রস্তুত-প্রতিবন্ধে তদর্শনাৎ ॥৫১॥

ইহজনেও ি ঐহিকম্পি বিহতে পারে, যদি না কোন প্রতিবন্ধক আরম হয় [অপ্রস্ততপ্রতিবন্ধে]। শ্রুতিও তাহাই দেখাইয়াছেন তিদর্শনাৎ । প্রতিবন্ধক ক্ষমনা হইলে আলুজ্ঞান হয় না—ইহা দেখাইবার জন্মই শ্রুতি আত্মার চুর্ব্বোধ্যতা বর্ণন করিয়াছেন। যথা---"বহুলোক গুরুশাস্ত্রাদি হইতে আত্মতত্ত শ্রবণ করিয়াও তাহা লাভ করিতে পারে না. অনেকে তাঁহার বিষয় প্রবণ করিয়াও তাঁহাকে জানিতে পারে না। আত্মা সম্বন্ধে উপদেশ যিনি দেন, তিনিও আশ্চর্যা। यिनि हैशांक नांच करत्न, जिनिख चांक्यां। यिनि हैशांक खातन, তিনিও আশ্চর্যা। আর ঘিনি ইহার বিষয়ে উপদেশ প্রাপ্ত হন. তিনিও আশ্চর্চা অর্থাৎ এ সকলই তুল্ভি" (কে: ২. ৭)।

পকান্তরে আবার, বামদেব গর্ভে থাকিতে থাকিতেই আত্মজান লাভ করিয়াছিলেন। ইহার রহস্ত এই যে, তাঁহার জন্মান্তরের সাধনার কিঞ্চিং প্রতিবন্ধক ছিল, গুর্তবাসকালে সেই প্রতিবন্ধক অপ্রারিত হওরার তিনি তথনই জানলভে করিলেন। ইমানভগ্রসণ্ডাতেও ভগবান বলিয়াছেন "কেহ কেহ জন্মে জন্মে দাধন করিয়া দিলিলাভ

করিয়া প্রমাণতি (মোক্ষা) প্রাপ্ত হয়" (গী: ৬, ৪৫)। স্থারাং কোনরপ প্রতিবন্ধনা থাকিলে এই জন্মেই জ্ঞান হয়, প্রতিবন্ধক থাকিলে স্বাধককে এলাস্তরের জন্ত অপেক্ষা করিতে হয়।

সংধ্যার ফল জ্ঞান . সাধ্যার ভীব্রতা অন্তুসারে জ্ঞানেরও তারতম্য ২২, এই যেমন নিয়ম, কিল্ল জ্ঞানের

এবং মুক্তি-ফল-অনিয়মঃ তদবস্থা-অবপ্নতেঃ তদবস্থাবপ্নতেঃ॥৫২॥

ফল মৃক্তি [মৃক্তিফল] সথদে সেরপ কোন [এবম্] নিয়ম নাই [মনিয়মঃ]; কারণ, সেই মৃক্তির অবস্থা সর্বাদা একরপ বলিয়াই নির্নারিত [তদবস্থাবদ্ধতেঃ]। মৃক্তি প্রদ্ধ ছাড়া আর কিছুই নহে। মৃক্তি প্রদ্ধান্ত একরপ, তাঁহাতে আর কেন প্রকার ইতরবিশেষ বা তারতম্য নাই। স্বতরাং জ্ঞানের কল যে মৃত্তি, তাহা সকলেরই একরপ। একথা অবশু নিশুণ প্রদ্ধান্ত কল যে মৃত্তিক, তাহা সকলেরই একরপ। একথা অবশু নিশুণ প্রদ্ধান্ত মৃত্তিক। মন্ত্রণ স্বাদান্ত বলের কিছু ভারতম্য হয়। কাত বলেন, "তাহাকে যিনি ঘেলাবে উপাসনা করেন, তিনি ভাহাই দিন।" [ক্রেক শেষ শক্ষী অধ্যায় সমান্তি ব্রাইবার জন্ম তুইবার বলা ইয়াছে]।

চতুর্থ অধ্যায়

প্রথম পাদ

শিশা। গুরুদেব। আপনার প্রসাদে ব্ঝিলাম, আয়ুজ্ঞান লাভ করাই জীবনের উদ্দেশ্য এবং ভাহাতেই জীবের পরম শান্তি। এই আয়া বা ব্রন্ধ সাক্ষাংকার করিবার উপায় প্রাব্দেশ, স্মান্ত্র ও আয়া বা ব্রন্ধ সাক্ষাংকার করিবার উপায় প্রাব্দেশ, স্মান্ত্র ও নিয়া নেওয়া বে, আয়া কি পদার্থ। মনন—অমুকূল যুক্তি ও বিচার ছারা সেই ভবের সমর্থন। নিদিধ্যাসন—পূর্ব্বোক্ত ভবের ধ্যান। এই প্রবং, মনন ও নিদিধ্যাসন—এক কথায় আত্মবিষয়ক ধারণা—কি একবার করিলেই ভাহার ফলে ব্রন্ধাক্ষাংকার হইবে, না বারবার করিত্তেক্ত হইবে ? কতকগুলি যাগ আছে, যাহা একবার করিলেই কালে ভাহার ফলে স্বর্গাদি প্রাপ্তি হয়। আত্মসম্বন্ধী প্রবণাদিও কি সেইরূপ একবার করিলেই হয় ?

গুরু। বংস! যাগাদির ফল প্রত্যক্ষ নয়। যাগ সমাপ্ত হইলে একটা 'অদৃষ্ট' উৎপন্ন হয়, উহাই কালে ফল প্রদান করে। কিন্তু শ্রবণাদির ফল প্রত্যক্ষ। আত্মাকে প্রত্যক্ষ করাই উহাদের উদ্দেশ । যদি একবার শ্রবণাদি করিলেই আত্মা প্রত্যক্ষ হন, তবে আর প্রায় উহা করিবার কোনই প্রয়োজন হয় না। মোটের উপর উদ্দেশ্য হইল, আত্মাকে সাক্ষাৎকার করা। যতক্ষণ না আত্মার প্রত্যক্ষ উপলব্ধি হয়, ততক্ষণ

আরুতিঃ অসকুৎ উপদেশাৎ॥ ১॥

আত্মবিষয়ক প্রবণাদি পুন: পুন: করিতেই হইবে [আর্ত্তি:], কারণ, শাস্ত্র বারবার [অসক্ত্] আত্মার উপদেশ করিয়াছেন [উপদেশাৎ]। শাস্ত্র বহুপ্রকারে বহুবার আত্মার উপদেশ করিয়াছেন এবং আত্মদর্শনের বহুবিধ উপায় নির্দ্ধারণ করিয়াছেন। ইহার উদ্দেশ এই যে, সাধক যতক্ষণ আত্মদর্শন না করিবেন, ততক্ষণ প্রবণাদি হইতে বিরত হইবেন না। শাস্ত্র নানাভাবে আত্মার উপদেশ করায় স্পট্টই বুঝা যাইতেছে যে, স্বর্গাদি ফল যেমন 'অদৃষ্ট'-জনিত, মোক্ষ বা আত্মজান সেরপ নয়, পরস্ত্র তাহা 'দৃষ্ট' অর্থাৎ ফল প্রাপ্তি হইলেই প্রবণাদি সাধনের বিরতি, তৎপূর্বের্ব নয়।

তারপর, শাস্ত্রে যে নিদিধ্যাসনের উপদেশ আছে, তাহার অর্থ এই নয় যে, একবার মাত্র মনে করা। ধ্যেয় বস্তুর নিরবচ্ছিল চিন্তা-প্রবাহের নামই বাস্তবিক নিদিধ্যাসন, তাহারই নাম প্রকৃত উপাসনা। যদি একবার মনে করিলেই আত্মদর্শন হইত, তবে শাস্ত্র এত আগ্রহের সহিত নিদিধ্যাসন বা উপাসনা করিতে বলিবেন কেন ? স্থতরাং যতক্ষণ না আত্মদর্শন হয়, ততক্ষণ পুনঃ পুনঃ প্রবণাদি অবশ্রই করিতে হইবে।

তারপর, উদ্গীথ উপাসনা প্রসঙ্গেও শ্রুতি পুনঃ পুনঃ উপাসনা করিবার উপদেশ দিয়াছেন। এই

लिश्रं ए ।। २॥

সংহত হইতেও বুঝা যায় যে, সর্কবিধ উপাসনাই যতক্ষণ অভীষ্ট বস্থ লাভ না হয়, ততক্ষণ করিতে হয়।

শिए। छक्राप्तर। द्विलाम (य, आज्ञाकारकात्रहे अवनानिकः

লক্ষ্য, এবং যতক্ষণ সেই প্রয়োজন সিদ্ধ না হয়, ততক্ষণ পুনঃ পুনঃ শ্রবণ ও বিচার করা আবশ্রক। কিন্তু আত্মতত্ত গুরু ও বেদান্তবাক্য হইতে শুনিয়া বিচারপূর্বক একবার বুঝিয়া লইলে কেন যে আবার পুনঃ পুন: তাহাই চিন্তা করিতে হইবে-একথা বুরিতে পারিতেছি না। আমার একগাছি দভিতে দর্প-ভ্রম হইয়াছে: একজন বিশাসী লোক বলিলেন, "না হে, ওটা সাপ নয়, দড়ি": নিজেও বিচার করিয়া **राविनाम, उ**टा मान इटेंटिंड नारत ना। टेंटांत नातुन 'मानि। দড়িই' 'সাপটা দড়িই' এরূপ বারংবার চিন্তা করিবার কি প্রয়োজন আছে ? একবার প্রবণ ও বিচার করিয়াও যদি আমার দড়ির জ্ঞান না হয়, তবে সহস্রবার করিলেও যে হইবে, এমন কি ভরুস। আছে ? <u>সেইরূপ আত্ম। সম্বন্ধে একবার শ্রবণে ও মননে যদি আত্মার জ্ঞান</u> না হয়, তবে বহুবারেও যে হইবে, তাহারই বা ভরুষা কি ? ই্যা. তবে এমনও হইতে পারে যে, বিশ্বন্ত বাক্য প্রবণে ও যুক্তি প্রয়োগে কোন বিষয় সম্বন্ধে প্রথমতঃ একটা 'সাধারণ' জ্ঞান হয়, তারপর পুনঃ পুন: ঐ বিষয়ের আলোচনা ছারা তাহার 'বিশেষ' জ্ঞান জয়ে। কিন্তু ব্রহ্ম বা আত্মার ত কোন 'বিশেষ' নাই, তাহা সর্বদাই একরূপ, সামাগ্র-বিশেষ-বর্জ্জিত। সেই আত্মা সম্বন্ধে একবার বাক্য বা যুক্তি প্রয়োগ করিলে যদি তাহার জ্ঞান না হয়, তবে বহুবার করিলেই বা লাভ কি ? যদি জ্ঞান হইবার হয় ত একবারেই হইবে, না হইলে হাজারবারেও হইবে না। স্থতরাং প্রবণ মনন একাধিকবার করিবার কোনই প্রয়োজনীয়তা দেখিতেছি না।

গুরু। বৎস ! প্রয়োজনীয়তা যে একেবারেই নাই, তাহা নয়। এমন লোক অবশু আছেন, যিনি একবার উপদেশেই আগুতর সমাক অন্তত্ত করিতে স্কম। কিন্তু সেইস্কল্ল সকলেই যে ভাষে। প্রিয়ে

তাহার হিরতা কি ? সাধারণত: দেখা যায়, কেহ এক কথাতেই বোঝে, কেহবা দশবারে বোঝে, আবার কেহবা শতবার বলিলেও বোঝে না। যাহার বৃদ্ধি নির্মাল, সে একেবারেই 'তত্তমিল-তমিই শেই', এই বাক্যের **অ**র্থ বৃথিতে পারে এবং আপনার ব্রন্ধত্ব প্রাণে প্রাণে অমূভব করে । তাহার পক্ষে উহার পুন: অবণাদি অবশুই নিরথক। কিন্তু যিনি একবার প্রবণাদি দ্বারা আপনার স্বরূপ অবগত इहेटर भारतम मा, काशांत भूम: भूम: खंदगांनि क्या मिक्यहे প্রয়োজন। দেখ, ছান্দোগ্য উপনিষদে স্বেতকেতৃর পিতা তাঁহাকে ''তত্মিনি'' এইরূপ উপদেশ করিলেও খেতকেতৃ পুন: পুন: বলিতে লাগিলেন, ''পিতঃ, আমি ঠিক বুঝিলাম না, আবার বলুন।" পিতাও বছবার শাস্ত্র ঘুক্তি প্রয়োগে পুত্রের সংশয় দূর করিয়। ঐ তত্তের উপ্দেশ করিলেন, এবং অবশেষে খেতকেতু আত্মতত্ত অবগত হইয়া ক্রতার্থ ১ইলেন। অনেকস্থলেই দেখা যায়, একবার চেষ্টা করিয়া যাহা বুঝা যায় না, বারবার চেষ্টা করিলে তাহা বোধগম্য হয়। এ'ত অংবংই হইতেছে। একবারেই বুঝিতে হইবে, এমন কি নিয়ম আছে ৷ এই প্রতাক্ষাসূভূত বিষয়ে আরু বিবাদ কি ৷ দড়িতে সাণের ভ্ৰম একবাৰে নিবুভ না ইইলে যে কোনকালেই হইবে না. এমন কি কথা আছে ? অজ্ঞান অবস্থায় যাহাকে তুমি 'আমি আমি' মনে করিতেছ, ওজমুথে ও শাস্ত্র হইতে ভনিলে যে, তাহা তোমার সত্যিকারের 'আমি' নয়, পরস্ক দেহাদির অতিরিক্ত ব্রহ্ম পদার্থই ভোমার প্রকৃত 'আমি'। তারপর বিচার করিয়া দেখিলে, 'হাা, গুৰু ও শান্ত বাকাই ঠিক'। কিন্তু তথাপি সে সভা ভোমার হৃদয়ে বছমূল হইতেছে না। এরপ ত প্রায় স্কলেরই হয়। কেন হয়? ব্ৰহ্ম বস্তত: অংশ বা বিশেষ রহিত বটে। কিন্তু অজ্ঞান প্রভাবে সেই

একরস এক্ষেই বহুরকমের 'বিশেষ' বা অংশ কল্পনা কবিয়া জীব এমন কতকগুলি সংস্কারের বশবতী হয় যে সহজে সেই সংস্কার-মুক্ত হওয়া যায় না। মন কিছুতেই মানিতে চায় না বে, আমি দেহাদির অতিরিক্ত, নিতা, শুদ্ধ, বুদ্ধ, মুক্ত। সাধন করিতে করিতে ক্রমে এই জন্ম জন্মান্তরের সংস্কার রাশি অপনীত হয়, তথন আপনা হইতেই ব্রহ্মস্বরপের ক্ষুর্ণ হয়। এই পুঞ্জীভূত সংস্কার ও সংশয় অপনোদনের জন্মই পুনঃ পুনঃ শ্রবণ মনন একান্ত আবশুক। শ্রুতি ও যুক্তির সহায়ে আত্মা সম্বন্ধে মোটামুটি একটা ধারণা হইলেও তাহার প্রভিক্টাব্র জন্ম পুন: পুন: ধ্যান করা একান্ত প্রয়োজন। পানার নীচে নির্মল জল আছে। হাত দিয়া পানা সরাইয়া দিলে জল দেখা যায় বটে, কিন্তু হাত তুলিয়া লইলে আবার জল পানায় ঢাকিয়া যায়। যাহাতে পানা আর আবরণ করিতে না পারে, সেই জন্ম সর্বাদাই সতর্ক থাকিতে হয়। পানারূপ অনস্ত সংস্কার চতুদ্দিক হইতে নির্মাল রসম্বরূপ আত্মাকে আবৃত করিয়া রাখিয়াছে। সোভাগ্য ক্রমে সদ্গুরুর রূপায় ও বিচার বৃদ্ধিবলে একবার উহার দর্শন পাইলেও উহাতেই স্থিতি লাভ করিয়া রদস্বরূপে পর্যাবদিত হইতে হইলে সভত সাধন একান্তই প্রয়োজন।

শিশু। আচ্ছা, পরমাত্মার ধ্যান কি ভাবে করিতে হইবে ? 'তিনিই আমি'—এইভাবে ধ্যান করিব? কিমা 'তিনি আমা হইতে ভিন্ন, আমার প্রভু বা অন্ত কিছু'--এই ভাবে ধ্যান করিব ?

গুরু। পরমেশবুই ধাানকারীর

আত্মা ইতি তু উপগচ্ছন্তি গ্রাহয়ন্তি চ।।৩।। আত্মা [আত্মা], এইভাবে [ইতি] ধ্যান করাই শ্রুতি স্বীকার করেন [উপগছন্তি] এবং [চ] শ্রুতি পরমেশ্বরকে উপাসকের আত্মা বিনিয়াই নির্দ্ধারণ করিয়াছেন [গ্রাহয়ন্তি]। স্থতরাং পরমেশ্বরকে আত্মা হইতে অভিন্নরূপেই ধ্যান করিবে। শ্রুতি বলেন, "হে দেব ! তুমিই আমি, আমিই তুমি"। "আমি ব্রহ্ম," "এই ব্রহ্মই তোমার আত্মা, ইনিই সর্ব্বান্তর" (বৃঃ ৩. ৪.১) এই প্রকার বেদান্ত বাক্য হইতে নিশ্চয় হয় যে, পরমেশ্বরকে আত্মা হইতে অভিন্নরূপেই ধ্যান করা বিধেয়। শ্রুতি আবার ভেদভাবনার নিন্দান্ত করিয়াছেন—"বিনি ভেদজ্ঞানে উপাসনা করেন, অর্থাৎ আমি একজন, আর আমার উপাশ্ব জন, এই ভাবে উপাসনা করেন,তিনি প্রকৃত তথ্য জানেন না" (বৃঃ ৪.৫.৭)।

শিশু। কিন্তু পরমেশ্বর হইলেন শুদ্ধ, বৃদ্ধ, মৃক্ত, আর জীব হইল অশুদ্ধ, অফ্র, বদ্ধ। এই উভয়ের পরস্পারের ঐকা হইবে কিরপে ?

গুরু। বৎস! এত আলোচনার পরেও তুমি একি বলিতেছ? জীবের যত কিছু মালিনা, সমস্তই যে জজ্ঞানের ফল, বস্তুতঃ সে যে ব্রহ্ম ছাড়া আর কিছুই নয়, ইহাই ত এয়াবৎ বুঝাইলাম! [বৎস! এখন বুঝিলে ত কেন পুন: পুন: শ্রবণ, মনন ও ধাান করা প্রয়োজন ?] যাহা হউক, এই সমস্ত মিথাা মালিনা দারা পরমেশ্বর হইতে জীবের ভিন্নত্ব সিদ্ধ হয় না। আমি অশুদ্ধ, অজ্ঞ, বদ্ধ এরপ ধাান করিয়া কি ফল? বরং আমি শুদ্ধ, জ্ঞানশ্বরপ, চিরমুক্ত—এইভাবে ধাান করিলেই জীবের জ্ঞান দ্র হইয়া তাহাকে শাশ্বত স্থের অধিকারী করিতে পারে। স্বতরাং সাধক আপনাকে পরমেশ্বর হইতে অভিন্নভাবেই ধাান করিবেন।

শিশু। আচ্ছা, পরমেশ্বর আর জীব যদি একই হয়, তবে ত প্রকারান্তরে বলা হইল যে, পরমেশ্বরই জীব হইয়াছেন, জীব ছাড়া পরমেশ্বর বলিয়া কিছু নাই।

গুরু। তাহা কেন হইবে? বরং জীবত্তবৃদ্ধিই অজ্ঞানপ্রস্ত।

সেই জীবত্ব দ্বীভূত হইয়া যাহাতে ঈশ্বত্ব দি দৃঢ় হয়, সেই জন্তই সাধনা এবং শাস্ত্ৰও সেই উদ্দেশ্যেই জীবেশ্বরের একত্ব প্রতিপাদন করিয়াছেন। বাস্তবিক জীব বলিয়া কেহই নাই, প্রমেশ্বরই একমাত্র সভ্য সভ্য আছেন। তথাপি যে জীবত্বের বোধ, তাহা ভ্রমমাত্র। সেই ভ্রম দূর হইলে একমাত্র প্রমেশ্বরেই সমস্ত প্র্যাব্দিত হয়।

শিষ্য। আচ্ছা, উপাশ্ত ও উপাসক এক হইলে কে কাহার উপাসনা করে ?

গুরু। বংস ! তত্ত্বজ্ঞান উৎপন্ন হইলেই না অভেদ ? কিন্তু যতক্ষণ না তত্ত্বজ্ঞান জ্বনে, ততক্ষণ ত ভেদ আছেই, আর ততক্ষণই সাধনা বা উপাসনা। শ্রুতি বলেন, "সমস্তই যথন সাধকের আত্মভূত হয়, তথন কে কি দেখিবে ?" (বঃ ৪. ৩. ২২)। স্থতরাং তত্ত্ত্জান হইলে উপাসনার কোনই প্রয়োজন থাকে না। তথন "বেদও অ-বেদ" (বঃ ৪. ৩. ২২)—অথাৎ শাস্ত্রপ্ত তথন নিশ্রয়োজন।

শিষা। আচ্ছা, যদি জীব ও ঈশ্বর একই হয়, তবে তত্ত্বজ্ঞান হইবে কাহার ?

গুরু। ধে তুমি জিজ্ঞাসা করিতেছ, সেই তোমার, অর্থাৎ যে জীব ও ঈশ্বের একও অন্তভ্ব করে না, তাহারই।

শিষ্য। কিন্তু আমি ত বান্তবিক ঈশ্বরই, এবং আমার আত্মজ্ঞানের পরমার্থতঃ কোনকালেই অভাব নাই, উহা চিরকালই অব্যাহত আছে ?

গুরু। যদি তুমি বুঝিয়া থাক যে, তুমি ঈশ্বরই এবং তুমি নিত্যবুদ্ধ, তবে আর কাহার তত্তজান হইবে ? যাহার জ্ঞান নাই, তাহারই জ্ঞান হইতে পারে। যাহার আছে, তাহার আর কি হইবে ? যিনি আপনাকে ঈশ্বর বলিয়া জানিয়াছেন, তাহার পক্ষে গুরুই বল, শাস্তই বল, ধান ধারণা যাহাই কেন বলনা, সবই নিক্ষল, নিপ্রায়েজন। হা, তুমি

বাতবিক উশ্রই, তবে ইং। তোমার জানা নাই বলিয়াই, তুমি উপাসক, ঈবার উপাসার তুমি জাতো, ঈবার তেজয়।

স্তরাং ঈশরই আমি বা আত্মা, এই ভাবেই ধান করিবে।

শিধা। আচ্চা, "মন ব্রদ্ধ—এইরপে উপাদনা করিবে" (ছা: ৩. ১৮. ১)। "আকাশ ব্রদ্ধ—এইভাবে উপাদনা করিবে"(ছা: ৩. ১৯. ১)— এই যে মন, আকাশ ইন্ডাদি অবলখনে উপাদনার বিধান আছে, ইহার নাম শ্রেভীক উপাদনান আছি গ্রেভীকে (Symbol) ব্রদ্ধক উৎপাদন করাই এই দমন্ত উপাদনার উদ্দেশ্য। এই দমন্ত প্রতিক্ত করে আরা হইতে অভিনরপে ভাবনা করিতে হইবে, অর্থাৎ আফিট মন, আমিই আকাশ, আমিই স্থা—এইরপই কি ধাান করিতে ইইবে গ্

ঙ্জ। ন প্রতীকে, ন হি সঃ॥ उ॥

না, প্রতীকে [প্রতীকে] আয়বুদ্ধি স্থাপন করিবেনা [ন], কারন উপাসক মি: বিপ্রতীক নয় [ন]। ব্রহ্ম এবং উপাসক যেমন এক, প্রতীক ও উপাসক সেইরূপ এক নয়। দেখ, ব্রহ্মোপাসনায় সাধক আপ্রনাকেই ধ-শ্বরূপে নিত্য-শুদ্ধ-মূক্ত বলিয়া ভাবনা করেন। কিহু প্রতীকোপাসনায় সাধক কতকগুলি ওপের সাদৃশ্য ধরিয়া লইয়া মন প্রভৃতিকেই ব্রহ্মভাবে ভাবনা করেন; ইহাতে তাঁহার ব্রহ্মধারবার ব্যাপকত। বৃদ্ধি পায় এবং ক্রমে সে সর্ব্বরেই ব্রহ্ম দর্শন করিতে পারে। এই প্রতাক উপাসনায় সাধক প্রতীকগুলিকে আপন। ইইতে পৃথক বলিয়া মানিয়া লইয়াই সাধনে অগ্রসর হয়, স্কুতরাং আমিই মন, আমিই আদিত্য, প্রতীকে এইরূপ আত্ম-বৃদ্ধি করিবরে অবসরই সে হলে নাই।

শিষ্য। কিন্তু প্রতীক যথন ত্রন্ধেরই 'বিকার বিশেষ' অর্থাৎ ব্ৰহ্ম হইতেই উৎপন্ন পদাৰ্থ, তখন তাহাও বস্তুত: বন্ধই (বঃ সু: ২.১.১৪ দ্রষ্টব্য): আত্মা ত বন্ধই। স্থতরাং এইভাবে প্রতীকে আত্ম-দষ্টি করিতে বাধা কি?

গুরু। হাঁা, প্রতীক ব্রহ্মের 'বিকার' বটে, তাহাকে যদি ব্রহ্ম-রূপেই গ্রহণ কর, তবে আর সে প্রতীক রহিল না। যতক্ষণ আদিত্য প্রভৃতিকে ব্রদ্ধ হইতে ভিন্ন, বিকাররূপে গ্রহণ করিবে, ততক্ষণই তাহা প্রতীক হইবার যোগ্য: তাহার বিকার ভাব ত্যাগ করিয়া তাহার শ্বরূপ যে ব্রহ্মভাব, তাহাই যদি গ্রহণ কর, তবে আর সে প্রতীক থাকেনা। স্বরূপের দিক দিয়া দেখিতে গেলে উপাসক ও প্রতীক একই বটে; কিন্তু যথন স্বরূপের ভাবনা না করিয়া প্রতীক অবলম্বন করা হইতেছে, তথন দেই প্রতীককে উপাসক হইতে ভিন্ন বলিয়াই ধরিয়া লওয়া হইতেছে। দেখ হার ও অনস্ত স্বর্ণ হিসাবে এক হইলেও এক একটা অল্কার হিসাবে ভিন্ন ভিন্নই বটে। হারকে হারই বলিব, অনস্তকে অনস্তই বলিব, অথচ উভয়ই এক, এমন ত হইতে পারে না; অর্থাৎ যে কারণে একটাকে বলি হার, অপর্বাটকে বলি অনস্ত, সেই কার্ণ বিদ্যমান থাকিলে উভয়কে এক বলা যায় না। সেইরূপ, যথন প্রতীক অবলছনেই উপাসনা হইতেছে, তথন আর তাহাকে আতা বলিয়া ভাবনা করা ষায় না।

শিষ্য। "আদিত্য বন্ধ", "প্রাণ বন্ধ" ইত্যাদি প্রতীক উপাসনায় कि चानि छानि क्हें उन्न मत्न कतिया छे भामना कति एक इहेरव, ना বন্ধকেই আদিত্যাদি মনে করিয়া উপাসনা করিতে হইবে ? অর্থাৎ আদিত্যাদিতেই ব্রহ্মদৃষ্টি করিতে হইবে, কি ব্রহ্মতেই আদিত্যাদিদৃষ্টি করিতে হইবে গ

^{গুরু}। ব্রহ্মদৃষ্টিঃ উৎকর্ষা**ৎ ॥ ৫** ॥

আদিত্যাদিতেই ব্রহ্মদৃষ্টি [ব্রহ্মদৃষ্টি:] করিতে হইবে, কারণ ব্রহ্মই আদিত্যাদি অপেক্ষা উৎকৃষ্ট [উৎকর্ষাৎ]। নিকৃষ্ট বস্তকে উৎকৃষ্ট-রূপে ধ্যান করিলেই সাধকের উন্নতি হইতে পারে, উৎকৃষ্টকে নিকৃষ্ট ভাবিলে নয়। শুক্তিতে (বিন্নক) যখন রৌপ্য ভ্রম হয়, তখন এমন ভাবেই বিচার করা প্রয়োজন, যাহাতে রৌপ্যবৃদ্ধি নষ্ট হইয়া শুক্তিবৃদ্ধি প্রতিষ্ঠিত হয়। সেইরূপ প্রতীকোপাসনামও ব্রহ্মবৃদ্ধি প্রতিষ্ঠিত করাই উদ্দেশ্য। স্থতরাং প্রতীককেই ব্রহ্মভাবে উপাসনা করিতে হয়, ব্রহ্মকে প্রতীকভাবে নয়। যেমম শাল্গ্রামকে বিফুভাবে আরাধনা করা হয়, বিফুকে শাল্গ্রাম শিল্ভাবে নয়, এও সেইরূপ।

শিষা। যজ্ঞ সম্পর্কে কতকগুলি উপাসনা বিহিত আছে। যেমন
"এই যিনি তাপ প্রদান করিতেছেন, তিনি (অর্থাৎ স্থ্য) 'উদ্গীথ,'
এই ভাবে উপাসনা করিবে।" এই রকম উপাসনায় কে কাহার
অপেক্ষা উৎক্রই, তাহা নির্ণয় করা যায় না। ব্রহ্ম জগতের কারণ,
নিত্য, শুদ্ধ, স্বতরাং তিনি আদিত্যাদি অপেক্ষা শ্রেষ্ঠ; কিন্তু আদিত্যও
ব্রহ্ম হইতে উৎপন্ন নখর পদার্থ বিশেষ, উদ্গীথও তাহাই, স্বতরাং
ইহাদের মধ্যে আর ইতর-বিশেষ নাই। এক্ষণে জিজ্ঞাস্য এই যে,
উদ্গীথাদিকে কি আদিত্যাদি বোধে উপাসনা করিতে হয়, না
আদিত্যাদিতে উদ্গীথবৃদ্ধি করিতে হয় ?

^{গুরু।} অাদিতাদিমতয়**ঃ** চ অঙ্গে উপপত্তেঃ ॥ ৬ ॥

যজের অস সম্পর্কে যে সমস্ত উপাদনা, তাহাতে [অঙ্গে] আনিত্যাদি বৃদ্ধিই [আনিত্যাদিমতয়ঃ] করিতে হয়। কারণ, তাহা

হইলেই শাস্ত্র বাক্য সঙ্গত হয় [উপপত্তে:]। শ্রুতি বলেন, এই রকম উপাসনায় কর্মের (যজের) একটা বৈশিষ্টা উৎপন্ন হয় এবং তাহা দারা কর্মের ফলের নিশ্চয়তা জন্মে। 'ভৌপাসনার সহিত যে কর্ম করা হয়, তাহা অধিকতর বীর্যাশালী হয়।" এক্ষণে দেখ. কর্মের এই বৈশিষ্ট্য কিরুপে উৎপন্ন হয়। কর্মের অঙ্গ (যেমন উদ্গীথ) যদি বিশেষভাবে অনুষ্ঠিত হয়, তবেই কর্মে বৈশিষ্ট্য জন্ম। কর্মাঙ্গ উন্দীখাদিকে আদিত্যাদিভাবে ভাবনা করিয়া উপাসনা করিলেই তাহা বিশেষভাবে অনুষ্ঠিত হয়। আদিত্যাদিকে উদ্গীথা-দিভাবে উপাসনা করিলে কর্মের কি উপকার ? স্থৃতরাং কর্মাঙ্গ উদ্গীথাদিকেই আদিতাদি জ্ঞানে উপাসনা করিতে হইবে। আর. ঐ সমস্ত উপাসনার ফল আদিত্যাদি লোক প্রাপ্তি, স্থতরাং সেই হিসাবে আদিত্যাদি উদ্দীথাদি অপেক্ষা শ্রেষ্ঠও বটে।

শিষ্য। আচ্ছা, উপাদনা কি আদনে উপবিষ্ট হইয়া করিতে इहेरव, ना फाँ ए। हेश, खंहेशा (य कान चारव कविरावह हिलाव) গুরু ৷ আসীনঃ সম্ভবাৎ ॥ ৭ ॥

উপবিষ্ট হইয়াই [আসীন:] উপাসনা করা কর্ত্তব্য, কারণ সেই ভাবেই উপাসনা করা সম্ভব হয় [সম্ভবাৎ]।

শিষ্য। কেন, উপাসনা ত মানসিক ব্যাপার, তাহাতে শারীরিক নিয়মের কি প্রয়োজন ?

গুরু। প্রয়োজন আছে। উপাসনা কি ?— যাঁহার উপাসনা করিবে, নিরবচ্ছিন্নভাবে তাঁহারই চিন্তা করার নাম উপাসনা। উপাসনার সময় উপাস্ত ব্যতীত অন্ত কিছুরই চিন্ত। করিবে না, তবেই প্রকৃত উপাদনা হইবে। তাদৃশ উপাদনা দাঁড়াইয়া হয় না,

কারণ তাহাতে মনটা দেহটাকে ধারণ করিয়া রাখিতে কতকটা ব্যাপ্ত থাকে, এবং জন্ধকণ মধ্যেই প্রান্তি বোধ হয়। শয়ন করিয়া উপাসনা করিতে আরম্ভ করিলেও লোকে সহক্ষে ঘুমাইয়া পড়ে। দেব, শরীরের সহিত মনের থ্ব ঘনিষ্ঠ সম্বন্ধ। সামান্ত একটা পিপীলিকায় দংশন করিলেও মনের চঞ্চলতা উপন্থিত হয়! মনের মত চঞ্চল জগতে বিভীয় পদার্থ নাই। সেই মনকে একাগ্র করিতে না পারিলে উপাসনা নামমাত্রে পর্যাবসিত হয়, কাজে কিছুই হয় না। শারীরিক স্থপ হংপ লইয়াই মন বাস্ত। স্তরাং যে ভাবে অবস্থান করিলে মনের একাগ্রতার সাহায্য হয়, সেই ভাবেই উপাসনা করা উচিত। শাস্ত্রোক প্রণালীতে উপবিষ্ট হইয়া উপাসনা জন্ত্যাস করিলে সহজেই মন একাগ্র হইয়া জাইনে এবং প্র্কোক্ত বাধা বিম্নও অপ্যারিত হয়, ইহা প্রত্যাক্ষ দৃষ্ট। যোগ ব্যতীত প্রকৃত উপাসনা অসভ্যব। স্ক্রোং যথানিদিষ্ট প্রণালীতে উপবেশন করিয়াই উপাসনা অসভ্যব।

ধ্যানাৎ চ ॥৮॥

আর [চ], উপাসনা অর্থ ধ্যান, অর্থাৎ ধ্যেষবস্তর নিরবচ্ছির চিন্তা।
আরু প্রভাগ লিখিল, দৃষ্টি হির, একটা মাত্র বিষয়ে মন নিবিষ্ট হইয়া
গৃহিলাতে, এইস্কপ দেখিলে লোকে বলে, ধ্যান করিতেছে; যেমন,
বিরহিণী করতলে কপোল বিভাগু করিয়া স্বামী ধ্যানে মগ্ন হইয়া
উপবিষ্ট আছে ইভ্যাদি। এইক্রপ ধ্যান উপবিষ্ট ব্যক্তিরই সহজ সাধ্য।
শুতিও

অচঞ্চলত্বং চ অপেক্ষ্য ।।৯॥

নিশ্চলভাবে অবস্থানকে [অচঞ্লত্ম] লক্ষ্য করিয়াই [অপেক্ষ্য]

ধ্যানশব্দের ব্যবহার করিয়াছেন। "পুথিবী যেন ধ্যান করিতেছে"। ইহাতেও বুঝা যায়, উপবিষ্ট হইয়াই ধ্যান করা উচিত।

স্মরন্তি চ ॥১•॥

আর, স্বতি-শাস্ত্রেও উপাসনার জন্ম বিশেষ বিশেষ আসনের উপদেশ আছে। স্থতরাং উপবিষ্ট হইয়াই উপাসনা করিবে। তিবে সদগুরুর রুপা হইলে আসনাদির জন্ম কোনরূপ চেষ্টার বা আয়াসম্বীকারের প্রয়োজন হয় না, উহা আপনা হইতেই আয়ত্ব হইয়া অভাবে পরিণত হয় এবং সাধনায় অগ্রসর হইলে যে কোন অবস্থাতেই উপাসনা করা স্ভব হয়।]

শিষ্য। উপাসনায় দিক (কোন দিকে মুখ করিয়া উপাসনা করিতে হইবে), স্থান ও সময়ের কোন নিয়ম আছে কি ?

গুরু। উপাসনা বা ধ্যান করিতে হইলে অমুক্দিকে মুথ করিয়াই করিতে হইবে, অমুক স্থানে বসিয়াই ধ্যান করিতে হইবে, অমুক সময়েই ধ্যান করিতে হইবে, অক্তদিকে, অক্তম্বানে, অক্তসময়ে ধ্যান করা যাইবে না, এমন কোন বাঁধাবাঁধি নিয়ম নাই।

যত্র একাগ্রতা তত্ত্র অবিশেষাৎ ॥১১॥

कान विरमय नियम ना थोकाय [व्यविरमया९] त्य मिरक, त्यञ्चातन ও যে সময়ে [যতা] বসিলে চিত্তের একাগ্রতা [একাগ্রতা] হয়, সেই দিকে, সেইস্থানে ও সেই সময়েই তিত্র] উপাসনা বা ধ্যান করিবে। মোটের উপর দেখিতে হইবে. চিন্তের একাগ্রভা কি ভাবে হয়। সেই ভাবেই ধ্যানে বসিবে। হাা, ভবে যোগশাল্তে বিশেষ

বিশেষ স্থান কালের নির্দেশ আছে সত্য, কিন্তু ঐ স্থান কাল ছাড়া অন্তর যে ধ্যান হইবেই না, এমন কোন কথাই নাই। তবে ঐ সমন্ত একাগ্রতার পক্ষে অহুকুল বলিয়াই কুপালু শাস্ত্রকার উহাদের উল্লেখ করিয়াছেন। স্থতরাং যাহাতে চিত্তের একাগ্রতা হয়, তাহাই করিবে।

িশিষ্য। এই অধ্যায়ের প্রথমে বলিয়াছেন যে, সাক্ষাৎ তত্ত্তান লাভের জন্ম যে উপাসনা অবলম্বিত হয়, তাহা তত্ত্তান না হওয়া পর্যান্ত পুন: পুন: করিতে হয়। তত্তজান হইলে আর তাহার কোন প্রয়োজনীয়তা থাকে না। যেমন চাউল বাহির করিবার জন্মই ধানে 'পাঢ়' দেওয়া হয়, চাউল বাহির হইলে আর পাঢ় দিতে হয় না। কিন্তু এমন উপাসনাও আছে, যাহা সাক্ষাৎভাবে তত্ত্তানের উদ্দেশ্যে করা হয় না, কিন্তু কোন একটা বিশেষ উন্নতি কামনায়ই করা হয়। স্বর্গলাভের উদ্দেশ্যে একপ্রকার যজ্ঞ করা হয়; উহা একবার कत्रित्नहे मत्रनास्य वर्गनाच हम। এইরূপ বিশেষ ফলের উদ্দেশ্যে যে সমস্ত উপাসনা বিহিত হইয়াছে, তাহারও কি একবার বা হই-চারিবার করিলেই ফল পাওয়া যায়, না আমরণ ডাহা করিতে হয় ?

ওক। এই সব উপাসনা

আপ্রায়ণাৎ তত্রাপি হি দৃষ্টম্ ॥১২॥

মরণকাল পর্যান্ত [আপ্রায়ণাৎ] করিতে হয়, কারণ [হি] মরণ কালেও [তত্ত্ৰাপি] উপাসনার কর্ম্মতা শ্রুতি সর্ব্বত্রই দেখা यात्र [पृष्टेम]।

যজ্জের ফলে আর উপাসনার ফলে একটু পার্থক্য আছে। যজ্ঞ করা হইয়া গেলে তাহা হইতে 'অদৃষ্ট' নামক একটা শক্তি উৎপন্ন হয় এবং তাহা কালাস্ভরে (হয়ত মৃত্যুর পর) ফল প্রদান করে—ইহা শাস্তালোচনায় নির্দ্ধারিত হইয়াছে। কিন্তু, উপাসনা দার। সেরপ কোন অদৃষ্ট উৎপন্ন হইয়া ফল প্রদানের জন্ম সময়ের অপেক্ষায় থাকে না। উপাসনা বা জ্ঞান প্রভাবে যে ফল মৃত্যুর পরে উৎপন্ন হইবে, তাহা মৃত্যুকালেই ফলরূপে অভিব্যক্ত হইতে আরম্ভ করে। মৃত্যুকালের ভাবনা দারাই মৃত্যুর পরে যাহা হইবে, তাহা নির্দ্ধারিত হয়; অভ কথায় মৃত্যুকালীন চিন্তাই মৃত্যুর পরে আকার ধারণ করে। মৃত্যুকালে যে চিন্তা প্রবল হয়, মৃত্যুর পরে তদকুরপ ফলই হয়। শ্রুতি বলেন, "মৃত্যু সময়ে মুমুষ্য ভাবনাময় হয়, অর্থাৎ জীবনে সে যে বিষয়ের বিশেষ অনুশীলন করিয়াছে, সেই ভাবে ভাবিত হইয়া একটা ভাবনাময় আকার প্রাপ্ত হয় এবং দেহ ত্যাগ করিয়া এই ভাবনাময় আকারের অফুরপ আকার বা দেহ প্রাপ্ত হয়। মৃত্যুকালে মন যে আকারে অবস্থান করে, সেই আকারেই প্রাণে লয় প্রাপ্ত হয়। মনসংযুক্ত নেই প্রাণ দেহ ছাড়িয়া জীবকে সঙ্কলের অন্তর্রপ লোকে লইয়া যায়ী অর্থাৎ যে স্থলে সেই দক্ষলের সিদ্ধি হইতে পারে, সেই স্থলেই উপনীত করে"। স্বৃতি বলেন, "হে অর্জুন। জীব মৃত্যুকালে যে বিষয় ভাবিতে ভাবিতে দেহত্যাগ করে, সর্বাদা দেই ভাবে ভাবিত হওয়ায় সে তাহাই হয়" (গী. ৮. ৬)। কেহ হয়ত মনে করিতে পারে যে, জীবন ব্যাপিয়া কুকর্ম করিয়া যাই, মৃত্যুকালে একটা হুচিন্তা করিলেই ত ভাল জন্ম পাওয়া যাইবে। কিন্তু সেরপ মনে করা নিতান্তই ভুল। মৃত্যুকালে এমনই অবস্থা হয় যে, তখন আর নিজের উপর কোন প্রভূত্ব থাকে না, যাহা জীবন ভরিয়া ভাবা যায়, তাহাই প্রবল ভাবে আসিয়া পড়ে। রোগের বিকার উপস্থিত হইলে কিয়া মাতাল হইলে লোকের আর তথন মনের উপর কোন কর্ত্তর থাকে

না; তখন যে সমন্ত অসম্বন্ধ বাক্য তাহার মুখ হইতে নি:সত হয়,
লক্ষ্য করিয়া দেখিলে বুঝা ঘাইবে যে, উহাই তাহার সর্কা প্রধান
মানসিক ভাব। মৃত্যুকালেও এইরূপ অবস্থাই হয়। অতএব মৃত্যু
কালের জন্ম প্রন্তত হইতেই জীবন ব্যাপী স্থানিতা করা প্রযোজন।
মর্ণ কালের চিস্তাই যখন ভাবিফলের নিষ্কা, তখন উপাসনাও
অবহা মর্ণকাল প্যাস্তই করিতে হইবে।

শিষা। গুরুদেব ! আপনি বলেন, আত্মন্তান হইলে জীবের সমস্ত হুংথের অবসান হয় এবং দে চিরশান্তির অধিকারী হয়। কিন্তু এ বিষয়ে আমার একটা প্রশ্ন আছে। জন্ম জন্মান্তরে জীব যে কত তুল্পা করে, তাহার ইয়ন্তা নাই। সেই পুরীকৃত পাপের ফল সমস্তই কিছু আর এক জীবনে ভোগ হইয়া যায় না। অথচ যদি কাহারও তত্ত্বানের উদয় হয়, তবে নাকি তাহার সমস্ত হুংথের অবসান হয়। কিন্তু পূর্বকৃত পাপের ফল তাহাকে ভোগ করিতে হইলে আর তাহার হুংথের অবসান হইল কোবায়? আবার তত্ত্বানের পরেও তাহার শরীর দারা যে কোন পাপ অফ্রিটত হইতে পারে না, এমন নয়। স্থত্বাং তত্ত্বানের পূর্বেকার সঞ্চিত হটতে পারে না, এমন নয়। স্থত্বাং তত্ত্বানের পূর্বেকার সঞ্চিত গাপরাশিও পরে স্থ্বাব্যমান পাপরাশির ফল যদি তাহাকে ভোগ করিতে হয়, তবে তত্ত্বানে আর তাহার কি লাভ হইল গ

গুরু। না, বংস, সেই সমন্ত পাপের ফল **আর তাহাকে ভোগ** করিতে হয় না।

> তৎ-অধিগমে উত্তর-পূর্ব্ব-অঘয়োঃ অশ্লেষ-বিনাশো তদ্যপদেশাৎ।।১৩।।

ব্ৰদ্মপ্ৰাপ্তি বা আত্মজ্ঞান লাভ হইলে [ভদধিগমে পূৰ্বে পাপের]

699

বিনাশ [পূর্ব্ব-অঘ-বিনাশ) এবং পরে হইতে পারে এমন যে সব পাপ [উদ্ভর-জঘ] তাহার অশ্লেষ (অর্থাৎ জ্ঞানীতে সে পাপের সংস্পর্শের অভাব) হয়: কারণ, শ্রুতি সেইরূপই বলেন [তত্ত্বাপদেশাৎ]। শ্রুতি বলেন, "জ্বল যেমন পদ্ম পত্রে লিপ্ত হয় না, সেইরূপ পাপকর্ম সকলও জানীতে সংশ্লিষ্ট হয় না" । ছা: ৪.১৪.৩)। "তুলা থেমন অগ্নিতে নিক্ষেপ করিলে দ্যা হইয়া যায়, সেইরূপ জ্ঞানীর সমন্ত পাপ দহু হইয়াযায়" (ছা: ৫. ২৪.৩)। "সেই পরাবর (সর্বভেষ্ঠ) পুরুষ (ব্রহ্ম) দৃষ্ট হইলে সমস্ত স্থলয়গ্রন্থি ভাপিয়া যায়, স্কল সংশয় ছিল্ল হইয়া যায় এবং সমুদায় কর্ম ক্ষমপ্রাপ্ত হয়" (মু: ২.২.৮)। এই সমস্ত শ্রুতিবাকা হইতে জানা ঘাইতেছে যে. ব্রহ্মজ্ঞান হইলে জ্ঞানীর আর পাপফল ভোগ করিতে হয় না।

শিষা। কিন্তু ভোগ ব্যতীত কর্ম ক্ষম হয় না, এও ত শাস্ত্রের বচন। বিশেষ, কর্মামুরূপ ফলভোগ হয় না, একথা বলিলে সমুদায় শাস্ত্রই যে ব্যর্থ হইয়া ষায় এবং সংসারের এত যে বৈষম্য, তাহারপ্ত একটা সন্ধৃত কারণ নির্দ্ধারিত হয় না। ফলে লোকে সৎকর্মের ও অসংকর্মের কোন পার্থকাই মানিতে চাহিবে না, এবং জগতে পূর্ণ উচ্ছুম্বলতাই বিরাজ করিবে।

গুরু। বৎস, অধৈষ্য হইও না। তুমি যাহা বলিলে, मछा। कर्त्मद्र (य এकी कननायिनी मक्ति चाह्न, जाहा (क অস্বীকার করিবে । নিশ্চ গ্রহ কর্মানুরপ ফল ভোগ হয় এবং তাহা হওয়াই উচিত—শাস্ত্র, যুক্তি, সবই এই কথার অমুমোদন করে। কিন্তু পক্ষান্তরে আবার ভাবিয়া দেখ যে, ভোগ বাতীত কর্ম্বের কয় আর কিছুতেই হইবে না—এরপ যদি একটা অলজ্যা নিয়মই থাকে, তবে কোটি কল্পে জীবের মৃত্তি অসম্ভব। জন্ম জন্মান্তরের সঞ্চিত-

কর্মরাশি যদি ভোগ করিয়াই শেষ করিতে হয়, ভবে ত কোটিজন্মেও ভাহা সমাধা হইবে বলিয়া মনে হয় না। ভাহা হইলে ব্ৰহ্মজ্ঞান, মুক্তি, এ সমস্ত ত কথার কথামাত্র হইয়া দাঁডাইবে। ভোগ করিয়া কর্মের শেষ করা যায় না; কারণ ভোগকালেও আবার কতশত নৃতন কর্ম সঞ্চিত্ই হইতে থাকে। স্থতরাং এই কর্ম্মের নাগপাশ হইতে চিরতরে মুক্ত হইবার জন্মই ঋষি রহস্ত আবিদার করিলেন ব্রন্ধজ্ঞান বা আত্মজান। আমি পাপ করি—এই জ্ঞান যতদিন আছে, ততদিন সে পাপের ফল ভোগ করিতেই হয়। যিনি মনে করেন 'পাপ করি', তিনিই ভোগ করেন, ভোগ ছাড়া তাঁহার আর গত্যস্তর নাই- এইথানেই কর্মের ফলপ্রদায়িনী অব্যাহতশক্তি। কিন্তু যিনি জ্বানিয়াছেন, 'আমি কর্ত্তা নই, আমি কোন কালে কোন কর্ম করি নাই, করি না বা করিবও না, কর্মের সহিত আমার কোন সম্বন্ধ কোন কালেই নাই, শুধু এক সময়ে মনে করিয়াছিলাম মাত্র যে, আমি কর্মকর্ত্তা, কিন্তু সে ত ভ্ৰীম,' তাঁহার কর্ম ত সেই মুহুর্ত্তেই শেষ হইয়া গিয়াছে, পাপপুণ্য তাঁহার আর কি করিবে ? তাই বলিতেছি আত্মজান হইলে কোন পাপই জ্ঞানীকে স্পর্শ করিতে পারে না।

আত্মজ্ঞান লাভ করিলে জ্ঞানীর যেমন পাপের সহিত সমস্ত সংশ্রহ ত্যাগ হইয়া যায়.

ইতরস্থ অপি এবম্ অশ্লেষঃ, পাতে তু॥ ১৪॥ দেইরূপ [এবম] পুণােরও [ইতর্স্তাপি] কোন সংস্পর্ম থাকে না [অলেম:], এবং দেহপাত হইলেই [পাতে] তাঁহার বিদেহমুক্তি অবখন্তাবী [তু]। পাপের ক্রায় পুণাও ভোগদায়ক, তাহাও জীবের: বন্ধন। স্থতরাং পুণাও পাপ উভয়ের ক্ষয় হইলেই প্রকৃত মুক্তি।. শ্রুতিও স্পষ্টভাবে বলিয়াছেন, "জ্ঞানী পাপপুণা উভয় হইতেই মৃক্ত হন"। "জ্ঞানীর সম্পায়, কর্ম ক্ষয় প্রাপ্ত হয়"। আত্মাকে যথন অকর্ত্তা বলিয়া বোধ হয়, তথন তাহা কি স্কৃত্ত, কি তৃত্ত্বত, সকল কর্ম সম্বন্ধেই হইয়া থাকে। স্কৃত্বাং জ্ঞানলাভ হইলে পূর্ব্বকৃত পাপপুণা উভয়ই বিনম্ভ হইয়া যায়, এবং নৃত্তন পাপপুণাও আর জ্ঞানীকে স্পর্শ করে না। তারপর দেহপাত হইলেই দে মৃক্ত হইয়া যায়।

শিশু। গুরুদেব ! দেহপাত হইলে জানীর মোক্ষ হয়, একথার তাৎপর্যা আমি ব্ঝিতে পারিলাম না। কেন, যে মৃহুর্ত্তে তাঁহার জ্ঞানলাভ হইল, সেই মৃহুর্ত্তেই ত তাহার মোক্ষ হইল। মৃত্যুকাল পর্যান্ত তাঁহাকে অপেক্ষা করিতে হইবে কেন ?

গুরু। ই্যা, বৎস। তুমি যাহা বলিলে, তাহা ঠিকই। মৃক্তির কোন ইতর বিশেষ নাই। তবে ব্যবহার হিসাবে উহার হুইটা 'প্রকার' স্বীকার করা হয়। এক ক্রেনী ব্রুমুক্তিন, অর্থাৎ শরীর পূর্বের মতই আছে এবং তাহাতে শরীরোচিত কার্য্যাদিও হইতেছে, অথচ যিনি শরীরী তিনি আপনাকে শরীরের অতিরিক্ত, নিত্য-শুদ্ধ-নৃদ্ধ-নৃদ্ধ বলিয়া জানিয়াছেন! অপর—বিদেহ মুক্তি, অর্থাৎ পূর্বেগিক জ্ঞানের অবস্থাই, কেবল শরীরটী না থাকা। স্থতরাং মৃক্তি দেহসন্থেও যাহা, দেহত্যাগ হইলেও তাহা। তবে দেহের ভাষায় বলিতে গেলে একটাকে বলা হয় জীবন্মৃতি, অপরটাকে বলা হয় বিদেহমৃত্তি—এ কেবল শন্ধাত একট্ বিশেষ।

শিষ্য। আচ্ছা, জ্ঞানলাভ হইলে যদি সম্দায় পাপপুণা বিনষ্ট হইয়াই যায়, তবে দেহ থাকে কিরপে ? কর্মের ফল ভােগ করিবার জন্মই না দেহ ?

গুরু। কর্মকে তিন ভাগে ভাগ করা যাইতে পারে। জন্মজনা-

স্তরে অনেক কম করা হইয়াছে। কিন্তু সকল কর্মের ফলভোগ এক ল্পনেই হয় না। এক এক জাতীয় কৰ্মফুল ভোগের অন্ত এক এক প্রকারের দেহ উৎপঞ্চ হয়; কারণ কথা করিলে তৎক্ষণাৎই ভাহার ফল হইবে, এমন সর্বাত্ত হয়না। কর্মের ফল দেশ, কাল, পাত্ত প্রভৃতির উপর নিভর করে। এমন কম্ম আছে, যাহার ফল হয়ত এই পৃথিবীতে ভোগ হওয়া সম্ভব নয়, স্থভরাং সেই ফলভোগের জন্ম স্বর্গাদি লোকে জন্মগ্রহণ করিতে হয়। এইরূপ বিচিত্র কর্মফলভোগের বিচিত্র জন্ম হয়। এমন কথাও সঞ্চিত থাকিতে পারে, যাহার ফল মহুধা দেহে ভোগ করা সম্ভব হয় না, তাহার জন্ম হয়ত প্রাদি জন্ম এং। কারতে হয়। কামের ফল দেশ কালাদির উপর নির্ভর করে—ইহা প্রত্যক্ষ সিদ্ধ ও শাস্ত্রসম্মত। জন্ম জনান্তবের সঞ্চিত কর্মরাশির মধ্যে কতকণ্ডলির ফলভোগের জন্মই বর্ত্তমান শরীর। এই শরীরেও আবার বতকওলি কথা নিম্পন্ন ইইতেছে। স্বতরাং কর্মের তিন ভাল, প্রথম---স্বাহিত্ত, দিতীয়—প্রাক্তর, যাহা ফল প্রদান করিতে **আরম্ভ** কার্যাছে এবং তৃতীয়--ক্রিহ্মমাপ, যাহা বর্ত্তমান শরীরে নৃতন করিয়া সম্পন্ন হইতেছে। জ্ঞান হইলে যে সমন্ত পাপপুণ্যের ক্ষয়ের কথা বলা হইয়াছে, ভাহা

অনারন্ধকার্য্যে এব তু পূর্ব্বে, তদবধেঃ ॥ ১৫ ॥

কিন্ত [পূর্বাকৃত [পূর্বের] যে সমন্ত পাপপূণ্য এখনও ফল প্রদান করিতে আরম্ভ করে নাই, তাহাদের সমদ্দেই [আনারক্রকায় এব] বলা হইয়াছে। কারণ, শুতি বর্ত্তমান দেহপাত পর্যাম্ভ জ্ঞানীকে অপেক্ষা করিতে হয়, এরপ একটা সীমার নির্দেশ করিয়াছেন [তদবধেঃ]। এই শ্রতিবাক্য ইইতে বুঝা যায় যে, জ্ঞানলাভ হইলেও প্রারক্তকর্মের

नाम रुग ना, (ভाগ रहेम। (भरतहे जो हात्र (भर रुग। (जरत खानिस, এই ভোগে জানীর বান্তবিক কোন স্থুখ চংখই হয় না. হইতে পারে না. কারণ তথন দেহের প্রতি তাঁহার আত্মাভিমান নাই—দেহের উপর দিয়াই প্রারন্ধের ভোগ হইয়া যায়। বস্তুতঃ ভোগ দেহেরই, সে স্থল দেহই रुष्ठेक. मुख्य (मुरुरे रुष्ठेक, कि कात्रन (मुरुरे रुष्ठेक, धनः धरे (मुरुत्र ভোগের জন্মই প্রারন্ধ কর্মের আরম্ভ; স্থতরাং ভোগ শেষ হইলেই দেহেরও নাশ, জ্ঞানীরও বিদেহমুক্তি। বাস্তবিক প্রারন্ধ ভোগকালেও জ্ঞানী মুক্ত ও স্থুখ হু:থের অতীত—যেহেত তখন তিনি জ্ঞানত: ত্রিবিধ-দেহের অভীত। স্বতরাং ব্যাধি, যন্ত্রনায় চিৎকার, এ স্ব य छानौत (मरह इटेप्ड भारत ना, এমন নহে, তবে এসমন্ত দেহের धर्म ज्या लात्कित घः त्थत कात्र इहेलं छानी स्वत्रत्य निर्क्तिकात्रहें থাকেন।)

শিষ্য। তত্তভান প্রারন্ধকেও বিনষ্ট করে না কেন, আর একট विभन कतिया वल्न।

গুরু। ওন, যিনি আপনাকে পরিপূর্ণ স্বভাব, নির্বিকার, ব্রহ্মরূপে অবগত হইয়াছেন, তাঁহার পক্ষে কি সঞ্চিত, কি প্রারন সকল কর্মই বিক্ল, তথাপি সঞ্চিত কর্মারাশি এখনও कार्याभीन ना रक्षाय ज्यूर्ट्डर विनीन रहेया यात्र। किन्त श्रावत কাৰ্য্যশীল বলিয়া কিছু কাল তাহার ক্রিয়া প্রকাশ পায়। माधात्रगजः । एका याप्र त्य, এकत। कियानीन भनार्थित त्य কারণে তাহাতে ক্রিয়া প্রকাশ পাইতেছে, সেই কারণটি সহসা ব্ৰুদ্ধ করিয়া দিলেও কিছুক্ষণ তাহাতে ক্ৰিয়া হইতে থাকে। বেমন কুম্বকারের চাকা, একটা দণ্ডের সাহায্যে ঐ চাকা ঘুরান হয়। সহসা मश्री তুলিয়া লইলেও কিছুক্ষণ চাকাটি ঘুরিতে থাকে।

শক্তির স্বভাবই এই যে, উহা একবার ক্রিয়াশীল হইলে শেষ প্রয়ন্ত অমুবর্ত্তন করিয়া তবে ক্ষান্ত হয়-মদি না প্রবল্তর শক্তি তাহার গতি রুদ্ধ করে। চাকার উপর এমন ভাবে ধাকা দেওয়া যায়, যাহাতে চাকাটি দশবার ঘুরিবে, কি বিশবার ঘুরিবে, কি পঞ্চাশ বার ঘুরিবে। এই যে ঘুরিবার সামর্থ্য, এ যেন চাকাটির সঞ্চিত শক্তি। কিন্তু যে ধাকাতে চাকাটি বিশবার ঘুরিতে পারে, মনে কর, সেই ধাকাটি দেওয়া হইয়াছে। এখন চাকাটি দশবার মাত্র ঘুরিবার পর স্থির হইল. চাকার ঘুরিবার কোন প্রয়োজন নাই। কিন্ত তথাপি চাকাটি আরও দশবার ঘুরিয়া তবে স্থির হইবে। তবে উহার ঘুরিবার যথন প্রয়োজন নাই, ইহা श्वित হইয়াছে, পঞ্চাশবার, হাজারবার ঘুরিবার শক্তি থাকিলেও উহা আর কথনও কার্য্যকরী হইবে না। সেইরূপ সঞ্চিত কর্মরাশির মধ্যে যে কश्रि कल अनात्न প্রবৃত্ত হইয়া বর্ত্তমান দেহ জনাইয়াছে, সেই কয়টি নিঃশেষ হইবেই—যদিও মাঝথানে স্থির হইল যে, ভোগ নিশুয়োজন (কেন না আত্ম। পরিপূর্ণ স্বভাব, তাহাতে কোন অভাব নাই—অভাব থাকিলেই কর্ম ও ভোগ)। আরও দেথ, যিনি আত্মজান লাভ করিয়াছেন, তিনি স্থির জানিয়াছেন যে, কর্ম্মের সহিত তাঁহার কোন সম্বন্ধ নাই। কেবল মাত্র এই জ্ঞানের দারাই তাঁহার দঞ্চিত কর্ম বিলীন হইয়া গেল, প্রারন্ধ নিজ শক্তিতে কার্যাশীল হইতে থাকিলেও তিনি তাহা নিরোধের কোন চেষ্টাই করিবেন না, কারণ নিরোধ করিয়াও তাঁহার কোন প্রয়োজন সিদ্ধ হইবে না-তাঁহার যে প্রয়োজন বলিয়া একটা জিনিষই নাই। কর্ম মাপন শক্তিতে যাহা থুদী করুক, তাহাতে জ্ঞানীর কিছুই মাদে যায় না। স্বভরাং দেখা গেল, তত্ত্তান হইলেও বহু কালের

মিথ্যাজ্ঞানের সংস্থার কিছু কাল অমুবর্ত্তন করে এবং সেই জন্মই জ্ঞানীও কিছুকাল শরীর ধারণ করিয়া অবস্থান করেন। তারপর, জ্ঞান হইলেও যে শরীর কিছু কাল থাকে, ইহা শইয়া বিবাদ করিবার প্রয়োজন কি? \ যিনি জ্ঞান লাভ করিয়াছেন, তিনি স্বয়ংই ইহা অমুভব করেন। শ্রুতি, স্থৃতি, ইতিহাস, পুরাণ ইত্যাদিতেও কত ব্রদ্ধক্ত পুরুষের উল্লেখ আছে, এবং তাঁহারা ব্রদ্ধক্ত হইয়াও শরীর ধারণ করিয়াছিলেন।

শিষ্য। আপনি ১৪ স্তে প্রতিপাদন করিয়াছেন যে, তত্তুলন इट्टेंग मभूनाम भूगा विनष्टे इट्टेमा याम्र। मरकर्प्यत करल्टे भूगा সঞ্চিত হয়। সেই সৎকর্ম তুই প্রকার। এক অগ্নিহোত্ত প্রভৃতি, ইহা নিতাই অন্নষ্ঠান করিতে হয়। এই সমস্ত নিত্য কর্ম অন্নষ্ঠান করিলে বিশেষ কোন ফল হয় না, তবে না করিলে পাপ হয়, শাস্তের এই আদেশ। শাস্ত্র করিতে বলিয়াছেন বলিয়াই নিত্য কর্ম্মের অমুষ্ঠান করিতে হয়। আর এক প্রকারের সৎকর্ম আছে, যাহা কোন একটা ফল কামনা করিয়া অনুষ্ঠিত হয়। ইহাদিপকে কামা-কর্ম বলে। সাধক যথন জানিতে পারিলেন যে, জ্ঞান লাভ হইলে তাহার সমুদায় পুণাই বিনষ্ট হইয়া ঘাইবে, তথন কাম্যকর্মে আর তাঁহার প্রবৃত্তি হইবে না: আর কাম্যকর্ম না করিলেও শাস্তের মর্যাদা হানি হয় না; কারণ শাস্ত্রই বলেন, কাম্যকর্ম কর্ত্তা ইচ্ছা করিলে করিতেও পারেন, না করিতেও পারেন। কিন্তু সাধক এই ভাবে প্রণোদিত হইয়া নিত্য কর্মও অনাবশুক বোধে পরিত্যাগ করিতে পারেন। তাঁহার একমাত্র উদ্দেশ্য তত্ত্তান লাভ করা। ষাহাতে সেই উদ্দেশ্য সিদ্ধ হইবে, তিনি কেবল সেইরূপ ধ্যান ধারণাতেই নিযুক্ত থাকিবেন। কিন্তু তাহা হইলে ত শাস্ত্র বাক্য পালন করা হয় না এবং অফুষ্ঠান রহিত হইয়া কেবল জ্ঞানালোচনায় তংপর হইলে জ্ঞান লাভও যে স্বদ্র পরাহত, ইহা ড শান্তেরই সিদ্ধান্ত (ইশোপনিষৎ)।

श्वकः। वरमः। उत्रक्षान नाख इहेर्दन नम्माय भूगा नहे इय मछा। কিছ নিত্য অগ্নিহোত্রাদির একট বিশেষত্ব আছে। এই সমন্ত নিতা কর্মের অন্তর্গানে কোন বিশেষ পুণোর সঞ্চার হয় না। কিন্তু তাহা হইলেও এণ্ডলি অনাবশুক নয়। তত্ত্তান লাভ হইলে সমন্ত পুণ্যেরও ক্ষয় হইবে, স্থতরাং অনাবশুক বোধে জ্ঞানার্থী সাধক কাম্য-কর্ম ত্যাগ করিতে পারেন। কিন্তু নিত্য কর্ম ত্যাগ করা কিছুতেই উচিক নয়। সাধক চান মোক্ষ, এবং একমাত্র তত্ত্তান হারাই মোক পাভ হয়। কিন্তু সহল বিচার করিলেও চিত্ত ভদ না হইলে আত্মতত্ব কিছুতেই উপলব্ধ হয় না। জন্ম জন্মান্তবের সংস্থার রাশি চিত্ত দর্পণে এমন দৃঢ়ভাবে সংলগ্ন হইয়া আছে যে, এই সমস্ত সংস্কার দুরীভূত হইয়া চিত্ত দর্পণ পরিমার্জিত না হইলে যথার্থ ধ্যান বা প্রকৃত বিচার কিছুতেই সম্ভব হয় না। ধ্যান করিতে বৃসিলে সহস্র সংস্থার মন্তক উদ্ভোলন করিয়া প্রতি মৃহূর্ত্তে ধ্যান ভঙ্গ করিয়া নেয়। এরূপ মলিন চিত্তে আত্মতত্ত্ব কিরূপে প্রতিফলিত হইবে । অবশ্য বিচার করিতে কারতে কামনা বাসনা অনেকটা অপগত হইয়। যায় বটে; কিন্তু নিজেই চিন্তা করিয়া দেখ, এমন অনেক বিষয় আছে, যাহা বিচার করিলে একান্ত অকিঞ্চিৎকর ও হেম বলিয়াই প্রতিপন্ন হয়, তথাপি তাহার প্রতি আসন্তি কিছতেই কমিতে চায় না। চিত্তে ঐ বাদনা ৫ ভই বন্ধমূল থাকে যে, বিচারে উহা পরিত্যান্ধা বলিয়া স্থির হইলেও কিছুতেই বেন উহা হইতে নিবৃত্ত হওয়া যায় না। এই সময়ে বাসনার হতা হটাকে নিজকৈ পাইলার একমাত্র উপায় নিত্য কর্ম্মের অন্তর্গান। মাহ্রষ যথন কর্ম না করি থাকিতেই পারে না, কোন-না-কোন কর্ম তাহাকে করিছেই দ্ব তথন এই সমস্ত নিত্যকর্মের কোন বিশেষ ফল না থাকায় নিরাক্ষ ভাবে অন্তর্গিত হয়; স্বতরাং নিজামভাবে কর্ম করিতে করিছে দ্বিক্রমশাই শুদ্ধ হইয়া আসে। সাধকমাত্রেই নিজ নিজ জীবনে টা প্রত্যক্ষ করিয়াছেন যে, নিত্য কর্মের অন্তর্গান দারা চিত্তাহি দ্ব আর বিশুদ্ধতিত্তেই আত্মতত্ব প্রতিফলিত হইতে পারে। হয়া দেখা গেল, নিত্যকর্মের অন্তর্গান করিলে চিত্তগুদ্ধি হয় এবং চিত্তাই তত্বজ্ঞান লাভ হয়। স্বতরাং পরস্পরাক্রমে

অগ্নিহোত্রাদি তু তৎ-কার্য্যায় এব, তদর্শনাৎ॥ ১৬।

অগ্নিহোত্ত প্রভৃতি নিত্যকন্ম [অগ্নিহোত্তাদি] জ্ঞানের ফল বেক্টের জন্ম [তৎকার্য্যায়ৈব] বিহিত; কারণ শ্রুতিতে দেইকে দেখা যায় [তদর্শনাৎ]। শ্রুতি বলেন, "ব্রাহ্মণেরা বেদপাঠ, ফল, দ্দ্র ইত্যাদি সৎকর্মের দারা তাঁহাকে জ্ঞানিতে ইচ্ছা করেন," (হৃত্যু হব)। স্তরাং জ্ঞানাথী কখনও নিত্যকর্ম পরিত্যাগ করিছে না। অবশ্র জ্ঞান লাভ হইলে যথন তিনি আপনাকে অকর্ছা করেন, তখন তাঁহার কোনরূপ কর্মই থাকে না, কিন্তু যতদিন অক্টাই ক্ষ্তুত্ব জ্ঞান থাকে, ততদিন অগ্নিহোত্তাদি অবশ্রই ক্ষ্তুত্ব স্থান থাকে, ততদিন অগ্নিহোত্তাদি অবশ্রই ক্ষ্তুত্ব স্থান

শিশু। জ্ঞানীর মৃত্যুকালে "পুত্রগণ তাহার ধন-স্কর্ম মিজগণ তাহার পুণা এবং শক্ররা তাহার পাপ প্রাপ্ত হয়"— র্ছার শাখাবিশেষে এই যে বাক্য আছে, ইহা কোন্ পুণাকে লকা হরি বলা হইয়ছে ?

গুৰু। অতঃ অন্যাপি হি একেষাম্ উভয়োঃ॥ ১৭॥. পুর্ব্বোক্ত অগ্নিহোত্রাদি ভিন্ন যে সমস্ত সংকর্ম [অতোহগ্রাপি], তাহাই লক্ষ্য করিয়া কোন কোন শাখার [একেষাম] ঐ উক্তি। এ বিষয়ে জৈমিনি ও বাদরায়ণ উভয়েরই [উভয়োঃ] এক মত। অগ্নি-হোতাদি নিতাকর্ম ভিন্ন অভান্ত কাম্য কর্মের দারা জ্ঞানলাভের কোন সহায়তা হয় না: নিতাকর্মের কোনরপ ফল কামনা না পাকায় অনুষ্ঠিত নিতাকর্মের ফল কে ভোগ করে, এরূপ প্রশ্নই উঠে না। কাম্য কর্মের ফলদায়িনী শক্তি অব্যাহত বলিয়া উহার একটা ব্যবস্থা শ্রুতি এইভাবে করিতেছেন যে, জ্ঞানীর বন্ধুগণ তাঁহার পুণা ফলের ভাগী হয় এবং শত্রুগণ পাপ-ফলের ভাগী হয়। এরপ হওয়া অযৌক্তিক বা অস্বাভাবিকও নয়।

শিষ্য। আপনার উপদেশে বুঝিলাম যে, অগ্নিহোত্ত প্রভৃতি নিতা কর্মের অমুষ্ঠান করিলে সঞ্চিত পাপ ক্ষয় হইয়া চিত্ত শুদ্ধ হয় এবং দেই শুদ্ধ চিত্তে সহজেই আগোতত্ব প্রতিফলিত হয়। কিন্তু অগ্নিহোত্রাদি কর্ম হুই রকমের—এক উপাসনা সহিত, অপর উপাসনা রহিত। অগ্নিহোত্র যাগের বিবিধ অঙ্ক সম্পর্কে উপাসনার বিধান আছে, আবার উপাসনা না করিয়াও অগ্নিহোত করা যায়। একণে জিজ্ঞাসা করি, জ্ঞানার্থী কি জ্ঞানের সহকারী বলিয়া কেবল উপাসনায়ক অগ্নিহোত্রাদিই করিবেন, কি উপাসনারহিত অগ্নিহোত্রাদিও করিবেন ?

গুরু। উভয় প্রকারের অগ্নিহোত্তাদিই তাঁহার করা উচিত।

যদেব বিদ্যয়া ইতি হি॥ ১৮॥

যেহেতু [হি] শ্রুতি বলেন যে [ইতি] ''যাহা বিদ্যা বা উপাসনার সহিত [যদেব বিদ্যয়া] অনুষ্ঠিতহয়, তাহা অধিক বীৰ্ঘ্যশালী

হয়" (ছা: ১. ১. ১০)। ইহার তাৎপর্য্য এই যে, উপাসনার সহিত অগ্নিহোতাদি করিলে শীঘ্র শীঘ্রই চিত্তত্তি হয়, আর কেবল অগ্নিহোত্রাদি করিলে একটু দেরীতে হয়। উপাসনারহিত অগ্নিহোত্রাদি করিলে কোনই ফল হয় না, ইহা শাস্ত্রের অভিপ্রায় নয়। বরং শ্রুতি সাধারণভাবে সমস্ত নিত্যকর্মের অন্তর্গানই করিতে উপদেশ দিয়াছেন। স্থতরাং উভয়বিধ অগ্নিহোত্রাদিই সাধক অমুষ্ঠান করিবেন।

এই পর্যান্ত আলোচনায় স্থির হইল যে, জ্ঞানীর সর্কবিধ সঞ্চিত পাপ-পুণা ক্ষয় হইয়া যায়। এক্ষণে যে সমস্ত কর্মা ফলপ্রদান করিতে আরম্ভ করিয়াছে (প্রারন্ধ) তাহার কি হয়, স্বত্রকার তাহাই বলিতেছেন—

ভোগেন তু:ইতরে ক্ষপয়িত্বা সম্পদ্যতে॥ ১৯॥

যে সমস্ত পাপ ও পুণ্য আরম্ভ হইয়াছে, তাহা [ইডরে] ভোগের দারা [ভোগেন] ক্ষয় করিয়া [ক্ষপয়িতা] জ্ঞানী ব্রহ্মসম্পন্ন হন [সম্পদ্যতে]. অর্থাৎ ব্রহ্মাহ হইয়া যান। এ সম্বন্ধে বিস্তৃত আলোচনা পূর্ব্বেই করা হইয়াছে, এম্বলে কেবল স্ত্রুটীর ব্যাথা করা গেল।

চতুৰ্থ অধ্যায়

দ্বিতীয় পাদ

শিষা। গুরুদের। **জীব মৃত্যুকালে কিভাবে দেহ হইতে বহির্গত** হয়, তাহা জানিতে **আমার বড়ই কৌতৃহল হইতেছে। কুপা করিয়া** বলুন।

७कः। छन। युष्)काल व्यथमणः

বাক্ মনসি দর্শনাৎ শব্দাৎ চ॥১॥

বাক্ব্যাপার, অর্থাৎ বাক্ নামক ইন্দ্রিয়ের ক্রিয়া (বাক্য, কথা বলা) [বাক] মনে [মনিস] লয় প্রাপ্ত হয়, কারণ সেইরপই দেখা যায় [দর্শনাৎ] এবং [চ] এ বিষয়ে শুভির প্রমাণও আছে [শলাৎ]। মৃত্যুকালে দেখা যায় যে, প্রথমে বাক্রোধ হয়, কিন্তু তথনও মনের ক্রিয়া চলিতে থাকে, সেইজ্বন্ত মৃম্ধ্রাজিক আকারে ইপিতে মনের ভাব প্রকাশ করিতে চেষ্টা করে। শ্রুডি বলেন, শুম্ধ্রাজির বাক্ মনে লয়প্রাপ্ত হয়, মন প্রাণে, প্রাণ তেজে, তেজ পরম দেবভায় বিলীন হয়" (ছাঃ ৬.৮.৬)।

শিষ্য ৷ আচ্ছা, এম্বলে বাক্ বলিতে কি বাগিন্দ্রিয় বুঝাইতেছে, না বাক্যমাত, অর্থাৎ ইন্দ্রিয়ের ব্যাপার মাত্র গ

ওফ। ইন্দ্রিরে ব্যাপার বাক্যই ঐ শ্রুতির অভিপ্রেত। দেখ, যে বস্তু যাহা হইতে উৎপন্ন হয়, সেই বস্তু কেবল ভাহাভেই বিলীন হইতে পারে। অর্থাৎ উপাদান কারণেই কার্যের লয় इय। यन वाशिक्तिरवत्र উপानान नग्न, कारकहे मरन वारकत्र नग्न इस्यात व्यर्थ-वादकात लग्न इस्या, वाशिक्तियत लग्न इस्या नरह। বুজির (ব্যাপারের) আবির্ভাব ও লয় উপাদান ছাড়া অক্সত্রও হইতে পারে। যেমন অগ্নি কাঠে আবিভৃতি হয়, আবার জলে লয়প্রাপ্ত হয়। স্থতরাং বাক-বৃত্তি বাকাই মনে লয় হয়। শ্রুতির ইহাই তাৎপর্য।

অতএব সর্ব্বাণি অনু ॥ ২ ॥

পর্ব্বোক্ত কারণেই [অতএব] অক্তাক্ত ইন্তিয়ও [সর্বাণি] পর পর [অফু] মনে প্রবেশ করে। অর্থাৎ বাগাদি সমন্ত ইন্দ্রিয়ই আপন আপন বুত্তি (-ব্যাপার-কথন, ভাবণ, দর্শন, গন্ধগ্রহণ, আস্বাদন, স্পর্শ) হারাইয়া মনে প্রবেশ করে।

তম্মনঃ প্রাণে উত্তরাৎ ॥৩॥

পুর্বোদ্ধত শ্রুতির শেষ অংশ হইতে [উত্তরাৎ] জানা যায় হৈ সেই মন [তন্মন:] আবার প্রাণে [প্রাণে] প্রবেশ করে। এছলেও মনের বৃত্তিই সমন্ত ইন্দ্রিয়বৃত্তিসহ প্রাণে প্রবেশ করে—এইরূপ অর্থই গ্রহণ করা উচিত। মনের স্বরূপ প্রাণে লয় হয় না। কারণ, প্রাণ মনের উপাদান নহে।

সঃ অধ্যক্ষে তৎ-উপগমাদিভাঃ ॥৪॥

'জীবের নিকট গমন', 'ভাহার অমুসরণ' ও 'ভাহাতে অবস্থান'— এইরপ #তিবাক্য হইতে [তত্বপগ্নাদিভা:] জানা যায় যে, সেই প্রাণ [স:] দেহেন্দ্রিয়াদির প্রভু জীবে [অধ্যক্ষে] প্রবেশ করে। শ্রুতি বলেন, "মৃত্যুকালে প্রাণসকল জীবের নিকট গমন করে"। "জীব দেহতাগৈ করিবার সময় প্রাণ্ড তাহার অন্থসরণ করে" (বৃ: ৪.৪.২)। "মুল্য প্রাণ দেহ হাড়িয়া যাইতে আরম্ভ করিলে অন্থান্থ ইন্দ্রিয়ন তাহার অন্থসামী হয়" (বৃ: ৪.৪.২)। "মৃত্যুকালে জীব ভাষী দেহের অন্থরপ ভাষনাবিশিষ্ট হয়।" এই সমস্ত শ্রুতি হইতে জানা যায় যে, মৃত্যুকালে ইন্দ্রিয়, মন, প্রাণ সকলেই নিজ নিজ বৃত্তিরহিত হইয়া জীবাত্মাতে যাইয়া মিলিত হয়।

শিষ্য। আপনি বলিলেন, প্রাণ জীবাত্মায় প্রবেশ করে; কিন্তু অন্ত শ্রুতি ত বলিয়াছেন যে, প্রাণ তেজে (প্রাণঃ তেজ্পি) মিলিড হয়। ইহার সামঞ্জু কি ?

গুরু। বংস ! আমি যে সমস্ত শ্রুতি-বাক্য উদ্ধৃত করিয়াছি, তাহা হটতে নিঃসন্দেহ প্রমাণিত হইতেছে যে, প্রাণ জীবাত্মায় প্রবেশ করে। কিন্তু "প্রাণঃ তেজসি"—

ভূতেযু অতঃ শ্রুতঃ॥৫॥

এই শ্রুতির সহিত সামঞ্জন্ম করিলে [অতঃ শ্রুতেঃ] বলিতে হইবে যে, প্রাণসংযুক্ত জীব তেজ প্রভৃতি ক্ষুভৃতে [ভৃতেষু] অবস্থান করে। "প্রাণঃ তেজসি," এই শ্রুতির অর্থ কেবল প্রাণ তেজে অবস্থান করে, এইরূপ করিলে পূর্বোক্ত শ্রুতির সহিত বিরোধ হয়। কিন্তু প্রথমে প্রাণ জীবে প্রবেশ করে, পরে সেই প্রাণসংযুক্ত জীব তেজ প্রভৃতি ভৃতক্তিম অবস্থান করে, এরূপ অর্থ কবিলে উভয় শ্রুতিরই একটা সামগ্রুত্ম হয়। যে ব্যক্তিকালি হইতে গ্রায় ও গ্রা হইতে বৈদ্যানাথ যায়, তাহার সম্বন্ধে যদি বলা হয় যে, সে কালি হইতে বৈদ্যানাথ যাইতেছে, তাহাতে কোন দোষ হয় না।

শিষ্য। আচ্ছা, 'প্রাণঃ তেদ্দি' এই শ্রুতি ও ৪ স্ত্রে উদ্ধৃত শ্রুতির সামঞ্জ হইতে বুঝিলাম যে, প্রাণসংযুক্ত জীব ভেজে অবস্থান করে। কিন্তু আপুনি শুধু তেজানা বলিয়া তেজ প্রভৃতি পঞ্-ভূতের স্ক্রাংশে অবস্থান করে, এরূপ বলিলেন কেন ?

গুরু। দেখ, জীব যুখন এক শরীর ত্যাগ করিয়া অস্ত শরীর গ্রহণে উদ্যুত হয়, তথন

ন একস্মিন্দর্শয়তঃ হি॥৬॥

কেবলমাত্র একটি ভূতস্ক্ষে অর্থাৎ তেজে [একস্মিন্] অবস্থান करत ना िन ो, পत्र अमूनाय ভূতেরই স্মাংশে অবস্থান করে। কারণ [হি] শ্রুতি ও শ্বৃতি উভয়েই এইরূপ প্রদর্শন করিয়াছেন [দর্শয়তঃ]। শ্রুতি উভয়েই বলেন যে, জীব নৃতন শরীর ধারণ কালে পঞ্চতের স্ম্মাংশেই অবস্থান করে, অর্থাৎ, দেই সমন্ত সূন্ধাংশ আশ্রয় করিয়াই থাকে। "প্রাণঃ তেজসি" এই বাক্যে ষে কেবল তেজের উল্লেখ করা হইয়াছে, তাহার কারণ—ঐ স্থম ভূত-সমষ্টিতে তেজের ভাগ কিঞাৎি অধিক (ব্রঃ সুঃ ৩. ১.২ দুইব্য)।

শिष्ठ। अक्रुप्तिव ! এই যে দেহত্যাগ প্রণালী, ইহা কি জ্ঞানা অজ্ঞানী উভয়েরই একরূপ ?

গুরু। বৎস! জ্ঞানীরও হুইটা শ্রেণী আছে। এক-সগুণ ব্রহ্মের উপাসক, অপর—নিগুণ ব্রহ্মের উপাসক। কেহ কেহ ব্রহ্মকে সর্ব্বকাম, সর্ব্বগন্ধ, সর্ব্বরস ইত্যাদি অশেষ গুণের আধার্রপে উপল্কি করিয়া দেহত্যাগ করেন। কেহ বা ব্রহ্মকে সুল নহেন, সুন্ম নহেন— এইভাবে সর্বগুণের অতীতরূপে উপলব্ধি করেন। সগুণ উপাসক

আপনাকে পৃথক বলিয়াই জ্বানেন। আর নিওপি উপাসক আপনাকেই এখারূপে অহুভব করেন। ইহারা উভয়েই জ্বানী বলিয়া কথিত ২ন। তবে নিওপি এখা জ্ঞানীর বিষয় পরে বলিব। এক্ষণে স্থেশ এক জ্ঞানীর দেহ ত্যাগের বিষয় বলিতেছি।

কি সভগ এল জানা, কি অজ্ঞানী মৃত্যুকালে উভয়েরই বাক্ মনে,
মন প্রাণে প্রাণ জাবাত্মায় প্রবেশ করে। তার পর অজ্ঞানী ভবিষাৎ
দেহেব বাজ ২৬ণ প্রভৃত আগ্রয় করিয়া কর্মের প্রেরণায় চ্লেক্সান্তের ক্রেক্সলেল ক্রেল্ড অগ্রয়র হয়। কিন্তু জ্ঞানী দেহান্তর গ্রহণের পথে অগ্রয়র হন না, তিনি স্বযুগ্রা-নাভা-রূপ খার দিয়া দেহ হইতে বহির্গত হট্যা চ্লেল্কালাক্র স্থানে প্রের্জালাকের উদ্দেশ্যে অগ্রসর হন। (এ বিষয়ের বিশেষ বিবরণ পরে দিব)। জ্ঞানী ও অজ্ঞানীর এই ভইটা পথ।

সমানা চ আস্ততি-উপক্রমাৎ

এই পথ গ্রংগের প্র প্যান্ত [আব্তুন্নক্ষাই] উভয়ের দেহত্যার প্রণালী একই প্রকার [সমানা]। অথাই জ্ঞানীর ও অজ্ঞানীর তায় বাক্মনে, মন প্রাণে, প্রাণ ভূতবৃদ্ধান্তিত জীবে সম্প্রিভ হইয়া থাকে। ভারপর অজ্ঞানী শরীরের যে কোন ছার দিয়া দেহ হইতে নিগত হয় এবং দেহাতার গ্রহণের পথে অগ্রসর হয়; আর জ্ঞানী স্ব্যান্নাড়ী ছারা উদ্বামী ইইয়া দেবধান পথ অবস্থন করে এবং প্রসালেক উপনীত হয়।

শিষা। কিও জ্ঞানা "হযুদা-নাড়ী দারা উদ্ধ্যামী হইয়া 'অমৃতত্ব' লাভ করেন"—এই শুতিবাক্যে ত জ্ঞানী 'অমর' হইয়া যান, এইরূপ ক্লাই বলা হইয়াছে। স্বত্রাং জ্ঞানীর স্বার পুনর্জনা হয় না। আর, 'অমৃতত্ব' অর্থ নিজের চির্সিদ্ধ নির্বিকার অবস্থা—তাহা ত একস্থান হইতে স্থানান্তরে গিয়া লাভ করিতে হয় না। স্থতরাং জ্ঞানী াক জন্ম স্কাভত আশ্রেয় করিবেন, কি জন্মই বা পথারোহণ করিবেন ?

গুরু। দেখ, যিনি ব্রহ্মকে অশেষ গুণের আধার পুরুষবিশেষ বলিয়া অবগত হইয়াছেন এবং আপনাকে তাঁহার সহিত অভিন বলিয়া উপলব্ধি করেন নাই, নিশ্চয়ই তাঁহার কামনা বাসনার নিঃশেষ হয় নাই, অস্ততঃ সেই পুরুষবিশেষের সান্নিধ্য লাভের আকাজ্জা তাঁহার আছে। যেহেতৃ তিনি

অমৃতত্বং চ অনুপোষ্য ॥৭॥

সমস্ত কামনা বাসনা নিংশেষে দগ্ধ করিয়া [অহুপোষ্য] দেহত্যাগ করিয়া যাইতে পারেন না, দেহভত্ত তাঁহার যে 'অমৃতত্ব' [অমৃতত্বঞ্চ] তাহা আপেঞ্চিক। অবশু অজ্ঞানীর স্তায় তাঁহার আর পুনর্জন্ম হয় নাঁ সতা, কিন্তু তিনি মৃতার পর ব্রন্ধলোকে গমন করিয়া দেখানকার ঐশ্বর্য ভোগ করেন এবং যতকাল প্যান্ত ব্রহ্মা ব্রহ্মাণ্ডের উপর আধিপত্য করিবার জন্ম নির্দিষ্ট আছেন, ততকাল ব্রন্ধলোকেই অবস্থান করিয়া অস্তে ব্রহ্মার সহিত মুক্ত হন। তিনি যে বর্ত্তমান দেহতাাগ-মুহুর্ত্তেই প্রাকৃত অমরত লাভ করেন, তাহা নহে। স্থৃতরাং তাঁহার অমরত্ব আপেক্ষিক, অর্থাৎ অজ্ঞানীর মত তাঁহার পুনর্জন্ম হয় না, এইমাতা। শ্রুতিও বলেন, 'তিনি উদ্ধ্রামী হন ও (পরে) অমর্থ লাভ করেন'। আর এই গমন-ক্রিয়া কোন একটী আশ্রয় ব্যতীত হইতে পারে না। স্থতরাং সগুণ ব্রহ্মজ্ঞানী ভৃতসূক্ষ আশ্রম করিয়া পথারোহণ করেন-এবিষয়ে সন্দেহ নাই।

শিষ্য। গুরুদেব! প্রথম স্ত্রের ব্যাখ্যাপ্রসঙ্গে আপনি যে ফ্রান্ড বাক্য উদ্ধৃত করিয়াছেন, তাহাতে বলা হইয়াছে যে, 'তেজ্ব পরম দেবতায় বিলীন হয়'। পরবর্ত্তী বিচারে ব্যালাম যে, জীব সমস্ত ইন্রিয়, মন ও প্রাণের সহিত তেজ প্রভৃতি স্ক্রভৃতের আশ্রয় করে (এই অবস্থাটাকে জীবের লিঙ্গাদেহ বলা হয়) এবং পরম দেবতায় লীন হয়। আছো, এই যে পরম দেবতায় লীন হওয়া, একি তাঁহার সহিত একেবারে এক হইয়া যাওয়া? অর্থাৎ জীব কি তথন আপন ব্যক্তিত্ব (Individuality) হারাইয়া পরব্রক্ষই হইয়া যায় ? না, বাজরুপে তাঁহার ব্যক্তিত্ব অব্যাহত থাকে ?

গুরু। না, মরণে জীবের লিঙ্গদেহ প্রমাত্মার সহিত একেবারে এক হইয়া যায় না, কিন্তু

তৎ আ-অপাতেঃ সংসারব্যপদেশাৎ॥৮॥

তাহা অর্থাৎ দেই লিপ্দেহ [তৎ] যতদিন না যথার্থ জ্ঞান প্রভাবে মোক্ষলাত হয়, ততদিন পর্যান্ত [আপীতেঃ] অবস্থান করে, একেবারে পরমাত্মার সহিত একীভূত হইয়া যায় না; কারণ সমাক্ জ্ঞান না হওয়া প্যান্ত সংসার চলিতে থাকে, শ্রুতির ইহাই নির্দেশ [সংসারবাপদেশাৎ]। যথার্থ আত্মজ্ঞান না হইলে যথন সংসার নির্ভ হয় না, তথন মরণেও নিশ্চয় লিপ্দেহ বর্তমান থাকে। যদি মরণেই জীব পরমাত্মার সহিত একবারে অভিন্ন হইয়া যাইত, তবে সাধন-ভজনের আর কি প্রয়োজন ছিল ? তাহা হইলে যে সমস্ত শাস্ত্রই বার্থ হইয়া যায়! আর সংসার-বন্ধন অজ্ঞানের কল, জ্ঞান বাতীত কিসে তাহার অবসান হইবে ? স্থতরাং গভীর নিদ্রায় যেমন জীব পরমাত্মার সহিত একেবারে অভিন্ন হইয়া যায় না, পরস্ক বীজন্ধপে তাঁহাতে অবস্থান করে, দেইরূপ মরণেও আত্যন্তিক বিলয় হয় না।

শিষা। মৃত্যুকালে জীব যথন লিঙ্গদেহ আশ্রেষ করিয়া দেহ হইতে বহির্গত হয়, তথন আমর। তাহা দেখিতে পাই না কেন ? আর অন্ত কোন দাকার পদার্থই বা তাহার গমনের পথ ক্লফ করে নাকেন ?

গুরু। এই প্র্যুন্ত বিচার করিয়া জ্ঞানা গেল থে, জীব মৃত্যুর পর লিঙ্গদেহ আশ্রয় করিয়াই আপন পথে অগ্রসর হয়।

সূক্ষ্মং প্রমাণতঃ চ তথা উপলক্ষেঃ।।৯।।

এইরপ ৃতথা বিদাতে [উপলক্ষেঃ বির হয় যে, ঐ লিঙ্গণরীর অতীব স্ক্ষ [স্ক্ষম্]। স্ক্ষতা আবার ছই ভাবে হইতে পারে—পরিমাণগত ও স্বরূপগত। পরিমাণ গত ঘেমন, এক সের জল অপেক্ষা আধসের জল স্ক্ষ, তাহা হইতে এক পোয়া স্ক্ষ, তাহা হইতে এক বিন্দু আরও স্ক্ষ, বিন্দু হইতে কণিকা আরও স্ক্ষ—এইভাবে পরিমাণ হিসাবে স্ক্ষতা বুঝা যাইতে পারে। আর স্বরূপগত, যেমন,—এক সের গঙ্গার ঘোলা জল অপেক্ষা কলের জল (পরিমাণে এক পুরুরও হউক না কেন) স্ক্ষ, তাহা অপেক্ষা পরিক্ষত জল আরও স্ক্ষ—এই ভাবে জলের জলত্থ হিসাবেও স্ক্ষতা বুঝা যায়। লিঙ্গ শরীরের যে স্ক্ষতা, তাহা পরিমাণ হিসাবেও প্রিমাণতঃ বিটে, আবার [চ] স্বরূপ হিসাবেও বটে। পরিমাণে অতি স্ক্ষ বালিয়া তাহা আমাদের দৃষ্টিগোচর হয় না। আর স্বরূপতঃ স্ক্ষ বা অতি স্বচ্ছ বলিয়া কোন মূর্ত্ত পদার্থ তাহার গতিরাধও করিতে পারে না।

ন উপমদ্দেন অতঃ ॥ ১• ॥

এটছরট [অত:] অধাং অতীব কৃষ্ম বলিয়াই সুদ শরীরের নাশে টিপ্যক্ষেন্] ইতার নাশ্ভত্য না [ন]।

ভারপর, সঞ্চীব শারীর স্পর্শ করিলে যে একটা ভাপ অহভূত হয়,

অস্য এব চ উপপত্তেঃ এষ উন্মা॥ ১১॥

সেই ভাপ [এয উন্না] এই লিক শরীরেরই [অসা এব], কারণ ভাষাই যুক্তিযুক্ত [উপপত্তে:]। দেখ, মৃতাবস্থায় সুল শরীর পড়িয়া থাকে, কিন্তু ভাষাতে ভাপ থাকে না। আমরা বলিয়াও থাকি যে, শরীর একেবারে হিম হইন্সা গিয়াছে, অভএব প্রাণ আর নাই। ক্রভিত্ত বলেন, "জীবিভাবস্থায় উষ্ণ, মন্তাবস্থায় শীতল।" স্কুড্বাং বৃদ্ধা যাইভেছে যে, শরীরের উষ্ণুডা সুক্ষ শরীরেরই।

শিষা। গুরুদেব। আপনার উপদেশে ব্বিলাম যে, অজ্ঞানী ও সভ্গ ব্লাজানী উভয়েই দেং ইইতে বহিগত ইইয়া আপন আপন গুপুৰা স্থানের উদ্দেশ্যে যাতা করে। নিশুণ ব্লাজানীর কি অবস্থা হয়, তাহা একাণে বলুন।

গুল। বংস! যিনি ব্রদ্ধকে সর্বাপ্তবের অভীতরপে অবগত হট্যাছেন এবং আপনাকে সেই ব্রদ্ধ হইতে অভিন্নরপে উপলব্ধি করিয়াছেন, তিনি ত পূর্ণকাম হট্যাছেন। তাঁহার ত কামনা বাসনার লেশ মাত্রও নাই। হতরাং তাহার দেহ হইতে বহির্গত হওয়া এবং স্থানাহরে যাওয়া উভয়ই নিশুয়োজন। তাঁহার প্রাণ দেহ হটতে বহির্গতও হয় না, এবং ডিনি স্থানান্তরেও যান না। প্রাণ তাঁহার দেহেই লয়প্রাপ্ত হয়। শ্রুতি প্রথমে অঞ্জানী ও সপ্তণ

ব্রন্ধোপাদকের দেহত্যাদের বর্ণনা করিয়া পরে বলিতেছেন, "এক্ষণে নিষ্কামীর কথা বলা ঘাইতেছে। যিনি সর্কবিধ কামনা-রহিত হইয়াছেন, যাঁহার সম্ভ কামনারই সিদ্ধি হইয়াছে, যাঁহার আত্মাতেই সমন্ত কামনার পরিসমাপ্তি হইয়াছে, তাঁহার প্রাণ উদ্যাত হয় না, তিনি ব্ৰহ্মই হন এবং ব্ৰহ্মেই লীন হইয়া যান" (বঃ ৪.৪.৬)। স্থভরাং দেখা গেল যে, নিগুণ ব্রহ্মজ্ঞানীর প্রাণ দেহ হইতে উদাত হয় না।

শিষা। কিন্তু আমার মনে হয়, তিনিও দেহ হইতে উদ্যাত হন। গুরু। কেন. শ্রুতি যে তাঁহার উদ্গমনের

প্রতিষেধাৎ ইতি চেং १—

निरंघ कतिमारहन, देश ७ এই माज रमशाहेनाम १

শিষা ৷ न. শाরীরাৎ॥ २॥

ना. ঐ अंछि भन्नीत २३७७ প্রাণের বহিগমন নিষেধ করেন না [न], किन्न गतीरतत्र मानिक य जीवाजा, ভाष्टा श्टेर्टिट [गातीतार] প্রাণ উপদত হয় না, এই অর্থ প্রকাশ করেন। দেখুন, এই শ্রুতিতে বলা হইয়াছে, "তাহার প্রাণ উদ্যাত হয় না।" অবশু তাহার বলিতে জীবাত্মাকেই বুঝাইতেছে; কিন্তু তাহার শরীর হইতে. কিংরা তাহা হইতেই, ইহা নিশ্চয় হয় না। তবে অন্ত এক শ্রুতি ম্পষ্ট করিয়াই বলিয়া দিয়াছেন যে, "তাহা অর্থাৎ জীবাত্মা হইতেই প্রাণ উলগত হয় না। প্রধম শ্রুতির অর্থ একটু সন্দেহযুক্ত, কিন্তু দিভীয় #ভের অর্থ খুব পরিকার। স্ক্রাং দিভীয় শ্রুতির সাহায়ে প্রথম 🖛 ভির এই অর্থই নির্কারিত হয় যে, নিগুর্ণ ব্রন্ধজ্ঞানীর প্রাণ জীৰাত্মা হইতে উপত হয় না, কিন্তু শরীর হইতে উদ্যাত হয়।

গুরু। দেখ, তুমি যে দিতীয় শ্রুতির অর্থ থুব স্পষ্ট বলিলে, কিন্তু স্পন্টঃ হি একেষামূ ॥ ১৩॥

কোন কোন শ্রুতির (একেয়াম) অর্থ (তাহা অপেকাও) ম্প্রু ম্প্রু: ় এবং সেই সম্প্ত শ্রুতিতে ম্প্রু করিয়াই বলা হইয়াছে যে, নিগুণ জ্ঞানীৰ প্ৰাণ দেহ হইতে উদ্গত হইয়া বাহিরে যায় ন্মা (বু: ৩.২.১১)। তোমার উল্লিখিত দিতীয় শ্রুতির অথও তত স্পষ্ট নয়, কিন্তু এই শ্রুতি প্রশ্নোতরচ্ছলে অতি স্পষ্ট করিয়াই বলিয়াছেন যে, দেহ হইতে প্রাণ উদগত হয় না। স্থতরাং এই অতি স্পষ্ট শ্রুতি অনুসারে পর্ব্বোক্ত দুইটি শ্রুতির তাৎপর্যাও যে উদ্যামনের নিষেধ, তাহা নিশ্চয় করা যায়। বিশেষ দেখ, ব্রহ্মজ্ঞ ব্যক্তির আত্মা দর্মব্যাপী ব্রন্ধভাবাপন্ন, তাহার কর্মরাশি সমূলে বিনষ্ট; স্বতরাং তাহার দেহ হইতে বহির্গত হওয়া কিংবা কোণাও গমন করা উভয়ই নিপ্রয়োজন।

স্মর্যাতে চ॥ ১৪॥

মহাভারতাদি মৃতিশাস্ত্রেও বলা হইয়াছে যে, প্রকৃত ব্রন্ধজ্ঞের দেহ হইতে উদ্যামন বা পরলোক গমন হয় না। (পরলোক গতি সম্বন্ধে পরে বিশেষভাবে বলিব)।

শিষা। আচ্ছা, পরবন্ধজানীর ইন্দ্রিয়, মন, প্রাণ ও ভৃতস্ক্র দেহ इटें एक निकास हम ना वृत्रिनाम । किन्न दम्भ नि के हम १

তানি পরে, তথাহি আহ॥ ১৫॥

সেগুলি [তানি] পরপ্রক্ষেই [পরে] বিলীন হইয়া যায়, যেহেতু [হি] শ্রতি সেইরপই [তথা] বলেন [আহ]। শ্রতি বলেন, "এইরপে

যিনি আত্মদর্শন করেন, তাঁহার ধোল কলা (পঞ্চ জ্ঞানেনিয়ি + পঞ্চ কর্মেনিয়ে + মন + দেহবীজ পঞ্চ ভূতস্থা = ১৬) প্রমপুরুষকে প্রাপ্ত হুইয়া অন্তগ্যন করে" (প্রঃ ৬.৫)।

শিষ্য। কিন্তু অন্ত শ্রুতি ত বলেন যে, এই সমস্ত কলা (অংশ, উপাদান, ingredients) নিজ নিজ প্রকৃতিতে লয় প্রাপ্ত হয় ?

শুক্র। ই্যা, ঐরপ শুভি আছে সভ্য, কিন্তু উহা ব্যবহারদৃষ্টিতে। জ্ঞানীর প্রমার্থাদৃষ্টিতে প্রমাত্মাতেই সমস্ত কলার লয় হয়। এই যে লয় হওয়া, ইহা কিরপ ?—এক টুকরা লবণ জলে লয় হইয়া যায়য়, এরপ মনে করিও না। সাধারণ দৃষ্টিতে সেইরপই মনে হইতে পারে। কিন্তু প্রমার্থ দৃষ্টিতে এই লয় কিরপ, যেমন একগাছি দড়িতে যথন সর্পের ভ্রম অপগত হয়য়, তথন যেমন সেই মিথা৷ সর্প দড়িতেই প্র্যাব্দিত হইয়া য়য়য়, সেই প্রকার ব্রহজ্ঞের দৃষ্টিতে তাঁহার ষোড়ণ কলা, এমন কি ষাবতীয় দৃশ্য বস্তুই, ব্রেফা প্র্যাব্দিত হয়।

শিষ্য। আচ্ছা, ব্রক্ষজ্ঞের এই যে কলা লয়, ইহা কি একেবারেই ব্বেক্সের সহিত এক হইয়া যাওয়া, না তথনও শক্তিরূপে, বীঙ্গরূপে— ব্রুক্ষেতে অপ্রকাশিতরূপে—অবস্থান করা ?

গুরু। কলাসমূহ তথন শক্তিরপেও অবস্থান করে না, পরস্ত বংশার সহিত

অবিভাগঃ বচনাৎ ॥ ১৬ ॥

একেবারে অভিনই হইয় যায় [অবিভাগঃ] : যেহেতু, শুতি তাহাই বলেন [বচনাৎ]। শুতি বলেন, "তথন আর তাহাদের নিজস্ব নামরূপ বলিয়া কিছু থাকে না, তাহারাও ব্লা—এইরূপই বলা

হয়" (প্র: ৬.৫)। অজ্ঞান হই তেই এই সব কলার কল্পনা, সেই অজ্ঞানের নাশ হওয়ায় ভাষাদের কোনরূপ অভিতই সম্ভব হয় না।

বিল্লা ওকদেব। আপুনার উপদেশে ব্যিলাম যে, নিজুণ অঞ্জানীৰ দেহ হইতে নিজ্মণ হয় না, এবং অজ্ঞানী ও স্থাবলকানী উভয়েই দেহ ১ইকে বহিগত ১ইছা আপন আপন বাসনামুঘায়ী चिक्तिले लाज भाग काता भाष्ट्रा, अहे त्य त्वह इहेट्ड निक्कमन. ইহা কি শ্বাবের যে কোন ভান দিঘাই হয় প

ওল , শতি বলেন, "তীৰ সৃত্যকালে হয় চকু, না হয় ব্ৰহ্মবন্ধা, না হয় এটা কোন স্থান দিয়া বাহির হইয়া যায়" (বঃ 6.৪.৩). অল্লাই ছাই যে কোন দেইছিছ ধারাই নিগত ইইতে পাৰে। ভবে সপ্ত এগজানীর একট বিশেষ **আছে। তিনি যে-কোন** দেহজার দিয়া বহিগতি হন না স্বাকালে জীব সমুদায় ইঞ্জিয় মন ও প্রাণ আত্মশত করিয়া জদয়ে আত্মন করে। জদয় চুইতে বল্ল নাড়া নানা দিকে প্রস্ত আছে। সদয়ে আগমন করিবার লবু, জাব ভলিয়াতে কি হইবে, সাহার **একটা সম্পন্ত ক্ষরণ হয**় ্ত্রং ক্ষেপ্ত জীবের, যাব যেরপ ভাব, ছদমূরপ একটা ভাবনাম্য ক্ষার্থ কেই ট্রপর ব্যক্ত অর্থাৎ মন্ত্রুষা ; ইইবার যোগ্য কর্ম প্রবল ইইলে প্রনান্ধ জীরভাবে ভাবিজে খাকে যে, সে মন্ত্রা; বাাছাদি ইইবার ্যালা কথা প্ৰবল থাকিলে ভাবিতে থাকেয়ে সে ব্যাছাদি। এইরূপ ভীব ভাবনাখাবা নাড়ীমুখ আলোকিত হয় এবং সেই নাডীপথে দে নিগত হয়। এই নাড়ীমুধ আলোকিত হওয়া প্রয়ন্ত জ্ঞানী ष्यकानी উভয়েবই এক অবস্থা। পূর্বে বলিয়াছি, अन्य হইতে বহু নাড়ী প্রস্ত হইয়াছে। তাহার মধ্যে একশত একটি প্রধান

এবং উহার মধ্যে একটি নাড়ী ব্রহ্মরন্ধ পর্যান্ত প্রসারিত আছে, উহার নাম সুস্থুক্রা নাভী; অপরগুলি চক্ষ্, মুখ, নাসিকা ইত্যাদি স্থানে গিয়া শেষ হইয়াছে। অজ্ঞানীরা এই সমস্ত নাড়ীপথে চক্ষরাদি দ্বারা বহির্গত হইয়া যায়। কিন্তু মৃত্যুকালে

তৎ-ওকঃ-অগ্রজ্জনং তৎ-প্রকাশিত-দারঃ বিদ্যা-সামৰ্থ্যাৎ তৎ-শেষ-গতি-অনুস্মৃতিযোগাৎ চ হাদ্দানুগহীতঃ শতাধিকয়া॥ ১৭॥

উপাসকের অর্থাৎ সগুণত্রস্বজ্ঞানীর হৃদয়রূপ আবাসম্বানের নাড়ীমুখ প্রজ্ঞালিত হয় [তদোকোহগ্রজ্ঞলনম, তৎ = তাঁহার, ওক: = আবাস-शान क्राय, व्या = नाड़ीम्थ, बनन = डावी क्रावत क्रावती, शास তাঁহার জ্ঞান প্রভাবে [বিভাসামর্থাৎ] স্বযুদ্ধা নাড়ীছার প্রকাশিত হইয়া তিনি তিৎপ্রকাশিত দার: বিষ্টু নাড়ীপথে অধ্বয়দ্ধ ভেদ. করিয়া যান; কারণ, জ্ঞানের অঞ্চীভূত সুধুমা নাড়ীছারাই তাঁহার গতি [তচ্ছেষগতি] হওয়া স্বাভাবিক, কেন-না, জীবনে তিনি পুন: পুন: ভাহারই (স্ব্রার) অনুশীলন করিয়াছেন [অনুস্বতি-যোগাং], এবং সেইজন্মই হ্রদয়স্থ ব্রন্ধের (বাঁহাকে ভিনি উপাসনা এক শতের অধিক যে নাড়ীটি অর্থাং স্থ্যা, ভ্রারা [শতাধিক্যা] দেহ হইতে নিক্ৰান্ত হন।

হৃদয় হইতে প্রস্ত স্থ্য়া নাড়ীর অফুশীলন করা উপাসনার একটি অন্ব। উপাদক আমরণ তাহার অহশীলন করাতে মৃত্যুকালে সেই পরিচিত পদ্বাই অনুসর্গ করেন। এবং তাঁহার জ্ঞানের প্রভাবে সেই পথটা তিনি দেদীপ্যমান দেখিতে পান। হৃদয়প্রদেশে ত্রন্ধের উপাদনাদারা সাধক ত্রন্ধভাবাপন্ন হইয়া তাঁহারই কুপায় স্থুমানাড়ী পথে ব্রহ্মরন্ধ ভেদ করিয়া ব্রন্ধলোকে গমন করেন।

তারপর ছান্দোগ্য উপনিযদে (৮.৬.১) বলা হইয়াছে যে. এই স্ব্যানাড়ীর সহিত স্থারশির একটা যোগ আছে. এবং উপাসক স্থ্যানাড়ী-পথে ব্লৱন্ধ প্রয়ন্ত গমন করিয়া দেই

রশ্মি-অনুসারী।। ১৮।।

স্থারশ্মি অবলম্বন করিয়া উদ্ধৃগামী হন।

শিষ্য। কিন্তু রাত্রিতে সূর্য্যের কিরণ থাকে না। কোন উপাসক যদি

নিশি ন ইতি চেৎ १—

রাত্রিতে [নিশি] দেহত্যাগ করেন, তবে ত তাঁহার রশ্মি অনুসরণ ं করাসম্ভব হয় নানি]—এরপ যদি [ইতি চেৎ]বলি ?

জ্ঞ। ন, সম্বন্ধস্য যাবৎ-দেহভাবিত্বাৎ, দর্শয়তি চ।।১৯॥ না, দেরপ বলিতে পার না নি ; কারণ, নাড়ীর সহিত সুর্যারশির সম্পর্ক যতকাল শরীর আছে, ততকালই থাকে সম্বন্ধশু যাবদেহ-ভাবিত্বাৎ], শ্রুতিও সেইরূপই প্রদর্শন করিয়াছেন [দর্শয়তি চ]। দেথ, রাত্রে যে সূর্যাকিরণ একেবারেই লুপ্ত হইয়া যায়, এমন বলিতে পার না। আকাশ মেঘাচ্ছন্ন হইলে সুর্য্যকিরণ লক্ষ্য হয় না, কিন্তু তাহা হইলেও তথন সুর্যাকিরণ অবশ্র থাকে। গ্রীম্মকালের রাত্রে যে গ্রম বোধ হয়, সে কি সুর্য্যের তাপে নয়? রাত্রেও স্থ্যকিরণ থাকে, তবে খুব সামাগ্র ও ফুল্ল ব্লিয়া আমরা

লক্ষ্য করিতে পারি না। শ্রুতি বলেন, "স্বিত্দের রাত্তেও কির্ণ বিতরণ করেন।" স্থতরাং রাজে মরিলেও রশ্মি অনুসরণের বাধা হয় না। আর রাতে মরিলেই যদি জ্ঞানী উর্ন্নগামী হইতে না পারেন, ভবে ত জ্ঞানই বুথা হইয়া পড়ে। কে কখন মরিবে, তাহার স্থিরতা কি গ

অতশ্চ অয়নে অপি দক্ষিণে।। ২০।।

चात, श्राट्यू मत्रागत कान निर्मिष्ठ ममय नाष्ट्रे धवः छात्नत कनख অবশুম্ভাবী, সেই হেত [অতশ্চ। দক্ষিণায়নে [অয়নেহপি দক্ষিণে] মরিলেও উপাদকের উপাদনার ফল প্রাপ্তিতে কোন বাধা হয় না।

শিষ্য। কিন্তু ভীম্ম যথন শরশ্য্যায় শায়িত হইলেন, তথন দক্ষিণায়ন বলিয়। তিনি দেহত্যাগ করিলেন না. উত্তরায়ণের জন্ম অপেকা করিতে লাগিলেন। ইহাতে মনে হয়, দক্ষিণায়নে দেহত্যাগ করিলে অধোগতি হয়।

গুরু। না, বৎস ! তাহা হয় না। অবশু উত্তরায়ণে মরা প্রশস্ত বটে, কিন্তু জ্ঞানীর কি উত্তরায়ণ, কি দক্ষিণায়ন উভয়ই সমান। তবে ভীম্মের উদ্দেশ ছিল আচার পালন ও পিতদত্ত বর ইচ্ছামরণ প্রদর্শন করা।

আর, দেবযান পথের বর্ণনা প্রসঙ্গে শ্রুতি যে উত্তরায়ণের উল্লেখ করিয়াছেন, তাহার তাৎপর্য্য "আতিবাহিকা—৪.৩.৪" সূত্রে বলিব।

শিষ্য। কিন্তু গীতায় যে যে সময়ে মৃত্যু হইলে আর পুনর্জন্ম হয় না, তাহা নিদিষ্ট করিয়া বলা হইয়াছে। তর্মধ্যে দিন, শুক্লপক্ষ, উত্তরায়ণ প্রভৃতিই পুনর্জন্ম না হইবার কালরূপে নির্দ্ধারিত হইয়াছে. **এবং রাত্রি, कृष्क्**शक ও দক্ষিণায়ন পুনর্জ্জন্মের প্রাপক বলিয়া নির্দ্ধিষ্ট করা হইয়াছে। ইহার সামঞ্জ কি ?

ওক। দেখ, গাতাতে ঐ যে দিন, ভ্রুপক্ষ ইত্যাদির উল্লেখ আছে, উল্লাখাপাততঃ কালবাচক শব্দ বলিয়াই বোধ হয়, এবং "ব্য কালে মরিলে আর এক ১ম না, ভাষা বলিভেছি"--এই বলিয়াই ভগবান ঐ সকলের উল্লেখ করিয়াছেন। বাল্ডবিক কিন্তু ঐগুলি কালবাচক শল নয়, পরস্ক উহাদের অভিমানী দেবভাকে লক্ষা করিয়াই এ সম্ভ শক্ষের প্রযোগ করা হইয়াছে। সেই সম্ভ দেবতা স্কলাই বঠমান। স্তুণ উপাস্ক য্থনই দেহত্যাগ করেন, তথনই উহাদের সহায়তা লাভ করিয়া আপন পথে অগ্রসর इन। (तः ए: ८.७.८ प्रहेवा)।

তবে যদি ঐ শনগুলিকে একান্তই কালবাচক মনে কর, ভাহা হইলে বলিতে হয় যে.

যোগিনঃ প্রতি স্মর্যাতে, স্মার্ত্তে চ এতে ॥ ২১॥ ঐ সম্ভ কাল খোগি দিগকে লক্ষ্য করিয়াই ঘোগিন: প্রতি] গীতায় উক্ত ১ইডাছে ক্রিয়তে], আর [চ] এই সমস্ত যোগিরা [এতে] শুতিনিদিট প্রণালীতেই শ্বিতে সাধনা করেন। শ্বতি শাল্পে 'অমুক কালে অমুক কাৰ্য্য করিতে হইবে'—-এইরূপ প্রত্যেক কার্য্যের ভাত নিষিষ্ট কালের ব্যবস্থা আছে। গাহার। মৃতির অমুসরণ করিয়া জীবন যাপন করেন, তাহাদের পঞ্চে কালাকালের বিচার একাত আবখক। কিন্তু যিনি শ্রুতিনিদিষ্ট প্রণালীতে সাধন করেন, ভাঁহার কালাকালের বিচার নাই [तः ए: 8. ১,১১ দুট্টবা]।

গীতা স্থতিশান্তের অক্তম। যাহারা ভগবংপ্রীতির জ্বল নিদ্ধাম ভাবে কম কনেন, গাঁভায় তাঁহাদিগকে কর্ম্মতোগী বলা হইয়াছে: चात राहाता हेस्तिहानिहें मुप्ताय कथ कतिएएह, 'चामि किहुहें कति ना'— এইরপ ধারণা করিয়া আপনাকে অ-কর্তা বলিয়া জানিয়াছেন, তাঁহাদিগকে সনাংহার হোাসী নামে অভিহিত করা হইয়াছে। এই সমস্ত মার্ত্ত যোগীরা কালাকালের বিচার বিশেষভাবে মানেন বলিয়া উহার প্রতি তাঁহাদের একটা দৃঢ় অভিনিবেশ জয়ে। তাহারই প্রভাবে মৃত্যুর পরে তাঁহাদের গতি নিয়মিত হয়। কিছু বাহারা প্রোত প্রণালীতে সাধনা করেন, তাঁহাদের কালাকালের প্রতি কোনরপ লক্ষ্য না থাকায়, কি দিবা, কি রাজি, কি উত্তরায়ণ, কি দক্ষিণায়ন যখনই কেন তাঁহাদের মৃত্যু হউক না, তাঁহাদের উর্জ্গতি হইতে কোন বাধা হয় না, এবং পুনর্জ্জন্মও তাঁহাদের অসম্ভব।

চতুৰ্থ অধ্যায়

তৃতীয় পাদ

শিষা। গুরুদেব ! আপনার উপদেশে ব্রিলাম যে, সগুণ উপাসক ও উপাসনারহিত অজ্ঞানী কমী উভয়েই শরীর হইতে বহির্গত হন। তারপর সগুণ-ব্রহ্মজ্ঞানী এক পথে (দেবযান পথে) ব্রহ্মলোকে গমন করেন। কিন্তু বিভিন্ন শ্রুতিতে দেবযান পথের যেরপ বিবরণ দেওয়া হইয়াছে, তাহাতে মনে হয়, দেবয়ান পথ একটা নয়, অনেক; এবং এক এক জন এক এক পথে ব্রহ্মলোকে উপনীত হন। কোন শ্রুতি বলেন, "তিনি স্থারশ্মি অবলম্বনে উর্দ্ধামী হন" (ছাঃ ৮.৬.৫)। কোন শ্রুতি বলেন, "তাহারা প্রথমে অর্চি (তেজ) সম্পন্ন হইয়া পরে দিবসে গমন করেন" (কোঃ ১.৩)। এইরপ বিভিন্ন শ্রুতিতে বিভিন্ন পথের উল্লেখ দেখিতে পাই। এই সমস্ত কি বাস্তবিকই ভিন্ন ভিন্ন পথ, না একই পথের বিভিন্ন বিভাগ (sections) ?

গুরু। না, শ্রুতিতে সপ্তণ উপাসকদের জন্ম ভিন্ন পথের নির্দেশ করা হয় নাই। কিন্তু

অর্চিঃ-আদিনা তৎপ্রথিতেঃ॥ ১॥

আর্চি: (তেজ) হইতে আরম্ভ করিয়া [আর্চিরাদিনা] ব্রহ্মলোক পর্যান্ত একটীমাত্র পথই সমুদায় উপাসকের জন্ম নির্দিষ্ট, যেহেতু সেই পথটীই শ্রতিপ্রসিদ্ধ [তৎপ্রথিতে:]। দেখ, যিনি যে ভাবেই উপাসনা করুন, প্রত্যেকেরই উদ্দেশ্য ব্রহ্মলোকপ্রাপ্তি। আর,

ব্রহ্মলোক গমনের পথে যে সমস্ত প্রাদেশের উল্লেখ আছে, বিভিন্ন শ্রুতিতে সেই সমস্ত প্রদেশেরই হুটী একটীর উল্লেখ করিয়া উপাসকের গতি বর্ণিত হইয়াছে। বিভিন্ন শ্রুতিতে যে সমস্ত প্রদেশের উল্লেখ আছে, তাহার সবগুলিই একটীমাত্র দেবযান পথের এক একটা অংশ। ঐ সমন্ত বিভিন্ন অংশ একত্রিত হইয়া দেবয়ান পথটা সম্পূর্ণ হইয়াছে। কোন শ্রুতি বা সমস্তগুলি বিভাগের উল্লেখ করিয়াছেন, কোন শ্রুতি বা হুটী একটা। সেইজন্ম মনে করিতে পার না যে, বিভিন্ন শ্রুতিতে বিভিন্ন পথের নির্দেশ করা হইয়াছে ৷ (যেমন, গ্রাণ্ড ট্রান্ক রোডের বর্ণনায় কেহ ঐ রাস্তার পাঁচটী গ্রামের উল্লেখ করিলেন, অভ্য একজন অপর পাচটা গ্রামের)। মোটের উপর সমন্ত শ্রাত অমুসন্ধান করিলে উপাসকদের জন্ম একটীমাত্র প্রসিদ্ধ পথেরই সন্ধান পাওয়া যায়। শ্রুতি স্পষ্টই বলিয়াছেন যে, দেবধান ও পিত্যান ব্যতীত আর যে একটা তৃতীয় পথ আছে, তাহা অতীব কষ্ট্রদায়ক এবং চুম্মকারীরাই দেই পথে গমন করে। ইহা হইতে বুঝা যাইতেছে যে, স্ত্রণ উপাদকদের জনা দেবঘান ছাড়া দ্বিতীয় পদা নাই। সেই পথের প্রথম বিভাগ অচ্চিঃ বা তেজ।

শিষ্য। গুরুদেব ! কুপা করিয়া এই দেব্যান পথের কোন বিভাগের পর কোন বিভাগ, তাহা আমাকে বিস্তৃতভাবে বুঝাইয়া দিন। গুরু। শুন। প্রথমতঃ অর্চিচ, তেজ বা অগ্নি। কৌষীতকী শ্রুতি বলেন, "উপাসক দেবযান পথে অগ্নিলোকে গমন করেন, এবং তিনি বায়ুলোকে, বৰুণ লোকে, ইন্দ্রলোকে, প্রজাপতি লোকে এবং ব্ললোকে গমন করেন" (কো: ১.৬)। এই শ্রুতিতে মাত্র कार्यकी विভागের উল্লেখ দেখিতে পাই, ইহাদের অন্তরালে অন্য কোন বিভাগ আছে, কি নাই, তাহা বঝা ঘাইতেছে না! কিন্তু

अकृत धावाय वना ध्टेयारह (य. "डीट्रावा अफिरए गमन करवन, অফি: ১ইতে দিবদে, দিবস চইতে ভ্রমণুকে, ভ্রমণুক হইতে উত্তরায়ণে, উত্তরায়ণ এইতে সংবংসরে, সংবংসর তহতে আদিতালোকে গমন ফবেন" (ছা: ৫,১০,১২) । স্থান্তরাং দেখা গেল, অর্চির পরে এবং বায়ুর পুরের আরেন কতকগুলি বিভাগ আছে। আর কৌষীতকী ঞ্জিত্ত উলিপিড

বায়ুম্ অব্দাৎ অবিশেষ বিশেষভিন্নম্।। ২।।

বায়ুলোক [বায়ুম] সংবংসরের পরে [অস্বাৎ] এবং আদিত্য লোকের পর্কে স্থাপন করিতে হইবে ; কারণ, এক শুভিতে সাধারণ-ভীবে বায়ুলোকে গমনের উল্লেখ আছে, এবং অক্ত শ্রুতিতে আদিত্যের পৃক্ষে বায়ুলোক, এইরূপ বিশেষ উল্লেখ আছে [অবিশেষ-বিশেষাভামে।। সভবাং এই সমন্ত শ্রুতি হইতে বুঝা যাইতেতে যে দেবধান প্রান এইরপ: — অডি: — দিবস — শুরুপক্ষ — উত্তরায়ণের ছয় মাল—সংবংসর—বায়—আদিতা। **আবার বৃহদারণাকে দেখিতে** পাই যে, সংবংশরের উল্লেখ নাই, কিন্ধ 'মাসের পর দেবলোক, দেব-লোকের পর আদিতা' এইরপ বর্ণনা আছে। স্থতরাং এই শ্রুতির সহিত একা কবিয়া প্রথটী দাঁডাইল এই:-- আর্চি:-- দিবস- গুরু-প্ত - উত্তর্গরণের ভূম মাস-সংবৎসর-নেবলোক-বায়লোক-আদিতা। ছান্দোগো আবার বর্ণনা আছে, "আদিতা হইতে চক্র. 5 শ্ৰ হইতে বিছাং" (ছা: ৪.১৫.৫)। একণে কৌষীতকীর বে বহণ লোক.

তড়িতঃ অধি বরুণঃ সম্বন্ধাৎ ॥ ৩ ॥ শেই বরুণলোক [বরুণ:] বিহাতের উপরে [ভড়িতোহধি] নিদিষ্ট করা উচিত, কারণ বিত্যুতের সহিত বরুণের নিকট সম্বন্ধ স্বিদ্ধাং]। বরুণ জলের দেবতা, বিত্যুৎ আবার জলপূর্ণ মেঘে দৃষ্ট হয়, এবং বিত্যুৎ ক্রনের পরে জলবর্ষণ হয়। এইরূপ সাধারণ সম্বন্ধ দেবিয়া স্থির হয় যে, বিত্যুতের পরে বরুণ। স্থতরাং দেব্যান প্রধান ইইল এইরূপ:—

অচ্চি: —দিবস—শুক্লশক্ষ—উত্তরায়ণ—সংবৎসর
—দেবলোক—বায়ুলোক—আদিত্য—চক্র—
বিদ্যুৎ—বরঃণ—ইন্দ্র—প্রকাশতি—ব্রক্ষলোক।

শিষ্য। গুরুদেব এই যে দেব্যান পথের অর্চি: প্রভৃতি, এগুলি বাস্তবিক কি? উহারা কি ঐ পথের এক একটা চিহ্নং—যেমন, এক ব্যক্তি কোন এক গ্রামে যাইবার জন্ম কাহাকেও জিজ্ঞাসা করিল, 'মহাশ্যু, অমৃক গ্রামে যাইব কোন পথে'? সে উত্তর করিল, 'এখান হইতে ব্রাবর উত্তরদিকে কত্তকদূর গোলে দেখিবেন একটা পাহাড়, তারপর কিছু দ্বে দেখিবেন একটা প্রকাও বর্টগাচ, তারপর ছোট একটা নদী, তারপরেই সেই গ্রাম'। এস্থলে পাহাড়, গাচ ও নদী পথের এক একটি চিহ্ন। অর্চিরাদিও কি সেইরপ চিহ্নং কিংবা ঐগুলি দেব্যান পথের এক একটা ভোগভূমি, অর্থাৎ ঐ স্বর স্থানে কি পথিক কিছুকাল বিশ্রাম করিয়া ভোগাবস্ত সকল উপ্রোগ করেন?

গুরু। বংস ! অর্ক্তি প্রভৃতি চিহ্নও নয়, কিংবা ভোগভূমিও নয়, উহারা অন্ধলোক যাত্রীর

আতিবাহিকাঃ তৎ-লিঙ্গাৎ ॥ ৪ ॥ বাহক বা পরিচালক (guide) দেবতা বিশেষ ু আতিবাহিকাঃ ী; কারণ, শ্রুতিতে ইংাদিগকে এইভাবে গ্রহণ করিবারই সঙ্কেত পাওয়া যায় [ভালিখাছেন, ''চক্র ইইতে বিহাৎ, বিহাৎ ইইতে তামান্ত্র প্রিয়াছেন, ''চক্র ইইতে বিহাৎ, বিহাৎ ইইতে তামান্ত্র পুরুত্র যাত্রীদিগকে ব্রন্ধলোকে লইয়া যায়'' (ছাঃ ৪.১৫.৫)। এই শ্রুতিবাক্যে স্পর্যুই বুঝা যাইতেছে যে, বিহাৎপ্রভৃতি পথিকের বাহক মাত্র, এবং এই সঙ্কেত অহুসারে অর্ক্রিঃ প্রভৃতিকেও বাহকরূপে ধরা যায়। ইহাদিগকে বাহকরূপে স্বীকার করা যুক্তিসঙ্গতও বটে। দেখ, যাহারা দেবখান পথে গমন করেন, দেহত্যাগের পরে তাঁহাদের সমও ইন্ত্রিয় নির্ব্ব্যাপার হইয়া মনে লয়প্রাপ্ত হয়, একথা পূর্ব্বেই বলিয়াছি। স্বতরাং তাঁহারা নিজের। একস্থান হইতে অক্সম্থানে যাইতে পারেন না। তারপর আবার অর্ক্রিং, দিবস, শুরুপক্ষ ইত্যাদিও অচেতন, ইহারাও স্বয়ং বহন করিতে অসমর্থ। অতএব কোন চেতনের সাহায় ব্যতীত ব্রশ্বনাকে যাত্রীর গমনই সম্ভব হংনা;

উভয়-ব্যামোহাৎ তৎসিদ্ধেঃ॥ ৫॥

যাত্রা এবং অর্চিরানি উভয়েই মোহগ্রস্ত বলিয়া, অর্থাৎ যাত্রী
মাচ্ছতের ন্থায় এবং অচিরানি অচেতন বলিয়া [উভয়-ব্যামোহাৎ]
চেতনের সাহায্য না হইলে উর্নাতি হইতে পারে না। স্ক্তরাং বাহক
অবশ্যই একজন আছে, ইহ। যথন সিদ্ধ হইল [তৎসিদ্ধেঃ], তখন
প্রোক্ত গঙ্কেত অনুসারে অর্চিরানিকেও বাহক বলিলে কোনই দোষ
হয় না। আর, অর্চিঃ, দিবস, শুক্লপক্ষ—এইসব অস্থির, সকল সময়
ধাকে না। যিনি দক্ষিণায়নের কৃষ্ণপক্ষের রাত্রে দেহত্যাগ করিলেন,
তিনি ত এই সকল আশ্রয় করিতে পারেন না, কাজেই ইহানিগকে

পুথের চিহ্ন বলা যায় না। কিন্তু ইহাদিগকে যদি অভিমানী দেবতারূপে গ্রহণ করা যায়, তবে ইহারা কি দিবা কি রাত্রি, কি উত্তরায়ণ কি দিক্ষণায়ন, কি শুক্লপক্ষ কি রুষ্ণপক্ষ, সকল সময়ই বিদ্যমান থাকেন বলিয়া ইহাদের সাহায্যে সাধকের উর্দ্ধগতি যে কোন সময়েই হইতে পারে। অর্চিরাদিকে ভোগভূমিও বলা যায় না, কারণ পথিকের ইন্দ্রিয়গুলি তথন নিষ্ক্রিয়, ভোগ করিবে কে ? স্বতরাং অর্চিরাদিকে দেবতা বিশেষ রূপে খীকার করাই সক্ষত।

শিষ্য। গুরুদেব ! অচিঃ হইতে আরম্ভ করিয়া বিহাৎ পর্যান্ত ষে কয়টী বিভাগ আছে, তাহাদিগকে না হয় আতিবাহিক দেবতা বলিয়া স্বীকার করিলাম, কিন্তু বিহাতের পরে বরুণ, ইন্দ্র, ও প্রজাপতি এই তিনটাকে আতিবাহিক দেবতা বলিবার কোন সম্ভেত ত শ্রুতিতে নাই। বরং শ্রুতি বলিয়াছেন যে, বিহাতের পরে একটীমাত্র অমানব পুরুষই ব্রধালোক পর্যান্ত লইয়া যায়।

গুৰু। খ্যা, ভাহাই বটে,

বৈছ্যুতেন এব ততঃ তৎশ্রুতঃ ॥৬॥

বিহাতের পরে [ততঃ] বিহাতে সমাগত অমানব পুরুষ কর্তৃকই [বৈহাতেনৈব] উপাসক ব্রন্ধলোকে নীত হন, যেহেতু শ্রুতি সেইরূপই বলিয়াছেন [তচ্ছুতেঃ]।

শিষ্য। তবে বরুণ, ইন্দ্র ও প্রজাপতি ইহারা কি করেন ?

গুরু। ইহারা উপাসকের গমনে কোন বাধা জন্মান না এবং কোন-না-কোন রূপে তাঁহার সাহায্য করেন, প্রধানভাবে পূর্ব্বোক্ত অমানব পুরুষই তাঁহাকে বহন করেন।

শিষ্য। গুরুদেব ! এই যে দেব্যান পথে গমন করিয়া ব্রহ্মপ্রাপ্তি

হয়, সে রাজ স্থাছে আমার একটা প্রশ্ন আছে। **রেন্সকে তুইভাবে দেখা** যাইতে পারে। একভাবে তিনি গুণাতীত, নিজিয়, চিরভদ্ধ, স্পাবিদভেদর্ভিত, অধ্ত-চিন্নাত্রশ্বর্ণ-এইভাবেই তিনি মুখ্য পাল-লাফ্রন, এবং এই পারমার্থিক দৃষ্টিতে সৃষ্টিও নাই, वेद्व नाই, মুল্লিও নাই, একমাত পরর্গাই আছেন। আবার স্টের দিক দিয়া দেখিকে গেলে বদ্ধ সভাগ, অগতের ভ্রষ্টা। গুণের সহযোগে যুগন ব্ৰগ্ৰেড (দুখা ১য়, ভুগন তাহাকে জন্মধান বা কাৰ্য্যভ্ৰক্ষ বলাংয়। তাহারই অপর নাম হিরণাগর্ভ, বন্ধা, অটা ইত্যাদি। তথন তাংগাকে বলা ১৪ স্বকাম, স্বগ্রুম, স্বব্রুম, স্বব্রুম, স্বব্রুম इंस्मान

একণে প্রশ্ন এই বে, দেবধান প্রের প্রিক যে ত্রদ্ধ প্রাপ্ত হন, সেই লগ কি মুখা পর বল, না কাষারক অথাং হিরণাগর্ভ গ

^{গুরু}। কার্য্যং বাদ্রিঃ অস্ম ্রতি-উপপত্তেঃ॥৭॥ पाठिकः जानित [वानातः] यहनेन, क्षेत्र बक्ष काषाबक्ष [कार्याम] অধীং এডণ এজ, থেকের ইহাতেই (অলা] গতি হওয়া যুদ্ধিসঙ্গত ্র হাপ্পরে:], পরবংখ নহে। সমন বা প্রাপ্তি **হইটা বস্তুসাপেক—** এক, বিনি পান অপর, ধাহা পাওয়া হয়। স্থতরাং যাহা পাওয়া যায়, তাং। নিশ্চয়ই স্থানবিংশ্যে সামাৰদ্ধ। কিন্তু পরবন্ধ স্কৃতিই বিদাসান এবং তিনি সর্বাদ প্রাপ্তই আছেন, তাঁহার আর প্রাপ্তি কি হুইবে গু প্রভারত ব্যানহী কোন এক বিশেষ স্থানে গুম্ন করিয়া এক্স-প্রাপ্তির কথা বলা হয়, তথনই বুঝিতে হইবে, সেই বন্ধ দীমাবদ্ধ.---मक्ष्राच नरश्नः

ভারপর এই ব্রহ্মকে যে ভাবে

বিশেষিতত্বাৎ চ।। ৮।।

বিশেষিত করা হইয়াছে, তাহাতেও ব্ঝা যায় যে, ইনি কার্যাব্রন্ধই। এই ব্রন্ধ সম্বন্ধে বহুবচন প্রয়োগ করা হইয়াছে; কার্যাব্রন্ধেই
তাহার বিবিধ অবস্থা অন্থনারে বহুবচন প্রয়ুক্ত হইতে পারে। পর
ব্রন্ধ এক অদ্বিতীয়, তাঁহাকে কোনরপেই বহু বলা যায় না
(ব: স্: ৩.২.১১ দ্রন্থা)। "ব্রন্ধলোক"—এই লোকশব্দও মুণ্যভাবে
বিশেষ একটা ভোগের স্থান অর্থেই ব্যবহৃত হয়। এই সমন্ত বিশিপ্ত
কারণে ঐ ব্রন্ধকে কার্যাব্রন্ধ বলিয়া প্রহণ করাই সঙ্গত।

শিষ্য। তবে কার্য্য-ব্রহ্মকে ব্রহ্ম বলা হয় কেন ?

গুরু। সামীপ্যাৎ তু তৎ-ব্যপদেশঃ ॥ ৯ ॥
কার্যাবন্ধ পরবন্ধের অতি নিকটবত্তী বলিয়া [সামীপ্যাৎ] তাঁহার
বন্ধনাম দেওয়া হইয়াছে [তদ্বাপদেশঃ]। যেমন গঙ্গাতীরবাসীকে
গঙ্গাবাসী বলা হয়, সেইরূপ। শুতির অভিপ্রায় এই যে, পরবন্ধই
যথন মনোময়, প্রাণশরীর, দীপ্তিশ্বরূপ ইত্যাদি বিশুদ্ধ উপাধিসহযোগে
উপাসিত হন, তথন তাঁহাকেও বন্ধ বলা ধাইতে পারে।

শিষ্য। উপাসক যদি কাষ্যব্রদ্ধই প্রাপ্ত হন, তবে তিনি আর জন্মগ্রহণ করিবার জন্ম সংসারে ফিরিয়া আসেন না, এ কথা সঙ্গত হয় কি প্রকারে ? একমাত্র পরব্রদ্ধ ছাড়া সবই ত ধ্বংসশীল, পরিবর্ত্তনশীল।

গুৰু। উপাসক কাৰ্য্যবন্ধ প্ৰাপ্ত হইলেও ফিরিয়া আসেন না, একথা সঙ্গতই বটে। যাঁহারা বন্ধলোকে গমন করেন, তাঁহারা হতদিন ব্ৰহ্মা অবস্থান করেন, অর্থাৎ যতদিন না সেই বন্ধলোকের প্রলয় হয়, ততদিন সেই স্থানে অবস্থান করিয়া বিশুদ্ধ বন্ধজ্ঞান লাভ করেন এবং

কার্য্য-অত্যয়ে তৎ-অধ্যক্ষেণ সহ অতঃ পরম্ অভিধানাৎ ।।১০॥

সেই কাথ্য ব্রহ্মলোকের প্রলম্ব হইলে [কার্য্যাত্যয়ে] সেই ব্রহ্মলাকের অধীশ্বর ব্রহ্মার সহিত তিন্ধ্যক্ষেণ সহ] এই ব্রহ্ম অপেক্ষাও শ্রেষ্ঠ পরব্রহ্মের সহিত এক হইয়া যান [অতঃ পরম্]; যেহেতু শ্রুতি সেইরূপ বলেন [অভিধানাৎ]। ইহারই নাম ক্রহ্মহ্মক্তিত। একবার ব্রহ্মলোক প্রাপ্তি হইলে আর সে স্থান হইতে ফিরিয়া আদিতে হয় না। এ বিষয়ে শ্রুতির উক্তিই সর্ব্বপ্রধান প্রমাণ; তারপর শরীর ধারণ যোগ্য বাসনার নিবৃত্তি হওয়ায় তাঁহাদের প্রক্রমনা হওয়াই সাভাবিক।

স্মৃতেশ্চ॥ ১১।

স্থৃতিও এই সিদ্ধান্তের অন্তুমোদন করেন। তবে

পরং জৈমিনিঃ মুখ্যত্বাৎ ॥ ১২ ॥

আচাষ্য জৈমিনি [জৈমিনিঃ] বলেন, উপাসকের গন্তব্য ব্রহ্ম পরব্দেই পরম্]; কারণ, ব্রহ্ম বলিতে মৃথ্য বা প্রধানভাবে পর ব্রহ্মকেই বুঝায় [মৃথ্যভাৎ]। পরব্রহ্ম মৃথ্য, আর অপর বা কার্য্য ব্রহ্ম গৌণ। শব্দের মৃথ্য অর্থ ও গৌণ অর্থের মধ্যে সন্দেহ হইলে মৃথ্য অর্থ গ্রহণ করাই সমীচীন।

দৰ্শনাৎ॥ ১৩॥

শুভিতেও দেখা যায় যে, দেবযান পথে গমন করিয়া 'অমরত্ব' লাভ হয়। সেই অমরত্ব একমাত্র পরত্রক্ষেই সপ্তব, কেন-না, কার্য্য ব্রহ্ম অপেক্ষাক্বত বহুকাল স্থায়ী হইলেও পরিণামে তাঁহারও বিনাশ হয়, স্বতরাং কার্যাত্রন্ধে অমরত্ব অসম্ভব।

তারপর, শ্রুতি পরত্রন্ধের উপদেশ-প্রসঙ্গে দেখাইয়াছেন যে, উপাসক মরণকালে 'আমি প্রজাপতির সভাগৃহ প্রাপ্ত হইলাম'। এইরপ একটা সম্বল্প করেন। এই যে

ন চ কার্য্যে প্রতিপত্তি-অভিসন্ধিঃ॥ ১৪॥

বন্ধলোক প্রাপ্তির সম্বল্প প্রিতপত্যভিসন্ধিঃ ী. তাহা কার্যা-ব্রহ্ম বিষয়ে [কার্যো] সঙ্গত হয় না [ন]; কারণ, যে-স্থলে ঐ প্রাপ্তির कथा वना इहेग्राष्ट्र, (म-ऋत्न कार्य) ब्रह्मत कान आत्नाह्ना नाहे, পরস্ক পরব্রন্ধের আলোচনাই ঐ স্থলে করা হইয়াছে।

এই সমস্ত কারণে আচাষ্য জৈমিনি মনে করেন যে, গন্তব্য ব্রহ্ম পরত্রদ্ধই, কার্যাত্রদ্ধ নহেন। কিন্তু বিচার করিয়া দেখিলে বুঝা ঘাইবে যে, আচাধ্য বাদরির মতই সমীচীন। জৈমিনি ত্রন্ধ শব্দের ম্থ্যার্থের উপর নির্ভর করিয়াই নিজ মত স্থাপন কারতে চেষ্টা করিয়াছেন, কিন্তু পরব্রেফা যে কিরুপে গতি সঙ্গত হইতে পারে. তিনি তাহার কোন সন্তোষজনক ব্যাখ্যা দিতে পারেন নাই। মুখ্যার্থকে বরং গৌণার্থে স্বীকার করা যাইতে পারে, কিন্তু গতির অযৌক্তিকতা কিছতেই পরিহার করা যায় না। "তিনি সর্বাগত, সর্বান্তর, সর্বাত্মক।" "তিনি আকাশের ক্যায় সর্বব্যাপী ও নিত্য।" "তিনি সর্ব্বপ্রাণীর অন্তবে সদা বিরাজমান"—ইত্যাদি ক্রমে যে পরব্রন্ধের নির্দেশ করা হইয়াছে, তাঁহার আবার প্রাপ্তি কি ? তিনি ত সর্বাদা সর্বাত্ত প্রাপ্তই আছেন। যাওয়া বা পাওয়া ভেদ-

সাপেক। অন্ততঃ একজন বাইবেন বা পাইবেন, অপুর একজন खापा इरेदबन, अन्नप ना इरेटन गणि वा शाखित दकान व्यर्थे हम ना। হাা, ভবে হইভে পারে, থেমন মনে কর, কলমটা আমার কালেই রহিহাছে, অবচ আমি কলম খুলিয়া হয়রাণ হইতেছি। তথন (केट इम्र क विलेत, 'धिक महानामा। क्लम (य जानमात्र कार्यह বহিষাতে।' তখন আমি প্রাপ্ত কলমটাই পাইলাম বটে, কিছ এই পাওয়া আর এন্দ্র লোক পাওয়া এক জাতীয় নহে। ভাবিয়া দেখ. কলম পাত্রায় একটা ভ্রমের অপনোদন হয় মাত্র, স্থতরাং এ প্রার্থাটা একটা কথার কথা মাত্র। পরব্রন্ধপ্রাপ্তিও সেইরূপই। িন স্বান প্রাপ ইইয়াই আছেন, কেবল অজ্ঞান প্রভাবে स्विट्टिइ ना भाज, अछान एत ३३ ल जिनि जापनिर अकामिज रन । স্বতরাং প্রতাদ প্রাপি একটা নৃতন **বস্তু পাওয়ানয়। কিন্তু** প্রদান लाक लालिय एयकन वर्गना भारे, जाशास्त्र स्मिष्टे वृद्धा यात्र (य. এই পাওয়াটা কোন ল্লমের নিবুজি নয়, সভা সভাই কিছু পাওয়া। ত্র_{রণ্ড} পাভয়া পরব্রহ্নে সম্ভবই ২য় না। কারণ তাঁহাতে কোন প্রকার (अवहे कंद्रमा कंद्रा याथ मा, अपेठ (अन ना शांकरन मुशाजारव প্রাভ্যাত সম্ভব হয় না। কি অংশ হিসাবে, কি অবস্থা হিসাবে, কি কাল হিচাবে কোন ভাবেই পরপ্রথে ভেদ স্বীকার করা যায় না (ব্র: १८ ৬,২.১১ এইব্য)। তিনি অথও, পরিপূর্ণ স্বভাব, আত্মা, স্থালয়া ভাষাতে গভি বা উাহার প্রাপ্তি—এ ক্থার কোন অর্থই 37 411

াশ্যা। বিশ্ব প্রতিত সেই প্রব্রশ্বকেই জগতের স্কটি, স্থিতি ও লয়ের কারণ বলিয়াছেন। স্তরাং তাঁহাতে অবশুই বিভিন্ন প্রকারের শক্তির সমাবেশ আছে, না হইলে একমাত্র পরব্রশ্বই স্কটি, স্থিতি ও লয়ের কারণ হইতে পারেন না। অতএব তাহাতে কোন প্রকারেরই বিশেষ বা ভেদ নাই, এরপ বলা ত সঙ্গত হয় না।

গুরু। বংস। শ্রুতি উৎপত্তি, স্থিতি ও প্রলয়ের বিস্তৃত বিবরণ দিয়াছেন সভা। কিন্তু ভাৰিয়া দেখিয়াছ কি 🔄 বিবরণ দেওয়ায় শ্রুতির কোন উদ্বেশ্য সাধিত হইতেছে ? শ্রুতি কি স্ট্যাদির বিবরণ দেওয়ার জন্তই ঐ সমন্ত বিষয়ের অবতারণা করিয়াছেন, না অক্ত কোন উদ্দেশ্যে

একট বিচার করিলেই বুঝিতে পারিবে যে, স্ট্যাদির বর্ণনা করা শ্রুতির মুখ্য উদ্দেশ্য নয়, কিন্তু স্পষ্ট প্রভৃতির रंघि पानि कातन, त्महेि तुवाहेवात जन्नहे छेशानत प्यवजातना । শ্রুতি আবার মুত্তিকাদির দৃষ্টান্ত দারা দেখাইয়াছেন যে, কারণ বস্তুই বান্তবিক স্ত্যু, কাষ্যু মিধ্যা। অর্থাৎ বিচারে শ্রুতির এই অভি-প্রায়ই বুঝা যায় যে, একমাত্র নির্বেশেষ ত্রন্ধ পদার্থই স্ত্যু, অপর मयुनाय्हे भिथा।

শ্রতিতে হুই রকমের বাক্য আছে। এক, সৃষ্টি প্রভৃতির বর্ণনা বিষয়ক; অপর, স্ষ্ট্যাদি বিশেষের নিষেধ বিষয়ক। এই ছুই জাতীয় বাকোর মধ্যে স্ট্যাদির বর্ণনা বিষয়ক বাকাগুলি নির্বিশেষ, অথও, অবিতীয় একা যাহাতে সহজে বোধগুমা হয়, সেই উদ্দেশ্যেই উक रहेशाह, উरामित चल्छ (कान मार्थकला नाहे। (मथ, सहामि জানিলেও জ্ঞানপিপাস্থর তৃথি হয় না; কিন্তু যে সমন্ত শ্রুতি সর্ব্ববিধ ভেদের অসত্যতা নির্দারণ করিয়া একমাত্র অভয় নিতা গুদ্ধ বন্ধ প্রতিপাদন করেন, সেই সমন্ত শ্রতির অর্থ অবগত হইয়া ব্রন্ধ সাক্ষাৎ-কার করিলে, অর্থাৎ 'আমিই পূর্ণ ব্রহ্ম' এইরূপ জ্ঞান হইলে সমস্ত আকাজ্ঞার নিবৃত্তি হইয়া যায়, একটা পরিপূর্ণ তৃপ্তি আসে, জানিবার আর কিছুই বাকী থাকেনা। স্থতরাং নির্বিশেষ প্রতিপাদক শ্রুতিই প্রধান এবং সবিশেষ বর্ণনাত্মক শ্রুতি তাহারই পোষক ও অপ্রধান, গৌণ। শ্রুতি স্পষ্টই বলিয়াছেন যে, একমাত্র সাক্ ই জগতের মূল, তাহাই জানা উচিত। "যাহা হইতে এই ভূত সকল উৎপন্ন হইতেছে, যাহাতে অবস্থিতি করিতেছে এবং যাহাতে লীন হইতেছে, তাহাই জানিতে চেষ্টা কর, তাহা ব্রহ্মা" এই প্রকার শ্রুতির উক্তি হইতে স্পষ্টই ব্রা যায় যে, স্ষ্টি-স্থিতি-লন্ধ-বিষয়ক শ্রুতির কোন শ্বতম্ব প্রামাণ্য নাই, কেবল অন্বয় ব্রহ্মাইবার জ্যুই উহাদের প্রয়োজনীয়তা। এই জাতীয় শ্রুতি বাক্যের উপর নির্ভর করিয়া বলা যায় না যে, পরব্রহ্মে সত্যসত্যই বিভিন্ন শক্তির সমাবেশ আছে।

স্থতনাং পরত্রদ্ধ নির্কিশেষ বলিয়া তাহাতে কোন প্রকারেই মৃথ্য গতি বা প্রাপ্তি সম্ভব হয় না। বিশেষতঃ গতি হইতে হইলেই জীবকে একা হইতে ভিন্ন বলিতে হইবে। জীব এক্ষের অংশ, এই হিদাবেও যদি পরস্পারের ভেদ স্বীকার কর, তথাপি গতির কোন দার্থকত। দেখা যায় না। কারণ, অংশ দর্ব্বদাই সমগ্রকে প্রাপ্ত হইয়াই অবস্থান করে। জীবনামক এক্ষের অংশ একা হইতে বিচ্ছিন্ন হইয়া অবস্থান করে বলিলে এক্ষকে সদীমও বলিতে হয়। তারপর এদ্ধের অংশ কল্পনা করা হংলাহস মাত্র। এরপ কল্পনা শুতি যুক্তি উভয়বিরুদ্ধ। দাব্যব পদার্থ মাত্রই ধ্বংসশীল। আবার, জীব এক্ষের বিকারবিশেষ (ঘট যেমন মৃত্তিকার বিকার, সেইরূপ)—এই হিদাবে উভয়ের ভেদ স্বীকার করিলেও জীবের নিকট এক্ষ নিত্যপ্রাপ্ত। ঘট কোনকালে মৃত্তিকা পরিত্যাগ করিয়া অবস্থান করিতে পারে না। তারপর, এক্ষ বিক্তত হইয়া জীব হন—একথা নিত্যস্তই অশ্রেক্ষেয়। জীব এক্ষ হইতে একেবারে ভিন্ন একটা কিছু, এরপ কল্পনা করিলেও প্রশ্ন হইতে পারে

32B

বে, জীবের পরিমাণ কতটুকু? সে কি অণুপরিমাণ, না মধ্যমপরিমাণ, না মহৎপরিমাণ । জীব যে অণু বা মধ্যম পরিমাণ হইতে পারে না, তাহা পৃর্কেই প্রমাণিত হইয়াছে। মহতের (সর্কব্যাপীর) কোন গতিই সম্ভব হয় না। স্কতরাং পরত্রহ্মে ম্থাভাবে গতি অসম্ভব। তবে জীব বাস্তবিক পরত্রহ্ম ছাড়া আর কিছুই নহে, অজ্ঞানবশতঃ এই সভাটী বুঝা যায় না। অজ্ঞান দূর হইলে জীবের আপনার স্বরূপ ক্রমভাব আপনিই প্রকট হয়, এবং ইহারই নাম প্রক্রেক্সপ্রাধির আর কোন সম্ভত অর্থই কল্পনা করা যায় না। কাজেই দেখা গেল, একমাত্র ক্রমাজুস্কপের য়থার্থ জ্ঞানেই পরাম্কিবা পরত্রহ্মপ্রাধি। আ্লাতিরিক্তরূপে ব্রহ্মকে জানিলে, তাহা পরাম্কিক নয়। স্কতরাং সগুণোপাসক কার্য্যব্রহ্মই প্রাপ্ত হন, পরব্রহ্ম নয়, কারণ তিনি আপন উপাস্তকে আপনা হইতে পৃথক্ বিলয়া জ্ঞানেন।

শিষ্য। গুরুদেব ! জীব চিরকাল ব্রন্মই আছে, কিন্তু অজ্ঞাদ-প্রভাবে সেই ব্রন্ধাত্মভাব আবৃত রহিয়াছে মাত্র, এবং অজ্ঞান তিরোহিত হইয়া ব্রন্ধাত্মভাব প্রকাশ হইলেই মোক্ষ। কিন্তু জ্ঞান ব্যতীতও ত মোক্ষ হইতে পারে ?

গুরু। কিরপে ?

শিশু। জীবের কর্মফলেই ত দেহ উৎপন্ন হয়। আর দেহধারণই বন্ধন। এক্ষণে কেহ যদি এরপ সঙ্কল্প করেন যে, যাহাতে পাপ উৎপন্ন হইতে না পারে সেইজন্ম নিত্য নৈমিত্তিক কর্ম সম্পাদন করিব, যাহাতে স্বর্গ নরক না হইতে পারে, সেইজন্ম কাম্য কর্ম হইতে বিরত থাকিব এবং ভোগের দারা প্রারন্ধ কর্ম শেষ করিব, তাহা হইলে এই দেহনাশের পর আর দেহ হইবার কারণ না থাকায় দেহান্তরই হইবে না।

(पराष्ट्रायद्व कावन खडाछड कथा ना भाभभूना छ।श छ छाहात नाहे-है। স্তরাং মুক্তি খাত্মপ্রাম ব্যতীতও ইইতে পারে।

গুল। বংসা এরপভাবে মুক্তিংওয়া অসম্ভব। ঝোন শাস্ত্রই यालम मा ८४, जे ভाবে मुक्ति २४। এकमाल खात्मरे मुक्ति, रेश সর্বাশাস্ত্রসম্ভত: দেহপ্রাপ্তি কর্ম্মের ফলেই হয়, একথা সভা। কিন্ত তুমি যে প্রণালার উল্লেখ করিলে, সেই প্রণালাতে সমুদায় কর্মের ক্ষয় इन्द्रा अभयव । वर्षमान बत्त्रज्ञ भूरक्ष क्ष दर बन्न चर्छी छ इहेगाह, তাংগর ইয়ানাই। সেই সমন্ত জন্মের কৃত কত কর্মের ফল যে সঞ্চিত ২ইছা আছে, ভাহা কে নিণ্ম করিখে । সমুদায় সঞ্চিত কর্মের ফলভোগ একজনেই সমাপ্ত হওয়া অসম্ভব। এমন সব কম্ম হয়ত সঞ্চিত আছে যাহা একদেহে ভোগ হুইতে পারে না। পুর্বদেহের পতনকালে যে কথ্যসমষ্টি প্রবল হইয়া ফলোনুর হইয়াছিল, ভাহাইই প্রভাবে ব্যুমান জন্ম ইইয়াছে। আরও যে কত কথা কর্মের ভাতারে नात्रत्य धनश्चनात्मत्र खण शान, कान, ध ि। मिरखत श्वालीका कतिराज्य, তাহা কে বলিবে ও এই দেহে সেই সমন্ত কথের শেষ হইবার সম্ভাবনা কি গু স্নতরাং আর দেহধারণ করিতে হইবে না, এমন ভাবে দীবন ধাপন করিব, ইহা ছুরাশা মাত্র। একমাত্র জ্ঞান ব্যতীতে অভ্য কোন উপায়েই কথের আমূল বিনাশ অসম্ভব। নিত্যনৈমিত্তিফ কর্ম সঞ্চিত পাপের ক্ষয় করে, ইহা মানিলেও সঞ্চিত পুলোর ক্ষয় হইতে পারে ন। কারণ, পুণোর সহিত ভাহার কোন বিরোধ নাই। পরস্পর বিজ্ঞ এইটা কম ভ্ইলে, না হয় একটি অক্টটির বিনাশ করিতে পারে, একথা খীকার করা যায়। কিন্ত ছুইটি পুণাক্ম পরস্পরের বিনাশের ব্বংবে ইইভে পারে না। স্বভরাং সঞ্চিত পুণ্যকর্মের ক্ষয় নিতানৈমিত্তিক करमाद्र हो दे है है है। करन जुनकाम व कांत्रन वर्खमानहे बाकिया याय।

ভারপর, তত্তজান উদিত না হইলে কোন জীব যে সম্পূর্ণরূপে কাম্য ও নিষিদ্ধকর্ম বর্জন করিতে পারে, এমন ত মনে হয় না। অতি সাবধানী লোকেরও অজ্ঞাতসারে যে কতশত সদসৎ কর্ম সম্পাদিত হইতেছে না, তাহা কে বলিবে ? ব্রহ্মম্বরূপে অবস্থান করাই মৃক্তি। সেই অবস্থা একমাত্র জ্ঞানের হারাই লাভ করা যায়। বস্তুতঃ আত্মার ম্বরূপই হইল যে, সে কর্ত্তাও নয়, ভোক্তা ও নয়, অর্থাৎ সে কোন কর্ম করেও না, কর্মফলও ভোগ করে না। এই সভাটা অজ্ঞানে আবৃত থাকে। অজ্ঞান অপস্ত হইলে জীব বৃঝিতে পারে যে, দে বান্তবিক অ-কর্ত্তা ও অ-ভোক্তা, স্বতরাং সমুদায় কর্মের সহিত তাহার সম্বন্ধ রহিত হইয়া যায়। সে বুঝিতে পারে যে, সে কোন কালে কোন কর্ম করে নাই, করিতেছে না, করিবেও না। তাহা ছাড়া আত্মা যদি পত্য সত্যই কর্ত্তা ও ভোক্তা হয়, তবে কোন কালে তাহার কর্ম ও ভোগ হইতে অব্যাহতি নাই। ঘাহার যেটা স্বভাব, সেটা ছাডিয়া দে অবস্থান করিতেই পারে না। অগ্নি কথনও আপনার-মভাব উষ্ণতা ত্যাগ করে কি ? সভাব ত্যাগ করিলে বস্তুর অভিওই লোপ পায়।

শিষ্য। কিন্তু যদি বলি যে, আত্মা স্বরূপতঃ কর্তাও ভোজাই বটে, (অর্থাৎ তাহার কম্ম করিবার ও ভোগ করিবার শক্তি চিরকালই আছে), তবে কোন কর্ম না করিয়া এবং কোন কিছু ভোগ না করিয়া যদি অবস্থান করে, তাহা হইলেই ত তাহার মোক্ষ দিল্ধ হইতে পারে ? গুরু। বংস! শক্তি থাকিলে সামায়ক তাহার ক্রিয়ার প্রকাশ স্থগিত থাকিতে পারে বটে, কিন্তু উপযুক্ত স্থান, কাল ও নিমিন্ত উপস্থিত হইলে সে শক্তি যে ক্রিয়াশীল হইবে না, তাহা কে বলিতে পারে ? বরং অবসর পাইলে ক্রিয়াশীল হওয়াই শক্তির

স্বভাব। স্তরাং কর্মানা করিলেই মুক্তি হইবে, এ অতি ভাস্ত ধারণা। বন্ধন থদি সতা হয়, তবে মুক্তি বলিয়া কিছু হইতেই পারে না। বন্ধন মিথ্যা হইলেই মুক্তি কথার সার্থকতা থাকে। আমি ব্রহ্ম নই, এইরূপ ভ্রান্ত ধারণার অপগম ছাড়া মুক্তির কোন অর্থ নাই।

শিষ্য। জীব যদি পরত্রশ্বই হয়, তবে ত ব্যবহারিক জগতই নাই বালতে হয়, অর্থাৎ দেহেন্দ্রিয়াদির সাহায্যে যাহা কিছু করি, সকলই করি না ধলিতে হয়। অথচ স্বই করিতেছি। এমন অবস্থায় করি না বলি কির্পে ? ব্যবহার স্বই হইতেছে দেখিতেছি, অথচ হয় না বলি কির্পে ?

গুল। বংস। অধৈততত্বের এইখানটাই লোকে সব চেয়ে ভূল বোঝে। ব্যবহারিক অবস্থা আর সক্ষব্যবহারের অতীত পারমার্থিক অবস্থা—এই তুইটি অবস্থা এক করিয়াই লোকের এইরূপ লাস্ত ধারণা হয়। তুমি জল পান করিতেছ, তোমার পিপাসার শাস্তি হইতেছে, স্থেচ জল পান করিতেছ না, পিপাসার শাস্তি হইতেছে না, এরূপ কথা বাতুল ভিন্ন কে বলিতে পারে? তুমি যতক্ষণ নিম্নতলে বসিয়া আছ, ততক্ষণ যদি বল আমি নিম্নতলে নাই, তবে তোমার উক্তি প্রলাপ ছাড়া আর কি বলিব ? যতক্ষণ তুমি মনে কর যে, তুমিই করিতেছ, তুমিই স্থে হুংথ ভোগ করিতেছ, ততক্ষণ 'তুমিই ব্রহ্ম', একথা বলিবার তোমার কোনই অধিকার নাই। যথন তুমি ব্ঝিবে যে 'তুমিই ব্রহ্ম', তথনই তোমার বলিবার অধিকার হইবে যে, জগৎ নাই। তাহার পূর্ব্ব পর্যান্ত যদি তুমি বল যে জগৎ নাই, তবে তুমি মিথ্যাই বলিবে। যতক্ষণ 'আমিই বন্ধ' এইরূপ জ্ঞান না হয়, ততক্ষণ ব্যবহারিক জগৎ নাই বলিতে পার না, ততক্ষণ উহাই তোমার নিকট একমাত্র সত্যা যতক্ষণ স্বপ্ন দেশ, ততক্ষণ স্বপ্নে পূষ্ঠ পদার্থ মিথ্যা বলিবার তোমার অধিকার নাই,

ততক্ষণ জাগ্রত অবস্থার পদার্থসমূহ তোমার নিকট যতটা সত্য, স্থপ্রদৃষ্ট পদার্থও ততটাই সত্য। তবে স্বপ্ন ভাঙ্গিয়া গেলে জাগরিত হইয়া বলিতে পার যে, স্বপ্রে যাহা কিছু দেখিয়াছ, সবই মিথ্যা। সেইরূপ অজ্ঞানের অবস্থায় এই দৃশ্য জগৎ নিশ্চয়ই সত্য। ব্রহ্মাত্মজ্ঞান হইলেই কেবল এই জগৎ মিথ্যা বলিয়া অমুভূত হয়, তৎপূর্বে নয়।

যাহা হউক, এখন ব্ঝিলে যে, পরব্রন্ধে মুখ্য গতি কিছুতেই সম্ভব হয় না। অপর বা সগুণ ব্রন্ধে**ই গ**তি হইতে পারে। শ্রুতিতেও সগুণ বন্ধবিদ্যা প্রসঙ্গেই গৃতির বর্ণনা আছে। সত্যকাম, স্ত্যসঙ্গল ইত্যাদি গুণবিশিষ্টরূপে যে স্থলে ব্রহ্মের উপাসনার বিধান আছে, সেই স্থলেই তাদশ উপাসনার ফলম্বরপ ব্রন্ধলোকে গতি হয়—শ্রুতি এইরপই বলেন। নিগুণ ব্রেম্বর উপদেশ যে স্থলে আছে, সেম্বলে কোনরপ গতি হয় না—ইহাই শ্রুতি স্পষ্টভাবে বলিয়াছেন। প্রবন্ধপ্রাপ্তি, মোক্ষলাভ ইত্যাদি কথার তাৎপর্য্য কি তাহা ত পূর্ব্বেই বলিয়াছি।

শিষ্য। বন্ধ কি তাহা হইলে তুইটী ?

গুরু। গাঁ, চুইটীই বটে। পরভ্রক্ষ আর অপরভ্রক্ষ। শ্রুতির যে স্থলে দেখিবে, ব্রদ্ধকে সমস্ত নামরপের অতীত, স্থল নহেন, সুক্ষ নহেন, হ্রম্ব নহেন, দীর্ঘ নহেন ইত্যাদি সর্বাগুণের অতীত রূপে নির্দেশ করা হইয়াছে, সেই স্থলেই বৃঝিবে পরব্রন্ধের কথাই বলা হইতেছে। আর যে স্থলে দেখিবে মনোময়, প্রাণশরীর জ্যোতিঃ-ম্বরূপ ইত্যাদি গুণ সহযোগে ব্রন্ধের বর্ণনা, সেই ম্বলে ব্রিবে অপর-ব্রহ্মেরই বর্ণনা হইতেছে।

শিষ্য। ব্ৰহ্ম যদি তুই-ই হন, তবে 'একমেবাদ্বিতীয়ম' ইত্যাদি শ্রু তির গতি কি ?

গুরু। হাা, পরমার্থতঃ ব্রহ্ম এক অদ্বিতীয়ই বটে। তবে তাঁহারই

বোদের খৌক্যাপ, তাঁহারই সহজ্ঞ উপাসনার জন্ম ঞ্জি বিভিন্ন গুণ-বিশিষ্ট জপে তাহার বর্ণন। করিয়াছেন মাতা: নিগুণ, অধ্যৈতকর্ম রদা প্রবের ধারণ। আমাদের বৃদ্ধির অভীত, সে বৃদ্ধি যত ভাতুই হউক না কেন। বৃদ্ধির সাহায্যে নিগুলির ধারণা হইচ্ছেই পারে না। সীমাবদ্ধ বৃদ্ধি দ্বারা অসীমের ধারণা হয় না। কাল্ডেই ব্ৰহ্ম না হইলে ব্ৰহ্ম যে কি, তাহা ঠিক ঠিক বুঝা যায় না। তবে সেই উদ্দেশ্যেই মানবব্দির উপযোগী করিয়া ব্রহ্মকে স্তুণ বলিয়াও শ্রুতি বণনা করিছাছেন। সগুণের ধারণা করিতে করিতে অবশেষে নিও লৈ পৌছান যায়। না হইলে প্রমাথ হিসাবে একা ছইটা নয়। উপাতির সম্পর্কেট প্রকানগুণ, না ইইলে তিনি বস্ততঃ নিওপ। উপাধি মিথা। বলিয়া সগুণ অন্ধুও মিথা।, নিগুণই স্তা। স্থুতরাং 'একমেবা-খিতীয়ন' ইত্যাদি অতির কোনই হানি হয় না। তবে মনে রাথিও. হতক্ষণে নিও'লে পৌছান না যায়, তত্ত্বণ সন্তণ্ড সত্যন্ত্ৰপেই প্ৰতিভাত **3**37 €

অতএব প্রির ১ইল যে, আচাযা বাদ্রির মতই সমীচীন।

শিষা। গুরুদেব। অমানব অপুরুষেরা উপাসককে ব্রন্ধলোকে লইয়া যায়। কিন্তু উপাসকও ত বিভিন্ন খেণীর আছে। কেই ইয়ত সভণ অধ্যের উপাসনা করেন, কেহ বা নাম, মৃত্তি ইত্যাদি এক একটা প্রতীক অবলধন করিয়া তাহাতে ব্রহ্মবৃদ্ধি শ্বাপন করিয়া উপাসনং করেন। সকল খেলার উপাস্কই কি এফালোকে নীত হন, না কোন বিশেষ নিয়ম আছে প

গুঞ্না বংস, সকল শ্রেণার উপাস্কই অপ্রলোকে নীত হন না। অপ্রতাক-আলম্বনান্ নয়তি ইতি বাদরায়ণঃ— আচাংটা বাদরামণ [বাদরামণ:] বলেন যে [ইতি], যাঁহারচ প্রতীক অবলম্বনে উপাসনা করেন না, কেবল সেই উপাসকদিগকেই
[অপ্রতীকালম্বনান্] অমানব পুরুষ ব্রন্ধলোকে লইয়া যান
[নয়তি]।

শিষ্য। "অনিয়ম: সর্বাদাম্"—(বঃ সুঃ ৩.৩.৩১)—এই সুত্তে ভ বলা হইয়াছে যে, অবিশেষে সকল উপাসকই ব্রহ্মলোকে যায়, এখন আবার একটা বিশেষ নিয়মের (restriction) কথা বলিতেছেন কেন শ

গুরু। "অনিয়ম: সর্বাদাম্—" এই স্তের 'সর্ব' শব্দের অর্থ যদি এই কর যে 'প্রতীক উপাদক ব্যতীত অন্ত সকল,' তবে

উভ্রথা-অদোষাৎ, তৎক্রতুঃ চ ॥১৫॥

উভয় বাক্যের মধ্যে কোন অসামঞ্জ থাকিবে না [উভয়থাদোষাং]; আর [চ], এইরূপ বলা যুক্তিযুক্তও বটে, কারণ তৎক্ততু:-নুমক শ্রুতি অনুসারে জান। যায় থে, যে যাহা ভাবে, ধ্যান করে বা উপাসনা করে, সে তাহাই পায় [তৎক্রতু:]। স্থতরাং যাহারা সগুণ বন্ধের উপাসনা করে, তাহারা সগুণ বন্ধই প্রাপ্ত হয়; আর যাহারা প্রতীকের উপাসনা করে, তাহারা প্রতীকই প্রাপ্ত হয়, তাহাদের ব্রন্ধলোকে যাওয়া সন্তব হয় না। ছান্দোগ্যে এই বিষয়ের স্থলর আলোচনা আছে। সে স্থলে বলা হইয়াছে,—যে বাক্কে ব্রন্ধরণে উপাসনা করে সে বাক্যের যতটা প্রসার, ততটুকুর মধ্যেই প্রতিপত্তি লাভ করে। যে নামকে ব্রন্ধরণে উপাসনা করে, সে নামের গতি যতথানি ততথানির মধ্যেই কামচারী হয় ইত্যাদি। যে টাকাকেই জীবনের ব্রন্ধ (সর্ব্বাপেকা শ্রেষ্ঠ প্রদার) বলিয়া তাহারই উপাসনায় রত, সে

8-0-36

টাকাই লাভ করে, এ ত প্রত্যক্ষ দৃষ্ট ব্যাপার। এইভাবে ছান্দোগ্য-**ক্রতি প্রতীকের তারতম্য অন্থ**দারে ফলের যে তারতম্য হয়,

বিশেষং চ দর্শয়তি ॥১৬॥

সেই বিশেষঅটুকুই [বিশেষং চ] দেখাইয়াছেন [দর্শয়তি]। স্থতরাং ত্রন্ধোপাসকই ত্রন্ধলোক প্রাপ্ত হয়, অত্যে নহে।

চতুৰ্থ অধ্যায়

চতুর্থ পাদ

শিষ্য: "এই সম্প্রসাদ (সম্যক প্রসন্ন, অর্থাৎ উপাধির অপগমে সর্ববিধ মালিনা বা অশান্তি রহিত) এই শরীর হইতে সম্যকরূপে উত্থান করিয়া (অর্থাৎ দেহে আত্মাভিমান ত্যাগ করিয়া, অথবা দেহত্যাগ করিয়া) পরমন্ত্যোতিঃ সম্প্র হন এবং স্থ-স্থক্রশে অভিনিষ্পান্ন হন"—এই শ্রুতিতে পরবন্ধ-জ্ঞানীর মুক্তি কিরূপ, তাহাই বর্ণিত হইয়াছে। কিন্তু এই শ্রুতির তাৎপর্য্য পরিষ্কার রূপে বুঝিতেছি না। 'ম্ব-ম্বরূপে অভিনিষ্পন্ন'' হওয়ার প্রকৃত অর্থ কি । অভিনিষ্পন্ন হওয়ার সাধারণ অর্থ উৎপন্ন হওয়া। তাহা ছুই ভাবে_" হইতে পারে; এক পূর্বেষ যাহা ছিল না, তাহা হওয়া—যেমন একজন মাত্রষ মরিয়া দেবতা হইল, সে পূর্বের মাত্রষ ছিল, এখন নৃতন কিছু रुरेन। **अथवा अग्र**कादा अजिनश्रिक रुरेक भारत-एयमन, একজন স্বাস্থ্যবান ব্যক্তি রোগাক্রান্ত হইয়া সাম্যিকভাবে অসুস্থ হইল, আবার রোগের উপশ্যে স্বাস্থ্যবান্ হইল, অর্থাৎ সে যেমন ছিল, তেমনই হইল—এই অর্থেও অভিনিষ্পত্তি শব্দের ব্যবহার হইতে পারে। এক্ষণে জিজ্ঞাসা করি, পরত্রন্ধ জ্ঞানীর মৃক্তি কি একটা নৃতন কিছু হওয়া, না দে বরাবর যাহা সত্য সত্য আছে, তাহারই অভিব্যক্তি মাত্র হওয়া ?

গুরু। বংদ! জীব বাতুবিক পরব্রন্ধ ছাড়া সার কিছুই নহে,

তবে ভাহার সেই পরব্রশ্ব ভাবটা অজ্ঞানের প্রভাবে ভিরে:হিড থাকে মাএ: যখন সে জানিতে পারে যে, সে পরমাত্মাই, তথনই ভাহার মাজ, এবং সেই মূজি আর কিছুই নহে, কেবল

সম্পদ্য আবিভাবঃ স্বেন শব্দাৎ ॥১॥

পর্মারভাবটার আবিভাব বা বিকাশ মাত্র [সম্পদ্যাবিভাব:], অবাং জানা বরাবর ধাং। আছে, তাহাই বুঝিতে পারে মাত্র, সে নৃতন কিছু ১য় না। যে ভাবটা অজ্ঞানে আরত ছিল, অজ্ঞান অপগমে সেই ভারতীর আরিভৃতি হয় মাত্র। শুতির 'র' এই শঙ্কটী হইতেই । বেন শুলাই। ইহা পাই বুঝা যায়। এণত বলিলেন, 'খ-খুরুপে আভনিপার হন'—ইহার অর্থ নিজের যেটা ধরূপ দেইটারই বিকাশ २७४।, नुक्त किं<u>ष्ट्र २७४। नह</u>ि । नुक्त किं<u>ष्ट्र २</u>ईल च्यात च-मक ব্যবহার করিবার সাথকত। থাকে না। এই স্ব-শব্দ হইতেই বুঝা যানতেছে যে, মুক্তির অবস্থায় জানী যাহা হন, তাহ। তাঁহার নিজের চিরওন স্থরূপ বা আগ্রা, নৃতন কিছু নয়।

শিধা। আজ্ঞা, মৃত্তিতে ধদি নৃতন কিছু না হয়, তবে বন্ধাবস্থার সহিত মোক্ষাবস্থার প্রভেদ কি গ

ওলন প্রভেদ এইমাত্র যে, যিনি পুনের বন্ধ ছিলেন তিনিই 44

মুক্তঃ প্রতিজ্ঞানাৎ ॥२॥

মুক্র ইংলেন (মুক্রা), ইহা জাতর প্রতিপাদ্য বিষয়ের আলোচনা কারলে (প্রতিজ্ঞানাং) বুঝা যায়।

দেপ, জীবের বন্ধন আর কিছুই নয়, কেবল জাগ্রং, স্বপু, স্বৃত্তি প্রভাত অবস্থায় দেহাদিকেই 'আমি' বলিয়। মনে করা। দেহাদির সহিত আপনাকে একেবারে একীভূত, জড়িত বলিয়া মনে করার নামই বন্ধন। এবং তাহাতেই যত হঃখ। সেই অভিমানটী ত্যাগ হওয়ার নামই মুক্তি। স্থতরাং মুক্তিতে নৃতন আর কি হইবে ? আত্মার যাহা চিরন্থির, অবিক্বতরূপ, তাহাই বন্ধাবস্থায় অজ্ঞানে আবৃত থাকে, মুক্তাবস্থায় প্রকাশিত হয়। মুক্তি যদি নৃতন একটা কিছু উৎপন্ন পদার্থ হয়, তবে অবশুই কোন-না কোন দিন তাহার বিনাশও অবশ্বস্তাবী—উৎপন্ন পদার্থ মাত্রই ধ্বংসশীল। সেরূপ মৃক্তি ভোগকামী ব্যতীত কেহই আকাজ্জা করে না, দে ত মুক্তি নয়, একটা বিশেষ ঐশর্য্যের ভোগ মাত্র, ফলে ওটা স্বর্ণান্থাল তুলা বন্ধেরই नामाखत । मुक्तित मृनावछ। এইখানেই (य, উহা চিরকানই স্থায়ী, স্তরাং বন্ধাবস্থার ও মোক্ষাবস্থার প্রভেদ এইমাত্র যে, বন্ধাবস্থায় অজ্ঞান থাকে, মুক্তাবস্থায় তাহা থাকে না।

'স্ব-স্বরূপে অভিনিম্পন্ন হন',—এই যে মুক্ত আত্মার স্বরূপ বর্ণনা, তাহা শ্রুতি (ছা:৮) আরম্ভ করিয়াছেন এই ভাবে:-প্রথমে শ্রুতি, মুক্ত আত্মা কিরূপ, তাহা বুঝাইবার জন্ম প্রস্তাব আরম্ভ করিলেন। তারপর "এই আত্মা কির্নপ, তাহাই আবার বুঝাইতেছি"—এই বলিয়া একে একে জাগৎ, স্বপ্ন ও স্বৃপ্তিতে সেই একই আত্মার বর্ণনা করিয়া পরে বলিলেন, ''শরীরাভিমান রহিত অণ্আকে স্থ ছঃথ স্পর্শ করে না," এবং অবশেষে "দেহাদি অভিমানশৃত্য আত্রা পরমজ্যোতি:-সম্পর হইয়া স্ব-স্বরূপে অবস্থান করেন,"—এই বলিয়া প্রস্তাব শেষ করিলেন। এই শ্রুতি হইতে স্পষ্টই বুঝা ঘাইতেছে ধে, আত্মা জাগ্রদাদি অবস্থাত্রয়ে এবং মৃক্তাবস্থায়ও একইরপে অবস্থান করেন, তবে জাগ্রদাদি অবস্থায় দেহাদির অভিমান থাকে, মৃক্তাবস্থায় তাহা থাকে না-বন্ধের সহিত মুক্তির এইমাত্র পার্থকা।

শিষ্য। আচ্ছা, স্ব-স্বরূপে অভিনিম্পন্ন হইলে মৃক্তি হয়, বুঝিলাম।
কিন্তু শ্রুতি ত বলিয়াছেন যে, তথন আত্মা জ্যোতিঃসম্পন্ন হন।
জ্যোতিঃ বলিতে ত পঞ্ভূতের অন্তর্গত তেজ নামক ভূতকেই ব্ঝায়।
বিনি সেই তেজরপতা প্রাপ্ত হন, তাঁহার মৃক্তি হইল, একথা বলা
যায় কিরূপে ? সমুদায় ভৌতিক পদার্থই ত ধ্বংস্মীল।

গুরু। ই্যা, তিনি তথন জ্যোতিঃ-সম্পন্নই হন বটে, কিন্তু তাহাতে মুক্তির কোন হানি হয় না। কারণ ঐ শ্রুতিতে জ্যোতিঃশব্দে কোন ভূতকে ব্রাইতেছে না, পরস্তু জ্যোতিঃ শব্দের অর্থ

আত্মা প্রকরণাৎ।। ৩।।

আত্মা [আত্মা], কারণ প্রতাবিটা আত্মা সম্বন্ধেই করা ইইয়াছে [প্রকরণাং]। শ্রুতি "যে আত্মা নিম্পাপ, নিম্কল্ক, অমর—" (ছা: ৮.৭.১) ইত্যাদিরূপে পরমাত্মার বর্ণনা-প্রসঞ্জেই জ্যোতিঃ শব্দের ব্যবহার করিয়াছেন। স্থতরাং ঐ জ্যোতিঃ শব্দে পরমাত্মারই নির্দেশ হইয়াছে, বুঝিতে হইবে। তেজ্জভূতের কোন প্রসঙ্গই ওস্থলে নাই। আর জ্যোতিঃশব্দে যে পরমাত্মাকেও বুঝায়, তাহা 'জ্যোতি-র্দর্শনাং' (১.৩.৪০), এই স্বত্রে আলোচনা করা হইয়াছে। জ্যোতিঃ-সম্পন্ন হওয়া অর্থ জ্ঞান স্বরূপে অবস্থান করা।

শিষ্য। গুরুদেব ! নিজের স্বরূপপ্রাপ্ত অর্থাৎ মৃক্ত আত্মা কি পরব্রহ্ম হইতে পৃথক্ভাবে অবস্থান করেন, অর্থাৎ তাঁহার কি কোন স্বতন্ত্র অভিত্ব (Individuality) থাকে, না পরব্রহন্তর সহিত এক হইয়া যান ?

গুরু। মৃক্ত আত্মা পরমাত্মার সহিত

অবিভাগেন দৃষ্টত্বাৎ ॥৪॥

এক হই ছাই [অবিভাগেন] অবস্থান করেন, কারণ, শ্রুতিতে

७२१

সেইক্লপই দেথা যায় [দৃষ্টভাৎ]। পরমাত্মাই উপাধির সম্পর্কে অন্ত একজ্বন অর্থাৎ জীবরূপে প্রতিভাত হন, মুক্তাবস্থায় সেই উপাধির বিগমে থেই প্রমাত্মা সেই প্রমাত্মাই হন। "আমি ত্রন্ন" (বুঃ ১.৪০০০), "সেই ব্রহ্ম তুমিই" (ছা: ৬.৮.৭), "ব্যেমন নির্মাল জল নির্মাল জলে মিশিয়া এক হইয়া যায়, সেইরূপ জ্ঞানীর আত্মাও শুদ্ধত্রলে মিশিয়া এক হইয়া যায়" (ক: ৪.১৫), "ব্ৰহ্মজ্ঞ ব্ৰহ্মই হন"—ইত্যাদি শ্ৰুতিবাক্য হইতে বুঝা যায় যে. মৃক্তাত্মা ও পরমাত্মার কিছুমাত্র পার্থক্য থাকে না।

শিষা। গুরুদেব। মৃক্ত আত্মা যদি প্রমাত্মার সহিত একই হইয়া গেলেন, যদি তাঁহার কোন পৃথক্ অন্তিত্বই না থাকিল, তবে ত তাঁহার আত্মনাশই হইল ! এরপ মুক্তি কে কামনা করিবে ?

গুরু। বৎস! পরিপূর্ণতাকে যদি তুমি আত্মনাশ বল, তবে আর কি বলিব ? খণ্ডতার একটা আপাতঃ সৌন্দর্যা আছে বটে, কিন্তু সমস্ত খণ্ডতার পরিসমাপ্তি যেখানে, সেখানে যে পরিপূর্ণ তৃপ্তি, তাহা কেহই অম্বীকার করিতে পারিবেন না। যাহা লাভ করিলে আর কিছই লক্ষ্য থাকিবে না, সেই জিনিষ্টী যে প্রত্যেকের কাম্য হওয়া উচিত, ইহা কে অধীকার করিবে ? তাহাতেই প্রম হুখ, চরম শান্তি। সেই পরিপূর্ণতার বিন্দুমাত্র অভাব হইলেও আকাজ্ঞার নিবৃত্তি হইতে পারে না; স্থথের পূর্ণতা হইতে পারে না। তুমি যতই এখগা, যতই বিভৃতি লাভ কর না কেন, পূর্ণ না হইতে পারিলে কিছুতেই তোমার শান্তি হইবে না, ইহা ধ্রুব সত্য। ''য়ৎ বৈ ভুমা তৎ স্থাম নাল্লে স্থামন্তি''— বাহা সর্বাপেকা পূর্ব, যাহার অপেকা শ্রেষ্ঠ বা অধিক কিছুই নাই, তাহাই **যথার্থ সুথ,** তাহার বিন্দুমাত্র অল্পতায়ত স্থাধর লাঘব অবছস্ভাবী।

পরমাথাই সেই ভুমা, পরিপূর্ণতা, স্থবের চরম ; তাহা হইতে এতটুকু পার্থক) থাকিলেও পরিপূর্ণ আনন্দের, প্রমা তুপ্তির আশা হইতে বাঞ্ড হইতে হইবে। "যুখনই প্রমাত্মা হইতে এডটুকু পার্থক্য অর্ভত হয়, ভ্রমত ভয়- অশাস্তি"। স্বতরাং সেই পরিপূর্ণতা অর্থাৎ প্রমান্তা হওয়াই কি কাম্য নহে ৷ প্রমান্মভাবপ্রাপ্তিকে তুমি বালতেচ আত্মনাশ ; মানি বলি, ইহাই স্বাত্মারে সত্যিকারের অভিত. ইয়া হইতে বিশ্বমাত্র বিচ্যাতি বা পার্থ**ক্যের অমুভূতিই প্রকৃত** আত্মনাশ যে ব্যাহশিশু জ্মাণ্ডি মেষ্পালের সহিত পরিবর্জিত হইয়া আপনাকেও একটা মেষরূপে ভাবিতে এবং মেষের মডই বাবহার কবিতে শিথিয়াছে, বাশ্ববিক তাহারই কি আ্থানাশ হয় নাই প দে ঘথন ব্বিডে পারে যে, সে বস্তুত: মেষ নহে পর্য বাাছ, তখনই কি তাহার পত্যিকারের আত্মার অন্তিত সিদ্ধ হয় না? আপনার সত্যিকারের রূপ ভূলিয়া যাওয়াই ত আত্মনাশ। আর আপনার সন্থিকারের রূপ জানিতে পারাই ত প্রকৃত আত্ম-প্রতিষ্ঠা। শ্বরাং মূজারার প্রমাখার সহিত মিলিয়া এক হইয়া যাওয়াকে যদি : নি আত্মনাশ বল, তবে আমি কামনা করি, সেরপ আত্মনাশ প্রভ্যেকর হউক, প্রভ্যেকের মেযের আত্মার বিনাশ হইয়া ব্যাছের আত্রা প্রপ্রতিষ্ঠিত হউক। এরূপ আগ্র-বিনাশে ভয় পাইতেছ কেন। प्यवश वाह्यभावत्कत ताथ इय अथम अथम यूवहे उम्र हहेमाहिल-जहें मान कतिया (य, "जाहे ज, चामि वाप! ना, ना, जाहा इहें तहें যে আমার মেষবের লোপ ইইয়া খাইবে, কচি কচি ঘাস ত খাইতে পাইব না!" কিন্তু সে ব্ধন দুঢ়ক্রপে ব্ঝিল যে, সে সভাই ব্যাছ, त्यय नय, उथन त्य जाहात जानत्मत्र माजा भूर्ग हहेबाहिन, हेहारज मत्मह नारे। त्मरेक्रम এथन ट्यामाव मत्न रहेट भारत वर्षे थ.

"তাইত, আমি আমার ব্যক্তিত্ব হারাইয়া ফেলিব, মুক্তির আন্বাদ ভাহা হইলে উপভোগ করিবে কে?" কিন্তু যখন বুঝিতে পারিবে যে, তুমি সভা সভা পরমাত্মাই, তথন দেখিবে, এই ব্যক্তিত্বের (Individuality) জ্ঞানই বস্ততঃ তোমার তঃবের কারণ, প্রমাত্মভাবই চরম স্থা।

শিশু। গুরুদেব ! বুঝিলাম যে, মুক্ত আত্মা পরমাত্মাই হইয়া যান। কিন্তু পরমাত্মাকে ত তুই রকমে বুঝা যায়। এক রকম হইল-তিনি ভদ্ধচৈততা বা জ্ঞানস্বরূপ, আর এক রক্ম—তিনি নিষ্পাপ, স্ত্যকাম, স্ত্যস্কল্প, সর্বজ্ঞ, সর্বেশ্বর ইত্যাদি। মৃক্তাত্মা প্রমাত্মার এই ছুইটা রূপের কোনটা প্রাপ্ত হন ?

গুক। ব্রাক্ষেণ জৈমিনিঃ উপন্যাসাদিভাঃ ॥৫॥

আচাধ্য জৈমিনি (জৈমিনি:) বলেন যে, মুক্ত আত্মা প্রমাত্মসম্বন্ধীয় দ্বিতীয় রূপটীতে [ব্রাহ্মেণ] অবস্থান করেন, অর্থাৎ তিনি নিষ্পাপ, সর্বজ্ঞ, সর্বাশক্তিমান ইত্যাদি অশেষ গুণবিশিষ্ট ত্রহ্মত্ব প্রাপ্ত হন ; শ্রুতির বিষয় নির্দেশাদি হইতে [উপন্যাসাদিভা:] একথা জানা যায়। শ্রুতি পরমাত্মাকিরপ, তাহা বুঝাইবার জন্য এই বলিয়া বিষয়ের অবভারণা করিলেন যে, ''যে আত্মা নিস্পাপ, সভাকাম ইত্যাদি, তাঁহারই নির্দেশ করিতেছি, তাঁহাকেই জানা উচিত" (ছা: ৮.৭.১)। তারপর তাঁহাকে সর্বজ্ঞ সর্বেশ্বর ইত্যাদি রূপে সর্ব্বগুণাধার विनिश निर्दिम कर्ता इरेशाहि। आत्र वना इरेशाहि (य, मूक আত্মা নানারপ ক্রীড়া করেন, স্থভোগ করেন ইত্যাদি, অর্থাৎ তাঁহার বছবিধ ঐশ্বর্য লাভ হয়, ডিনি যাহা ইচ্ছা তাহাই করিতে পারেন (ছা: ৮.১২.৩; ৭.২৫.২)। এই সমন্ত শ্রুতিবাক্য হইতে বুঝা

ষাইতেছে যে, মুক্ত আত্মা কেবল অথণ্ড শুদ্ধ চৈতন্যৰূপে অবস্থান করেন না, পরন্ত মর্কৈখর্য্যসম্পন্ন ব্রহ্মরূপে অবস্থান করেন। কি ভ

চিতি তন্মাত্রেণ তদাত্মকত্মাৎ ইতি ঔডুলোমিঃ।।৬।। আচাগ্য উভুলোমি [উভুলোমি:] বলেন যে [ইতি], থেহেতু পরমাত্মা কেবল শুদ্ধ হৈত্ত্যস্বরূপ, সেইহেতু [তদাত্মকত্মাৎ] মৃক্ত আত্মা কেবল মাত্র শুদ্ধ হৈতত্ত্বরূপেই [তন্মাত্রেণ] হৈতত্ত্ত [চিতি] অভিনিপন্ন হন। আচার্য্য কৈমিনির মতে পরমাত্মার যেমন চৈতন্য শক্তি আছে, তেমন সত্যকামত্ব, সর্বাসন্ধল্প, সর্বজ্ঞত্ব ইত্যাদি প্রস্থাপ্ত আছে। কিন্তু আচার্য্য ঔড়লোমির মতে পরমান্ত্রার কোনরপ ধর্মই নাই, চৈতন্মও তাঁহার ধর্ম বা শক্তি নহে, কিন্তু তিনি শুদ্ধ চৈত্তন্মাত্র। "আআ অন্তরে বাহিরে সর্বতি শুদ্ধ হৈত্তন্মাত্র" ে (বুঃ ১.৫.১৩)—এই জাতীয় শ্রুতিই ইহার প্রকৃষ্ট প্রমাণ।

শিষ্য। তবে প্রমাত্মা নিষ্পাপ, অজর, অমর ইত্যাদিরপে যে নিদিট হইয়াছেন, তাহার তাৎপর্য্য কি ?

গুরু। ওড়ুলোমি বলেন, তাহার তাৎপর্য্য এই মাত্র যে, আত্মাতে পাপ, জরা, মৃত্যু ইত্যাদি কিছুই নাই। ঐ সমস্ত শব্দ দারা প্রমাত্মাতে কোন প্রকার ধর্মের অন্তিত্ব প্রমাণিত হয় না।

শিষা। কিন্তু তাঁহাকে ত স্তাকাম, স্তাস্কল্প ইত্যাদিরপেও বর্ণনা করা হইয়াছে ?

শুরু। ঔড়ুলোমি বলেন, হ্যা হইয়াছে সভ্য, কিন্তু ঐ সমস্ত ধর্ম উপাধি-সম্পর্কেই আত্মাতে আরোপিত করা হইয়াছে, বস্তুতঃ উপাধি ছাডিয়া দিলে আত্মাতে ঐ সমস্ত ধর্মের একান্তই অভাব প্রমাণিত হয়।

পরমাত্মার যে উপাধি-সম্পর্কেও বস্তুতঃ ঐ সমন্ত ধর্ম থাকিতে পারে না, তাহা "ন স্থানতোহপি পরস্য উভয়লিঙ্গম" (ব্রঃ সুঃ ৩. ২. ১১) এই সূত্রে বিশেষভাবে দেখান হইয়াছে। এই সিদ্ধান্ত অনুসারে মুক্ত আত্মার ক্রীড়া, উপভোগ ইত্যাদিও হুংখের অভাবমাত্র অর্থই গ্রহণ করা উচিত। এবং মৃক্তাত্মার প্রশংসার জন্মই শ্রুতি ঐ সমস্ত শব্দ ব্যবহার করিয়াছেন, বস্তুতঃ কোন প্রকার ঐশ্বর্য প্রতিপাদন করিবার জন্য নহে। ইহা হইল আচার্য্য ঔড়লোমির মত।

ञ्चल दार (मथा (भन, किपिनि वनिष्ठ हन, भवमाना वह धर्मविभिष्ठे, অতএব মুক্তাত্মাও বহুধর্মবিশিষ্ট। আবার ঔড়লোমি বলিতেছেন, পরমাত্মার কোনই ধর্ম নাই, তিনি কেবল চৈতন্য, অতএব মুক্তাত্মাও শুদ্ধ হৈতন্যই। উভয়ের এই বিরোধের মীমাংসা আচার্য্য বাদরায়ণ অতি স্থলবরূপে করিয়াছেন।

এবমপি উপন্যাসাৎ পূর্বভাবাৎ অবিরোধম্ বাদরায়ণঃ॥१॥ তিনি বলেন [বাদরায়ণঃ], সত্য বটে প্রমাত্মাতে পার্মার্থিক হিসাবে কোনই ধর্ম নাই এবং তিনি শুদ্ধ হৈতন্য মাত্রই, তাহা হইলেও [এবমপি] জৈমিনি প্রদর্শিত শ্রুতির নির্দেশ অনুসারে [উপন্যাসাৎ] স্বীকার করিতেই হইবে যে, পূর্ব্বোক্ত সত্যকামত্বাদি ধর্মের অন্তিত্বও কোন-না-কোন প্রকারে ত্রন্ধে সম্ভব হইতে পারে, এবং সেইজন্য [পূর্বভাবাৎ] বলিতে হইবে যে, ঐ সমন্ত ধর্ম ব্যবহার দৃষ্টিতে ত্রন্ধে আছে। অর্থাৎ শব্রমার্থ দৃষ্টিতে ত্রন্ধে কোন ধর্ম নাই, ব্যবহার मृष्टि ज जारह, करन উভয়ের মধ্যে কোন বিরোধ [অবিরোধম] দেখা যায় না। মৃক্ত আত্মা নিজের দৃষ্টিতে শুদ্ধ চৈতন্যমাত্র, কিন্তু অপবের দৃষ্টিতে ঐশ্ব্যবান। শুদ্ধ চৈতন্য পদার্থটী যে কি. তাহা স্বয়ং

শুদ্ধ চৈত্রা না ইইলে বুঝা যায় না। কাজেই সাধারণ দৃষ্টিতে মক্তাত্মাকেও কতকগুলি ধন্মবিশিট্রপে ধারণা করা ছাড়া গত্যস্তর নাই। ঔড়লোমি মুক্ত আরে নিজ দৃষ্টি অবলম্বনে বলিয়াছেন যে, তিনি কেবল চৈতন্যখন, আর জৈমিনি সাধারণ দৃষ্টি অভুসারে বলিয়াছেন যে, তিনি বিবিধ গুণশালী। স্বতরাং বন্ধগত্যা উভয়ের মধ্যে কোন বিরোধ নাই।

শিষা ! গুরুদেব ! যিনি আপনাকে গুণাতীত ব্রন্ধরপে অবগত হইয়াছেন, তাহার মুক্তি কিরপ বুঝিলাম। একণে যিনি ব্রহ্মকে অশেষ গুণের আধাররূপে অহুভব করিয়া অগলোকে গমন করেন, তাঁহার সম্বন্ধে ক্ষেক্টা প্রশ্ন আছে, কুপা ক্রিয়া মীমাংসা ক্রুন।

ছান্দোগা উপনিষদে হ্রনপন্নে অন্ধের উপসনার একটি প্রণালী कॅषिए इहेगाएं। উहारक ड्यांक्ट्रिक्टांग वा महत्रविमा। वरन । এहे উপাসনার প্রসঙ্গে বলা হইয়াছে যে, "এই উপাসক যদি পিতৃলোকের কামনা করেন, তবে সক্ষপ্রমাতভ্রেই পিতৃগণ আবিভূতি হন" (हा: ৮. २.)। किश्व (क वन भाव नश्च हाताहे कान कि ह नक হইতে দেখা যায় না। সকলের পরে সকলসিদ্ধির অফুরূপ কার্য্য ক্রিলেই সিদ্ধিলাত হয়, কেবল সম্বল্পে কিছুই হয় না। কিন্তু শ্ৰুতি বেন বলিভেছেন যে, কেবলমাত্র সম্বল্পেই পিত্রোক প্রাপ্তি হয়।

福港 1 李11.

সঙ্গল্পাং এব তু তৎ-শ্রুতঃ।। ৮।।

কেবলমাত্র সম্বল্প ছারাই [সম্বল্পাদেব] পিতৃলোকাদির প্রাপ্তি হয়, কারণ শ্রুতি সেইরূপই বলেন ভিচ্ছু ডে: । অবশ্য সাধারণ

মুম্বাকে সঙ্কল্লের পরে সঙ্কল্লসিদ্ধির জনা চেটাও করিতে হয়; কিছ দহর উপাসনায় সিদ্ধ পুরুষের সেরূপ কোন চেটার প্রয়োজন হয় না, তাঁচার সম্ভ্রমাত্তেই তাঁচার প্রাথিত বস্তু লব্ধ হয়। সাধারণ মাহুষের চেষ্টা যত্ন দ্বারা সিদ্ধির যতট। সহায়তা হয়, তাহাও উপাদকের সকল্পারাই সাধিত হয়। ইহাই তাঁহার বিশেষত্ব। শ্রুতিও সেই জনাই কেবল স্কল্পের কথাল বলিয়াছেন। আরু, যেহেত তাঁথার সম্বল্পাতেই কাৰ্যাসিদ্ধি বা কাম্য বস্তু লাভ হয়.

অতএব চ অন্য-অধিপতিঃ ॥ ৯ ॥

দেইহেতু [অতএব] তাহার অপর কোন **অ**ধিপতি বা নিয়ন্তা নাই [অনন্যাধিপতিঃ], একথাও খীকার করিতে হয়, অথাৎ সে স্বয়ংপ্রভ, তাঁহার সহলে বাধা জনাইবার কেই নাই। একথা শ্রুতিও বলিয়াছেন (ছা: ৮.১.৬)।

শিষ্য। দহরাদি বিদ্যাপ্রভাবে মৃক্ত পুরুষের সম্বল্পমাত্রেই অভিপ্রেড मिषि रम-रेशा वृद्धा या प्र ए जारात्र मन थारक। किन्त मंत्रीत छ ইক্রিয় থাকে, কি-না, ভাহা ঠিক বুঝা ঘাইভেছে না। তাঁহার কি শরীর ও ইন্দ্রিয়ও থাকে।

শুক। অভাবং বাদরিঃ আহ হি এবম্।। ১০।।

আচাষ্য বাদরি [বাদরি:] বলেন, শরীর ও ইন্দ্রিয় থাকে না [অবভাবম]; কারণ [িহি], শ্রুতি না থাকার কথাই [এবম্] বলেন [আহ]। শ্রুতি বলেন, "তাঁহারা ত্রন্ধলোকে মন্ত্রের স্থারা যথাভিপ্রেত বস্তু লাভ করিয়া স্থামূভব করেন" (ছা:৮.১২.৫)। সকলেই মন, ইন্দ্রিয় ও শরীরের সাহায়ে অভীষ্ট লাভ করিয়া স্বধী

হয়, কিন্তু শ্রুতি বলেন যে, ত্রন্ধলোকস্থ মুক্ত পুরুষ মনের দারা ভোগ করেন। শ্রুতির এই উক্তি ঘারা নিশ্চয় করা যায় যে, তাদশ মুক্ত পুরুষের শরীর ও ইন্দ্রিয় থাকে না।

আবার.

ভাবং জৈমিনিঃ বিকল্প-আমননাৎ ।। ১১ ।।

षाচাষ্য জৈমিনি [জৈমিনিঃ] বলেন, শরীর ও ইন্দ্রিয় থাকে [ভাবম]; থেহেতু, শ্রুতি মুক্তপুরুষের ইচ্ছাতুসারে এক বা বছ রূপ গ্রহণের উল্লেথ করিয়াছেন [বিকল্পামননাৎ]। মুক্তপুরুষ যথন ইচ্ছাত্মসারে ক্থনও এক্রপ ক্থনও বহুরূপ গ্রহণ ক্রেন, তথন অব্ছাই তাঁহার শরীর ও ইন্দ্রিয় থাকে, না হইলে এরপ রূপ গ্রহণই সম্ভব হয় না।

কিন্ত

দ্বাদশাহবৎ উভয়বিধম্ বাদরায়ণঃ অতঃ ॥ ১২ ॥ আচার্য্য বাদরায়ণ [বাদরায়ণঃ] বলেন যে, বাদরি ও জৈমিনি প্রদর্শিত উভয় প্রকার শ্রুতি আছে বলিয়া [অত:] মুক্ত পুরুষের শরীরেন্দ্রিয় পাক। ও না-থাক। উভয়ই ডিভয়বিধম ব সম্ভব। যেমন বার দিন ব্যাপী একটি যাগকে এক শ্রুতি অনুসারে বলা হয় 'সত্ত্র' এবং আর এক শ্রুতি অনুসারে বলা হয় 'অহীন', সেইরূপ [দ্বাদশাহবৎ] ব্রন্ধলোকস্থ মুক্ত ক্ষণ কথনও স্থারীর, কখনও অশ্রীর। তাহার স্কল্প আমোঘ ও বিচিত্র। যথন তিনি ইচ্ছা করেন, তথন এক বা একাধিক শরীর ধারণ করেন, এবং যখন সেরূপ ইচ্ছা করেন না. তথন অশরীর হইয়াই অবস্থান করেন।

শিষ্য ! যথন অশ্রীর হন, তথন কির্পে তাঁহার কামনা দিদ্ধি হয় ?

গুরু। এক দিকে মৃত্যু, অপরদিকে পুনরায় জন্ম ইহার মধ্যে অর্থাৎ অন্তরালে যে অবস্থা, তাহার নাম সহ্রান্ত্রানা; অথবা জাগ্রং ও স্বয়াপ্ত-ইহাদের অন্তরালবতী অবস্থা অর্থাৎ স্বপ্লকেও 'সন্ধ্যস্থান' বলা হয়। এই সন্ধা অবস্থায় শরীর, ইন্দ্রিয় ও বিষয় না থাকিলেও জীব কেবলমাত্র ভাবনা দারা ভোগ করে। ত্রহ্মলোকস্থ মুক্ত পুরুষেরও

তকু-অভাবে সন্ধ্যবৎ উপপদ্যতে ।। ১৩ ॥

শরীরের অভাবে [তন্তাবে] সন্ধ্য অবস্থার তায় [সন্ধাবৎ] কামনা দিদ্ধি সম্ভব হইতে পারে [উপপদ্যতে]।

আবার.

ভাবে জাগ্ৰহ-বহু ॥ ১৪ ॥

শরীর গ্রহণ করিলে [ভাবে] জাগ্রৎকালে যেরূপ ভোগ হয়, সেইরূপ [জাগ্রবৎ] মুক্তপুরু েষরও ভোগ হয়।

শিষ্য। গুরুদেব ! মুক্তপুরুষ যখন বহু শরীর ধরণ করেন, তথন ঐ সমস্ত শরীরে একই সময়ে তাহার ভোগ হয় কিরুঁপে বুঝিতে পারিতোছিনা। অবশ্য আত্ম-মন্ত্রপে তিনি সর্কব্যাপী, কিন্ত স্কাশরীর ব্যতীত ত ভোগ হয়না; অথচ সেই স্কাশরীর একটা মাত শরীরেই থাকিতে পারে, এবং কেবল মাত সেই শরীরেই মুক্ত পুরুষের ভোগ হইতে পারে, অ্যান্ত শরীরে ফুল্মশরীর না থাকায় ভোগ হইবে কিরপে ?

গুরু। বৎস! শ্রুতি বলেন, তিনি একই সময়ে বহু হইতে পারেন। এই বহু হওয়ার অর্থ স্ক্মশরীরেরই বহু হওয়া; তিনি আত্ম-স্বরূপে আর বহু হইতে পারেন না, কারণ আত্মা এক। অতএব তিনি বহু হন, একথার তাৎপর্য্য এই যে, তাঁহার স্ক্রশরীরই বিভিন্ন

শরীরে প্রবিষ্ট হয় এবং সেইজক্স তিনি একই সময়ে ঐ সমন্ত শরীরেই ভোগ উপলব্ধি করিতে পারেন। তাঁহারই অস্তঃকরণ বছ রূপ ধারণ করিয়া বছ শরীরে প্রবিষ্ট হয়, এবং তিনি সেই সেই অস্তঃকরণ উপহিত হইয়া ঐ সমন্ত শরীরের ভোগ উপলব্ধি করেন। ঐ সমন্ত শরীর কার্চ্যন্ত্রের মত নিজ্জীব, কিংবা অন্ত জীবকর্তৃক অধিকৃত, যান এরূপ বলা হয়, তবে "তিনি এককালে বছ শরীর ধারণ করেন" শ্রুতির এই বাক্যের কোন সার্থকতা থাকে না। স্থতরাং

প্রদাপবং আবেশঃ তথাহি দর্শয়তি।। ১৫।।

যেহেতু শভ বছ শরার ধারণের কথা বলিয়াছেন, সেইহেতু তথাহি দর্শয়ত] থাকার করিতেই হইবে যে, মৃক্তপুরুষের এমন শক্তি হয়, যাহার প্রভাবে তিনি ইচ্ছা করিলে নিজের মনের অহ্বরূপ আনেক স্প্রত্নতি প্রভাবি হটি করিয়া তাহাতে আবিষ্ট হইতে পারেন [আবেশঃ]। যেমন, একটা প্রদীপ বিভিন্ন প্রদীপের বর্তির (সলতে) সহিত সংলগ্ন হইয়া আরাহ্যরূপ বছ প্রদাপ সৃষ্টি করিয়া প্রত্যেকের মধ্যেই প্রবিষ্ট হইয়াছে, এরূপ বলা যায়, সেইরূপ প্রদীপবং] মৃক্ত আত্মান্ত বহু শরীরে আবিষ্ট হইয়া ভোগা করেন। যোগীরান্ত টিক এইভাবে বহু শরীরে প্রবিষ্ট হইয়া থাকেন।

শিষ্য ! গুরুদেব ! মৃত্তপুরুষের এই সমন্ত ভোগের বিষয় গ্রানিষ্ট আমার একটা সন্দেহ হইতেছে । গ্রুভি বলেন, মৃত্তি হইলে কোনরূপ ভেলজানই থাকে না। যেমন, "তথন কে কি দিয়া কি নেখিবে ?" (র: ৪.৫.১৫)। "তথন ধিতীয় আর কিছু থাকে না।" (র: ৪.৩.১০)। "জলে জল মিশিয়া যাওয়ার মত মৃত্তপুরুষ অধ্য পরমাত্মায় মিশিয়া যান" (র: ৪.৩.০২)ইত্যাদি। কিছু ভোগ হইতে

হইলে যিনি ভোগ করিবেন, ভোগ্যবস্ত অবশুই তাঁহ৷ হইতে পুথক্ ভাবে অবস্থান করিবে, অর্থাৎ ভোগ ভেদ না থাকিলে হয় না। ফুতরাং মুক্তপুরুষের ভোগ হয় বলিলে এই সমস্ত শ্রুতির সহিত বিরোধ হয়

खका ना. वर्षा विद्याध किছूहे हम ना। ভाविमा प्रथ, ঐ যে বিশেষ জ্ঞান বা ভেদজান না থাকার কথা বলা হইয়াছে, তাহা কোন অবস্থা লক্ষ্য করিয়া। যে সম্পর্কে ঐ ভেদ জ্ঞানের অভাবের উক্তি আছে, তাহা আলোচনা করিয়া দেখ। শ্রুতি অনেক স্থলে মুষ্প্রি অর্থে স্থান্সাহা (মতে অর্থাৎ আত্মাতে, অপায় অর্থাৎ লয় বা অবন্থিতি) শব্দের বাবহার করিয়াছেন, কারণ স্ব্রুপ্তি অবস্থায় ইন্দ্রিয়াদির কার্য্য স্থাপিত হওয়ায় আত্মা আপনাতেই অবস্থান করেন। আবার, অহম ব্রহ্ম স্বরূপে অবস্থানকে শ্রুতি সম্প্রতি নামে অভিহিত করিয়াছেন। 'কোনরূপ ভেদ বা বিশেষ জ্ঞান থাকে না' এই যে উক্তি, ইহা

স্বাপ্যয়-সম্পত্তোঃ অন্যতর-অপেক্ষম, আবিষ্কৃতম্ হি।। ১৬।।

''হয় স্বাপ্যয়, না হয় সম্পত্তি' এই তুইটীর [স্বাপ্যয়সম্পত্তো:] একটাকে লক্ষ্য করিয়াই [অন্তরাপেক্ষম] করা হইয়াছে। কোনস্থল স্ব্ধিসম্পর্কে বলা হইয়াছে যে, তথন কোনরূপ বিশেষ জ্ঞান (ঘটজ্ঞান, পটজ্ঞান ইড্যাদি) থাকে না; আবার কোন স্থলে অব্যু ব্ৰহ্মস্বৰূপ প্রাপ্তি অর্থাৎ কৈবল্যসম্পর্কেও বিশেষ জ্ঞানের অভাব প্রদর্শিত হইশ্বাছে। এই সিদ্ধান্ত 'ৰাপান্ব'ও 'সম্পত্তি' বে যে স্থলে আলোচিত হইয়াছে, সেই সেই স্থল অমুসন্ধান করিলেই পরিকৃট হয় [আবিষ্কৃতম্]!

নির্গুণ উপাসনার দ্বারায় যাঁহারা অদ্যুত্রক্ষ সাক্ষাৎকার করেন, তাঁহারা ক্রেল হন অর্থাৎ তাঁহারা অথও চিন্নাত্তম্ব্রপে অবস্থান করেন. रेकवना প্রাপ্ত হন; তাঁহাদের কোনপ্রকার ভেদজ্ঞানই থাকে না, এমন কি জ্ঞান, জ্ঞোপ জ্ঞাতা এই তিনেরও বিলয় হয়। স্থতরাং ঈদুশ কৈবল্যপ্রাপ্ত মুক্তপুরুষের কোনপ্রকার ভোগই হয় না। পূর্বে যে সমন্ত ঐশব্য সভোগের কথা বলিয়াছি, তাহা সগুণ ব্রহ্মোপাসনার ফল। সন্তণ ব্রহ্মজ্ঞানীর ভেদজ্ঞান একেবারে বিলুপ্ত হয় না, স্থতরাং তাঁহার ভোগ হইতে কোন বাধা নাই! যজ্ঞাদি অমুষ্ঠান করিয়া দকামপুরুষ ঘেমন স্বর্গস্থু অনুভব করে; দগুণব্রন্ধোদনা করিয়াও সাধক ব্রন্ধলোকে নানাবিধ স্থখভোগ করেন। ভবে বিশেষ এই যে. মর্গাদি উপভোগের পর আবার জন্মগ্রহণ করিতে হয়, কিন্তু সগুণ উপাসনার ফলে ব্রহ্মলোকপ্রাপ্তি হইলে পুনরায় আর জন্ম হয় না।

শিষ্য। আচ্ছা, যাঁহারা সগুণ ব্রন্মজ্ঞানের প্রভাবে ব্রন্ধলোকে গমন ক্রেন, তাঁহাদের কি নিরক্ষা ঐশ্বর্যা লাভ হয়, অর্থাৎ তাঁহাদের কি অসীম ও স্বাধীন ক্ষমতা লাভ হয় γ তাঁহারা কি যাহা ইচ্ছা করিতে পারেন ? না, ঈশবের অধীনে থাকিয়াই তাঁহাদের ঐশব্য ভোগ করিতে হয়, অর্থাৎ তাহাদের ঐশ্বয় কি ঈশ্বয়াধীন, ঈশ্বনিয়ন্ত্রিত ?

গুরু। বংস। যাহারা স্তুণ উপাসনার দ্বারা ঈশ্বর তুলা হন, তাঁহাদের 'স্বরাজ' আপেফিক (Relative), আত্যন্তিক (Absolute) নহে। তাঁহারা ঈশ্বরাধীনে থাকিয়াই অণিমাদি ঐশ্বর্য ভোগ করেন।

জগৎ-ব্যাপারবর্জ্জং প্রকরণাৎ অসমিহিতত্বাৎ চ।।১৭।। জগতের উৎপত্তি প্রভৃতি ব্যাপার ছাড়া [জগদ্বাপারবর্জম] অন্যান্ত অণিমাদি সমন্ত এশ্বর্যাই তাঁহাদের লাভ হয়। বেহেতু, জগতের উৎপত্তি, স্থিতি ও লয় ব্যাপারে একমাত্র ঈশ্বরেরই অধিকার [প্রকরণাৎ] এবং চি] মুক্তপুরুষের দেই সব ব্যাপারের সহিত কোন সম্পর্ক নাই ি অসন্নিহিত্তাৎ । শ্রুতি প্র্যালোচনা করিলে ইহাই জানা যায়।

জগতের সৃষ্টি, স্থিতি, প্রালয় সৃষ্ধন্ধ যাহা কিছু শ্রুতিতে বলা হইয়াছে, তাহা সমন্তই একমাত্র ঈশবের কার্য্য, ঈশবে ব্যতীত অন্ত কাহারও সেরপ ক্ষমতা আছে বলিয়া শ্রুতি কুত্রাপি নির্দেশ করেন নাই। যাহার চিরন্তন শক্তি আছে, কেবল তিনিই অনাদি স্প্টপ্রবাহ পরিচালিত করিতে পারেন। মুক্তপুরুষের যাহা কিছু ঐশ্বর্যা, সমস্তই সাদি, উৎপন্ন ক্রিয়াবিশেষদারা লব্ধ (acquired), স্থতরাং তাঁহার পক্ষে স্ট্যাদি করা অসম্ভব। তারপর বিভিন্ন মুক্তপুরুষের ভিন্ন ভিন্নমন। একজন হয় ত ইচ্ছা করিলেন, 'সৃষ্টি করিব,' ঠিক সেই মুহর্ত্তেই আর একজন হয় ত ইচ্ছা করিলেন, 'প্রলয় করিব'। ভাবিয়া দেখ, এরপ বিরোধের কোনরপ প্রতীকার হইতে পারে না। স্থতরাং স্তুণ উপাসনায় সিদ্ধপুরুষের ঐশ্বয় নিরস্কুশ (unrestrained) নছে, কিন্তু ঈশ্বরাধীন।

শিষা। কিন্তু শ্রুতি, 'তাদৃশ উপাসক স্বারাজ্ঞা' (পূর্ণস্বাধীনতা, absolute freedom), প্রাপ্ত হন—ইত্যাদি বাকো

প্রত্যক্ষ-উপদেশাৎ ইতি চেৎ १—

প্রত্যক্ষভাবেই নিরস্থা ঐশ্বর্যালাভের উল্লেখ থাকায় [প্রত্যক্ষোপদেশাৎ] সগুণ উপাদনায় মুক্তপুরুষের পূর্ণ স্বাধীন এখর্য্যই লাভ হয়, এরূপ যদি হিতি চেৎী বলি ?

গুরু। না, বংস। শ্রুতি ঐ স্থারাজ্যপ্রাপ্তির উল্লেখ করিলেও তাহাদারা সগুণ উপাসকের নিরক্ষণ ঐশ্বর্যা প্রাপ্তি

ন, আধিকারিক-মণ্ডলম্ব-উক্তেঃ।। ১৮।।

পিন্ধ হয় না [ন], যেহেতু খারাজ্য প্রাধির উল্লেখ করিয়া পরে খাবার প্রতি বলিয়াছেন যে, ঐ উপাসক যিনি স্থ্যাদির তাপদানাদি কার্য্যের অধিকার প্রদান করেন এবং যিনি স্থ্যাদিয়গুলে অবস্থান করেন, সেই পরমেশ্বকে প্রাপ্ত হন [আধিকারিকমণ্ডলন্থোক্ডেঃ]। শ্রুতির এই পরবন্তী বাক্য হইতে বুঝা যাইতেছে যে, উপাসকের যাহা কিছু ঐশ্বয়, সমত্রই ইশ্বপ্রপ্রাদে লক। যদি তাহার নিরস্থা প্রশ্বর্য প্রাপ্তি হইত, তবে আর শ্রুতি তাহার ইদৃশ ইশ্বর-প্রাপ্তির কথা বলিতেন নাঃ স্বতরাং দেখা গোল যে, উপাসকের 'খরাজ' ভোগসম্বন্ধেই, স্ট্যাদিবাপ্রারে নহে।

শিষ্য আচ্ছা, উপাদক ত নিরস্থ ঐশ্বাশালী ঈশবেরই উপাদনা করিয়া ঈশবের লাভ করেন। স্থতরাং তাঁহারও কেন বিরস্থ ঐশ্বালাভ ২ইবে নাণু যে যেরপ উপাদনা করে, সে ত সেইরপই হয়ণ

গুরু। ইয়া, তাহা ঠিক বটে। যিনি যেরূপ উপাসনা করেন, তিনি সেইরূপই হন। সগুণ উপাসক সর্বৈশ্বগ্রাণী প্রমেশরের উপাসনা করিলেও তাহার সমস্ত ঐশব্য প্রাপ্ত হন না। ব্রহ্ম সগুণ ও নিগুণি উভয়াত্মক হইলেও যিনি তাহাকে কেবল সগুণরূপে উপাসনা করেন, তিনি তাহার নিগুণরূপ প্রাপ্ত হন না; সেইরূপ সগুণ প্রমেশ্যরের অসীম ঐশ্বয় ধাকিলেও উপাসক সেই অসীম ঐশ্বয় প্রাপ্ত হন না, কারণ তিনি প্রমেশরকে অসীম ঐশব্য শালীরূপে উপাসনা করেন না, করিতে পারেনও না (অসীমের ধারণা তাহার পক্ষে অস্তুব), তাহাকে বিশেষ বিশেষ ঐশ্বয় সম্পন্ন ভাবেই ভাবনা করেন, ফলে বিশেষ বিশেষ ঐশব্যই প্রাপ্ত হন, তাঁহার পূর্ণত উপাদক লাভ কবেন না।

শিষা। তাহা হইলে পরমেখরের কি বিকারাতীত (বিকার= পরমেশ্ব-শক্তির যাবতীয় বিকাশ, যাহা উপাদকের ধারণায় আদে) একটা রূপও আছে ?

গুরু। নিশ্চয়ই আছে।

বিকারাবর্ত্তি চ তথাহি স্থিতিম্ আহ ॥১৯॥ বিকারের অতীত একটা রূপও [বিকারাবর্ত্তি চ] পরমেশরের আছে, যেহেতু [তথাহি] শ্রুতি তুইরূপে অবস্থানের কথাই বলিয়াছেন [স্থিতিম্ আহ]। যেমন, "এই ভৃতবৰ্গ তাঁহার একচতুৰ্থাংশ, অবশিষ্ট তিন অংশ বিকারাতীত" (ছা: ৩. ১২. ৬) ইত্যাদি।

দশ্য়তঃ চ এবং প্রত্যক্ষ-অনুমানে॥২•॥ আর চি লৈ তাবং শ্বতি প্রিতাকার্মানে টভয়েই ব্রুমর বিকারাতীত রূপও যে আছে তাহা [এবং] দেখাইয়াছেন [দর্শহত:]। আরু, দগুণ উপাদকের ঐশর্যা যে নিরক্ষা নহে, তাহা

ভোগমাত্র-সাম্য-লিঙ্গাৎ চ ॥২১॥

শ্রুতির ইন্দিত হইতেও [নিনাৎ চ] জানা যায়, এবং সেই ইন্দিত হইতেছে এই যে, সগুণ উপাসকের একমাত্র ভোগবিষয়েই ঈশবের সহিত সাম্য আছে [ভোগমাত্র-সাম্য], অক বিষ্যে নহে। ইতি পর্যালোচনা করিলে বুঝা যায় যে, সগুণ উপাসক ভোগেই ঈবরের সমান, ক্ষমভায় নহে।

শিষ্য। গুরুদেব। আপনার উপদেশে বৃঝিলাম যে, যাহারা সগুণ

. `

উপাসনার হারা ব্রহ্মলোক প্রাপ্ত হন, তাঁহাদের বহুবিধ ঐশ্বর্যালাক্তা ও ভোগ হয়। কিন্তু ঐ সমস্ত ভোগও নিশ্চয় অনস্ত অফীম নয়। স্তরাং ভোগক্ষর হইলে তাঁহারাও কি স্কৃতকারীর চল্রলোক হইতে ইংলোকে প্রভ্যাবর্তনের মত পুনরায় এই জগতে ফিরিয়া আসেন ? গুরু। না, বংস। তাঁহাদের

অনাবৃত্তিঃ শব্দাৎ (অনাবৃত্তিঃ শব্দাৎ)।।২২।।

আব আবৃত্তি অর্থাৎ এই জগতে ফিরিয়া আসা বা পুন: জন্মগ্রহণ
করা হয় না [অনাবৃত্তিঃ], যেহেতু শ্রুতি তাহাই বলেন [শব্দাৎ]।

শ্রুতি বলেন, যাঁহারা একবার ব্রহ্মলোকে গমন করেন, তাঁহারা আর

জনগ্রহণ করেন না (বঃ স্থ: ৪.৩.১৭ স্ত্র দ্রেষ্ট্রা)। শাস্ত্রসমাপ্তিঃ
ব্র্ঝাইবার জ্লু স্ত্রুটী চুইবার বলা হইয়াছে।

ওঁ শান্তি:, শান্তি:।

বিশেষ সূচী

তা ক্ষর	১২১ পপ, ১৪০ পপ,	অধ্যাস	8 পপ
	५५२, ७५५	অনবস্থা	७०२, ७२৮
অক্ষরবিভা	८४५ भ	অনিক ন্ধ ব্যহ	৩৩২ পপ
অ গ্নি	१८८, १८८	অনিৰ্ব্বচনীয়	৬ ফু
অঙ্গুষ্ঠপ্রমাণ পু	রুষ ১৫৯ প	অহুভৰ—সৰ্বশরীরে	००० भभ
অজামস্ত্র	১ ৯৪ পপ	অহুমান	১৬ ৬ , २७२
অজীৰ	৩২৩	অহবাদ	৫७১ क्
অজ্ঞানবীজ	525	অনুশ য়	৪১২ পপ
অণিমাদি ঐশ্ব	র্য্য ৬৩৮	অমুশ্বৃতি	076
অণুকারণ বাদ	२५१	অন্তঃপু রুষ	৮৫
অণুহ্রম	२२१	অস্তঃক রণ ২৯৪, ৩৬৬	পপ, ৩৭৮,
অওজ	8১৯ প		C\$ >
অতিবাদী	るのく	অন্তরঙ্গ সাধন	৫৩৮ পপ
<i>ৰ</i> াঞ্জ।	১০৮ পপ	অ ন্তর্ঘামী	১১৮ পপ
অদৃষ্ট ৩০০, ৩৮৩ পপ, ৫৫৭ প		অর ১৯	৬ পপ, ৩৪৬
অন্বয় ব্ৰহ্ম	>•৩	অকোকাশ্য	८१, ७२१
অধৰ্ম	>69	অপ্ ১৯ং	৬ পপ, ৪০৭
অধিকার	869		৪২ প, ৬১৯
—দেবতার ব্রহ্মবিদ্যায় ১৬১ পপ,		অপরা বিদ্যা	>5 >
	১৭০ পপ	অ পান্তর্তমা	8 ৮ 9
	ক্বিদ্যায় ১৭৩ পপ	षभ्कं ४८१, ८७७,	ece, e80,
অধিকারী—3	ক্ষেজিজ্ঞাসার ১৯		@ @ 2
অধিদৈব	₽8	অপ্র তিসংখ্যা নিরোধ	
অধিষ্ঠাতা	৩২৬ পপ, ৩৩২	ष्यভाव २०२, २०३	
অধিষ্ঠান	৩৩•	—হইতে ভাব	৩১৬ পপ

	•	••		
অ ভিগাত	> 2 >	অঽং		8 4 9
অভিনিশন্তি	७२२ পপ	षश:		89%
অভি মান	७२ १	অ হকরে	١٩٥٠)	२৮৮, २৯৪, ०७०
অভিমানী দেবতা	२२७			
অ ভিসন্ধি	৩৮৪ প	আকাশ	44	९९, ১৮ २, २०১,
षाःडम	00, 300			७३३, ७३८
অংডেদব্যবহার	936	— ংশ্ব উ	ংপত্তি	৩৩৫ পপ
অ: ৬দের স্তাঃ	دە 8	—এর ল	क्ष्	৩৩৮
অমর্ধ	٠٤٠	– প্রস		৮२ পপ, ১१२ প
অমানব পুরুষ ৬	৽৬ প, ৬২• প	আঞ্তি		১৬৫ প, ২৫০
	त्र, २ ३२, ७ ५२	আখ্যায়িক।		৫৩৫
অক্ষতী দশন	ંક૧	আগতি		৩৫৩ প
অক্তিরাদির স্বরূপ	৬•৫ পপ	আতিবাহি	₹	৬০৫ পপ
व्यर्'	268	আ ত্যস্থিক	বিলয়	€97
অৰ্থাদিবিদ্যা	890	আয়জান		६६० र्रे
অবধান	৩৬৪	—এর অ	ৰ্থ	२७) फू
অব্যব	165	—এর ফ	न	৫২০ পপ
অবয়বী	२ ३ १	—ক্ষের	অঙ্গ	৫২২ পপ
অবিদ্যা ৮, ৫৭,	३००, ३५१ भ,	আত্মজ্ঞের		<i>१२७, १२७</i>
	ર, સર્ત્રર, ૨૧૭,	আত্মা—হৈ	ন মতে	৩২৪ পপ
৩০৮	প, ৩৭•, ৩৮২	(3	াঞ্মতে	৩৽৬
অবিভার আদি	১৮৭ প		ৰ্বাক্ম	
অবিভার স্বরূপ	२१ २	আয়া ও শ	ণরীর	৪৬ প, ৪৮ পপ,
<u> থ্ৰা ক</u>	३७२ পপ			৫০৬ পপ
অব্যক্ত অব্য া	२ ८ ५	আত্মার অ	বয়ব	ગર ∉
খ্ব্যাক্ত ৫৭, ১২	(০, ১৮৫, ২৪৫	" উং	ণত্তি	৩৪১ পগ
	৩০ প, ৪৫, ১৯	" পরি	মাণ	৩২৪ পপ
ष्य प्र	२ ∙२, २∘ ৫	অা ত্রেয়		440
অসমবাহীকারণ	৩ ৯৬	স্থাদিকারণ		২৽৩
অভিকাম	৩২৩	আদি সুস্	াবস্থা	520
4		,	•	

व्यानि ऋष्टि 298 — এর ভোগ ৩৭৭ পপ व्याधात ५०२, ५०८ भभ, २७० ইম্বোপাসনার রক্ম ৫১৪ প আধিভৌতিক b-8 আধ্যাত্মিক **78** উৎক্রান্থি ১৮ • প. ৩৫৩ প আনন্দময় আভা ৭৬ পপ উত্তম পুরুষ 38b আনন্দরপত 8 4 b. 890 উত্তরায়ণ 622. 603 আভাস OF 5 উৎপত্তি ২৪৯ পপ, ৩১• পপ, ৩৩৬ আয়তন :03 — ই ন্রিয়ের ৩৮৬ পপ আহের্মণ २७० উদ্ভিক্ত 812 9 আবোপ **&** 0 উन्तीय 885 म. e>> म. ees म. আলয়বিজ্ঞান ৩০৬ পপ a a b আবিভাব 202 M উন্মান 842 আবেপ্ট @ · 8 উপক্ষাণ €85 MM আশ্বরণা ১৩০, ২১০ প উপনয়ন ১৬২, ১৭৪, ১৭৬ আশ্রমকর্ম १७१ प्रम, १८७ प উপনিষদের ভাংপ্য্য 65 আশ্রব ৩২৩ উপমা 328. OBO উপরতি 25 ই দ্রিয় \$58, 285 উপলব্ধি **ં** ૦૨૪ જ. ૯৬**ે** જ —এর অধিষ্ঠাতা ৩৯৬ পপ উপসদ 863 —এর উৎপত্তি ৩৮৬ পপ উপাদানকারণ ৫১ প, ২১৩ পপ, —এর দেবতায় গতি 800 ८२७ — এর পরিমাণ 150 উপाधि ६৮ প, २৫७, ६७६ --এর লয় 000 উপাসকের শ্রেণী 950 — এর সংখ্যা ७३० प উপাসনা १७. ৮৪, ৮৬, ३१, ১००, --- ও মুখ্যপ্রাণ ৩৯৮ প ১০৫. ৪৬০ পপ, ৫০৬, ৫৫৮ পপ —কভকাল কর্ত্তব্য ৫৭০ পপ केचन २८, १२, ১৫৫, २८৫, ---ক্ৰা**ফ** ৪৯৮ প, ৫১১ প, ७२७ भभ, ७१> भभ, ४४७ भभ e>9 भन. ee+ भ, e+4 —এর নির্দ্ধত্ব ও বিষমকারিত --কাম্য 634 9 ৩৭২ পপ --প্রাণের 822 9

—বাযুর	658	—∙ও বিষম	সৃষ্টি ২৭৫
— বৈশানর	৪৯৭, ৫১২ পপ	— ও শরীর	২ ৭ ৪ প
—যু আসন	৫৬৭ পপ	— হ ুগ হু:থে	ার কারণ ২৭৩
—य मिक्, ऋ	ান ও কাল ৫৬৯প	কৰ্মক†ণ্ড	ಶಾ
—- র বছপ্রণ	ালী ৫১৫ প	কৰ্মফল	৪০৪, ৪৫৫ পপ
উপাশ্ত ও উপাস	ক ৪৯৪, ৫৬১ পপ		৫ ৭৫ পপ, ৬১৫
উষ ন্ড	837, 830	—এর সাক্ষ্য	৩৮১ প্র
		কৰ্মযোগী	% 00
একত্ব	২৩৭ পপ	কৰ্মবাদী	€ ₹9
একবিজ্ঞানে সর্বব	विद्यान ७२, २১०,	কৰ্মবীজ	२ १ १
२ ५ ७ ४, २	७६ भ, ७:० भभ	কর্ম-সংস্কার	৩৭২ পুপ, ৪০৬
	৩৪৬, ৩৮৮, ৪৫৩	কৰ্মাঙ্গ উপাসনা	४३५ भ, ६३५ भ,
একাত্মজ্ঞান	28>		৫১৭ পপ
একাদশ ইব্রিয়	799	কর্ম্মে ক্রিয়	৭৫ ফু, ৩৯১
		কহে ।ল	७०४, ४०७
ও কার	৪৬৬ প	কাম্য উপাসনা	৫১৬ প
•		কাম্যকৰ্ম	६१२ भ, ६५२
अ ङ्गािय २५•१	া, ৫৫১, ৬০০ পপ	কা রণ	৬৮
		কারণ শরীর	226
ক পিল	२১৮, २७२	কাৰ্য্য ৬৮	, २०७, २५८, २३५
করণ	೨३ ?	—উংপত্তির	প্ৰেব ্২৪৭ পপ
ক ণ্ডা	२०५ भभ, ७५०	— ও কারণ	२०४, २२२ भभ,
क ड़ अ	७७८ अभ	२	८८ পপ, २८७ পপ
ক শ্ব	૭૭, ૯૯૯	;	२२৮ भ, ७১० भभ,
	বিপ্ৰবাহ ৩২৭		७५७, ७७৯, ७९२,
	ાર જાં, ૯૧૦ બબ		৩৪৪, ৪৮৩, ৬১৩
	াশু ৫৭৫ প	কাৰ্য্যবন্ধ	১३০, ৬০৮ পপ
—এর প্রয়োগ	নীয়তা ৫০৮ পপ		ম ৬০৯
	ग्रेनी मक्ति ৫१० প	কাঞ'াজিনি	8 ५० १
—ও ব্রগ	৩৫	কাশক্বংস্থ	٤٧٤

কৃটস্থ	२ ८ २	চিত্ত	৩০৬ প, ৩ ৬৩
কেবল	२८४, २७०	চিত্তভূদ্দি	102 (80, 165)
কেবল নিমিত্তকারণ	वानी ७२३	চিত্ৰগুপ্ত	৪১৬ প
কৈবল্য	৪৮৮, ৬৩৭ প	চেতন	es 9
ক্রমমুক্তি	১৪৪, ৬১০	—এর অধ্যক্ষ	চা ২৮১, ২৮৩ প প
ক্রিয়মাণ	৫ ৭৬	হৈ <i>ত</i> গ্ৰ	,
ক্রিয়া	৩৮, ৪•	—ও শরীর	
—-র	৩৬ পপ	চৈতগ্ৰঘন	১৩७, ८४२
র স্বভাব	৩৮	চৈতন্ত্ৰশ ক্তি	२३०, २३७
ক্ষণ	২৯৮, ৩০৯ পপ	চৈ ত্ত	৩০৬
ক্ষণভঙ্গ বাৰ	৩১০ পপ		
ক্ষণিক	৩০৭	জ্ঞগং এর উংপ্রি	ङ •्राज्य ३३०
_			২৪৩ প
গতি	৩৫৩ প	জগৎকর্ত্তা	२8 ए
গন্ধপর মাণু	৩৫ ৮	জগংকারণ	२४० भूत
গৰ্ক	৩৬৩	জগৰী জ	« 9
গায়তী = ব্ৰহ্ম	३ २	জড়	ু ৫১ প
পার্হয়াশ্রমের বিশে		— ও চেত্ৰ	,
গুণ ১০০ প,	२३७ পপ, ७०১	खन क	500
—এর প্রাধান্য		बन्म भूजुर	५३२, ७ ८३ প
	৩৩৪, ৩৫৭ পপ	ब ना छत	ত্হ ৪ , ৪০৪ পপ
গোত্ম	১৭৬ প	জরার্জ	৪১৯ প
		জন— এর উংপ্রি	
চ কৃন্থ পুরুষ	bb, ১১७ প	छन प्र्या	৪৪৩ পপ
চতুর ুক	২৯৬ পপ	क वाना	১৭৬
চন্দ্রনাক ৪১০ পপ,			১৪৭, ১৫৩, २०৮,
চমদ	১৯৫প		৪২৫ পপ, ৬২৪ প
চরণ	৪১৩ পপ	•	: 40, 005
চাক্রায়ণ		জানশ্ৰুতি	১৭৩ পপ
চা ৰ্কাক্মত		জীব ১৬ প, ১	
	, ,		

১৩৫ প্ৰা, ১৪৭ প্ৰা, ১৫৯ প্ৰ, জ্ঞাতা —এর উংপত্তি ৩১৯ পপ —এর উংপতি বিনাশ ২১২ --- এব ছ'বর ১৪৯ প. ১৫৩ ३८८ भ. ७७० भ छात्रका छ →上さ 異なる外 5:5 —এর পার্মার্থিকরপ ১১৯ পপ জানীয় কর্মা —এর পরিয়াণ — এর ভোগ ere 4 -- এর স্কল : be 54 — এব অধেনৈতা **695** - 6 356 ६२५ भ — ५ ८% ७१, १५ भ, ६२, bo 5%, cb, 300, 300 4. भूत, ১৫३ %, ১৮६, ১৯২ %, २३० भभ, २८७, २८७ भ, ७८५ : ७१० भूभ, ६०३, ६०० भूभ, 600. 600 M. SZC. 052 M. **७२**७ **— ७** टहो २८८ भ ভীবনু ক্র €0, €82 জীবনুকাবতা C70 জীবন্যক্তি 690 জৈন মত ৫২২ পপ. জৈমিনি ১০০ প্, ১৭০ প্প, ২০৭, ६८९ भ. ६७३. १२३ भभू. ६७५ भूभ, ३५२, ७५० भू. ৬২৯ পপ, ৬৩৪

२०३, २५১, २३०, ७९२ ১৯১, ১৯৯, २०७, भभ, ७२२ छ। स २७, ४० भ, ४२ भ, ४१, २०२ --- ও **কেখা ৫**২৪**. ৫**২৭ প. ৫৩৭ ––ও বিষয় ৩২০ পপ **৩**২ জ্ঞানশকিও জেয় ২৮৯ প 653 ৩০০ পদ জ্ঞানীর শ্রেণী 26.99 ুঙ্গ জ্ঞানেভিয় ৭৫ ফু. ৩৯১ জ্ঞানোংপত্তি @@8 99 ছেন্ত্ৰয় 265 (क्रांचि: ३० ४४, ३१३, ७२७ 328 ভনাত ত্য: ez. ee. 528, 200 ভিত্তিক্ষা 13 তিরোভাব 202 9 তভীয় স্থান 8399 তৃষ্ণা Oob তের ১৯৬ পপ —এর উৎপত্তি ৬৪৫ প ত্রিলোক মর্ভি 229 **ত্রিবৃৎকরণ** ৪০০ পপ ত্রাণুক २३७ পপ **দ** কিপায়ন e22, 603 দম 73 দৰ্পূৰ্ণমাস 645 দহর আকাশ **১**88 99 দহরবিদ্যা (হাদিবিছা দেখুন) ৫০৪

नार्हे । खिक	888 4	নামরূপ	२७१, ७७৮
ত্ব: ধ	500	নামরূপব্যাকরণ	800 %
দৃক্শক্তি ও দৃখ	るらい	নিগ্ৰহ	২৭২ পপ
দৃ শু প্রপঞ্	১৩৩ প, ১৩৯	নিত্যক্ষ	6 43 8.8.
मृ ष्टाख	ર કર, 668 જ		7.6
দৈবতার অমর্ব	229	নিত্যানিত্য বস্তা	विदवक >>
দেবতা সাক্ষাৎকার	३ १७	নিদিধ্যাসন	৫ ৫ १ श %
(प्रविधान ३७०४, ८३	৭, ৪২০, ৪৮১প,	নিমিত্ত কারণ	૧૨, ૨ ১૭ <i>૧</i> ૪,
8৮९পপ,	৫৮৮, ৬•২ পপ		৩২৬ পূপ, ৩১৬
দেহত্যাগ প্রণালী	৫৮৭ পপ	নিয়ন্তা	505
(पश्वीष	8 • 6 위역	নিরবয়বত্ব	२७२ ४%
८न्ट मण्ड	৫৮০	নিরাকার	8 S ¢
দেহ হইতে বহিগম	ন ৫৮৪ পপ,	নিরুপাধিক স্বরু প	, 20
	७८७	নিকপাধিকের জ্ঞা	न २७३
দেহাত্মবৃদ্ধি	86	নিরোধ	৩১০ পূর্ণ
দেহান্তর	৬১৫প	নিভূণি ৭২, ১	
দেহাস্তর গ্রহণ প্রাণ	नी ९०७	নিও বি বৃদ্ধজ্ঞানীয়	ব দেহত্যাগ
দেহের তাপ	७ २ २	_	હરુર બધ્યું
æहे।	e5, 582		८४६, १४१ %
<u> ছ্যুলোকব্যাপ্তি</u>	६ ११ প		৩২৩
বৈ ত	۶۰۶	নিৰ্কিশেষ	৪৩৪ পুপ, ৩১৪
দাণু ক	২৯৬ পপ	নিষ্ঠা	€ Sb
		নেতি নেতি	885, 88b
शर्ष	১৬৯, ৪৫৭ প	रेन क्रिक	€S৮ প্প
ধর্মব্যাধ	> 9 9	— এর ব্রহ্ম চয	ঢ়িভ ক ৫ ৪৮ পপ
ধ্যান (উপাসনা দে	থুন) ৫০ প		
		পঞ্কোষ	ባ ¢ ፞ቖୂ
ब दक	৪১৬প	পঞ্জন	Sec 8.4
নানাত্ব	২৩৭ পপ	পঞ্চ ভন্নাত্র	456
নাম	৩০৮	পঞ্জাণ	२१७, ७३१

725 পঞা ভূত পঞ্চিংশতি ভত্ত ১৯৯ পপ পঞ্চাগ্রি বিদ্যা ৪৬৪, ৪৮৬ পঞ্চীকরণ 8०५ कृ পদার্থ ৩২২ প প্রপুরুষ ১२२ १ ১৪২, ৬০৮ পপ, ৬১৯ পরব্রশ পরবন্ধপ্রাপ্তি ७১১ পপ, ७১२ পরত্রন্ধে গতি ७১১ পপ, ७১३ পরব্রন্ধে শক্তির সমাবেশ ৬১২ প প্রম কল্যাণ ≥8 পর্ম কার্ণ ২৩ প্রম্পদ **3** P 8 পর্ম পুরুষার্থ ৯৫, ৫২০ পপ পুরুম সতা २३० পরমাণু ৫১, ২৬৮, ২৯৫ পপ, ৩০৬ পপ, ৩১৯, ৩৩৬, ৩৪২ পরমাণু কারণ বাদ ২৯৯ পপ পরমাত্মা (ব্রহ্ম দেখুন) ২০৮ পপ পরমার্থ দৃষ্টি ६२६, ५७५ পরামর্শ 607 পরাবিদ্যা ১২১ প পরিণাম ২১৬ প, ২৩৬ ফু, ২৬৬ প পরিমাণ ২৯৬ পপ প্ৰাক্ষবিদ্যা 86C পাডিত্য 602 পাপক্ষ ৫१२ পপ পাপপুণ্য পরিত্যাপ ৪৭৯ পপ পাপাচারীর গতি ৪১৫ পপ পারমার্থিক অবস্থা २८७, ७১৮

পারমার্থিক দৃষ্টি 869 পারমার্থিক সভ্যভা ৮২ পারিপ্লব 606 9 পারিমাওল্য २२१ প পিতৃযান ८४१, ६२०, ७०७ পুণ্যক্ষ ৫৮৪ প, ৫৭৯, ৬১৬ ৪০৪ পপ, ৫৯৯, ৬০১ পুনৰ্জন্ম —মৃক্ত পুরুষের ১৮৭, ৬৪২ পুরুষ ৫২, ১৯৯, ২৮৭, ২৮৯ পপ, ৩২৬ পপ, ৩৮৩, ৪০৫ প, ৪০৯ পুরুষ বিদ্যা 8৭০ প, ৪৭৮ পপ পুরুষার্থ 650 পূরীতৎ 800 9 পূর্বকল্প 765 Pantheism 700 প্রকরণ 405 প্রকৃতি २८६, ७७२, ७৮७ প্রতিভাত ২৬৬ প্ৰতিমা পূজা 69 প্রতিসংখ্যা নিরোধ ৩১১ পপ প্ৰতীক २२, ८७०, ७२५ —উপাসনা ৫৬৪ পপ প্রত্যক 266 প্রত্যভিজ্ঞা ७२२ প্রদেশ Ste 9 প্রহামবাহ ७ इर भ প্রধান ৫১ পপ, ৮२%, ১১৮ %. **ડ**રડ જજ. 50¢, 585, ১৮२ প, ১৮৬ প, ১৮३ পপ, २०२, २३৮%, २२১, २२३,

ર કર, :	२७৮, २৮० भभ,		৫৪০ প
•	তহড পপ	প্রামাণ্য—বৈদিক শ	रक्त ১७० প,
—কারণবাদ			১৭০প
—জগৎকারণ	৫৪ পপ	প্ৰাবন্ধ ৩৮০, ৪৮১	o, 86¢, 86 9 ,
—- (জ্ঞেয়	545	૯૬૨, ૯૧૭ જ	न, १४७, ७३६
—প্রবৃত্তির প্রয়ে	য়াজন ২৮৮ পপ	প্ৰিয়	৪৬৯
প্রমাণ-অধ্যাসমূ	• •	ফলদাতা	8¢¢ পপ
ख रमान	৪৬৯	বন্ধ ৩৪, ১৯৯ ৩২	७, ७२৫, ९२२
প্রয়ত্ব	২৯৯	৬	৮, ৬২৪ প…
	, ১৭০, ২২৭ পপ,	বুদ্ধ	ৢ৽৻ ফু
	২৯৬, ২৯৯ পপ,		৯, ৩৪৮, ৩৬৩,
\- \ ,			৩৬৬ পপ
_	–এর ক্রম ৩৪৭প	—ও জীব	৩৬০ পপ
	–শ্বত ৩৮৮	—সংযোগ	৩৬১ প
	—रेतृनिसिन ১७৮	বৌদ্ধ	७००
	–মহা ৩৮৮	ব্দা	
প্রবাহ (স্প্রের)		—অভা	১০৯ প
প্রবৃত্তি	२৮२ পপ	—অহুমানাতীত	_
প্রবোধ (জাগ্রথ		—আকাশ	৮৯ পপ
প্রাক্ত ১৮০ প, ১৯		—উপাদ্য	90
व्याग ३८२ (रि		—এর অমুর্ত্তরূপ	98¢
	না ৪৯৯ প	—এর আধার	৮৬ প
—এর গতি		—এর উৎপত্তি	৩৪৪ প
—এর লয়		—এর জ্ঞানে স্ব	
	৩৯২ প	— এর ছই রূপ	৭২ পপ,
	, ३८ পপ, ১१৮ প		৪৩৪ পপ
	১৩৮প	এর ধর্ম	৬৩১
<u>প্রাণবি</u> ত্যা		এর পরিণাম	২১৬ প
G(1110)	৪৭৩ প, ৫৪০	—এর মৃ্ত্রিরপ	884
প্রাণাগ্নিহোত্র	829 9	—এর রূপ	৮৫ প
जा गामण्याच		1 1	

	•
এর বিকারাতীত রূপ ৬৪১	সর্কাদাও সর্বাজ্ঞ বর্ত্তমান ৩১
— এর হ্বপ হঃধ ভোগ	— স্থ ১১€
a · 서선, 335 서	—অটা ় ২৫৮ পপ
	ভ্রশ্বচ্যাভ্রের প্রায়শ্চিত ৫৪৯ পপ
এর জায়ে অবস্থান ১০৪ প	ব্ৰসচ্যাদি সাধ্য ৫৪৪
— ও অ(জু)	ব্ৰহ্মজিজ্ঞান৷ ১৪
— स व्यानसमय १७ भभ	ব্ৰদ্মজ্ঞান ৩6, ৪১
—- ৬ ৰেখ	— এর ফল ২৪১
	= বৃদ্ধ হওয় ২৬১
—— 作 폭제학	শক্ষুলক ২৬৩
— ও ভাব (জীব ও ব্রহ্ম দেখুন)	—শাস্ত্রনভ্য ১৭৪
—ভ মাল তাক প	—শান্তীয় বিধানের অবিষয়
—কি রকম কারণ ২১৩ প	(2)
—नाषदी >२	
—গায়ত্রী ১২ —কগংকটা ২০৬ প	ব্লাজের পুনর্জনা ৪৮৭ প
अगरकादन २० भभ, ०),	বন্দতভ্ত ২০৪
३३०, २०२ पप	ব্ৰদার্থ ৫৯৭ প
—জ্ঞানজিয়ার অবিষয় ৩৫,	ব্ৰদ্যলোক ১৪২, ১৪৪ প, ৪১৭,
2.63	৫৮৮, ৬০২ পপ
—ভ্যোতি: ৯০ পপ	৬০৯ প, ৬১৯ পপ,
—প্রাশাতীত ২৮, ২২৫	६७ ८, ७७৮, ७ ८ २
279 25 4 4	অঋণক্ষের বৃংপত্তি ২১
—মানসিক জিয়ার অবিষয়	ব্ৰশাংস্। €৩৪
્ર	এদ্দাকাৎকার ২২১
	বন্ধা (ইরণ্যগভ ও প্রাণ দেখুন)
— লক্ষণ ২৩ পপ, ৩৯	১৪২ প, ৪৭১ প্ প , ৫৮৯
—শাস্ত্রের অবিষয় ৩2	ব্ৰহ্মাভিরিক্ত পদার্থের অভিয
শাস্থের কারণ ৩১	४ ९२ १ ५
— ममस्य अनक्षिति । ১৩०	ব্ৰহ্মোপাস্না ৪৬৮ প্প
—সক্ষত্র ও সর্বশ্ তি ২৯ প	ভক্যভক্যবিচার ৫৪০ পপ
— नाम क व नेस्नास्थि रहते	चना। उना। प्राप्ता ४४० मन

নহাপ্ৰ**ল**য় ১৬৭ প ভব 005 মহাবুদ্ধি >28 ভাগবত ৩৩২ পপ মহেশ্বস্থত ७२७ १ ভাবনাময় দেহ ४०५, ৫१১, ৫৯৬ ৩ • ৫ পপ, ৩৮ ৯ ফুমারা es, 362, 320, 300. ভূত २९८ (अधाम (नथून) ভূতযোনি ১২১ প ---ও ব্রগ ৩২৯ প ভৃতস্কা ১৯৬ প প, ৪০৫ প প, মায়া শক্তি २७३, २१३ ৪১৮, ৫৮৬ প, ৫৮৮, ৫৯০, ৫৯৪ মিথা। २ ७७, २8 : ভূমা ১৩৮ পপ মিথ্যাজ্ঞান ৫ পপ ভেদ ও অভেদ ৩৭৮প, ৪৫১ প মৃক্তাত্মা ৬৩৬ প প ভেদজ্ঞান —ও ব্রদ ৬২৬ পপ —প্রকৃতি ও পুরুষের ১৮৯ ---র অবস্থা ৬২৯ পপ ভেদব্যবহার ২৫৬ প --- র ঐখর্য্য ৬১৮ পপ ভেদের মিথ্যাত্ত 802 —র পুনর্জন্ম ७8२ ভোক্তা ২৩৩ প —র ভোগ ৬৩৭ ভোগ २৮३ —র বহু শরীর ধারণ ৬৩৫ – ঈশরের ৩৭৭ পপ —র ব্যক্তিত্ব ভোগ্য २७० भ —র শরীর ও ইন্দ্রিয় ৬৩৩ পিপ ভৌতিক ৩০৫ পপ —র সকল সিদ্ধি ৬৩২ প মধুবিদ্যা ३१०, ३४२ —-র স্বরাজ ৬৩৮ পপ मन २, ১৮৪, ७८৮ প, ७५०, ४०२ —বয়ংপ্রভ 500 মনন eo প, eea পপ মৃত্তি **२১२,** २७२, ७১**१** প মহু २३৮ প, २७७ ((याक (मथून) মনোময় পুরুষ >00 -- ও বন্ধের প্রভেদ ৬২৪ পপ মনোলয় CFC —জান ব্যতীত ৬১৫ প্প মনঃসংযোগ ৩৮৪প —ফল 669 মহৎ ১२० भ, ১२२, २:२ भ, মুখ্য প্রাণ ৯৭ প, ২০৬ পপ, २४१ भ, २३७ भ, २३१ ৩৯১ পপ মহদীর্ঘ २२१ মৃমৃক্ হ 23 মহানু আবিছা (হিরণাপর্ভ দেখুন) মূৰ্চ্ছা ৩৫১ পপ, ৪৩৩ 728

মূল কারণ	১১ १, ७ ७२	লোকসৃষ্টি	8 9 2 প 여
ম্ল প্ৰকৃতি	728, 722	বস্ত	२ ৫ २
মৃত্যুকালীন চি	ন্তা ৫৭১ প	বহির্গ সাধন	৫৩৮ পপ
মোক্ষ ৩৪ প,	৩৭, ৬৩, ৭০, ১৯৯,	বহুত্ব	२२३
২১১ প,	२७१, २४०४, २४७,	বাক্	. € ∀8
२४३ প	, २३२, ७५৮, ७२७,	বাক্ চিতাদি অগি	@ · 연역
৩:	१६ भ, ७५৮ भ, ४२३	বাক্য	৫০৩
	(মৃক্তি দেখন)	বাদরি ১৩১, ৪:	८८, ७०৮, ७२०,
মোদ	८७८		& 00
८ भोन	८८ २ পপ	বামদেব	२७, ५८६
যজাদি কণ্ম	850	বায়ু	
যজ্ঞাদি জিজ্ঞাস	n >e	– র উপাদনা	6 68
যজ্ঞের ফল ও	উপাসনার ফল	—-র স্ঞ্	৩৩৫, ৩৪৩ প
	৫৭০ প	বাল্য	৫৫১ পপ
য্ম	৪১৬ প	বাসনা	७५२, ७२১ প
য্মলোক	४ ३७, ६ २०	বাহ্নেববাৃহ	৩৩২ পপ
যাজ বন্ধ্য	६७७ स	বিকার	৬৮
যুক্তিতক	২২০ প, ২৩০ পপ,	বিজ্ঞান ১১৯,	৩০৫, ৩০৮ পপ,
	२७४, २७२	৩	৯ পপ, ৩৬৬ প
যোগ	१ ६५ प	বিজ্ঞানময় পুরুষ	76.
যোগশাস্ত্র	১৭৩, ২২০	বিজ্ঞানবাদী	৩১৮ পপ
রজ:	22, 66, 528, 529,	বিজ্ঞানস্ <u>ব</u> ন্ধ	৩•৬ পপ
	२४०, ७०४	বিজ্ঞানাত্মা	२०३
রূপ প্রপঞ্চ	৪৪৬ পপ	বিদেহ মৃক্তি	€9¢, €99
রূপ স্বন্ধ	৩。৬	বিভা বা উপাসনা	৪৬০ পপ
देद्रक	১৭৪ প	বিধারক)8 <i>%</i> .
		বিধি	৪৬১, ৫৩১
লাক্ষণিক অর্থ	878 क्	বিধি নিষেধ	৩৮•
লিঙ্গ	e - >, e - o	বিধুর	¢8¢
निक (मर	৫৯• পপ	বিরজা	8৮) প

বিরাট্	১৪২ ফু	শরীর	
বিৰৰ্ত্ত	২৩৬ ফু	—ও কর্ম	২৭৪ প
বিষয়	9	—দেবভার	১৬২ পপ,
বীজ্ঞাজি ১২৩, ১৮	৬ পপ. ১৯৭		১१०, ३१२
বীর্যাসম্ভার	699 প	— -সূ ন্দ্র	8.9
বেদনা	७ ०৮		ও কারণ ৭৫ ফু
বেদনা স্বন্ধ	৩০৬	শক ও অর্থ	১৬৩
- · · · · · · · · · · · · · · · · · · ·	৫২১ পপ	শব্দ হইতে জগং	হৃষ্টি ১৬৪ পপ
বেদের কিব্যুত্ব	368 M	শাণ্ডিল্য বিদ্যা	৪৭৪ প, ৫০৪
	266.	শাস্ত্র	•
বৈরাগ্য		—অধ্যাসমূলব	₽
বৈশ্বানর	১২৫ পপ	—এর উদ্দেশ্য	৩১, ৪২
বৈখানর উপাদনা ৪৯৭		—এর সার্থক	তা ৩২, ৩৫ প
বৈখানর বিদ্যা	8 %•	শিরোব্রত	8৬২ প
বৈষম্য	२१२ পপ	শূদ্ৰ	১ ৭৪ প
বৈষ্ম্যের কারণ	२ १७	শৃত্য	२० २
ব্যক্তি	>≠ €	শৃক্য্যবাদ	889
ব্যক্তিয়—দেহান্তে জী		,	o, 8 • €, 8 ∘ ≥ °/≥
ব্যতিহার	৪৯০ পপ		c - 9, cc 9 99
ব্যবহার	२७२	শ্র তি	,,
ব্যবহার দৃষ্টি ৪৫৬	, ६३६, ७७५		১৬০, ৬১৩
ব্যবহারিক স্বস্থা	२८७, ७১৮	—র উদেশ্র	
ব্যবহারিক সত্যত্ব	∀२, २ 8∙		৪৩৭ পপ
ব্যবহারিক জগতের অ	ন্তিত্ব ৬১৮	—র বৈশিষ্ট্য	৩৭৯, ৪৩৭ পপ,
ব্যাকরণ	8 ०० %		885
		—র শ্রুতিত্ব	२७१
শক্তিও শক্তিমান্	२७১	ষ ড়ায়তন	৩০৮
শক্তি—		ব্ডার্ডন হোলকলা	969 969
—র তারতম্য	98	CHIALMAIL	ນຄນ
– র স্ব ভাব	৬১৭ প	স গুণ	92, 520, 520
শম	. 59	স্পুণ উপাসক	६५१ भभ

	_	-	
সহণ ও নিহুপ	७२०	সংজ্ঞান্ত	৩৽৬
সভণ বিদ্যা	८४६ प	স ম্পত্তি	১৩১, ৬৩৭
সূত্ৰ ৰূপজ্ঞানীর		সম্প্রদাদ ১৩৮ গ	7, 586, 568 592
—গতি	७०२ পপ	প্রধর	৩২৩
—প্রাপ্য ব্রংখ	ার স্বরূপ	সপ্ গবিদ্যা	598
	৬০৮ পপ	সং শার	১৬, २ ७१
দেহত্যাগ	त्रिष्ठ अस्	—অনাদি	১৬৭
भद्रमण न्।इ	૦૦૨ পণ	সংঝার ১৯৮, ১	৭০, ১৭৮ ৩০৮ প
সঞ্চিত ৪১২ প,	८ १५, ८ १৮ , ७১७		७५२, ६२२, ६७५
म् र ६६, ७ ०	49, २०२, २० ६	সংকরি স্বন্ধ	৩০৬
भव वर भ, वव,	১৯৪, ২৮০ প্রপ,	স্ক্জত্ব	¢ ၁
	२२२	— অচেত	নর ৫৫
সভা	२७२, २७৫ भभ	প্রধানে	त (२ প
সভাকাম	১१७ ४, ४३ ७	-–ব্ৰংশ্ব	৫৩ প
সভা বিদা	834	সর্বাশ ক্রিম	ৰ
শতার্দ	९११ ५	—প্রধানে	व ४२
সংধ্যাত	૭ 8 S	স্কাশ্ভাবাদ	७२२ कृ
স্থান	७५२	সব্যান্তর আত্মা	8 > >) 서어
স্থ্রো	७५२	সব্বান্তিত্ববাদ	৩০৫ পপ
सङ्गा(भ(धार	৫৩০ পুপ, ৫ ৫৩	স্বি শেষ	৪৩৪ পপ
ঃইতে অব	द्र ा ह्म ७९५ भभ	সশরীরত্ব	9.9
भ क्षा य ान	৬ ৩৫	শাক্র	88•
সরভগীন্য	७२७	সাক্ষা ংকার	780
সম্বায়	७•১ পপ, ७२२	সা দ্ নী	es, ७२२, ८४৮
সম্বায়ী কারণ	৩৩৬	সাধনপ্ৰণালী	८८३ পপ
স্মাধান	7.9	সাংধ্যযোগী	6.7
স্মাধি	૭૬৮		৮२, २৮१, २३२ প প
সম্খান	১৫০ পপ	হুধ (সন্থ)	२४•
সম্দায় (সংঘাত	*	হ্ৰহ:ৰ	৩৩
সংধাত	৩•৬ পপ	—এর কা	রণ ২ ৭৬ প

—এর ব্যবস্থা	৩৮৩ পূপ	ষদ্ধ	৩•৬ প
মনের ধর্ম	2	সূলস্	₹ 5 5
স্থ-ড়ঃখ-অজ্ঞান	২৮• পপ	2001 m	৩•৮
স্বৃপ্তি ৭০, ১৪৫,	১৪৮, ১৫৩ প,	শ্বতি	৩২১ প
১৬৮ প	প, ১৮•, २०৮,	—র প্রা	याना ५ २ •
७€ > 9	१, ७७२, ९२৫	यश्र ३१	३৮, ३९७, २७२, ७२১,
९२ २ প	প, ৪৫২, ৪৫৪		९२€ প्
—ও সমাধি	ওত• ফু	— इंडे।	૬૭
—র স্থান	80)	—ব্ৰ	S > 6
হুৰুমা	६४४, ६३१ भ	স্প্রকাশক	> @9
স্কাণরীর	S • S	স্বভাব গ	७, २०৫, २८०, २१५.
স্থাম ওলম্ব পুরুব	৮৭ পপ		৩৬৯ প্, ৬১৭
স্গারশ্মি অবলম্বন	৫৯৮ প	পরমাণ	प्द ७∙२ পপ
স্প্রি ১৬৭ প, ১	৮१, २०२ পপ	— প্রধানে	ात्र २৮१ প
—প্ৰবাহ	১৬৭	স্বয়ংজ্যোতি	÷ ৫9 প
— द्र व्यानि	২৭৫ প	স্বর প	:৫১ প, ২৬৪, ৪৩৫
—র পূর্বাবস্থা	ર • ૯	—প্রাপ্তি	১৫১৯প
—র প্রয়োজন	২৭০ পপ	স্থাপ্যয়	৬ : ৭
—- বৈশেষিক্সতে	চ ২৯৬প,	শ্বেনজ	875
_	্২৯৯ পপ	_	_
— বাবহারিক ও	ষাপ্লিক ৪২৮		দহর বিন্যা) ৬০২ প
—শক্তি	५२१, २२ ०	হিভা	६२३
—-সাংখ্যমতে		হিরণ্যপর্ভ	১৪২ প, ১৬৯, ১৮s,
স্ট্যাদি বর্ণনার উদে	শ্য ৬১৩ প		১৮৬, ৩৮৮, ৬০৮
<i>বে</i> তৃ	8 ৫ २ প	হাৰয়	>>-

সূত্ৰ সূচী

অ=অধ্যার, পা=পাদ, দূ=দূত্র, প্=পৃষ্ঠা

অ

অংশো নানাব্যপদেশাদ্ভথা চাপি	অ.	পা.	न्यू.	পৃ.
দাশকিতবাদিঅমধীয়ত একে	ર	৩	89	७३७
অকরণভাচ্চ ন দোযন্তথাহি দর্শয়তি	૨	8	>>	3
অক্রধিয়াং অবরোধঃ সামান্যত-				
দ্ভাবাভ্যামৌপসদবত্তত্বুক্তম্	9	໑	೨೨	849
অক্ষরমধরাতধৃতে:	>	৩	٥, ٢	282
অগ্নিহোত্রাদি তু তৎকার্য্যায়ৈব তদর্শনাৎ	8	>	১৬	(F)
অগ্নাদিগতিশ্রুতৈরিতিচেন্ন ভাক্তথাৎ	9	>	8	8∘৮
অঙ্গাবদ্ধান্ত ন শাথাত্ব হি প্রতিবেদম্	૭	9	a a	625
অ নিবান্থপপত্তে * চ	ð.	ર	৮	२ २०
অঙ্গেষ্ ব্থাপ্রভাবঃ	•	9	৬১	e > 9
অচঞ্নত্বং চাপেক্ষ্য	8	>	5	<i>৫৬</i> ৮
অণ্ব*চ	ર	8	٩	027
व्यन्त्रभE	ર	8	20	৩৯৬
অ ত এব চ নিতাওম্	۷	৩	२२	১৬৬
ষভে এব চ সর্বাণ্যস্	8	ર	ર	€₽€
অত এব চাগ্ৰীদ্দান্যনপেশা	৩	8	२৫	৫৩৭
অত এব চানন্যাধিপতিঃ	8	8	٦	৬:৩
ষ্মত এৰ চোপনা সূৰ্য্যকাদিবং	9	ર	36	889
অত এব ন দেবতা ভূতং চ	۵	ર	२१	ऽ२२
অত এব প্রাণঃ	۵	2	२०	٠ ۾
জত: প্রাধো হশাৎ	9	২	ь	807

	অ.	পা•	₹.	ળુ.
অতশ্চায়নেহপি দক্ষিণে	8	ર	२०	653
অতস্থিতরজ্যায়ো লিঙ্গাল্প	૭	8	৫১	e s &
অতিদেশাচ্চ	÷	9	66	७० २
অতোহনন্তনে তথাহি লিঙ্গম্	೨	ર	२७	800
আতোভাঽপি হেকেবাম্ভয়োঃ	8	۵	۶۹	८৮२
অতা চয়াচর-গ্রহণাৎ	>	ર	ج	200
অথাতো ব্ৰহ্মজিজাসা	۵	>	>	>8
অদৃশ্যত্বাদিগুণকো ধর্ম্মোক্তেঃ	۵	2	٤5	३२३
অদৃষ্টানিয়মাৎ	ર	9	63	e58
অধিকং তু ভেদনির্দেশাং	ર	۵	२२	२००
অধিকোপদেশাত্র বাদরায়ণলৈয়বং				
তদ্বশ্বং	৩	8	ь	૯૨૯
অধিষ্ঠানাত্মপপত্তে*চ	ર	૭	৩৯	৩৩০
অধ্যয়নমাত্রবতঃ	৩	8	\$?	৫२৮
অনভিভবং চ দর্শয়তি	9	8	৩৫	¢ 88
অনবহুতেরসম্ভবাচ্চ নেতরঃ	>	2	>9	:29
অনারন্ধকার্য্যে এব তু পূর্ব্বে তদবধেঃ	8	>	» č	લ ૧ હ
অনাবিস্করিবয়াৎ	9	8	¢ •	@ @ 8
অনাবৃত্তিঃ শ্বাদনাবৃত্তিঃ শ্বাৎ	8	8	२२	685
অনিয়মঃ নর্বাসাম্বিরোধঃ শ্লাহ্ন-				
মানাভ্যাম্	9	9	3	876
অনিষ্টাদিকারিণামপি চ শ্রতম্	•	2	১২	8>@
অনুকৃতেন্স্স চ	۵	৩	२२	264
অন্বজ্ঞাপরিহারৌ দেহসম্বন্ধাজ্যোতি-				
রাদিবৎ	2	૭	86	৩৭৯
অতুপপত্তেস্ত ন শারীরঃ	2	ર	৩	>0>
অমুবন্ধাদিভ্যঃ প্রজ্ঞান্তরপৃথক্ক্তৃ-				
বদ্ট•চ তহ্তম্	৩	৩	0	¢ • 8

	শ্ম.	পা.	₹.	পৃ.
অফ্টেনং বাদরায়ণ: সাম্যাশতে:	ŷ	8	44	१८२
অমুশ্বতেবাদরিঃ	>	ર	©•	303
এক্সম্বর জন্ম	ર	2	₹ @	676
অনেন স্কাগত্রমায়ামশ্রাদিভা:	• ·	ર	তৰ	800
ष्यग्रदः উপপত्तः	2	ર	20	228
অন্তর চাপি ভূ ভদুটে:	9	8	৩৬	€8€
অভরা ভূত গামবংখালুন:	৩	৩	૭૯	धः२
অন্তরা বিজ্ঞানমন্দী ক্রমেণ				
ভরিদানিভি চেন্নাবিশেযাং	₹.	•	2 €	৩৪৮
अक्र शासांके भिवासित्				
ভদ্মবাগ্রেশাং	>	ર	26	326
অস্তবস্থাস্থাজ্ঞ । বা	ર	ર	8 2	৩৩১
অস্তত্ত্বশোপদেশাৎ	>	>	ર •	re
অস্ত্যাবস্থিতেশ্চোভন্ন-				
নিভাথাদবিশেষঃ	ર	ર	৩৬	७२७
অকুথাভাবাচ্চ ন তৃণাদিবং	ર	ર	Œ	२৮৮
অন্তথাবং শন্দানিতি চেন্নাবিশেষং	9	૭	৬	8 50
অন্তথাসুমিতৌ চ জ্ঞশক্তিবিয়োগাৎ	ર	ર	દ	२२७
অল্পা ভেদায়পপতিরিতি				
চেরোশদেপা ভরবং	৩	٥	৩৬	8 ⊋ २
শক্ত(ব্যা <i>র্</i> টেড-চ	2	9	33	382
অক্রাবিটিতেযু পুকাবদভিলাপাৎ	৩	5	રક	822
অরুগেং তু জৈমিনিঃ				
ল্লাখ্যানাভামপি হৈবমেকে	>	8	71-	२०१
অভাৰত প্রাম্শ:	۵	9	२ ०	>69
অৱয়াদিতি চেং কাদ্বধারণাং	৩	9	59	812
অপরিগ্রহাচ্চাত্যক্ষনপেকা	ર	ર	36	9.€
জ্বপি চ স্প্র	૭	>) ¢	8 > %
				-

	অ.	পা.	₹.	পৃ.
অপিচ শুগ্যতে	>	৩	২৩	:07
22 22 22	2	9	8 ¢	७९९
) ,),))	৩	8	9.	८ ८ २
1) 1) 1)	9	8	৩৭	689
অপি চৈবমেকে	9	ર	7.0	803
অপি সংরাধনে প্রত্যাক্ষাত্রমানাভ্যাম্	৩	ર	₹8	885
অপীতৌ তহৎপ্ৰসঙ্গাদসমঞ্জনম্	ર	>	Ь	२२ १
অপ্রতীকালম্বনান্নয়তীতি বাদরায়ণ				
উভয়থাদোষাত্ত ংক্ব তি শ্চ	8	•	3.0	७२०
ष्यवाधाक ••• •••	৩	8	२२	683
অভাবং বাদরিরাহ হ্যেবম্	8	8	> •	ఆకర
অ ভিধ্যোপদেশাচ্চ	>	8	२९	२ : १
অভিমানিব্যপদেশস্ত				
বিশেষাহ্বগতিভ্যাম্ 🕟	ર	>	¢	२२७
অভিবাকেরিত্যাশারধাঃ	۵	₹	२२	200
অভিসন্ধ্যাদিষপি চৈবম্	2	৩	@ 	eyr
অভ্যুপগমেহপাৰ্থাভাবাৎ	২	ર	৬	२४४
অম্বদগ্রহণাতুন তথাবন্	৩	ર	73	8 S · D
অরপবদেব হি তৎপ্রধানত্বৎ	૭	ર	78	880
অর্চ্চিরাদিনা তৎপ্রথিতেঃ	8	৩	>	७०२
অৰ্ভকৌকন্থা ভ্ৰৱাপদেশাচ্চ				
নেভি চেন্ন নিচায্যত্বাদেবং	•			
বৈামৰচ্চ	۵	ર	•,	> 8
অৱ শ্ৰতেরিতি চেত্তহক্তম্	۵	೨	२ऽ	209
অবন্থিতিবৈশেষ্যাদিতি [°]				
চেল্লাভ্যপগমাদ্ধদি হি	ર	9	₹ 8	৩৫৬
অবস্থিতেরিতি কাশক্বংয়ঃ	>	8	२ २	577
অবিভাগেন দৃষ্টত্বাৎ	8	8	9	७२७

	ष.	পা.	ऋ.	পৃ.
অবিভাগো বচনাৎ	8	ર	১৬	250
অরিরোগশ্চনানবং	2	ري.	२०	300
অভ্ৰদ্ধতি চেন্ন শ্ৰদাং	৩	2	ર ৫	8२७
অখ্যাদিবচ্চ ভদমুপপত্তিঃ	ર	>	२७	२৫१
অঞ্তহাদিতি চেলে-				
ষ্টাদিকারিণাং প্রতীতেঃ	৩	2	৬	850
অসতি প্রতিজ্ঞোপরোধো				
যৌগপদ্যমন্তথা	ર	ર	२ऽ	৩১০
অদ্দিতি চেন্ন প্রতিবেধমাত্রাং	ર	2	٩	२ २ ७
অস্ছাপদেশান্ত্ৰেতি চেন্ন				
ধর্মান্তরেণ বাক্যশেষাৎ	ર	>	۹۷	২৪৮
অসন্ততে*চাব্যতিকরঃ	ર	૭	8 2	ত৮৯
অসম্ভবস্ত সতোহ্নুপপত্তেঃ	৩	৩	ર	७ 88
ষ্পাক্ষত্তিকী \cdots \cdots	৩	8	٥ د	৫२१
অহাড়ে	ર	o	૨	હ દહ
অশ্রিরস্থ চ তদ্যোগং শান্তি	7	>	23	৮৩
অংশাৰ চোপপত্তেরেষ উগ্না	ន	ર	7.7	৫ ३२
অ				
আকাশহালিকাং	2	>	२२	४३
আকাশে চাবিশেষাৎ	2	૨	₹8	9;8
আকাশোহর্থান্তরত্বাদিব্যপদেশাং	۵	9	8 2	>92
ভাচারদর্শনাং …	9	8	9	৫२७
আ তিবাহিকান্তলি ন্না ৎ	8	9	8	৬৽৫
আঅুকুতেঃ পরিণামাৎ	>	8	२७	२১৫
আত্মগৃহীভিরিতরবহ্তরাং ···	9	७	১৬	8
আঅনি চৈবং বিচিত্রাশ্চ হি	ર	2	২৮	२७१
খাগুশকাচ্য	৩	9	74	ያ ዓን

	অ.	পা.	न्यू.	পৃ•
আত্ম প্রকরণাৎ	9	8	৩	७२७
আত্মেতি তৃপগচ্ছন্তি গ্রাহয়ন্তি চ	8	>	৩	662
অাদরাদলোপঃ	৩	9	8 •	१८८
আদিত্যাদিমতয়শ্চাঙ্গ উপপত্তেঃ	8	>	(9	৫৬৬
আধ্যানায় প্রয়োজনাভাবাৎ	.૭	৩	78	89•
আনন্দময়োহভ্যাদাৎ	>	>	>>	99
আনন্দাদয়ঃ প্রধানস্থ	৩	૭	>>	S ৬৮
আনর্থক্যমিতি চেন্ন তদপেক্ষরাং	৬	>	2.	8 2 8
আনুমানিকমপ্যেকেষামিতি চেন্ন				
শরীরব্ধপকবিত্যস্তগৃহীতে-				
ৰ্দৰ্শয়তি চ	2	8	>	১৮২
অপ:	ર	৩	22	৩৪৬
আপ্রয়ণাত্ত্রাপি হি দৃষ্টম্	8	>	>5	690
আভাদ এব চ ···	ર	৩	¢ •	৩৮২
অামনন্তি চৈনমন্মিন্	>	ર	তহ	7.07
আত্তিজামিতো)ভূলোমিতবৈ হি				".
পরিক্রীয়তে …	৩	8	8 @	605
অাবৃত্তিরসক্তৃপদেশাৎ	8	2	>	৫ ৫৮
আদীনঃ সম্ভবাং	8	>	٩	৫৬ ₉
'আহ চ তন্মাত্ৰম্	৩	2	22	કરૂર
Se Se				
ইতরপরামর্শাৎ স ইতি চেলাসম্ভ বাৎ	>	૭	72	389
ইতরব্যপদেশাদ্ধিতা করণাদিদোষ-				
প্রস্তি: · · · ·	ર	>	٤ ٢	२৫৪
ইতরভাপ্যেবমসংশ্লেষঃ পাতে তু	8	>	28	¢ 98
ইতরেতরগ্রতায়বাদিতি চেলোৎ-				
পতিমাতনিমিভবাং	ર	ર	55	200

[२२]

	ષ.	ধা.	₹.	બૃ .
ইতেরে ভ্রম্মানাতাৎ	9	હ	>0	890
ইতবেষাং চাঞ্দলকে:	ર	>	ર	۶;۶
डे इमामसमार	9	3	৩৪	. 68
ब्र े			-	
<u>টুক্তিক্ৰ্যাপ্দেশাং সং</u>	۵	ی	20	280
ঈক্ষতেম্প্রথম্ · · ·	۵	>	a	€ 9
<u> </u>				
উংজ্মিগত এবস্থাবাদিত্যৌত্লোমিঃ	>	8	٤5	२५०
উংক্রান্তিগত্যাগভীনান্	2	૭	55	૭૯ ૭
উত্তরচেদাবিভূতিধরপঞ্জ	5	૭	; 2	785
উত্তরোৎপাদে চ পুক্ষনিরোধাৎ	2	ર	২•	७५०
উৎপত্তাসম্ভবা২ ···	૨	>	8 २	৩৩২
উদাসীনানামপি চৈবং সিদিঃ	ર	ર	ર ૧	976
উপদেশভেদান্ধেতি চেলোভয়ব্দির-				
প্রাবিরোধাৎ	٥	>	२ १	ಶಿತ
উপপত্তে•চ ···	3	ર	90	8 6 3
উপপদ্যতে চাপ্যপ্ৰভ্যতে চ	ર	>	৬৬	२ १६
উপদ ান্তরক্ষণার্থোপ<i>ক</i>ন্ধের্লোক বং	૭	೨	••	866
উপপ্ৰমণি থেকে ভাবমশনবত্ত-				
इक्भ् …	•	8	8 २	€83
উপমূদং চ · · ·	৩	9	20	600
উপ্লাজিবদ্নিয়ম:	ર	૭	৩৭	ভেড্ড
উপসংহারদর্শনাঞ্চেতের ক্ষীরবন্ধি	3	>	२९	2617
উ পসংহারোঃখাডেলগদ্বিদিশেষবং				
সমানে চ	ತ	9	æ	860
উপবিচেট্ড তথ্যসন্থ	৩	9	٤ ٥	468
डेल् _{सिन्} र	ર	હ	હ	હક્દ

	च.	ধা.	₹.	જૃં .
উভয়থা চ দোষাং	ર	ર	30	٥٠٤
))	૨	ર	ર ૭	৬১৩
উভয়্থাপি ন কর্মাততদভাব:	ર	ર	> 2	೦
উভয়ব্যপদেশাবৃহিকু ওলবং	9	ર	२ १	867
উভয়ব্যামোহাত্তংসিদ্ধে:	8	૭	e	৬৽৬
উ				
উर्कदब्दः इ. इ. च. द	೨	8	29	(50
এ				
এক আত্মন: শরীরে ভাবাং	৩	છ	e o	6 ° 9
এতেন মাতরিখা ব্যাখ্যাতঃ	ર	৩	b	હકુ૭
এতেন যোগ: প্রত্যুক্ত:	૨	2	৩	२ २०
এতেন শিষ্টাপরিগ্রহা অপি ব্যাখ্যাতাঃ	ર	>	३२	२८७
এতেন সর্বে ব্যাখ্যাতাঃ ব্যাখ্যাতাঃ	>	8	२৮	२५१
এবং চাত্মাকাৎ স্থাম্	ર	ર	૭૬	৩২৪
এবং মৃক্তিফলানিয়মগুৰস্থাবধৃতে				`•
ন্তদবস্থাবধৃতে:	ગ	8	« ર	662
এবমপ্যপত্যাসাৎ পৃৰ্বভাবাদ-				
বিরোধং বাদরায়ণঃ	8	8	۹ `	60%
એ				
ঐহিকমপ্যপ্রস্ততপ্রতিবন্ধে তদর্শনাং	9	8	« >	665
₹				
কম্পনাৎ	۵	৩	৫১	> १४
করণবচ্চের ভোগাদিভ্য:	ર	ર	8 •	೦೦ ೦
কঠা শাস্ত্রার্থবন্ধাৎ	ર	৩	৩৩	૯৬૪
কর্মকর্ত্ব্যপদেশাক্ত	2	ર	S	> 0 >

	অ.	পা.	₹.	পৃ.
कन्नाभाक मध्वानिवनविद्याधः	>	8	٥ د	726
কামকারেণ চৈকে	9	8	2¢	৫२३
কামাচ্চ নাতুমানাপেকা	2	>	76-	৮৩
কামাদীতরত্র তত্র চায়তনাদিভ্যঃ	೨	9	८०	४६४
কামাাস্ত যথাকামং সমুচ্চীয়েরল বা				
প্ৰহেণ্ডাবাং	৩	७	৬৽	৫১৬
কারণজেন চাকাশাদিষ্ যথা-				
ব্যপদিষ্টোক্তেঃ	>	8	>8	२०७
কার্যাং বাদরিরস্থ গত্যুপপত্তে:	8	৩	٩	৬০৮
কার্যাব্যানাদপূর্ব্বম্	৩	૭	30	99
কাৰ্য্যভায়ে ভদ্ধাক্ষেণ সহাতঃ				
প্রমভিধ্যানাৎ	8	૭	٥ د	৬১০
কুতপ্ৰযুগুপেকস্ত বিহিত-				
প্র ভিষিদ্ধার্টবয়র্থাাদিভ্যঃ	2	৩	8 २	७१७
কু তুৰি তামেই সুশয়বান্দু ষ্টশু তিভাাং				
* যথেত্যনেবং চ	৩	7	b	875
রুংসভাবাত্ত গৃহিণোপদংহার:	৩	8	৪৮	000
<i>হ</i> ংসপ্রদক্তিনিরবয়বত্বশব্দকোপো বা	2	>	२७	२७२
ক্ষণিকহাচ্চ •••	২	ર	৩১	७२२
ক্ষতিয়বগতেশ্চোত্তরত চৈত্ররথেন				
निष्टार …	2	৩	90	३ १ ৫
গ				
প্ৰশিকাভ্যাং তথাদি দৃষ্টং				
লিঙ্গং চ … े	5	(2)	> ¢	38¢
গ তিসামাভাৎ	>	>	٥ د	90
গতেরর্থবত্বমূভয়থাতাথা হি বিরোধঃ	ၜ	•	२२	878
গুণসাধারণ্যশ্রতেক	৩	೨	68	৫১৮

	অ.	পা.	৵.	엑.
গুণাদ্বা লোকবৎ	ર	9	२৫	७८ १
গুহাং প্রবিষ্টাবাত্মানৌ হি তদর্শনাৎ	>	ર	>>	22.
গৌণশ্চেল্লাঅশকাৎ	>	>	৬	৬০
গোণ্যসম্ভবাৎ	২	ی	৩	७७५
>>	২	8	₹	७४४
চ				
চক্ষাদিবত্ত তৎসহশিষ্ট্যাদিভ্যঃ	ર	8	٥ ډ	৪রত
চমসবদবিশেষাৎ …	>	9	ь	356
চরণাদিতি চেল্লোপলক্ষণার্থেতি				
কাঞ্যজিনিঃ …	৩	2	۶	870
চরাচরবাপাশ্রয়স্ত স্থাতিদ্যপদেশো				
ভাক্তন্তৱাবভাবিবাৎ · · ·	ર	૭	১৬	०८३
চিতি তুমাত্ৰেণ তদা্অক-				
বাদিত্যৌ জুলোমিঃ	8	8	৬	৬৩০
· ছ				٠,
ছন্দত উভয়াবিরোধাৎ	9	9	२७	३५७
ছন্দোহভিধানায়েতি চেন্ন				
তথা চেতোহৰ্পণ-				
নিগদাত্তথাহি দৰ্শনম্	>	>	२ ₡	9)
জ				
জগ দাচিত্বাৎ	\$	8	: 9	২০৬
জগদ্যাপারবর্জ্ঞং প্রক-				
রণাদসংনিহিত্ত্বাচ্চ	8	8	۹۲	৬৩৮
জনাদ্যস্থ হতঃ	>	2	ર	२७
জীবম্থ্যপ্রাণলিঙ্গান্নেতি				
চে ত্ত ঘাখা ^ত ম্	>	8	>9	२०७

	અ.	쒸.	જ.	% .
ভীবমুখ্য প্রাপলিখারেতি				•
চে গ্রেসাসাট্তরবিধ্যাদা-				
লিভ যাদিহ ভল্যােদাৎ	۶	>	৩১	29
জেয় ধাবচনাচ্চ	۵	8	8	:43
(জ্ঞাহত এব	ર	৩	36	७ ७२
জ্যোতিরান্যধিষ্ঠানং ভু তদামন্নাং	ર	8	28	ಆ ಇತ್ತ
<u>ছোভিকপ্রথমাতু</u>				
তথাহধীয়ত একে	>	8	ઢ	739
ভ্যোতিদশ্লাৎ	>	٥	8•	ه و د
জোতিশ্চরণা! ভধানাং	2	۵	₹8	22
জোভিধি ভাবাচ্চ	5	৩	૭ર	292
ভো:ভিবৈকেধানসভালে	>	s	20	२ ०२
ভ				
ত ইাল্ডমণি ভ্যাপদে-				
- শাস্ত্র ভ্রেষ্টাৎ	ર	8	۱۹	425
তঞ্ভে:	၁	8	8	428
ভড়িতোহাঁৰ ৰহণ: স্থন্ধাং	ន	૭	9	6.8
িভূ সমর্যাৎ	>	2	8	৩০
ভংপূ ৰ কথাহাচঃ	2	8	8	৫৮৯
তংপ্রাক্ষতেশ্চ	ર	8	9	८४८
ভ্রাপি চ ভ্যাপারাণ্বিরোধ:	•	۵	১৬	839
ভগাচ দৰ্ঘতি	૨	૭	२१	964
ভথ: চৈৰবাক্যভোপবন্ধাং	હ	6	₹8	209
ভথান্তপ্রতিষেধ্য	৩	ર	೮೬	sec
ভিগা প্রেণ্ডে	ર	8	۵	569
তদ্ধিগ্ন উত্তরপূর্ব্বাঘয়োর-				
(इश्रांदन्यरको एष्ट्राभरतनार	8	>	> 0	৫ ९२

	অ .	શૃ!.	₹.	ઝ:
তদ্ ধীন ত্বাদৰ্থবৎ	2	9	৩	369
তদনগুত্বমারস্থণশ্রদিভ্যঃ	ર	۵	>8	२०8
ডদস্তরপ্রতিপত্তৌ রংহতি				
সম্পরিষত্তঃ প্রশ্নিরপণাভ্যান্	9	>	۵	S • ¢
তদভাবো নাড়ীযু				
ভচ্ছ তেরাত্মনি চ	৩	2	9	S.S.
ভদভাবনিদ্ধারণে চ প্রবৃত্তে:	>	٠	৩৭	, , 9 9
তদভিধাানাদেব তু তল্লিসাৎ সঃ	ર	૭	>0	७९९
তদব্যক্তমাহ হি	৩	ર	÷ 9	886
ভদাপীতে: সংসারব্যপদেশাং	8	ર	ь	630
তত্পর্যাপি বাদরায়ণ: সম্ভবাং	>	Ģ	२७	293
তদোকোগ্ৰন্থনং				
তৎ প্রকাশিতদারো				
বিদ্যাসামর্থাাওচ্ছেষ-				
গত্যসুশ্বভিযোগাচ্চ				
হাৰ্দাহুগৃহীতঃ শতাধিকয়৷	8	ર	59	¢29.
তদ্তণদার্বাভূ ত্বাপদেশ: প্রাক্তবং	ર	৩	રક	990
তদ্বেত্ব্যপদেশ <u>া</u> চ্চ	>	•	38	ط ه
তভুততাতু নাতভাবো জৈমিনেরপি				
নিয়মাতজপাভাবেভ্য:	9	8	8 •	es 9
ভদ্বতো বিধানাৎ	9	8	৬	e ? 8
ত লিখ বিণানিয়মন্তদৃ টে:				
পৃধগ্ঘ্প্ৰতিব দঃ ফলম্	o	9	8 २	924
তন্নিষ্ঠত্য মোক্ষোপদেশাৎ	>	2	٩	৬৩
তন্মন: প্রাণ উত্তরাৎ	8	ર	•	ere
তন্বভাবে সন্ধাবহুপপত্তে:	8	s ´	20	હ દેહ
ভকাপ্ৰতিষ্ঠানাদপাক্তৰাস্থ্যেয়মিতি				
চেদেবমপ্য-বিমোক্ষ প্রদক্ষঃ	ર	>	2,7	२७५

[২৮]

	অ•	পা.	₹.	পৃ.
তস্তু চ নিতা্বাং	ર	8	১৬	এ৯ ৮
তানি পরে তথাহাহ	8	ર	3 ¢	8 6 3
তুল্যং তু দশনম্	9	8	٥	৫२७
তৃতীয়শলাবরোধঃ সংশোকজস্ম	ಲ	5	٤ ۶	8 २ ०
্ তেছোহতন্তথাহ্যা হ	ર	৩	>•	७8 €
ত্রয়াণামেব চৈবমুপন্তাদঃ প্রশ্নস্চ	>	8	৬	797
ত্যাত্মকন্বাত ুভূম্ঝাৎ	৩	>	ર	809
ূৰ স				
प्तर्भनाञ्च _ः …	৩	2	२०	875
,	9	2	٤5	8 ≥ €
,,	৩	೨	8 <i>b</i> -	€• ₹
,,	৩	৩	৬৬	675
,,	8	৩	20	% >°
দর্শয়তকৈবং প্রত্যক্ষান্ত্রমানে	8	8	२०	687
দৰ্শহতি চ	೨	৩	8	৪ ৬ ৩
. 22 22	່	৩	२२	8 ৭৬
দৰ্শহতি চাথো অপি স্মৰ্য্যতে	9	২	۶۹	883
দহর উত্তরেভ্যঃ	2	৩	28	>88
দুখতে তু	২	>	৬	२२८
रमवामिवमि (नारक	ર	>	२৫	২৬৽
দেহযোগাৰা দোহপি	9	ર	৬	855
হ্যভাূাদ্যায়তনং স্থাকাং	>	9	>	205
<u> ঘানশাহবত্ভয়বিধংবাদরায়ণো২তঃ</u>	8	8	> 2	৬৩৪
भ				
ধৰ্মং জৈমিনিরত এব	9	ર	8。	869
ধ শ্বোপপত্তে * চ	>	9	۵	>8 •
ধতেশ্চ মহিলোহস্তাস্মিন্ধুপলকেঃ	2	9	১৬	780
ব্যানাচ্চ	8	>	ъ	৫৬৮

न	অ.	পা.	₹.	%.
ন কৰ্মাবিভাগাদিতি চেলানাদিখাৎ	૨	>	હ	२ 9 8
ন চ কর্ত্তঃ ক্রণম্	ર	2	८७	৩১৩
ন চ কাথ্যে প্ৰতিপত্যভিসন্ধিঃ	8	৩	\$8	677
ন চ প্র্যায়াদ্প্যবিরোধো				
বিকারাদিভ্যঃ	ર	ર	96	७३७
ন চ স্মার্তমতদ্বর্মাভিলাপাৎ	2	ર	25	229
ন চাধিকারিকমপি পতনা-				
ন্থ মানাভদযোগাৎ	৩	8	8 \$	689
ন তু দৃষ্টান্তভাবাৎ	ર	>	ھ	२२९
ন তৃতীয়ে তথোপলবে:	•	2	71-	874
ন প্ৰতীকে ন হি সঃ	8	2	8	668
ন প্রয়োজন বত্তাৎ	ર	>	૭૨	२ १ •
ন ভাবোহসুপলকেঃ	ર	ર	৬৽	७२२
ন ভেদাদিতি চেন্ন প্রত্যেক-				
মতদ্বচনাৎ	৩	ર	>5	৪৫৬
ন বক্তুরাত্মোপদেশাদিতি				
চেদ্ধ্যাত্মসম্বন্ধভূমা হৃষ্মিন্	>	2	२२	26
ন বা তৎসহভাবাশ্রতেঃ	৩	9	৬৫	679
ন বা প্রকরণভেদাৎ পরো-				
বরীয়ন্ড্বাদিবৎ	৩	৩	٩	८७८
ন বায়ুক্তিয়ে পৃথগুপদেশাৎ	ર	8	જ	७२२
ন বা বিশেষাৎ	৩	•	२১	९ १७
ন বিয়দ≛েতেঃ	ર	৩	٤,	२७৫
ন বিলক্ষণত্বাদশু তথাত্বং চ শব্দাৎ	ર	>	8	२२১
ন সংখ্যোপসংগ্রাদপি				
নানাভাবাদতিরেকাচ্চ	>	8	22	ء ہ ج
ন সামাভাদপ্যপলকে-				
মৃ ত্যুবন্ন হি লোকাপতিঃ	9	9	¢ >	¢ • 8

	વ્ય.	약!.	₹.	ŋ.
ন হানচেতি প্রচোভয়বিশ্ব				
सक्रद्ध 😩	৩	ર	>>	800
এণ্ বস্ভা <i>ল</i> িবিজি (57⊈-				
ভেরাধিকাগাম	ર	৩	٥,٧	C48
লংভি চিরেণ বিশেষ	থ	5	ર ૭	823
মায়াশতেনিতা গাত ভাঙাঃ	ર	৩	> 9	७००
নানা শ্লাদিছেলাখ	9	೨	eb	¢ > 8
নাকুমান্মতভঞ্জ	>	٠	٩	200
নভাব উপ্লগ্ডে	ą.	૨	२৮	७२•
নাবিশেষাং	৩	8	20	652
মাস্তোচনৃষ্ট্রাং	þ	ર	२७	৩১৭
নিতামেৰ চ ভাৰাং	ર	ર	2.8	७०२
নিতোপল্যামূপল্যিপ্স গেছে-				
ভাতরনিধমো বালপ।	২	৩	৩২	৩৬৩
নিয়মাস্ত	૭	s	•	¢ २ ¢
নিম্ভারং চৈজে পুলাদ ্রত	৩	ર	ર	કર¢
নিশি নেতি চেঃ সংক্ষ				
যাবদেহভাবিভাদ <i>শ্যু</i> তি চ	S	ર	75	434
নেত্রোহতুপপতে:	2	2	: 6	45
নৈক্সিন্দ্ৰ্যুৱেত। হি	8	ર	હ	e > 9
নৈক শ্বিদ্ধসন্তবাৎ	ર	ર	૭૭	० २८
নেপ্যদেশত:	8	ર	>•	655
প				
পঞ্চৰুত্তিম নোৰ্ছাপ্দিশ্ৰজে	२	8	১২	950
প্টবন্ডু…	ર	,	;>	২৫৩
প্রাদি শ েভঃ	7	৩	८८	727

	অ .	পা.	₹.	পৃ.
পত্যুরদামঞ্চাৎ	ર	ર	৩৭	৩২৭
পয়োস্বচ্চেত্ততাপি	ર	ર	৩	२৮৫
পরং জৈনিনিম্ব্যতাৎ	8	•	>5	٤).
পরমতঃ দেতৃত্মানসম্ম-				
ভেদব্যপদেশেভ্যঃ	৩	ર	٥)	642
পরাত্তু তচ্চুতে:	ર	৩	8 >	७१১
পরাভিধানাত তিরোহিতং				
ভডো হুন্ঠ বন্ধবিপৰ্য্যমৌ	9	ર	¢	826
পরামর্শং দ্বৈমিনিরচোদনা চাপবদতি হি	•	8	74	৫৩১
পরেণ চ শব্দশ্য তাদ্বিধ্যং				
ভূয়ন্তাদ্বস্থ:	৩	J	6	¢ • ¢
পারিপ্রবার্থা ইতি চেন্ন বিশেষিতত্বাৎ	ø	8	२७	৫৩৬
পুংস্বাদিবস্বস্থ সভোহভিব্যক্তিযোগাৎ	ર	৩	٥)	७७२
পুৰুষবিদ্যায়ামপি				
চেভরেষামনাম্রানাৎ	৩	•	₹8	8 15
পুরুষার্থোহতঃ শব্দাদিতি বাদরায়ণঃ	৩	8	>	e २ •
পুৰুষাশ্মবদিতি চেত্তথাপি	ર	ર	٩	२३५
পূৰ্বং তু বাদরায়ণো হেতৃব্যপদেশাং	٥	ર	8 7	806
পূৰ্ববৰা	•	ર	२३	867
পূর্ববিৰুৱঃপ্রকরণাৎ				
ভাৎ ক্ৰিয়া মানসৰৎ	9	৩	8 ¢	6 • >
পৃথগুপদেশাৎ	ર	৩	34	063
পৃথিব্যধিকারত্নপশস্বাস্থরেভ্যঃ	ર	•	>>	689
প্রকরণাচ্চ	>	ર	>د	>>
ट क्त्रगा९	>	৩	•	>56
ट्यकान वक्रादेवद्यर्थग्र	9	ર	>6	887
व्यकानामिराह्यादेवरमञ्				
প্ৰকাশক কৰ্মণ্যভ্যাসাৎ	৩	ર	૨ ¢	688

[૭૨]

অ.	পা.	₹.	পৃ.
ર	•	86	৩9 ৭
૭	২	२৮	8¢3
۵	8	२७	२५७
৩	ર	२२	8 8 ৮
2	8	₹•	२५०
ર	9	৬	६००
9	ર	9.	8¢२
8	ર	25	८३७
ર	ર	२२	७५२
8	8	ን፦	५७३
৩	>	æ	808
9	•	8.9	(0 0
8	8	5¢	৬৩৬
ર	9	60	७৮७
ર	>	ર	२৮२
>	೨	٥٩	\8 &
৩	٥	৩	8 • 9
5	9	8	30 6
ર	8	26	१६७
>	2	२৮	Þ¢
>	8	১২	२०५
•	৩	১২	865
	201 91208 2 8 90 82219621	9 2 8 2 8 9 2 4 4 8 9 9 9 8 9 7 9 7 9 8 9 8 9 8 9 8 9 8 9	2 9 8 9 9 9 9 9 9 9 9 9 9 9 9 9 9 9 9 9

रू	অ.	পা.	₹.	পৃ.
ফ্ল্মত উপপ্ৰে:	৩	ર	95	869
7				
4				
বহিন্তুভয়থাপি স্মতেরাচারাচ্চ	9	8	80	ee •
वृक्तार्थः भानवर…	७	ર	৩৩	868
ব্ৰহ্মদৃষ্টি রুৎকর্ষাৎ	8	۵	¢	৫৬৬
ব্রান্দেণ জৈমিনিরুপন্তাসাদিভ্যঃ	8	8	œ	७२३
₩				
ভাক্তং বানাত্মবিত্বাত্তথাহিদর্শয়তি	৩	2	٩	855
ভাবং জৈমিনিবিকল্পামননাৎ	8	8	>>	৬৩৪
ভাবং তু বাদরায়ণোহন্তি হি	۲	•	৩৩	५ १२
ভাবশকান্ত	৩	8	ર ૨	৫৩৫
ভাবে চোপলব্ধেঃ	ર	>	> a	२८१
ভাবে জাগ্ৰহৎ	8	8	s ¢	৬৩৫
ভূতাদিপাদব্যপদেশোপপত্তেকৈবম্	>	>	ર હ	, ৯२
ভূতেযু তচ্ছুতে:	8	ર	¢	৫৮৬
ভূমা সম্প্রসানাদধ্যপদেশাৎ	2	9	Ь	202
ভূম: ক্তুবজ্জায়স্থং তথাহি দৰ্শয়তি	9	৩	৫ 9	670
েভদব্যপদেশাচ্চ	>	>	> 9	<i>چ</i> ۹
:ভদব্যপদেশাচ্চান্তঃ	>	>	٤ ۶	৮৭
ভেদব্যপদেশাৎ	2	৩	C	১৩৬
ভেদশ্ৰতে:	ર	8	26	662
ভেদাল্লেতি চেল্লৈকস্থামপি	৩	৩	ર	865
ভোক্ত্রাপত্তেরবিভাগশ্চেৎ				
সালোকবৎ	ર	۵	20	২৩৩
ভোগমাত্রসামালিশাচ্চ	8	8	२ऽ	৬৪১
ভোগেন ত্বিতরে ক্ষপয়িত্বা সম্প্রতে	8	>	\$ 5	৫৮৩

P.	₩.	পা•	₹.	পৃ.
মধ্বাদিহসভবাদনধিকারং লৈমিনিঃ	>	9	97	> 9 •
মন্তবৰ্ণাৎ	ર	৩	88	৩৭৬
মন্ত্রাদিবদ্বাবিরোধঃ	૭	•	6 %	63 3
মহদীগবৰা হ্ৰপ্ৰিম্ওশাভ্যাম্	ર	2	>>	२२१
भइष्ठ	۵	8	3	220
মাংদাদি ভৌমং যথাশক্ষমিভরুয়োশ্চ	ર	8	٤5	8∙२
মান্তবৰিক্ষেব চ গীয়তে	2	>	>€	10
মায়ামাত্রং তু কাৎ'লেনানভিব্যস্ক-				
শ্বর প'হাৎ	•	ર	৩	826
<i>ৰ্জ: প্ৰ</i> তিজানাং	8	ŧ	ર	७२8
মুজোপস্প্যব্যপদেশং	2	৩	ર	7,08
মৃষ্টেহধ সম্পত্তিঃ পরিশেষাং	૭	ર	> •	८७७
মৌনবদিত্ত্রেষামপ্রপদেশাৎ	૭	8	€8	640
য				
ৰতৈকাগ্ৰভা ভত্ৰাবিশেষাৎ	8	>	32	<i>ແ</i>
যথাচ ওক্ষোভয় থা	ર	৩	8 •	৩90
১ খা চ প্রাণাদি	ર	>	ર•	२१७
যদেব বিছয়েভি হি	8	2	75	db 3
যাবদ্ধিকঃরুমবস্থিতির!ধি-				
কারিকাণাম্	9	৩	૭૨	866
যাবদাগ্রভাবিয়াচ ন দোষগুদর্শনাৎ	ર	9	9•	063
যাববিকার: ভূ বিভাগো লোক বং	۶	૭	٩	98 •
যুক্তে: শন্দান্তবাচ্চ	ર	>	34	585
যোগিনঃ প্রতি স্বর্যাতে স্বার্ত্তে				
टेडरङ	- 8	ર	२५	9. 0
যোনি∸চ হি গীয়তে	2	8	२ १	२३७
(यारनः नवीवम्	•	2	२१	8 2 8

R	অ.	পা.	স্থ.	ઝૃ .
রচনাহপপভেশ্চ নাহ্মানম্	ર	ર	>	२৮०
রশাস্থ্যারী	8	ર	24	454
ক্লপাদিমভাচ্চ বিপর্যায়ে দর্শনাং	ર	ર	>¢	9•9
রপোপন্সাসাচ্চ	>	ર	२७	\$ 28
বেত:সিগ্যোগোছধ	9	2	ર હ	8 2 8
व				
বিশ্বভূয়স্বাত্তিদ্ধি বলীয়ন্তদপি	9	9	98	6.2
লি স াচ্চ	8	>	ર	eer
<i>न</i> ाकवखू नौनाटेकवनाम्	ર	>	৩৩	२१•
ব		•		
বদতীতি চেম্ন প্রাজ্ঞো হি প্রকরণাং	>	8	¢	250
বাক্যান্থয়াৎ	>	8	75	२०३
বাখনসি দর্শনাচ্ছসাচ্চ	8	ર	>	6.28
বায়ুমস্বাদবিশেষবিশেষাভ্যাম্	9	૭	ર	৬ • ৪
বিকরণতান্ধেতি চেত্তহ্তক্স্	২	>	৩১	રં કરુ
বিৰুলোহ বিশিষ্টফলতাং	9	9	63	424
বিকারাবর্দ্তি চ তথাহি স্থিতিমাহ	8	8	25	485
বিকারশস্বান্নেডি চেম্ন প্রাচ্য্যাৎ	>	>	20	99
বিজ্ঞানাদিভাবে বা তদপ্রতিষেধঃ	ર	ર	88	ಅತಿ
বিদ্যাকর্মণোরিতি তু প্রকৃতত্বাং	•	>	>9	839
বিদাৈব ভু নির্দারণাৎ	•	9	8 9	ૄ •૨
विधिक्वा धात्रगवर	9	8	₹•	600
বিপৰ্ব্যয়েণ তু ক্ৰমোহত উপপদ্যতে চ	ર	9	>8	989
বিপ্ৰতিষেধাচ্চ	ર	ર	8 €	೦೦೪
বিপ্ৰভিবেধাচ্চাসমঞ্জসম্	ર	ર	>•	२३8
বিভাগঃ শতবং	৩	8	>>	829

	অ.	পা.	কু∙	পৃ.
বিরে:ধ: কম্মণীতি চেল্লানেক-				
প্রতিপত্তের্দর্শনাৎ	>	৩	२१	১৬২
বিবক্ষিতগুণোপপত্তেশ্চ	>	ર	2	> •
বিশেষং চ দৰ্শয়তি	8	৩	>6	७२२
বিশেষণভেদব্যপদেশাভ্যাং চ				
নেভরে)	>	ર	२२	> २२
বিশেষণাচ্চ	>	ર	١٤.	220
বিশেষিতত্মাচ্চ	8	٥		600
বিহারোপদেশাৎ	ર	৩	৩ 8	৩৬৫
বিহিততা চ্চাভ্ৰমক শাপি	৩	8.	૭૨	¢89
বৃদ্ধিহ্রাসভাক্তৃমন্তর্ভাবাগুভয়সাম-				
अ नार्मिवम्	૭	ર	ર•	888
বেধাদ্যথভেদাৎ	৩	৩	२৫	৪ ৭৯
বৈহ্যতেনৈৰ ততগুচ্ছুতে:	8	৩	৬	্৬০৭
रिदर्भगाष्ठ न अक्षामिवर्ष	ર	ર	२३	७२১
বৈৰক্ণ্যাচ্চ	ર	8	25	द ह ्
বৈশেষ্যাভূ ত্বাদন্তদ্বাদ:	২	8	ર ૨	8.0
বৈখানর: সাধারণ-				
শ্দবিশেষাৎ	>	২	₹8	১২৬
বৈষ্মানৈমূল্যে ন সাপেক্ষ্যাত্তথাহি				
দৰ্শয়তি	ર	>	७8	२१२
ব্যতিরেকভদ্তাবাভাবিত্বান্নতূপলন্ধিবৎ	৩	•	¢ 8	600
ব্যতিরেকানবস্থিতেকানপেক্ষত্বাৎ	ર	২	8	२৮ १
ব্যতিরেকো গন্ধবৎ	ર	৩	२७	069
বাতিহারে৷ বিশিংষস্তি হীতরবৎ	৩	৩	७९	8 2 8
ব্যপ্ৰেশাচ্চ কিয়ায়াং ন				
চেল্লিশ্বিপ্যায়ঃ	ર	৩	৩৬	৩৬৬
ব্যাপ্তেশ্চ সমগ্রসম্	•	৩	ક	8 6 9

[७१]

*	অ.	411.	₹.	Ý.
শ ক্তিবিপৰ্য্যয়াৎ	ર	9	৩৮	৩৬৭
শব্দ ইতি চেন্নাত: প্রভবাৎ				
প্রত্যকাহ্যানাভ্যাম্	>	9	২৮	১৬৪
শব্দবিশেষাৎ	>	ર	e	১০২
শত্বকামকারে	•	8	95	৫ 8২
শব্দাচ্চ	২	૭	8	७७१
শব্দাদিভ্যোহন্ত:প্রতিষ্ঠানাচ্চ নেতি চে	Ħ			
তথা দৃষ্ট্যপদেশাদসম্ভবাৎ পুরুষমণি	रे			
চৈনমধী য়তে	>	২	२७	১২৮
শব্দাদেব প্রমিতঃ	>	o	₹8	১৫৯
শমদমাত্বাপেতঃ স্যাত্তথাপি তু				
্ৰ তদ্বিধে স্তদঙ্গতয়া				
তেষামবশ্যান্তঠেয়ত্বাৎ	૭	8	२१	৫৩৯
শারীরশ্চোভয়েহপি হি ভেদে-				
নৈনম ধীয়তে	5	২	ર•	225
শাস্ত্রদৃষ্ট্যাভূপদেশো বামদেববৎ	>	>	90	৯৬
শাস্ত্রযোনিত্বাৎ	>	>	9	৩۰
िं टहे न् ठ	9	৩	& 2	624
ভগস্য তদনাদরশ্রবাণাত্তদান্দ্রণাৎ				
স্থচাতে হি	5	9	৩৪	>98
শেষত্বাৎ পুরুষার্থবাদো				
যথান্যেদ্বিতি জৈমিনিঃ	(2)	8	২	(22
শ্ৰবণাধ্যয়নাৰ্থপ্ৰতিষেধাৎ শ্বতেশ্চ	>	9	৩৮	>99
শ্ৰুতথাচ্চ	>	>	>>	95
,,	•	2	৩৯	869
শ্ৰুতে শ্ব	৩	8	86	005
শ্রুতন্ত শ্রুমূলত্বাৎ	২	>	२१	২৬৩
শ্রুতাপনিষৎকগত্যভিধানাচ্চ	>	ર	১৬	550

	অ.	91.	₹.	7.
स्रज्यानियनोद्दलाक न वाधः	૭	૭	68	6.0
শ্রে ষ্ঠ ন	₹,	8	ь	७३२
म				
সংজ্ঞাত•েচত্তত্তমন্তি তু তদপি···	9	•	b.,	866
সংজ্ঞামৃতিক প্রিস্ত অিবৃৎ কুর্বত উপদেশাৎ	ર	8	₹•	8 • >
সংযমনে অমুভূয়েতরেব। মারোহাবরোহে	f			
তদ্গতিদশ্নাৎ	৩	>	20	870
সংস্থারপরামর্শতেরভাবাভিলাপাচ্চ	۵	•	96	>98
স এব তু ৰূপাহুশ্বভিশ্পবিধিভাঃ	૭	ર	>	807
সকলাদেব তু ভচ্ছুভে:	8	8	b	७७३
পত্বাচ্চাবর স্থা	ર	>	>0	२८१
সন্ধ্যে স্প্রিরাহ হি	•	૨	>	8₹€
সপ্তগতেবিশেষিতত্বাচ্চ	2	8	ŧ	• < 0
সম্পার্ভণাৎ	৩	8	¢	€ ₹ 8
সমবায়াভূপে গমাচ্চ সাম্যাদনবস্থিতে:	ર	ર	20	७•३
স্মাক্ধাৎ	>	8	>€	२०६
সমাধ্যভাৰাচ্চ	ર	9	9	995
শমান এবং চাভে দা ং	9	9	>>	89€
সমাননাম্রপ্রাজ্যবৃত্তায্প্যবিরোধে				
দৰ্শনাৎ শ্বতেক	>	9	9.	8 94
সমামা চাসভু)পজ <mark>্মাদমুভৰং চাহপোয</mark> ়া	8	٠ ٦	٩	266
সমহারাৎ	૭	৩	৬৩	624
সম্দায় উভয়হেতুকেং পি ভদপ্রাপ্তিঃ 👚	ર	ર	34	৩০৬
সম্পত্তেরিতি জৈমিনি ভুথাহি দুর্বয়তি	>	ર	৩১	202
সম্পদ্যাবিভাব: বেষ্ম্পকাৎ	8	8	>	% २8
সংখাদেবম্ভকাপি	9	৩	٠,	894
স ংস্থা মূপপত্তে ত	ર	ર	৩৮	933

	অ.	পা.	7.	બુ .
সম্ভূতিহাব্যাপ্তাপি চাত:	9	9	२७	599
সম্ভোগপ্রাপ্তিরিতি চেন্ন বৈশেষ্যাৎ	>	ર	ь	>•¢
সর্বত্র প্রসিদ্ধোপদেশাং	>	ર	>	> •
সর্বা থাহুপপত্তে " চ	ર	૨	७२	७२२
সর্ব্বথাপি ত এবোভয়লিকাং	૭	8	.58	458
দৰ্বধৰ্ শা পপত্তেশ্চ	2	>	৩৭	२१४
সর্ববেদাস্তপ্রত্যয়ং চোদনান্যবিশেযাং	•	૭	>	855
সর্বান্নান্নমতিক প্রাণাতায়ে তদ্দানাং	೨	8	२४	28.
সর্ব্বাপেক্ষা চ যজ্ঞাদিশ্রুতেরখবং	S	8	३७	1:5
স্বাভেদাদ ভাতেমে	S	9	> 0	s ৬৮
স্কোপেতা চ তদ্দীনাং	ર	>	••	२ ७५
সহকারিত্বেন চ	C,	8	99	រនេះ
সহকাষ্যস্তরবিধিঃ পক্ষেণ তৃতীয়ং				
তদ্বতো বিধ্যাদিবং	, D	8	8 9	ે ૯૨
শাশ্দাচোভ্যা মানাৎ	>	8	₹.€	२३৫
সাক্ষাদপ্যবিরোধং জৈমিনিঃ	>	ર	35	> 00
সাচ প্রশাসনাং	>	رى	>>	283
সাভাব্যাহত্তিরুপপত্তে:	O	>	२ २	523
সামাতাত	9	২	'०२	323
সামীপ্যাভূ ত্ৰাপদেশ:	S	૭	2	€ o >>
সা ন্দ রায়ে তর্ত্তব্যাভা ত্ত থাহাত্ত	9	૭	২ ٩	572
স্কৃতহৃদ্ধ এবেতি তু বাদ্রি:	o	>	7.2	525
স্থ্যবিশিষ্টাভিধানাদেব চ	>	₹	> ¢	>> 3
স্ ষ্ প্যো ংক্রান্ত্যোভেনেন	2	9	S٤	5b •
স্দাং তু তদহত্বাৎ	>	S .	₹	36.6
সূদ্ধ: প্রমাণ্ড ক তথোপর দ্ধে:	S	ર	જ	637
স্চক্ষ হি শ্রুতেরাচক্ষতে চ তছিলঃ	•	ર	8	S = 9
দৈব হি সভ্যাদয়ঃ	೨	5	55	53 £

	অ.	- পা•	₹.
সোহধাকে ভত্পগমাদিভাঃ	8	ર	. 8
স্তব্যেহসুমতির্বা	•	8	>8
স্তুতিমাত্রমুপাদানাদিতি চেল্লাপুর্বাবাৎ	9	8	२১
স্থানবিশেষাৎ প্রকাশাদিবৎ	9	ર	୬୫
স্থানাদিব্যপদেশাচ্চ	>	ર	78
স্থিত্যদনাভ্যা ঞ্চ	>	•	٩
স্পষ্টো হ্যেকেষাম্	8	ર	১৩
স্মরস্থি চ…	ર	৩	89
23 23	•	>	>8
	8	>	>•
স্থাতে চ	8	ર	>8
স্ম্যাতে২পি চ লোকে	•	>	> 2
অ্যান্মহুমানং স্থাদিতি	>	ર	२¢
স্থ ে ক ∙∙•	>	२	de
1) 1)	8	৩	>
শ্বত্যনবকাশদোষপ্রসঙ্গ ইতি			1
চেলান্যস্ত্যন্বকাশদোষ-			- 1
প্রসঙ্গাৎ	ર	>	1
শ্যাকৈকস্ম ব্ৰহ্মশব্দবৎ	२	9	
শ্বপক্ষােষাচ্চ	ર	>	1
32 33	२	>	1
স্থাবেশরানাভ্যাং চ	ŧ	৩	1
স্বাত্মনা চোত্তরয়ো:	২	•	
স্বাধ্যায়ত্ত তথাত্বেন হি সমাচারেহধি-			
কারাচ্চ স্ববচ্চ ত্রিয়ম:	9	9	
স্বাপ্যয়সম্পত্তোহ্রন্ত-			
তরাপেক্ষমাবিদ্বতং হি	8	8	
			1

[83]

	অ.	পা.	₹.	পৃ.
•	>	>	2	66
ালশ্রতেরিত্যাত্তেয়:	9	8	88	ee •
হ				
স্থিতেহতো নৈবম্ াায়নশকশেষত্বাৎ	२	8	৬	৽ৰত
<u>নিস্তত্যপগানবতহ্কুম্</u>	•	•	રહ	8৮∘
াতু মন্থ্যাধিকারত্বাৎ	>	•	ર ૯	525
नाष्ठ	>	>	ь	৬৬